রচনাবলী

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

তারাশঙ্কর-রচনাবলী

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

প্রথম খণ্ড

মিত্র ও ঘোষ পাব্‌লিশার্স
প্রা ই ভে ট লি মি টে ড
১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা ৭৩

প্রথম প্রকাশ, ১৩৫৭
দ্বিতীয় মুদ্রণ, আশ্বিন ১৩৮০
তৃতীয় মুদ্রণ, অগ্রহায়ণ ১৩৮৬
চতুর্থ মুদ্রণ, ফাল্গুন ১৩৯১ (২২০০)

উপদেষ্টা পরিষদ :
ডক্টর রমেশচন্দ্র মজুমদার
আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ডক্টর সুকুমার সেন
শ্রী প্রমথনাথ বিশী
ডক্টর প্রতুলচন্দ্র গুপ্ত
শ্রীজিতেন্দ্রনাথ চক্রবর্তী
ডঃ রবীন্দ্রকুমার দাশগুপ্ত
ডঃ তারাপদ মুখোপাধ্যায়

সম্পাদক :
শ্রীগজেন্দ্রকুমার মিত্র
শ্রীসুমথনাথ ঘোষ : শ্রীসনৎকুমার বন্দ্যোপাধ্যায়

রচনাবলীর সকল খণ্ডের আলোকচিত্র
শ্রীমোনা চৌধুরী

মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ, ১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা-৭৩ হইতে এস. এন. রায় কর্তৃক প্রকাশিত ও সুব্রত প্রিন্টিং ওয়ার্কস্, ৫১ ঝামাপুকুর লেন, কলিকাতা-৯ হইতে আর. রায় কর্তৃক মুদ্রিত

সম্পাদকের নিবেদন

দ্বিতীয় বিশ্বযুদ্ধের অব্যবহিত-পূর্ব থেকে বাংলাসাহিত্যে তারাশঙ্করের ক্রমবর্ধমান প্রতিষ্ঠা তাঁকে বঙ্কিম-শরৎচন্দ্রের যোগ্য উত্তরাধিকারীর সম্মানে ভূষিত করেছে। সাহিত্য আলোচনা প্রসঙ্গে লোকমুখে বঙ্কিম-শরৎ-তারাশঙ্করের নাম একই সঙ্গে বহুবার উচ্চারিত হতে শোনা গিয়েছে। বহুলোক যা বলে তার মধ্যে সত্য আছে—Voice of the people is the voice of the God। এই অভিমত আচার্য সুনীতিকুমারেরও। তারাশঙ্কর কোন চমকপ্রদ বই লিখে বা লিখতে নেমেই সহসা পাঠকদের মনোহরণ করে সাহিত্য-আসরে প্রবেশ করেন নি। বিপুল-আয়তন অট্টালিকা যেমন একটির পর একটি ইঁট সাজিয়ে গড়ে ওঠে, তারাশঙ্করের বিরাট প্রতিষ্ঠার পিছনেও তেমনি প্রতিদিনের তিল তিল পরিমাণ করে সঞ্চিত সাহিত্যনিষ্ঠা কাজ করেছে। বস্তুত এই কাজে তাঁর মত পরিশ্রমের দৃষ্টান্ত সাহিত্যিক-সমাজে দুর্লভ। বিপুলাকার গ্রন্থগুলির সংস্করণের পর সংস্করণে তিনি যে পরিমাণ পরিবর্তন পরিবর্ধন করেছেন তাতে অন্তত দশ-পনেরোখানি নূতন উপন্যাস লেখা যেত। তারাশঙ্কর সে লোভ সংবরণ করে পুরনো রচনা সুন্দরতর করার ভার বরণ করে নিয়েছিলেন। তারাশঙ্করের কাছে, আমাদের সাহিত্যপিপাসু পাঠকদের, তথা সমগ্র জাতির ঋণ বড় কম নয়। তাঁর রচনাবলী একত্র বিধৃত করে খণ্ডে খণ্ডে প্রকাশ তাঁর কাছে সেই বিপুল ঋণেরই কিঞ্চিৎ পরিশোধ-প্রচেষ্টা বলে মনে করি। সেই সঙ্গে একটি অবশ্য-কর্তব্যপালনও।

তারাশঙ্করের ষাটখানির মত উপন্যাস, কুড়িটিরও বেশী গল্পগ্রন্থ, ও আরও বহুবিধ রচনা প্রকাশিত হয়েছে। এ ছাড়া আরও বহু রচনা সমাপ্ত, অর্ধসমাপ্ত অপ্রকাশিত রয়ে গেছে। আপাতত রচনাবলীর বর্তমান পরিধির মধ্যে তাঁর সমগ্র উপন্যাস, প্রধান শ্রেষ্ঠ গল্পসমূহ ও অন্যান্য রচনা সংকলিত হল। যদি ভবিষ্যতে সম্ভব হয় রচনাবলীর পরিধি বিস্তৃত করে তাঁর প্রকাশিত গৌণ-অগৌণ নির্বিশেষে সকল রচনা একত্র সংকলিত করা যাবে।

তারাশঙ্কর-রচনাবলী সম্পাদনের গুরুদায়িত্ব বহন করা শুধু আমাদের পক্ষে সম্ভব হত না, যদি না বিখ্যাত মনীষী, সমালোচক, লেখকেরা আমাদের মূল্যবান উপদেশ-পরামর্শ দিয়ে সাহায্য করতেন। আচার্য সুনীতিকুমার তাঁর বহু ব্যস্ততার মধ্যেও অত্যন্ত আনন্দ সহকারে তারাশঙ্কর-রচনাবলীর একটি মূল্যবান সাধারণ ভূমিকা লিখে দিয়েছেন, যা উত্তরকালেও সাহিত্য-গবেষকদের প্রয়োজনে আসবে। শ্রীপ্রমথনাথ বিশী প্রথম খণ্ডের গ্রন্থগুলির একটি আলোচনামূলক ভূমিকা লিখে দিয়ে নিরতিশয় উপকৃত করেছেন। তাঁর ভূমিকায় রচনাবলীর সৌষ্ঠব বৃদ্ধি পেয়েছে। উপদেষ্টা পরিষদের সকল সদস্য, অন্যান্য ভূমিকালেখক, সাহায্যকারীদের প্রতি তাঁদের মূল্যবান অকুণ্ঠ সহায়তার জন্য আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

প্রসঙ্গত একটি কথার উল্লেখ থাকা উচিত মনে করি। এই রচনাবলী প্রকাশের উদ্যোগ যখন হয় তখন তারাশঙ্কর জীবিত ছিলেন। তিনি যে তাঁর জীবিতকালেই এই রচনাবলী প্রকাশের আয়োজন দেখে যেতে পেরেছেন—এটা যেমন একটা তৃপ্তির কারণ, আবার তিনি যে অন্তত প্রথম খণ্ডের প্রকাশ দেখে গেলেন না সেটা আমাদের কাছে তেমনিই বিষাদের কারণ হয়ে রইল।

॥ সূচীপত্র ॥

উপন্যাস

চৈতালী ঘূর্ণি	...	১
ধাত্রী দেবতা	...	৮৩
না	...	৩৩৫

বিবিধ

রসকলি (গল্প)	...	৪০৩
ত্রিপত্র (কবিতা)	...	৪২১

॥ ঋজুদর্শী ঋতবাক্ তারাশঙ্কর ॥

শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
জন্ম—১৩০৫ বঙ্গাব্দ ৮ই শ্রাবণ, ১৮৯৮ খৃষ্টাব্দ ২৩ জুলাই।
মৃত্যু—১৩৭৮ বঙ্গাব্দ ২৮শে ভাদ্র, ১৯৭১ খৃষ্টাব্দ ১৪ সেপ্টেম্বর।

তিয়াত্তর বছর বয়সে তারাশঙ্কর দেহরক্ষা করিলেন। বাঙ্গলা তথা ভারতের সাহিত্য-জগতে এক ইন্দ্রপাত হইল, বিশ্বের সাহিত্য-জ্যোতিষ্ক-মণ্ডলীর মধ্য হইতে এক উজ্জ্বল নক্ষত্র অস্তমিত হইল। পৃথিবীর সাহিত্য-সর্জনার ক্ষেত্রে তারাশঙ্কর যাহা দিয়া গেলেন, পরিমাণে তাহা যেমন প্রচুর, পূর্ণতায় তাহা তেমনি গৌরবময়, এবং অধিকন্তু মানবপ্রেমিক মনের পক্ষে তাহা আনন্দ-বর্ধন রসায়ন-স্বরূপ। একশ আটাশটি ছোট গল্প, সাতান্ন খানি উপন্যাস, এ ছাড়া কবিতা ও কাব্য, নাটক, প্রবন্ধ, চরিত্র-চিত্রণ, ভ্রমণ-কাহিনী সবে মিলিয়া যেন একটি পুরা সাহিত্য-রাজ্য তিনি সমগ্র জগতের সাহিত্য-প্রেমীদের আস্বাদনের ও রস-গ্রহণের জন্য দান করিয়া গেলেন। এই সাহিত্য-রাজ্য এত প্রৌঢ়, এত বিশাল, এত সমৃদ্ধ এবং এমন সরল, সাবলীল ও সর্বজন-বোধ্য, সর্বজনের উপভোগ্য, বাহিরে অন্তরে এমন ঋজু এমন জটিলতা-কুটিলতা-বিহীন, যে ইহা পাইয়া মানুষ ধন্য হইয়াছে ;—তারাশঙ্করের পাঠক-সমাজ, বিশেষ করিয়া তাঁহার স্বদেশবাসী স্বভাষা-ভাষী, নূতন করিয়া সদ্ভাব ও সারল্যের সহিত প্রতিফলিত আপনার চিত্র দেখিতে পাইয়া নিজেকে যেন আরও ভাল করিয়া চিনিতে পারিয়াছে, জানিতে শিখিয়াছে, এবং পুরাতন ও চির-পরিচিতকে নূতন করিয়া যেন আবিষ্কার করিয়া পুলকিত হইয়াছে।

যাহাকে বলিতে পারা যায় "পেশাদারী" সাহিত্যিক, আমি তাহা নহি। সাহিত্য-চর্চা, সাহিত্য-ধর্মের আলোচনা ও বিশ্লেষণ, 'কোথা গুপ্ত আছে কবিতার বীজ, কার কোথা স্থান, গ্যেটে শেলি কোলরীজ' এসব লইয়া সাহিত্যিক বেসাতি, আজকালকার সাহিত্য-বিচারের ক্ষেত্রে যাহাকে বলে "মূল্যায়ন"—এসব বিষয়ে "কচ্চায়ন" আমার এলাকার বাইরে। সাহিত্য সম্বন্ধে কোন কিছু বলিতে সাহস হয় না—অজ্ঞতার জন্যই এই ভয়-ভীত ভাব আমার মনে সদা বিদ্যমান। সুতরাং সাহিত্য-রসচর্চায় অশিক্ষিত অবিদগ্ধ মন লইয়া তারাশঙ্করের মত এক বিরাট্ সাহিত্য-স্রষ্টার বিচার করিবার ধৃষ্টতা আমার নাই। তবুও, পৃথিবীর সমস্ত শ্রেষ্ঠ ও মহিষ্ঠ বস্তুর একটি স্বীয় আবেদন আছে। মানুষের মন একটু ভাব-প্রবণ হইলেই, সেইসব শ্রেষ্ঠ ও মহিষ্ঠ বস্তুর টানে না আসিয়া পারে না। আর এই আকর্ষণ বা টানের মধ্যে নিজেকে ছাড়িয়া দেওয়া, এমন কি ইহার মধ্যে নিজেকে হারাইয়া ফেলা, একটা মানব-সাধারণ দৌর্বল্য বা প্রকৃতি বা স্বভাবও বটে। সহজ সোজা সরল কথা সহজ ভাবের সাধারণ মানুষের মনকে না টানিয়া পারে না।

রুষ মনীষী ও লেখক লিও টলস্টয় সাহিত্য-সৃষ্টি সম্বন্ধে তাঁহার যে স্পষ্ট অভিমত জনসাধারণের সহজ-বোধ্য সাহিত্যের পক্ষে দিয়াছিলেন, সে অভিমত আমার কাছে গ্রহণযোগ্য মনে হইয়াছিল। তিনি বলিয়াছিলেন যে, যে সাহিত্যের আবেদন কেবল একটি ক্ষুদ্র সীমিত বৈদগ্ধ্য-দাম্ভিক আধুনিকতাবায়ুগ্রস্ত 'প্রগতিপন্থিনম্মন্য' coterie বা কোটরবাসীর মধ্যেই নিবদ্ধনহে, পরন্তু উন্মুক্ত গগনের তলে সুস্থ দেহ ও মন এবং সরল, সবল চিন্তন যাহাদের মধ্যে বিদ্যমান এমন সহজ মানুষ যাহা হইতে অনাবিল আনন্দ এবং গভীর জীবন-দর্শন সম্বন্ধে ইঙ্গিত বা নির্দেশ বা দিশা পাইয়া খুশী হয়, সেইরূপ সাহিত্য-রচনা—কাব্য নাটক উপন্যাস উপাখ্যান নিবন্ধ প্রভৃতি—তাহাই স্থায়ী হয়, জনানন্দ-বর্ধন হয়, তাহাই হইয়া থাকে সার্থক রসোত্তীর্ণ রচনা। যাহা সত্যই 'বহুজন-সুখায়,' 'বহুজন-হিতায়' হয়, তাহাই বহুজন-প্রিয় হইয়া দাঁড়ায়। এবং তদ্ভিন্ন, মহাকালের রায় তো আছেই, তাড়াহুড়া না করিয়া যথাকালে উহা প্রকাশিত হইয়া থাকে। আমাদের বাঙ্গলা ভাষার সাহিত্য কেমন করিয়া এখনও টিঁকিয়া আছে, বাঙ্গালী জাতির এই সর্বাঙ্গীণ বিপর্য্যয়ের, তাহার চরিত্রনীতিক, অর্থনীতিক, সামাজিক, রাজনীতিক, মানসিক, সাংস্কৃতিক বিধ্বংসের যুগেও, কি করিয়া দুই-একটি বিষয়ে বাঙ্গালীর সাহিত্যের স্বকীয় সত্তার নাশ এখনও হয় নাই, তাহা ভাবিয়া বিস্মিত হইতে হয়। কাঁটাবনের মধ্যে এই মিষ্টি ফল কেমন করিয়া দেখা দিতেছে, তাহার কারণ খুঁজিয়া দেখা আবশ্যক। বোধ হয়, বাঙ্গালীর সাহিত্য-ধর্ম তাহার গভীর আত্মসমীক্ষার স্পৃহার উপরেই প্রতিষ্ঠিত হইয়া আছে, এ বিষয়ে তাহার দৃষ্টিভঙ্গী বস্তু-নিষ্ঠ ও সত্য-নিষ্ঠ, সে দৃষ্টিভঙ্গী কেবল ভাব-নিষ্ঠ এবং অতীতের আদর্শ অথবা ভবিষ্যতের জন্য আকাঙ্ক্ষাকে আঁকড়াইয়া থাকিয়া নিজেকে ব্যর্থ করিয়া দিতে চাহে না। সাম্প্রতিক কালের যুবকদের মতি-গতি দেখিয়া, অদূর ভবিষ্যতের বাঙ্গালীর মানসিক সাংস্কৃতিক ও সাহিত্যিক প্রগতি কোন্ পথে কিভাবে চলিবে, তাহা স্থির করা দুরূহ। তবে অন্ততঃ আমার মনে হয়, জ্ঞান ও চারিত্র্যের, অভিনিবেশ ও নিষ্ঠার ক্রম-বর্ধমান অবনতির ফলে, সৎসাহিত্য অবলোপের পথেই চলিবে। তবুও, এখনও বাঙ্গলা সাহিত্যে অন্ততঃ একটি বিভাগে তাহার গৌরব অনেকটা অক্ষুণ্ণ আছে, সেটি হইতেছে উপন্যাস ও গল্পের বিভাগ। কাব্য ও কবিতার বিভাগেও ভাল-ভাল কবি অধুনাতন কালে হইয়াছেন ও হইতেছেন, তবে ইঁহাদের সকলের সব লেখা আমি বুঝি না। কিন্তু নিঃসংশয়ে বলিব, বাঙ্গলা গল্প-উপন্যাসের ধারা এখনও বেশ জোরের সঙ্গে চলিতেছে, এবং পৃথিবীর শ্রেষ্ঠ সাহিত্যের আধুনিক কৃতিত্বের সঙ্গে তাল রাখিয়া, বাঙ্গলা সাহিত্যের গৌরব অক্ষুণ্ণ রাখিয়া, চলিয়াছে। এখনও আধুনিক বাঙ্গলা কথা-সাহিত্য পরিমাণে যেমন বিপুল, শ্রেষ্ঠতায় ও যথার্থ রস-সর্জনায়ও তেমনি সু-উচ্চে। বড়-দরের কথাকার—গত দুই পুরুষের মধ্যে যাঁহারা সাহিত্য-ক্ষেত্রে প্রকট হইয়াছেন, এবং ইঁহাদের মধ্যে এখনও যাঁহারা আমাদের সৌভাগ্য-ক্রমে জীবিত আছেন, তাঁহাদের মধ্যে শ্রেষ্ঠ নামগুলির উল্লেখ করিলেই আধুনিক বাঙ্গলা কথা-সাহিত্যের বিপুলত্ব ও গৌরব উপলব্ধি করা যাইবে। বাঙ্গলা কথা-সাহিত্যের সম্রাট্ বলিয়া সকলের দ্বারা স্বীকৃত বঙ্কিমচন্দ্র (১৮৩৮-১৮৯৪) তো রহিয়াছেন, তাঁহার পর আছেন শরৎচন্দ্র (১৮৭৬-১৯৩৮)—বঙ্কিমের মতই যাঁহার ভারত-জোড়া নাম। রবীন্দ্রনাথকে এই পর্য্যায়ের মধ্যে

ধরিব না, কারণ তিনি এই ধরণের শ্রেণী-ভুক্তির বা তুলনার ঊর্ধ্বে অবস্থান করিতেছেন। বঙ্কিমের সমসাময়িক এবং বঙ্কিমোত্তর ঔপন্যাসিক ও কথাকারদিগের অবদান-কথা বলিতে গেলে, আধুনিক সময় পর্য্যন্ত, ইঁহাদের নাম করিতে হয়—হরপ্রসাদ শাস্ত্রী (১৮৫৩-১৯৩১), ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় (১৮৪৭-১৯১৯), মীর মশার্‌রফ হোসেন (১৮৪৩-১৯১১), রমেশচন্দ্র দত্ত (১৮৪৮-১৯০৯), কেদারনাথ বন্দ্যোপাধ্যায় (১৮৬৩-১৯৪৯), অবনীন্দ্রনাথ ঠাকুর (১৮৭১-১৯৫১), 'স্বর্ণলতা'র লেখক তারকনাথ গঙ্গোপাধ্যায় (১৮৩৫-১৮৯১), প্রভাতকুমার মুখোপাধ্যায় (১৮৭৩-১৯৩২), প্রমথ চৌধুরী (১৮৬৮-১৯৪৬), নরেশচন্দ্র সেনগুপ্ত (১৮৮২-১৯৬৪), মণিলাল গঙ্গোপাধ্যায় (১৮৮৮-১৯২৯), সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় (১৮৮৪-১৯৬৬), চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় (১৮৭৭-১৯৩৮), হেমেন্দ্রকুমার রায় (১৮৮৮-১৯৬৩), রাখালদাস বন্দ্যোপাধ্যায় (১৮৮৫-১৯৩০), অনুরূপা দেবী (১৮৮২-১৯৫৮), নিরুপমা দেবী (১৮৮৩-১৯৫১), নগেন্দ্রনাথ গুপ্ত (১৮৬১-১৯৪০), ভবানীচরণ ঘোষ (১৮৬২-১৯২৫), সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য (?-মৃত্যু ১৯৩০), যদুনাথ ভট্টাচার্য্য (১৮৫৭-?), শচীন্দ্রনাথ চট্টোপাধ্যায় (১৮৬৯-১৯৪৪), প্রমথনাথ চট্টোপাধ্যায় (?-?), কালীপ্রসন্ন দাশগুপ্ত (১৮৭০-১৯৪২), ফণীন্দ্রনাথ পাল (১৮৮১-১৯৩৯), বিজয়রত্ন মজুমদার (১৮৯৪-১৯৬৫), মাণিকচন্দ্র ভট্টাচার্য্য (১৮৮৯-?), কেশবচন্দ্র গুপ্ত (১৮৯৫-১৯৬৮), শৈলবালা ঘোষজায়া (১৮৯৪), শান্তা দেবী (১৮৯৪), সীতা দেবী (১৮৯৫), মিসেস আর এস. হোসেন (?-?), প্রভাবতী দেবী সরস্বতী (১৯০৫-১৯৭২), কাজী ইমদাদুল হক (?-?), প্রেমেন্দ্র মিত্র (১৯০৪), বুদ্ধদেব বসু (১৯০৮), অচিন্ত্যকুমার সেনগুপ্ত (১৯০৩), মণীন্দ্রলাল বসু (১৮৯৭), বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (১৮৯৪-১৯৫০), বিভূতিভূষণ মুখোপাধ্যায় (১৮৯৯), শৈলজানন্দ মুখোপাধ্যায় (১৯০০), জগদীশচন্দ্র গুপ্ত (১৮৮৬-১৯৫৭), প্রবোধকুমার সান্যাল (১৯০৭), বলাইচাঁদ মুখোপাধ্যায় 'বনফুল' (১৮৯৯), বিমল মিত্র (১৯১২), সরোজকুমার রায়চৌধুরী (১৯০২-১৯৭২), অন্নদাশঙ্কর রায় (১৯০৮), সতীনাথ ভাদুড়ী (১৯০৬-১৯৬৫), মানিক বন্দ্যোপাধ্যায় (১৯০৮-১৯৫৬), চারুচন্দ্র চক্রবর্তী 'জরাসন্ধ' (১৯০৪), গজেন্দ্রকুমার মিত্র (১৯০৮), প্রমথনাথ বিশী (১৯০১), শরদিন্দু বন্দ্যোপাধ্যায় (১৮৯৯-১৯৭০), অসমঞ্জ মুখোপাধ্যায় (১৮৮২-১৯৬৫), মনোজ বসু (১৯০১), নারায়ণ গঙ্গোপাধ্যায় (১৯০৮-১৯৭০), নীলমাধব চৌধুরী (১৮৯৮), আশাপূর্ণা দেবী (১৯০৮), দুলাল মুখোপাধ্যায়, কালিকানন্দ 'অবধূত' (১৯১০), ভবানী মুখোপাধ্যায় (১৯০৯), সৈয়দ মুজতবা আলী (১৯০৫), সন্তোষকুমার ঘোষ (১৯২০), আবদুল জব্বার (১৯৩২), মণিশঙ্কর মুখোপাধ্যায় 'শঙ্কর' (১৯৩১), নীহার ঘোষাল 'দীপক চৌধুরী' (?), আশুতোষ মুখোপাধ্যায় (১৯২০), বিমল কর (১৯১১), রমাপদ চৌধুরী (১৯২২), মহাশ্বেতা দেবী (১৯২৮), সুমথনাথ ঘোষ (১৯০৯), বাণী রায় (১৯২১) ইত্যাদি, ইত্যাদি। বাঙ্গলা কথা-সাহিত্যের সভায় বা দরবারে বা মজলিসের গৌরব-স্বরূপ, এই সাহিত্যের আধুনিক যুগের শতাধিক বর্ষের নাতিদীর্ঘ ইতিহাসে যে কয়জন বিখ্যাত ঔপন্যাসিক ও গল্পলেখক আবির্ভূত হইয়াছিলেন,

যাঁহাদের মধ্যে অনেকে এখনও লেখনী ধারণ করিয়া আছেন, তাঁহাদের মধ্যে প্রায় সর্বজন-পরিচিত কয়েকটি নাম দেওয়া হইল। ইঁহারা ছাড়া আরও অনেকের নাম আছে—সেগুলি অনিবার্য্য কারণে বাদ দিতে হইল। (শ্রীযুক্ত সুকুমার সেনের পাঁচ খণ্ডে প্রকাশিত বিরাট গ্রন্থ, তাঁহার সম্পূর্ণাঙ্গ ও প্রামাণিক "বাঙ্গলা সাহিত্যের ইতিহাস"-এর চতুর্থ খণ্ডে এই সমস্ত লেখকের নাম ও তাঁহাদের কৃতিত্বের পরিচয় ও বিচার পাওয়া যাইবে—এই গ্রন্থ হইতেই মুখ্যতঃ এ বিষয়ে তথ্যগুলি—নাম ইত্যাদি—গৃহীত হইয়াছে।) বাঙ্গলা তথা ভারতীয় কথাসাহিত্য বিশ্ব-সাহিত্যের দরবারে যে ভেট পাঠাইয়াছে, এইসব লেখকের রচনা তাহার অনেকখানি জুড়িয়া বিদ্যমান। সংখ্যায় ইঁহারা যেমন উপেক্ষণীয় নহেন—পরিমাণেও ইঁহাদের সমগ্র রচনাও তেমনি প্রভূত। উপন্যাস ২০।২৫।৩০।৫০ খানি করিয়া অনেকেই লিখিয়াছেন, কেহ কেহ একশতের কোঠায় বা তাহার ঊর্ধ্বেও পঁহুছিয়াছেন।

বাঙ্গলা ভাষায় এই যে বিশাল উপন্যাস-সম্ভার পাওয়া যাইতেছে, তাহার সমস্তটা অবশ্য কেহ সম্পূর্ণরূপে পড়েন নাই। কিন্তু প্রধান প্রধান লেখকের ভাল-ভাল বইগুলির অনুরাগী পাঠকের সংখ্যা নিশ্চয়ই অল্প নহে। আমি যতদূর জিজ্ঞাসাবাদ করিয়া জানিয়াছি, বাঙ্গলা কথা-সাহিত্যের এই যে সুদীর্ঘ পরম্পরা, ইহার মধ্যে বেশির ভাগ পাঠকের মতে এই তিনজনই হইতেছেন পর পর সর্বশ্রেষ্ঠ—১। বঙ্কিমচন্দ্র, ২। শরৎচন্দ্র, ও ৩। তারাশঙ্কর। অবশ্য কেহ-কেহ তারাশঙ্করের মর্য্যাদা অক্ষুণ্ণ রাখিয়াও, উপরন্তু বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় এবং মানিক বন্দ্যোপাধ্যায় অথবা আরও অন্য কতকগুলি কথাকারের নাম, বাঙ্গলার শ্রেষ্ঠ ঔপন্যাসিকদের পরম্পরার মধ্যে রাখিতে চাহিবেন, এবং বঙ্কিম-শরৎ-তারাশঙ্কর ছাড়া সেই সব নাম বাঙ্গলা তথা ভারতীয় কথাকারদের প্রথম শ্রেণীর মধ্যে রাখিবার জন্য, প্রত্যেক ক্ষেত্রে যথেষ্ট কারণও আছে। কিন্তু অন্যান্য সাহিত্যে যেমন, বাঙ্গলা সাহিত্যেও তেমনি, যেন জনগণের স্বতঃস্ফূর্ত মত অনুসারে, কতকগুলি করিয়া নাম সেই সব সাহিত্যকারের বা সাহিত্য-সম্ভারের গুণ এবং লোক-প্রিয়তার বিচার করিয়াই, সম-পর্য্যায়ের অথচ একই গোষ্ঠীর বলিয়া সর্বজন-স্বীকৃত হইয়া গিয়াছে। যেমন, সংস্কৃত সাহিত্যে বেদ-ব্রাহ্মণ-উপনিষদ্, রামায়ণ-মহাভারত-শ্রীমদ্ভাগবত, ও ভাস-কালিদাস-ভবভূতি; গ্রীক সাহিত্যে হোমর-হীসিওদ-পিন্দার, এবং এস্কিলস্-সোফোক্লেস-এউরিপিদেস; লাতিন সাহিত্যে ভর্জিল-হোরেস্-ওভিদ; ফারসী সাহিত্যে ফিরদৌসী-নিজামী-রুমী, ও সাদী-হাফিজ-জামী; ফরাসী সাহিত্যে কর্ণেই-রাসীন-মলিয়ের, হ্যুগো-বালজ্যাক-জোলা; ইংরেজিতে শেক্‌স্পিয়র-মিল্‌টন-ব্রাউনিঙ, শেলি-কীট্‌স্-ওঅর্ডস্‌ওয়র্থ, বায়্‌রন-টেনিসন্-সুইনবর্ণ ও ডিকেন্স-থ্যাকারে-হার্ডি; রুষ সাহিত্যে টলস্টয়-দস্তয়েভ্‌স্কি-তুর্গেনেভ; হিন্দী সাহিত্যে কবীর-সুরদাস-তুলসীদাস—তেমনি বাঙ্গলা কাব্য-সাহিত্যে মধুসূদন-হেম-নবীন, এবং কথা-সাহিত্যে বঙ্কিম-শরৎ-তারাশঙ্কর। পূর্বেই বলা হইয়াছে, রবীন্দ্রনাথকে অবশ্য লোকোত্তর দিব্য প্রতিভার জন্য এই রকম শ্রেণীর মধ্যে আনা যায় না।

আধুনিককালের বাঙ্গলা কথা-কারদের মধ্যে কেন তারাশঙ্করের এই মর্য্যাদার স্থান বঙ্কিম ও শরতের পরেই এত সহজ-ভাবেই বেশির ভাগ বাঙ্গালী পাঠক তাঁহাকে দিয়াছে?

ইহার আলোচনা বাঙ্গলা সাহিত্যের বিচারের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয়। এ সম্বন্ধে অবশ্য বিচার করিবার যোগ্যতা যাঁহাদের আছে, এমন সাহিত্যবিৎ সাংস্কৃতিক, সাহিত্য-রসিক সুধীজন বিশ্বের ও বাঙ্গালার কথা-সাহিত্যের দোষ-গুণ, আবেদন-শক্তি, সর্বঙ্করতা, চিরন্তনতা এবং সাহিত্যিক-সার্থকতা, প্রভৃতির প্রতি দৃষ্টি রাখিয়া আলোচনা করিয়াছেন, করিতেছেন, আরও করিবেন। উপযুক্ত পরিচয়, যোগ্যতা এবং প্রকাশ-শক্তির অভাব হেতু, এ-বিষয়ে অনধিকার চর্চায় আমি সাহসী হইতেছি না তবে কি কারণে এই পরম্পরা-নির্দেশ দ্বারা স্থূলভাবে যে মূল্যায়ন করা হইয়াছে, তাহা মানিয়া লইবার মতন বলিয়াই আমার মনে হয় —দু'কথায় তাহাই বলিবার চেষ্টা করিব।

আমার একটি মার্জনীয় দৌর্বল্য আছে—ক্ষুদ্র একটি বিরুদের সাহায্যে সংক্ষেপে বা এক কথায়, কোনও ব্যক্তি অথবা বস্তুর সম্বন্ধে, তৎসম্পর্কিত মুখ্য গুণ বা লক্ষণ জ্ঞাপন করিয়া, আমার শ্রদ্ধা নিবেদন করিবার প্রয়াস—যে গুণ বা লক্ষণের জন্যই তৎসম্বন্ধে আমাদের শ্রদ্ধা বা আগ্রহ বা ভাল-বাসা। প্রাচীন আচার্য্যগণও এইরূপে শ্রদ্ধা-নিবেদন করিয়া গিয়াছেন, সাধারণ অসাধারণ মানুষও এ বিষয়ে তাঁহাদের অনুসরণ করিয়াছেন। বৈদিক ও পৌরাণিক দেবতাদের প্রশস্তি বা বর্ণনাত্মক বহু-বহু মনোহর অভিধা বা বিরুদ, রামায়ণ মহাভারতের পাত্র-পাত্রীদের বর্ণনাত্মক বিরুদ, এগুলির উদ্ভব এইরূপ শ্রদ্ধা বা প্রীতিপ্রকাশের আকাঙ্ক্ষা বা চিন্তা হইতে। কালিদাস এক কথায় হিমালয়ের মহিমা ঘোষণা করিয়াছেন –'দেবতাত্মা হিমালয়'। ইহা বৈদিক একবাক্য-ময় হিমালয়-স্তুতিরই অনুকরণে—'যস্যেমে হিমবন্তো মহিত্বা'। রবীন্দ্রনাথও তেমনি হিমালয়কে বলিয়াছেন, 'তপোমূর্তি'। চৈতন্যদেবের এক ভক্ত উৎকলীয় কবি সদানন্দ তাঁহাকে 'হরিনাম-মূর্তি' বলিয়া উল্লিখিত করিয়া গিয়াছেন—দীনেশচন্দ্র সেন মহাশয় এই বিরুদের সৌন্দর্য্য ও সার্থকতার প্রশংসা করিয়াছেন। দক্ষিণ-ভারতে দ্রাবিড়-দেশে ও মহারাষ্ট্রে শ্রেষ্ঠ বেদজ্ঞ পণ্ডিতকে 'বেদমূর্তি' বলিয়া সম্মানিত করা হয়, এবং মহারাষ্ট্রে বিজ্ঞ জনপ্রিয় ন্যায়াধীশ বা বিচারকের প্রশস্তি করা হইত তাঁহার 'ন্যায়মূর্তি' আখ্যা দিয়া। এইভাবে আমিও আমার প্রীতি ও শ্রদ্ধা প্রকাশের চেষ্টা করিয়াছি। রাজশেখর বসু মহাশয়ের বুদ্ধিদীপ্ত দিব্যদৃষ্টি এবং মানুষের দৌর্বল্যের প্রতি তাঁহার পরিহাসোজ্জ্বল স্মিতস্নিগ্ধ নেত্রপাতের কথা মনে করিয়া, তাঁহাকে 'সুবুদ্ধি-বিলাস রাজশেখর' বলিয়া অভিবাদন করিয়াছি। তেমনি দিব্যোন্মাদের মত বনশ্রীর মোহে অভিভূত, বনোন্মাদ-যুক্ত বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রতি দ্বিতীয় 'মহীদাস আরণ্যক বিভূতিভূষণ' বলিয়া শ্রদ্ধা জ্ঞাপন করিয়াছি।

কথাকার তারাশঙ্কর দেহরক্ষা করিলেন, ১৯৭১ খ্রীষ্টাব্দের সেপ্টেম্বর মাসে। তাঁহার সঙ্গে আমার পরিচয় হইয়াছিল বোধ হয় ১৯৩২ সালে—ওয়েলিংটন স্কোয়ারের (এখনকার রাজা সুবোধ মল্লিক বাগিচার) দক্ষিণে "বঙ্গশ্রী" পত্রিকা কার্য্যালয়ে—যেখানে সজনীকান্ত দাসের অধিষ্ঠান ছিল, এবং সজনীকান্তের পরিচালনায় বা সাহচর্য্যে, একটি বিশেষ লক্ষণীয় সাহিত্য-রসিক মিত্র-গোষ্ঠী গড়িয়া উঠিয়াছিল। তিন-চারি বৎসর এই গোষ্ঠী বেশ জোরের সঙ্গে চলিয়াছিল। এখানে বহু সাহিত্যিক, সাংবাদিক, লেখক, অধ্যাপক, শিল্পী—প্রভৃতির

সমাবেশ হইত, এবং একটি বিশেষ ছন্ন পরিবেশের মধ্যে অতি সহজভাবে সকলে আসিয়া মিলিতেন। পরে "বঙ্গশ্রী"-র সঙ্গে সজনীকান্তের যোগসূত্র ছিন্ন হওয়ায়, এই মিত্র-গোষ্ঠী শ্যাম-বাজারে মোহনবাগান রো-তে উঠিয়া গিয়া, সজনীকান্তের আশ্রয়ে কোনক্রমে আরও কিছুদিন টিকিয়া ছিল। শ্যামবাজারের আস্তানা হইতে তখন নিয়মিতভাবে সজনীকান্তের "শনিবারের চিঠি" বাহির হইতে আরম্ভ করিল। আমি সেই সময়ে "বঙ্গশ্রী" আপিসে প্রায়ই যাইতাম। সকলের সঙ্গে আড্ডা জমাইতাম, এবং এই সূত্রে অনেকের সঙ্গে আমি পরিচিত হইবার সুযোগ পাইয়াছিলাম। যতদূর মনে হয়, তারাশঙ্করের সঙ্গে ঐ "বঙ্গশ্রী" আপিসেই আমার প্রথম পরিচয়। তখন তারাশঙ্কর সবে সাহিত্য-ক্ষেত্রে অবতীর্ণ হইয়াছেন, স্বগ্রাম বীরভূম জেলার লাভপুর হইতে আসিয়া কলিকাতার সাহিত্যিক সমাজে, নিজ শক্তির বলেই পরিচিত হইতেছেন, এবং নিজের ব্যক্তিত্বের গুণে সকলের প্রীতি আকর্ষণ করিতেছেন। প্রায় চল্লিশ বৎসরের কথা—তারাশঙ্করের সঙ্গে চল্লিশ বৎসর পূর্বে যে পরিচয় ঘটে, তাহা মিত্রতায়, এবং পরে আমাদের পরস্পরের মধ্যে ঘনিষ্ঠ ভাবসূত্রে গ্রথিত বহু বিষয়ে সমধর্মিতায় পরিণত হয়। তারাশঙ্করের সমস্ত রচনার সঙ্গে পরিচয়ের সৌভাগ্য আমার হয় নাই। কার্য্যান্তরে ব্যাপৃত থাকার দরুণ নিতান্ত সময়াভাবের জন্যই। কিন্তু অল্প-স্বল্প যাহা পড়িতে পারিয়াছি তাহা আমাকে মুগ্ধ করিয়াছে —কখনও-কখনও নিজের থেকেই উপযাচক হইয়া তাঁহার কাছে গিয়া আমার পাঠের আনন্দ এবং তজ্জন্য তাঁহার প্রতি আমার সকৃতজ্ঞ সাধুবাদ জ্ঞাপন করিয়াছি।

তাঁহার রচনায় একটা বস্তু প্রথম হইতেই আমাকে আকর্ষিত করে—সেটি হইতেছে এই রচনার অকপট সারল্য। তারাশঙ্করের দৃষ্টিভঙ্গী ছিল সোজা—কোনক্রমেই বাঁকা বা কুটিল নহে। তিনি যে সমাজে মানুষ হইয়াছিলেন, যে সমাজের মধ্যেই জীবনের বাল্য, যৌবন ও প্রৌঢ়ত্ব কাটাইয়া গিয়াছিলেন, তাহার সব খুঁটি-নাটির সঙ্গে তিনি বিশেষভাবেই পরিচিত ছিলেন; এবং সোজা-চোখে তাহা দেখিতেন। কোনও রকম রঙ্গ চড়াইবার উদ্দেশ্য বা আকাঙ্ক্ষা তাঁহার ছিল না। মুসলমান হদীসের একটি প্রার্থনা পড়িয়াছিলাম—নবী মোহম্মদের উক্তি—"ইলাহী, অরি-নাঃহক্কা-'ইক্-ল্-আশ ইয়া'ই কমা-হিয়" অর্থাৎ 'হে আমার ঈশ্বর, সমস্ত ব্যাপারের মধ্যে যা সত্য আছে, ঠিক তাই আমাকে দেখাও'—সেই প্রার্থনা যেন তাঁহার লেখায় সর্বত্র প্রচ্ছন্ন-রূপে কার্যকর ছিল। তিনি নিজের অভিজ্ঞতার বাইরে কোথাও যাইতে চাহেন নাই। সেই অভিজ্ঞতা-প্রসূত অনুভূতি, উপলব্ধি ও জ্ঞানের ঋজুতা ছিল যেন তাঁহার বিশিষ্ট সাহিত্য-চেতনা ও সাহিত্য-প্রেরণা। তিনি তো ছিলেন পূর্ণভাবে প্রত্যক্ষদর্শী, নিজের চোখেই তো সমস্ত দেখিতেন। "প্রিয়দর্শী"-ও ছিলেন, —কবির যাহা অন্যতম ধর্ম, সেই ধর্ম অনুসারে জীবনে, যাহা প্রিয়, যাহা আমাদের ভাল লাগে, তাহাও স্বাভাবিক ভাবে তিনি দেখিতেন ও আমাদের গোচরে আনিতেন। এবং অপ্রিয় যাহা ছিল, তাহাও তাঁহার চোখ এড়াইত না—কারণ প্রধানতঃ তিনি ছিলেন "ঋজুদর্শী"। ঋজু-ভাবে তিনি যাহা দেখিতে পাইতেন, সত্যের আশ্রয় লইয়াই তাহার প্রকাশ করিতেন—কার্য্য ও কারণের পথে তাঁহার কাছে যাহা আত্মপ্রকাশ করিত, সদ্ভাবের সঙ্গে, বিশ্বজগতের অন্তর্নিহিত যে 'ঋত' বা পরিচালনা-শক্তি, অথবা 'ধর্ম', বিদ্যমান, তাহাকে উপেক্ষা না করিয়া তিনি তাহা বলিবার

চেষ্টা করিতেন। বিশেষ কোন উদ্দেশ্য দ্বারা প্রণোদিত হইয়া যাঁহারা মানব-জীবনের চিত্র অঙ্কিত করেন, তাঁহারা সম্পূর্ণরূপে "ঋতবাক্" থাকিতে পারেন না। স্বয়ং সাহিত্য-সম্রাট্ বঙ্কিমচন্দ্র তাঁহার নিজের আদর্শকে তাঁহার দৃষ্ট ও বর্ণিত জীবন-চিত্রণের মধ্যে আনিবার চেষ্টা করিয়াছিলেন—তিনি ছিলেন দিব্যশক্তি-যুক্ত শিল্পী, তাঁহার রচনার শালীনতার বা মহিমার হানি ইহাতে হয় নাই বটে, কিন্তু তাঁহার আদর্শকে বাস্তব-বর্ণনের মধ্যে টানিয়া আনায় তাঁহার কারয়িত্রী প্রতিভা, ভাবয়িত্রী প্রতিভার চাপে পড়িয়া কুত্রচিৎ ক্ষুণ্ণ হইয়াছিল, এইরূপ অনুযোগ অনেকেই করেন। শরৎচন্দ্র সত্য-দ্রষ্টা ছিলেন, কিন্তু সমাজ-জীবনের মধ্যে যাহা অনুচিত, অন্যায্য, কলুষময় বা পঙ্কিল, বিদ্বেষ-পরায়ণ না হইয়া তাহার দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়া গিয়াছেন। তিনি রোগ বাহির করিয়া দিয়াছেন, তাহার নিদান-কথাও বলিয়াছেন, কিন্তু রোগের নিরসনের পথ দেখানোর চেষ্টা করেন নাই। এবং এইরূপ অন্যায় বা পাপ বা সামাজিক কলুষের বিরুদ্ধে, কোনও বিশেষ মতবাদের আশ্রয় না লইয়া (অথবা লইয়াও), তাহার ধ্বংসের জন্য অভিযান,—বোধ হয় সত্যকার নির্বৈয়ক্তিক সাহিত্য-ধর্মের অনুকূল বা অনুমোদিতও নহে। পৃথিবীর সর্বশ্রেষ্ঠ লেখকদের মধ্যে এই যে ঋজুদৃষ্টি-নিবদ্ধ উদ্দেশ্যহীনতা, বা উদ্দেশ্য সম্বন্ধে নিস্পৃহতা, এবং অনাবশ্যক জটিলতা না আনিবার প্রয়াস, তাহা জ্ঞাতসারেই হউক অথবা অজ্ঞাতেই হউক, প্রায়ই অল্প-বিস্তর পাওয়া যাইবে। সেই অসাধারণ ঋজুদর্শন, এবং সঙ্গে সঙ্গে ঋত বা সত্য-ভাষণ—এই দুইটি গুণ তারাশঙ্করের মধ্যে আমায় বিশেষ-ভাবে আকৃষ্ট করিয়াছে , এবং অধিকাংশ পাঠকের কাছে এই দুইটি গুণই বিশেষ-ভাবে আদরণীয়। যিনি সোজা ভাবে সত্য দেখেন, তিনি হইতেছেন "ঋজুদৃশ,—ঋজুদৃক্"। আবার "তত্ত্বদর্শী, দূরদর্শী, দোষদর্শী, গুণদর্শী, প্রিয়দর্শী, সমদর্শী" প্রভৃতির মত যিনি সোজাচোখে সব কিছু দেখেন, সত্য দেখেন, তিনি "ঋজুদর্শী"। এই বিচারে, আমি এই দুই বিরুদ প্রয়োগ করিয়া তারাশঙ্করের প্রশস্তি করিতে সাহসী হইয়াছি—"ঋজুদর্শী ঋতবাক্ তারাশঙ্কর"।

তারাশঙ্করের একটি অনন্যসাধারণ গুণ, তাঁহার ভাবশুদ্ধি ও সত্যনিষ্ঠা। যে সমাজ, যে প্রাকৃতিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশ, যে চরিত্র তিনি বর্ণনা করিতে বসিয়াছেন, সেখানে কোনও ভাণ নাই, কোনও মিথ্যাদৃষ্টি নাই—নকলকে আসল বলিয়া চালাইয়া দিবার অপচেষ্টা নাই। দুঃখের বিষয়, বহু অক্ষম লেখকের রচনায় এটি বিশেষভাবে পরিস্ফুট। কলিকাতায় বসিয়া, দুঃখ-বিলাসী "বাবু-ভাইয়া" সাহিত্যিক, উদ্দেশ্য-মূলক সাহিত্য-রচনা করিবার আকাঙ্ক্ষায় "মেহনতী" মানুষের জন্য, কৃষাণের জন্য অঝোর-নয়নে কাঁদিতেছেন। কিন্তু যাহাদের কথা লইয়া লিখিতেছেন, তাহাদের জীবনের সঙ্গে কোন ও প্রত্যক্ষ যোগ, অথবা সহানুভূতিপূর্ণ, সানন্দ অথবা দুঃখপূর্ণ অভিজ্ঞতা নাই। অনুমান ও কল্পনার বেসাতিই তাঁহাদের সম্বল।—তারাশঙ্করকে এইরূপ অপরাধে অপরাধী কেহ করিতে পারিবে না। এই সত্য-দর্শন এবং সত্য-বচনের জন্যই কথাকার জনপ্রিয় হইয়া থাকেন, অমরত্ব লাভ করেন। একজন প্রাচীন আরব কবি বলিয়া গিয়াছেন—"যে-সব কবিতা তুমি লিখিয়া থাক, সে-সবের মধ্যে সেইটি-ই সব-চেয়ে ভাল, সব-চেয়ে চিরস্থায়ী হইবে, যেটি সভায় পড়া হইলে, শ্রোতারা উৎসাহের সঙ্গে বলিয়া উঠিবে—

খাঁটি কথা, সত্য কথা।"

এই ঋজু-দর্শিতা ও ঋত-ভাষণ যে আর কোনও কথাকারের মধ্যে নাই, এমন কথা কেহ বলিবে না। কিন্তু তাঁহার সাহিত্যিক-জীবনে তারাশঙ্কর, আর অনেকের মতন, সজ্ঞান সাহিত্য-স্রষ্টার ভূমিকা লইয়া, সাহিত্যের মাধ্যমে 'বড় একটা কিছু'র প্রকাশ বা প্রচার করিব এইরূপ বোধ লইয়া বা প্রতিজ্ঞা করিয়া, একটা উগ্রতার সঙ্গে প্রকটিত আকাঙ্ক্ষা লইয়া, সাহিত্য-ক্ষেত্রে অবতীর্ণ হন নাই। এবং সাহিত্যিক কেরামতি দেখাইবার, চটক দেখাইবার দুর্গ্রহ তাঁহার ছিল না। যেখানেই লেখক একটা কোনও বিশেষ ism বা মতবাদের দহের মধ্যে পড়িয়া যান, এবং স্বেচ্ছায়-অনিচ্ছায় তাহার প্রচার লইয়া মাতিয়া উঠেন ও 'সাহিত্য-রচনা' করেন, শেষ পর্যন্ত সেরূপ 'সাহিত্য' ধোপে টিঁকে না—যাহারা বিশেষ কোনও মতের দলের বা দলভুক্ত নহে, তাহারা ব্যতীত অন্য ভদ্র-সাধারণ সাহিত্য-রসিক, যাঁহারা এই মত-চক্রের অন্তর্ভুক্ত নহেন, তাঁহারা শেষ পর্য্যন্ত এদিকে ঘেঁষেন না। তারাশঙ্করের সাহিত্যিক অন্তরানুভূতি, তাঁহার সাহিত্যিক অন্তরাত্মা এ পথের পথিক ছিল না। এই জন্যই তাঁহার এতটা জনপ্রিয়তা।

তারাশঙ্করের আর একটি জনাকর্ষক গুণ—যে বাঙ্গালী সমাজে, পশ্চিম-বঙ্গের যে গ্রাম্য পরিবেশে তিনি জন্মগ্রহণ করেন, যাহার মধ্যেই ছিল তাঁহার অবস্থান, সেই সমাজকে সেই পরিবেশকে তিনি মনে-প্রাণে ভালবাসিতেন। দোষে-গুণে যেমন মানুষ, তেমনি সব সমাজই দোষে-গুণে নিজ গতিপথ ধরিয়া চলিয়াছে। বাঙ্গালী হিন্দু সমাজ, ধনী মধ্যবিত্ত নিম্নবিত্ত, জমিদার ব্যবসায়ী বুদ্ধিজীবী, কৃষক শিল্পজীবী শ্রমজীবী—তাহার ভাল-মন্দ সব লইয়া যে ভাবে তাঁহার ঋজু দৃষ্টির সামনে দেখা দিয়াছিল, সেই ভাবে-ই তাহাকে তিনি মানিয়া লইয়াছিলেন, এবং সমগ্র-ভাবে নিতান্ত আপনার জিনিস, সুপরিচিত জিনিস বলিয়াই তাহাকে ভালবাসিয়াছিলেন। তাঁহার সমাজ-প্রীতি "পাঁঠা কাটতে পারিস্? না—কতক কতক!" এই লোকোক্তি-বর্ণিত যে-ভাবের সীমিত শক্তি বা যোগ দেখি, সে ভাবের আংশিক প্রীতি, 'ওজন-করা ভালবাসা', তারাশঙ্করের সমাজ-চেতনায় ছিল না, প্রাণ ঢালিয়া তিনি সমাজের দর্শক এবং অনুরাগী সেবক, দুই-ই ছিলেন। অনেকে সমাজের কথা, গ্রামের বা শহরের মানুষের কথা বলিতে গেলে, মাক্ষিকা-বৃত্তি অবলম্বন করিয়া বসেন, তাহার দোষ-ত্রুটির কথাই বেশি করিয়া তাঁহাদের কাছে ধরা দেয়। যাঁহাদের মনে এ বিষয়ে সত্যই বেদনা-বোধ আছে, কেবল ভাব-বিলাস নহে, তাঁহাদের রচনায় সহানুভূতি ও ভালবাসার কোনও অভাব দেখা যায় না—এবং সেই জন্য তাঁহারা যাহা বলেন তাহার মধ্যে একটা সততা, একটা মানবিক চেতনা, একটা সার্থকতা সর্বদাই দেখা যায়। এ বিষয়ে মনে হয় আমিও তারাশঙ্করের সঙ্গে সমানধর্মা। আমাদের বাঙ্গালী ও ভারতীয় হিন্দু-জগতের শত অক্ষমতা, জ্ঞানহীনতা, নির্বোধ ক্রূরতা, অপরাধ সত্ত্বেও আমি তারাশঙ্করের মতই ইহাকে ভালবাসি। ইহার জন্য বেদনা-বোধ করি, বহু বিষয়ে মনে মনে লজ্জা অনুভব করি, আবার সঙ্গে-সঙ্গে বহু বিষয়ে গর্ব-বোধও করি। প্রথমেই এই সমাজের মধ্যে নিহিত অবগুণের তালিকা তৈয়ারী করিয়া, ইহা যে কতদূর হেয় তাহা জানাইয়া, আমি ইহার ঊর্ধ্বে অবস্থিত উচ্চতর "প্রগতিশীল" আদর্শের অধিকারী বলিয়া আত্মতৃপ্তি লাভ

করিবার চেষ্টা করি না।

অনেকে আছেন, যাঁহারা ব্যক্তিকে পছন্দ করেন, কিন্তু সমূহ বা জনতাকে বরদাস্ত করিতে পারেন না—যেমন ইংরেজি কথা আছে, I love man, but I hate crowds. তারাশঙ্করের লেখা দেখিয়া মনে হয়, নিজ-নিজ দোষে-গুণে অবস্থিত মানুষকে তিনি যেমন ভালবাসেন, সমগ্র জন-সমাজও তাঁহার কাছে তেমনি ভালবাসার পাত্র। তিনি কেবল মানুষের চরিত্র লইয়াই ব্যস্ত নহেন, সমগ্র গ্রামের কথা, তাহার সমস্ত ক্ষুদ্র বৃহৎ জন-সমাজের জীবনের কথা, তাঁহার কাছে ব্যক্তিগত মানুষের জীবনের কথারই মত, ব্যক্তিগত সাধুতা-নীচতা, পাপ-পুণ্যের মতন আগ্রহের সঙ্গে পর্য্যালোচনা করার, বর্ণনা করার বস্তু। এই সর্বগ্রাহিতা, এই যে তুচ্ছ জিনিসকে একটা মর্য্যাদা দেওয়ার মত মানসিক ঔদার্য্য, পাঠকের অজ্ঞাতসারেও তাহার মনে একটা ছাপ দিয়া যায়—তারাশঙ্করের জনপ্রিয়তার এটিও একটি কারণ বলিয়া মনে হয়।

তারাশঙ্কর ১২৮টি গল্প এবং ৫৭খানা উপন্যাস লিখিয়া গিয়াছেন। প্রাচীন ও মধ্যযুগের বিরাট সাহিত্য জগৎ—কেবল ভারতবর্ষের নহে, অন্যান্য সুসভ্য ও অর্ধসভ্য দেশের কথা বাদ না দিয়া, সর্বমানবের পাঠোপযোগী যে বিরাট্ বিশ্ব-সাহিত্য বিদ্যমান, তাহার সামনে দাঁড়াইয়া সেই সাহিত্যকে সমগ্র-ভাবে পাঠের চেষ্টাকে, সমুদ্র-সৈকতে ঝিনুক বা পাথরের নুড়ি সংগ্রহ করা বলিতে হয়। অন্য সাহিত্যের কথা ছাড়িয়া দিলেও, কেবল আধুনিক যুগের বাঙ্গলা সাহিত্যের ক্ষেত্রে মাত্র গল্প-উপন্যাসকে ধরিলে, এক বিশাল সাহিত্য-জগৎ বাঙালী পাঠককে আহ্বান করিতেছে, তাহার পরিমাণ এত বড় যে অনন্যকর্মা হইয়া, জীবনের আর সব কাজ ছাড়িয়া দিয়া, কেবল ইহাতেই লাগিয়া থাকিলে, ইহার কিছুটা যদি আয়ত্তের মধ্যে আনা যায়। আমাদের আধুনিক বাঙ্গলা কথা-সাহিত্যে ৩০।৪০।৬০।৮০খানা, ১০০খানা উপন্যাস লিখিয়াছেন, এমন লেখক বিরল নন। সমস্ত ঔপন্যাসিক ও গল্প-লেখকের কথা ছাড়িয়া দিতে হয়, ইহাদের মধ্যে মাত্র একজনের সব বই পড়া সকলের পক্ষে হইয়া উঠে না—আমার পক্ষে তো হয়ে-ই নাই।

তবুও সান্নিধ্য, সাহচর্য্য এবং মিত্রতা হেতু, তারাশঙ্করের কতকগুলি বই পড়িয়াছি। বেশী যে পড়া হয় নাই, তাহা লজ্জার কথা বলিয়া মনে-মনে স্বীকার করি। তারাশঙ্করের উপন্যাস ও গল্পে বাহিরের জগতের যে ছবি, উপাখ্যানের মানুষগুলির পৃষ্ঠ-ভূমিকা হিসাবে যাহা পাই, তাহার বর্ণনার সৌন্দর্য্য ও সত্যতা প্রথমেই পাঠককে মুগ্ধ করে। অবশ্য, তারাশঙ্কর "পথের পাঁচালী", "আরণ্যক" এবং অন্য বহু প্রকৃতির-বর্ণনাময় উপাখ্যানের রচয়িতা বিভূতিবন্দ্যর মত 'বনশ্রী রাগ' গাহিয়া তাঁহার অদ্ভুত বর্ণনাশক্তিতে আমাদের মাতান নাই। তথাপি তাঁহার গ্রামের এবং গ্রাম্য প্রকৃতির, তাঁহার জন্মভূমি এবং বাল্য কৈশোর ও যৌবনের লীলাভূমি পশ্চিমবঙ্গের রাঢ়-অঞ্চলের প্রাকৃতিক যে বর্ণনা, স্বত-উৎসারিত-ভাবে তাঁহার লেখনীর মুখে আসিয়া গিয়াছে, তাহার সহজ শক্তি ও সৌন্দর্য্য আমাদের মুগ্ধ করে। রাঢ়ের সলিল-বিরল রৌদ্র-দগ্ধ রুক্ষ ক্ষেত্রভূমির মধ্যে নদীমাতৃক বঙ্গদেশের অর্থাৎ পূর্ববঙ্গের স্নিগ্ধ শ্যামলতা নাই, কিন্তু তবুও ইহার যে স্বকীয় একটি রূপ আছে, তাহার আকর্ষণী শক্তি তারাশঙ্করকে আকুল করিয়াছিল।

তারাশঙ্করের "হাঁসুলী বাঁকের উপকথা"র মত বই—যে বইয়ের পৃষ্ঠভূমিকা হইতেছে রাঢ়ের মাটির, রাঢ়ের ভদ্র-ইতর শিক্ষিত-অশিক্ষিত ধনী-নির্ধন সকল সমাজের মানুষের চিত্র, সেই বইয়ে প্রসঙ্গক্রমে প্রথম অধ্যায়ে নদীমাতৃক জলের দেশ "বাংলাদেশ" বা "বাঙালদেশ", এবং দেবমাতৃক খরার দেশ রাঢ়ভূমির নিসর্গ সৌন্দর্য্যের মধ্যে পার্থক্যের যে নিখুঁত ছবির শব্দচিত্র তিনি আঁকিয়া গিয়াছেন, এ বিষয়ে তাহা তাঁহার সূক্ষ্ম দর্শন-শক্তির ও পূর্ণ বর্ণনা-শক্তির সাক্ষ্য দিতেছে।

তারাশঙ্করের যে বইখানি আমি প্রথম পাঠ করি, সে বই হইতেছে তাঁহার "ধাত্রীদেবতা"। যখন ধারাবাহিক রূপে এই বইখানি "শনিবারের চিঠি"তে প্রকাশিত হইতেছিল, বোধ হয় ১৯৩৭-৩৮ সালে—৪৭ বৎসর বয়সে, আমার ভরা প্রৌঢ়ত্বের কালে; সুতরাং তারাশঙ্করের কথা-সাহিত্য আলোচনার ব্যাপারে আমার হাতে-খড়ি অনেক বেশী বয়সে। তারাশঙ্করই বোধ হয় কোথায় যেন এই রকম কথা লিখিয়াছিলেন—যে-রচনা পাঠের সময়ে আনন্দে চোখে জল আসে না, সে রচনার সার্থকতা কি? আমার নিজের অভিজ্ঞতা বা হৃদয়ের দৌর্বল্য, যাহা দুই-একজন সুহৃৎ লক্ষ্য করিয়াছেন, তাহার কথা ভাবিয়া এইরূপ অভিমতের পক্ষে আমিও আমার অনুকূল রায় দিব। সাহিত্যের মধ্যে দুঃখের কথাই হউক অথবা আনন্দের কথাই হউক, আদিরস হইতে শান্তরস পর্য্যন্ত নবরসের যে কোনও রস লইয়াই হউক, কোনও রচনা বা চোখে-দেখা জীবনের কোনও ঘটনা বা অভিজ্ঞতা আমার মনকে নাড়া দিলে, বুক ভরিয়া উঠে, চোখের জল আমি সামলাইতে পারি না, অন্য লোকের সামনেও অনেক সময়ে নিজেকে সামলাইবার শক্তি আমার থাকে না। মনস্তত্ত্বের পণ্ডিত এই ধরনের চিত্তবৃত্তির কি ব্যাখ্যা দিবেন জানি না, তবে এই চোখের জল এবং বুক ভরিয়া উঠিয়া গলার মধ্যে পিণ্ডবৎ কিছুর অনুভব করা, ইহাতেও একটা যেন অনির্বচনীয় আনন্দ পাই। আমি নিজের সম্বন্ধে বলিয়া থাকি, আমি যখন মস্তিষ্কে চিন্তা করি, কেবল মন লইয়াই যখন আমার কাজ—কেবল তখন আমি অজ্ঞেয়বাদী। কিন্তু তাহা বলিয়া হৃদয়কে বাদ দিই না, দিতে চাহি না—কেবল মনের দ্বারা যাহার ব্যাখ্যা অসম্ভব এমন অবস্থায় হৃদয়ে যে উদ্বেল ভাব জাগে, তাহাকেও চাপা দিতে চাহি না। অর্থাৎ Knowledge বা Science এবং Feeling বা Emotion—Agnosticism এবং Emotionalism—শেষোক্ত বৃত্তিটিকে Mystic Feel বা Mysticism ও বলা যায়—এই দুইয়ের সামঞ্জস্য পাই না; কিন্তু এইখানেই ব্যাকুল আগ্রহের সঙ্গে এ সামঞ্জস্যের জন্য প্রতীক্ষা করিয়া আছি—Agnosticism যেমন কাম্য, Emotionalism তেমনি লজ্জার বিষয় নহে। এ যেন প্রাচীন তত্ত্ববিদ্‌গণের প্রার্থিত 'জ্ঞান' ও 'ভক্তি'র সংহতি, বা সমীকরণ বা একীকরণ। সাহিত্যে শ্রেষ্ঠ যাহা কিছু পাইয়াছি, সে সমস্তর মধ্যেই আমার আনন্দের সাড়া জাগিয়াছে চোখের জলে। সব দিক্ দিয়া বিচার করিয়া, কি চরিত্র-চিত্রণ, কি ঘটনার পরম্পরা এবং তাহার অপরিহার্য্যতা, কি পৃষ্ঠভূমিকা বা পরিবেশের উপযোগিতা এই "ধাত্রীদেবতা" বইখানি আমার কাছে অপূর্ব লাগিয়াছিল; এবং মনে আছে, আগ্রহের আতিশয্যে তারাশঙ্করের কাছে তাঁহার মোহনবাগান রো-র বাসায় ছুটিয়া গিয়াছিলাম—ধারাবাহিক-রূপে প্রকাশমান "ধাত্রীদেবতা" উপাখ্যানটিতে অনাবশ্যক, অন্ততঃ আমার কাছে কোনও একটি বিষয়ে যেন বেদনা-দায়ক পরিস্থিতি তিনি

আনিয়া না ফেলেন, এই সাগ্রহ অনুরোধ জানাইতে।

তারাশঙ্করের "হাঁসুলী বাঁকের উপকথা" পাঠ করিয়াও আমার অতি চমৎকার লাগে। কোপাই নদীর কূলে রাঢ়ের 'কাহার' এবং 'আটপৌরে কাহার'দের জীবন-বৃত্তান্ত, তাহাদের রীতিনীতি, তাহাদের সরল মানবিকতা, তাহাদের কুসংস্কার ও অন্ধ বিশ্বাস এবং তৎসঙ্গে সহজ ধর্মবোধ, তাহাদের সমাজের পুরাতন চাল-চলন এবং আধুনিক কালের সমস্যার আবির্ভাবে একটা অবশ্যম্ভাবী ওলট-পালট—এ সবে মিলিয়া এমন একটি খাঁটি চিত্র আমাদের সমক্ষে উদ্ঘাটিত হইয়াছে, যাহা সত্য সমীক্ষায় এবং সদ্ভাবের সহিত বর্ণনায় অতুলনীয়। এই বই আমি নিজে পাঠ করিয়া তারাশঙ্করকে সকৃতজ্ঞ সাধুবাদ দিয়া লিখি—বাঙ্গলা দেশের Folklore অর্থাৎ "লোকযান" অর্থাৎ একটি অশিক্ষিত ও মানসিক ধর্মে অপরিবর্তিত জনসমাজের বংশ-পরম্পরাগত জীবন-চর্য্যা ও জীবন-রীতির এমন অপূর্ব চিত্র হয় না, এটিকে ইংরেজিতে অনুবাদ করিতে পারিলে বাঙ্গলা সাহিত্যের মর্য্যাদা বাড়িবে। তারাশঙ্করের "অভিযান" উপন্যাসের সমাজ-চিত্রণ ও চরিত্র-চিত্রণ উভয়ই যে নূতন সামাজিক পরিবর্তনের চিত্র দিয়াছে, তাহাও অপূর্ব—এবং এই পরিবর্তনের ধারা দেখিয়া অত্যন্ত প্রাচীনপন্থী যাঁহারা তাঁহারা হয়তো বিচলিত হইবেন, কিন্তু ঋজুদর্শী ঋতবাক্ তারাশঙ্করের দৃষ্টি এবং বর্ণনা-ভঙ্গীতে সকলকেই এবং সকল অবস্থাকেই মানিয়া লইতে আটকায় না। তাঁহার "সন্দীপন পাঠশালা", "আরোগ্য নিকেতন", "বিচারক", "কবি"—এই রকম কতগুলি বই, এবং "রসকলি", "অগ্রদানী" প্রমুখ কতগুলি ছোটগল্প বাঙ্গলা সাহিত্যে অপূর্ব বলিয়া মনে হইয়াছে। শ্রীযুক্তা লীলা রায়ের ইংরেজি অনুবাদেও (The Temple Pavilion নামে) তারাশঙ্করের "গণদেবতা" ('জ্ঞানপীঠ' পারিতোষিক প্রাপ্ত) পড়িয়াছি—এক অতি সর্বাঙ্গসুন্দর গ্রাম-জীবন চিত্র। রাঢ়ের সংস্কৃতি, রাঢ়ের জীবন-চর্য্যা, রাঢ়ের ভাষা, এ সমস্তের সম্পুট তাঁহার উপন্যাস ও গল্প।

সাধারণতঃ তারাশঙ্করের দৃষ্ট এবং সৃষ্ট নর-নারীদের কেহ প্রচণ্ড মানসিক বিক্ষোভের মধ্যে পড়ে নাই, প্রায় সর্বত্র একটা শান্তিপূর্ণ আবহাওয়ার মানুষ তাহারা, যদিও সুখ-দুঃখের হেরফেরের মধ্যে তাহাদের মানব-চিত্তের প্রকাশ তারাশঙ্কর যথোচিত সূক্ষ্মতার সঙ্গে প্রদর্শন করিয়াছেন। শেক্‌স্পিয়র-এর নাটকে (যেমন তাঁহার 'কিঙ্-লিয়ার', 'হ্যামলেট্', 'ম্যাক্‌বেথ্', 'জুলিয়াস সীজার' প্রভৃতিতে) যে অসাধারণ মানসিক দ্বন্দ্বের মধ্যে তাঁহার নাটকীয় পাত্র-পাত্রী-দের চরিত্রের প্রকাশন হইতেছে দেখা যায়, সেই ধরনের মানসিক দ্বন্দ্ব বা বিক্ষোভ তারাশঙ্করের সৃষ্ট চরিত্রগুলির মধ্যে নাই—কারণ তারাশঙ্কর এবং শেক্‌স্পিয়র, এই দুইজনের সামাজিক পারি-পার্শ্বিক এবং মানসিক উপকরণ ও বাতাবরণ সম্পূর্ণ পৃথক। কিন্তু তারাশঙ্করের একখানি নাটক—যদিও এই নাটকখানি রাঢ়ভূমির গ্রাম্যজীবনের পটভূমিকাকে পিছনে রাখিয়া রচিত—"দ্বীপান্তর"-এ—এই বিষয়ে একটু ব্যত্যয় বা বৈশিষ্ট্য দেখি। এই ক্ষুদ্র নাটকখানির প্রত্যেকটি চরিত্র জীবন্ত, এবং সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিদের স্বার্থপরতা, চরিত্রহীনতা ও হৃদয়হীনতার ফল-স্বরূপ একটি প্রতিষ্ঠিত প্রাচীন ভূস্বামি-বংশের প্রভুভক্তি-পরায়ণ সেবক একজন লাঠিয়ালের গৃহে যে ভীষণ নিষ্ঠুরতা এবং তাহার ফল-স্বরূপ নির্মম ট্রাজেডি সঙ্ঘটিত হইল, তাহার মধ্যে, প্রাচীন

গ্রীক ট্রাজেডির, এবং শেক্‌স্পিয়রের ট্রাজিক নাটকের হাওয়া, তারাশঙ্কর বাঙ্গালার গ্রাম্য জীবনের স্বকীয় শান্তিময় পরিবেশের মধ্যেই যেন সার্থকভাবে বহাইয়া দিয়াছেন।

তারাশঙ্করের বইয়ের মানবচরিত্র-চিত্রণে সাধারণতঃ তাঁহার দেখা পুরা বা আস্ত বা গোটা মানুষটিকে পাওয়া যাইবে, উপর-উপর হইতে—আমরা মানুষটিকে তাহার কথাবার্তায় কার্য্য-কলাপে যেমনটি দেখি। তারাশঙ্কর মনস্তত্ত্ববিদ্ ছিলেন না, তিনি তাঁহার দেখা মানুষের হৃদয়ের অন্তস্তলে আলোকপাত করিয়া তাহার চিত্তের মধ্যে নিহিত অবচেতনা খুঁজিয়া, তাহার কথার ও কার্য্যের আভ্যন্তর প্রেরণা লইয়া মাথা ঘামাইবার তাগিদ তাঁহার ছিল না। এক হিসাবে তাহা ভালই হইয়াছে। তারাশঙ্করের পাণ্ডিত্যের অভিমান ছিল না, তিনি সহজভাবেই তাঁহার নিজের পরিধি বুঝিয়া লইয়াছিলেন। দশ-চক্রে ভগবান্ ভূত—দুই-চারিজন অতি উৎসাহী আধুনিক "প্রগতি"-বাদীদের দলে পড়িয়া মনে হয় এক সময়ে তারাশঙ্করও একটু মোহগ্রস্ত হইয়া, সহজাত কবচের মত তাঁহার মানসিক ধর্মের উপরে একটু কমিউনিজ্‌মের প্রলেপ লাগাইবার পথে চলিয়াছিলেন। কিন্তু কমিউনিজ্‌ম্ সোস্যালিজ্‌ম্ এবং অন্য ইজ্‌ম্-এর বা মতবাদের বুলি অল্পস্বল্প আওড়াইলেও তিনি আবার স্বস্থ হন, তিনি যাহা ছিলেন তাহাই শেষ পর্য্যন্ত থাকিয়া যান। অবশ্য তাঁহার একটা হিন্দু-সুলভ উদার মনোভাব ছিল। নিজের ধর্মের মূল-মন্ত্রে সুদৃঢ় থাকিয়া, ধর্মের বাহ্য প্রকাশ, এবং ইংরেজি-শিক্ষিত মধ্যবিত্ত হিন্দু সমাজের পরিবর্তনশীল রীতিনীতির মধ্যেই, সাধারণ্যে স্বীকৃত অনুষ্ঠানও, যুগধর্ম-অনুসারে, বিনা-প্রশ্নে পালিত বিশ্বাস আচার ও অনুষ্ঠান ধরিয়া থাকিলেও, এবং সেগুলি প্রকাশ্য ভাবে বর্জন না করিলেও, অথবা তাহার বিরুদ্ধে তাহার প্রতি বিদ্রূপ করিয়া লেখনী-চালনা না করিলে, তিনি সর্ব ধর্মে শ্রদ্ধা পোষণ করিতেন, কাহারও মতের জন্য বিরোধ-ভাব তাঁহার ছিল না। নিষ্ঠাবান্ হিন্দু তিনি চিরকালই রহিয়া গিয়াছিলেন। সাকার-পূজা, দেবতা-বাদ, পূজা-অনুষ্ঠানের আবশ্যকতা ও মূল্য, এগুলির সম্বন্ধে বোধ হয় কোনও প্রশ্নই করেন নাই। ধর্ম সম্বন্ধে, শাশ্বত-সত্তা সম্বন্ধে, কর্ম, পুনর্জন্ম ইত্যাদি সম্বন্ধে, মানবাত্মা ও শাশ্বত সদ্‌বস্তুর সম্পর্ক সম্বন্ধে কোনও আলোচনা তারাশঙ্করের সঙ্গে আমার হয় নাই। কিন্তু তান্ত্রিক এবং বৈষ্ণব সাধনার দেশ, সহজিয়া সাধনার দেশ রাঢ়ভূমির সন্তান, 'জাত্' বৈষ্ণব সমাজের অনেক সামাজিক রীতি, তান্ত্রিক আনুষ্ঠানিকদের অনেক মত, সাধারণ হিন্দুর চোখে কুত্রচিৎ জুগুপ্সার ব্যাপার হইলেও, সে সম্বন্ধে তারাশঙ্করের কোনও বিরাগ প্রকটিত হয় নাই। নারী ও পুরুষের সম্বন্ধ 'জাত্' বৈষ্ণব সমাজে কি-রকম সহজ করিয়া লওয়া হইয়াছে—তাহা তারাশঙ্করও সহজ-ভাবে, কোনও জুগুপ্সা না দেখাইয়া, জীবনের একটি দিক্ বলিয়াই ধরিয়া দিয়া গিয়াছেন, যেমন তাঁহার বিখ্যাত গল্প 'রসকলি'তে। হিন্দু-শুচিবায়ুতার বিরোধী তান্ত্রিক আচারের সঙ্গে প্রত্যক্ষ পরিচয় তারাশঙ্করের ছিল—তিনি তাহার সানুকম্প বর্ণনা আমার কাছে করিয়াছিলেন, কিন্তু তাহার বিরুদ্ধে তাঁহার বিরূপ মনোভাব দেখি নাই, বরঞ্চ তাহার mystic বা রহস্যাবৃত দিকটাই তাঁহাকে আকৃষ্ট করিয়াছিল। বর্ণনায়, ভাষায় তিনি শুদ্ধ ও সংযত,

ছিলেন, কিন্তু তাঁহার মধ্যে 'রুচিবাগীশতা' ছিল না। গোঁড়া মতে, স্ত্রী-পুরুষের সম্পর্কের মধ্যে যাহা প্রতিনৈতিক বলিয়া ধরা হইবে, তৎসম্বন্ধে তাঁহার বিকার বা জুগুপ্সা বা বিরাগ তিনি দেখান নাই—সবই তিনি মানিয়া লইয়াছিলেন। এই সহনশীলতা ছিল তারাশঙ্করের সংস্কারমুক্ত চিত্তের, তাঁহার সত্যকার হিন্দু-দর্শন ও ধর্মানুমোদিত গ্রহণশীলতা ও সহনশীলতার অন্যতম সদ্‌গুণ।

তারাশঙ্করকে দুই একজন মিত্র একটু গ্রাম্যভাবাপন্ন, একটু 'সেকেলে' বলিয়াছেন। বোধ হয়, ইংরেজির পাকা-পোক্ত শিক্ষায় তাঁহার মন পুরাপুরি গড়িয়া উঠে নাই, অন্য বহু কথাকারের তুলনায় বিদেশী ভাব-ধারা নিশ্চয়ই তাঁহার মজ্জায়-মজ্জায় প্রবেশ করে নাই। আমার মনে হয়, তাহা তাঁহার রস-সর্জনার পক্ষে, কৃতিত্বের পক্ষে উপকারক হইয়াছিল। তিনি আমাদের খাঁটি বাঙ্গালী জীবনের, রাঢ়ের হিন্দু জীবনের পূর্ণ ছবি দিয়াছেন, বিদেশী "সংস্কৃতির" বদ-হজম তাঁহার রচনায় পাওয়া যাইবে না। কিন্তু তারাশঙ্কর সীমিত দৃষ্টির মানুষ ছিলেন না। শেষ জীবনে চিত্র ও ভাস্কর্য্যের আকর্ষণে পড়িয়া যান—রবীন্দ্রনাথের ও অবনীন্দ্রনাথের অনুকরণে ছবি আঁকিতে এবং কাঠের মূর্তি (অবনীন্দ্রনাথের "কাটুম্-কুটুম্" পর্য্যায়ের) গড়িতে আরম্ভ করেন। এটা ছিল নেহাৎ শখের ব্যাপার—বিশ্ব-সৌন্দর্য্যের সম্বন্ধে তাঁহার গভীর অনুভূতির ব্যাপার—কিন্তু তাঁহার কৃতিত্ব এ বিষয়ে উপেক্ষণীয় ছিল না।

মানুষ তারাশঙ্করের সঙ্গে আমার প্রায় চল্লিশ বৎসরের পরিচয়—বেশির ভাগই সেই পরিচয় একটু ছিল দূর হইতে। সাহিত্যে কচকচি সেই পরিচয়ের হাওয়া জুড়িয়া কখনই ছিল না—তবে সহজ-ভাবে, মানুষে-মানুষে এবং অনেক বিষয়ে একই আদর্শের বা চিন্তাধারার মানুষের মধ্যে আলাপ মেলামেশা তাহার মধ্যে ছিল। তাহাতে তারাশঙ্করের যে ছবিটি মনের মধ্যে গাঁথিয়া গিয়াছে, সেইটি হইতেছে বাহ্যজীবনে এক সাধারণ, কিন্তু মনের চিত্রণে এক অসাধারণ পল্লীবাসী বাঙ্গালী গৃহস্থের ছবি। তিনি তাঁহার ব্রাহ্মণ-পরিবেশের মধ্যেই অধিষ্ঠিত ছিলেন, কিন্তু তাঁহার অসাধারণত্ব, তাঁহার সারল্য ও ব্রাহ্মণ্য নিষ্ঠাকে অতিক্রম করিয়া, তাঁহার সহজাত অস্তিত্বের অতি ঊর্ধ্বে তাঁহাকে উন্নীত করিয়াছিল। এই অসাধারণত্ব প্রতিষ্ঠিত ছিল তাঁহার ঋজু-ভাবে দর্শনের উপরে এবং সত্য-প্রকাশের শক্তির উপরে। তাঁহার শেষ জীবনের ছবি, কলিকাতায় শ্যামবাজার টালায় যখন তিনি তাঁহার নূতন বাসভবনে গিয়া উঠিলেন, তখন যাহা দেখিয়াছি, তাহাই বিশেষ করিয়া মনে পড়িতেছে। নাতিদীর্ঘাকার শ্যামবর্ণ মানুষটি, খাটন-মালা হইয়া বসিয়া ছোট চৌকি বা ডেস্কের উপর খাতা রাখিয়া লিখিতেছেন—খালি গা, গলায় পৈতা, সাধারণতঃ উপবীতী হইয়া বাঁ কাধের উপর দিয়া আবার কখনও-কখনও নিবীতী হইয়া অর্থাৎ মালার মত করিয়া পরিয়া আছেন, আশে-পাশে বইয়ের গাদা—প্রসন্ন দৃষ্টি, কাহারও সঙ্গে কথা কহিতে গেলেই সৌজন্য ও সৌহার্দ্য-মিশ্রিত অপূর্ব স্মিত হাস্য। একেবারে আমাদের ঘরোয়া মানুষ। আবার ইঁহাকেই দেখিয়াছি, সোভিয়েৎ রাষ্ট্রসঙ্ঘের উজ্‌বেকিস্থানের তাশকন্দ নগরে এশিয়া-আফ্রিকার জাতিগণের সাহিত্যিক মহাসম্মেলনে। পঁচিশটা জাতির মানুষ, যাহাদের মধ্যে আদর্শ-গত বিবাদ এবং অসহিষ্ণুতা বেশ প্রকট হইয়াছে, যাহাদের

একটা দলকে সাহিত্যের বেড়া ডিঙাইয়া অসহিষ্ণু রাজনীতির চোরাবালির দিকে গুপ্ত উদ্দেশ্য লইয়া টানাটানি চলিতেছে—ভারতবর্ষের পক্ষ হইতে গৃহীত মিলন ও সহযোগিতার নীতির সুরক্ষা, ভারতের সাহিত্যের প্রধান প্রতিনিধি বলিয়া যাঁহার উপর ন্যস্ত হইয়াছিল, সেই তারাশঙ্করের উপরেই যেন ভার পড়িল, যাহাতে সাহিত্যের শালীনতা রক্ষিত হয়, এবং সাহিত্য-সম্মেলন যাহাতে অসহিষ্ণু মত-বিশেষের পরিপোষক রাষ্ট্রনীতিক সম্মেলনে পর্য্যবসিত না হয়। তারাশঙ্করের শরীর তখন অসুস্থ, মন অবসাদগ্রস্ত, তাঁহার নিজের স্বদেশবাসী সহকর্মীদের মধ্যে কাহারও-কাহারও উদ্দেশ্য ও ব্যবহারে তিনি কতকটা কিংকর্তব্যবিমূঢ় অথচ তিনি ভারতের প্রধানমন্ত্রী জবাহরলালের অনুমোদিত নীতি যে, সাহিত্যকে দলগত ও উদ্দেশ্য-মূলক রাজনীতি হইতে পৃথক্ রাখিতে হইবে, তাহা হইতে বিচ্যুত হইবে না—এই নীতি হইতে সম্মেলন যাহাতে ভ্রষ্ট না হয় সে বিষয়ে সচেতন। তাঁহার সেই সঙ্কটকালে তাশকন্দে আমিও তাঁহার সাথী ছিলাম, এবং তাঁহার চিত্তস্থৈর্য্য ও দৃঢ়তা দেখিয়া তাঁহাকে সাধুবাদ দিয়াছিলাম। এবং ইহার মধ্যেও দেখিয়া প্রীতি-বিস্মিত হইয়াছিলাম—সেই বিদেশে, বিরূপ অবস্থার মধ্যেও, পূর্ণ মনুষ্যত্বের প্রতি, বিশ্ব-মানবতার আদর্শের প্রতি, বিশ্ব-মানবিকতার সাধক বিশ্বজনের শ্রদ্ধার পাত্র লেখক তারাশঙ্কর, ও বাঙ্গালী হিন্দু তারাশঙ্কর, এই উভয়ের মধ্যে বিরোধ দেখিলাম না। তখন সেটা দেবীপক্ষ—মহালয়া—হিন্দুসন্তান তারাশঙ্কর যথারীতি প্রতিদিন সেই বিদেশে, সুদূর সোভিয়েৎ রাষ্ট্রের মধ্যেও পিতৃপুরুষের তর্পণ করিতেছেন ; আবার ওদিকে সভায় বিশেষ কড়া মেজাজের আফ্রিকান ও চীনা প্রতিনিধিদের সঙ্গেও সদ্ভাবের সহিত আলোচনা করিতেছেন, তাহাদিগকে নিজের দৃষ্টিভঙ্গীর দিকে টানিয়া আনিবার চেষ্টা করিতেছেন। তারাশঙ্কর বাঙ্গালী ঔপন্যাসিক, মুখ্যতঃ রাঢ়ের গ্রাম্যজীবনের প্রকাশক, নিষ্ঠাবান্ হিন্দু, পুরাপুরি বাঙ্গালী গৃহস্থ। কিন্তু তিনি সমগ্র ভারতের আত্মার ও সামূহিক জীবনের প্রতীক-স্বরূপ প্রধান লেখক বলিয়া (হিন্দী ও অন্য ভারতীয় ভাষায় অনুবাদের মাধ্যমে তাঁহার লেখার সঙ্গে ভারতের অ-বাঙ্গালী বহুজনের পরিচয় হইয়াছে, যেমন হইয়াছে রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র ও শরৎচন্দ্রের রচনার সহিত), ভারতের সরকার ও বিভিন্ন ভাষাভাষী জনগণ কর্তৃক সম্মানিত, এবং তাঁহার রচনার ইংরেজি ও রুষ অনুবাদের মাধ্যমে পৃথিবীর আধুনিক কালের সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ লেখক বলিয়াও তিনি স্বীকৃত। ইংরেজি কবির বর্ণিত Skylark এর (বাঙ্গলায় "ভরত-পক্ষী"র) মত, তিনি মাটিতে তৃণদলের মধ্যে বাসা বাঁধিয়া আছেন, আবার উন্মুক্ত গগন-মার্গে বিহায়স-গতিতে তাঁহার সুমধুর কলকণ্ঠে আকাশকেও মাতাইয়া তুলিয়াছেন—ইহাই ঋজুদর্শী ঋতবাক্ তারাশঙ্করের অনন্যসাধারণ বৈশিষ্ট্য ॥

"সুধর্মা"

ভূমিকা

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রাঢ় অঞ্চলের কবি, তবে রাঢ় অঞ্চলের না বলে এক্ষেত্রে বীরভূম বলাই উচিত, বীরভূম রাঢ়ের অংশ এবং তাঁর জন্মস্থান। আরও একটু ব্যাখ্যার আবশ্যক আছে, তিনি বিখ্যাত ঔপন্যাসিক তবে তাঁকে কবি বলতে গেলাম কেন। যে অর্থে বঙ্কিমচন্দ্র ঔপন্যাসিক হয়েও কবি, তারাশঙ্করও সেই অর্থে। বঙ্কিমচন্দ্রের কপালকুণ্ডলা, চন্দ্রশেখর, আনন্দমঠ, দেবী চৌধুরানী প্রভৃতি হাতে কবির কলম না থাকলে লেখা সম্ভব নয়। তারাশঙ্করবাবুর কবি, নাগিনীকন্যার কাহিনী, হাঁসুলীবাঁকের উপকথা এবং বহুতর ছোট গল্প কবির কলম থেকে উদ্ভূত আর আমি যতদূর বুঝি এগুলি তাঁর শ্রেষ্ঠ রচনার মধ্যে। মানুষ গদ্যই লিখুক আর পদ্যই লিখুক হাতে একটুখানি কবির কলম থাকলে অনেক সুবিধে। তারাশঙ্করবাবুর হাতে সেই কলম ছিল আর চূড়ান্ত সুবিধা তিনি আদায় করে নিয়েছেন।

এখন অনেকের মনে প্রশ্ন জাগতে পারে তারাশঙ্করবাবুর উপন্যাস সম্বন্ধে লিখতে গিয়ে রাঢ় অঞ্চল তথা বীরভূমের কেন উল্লেখ করলাম। এই প্রসঙ্গটা যদি বোঝাতে পারি তবে মূল প্রসঙ্গের অনেকটা বলা হয়ে যাবে। শ্রেষ্ঠ সাহিত্য মূলতঃ আঞ্চলিক ফসল। বিশেষ অঞ্চলকেই অবলম্বন করে তার কলম, তবে যে নির্বিশেষ হয়ে ওঠে তা কলমের গুণে আর সেই কারণেই তাকে শ্রেষ্ঠ বলা হয়ে থাকে। অঞ্চলবিশেষে সাহিত্যের যে ফসল জন্মে আর অঞ্চলবিশেষের মধ্যেই যার গুণাগুণ সীমাবদ্ধ হয়ে থাকে, তার হয়ে শ্রেষ্ঠত্ব দাবী করা চলে না। যদিচ এই জাতীয় রচনাই সাহিত্যে বারো আনা। কিন্তু যাকে আমরা শ্রেষ্ঠ সাহিত্য বলি তাকে একই সঙ্গে আঞ্চলিক ও সর্বজনীন হতে হবে। এ কথা উপন্যাস ও ছোট গল্প সম্বন্ধে সব চেয়ে বেশী সত্য। কবিতা মানুষের অন্তর্জীবনের কথা, মানুষের অন্তর্জীবন সর্বত্রই প্রায় সমান। উপন্যাস ও ছোট গল্প অবশ্যই অন্তর্জীবনের কথা, কিন্তু তাদের বাইরের খোলসটার মূল্য কম নয়। এই খোলসের সার্থকতা নির্ভর করে অঞ্চলবিশেষের উপর। রবীন্দ্রনাথের অধিকাংশ ছোট গল্প মধ্যবঙ্গের ফসল, আর তাঁর অধিকাংশ উপন্যাসের মূল কলকাতা শহরে। শরৎচন্দ্রের অধিকাংশ শ্রেষ্ঠ রচনার মূল হুগলী জেলায় ও তদঞ্চলে। বঙ্কিমচন্দ্র সম্বন্ধে এত সহজ ব্যাখ্যা সম্ভব নয় যেহেতু তাঁর রচনায় ভারতের নানা দেশ-কাল ছড়ানো। তবে তাঁর সামাজিক উপন্যাসগুলি ঠিক কলকাতা শহরের বস্তু নহে, বাংলা দেশের গ্রামাঞ্চল থেকে তারা উদ্ভূত। কোন্ অঞ্চলের গ্রাম নিশ্চয় করে বলতে পারি না, এ বিষয়ে গবেষণা হওয়া আবশ্যক। বিভূতিভূষণ ও তারাশঙ্কর দুজনেই বিশেষ ভূখণ্ডকে বেছে নিয়েছেন যদিচ অনেক সময় তার বাইরে পদার্পণ করতে তাঁদের অসুবিধে হয় নি। এখন প্রশ্ন জাগা স্বাভাবিক বীরভূমের বিশেষ কোন্ গুণ তাঁর রচনায় প্রতিফলিত হয়েছে। এর দুটো উত্তর আছে, একটা প্রত্যক্ষ আর একটা গভীর।

তাঁর রচনায় বীরভূমের প্রাকৃতিক দৃশ্য, নরনারীর আচার-আচরণ, সামাজিক রীতিনীতি এবং মুখের ভাষা সুচিত্রিত হয়ে উঠেছে। বীরভূমের সঙ্গে যার কিছু কিঞ্চিৎ পরিচয় আছে তার মনে হবে যে সরেজমিনে বীরভূমে এসে পড়েছে সে, ঐ যে আগে খোলস শব্দটা বলেছি, এসব সেই খোলস বা প্রত্যক্ষের অন্তর্গত। এবারে গভীরের কথা। বীরভূমের প্রকৃতির মধ্যে একটা দ্বৈধীভাব আছে। বীরভূম একই সঙ্গে শাক্ত ও বৈষ্ণব। বীরভূমের তারাপীঠ প্রসিদ্ধ শাক্ততীর্থ, আবার কেঁদুলী ও নানুর ততোধিক প্রসিদ্ধ বৈষ্ণব পীঠস্থান। বঙ্গদেশের অনেক জেলাতেই এই দ্বৈধীভাব, বীরভূমে বিশেষ প্রকট। বীরভূমের এই রূপে দ্বিত্ব না বুঝতে পারলে বীরভূমকে বোঝা যাবে না, তারাশঙ্করকেও না। তাঁর রাইকমল, রসকলি প্রভৃতি রচনায় বৈষ্ণব বীরভূমের প্রভাব, আর ধাত্রীদেবতা, কালিন্দী, গণদেবতা প্রভৃতিতে শাক্তভাব। মনে রাখা আবশ্যক যে, এ-সব ভাগাভাগি সুতো ফেলে মাপা চলে না। তবে মোটের উপরে প্রবণতাটা দেখানো যেতে পারে। লেখকের পরিচয় অবশ্য রচনার মধ্যেই কিন্তু যাঁরা ব্যক্তিগতভাবে তারাশঙ্করবাবুকে জানতেন তাঁরা সাক্ষ্য দেবেন যে, তাঁর নিজের মধ্যেও এই দুটি ভাব অঙ্গাঙ্গীভাবে জড়িত। তারাশঙ্করবাবুরা প্রাচীন জমিদার বংশ আর এদেশের অধিকাংশ প্রাচীন জমিদার শাক্ত। চৈতন্যদেব প্রচারিত গৌড়ীয় বৈষ্ণব ধর্ম জনসাধারণকে যেমন প্রভাবিত করেছিল উচ্চতর শ্রেণীকে তেমন নয়। তারাশঙ্কর যে সমাজের উচ্চতর শ্রেণী ও নিম্নতর শ্রেণী—দুটিকেই বর্ণিত করেছেন তার প্রধান কারণ শাক্ত ও বৈষ্ণব ভাবের যুগল প্রেরণা। আরও একভাবে এটিকে ব্যাখ্যা করা যায়। যেখানে তিনি চিন্তাশীল সামাজিক মানুষ সেখানে শক্তিভাবের প্রেরণা, যেখানে তিনি হৃদয়াবেগে পরিচালিত একক সেখানে তিনি বৈষ্ণব। আমার বক্তব্য তারাশঙ্কর-রচনাবলীর কোন খণ্ডবিশেষকে অবলম্বন করে ব্যাখ্যা করা সম্ভব নয় এইজন্যই যে, সব সময়ে তাতে দুই ভাবের রচনা দেওয়া সম্ভব হয় নি। বর্তমান খণ্ডে "ধাত্রীদেবতা" "চৈতালী ঘূর্ণি" দুইটি শাক্ত-ভাবাশ্রিত। "রসকলি" গল্পটি বৈষ্ণব ভাবোদ্ভূত। ঐ "রসকলি" গ্রন্থেই বিখ্যাত "অগ্রদানী" গল্পের মূল শাক্তভাবের। তারাশঙ্করের সমগ্র রচনাবলী তুলনা করে পড়লে খুব সম্ভব আমার এই বিশ্লেষণ ও ব্যাখ্যাকে স্বীকার করতে বাধা থাকবে না।

বর্তমান খণ্ডে চারিটি মুখ্য রচনা আছে। "চৈতালী ঘূর্ণি" (১৩৩১), "ধাত্রীদেবতা" (১৩৩৯), "না" (১৩৬০) আর "রসকলি" (১৩৩৮) দেখতে পাচ্ছি তাঁর গ্রন্থপঞ্জীতে। তবে এগুলির প্রকাশ-কাল বা রচনাকাল লিখিত না থাকায় নিশ্চয় করে বলতে পারলাম না। তবে মোটের উপরে এতেই কাজ চলবে, অত সূক্ষ্মে আমাদের প্রয়োজন নেই। মোটের উপরে "না" বাদে এগুলিই তারাশঙ্করবাবুর প্রথম আমলের রচনা। প্রথম আমলের রচনার সমস্ত লক্ষণ এদের মধ্যে আছে। প্রভাতকালের আশা ও আনন্দ এবং সেই সঙ্গে প্রভাতকালের কুণ্ঠা ও জড়িমার যাবতীয় লক্ষণ। আরও একটা কথা, পাঠকের চোখেও এই প্রভাত যে বিস্ময় জাগিয়েছিল তাও মনে রাখা আবশ্যক। পরিণত কলমের রচনায় পাঠক প্রশংসা করে তবে আর বিস্ময়প্রকাশ করে না। কেননা বিস্ময়ের পালা অনেকদিন কেটে গিয়েছে।

এই তিনটি রচনার মধ্যে "ধাত্রীদেবতা" বৃহত্তর, "চৈতালী ঘূর্ণি" তুলনায় ক্ষুদ্র আর "রসকলি" গল্পটি তো একটি আশ্চর্য সৃষ্টি, ক্ষুদ্রতাতেই যার শক্তি। প্রথম দুখানির গুণাগুণ নিয়ে দ্বিমত হতে পারে, রসকলির ক্ষুদ্র আসরে দ্বিমতের স্থান নেই। বস্তুতঃ তারাশঙ্করের ছোট গল্পের কলম উপন্যাসের আগে পরিণত হয়ে উঠেছে। সব লেখকের বেলাতেই কি তাই? শরৎচন্দ্রের প্রথম আমলের রচনাগুলির মধ্যে যা ছোট গল্প আর যা ছোট গল্প হয়েও উপন্যাস নামে চলেছে যেমন অরক্ষণীয়া, বড়দিদি, মেজদিদি, পল্লীসমাজ প্রভৃতি নিয়ে বিচারে বসলে "দোষলেশ না পায়োওবি" রবীন্দ্রনাথের চোখের বালির আগেই বহুতর শ্রেষ্ঠ ছোট গল্পের সৃষ্টি। বঙ্কিমচন্দ্রের বেলায় এ বিশ্লেষণ খাটবে না, যেহেতু বাংলা সাহিত্যে তখন ছোটগল্প ছিল না। এবারে আর অগ্রসর হওয়ার আগে ধাত্রীদেবতার একটা ক্ষীণ খসড়া দেওয়া যেতে পারে যাতে পাঠকের পক্ষে আমার এই ব্যাখ্যাত্মক বিশ্লেষণ অনুসরণ করা সহজ হয়ে উঠবে।

শিবনাথ রাঢ় অঞ্চলের একটি ছোট জমিদারের একমাত্র সন্তান। বাল্যকালে পিতা মৃত। পিসিমা প্রতাপশালিনী, তাঁর মতামত 'মাটি বাপের না, মাটি দাপের'। তিনি জমিদারী চালান। নিঃসন্তান, বিধবা। বাল্যকালে শিবনাথের উপরে পিসিমার প্রভাব। মা অতি মৃদুস্বভাবা। তিনি বয়স বাড়ার সঙ্গে সঙ্গে শিবনাথকে লোকহিতে অনুপ্রাণিত করেন। ক্রমে একদল বিপ্লবীর সঙ্গে শিবনাথের যোগাযোগ। কলকাতায় কলেজে পড়তে যাওয়া। কলকাতা শিবনাথের জীবনে বিশেষ প্রভাব ফেলে। দেশে এলে গ্রামের অপর এক প্রভাবশালী ধনীর একমাত্র কন্যা গৌরীর সঙ্গে বিবাহ। গৌরী অসহিষ্ণু, ধনীকন্যা বলে গর্বিতা। সে সংসারে মানাতে পারে না, ইতিমধ্যে শিবনাথের মার মৃত্যু। গৌরীর নির্বন্ধে বাধ্য হয়ে পিসিমার কাশীযাত্রা। খরা এবং অনাবৃষ্টিতে জমিদারীর চরম দুরবস্থা। চাকরি নেবার জন্য গৌরীর জেদাজেদি ও ধিক্কার। শিবনাথের দুর্দশাগ্রস্ত প্রজাদের পরিত্যাগ করে যাবার অনিচ্ছা। শেষে শিবনাথকে পরিত্যাগ করে গৌরীর পিতৃগৃহে যাত্রা।

স্বদেশী আন্দোলনে শিবনাথের কারাবরণ। ক্রমে কলকাতার স্বদেশী আন্দোলনে গৌরীর মনের পরিবর্তন। শিবনাথের কারাবরণ সংবাদে পিসিমার দেশে প্রত্যাবর্তন। গৌরীর স্বেচ্ছায় পিসিমার সঙ্গে কারাগৃহে যাত্রা এবং শিবনাথের কাছে ক্ষমাপ্রার্থনা এবং ভবিষ্যতে যোগ্য সহধর্মিণী হবার প্রতিশ্রুতি।

ধাত্রীদেবতা উপন্যাসে প্রধান চরিত্র চারটি—শিবনাথ, তার মা, তার পিসিমা আর শিবনাথের স্ত্রী গৌরী। অনেকে মনে করেন উপন্যাসখানিতে তারাশঙ্করবাবুর আত্মজীবনের অনেক উপাদান আছে। এ হতেও পারে, না হতেও পারে। কারণ প্রত্যেক উপন্যাসেই লেখকের আত্মজীবনের মিশল কিছুটা পরিমাণে থাকে, সম্পূর্ণভাবে আত্মনিরপেক্ষ উপন্যাস সম্ভব নয়, কোন রচনাই সম্ভব নয়। কাজেই যা সাধারণভাবে সত্য তাকে অসাধারণ করে দেখবার হেতু নেই। শিবনাথ পড়ন্ত জমিদারঘরের সন্তান, তার বিবাহ হ'ল ধনী জমিদার-কন্যা গৌরীর সঙ্গে। এখানেই উপন্যাসটির আসল গ্রন্থি। এরকম গ্রন্থি তাঁর অন্যান্য উপন্যাসেও দেখা যাবে। শিবনাথের মা ও পিসিমা ভিন্ন স্বভাবের লোক। মা নিতান্তই

স্নেহময়ী ; পিসিমা অবশ্যই স্নেহময়ী, কিন্তু তার সঙ্গে মিশেছে নেতৃত্ব-শক্তি। জমিদারী পরিচালনার যথার্থ দায়িত্ব তাঁর উপরে। গৌরী পতিগৃহে ধন কতটা এনেছিল জানি না, তবে প্রভূত পরিমাণে এনেছিল ধনীগৃহের অভিমান। শিবনাথ আদর্শবাদী যুবক। এই আদর্শের প্রেরণাতেই শেষ পর্যন্ত সে দেশের জন্য কারাবরণ করেছে। এই কারাবরণই ধাত্রীদেবতা উপন্যাসের সমাধান। গৌরী জেলে গিয়ে স্বামীর সঙ্গে দেখা করেছে। সে এখন থেকে ধনের অভিমান ত্যাগ করে যথার্থ সহধর্মিণী হয়ে উঠবার চেষ্টা করবে। এদিকে পিসিমার ব্যক্তিত্বের আড়ালে শিবনাথের মা অদৃশ্যপ্রায়। তাঁকেই উপন্যাসের নায়িকা বলা চলে। শিবনাথ নায়কের গুরুত্ব লাভ করেছে কিনা সন্দেহ। কারাগৃহে শিবনাথের পিসিমা তার সঙ্গে দেখা করতে গেলে শিবনাথের উক্তির মধ্যেই ধাত্রীদেবতা উপন্যাসের মর্ম রয়েছে। পিসিমার সঙ্গে শিবনাথের শিশুপুত্রকে নিয়ে গৌরীও গিয়েছিল। এই উক্তির মধ্যেই গৌরী ও শিবনাথকে নিয়ে যে গাঁট পড়েছিল তা খুলে গিয়েছে।

'জানালার চৌকাঠে মাথা ঠেকাইয়া প্রণাম করিয়া শিবু বলিল, এখান থেকেই প্রণাম করছি পিসিমা। মনে মনে সে বলিল, সমস্ত জীবের ধাত্রী যিনি ধরিত্রী, জাতির মধ্যে তিনিই তো দেশ, মানুষের কাছে তিনিই বাস্তু ; সেই বাস্তুর মূর্তিমতী তুমি, তোমাকে যে সে বাস্তুর বংশের কল্যাণ করতেই হবে। এই তো তোমার ধর্ম। তুমি তো আমায় বাস্তুকে চিনিয়েছ, তাতেই চিনেছি দেশকে। আশীর্বাদ কর, ধরিত্রীকে চিনে যেন তোমায় চেনা শেষ করতে পারি।'

স্পষ্টতঃ শিবনাথ ও তার পিসিমা এখানে গোরা ও আনন্দময়ীর ছায়া, তবে ছায়ামাত্র। আনন্দময়ীর প্রতি গোরার অন্তিম মন্তব্য অভিজ্ঞতার যে মন্থনসঞ্জাত এখানে তার কিছুই নেই। এ যেন অনেকটা হঠাৎ উড়ে আসা। সে যাই হোক, এই মন্তব্যের মধ্যে শিবনাথের না হোক তারাশঙ্করের পরিচয় পাওয়া যায়। প্রথম পরিচয় তাঁর আদর্শবাদিতা, দ্বিতীয় পরিচয় সেই আদর্শবাদিতার স্বরূপ। ধাত্রীদেবতা একটি আদর্শানুসারী উপন্যাস। গণদেবতাও তাই। কিন্তু এগুলি তারাশঙ্করের শ্রেষ্ঠ রচনার অন্তর্গত বলে মনে হয় না। আদর্শবাদ ও রিয়ালিজ্‌ম্ দুই শ্রেণীর রচনাই তারাশঙ্করের আছে, আদর্শবাদী উপন্যাসগুলি হয়তো অধিকতর জনপ্রিয় তবে তাঁর শ্রেষ্ঠ পরিচয় সেই সব উপন্যাসে, যথা কবি এবং হাঁসুলী বাঁকের উপকথা, যেখানে রিয়ালিজ্‌ম্ প্রাধান্য পেয়েছে। সত্য কথা বলতে কি উপন্যাসে আদর্শবাদের স্থান খুব প্রশস্ত নয়, প্রশস্ত আসন তাকে দিতে গেলে উপন্যাসের ধর্ম কোণঠাসা হয়ে পড়ে। সত্যের জয় ধর্মের জয়, অসাধুর দণ্ড এ সমস্ত উপন্যাসের শেষ সিদ্ধান্ত হওয়া উচিত নয়। কিন্তু এ সমস্ত এমন আমাদের মজ্জাগত যা অনিচ্ছাতেও অস্থানে এসে উপস্থিত হয়। উপন্যাসের সমাপ্তি সমস্যার সমাধানে নয়, নূতন সমস্যার অবতারণে। সমাধিপ্রাপ্ত উপন্যাস সমাধিস্থ দেহ। ছোট গল্পে সমাধানের স্থান সঙ্কীর্ণ বলেই অনেক সময় সেগুলি আদরের যোগ্য, অন্ততঃ তারাশঙ্করের ছোট গল্পগুলি বটে।

চৈতালী ঘূর্ণি তারাশঙ্করের গৌণ উপন্যাসগুলির অন্তর্গত। তাতে বক্তব্য আছে, দুর্গতের প্রতি মমতা আছে কিন্তু সেই বক্তব্য ও মমতা জড়িয়ে সর্বত্র রক্ত-মাংসের মানুষ হয়ে উঠেছে এমন বলা চলে না। তবে এ অসম্ভব নয়, যেহেতু বক্তব্য ও মমতা যদি থাকে কালক্রমে এই দুই উপাদান রক্ত-মাংসে সজীব হয়ে ওঠে। তারাশঙ্করের পরবর্তী উপন্যাসগুলিতে এই শুভ পরিণতি ঘটেছে। চৈতালী ঘূর্ণি সম্বন্ধে আলোচনা ধাত্রীদেবতার সঙ্গে তুলনা করলে দুখানি বইকেই বুঝবার পথ সুগম হয়ে উঠবে আশা করা যায়।

ধাত্রীদেবতার পাত্র-পাত্রীগণ সমাজের উচ্চতর স্তরের লোক, চৈতালী ঘূর্ণির পাত্র-পাত্রী-গণকে একেবারে নিম্নস্তরের লোক বললেও ভুল হয় না। প্রথমখানিতে জমিদার, দ্বিতীয়খানিতে দিনমজুর। তাছাড়া এই দিনমজুর আবার কলকারখানার কর্মী। তারাশঙ্করের পরবর্তী কালের উপন্যাসসমূহে এই দুয়েরই পরিণত রূপ দেখতে পাওয়া যাবে। গোড়াতে আমরা বলেছি যে, তারাশঙ্কর রাঢ়ের অঞ্চলবিশেষকে সাহিত্যের আসরে এনেছেন, সেই কথাটাকেই আরেকটু পূর্ণাঙ্গ করে বলতে পারি, যে জনসমাজ সমাজের প্রত্যন্তবাসী, সমাজের সঙ্গে সম্পর্ক থাকা সত্ত্বেও প্রায় একঘরে, তাদেরও তিনি এনে রক্ত-মাংসে ভূষিত করে সাহিত্যে অধিকার দিয়েছেন। কবি ও হাঁসুলিবাঁকের উপকথা এর উজ্জ্বলতম দৃষ্টান্ত।

এবারে সংক্ষেপে চৈতালী ঘূর্ণির বক্তব্য কোন এক স্থান থেকে উদ্ধৃত করে দিচ্ছি। "পাড়া-গাঁয়ের দুঃখে-কষ্টে, জমিদারের অত্যাচারে নাস্তানাবুদ হয়ে, স্ত্রীর হাত ধরে গাঁ ছেড়ে বেরিয়ে এসে গোষ্ঠ শেষে এক কারখানায় কুলির কাজ নিলে। সেখানকার নিদারুণ অত্যাচার থেকে বাঁচবার জন্যে 'বাবু'দের কথা শুনে কতকগুলি কুলির সঙ্গে সে ধর্মঘট করলে। শেষ পর্যন্ত পেটের দায়ে নিজেদের মধ্যে মারামারি করে হাতুড়ির ঘায়ে গোষ্ঠ প্রাণ হারালে। 'বাবুদের' Self consciousness জাগাবার চেষ্টা, ধর্মঘট প্রভৃতি করা আপাততঃ চৈত্র প্রান্তরের ঘূর্ণির মতই ক্ষীণ আর ক্ষণস্থায়ী হলেও লেখকের বিশ্বাস চৈতালীর ক্ষীণ ঘূর্ণি অগ্রদূত কাল-বৈশাখীর।"

গোষ্ঠ 'বাবুদের' দলগত স্বার্থে এমন অনেক ক্ষেত্রেই নিহত হচ্ছে। লেখক বলতে চান যে গোষ্ঠ পরিবারের শোচনীয় পরিণাম চৈতালী ঘূর্ণি, যা নাকি কালবৈশাখীর অগ্রদূত। কিন্তু সর্বদা কি চৈতালী ঘূর্ণি কালবৈশাখীকে ডেকে আনে? আদর্শবাদীর সে আশা অনেক সময়েই ব্যর্থ হয়ে যায়। তবু আশা করতে বাধা কি! আশাতেই মানুষ বেঁচে থাকে। চৈতালী ঘূর্ণি কালবৈশাখীকে ডেকে আনুক বা না আনুক তারাশঙ্করের পরবর্তী অনেক উপন্যাসের অগ্রদূত বটে।

বর্তমান খণ্ডের অন্তর্গত 'না' উপন্যাসখানি তারাশঙ্করের গৌণ রচনার অন্তর্গত হলেও শিল্পকুশলতায় অসামান্য হয়ে উঠেছে। অনেকে মনে করেন ঘটনার স্তূপ উপন্যাসের প্রাণ। ঘটনার স্তূপ মাংসপিণ্ডমাত্র, প্রাণ হচ্ছে শিল্পকুশলতা। ঘটনা সামান্য হলেও সেই শিল্পকুশলতায় 'না' উপন্যাস গৌণ হয়েও মুখ্য। ঘটনার সমষ্টি সামান্য। অনন্ত ও কালীনাথ বন্ধু ও আত্মীয়।

একজন শিকারী ও একজন স্কলার। গোলমাল বাধলো বিবাহের পাত্রী নির্বাচনে। অদৃষ্টের পরিহাসে ও কালীনাথের কৌশলে দুজনের ভাগ্যেই বিপরীত প্রকৃতির পাত্রী জুটে গেল। শিকারী অনন্ত পেল বিদুষী পাত্রীকে স্কলার কালীনাথ লাভ করল একটি সরলা মেয়েকে। বিয়ের পরে অনন্তের ভুল ভাঙলো এবং ভাঙা ভুলের কলসির আঘাতে অনন্ত ও কালীনাথের প্রেম বিদ্বেষে দাঁড়ালো, যার ফলে অনন্ত কালীনাথকে গুলি মেরে হত্যা করে ফেলল। তার পরে বিচারের পালা। এই বিচারের পালাটাই উপন্যাসের মর্ম। কালীনাথ যে অনন্তের গুলিতে নিহত হয়েছে তার একমাত্র সাক্ষী কালীনাথের সরলা স্ত্রী। তার সাক্ষ্যের উপরেই অনন্তের জীবন মরণ যখন নির্ভর করছে আসামী সনাক্ত করতে গিয়ে সে অস্বীকার করলো যে অনন্ত হত্যাকারী নয়। এই 'না' শব্দটি থেকেই উপন্যাসখানির নাম। কেন যে সে অনন্তকে রেহাই দিল সূক্ষ্ম মনস্তত্ত্ব সহযোগে তা প্রদর্শিত হয়েছে। উপন্যাসখানি আগাগোড়াই নাটক। যেমন তারাশঙ্করবাবুর অনেক উপন্যাস। এটি সিনেমায় রূপান্তরিত হওয়াতে বহুল প্রচারিত হয়েছে। আর বলা বাহুল্য এ প্রচার সম্পূর্ণ সমর্থনযোগ্য।

তারাশঙ্করের রসকলি নামে গল্পসংগ্রহ থেকে রসকলি গল্পটিকে এখানে অন্তর্গত করা হয়েছে। ইচ্ছা করলে অগ্রদানী গল্পটিকেও অন্তর্গত করা যেতে পারত। দুটিই তাঁর শ্রেষ্ঠ গল্পের অন্তর্গত। তবে একটি বৈষ্ণবভাবাপন্ন, অন্যটি শাক্ত--এ কথা আগেই বলেছি। প্রতিমা গল্পটির কথাও ভুলিনি।

এটি কণ্ঠিধারী বৈষ্ণব সমাজের কাহিনী। পুলিন, তার স্ত্রী গোপিনী এবং মঞ্জরী এই গল্পের প্রধান পাত্র-পাত্রী। তিনজনের চরিত্রই সুচিত্রিত। পুলিন ও গোপিনীকে বোঝা যায়, মঞ্জরী সত্যই রহস্যময়ী। তাদের চরিত্রের রেখাগুলি স্পষ্ট, মঞ্জরীর চরিত্রের রেখা ইচ্ছা করেই লেখক অস্পষ্ট করে রেখেছেন, তাকে কতক বোঝা যায়, কতক বোঝা যায় না। সে স্বৈরিণী কিংবা বৈষ্ণবী কিংবা সাধিকা এ সংশয় শেষ পর্যন্ত দূর হতে চায় না। যার ফলে তার রহস্য শেষ পর্যন্ত অটুট থেকে গিয়েছে। শেষ পর্যন্ত পুলিন ও গোপিনীর দাম্পত্য বন্ধন অটুট রাখবার ইচ্ছায় বৃন্দাবনে রওনা হয়েছে সে। যদিচ সে পুলিনকে আশ্বাস দিয়েছে যে আবার ফিরে আসবে, যদিচ সে পুলিনকে বলেছে সে তারই, তবু তার মুখে গান—

লোকে কয় আমি কৃষ্ণ-কলঙ্কিনী
সখী সেই গরবে আমি গরবিনী গো,
আমি গরবিনী।

এ দুয়ের মধ্যে সঙ্গতি কোথায়! পুলিনের মধ্যে প্রেমিক আর প্রেমিকের মধ্যে কৃষ্ণ তার চরম লক্ষ্য। কাজেই তার ফিরে আসা এবং না আসা দুই-ই সমান। ত্যাগ করলেও তার মূলধন অটুট থাকে। এইরূপ রহস্যময়ী নারীচরিত্র-চিত্রণে তারাশঙ্কর অনন্যসাধারণ।

শ্রীপ্রমথনাথ বিশী

চৈতালী ঘূর্ণি

অনাবৃষ্টির-বর্ষার খররৌদ্রে সমস্ত আকাশ যেন মরুভূমি হইয়া উঠিয়াছে ; সারা নীলিমা ব্যাপিয়া একটা ধোঁয়াটে কুয়াশাচ্ছন্ন ভাব ; মাঝে মাঝে উত্তপ্ত বাতাস, হুহু করিয়া একটা দাহ বহিয়া যায়।

গোষ্ঠ মাঠের কাজ সারিয়া ঘরের দাওয়ায় কোদালখানি রাখিয়া কলিকায় তামাক সাজিয়া টানিতে বসিল ; টানিয়াই যায়, আর কি যেন ভাবে।

পত্নী দামিনী হাতাখানা পুড়াইয়া ডালের মধ্যে সশব্দে ডুবাইতে ডুবাইতে কহিল, কি ভাবছ বল তো ?

একটা দীর্ঘশ্বাস ফেলিয়া গোষ্ঠ কহে, হুঁ, ভাবছি—ভাবছি কি জান, তুমিও তো অনেক দিন এসেছ, বল দেখি, গাঁ-খানা কি ছিল আর কি হ'ল ?

দামিনী কহে, তা সত্যি বাপু, সেই গাঁ—সবারই ঘরে গোলাভরা ধান, যাত্রা, মচ্ছব কত ; বছর বছর নটবরের যাত্রা হয়েছে ; এখন আজ খেতে কারু কাল নাই।

গোষ্ঠ বলে, জান, আজ মাঠ থেকে ফিরতে নদীর ধারে দাঁড়িয়ে গা শিউরে উঠল। সমস্ত গাঁটা যেন আবছা ধোঁয়াতে ছেয়ে গিয়েছে, নদীর বুকে বাতাসে তপ্ত বালি হুহু করছে, নদীর ওপরেই শ্মশানের ছাই উড়ছে, শেয়াল কুকুর শকুনি চেঁচাচ্ছে ; গাঁয়ের মাঝ থেকে একটা সাড়া নাই কারু, যেন সব ম'রে গিয়েছে ; আমার বুকখানা কেমন ক'রে উঠল বাপু।

দামিনী ভয়ে শিহরিয়া উঠে ; তরুণীটির সদাহাস্যময়ী মুখখানি মলিন হইয়া উঠে, উহারও তরল মনের বুকে ভাবনার বোঝা চাপিয়া বসে।

সত্যই বিভীষিকা জাগে।

গ্রামে ঢুকিতে প্রথমেই একটা নদী।

নদী ঠিক নয়, একটা মরুভূমি, লম্বা একটানা একটা বালুকার প্রবাহ, জল নাই ; অন্তত বৎসরের মধ্যে আটটি মাস জলধারা বয় না, বয় একটা অদৃশ্য অগ্নিলীলা, খররৌদ্রে হুহু করে মরীচিকার ধারা।

আর ওই মরীচিকা, ওই নৃত্যশীল অদৃশ্য অগ্নিধারা, ও তো মিথ্যা বা মায়া নয়, ও শুষ্কবক্ষ মাটির তৃষ্ণা ; নিদারুণ রুক্ষতায় হাহা করে।

নদীর পরই চরের উপর শ্মশান।

এখানে অগ্নিলীলা অদৃশ্য নয়, রাশি রাশি অঙ্গারে, চিতার লকলকে রক্তরাঙা বহ্নিশিখায় বাস্তবে মূর্ত।

জীবন্তের সঙ্গে সম্বন্ধ নাই, আছে শুধু উত্তাপ, অগ্নি, অঙ্গার, কঙ্কাল, শব।

জীবন্তের মধ্যে, আকাশের বুক হইতে তীক্ষ্ণ চীৎকারে শকুনির পাল শবগুলার বুকে গলিত দেহের লোভে ঝাঁপাইয়া পড়ে, বীভৎস দুর্গন্ধময় বিশাল ডানা দুইখানার ঝাপটে এ উহাকে তাড়ায়, ও ইহাকে তাড়ায়।

আর আসে শৃগালের দল, শবগুলার বুকে পা রাখিয়া রক্তহীন মাংসের পিণ্ডে দাঁত বসাইয়া কুকুরগুলা গোঙায়—গোঁ-গোঁ।

শৃগালের দল দূরে আর একটা শবের বুকে ঝাঁপ দিয়া পড়ে। তীক্ষ্ণ রোমাঞ্চকর কোলাহলে চরখানা মুখর হইয়া উঠে। গাছের ছায়ায় পূর্ণ-উদর তন্দ্রাচ্ছন্ন কয়টা কুকুর শবগুলার পানে চাহিয়া থাকে, পূর্ণ উদর, তবু লোভের অন্ত নাই, লোলুপ লোভে মুখগুলা হাঁ করিয়া থাকে, লম্বা করকরে জিভগুলা ঝুলিয়া পড়ে, আর তাহাতে অনর্গল গড়ায় লালসার লালা।

বায়ু, যে বায়ু মানুষের জীবনে, সেও এখানে ভয়াল, সেও পাগলের মত অবিরাম আপন অঙ্গে মাখে চিতার ছাই, গলিত শবের দগ্ধ দেহের বিকট বীভৎস দুর্গন্ধ।

শ্মশানের পরই খান তিরিশেক মাঠ, তাহার পর গ্রাম। গ্রামের প্রান্তে শ্মশানটা, যেন জীবনের রাজ্যে মরণের অভিযান; পল্লীটার দ্বারপ্রান্ত অবরোধ করিয়া যেন মরণের কটকখানা বসাইয়াছে।

মাঠের ফসল শ্মশানের প্রান্ত পর্যন্ত জাগিয়া উঠে, কিন্তু নীচে শুষ্ক নদীর টানে মাঠের রসটুকু চোঁয়াইয়া ওই রাক্ষসী বালুকা-প্রবাহের বুকে মিশিয়া যায়।

কঠিন রসলেশহীন মাটির বুকে শীর্ণ পাংশুটে গাছগুলি তবু অতি কষ্টে বাঁচিয়া থাকে, যেন শুষ্কবক্ষ কঙ্কালাবশেষা নারীর সন্তান সব; মরণের শোষণে রসময়ী ধরণী মা, সেও বুঝি বন্ধ্যার মত শুষ্কবক্ষা হইয়া উঠিল। বাতাস বয়, সঙ্গে সঙ্গে চিতার ছাই উড়ে; এদিকে গাছগুলা দোলে, উহাদের পাতায় ছাইগুলা জড়াইয়া যায়; যেন মুমূর্ষু জীবন-মরণের সঙ্গে যুদ্ধ করে, শ্মশানটাকে অগ্রগমনে বাধা দেয়।

অন্ধকারের মাঝে প্রেত নাচে; তাই অন্ধকারের মাঝে জীবন্ত মানুষকেও প্রেত বলিয়া ভ্রম হয়, আর প্রেতত্ব পায়ও মানুষ; তাই অন্ধকারের মাঝেই মানুষ চোর, মানুষ ঘাতক। বাহিরের ওই মরণের রাজ্যের ছায়ায় গ্রামখানাও ঠিক যেন মৃতের রাজ্য।

মানুষ তো নয় সব, হাড়-চামড়া ঝরঝর করে, কঙ্কালসার মানুষ অতি ক্ষীণ জীবনীশক্তি লইয়া ঘুরিয়া ফিরিয়া বেড়ায়; বাড়িঘরের অবস্থাও তাই, দেওয়ালগুলার লেপন খসিয়া গিয়াছে, যেন পঞ্জরাস্থি বাহির হইয়া পড়িয়াছে; চালও তাই, খড় বিপর্যস্ত, কাঠামো ভাঙিয়া পড়ে পড়ে। অবরুদ্ধ জীবন্তের রাজ্যের টুকরাখানা বুঝি আর থাকে না।

কে রক্ষক?

রক্ষক ভগবান কত দূরে, কে জানে!

লোকে ভগবানকে ডাকেও।

কিন্তু সে ডাক বুঝি ততদূর পৌঁছায় না।

কিংবা সে বুঝি অতি নিষ্ঠুর।

তবু উচ্চকণ্ঠে ওরা প্রতি সন্ধ্যায় তাকে ডাকে—

"ও তার নামের গুণে গহন বনে, মৃত তরু মুঞ্জরে,
নামের তরী বাঁধা ঘাটে ডাকলে সে যে পার করে।"

ওই বিশ্বাসটুকুর আশ্বাসেই উহারা বাঁচিয়া আছে, ওইটুকুই জীর্ণ স্বর্ণসূত্রের মত এই জীবনের মালাখানি আজও গাঁথিয়া রাখিয়াছে। কিন্তু ও আশ্বাসও আজ অতি ক্ষীণ, অতি দুর্বল; তাই উহারা মুখে বলে, হরি হে, যা কর। কিন্তু মন ঠিক ওই কথাটা মানিয়া লইতে চায় না, সে কবিরাজের 'ডাক্তোরখানা' পর্যন্ত ছুটায়, বটিকা পাঁচন মুখ খিঁচাইয়া গিলায়।

বাঁচিলে দেবতার পূজা দেয়; না বাঁচিলে বলে, পাথর, পাথর, দেবতা-ফেবতা মিছে কথা।

মোট কথা, ভগবানকে উহারা মানে, কি মানে না, সেটা আজ একটা অমীমাংসিত সমস্যা।

ডাকিতেও মন চায় না, না ডাকিলেও মন খুঁতখুঁত করে।

উপলব্ধ সত্য আর যুগযুগান্তের সংস্কারে এখানে প্রবল দ্বন্দ্ব; ব্যর্থতায় বুকের ভিতরে ক্ষোভ জাগিয়া উঠে—সংস্কারের বিরুদ্ধে বিদ্রোহ, ঝ'ড়ো হাওয়ার মত।

কিন্তু সে চৈত্র-প্রান্তরের ঘূর্ণির মতই ক্ষীণ আর ক্ষণস্থায়ী, উঠিয়াই মিলাইয়া যায়।

শ্মশানখানা যেন দিন দিন আগাইয়া আসিতেছে। সুদূর আফগানিস্থানের কাবুলীর দল শকুনির মত তীক্ষ্ণ চীৎকারে খাটো খাটো ভাঙা বাংলায় হাঁকে, এ গুষ্ঠা মুড়ার, আরে এ—

দামিনীর তখন ওই বিভীষিকাময়ী ভাবনায় দম যেন বন্ধ হইয়া আসিতেছিল, সে কহিতেছিল, আপনি শুতে ঠাঁই পায় না, শঙ্করাকে ডাকে, তোমার হ'ল তাই। গাঁয়ের ভাবনা ভাবতে লাগলে—

সহসা বাহির হইতে ওই কাবুলীওয়ালার ডাক।

দামিনী কহে, ওই নাও, যা বলছিলাম তাই, এখন কি করবে কর।

বাহির হইতে হাঁক আসে, এ গুষ্ঠা, আরে এ—! সঙ্গে সঙ্গে দরজায় লাঠিগাছটা ঠোকে, ঠকঠক।

গোষ্ঠের দেশের ভাবনা কোথায় উবিয়া যায়, হুঁকা টানিতে টানিতে সে আঁতকাইয়া উঠে।

আবার লাঠি ঠোকার শব্দ উঠে।

গোষ্ঠ অতি সন্তর্পণে পা টিপিয়া টিপিয়া ঘরের মধ্যে গিয়া কোণে লুকাইয়া বসে, হুঁকা পর্যন্ত টানে না।

দামিনীও সঙ্গে সঙ্গে যায়; দামিনীর বুকখানা গুরগুর করিয়া উঠে, বলে, কি হবে গো?

গোষ্ঠ ফিসফিস করিয়া বলে, বল, ঘরে নাই।

দামিনী চাপা গলায় তাড়াতাড়ি বলিল, না, না, আমি পারব না। গোষ্ঠ হাতজোড় করিয়া মিনতি করে, হেই গো, তোমার পায়ে পড়ি।

দামিনী স্বামীর পায়ের ধূলা মাথায় লইয়া তিরস্কার করে, ছি, কি বল তার ঠিক নাই; আক্কেলের মাথা খেয়েছ একেবারে?

ওদিক হইতে আবার হাঁক আসে, আরে এ গুষ্ঠা, হারামজাদা, বদমাশ, বাহার আসো!

গোষ্ঠ আবার কাকুতি করিয়া বলে, লক্ষ্মীটি, বল বল, নইলে বেটা আবার ঘরে ঢুকবে।

দামিনীর বুক গুরগুর করে, সে চাপা গলায় ঝঙ্কার দিয়া উঠে, তখন যে কাপড় কিনতে মানা করেছিলাম। ধারে পেলেই কি হাতী কিনতে হয়?

গোষ্ঠ বলে, সে তো তোমার জন্যই—

দামিনী জ্বলিয়া যায়, কিন্তু কিছু বলিবার আগেই দরজার মুখে নাল-মারা নাগরা আওয়াজ দিয়া উঠে।

দামিনী তাড়াতাড়ি ঘরের দরজায় শিকল দিয়া বাহিরে আসিয়া ঘোমটা টানিয়া মৃদুকণ্ঠে বলে, ঘরে নাই গো।

ভাঙা বাংলায় তীক্ষ্ণকণ্ঠে কাবুলী কয়, আরে, তুমি কৌন্ আসো, তুম্‌হি—

দামিনী ভয়ে কাঁপিয়া উঠে, গলা দিয়া আওয়াজ বাহির হয় না, তাড়াতাড়ি শিকল খুলিয়া ঘরে ঢুকিতে চায়, দেখে ভিতর হইতে খিল আঁটা।

ওদিকে নাগরার আওয়াজ উঠানের বুক অবধি আগাইয়া আসে।

দামিনী ভয়ে এক পাশে সরিয়া দাঁড়ায়।

কাবুলী কয়, তুমি কৌন্ আসো? উস্কো কৌন্? জরু? বহু আসো?

দামিনী ঘাড় নাড়ে, হ্যাঁ।

কাবুলী কয়, তব তো তুম্‌হি টাকা দিবিস; পন্‌রা টাকা, পন্‌রা টাকা, দশ আওর পান লিয়ে আন।

দামিনীর গলা শুকাইয়া যায়, তবু আর্তস্বরে কহে, ঘরে নাই, আসুক।

কাবুলী দাঁত বাহির করিয়া বলে, তব তুম আসো, তুম্‌কো লিয়ে যাবে।

দামিনী ভয়ে চেঁচাইয়া উঠে।

কাবুলী হিহি করিয়া হাসিতে হাসিতে চলিয়া যায়, আপন ভাষায় গোটা জাতটাকে গালি দেয়।

দামিনী কাঠ হইয়া সেইখানে দাঁড়াইয়া থাকে, চোখ দিয়া জল পড়ে, তবু সে চোখ আগুনের মত জ্বলে।

কতক্ষণ পর দরজা খুলিয়া গোষ্ঠ বাহিরে উঁকি মারিয়া বলে, গিয়েছে বেটা শকুনি?

দামিনী কথা কয় না, চোখের জলের প্রবাহ দ্বিগুণ হইয়া বয়, মুখখানা কঠিন হইয়া উঠে।

গোষ্ঠ আড়-চোখে দামিনীর মুখপানে তাকাইয়া কয়, একদিন এমন ঠেঙান ঠেঙাব।

এই নির্লজ্জ আস্ফালন কানে আগুনের হল্কার মতই ঠেকে, সে মাটির উপরেই সজোরে থুৎকার নিক্ষেপ করিয়া মুখ ফিরাইয়া চলিয়া যায়।

ঘরের ভিতর পাঁচ বছরের ছেলেটা জ্বরে ধুঁকিতে ধুঁকিতে চেঁচায়, ক্ষিঁধে লেঁগেছে—এঁ—এঁ—এঁ—।

দামিনী তীব্রকণ্ঠে বলে, মর, মর, আমার হাড় জুড়োক।—বলিয়া একখানা মুড়ি সশব্দে

ছেলেটার মুখের কাছে নামাইয়া দিয়া আবার বলে, নাও, গেলো, গিলে যমের বাড়ি যাও।—বলিয়া মুখ ফিরাইয়া চোখ মোছে, কিন্তু সে জল মুছিয়া শেষ করিতে পারে না।

গোষ্ঠ সভয়ে কহে, মুড়ি কেন? সাবু সাবু—

দামিনী কথা কাড়িয়া বলে, সাবু আমি রোজগার ক'রে আনব, নয়?

গোষ্ঠ চুপ করিয়া যায়, ক্ষণেক পর আপন মনেই কয়, তা পুরনো জ্বর বটে, তা খা, দুটো মুড়ি খা। কত আর সাবু খাবি?

ছেলেটা কিন্তু তাহাতেও সন্তুষ্ট হয় না, সে মুড়ি ছড়াইয়া ফেলিয়া চেঁচায়, ভাঁ—আঁ—আঁ—ত খাঁ—আ—বো—ও—ও।

চীৎকারে বিরক্ত হইয়া গোষ্ঠ উঠিয়া যায়।

কোথায় যাইবে? নিরানন্দ এ পুরীতে কোথায় আনন্দ? গোষ্ঠ মাঠের পথ ধরে, ওই হোথায় গিয়া আশার আলো নজরে ঠেকে, শেষ আষাঢ়ের সবুজ মাঠ, কচি কচি লকলকে ঘন সবুজ ধানের ডগাগুলি হেলে দোলে আর যেন কত কথা বলে, ধানের ডগাগুলি যেন বলে—

"ধান, ধান, ধান—ধানে রাখবে জান,
ঋণ শোধিব খাজনা দিব
ধানে রাখবে আমার মান।
নতুন বস্ত্র পুরনো অন্ন
এই যেন খেতে পাই জন্ম জন্ম।"

গোষ্ঠ নির্নিমেষ দৃষ্টিতে ঘন সবুজ ধানের পানে তাকাইয়া থাকে। ইচ্ছা করে এইখানেই দিবারাত্রি কাটাইয়া দেয়।

ওদিক হইতে আখের পাতাগুলি ইশারা করিয়া দুলিয়া দুলিয়া যেন ডাকে, গোষ্ঠ আগাইয়া চলে, আর আপন মনেই গুনগুন করিয়া বলে—

"কাজুলি রে কাজুলি,
তোর পায়ে এবার আমার
বউ পরাবে মাদুলি।"

তকতকে নিড়ানো ক্ষেতে বসিয়া গোষ্ঠ বিনা কাজে হাতে করিয়া ভুরার মত গুঁড়া মাটি পেষে, সারা অঙ্গে মাখিতে ইচ্ছা করে।

মাঠের আলপথে তিন্ গাঁ হইতে দোকান সারিয়া ফিরিতেছিল ভোলা ময়রা। সে কহিল, কি গোষ্ঠ, রোদে বসে কি হচ্ছে? সত্য কথা বলিতে কেমন লজ্জা করে, আমতা আমতা করিয়া বলে, এই খুড়ো, ব'সে আছি।

ভোলা খুড়ো কহে, সে আমলের খেপা মোড়লের মত ধান বাড়াচ্ছিস নাকি? খেপা মোড়ল কি করত জানিস? দিনে, দুপুরে, সন্ধ্যেয় বাড়ির কাজে খোলসা পেলেই মাঠে এসে নিজের ধানের ডগায় হাত দিয়ে বলত, কন্—কন্—কন্,—ওঠ্—ওঠ্—,কন্—কন্ ক'রে বেড়ে

ওঠ্। আর পরের ধানের মাথায় হাত দিয়ে নীচে দিয়ে নামিয়ে বলত, কন্—কন্—কন্, বসে যা, নেমে যা।

গোষ্ঠ গল্প শুনিতে শুনিতে ভোলা খুড়োর সঙ্গ ধরিয়াছিল। গোষ্ঠ কহিল, খুড়ো, খেপা মোড়লের অবস্থা বুঝি ভাল ছিল না? খুড়ো চ্যাঙারিসুদ্ধ মাথা ঘুরাইয়া গোষ্ঠর পানে তাকায়; তারপর বলে, হ্যাঁ, অবস্থা তার ভাল ছিল না, তবে আজকালকার সবার চেয়ে ভাল ছিল।

গোষ্ঠ কহে, আচ্ছা খুড়ো, সে সব ধান ধন গেল কোথায় বল দেখি?

ঠিক পাশের আখের খেতটার ভিতরে শব্দ উঠে মড়মড় খসখস; গোষ্ঠ কহে, কে, আখ ভাঙছে কে রে, কে? কচি আখ ভাঙে কে?

ভিতর হইতে সে লোকটা হুঙ্কার ছাড়িয়া উঠে, তোর বাপ রে, হারামজাদা।

গোষ্ঠ কিল খাইয়া কিল চুরি করে, গালিটা নির্বিবাদে হজম করিয়া চলে, গতিটা একটু বাড়াইয়া দেয়, আপন মনেই বলে, বাঘে ধান খায়, তো তাড়ায় কে? ভাঙ বাবা, জমি সুদ্ধ তুলে নিয়ে যাও।

যে লোকটা আখ ভাঙিতেছিল, সে জমিদারের চাপরাসী। খুড়া খানিকটা আগাইয়া আসিয়া কহে, দেখলি গোষ্ঠ, ধন ধান গেল কোথা? ওই দশজনে লুটেই খেলে।

গোষ্ঠ ও কথাটার উত্তর দেয় না, আপন মনেই বলে, দেবতা-ফেবতা মিছে কথা—মিছে কথা খুড়ো, ওসব আঁকা চোখে ফাঁকা চাউনি, দেখতে কেউ পায় না।

মোড় ফিরিবার মুখে খুড়া কহে, চ্যাঙারিটা একবার নামিয়ে ধর তো গোষ্ঠ।

গোষ্ঠ চ্যাঙারিটা নামাইয়া ধরিলে একমুঠা বাতাসা লইয়া খুড়া গোষ্ঠর আঁচলে দিয়া বলে, ছেলেটাকে দিস। ক্ষণিকের এই ক্ষীণ সহানুভূতিতে গোষ্ঠর প্রাণ জুড়াইয়া যায়।

* * * *

ওদিকে ছেলেটা ভাত খাইবার বায়নায় কাঁদিতে কাঁদিতে নেতাইয়া পড়ে। দামিনী দাওয়ার উপর কাঠের মত বসিয়া ছিল, সহসা সে ছেলেকে কোলে তুলিয়া বুকে চাপিয়া ধরে।

চোখের প্রবাহ প্রবল হয়; মনে মনে শতবার ষষ্ঠীকে স্মরণ করিয়া ছেলের মাথায় সে হাত বুলায়।

ছেলেটা তবু কাঁদে,—ভাঁ—আ—ত—খাঁ—বো—ও।

স্নেহসর্বস্বা অশিক্ষিতা নারীর মন বলে, আহা, দুটি থাক। পুরনো জ্বরে তো লোকে খায়। ভাত খাইয়া ছেলেটার ক্ষুধার কান্না থামে, কিন্তু যাতনার কান্না বাড়ে, বমি হয়, জ্বর বাড়ে।

মায়ের মন সেই গাল দেওয়ার কথাটাই স্মরণ করে; ভাতের কথাও মনে হয়, কিন্তু সে যে এত কয়টি, মাত্র দুইটি গ্রাস।

গালটাই মনে প্রবল হইয়া জাগে, দেবতার উদ্দেশে মাথা ঠুকিয়া কপালটা ফুলিয়া উঠে।

সঙ্গে সঙ্গে কবিরাজকেও স্মরণ হয়।

কবিরাজ ডাকিবার জন্য দামিনী ক্রমে ব্যাকুল হইয়া উঠে।

কিন্তু সে যে নারী! ডাকিবে যে, সে কোথায় কোন্ আড্ডায় একটু তামাকের আশায় স্ত্রী-পুত্র সব ভুলিয়া বসিয়া আছে।

ব্যাকুল মন সঙ্গে সঙ্গে বিষাইয়া উঠে, সে বিষের ঘোরে ভাল মন্দ জ্ঞান যেন সব লোপ পায়।

তাই যাহাকে সে দূরে রাখিতে চায়, যাহার পরম দাস্যভাব সে ঘৃণা করে, সেই সুবল দাসের কাছে ছুটিয়া গিয়া হাতের পৈঁছা জোড়াটি খুলিয়া দিয়া কাকুতি করিয়া কহিল, আমাকে দুটি টাকা দাও, আর কবরেজকে একবার ডেকে দাও।

তরুণ সুবল মুগ্ধ দৃষ্টিতে দামিনীর মুখপানে তাকাইয়া আবার সলাজে মুখ নামইয়া কুণ্ঠিত কণ্ঠে কহিল, পৈঁছে তুমি রাখ, টাকা আমি দিচ্ছি।

বিষের ঘোরের মাঝেও যাতনার দাহে চেতনা ফিরিয়া আসে, সুবলের সহানুভূতি দামিনীর বুকে সেই দাহের কাজ করিল, দামিনী ঝাঁঝাইয়া উঠিল, শুধু তোমার টাকা নোব কেন আমি?

সুবল বিবর্ণ হইয়া অনুনয় করিয়া কহিল, সধবা মানুষ তুমি, খালি হাতে—। সুবলের জিহ্বা আড়ষ্ট হইয়া গেল।

জীর্ণ কাপড়ের পাড়খানি ঝাঁঝের মুখে এক হাত ছিঁড়িতে, তিন হাত ছিঁড়িয়া হাতে জড়াইয়া কহিল, এই আমার সোনার কাঁকন, তোমার পায়ে পড়ি মহান্ত; এ দুটো নিয়ে আমাকে টাকা দাও, ছেলেটা বুঝি আর বাঁচে না। দীপ্ত কণ্ঠস্বর স্নেহের দুর্বলতায় ভাঙিয়া পড়িল, চোখের কোলে কোলে জল টলটল করিয়া উঠিল।

সুবল ব্যস্ত হইয়া পৈঁছা জোড়াটি ঘরে তুলিয়া টাকা আনিয়া দামিনীর হাতে আলগোছে দিতে গেল, কিন্তু কেমন হাত কাঁপিয়া লক্ষ্যভ্রষ্ট টাকা দুইটি মাটিতে পড়িয়া গেল। সুবল লজ্জায় একরূপ ছুটিয়াই পলাইল, কহিল, কবরেজকে ডেকে আনি আমি।

ঘর-দ্বার সব খোলা পড়িয়া রহিল।

দামিনী শেষে দরজায় শিকলটা তুলিয়া দিয়া বাড়ি ফিরিল।

মনটা কিন্তু কেমন ছি-ছি করিতেছিল।

একের লজ্জা অপরকেও লজ্জিত করে যে সংক্রামক ব্যাধির মত; যাহাকে দেখে, তাহার লজ্জায় যে দেখে সেও লজ্জা পায়, হউক না কেন দ্রষ্টার মন ফুলের মত পবিত্র।

দামিনী ওই কথাই ভাবিতে ভাবিতে ফিরিতেছিল। বাড়ির দুয়ারে তাহার চমক ভাঙিল একটা কাঁসার মত তীক্ষ্ণ উচ্চ কর্কশ কণ্ঠ শুনিয়া।

লোকটা উচ্চকণ্ঠে কহিতেছিল, ও চালাকি চলবে না হে বাপু, সুদের টাকা আমাকে মাস মাস মিটিয়ে দেওয়ার কথা, দাও, দিতে হবে।

লোকটা মহাজন।

দামিনীর সর্বাঙ্গ যেন আড়ষ্ট হইয়া গেল।

দামিনী ভাল ঘরের মেয়ে, পড়িয়াছিলও ভাল ঘরে।

গোষ্ঠর অবস্থা চিরদিনই এমন ছিল না, তাহার বাপের আমল পর্যন্তও গোলা-ভরা ধান, গোয়াল-ভরা গাই, পুকুর-ভরা মাছ—পল্লীর ঐশ্বর্য যা কিছু সবই ছিল।

কিন্তু সে শ্রী আর নাই, সব গিয়াছে।

থাকে কি করিয়া? মূল মরিলে কি ফুল বাঁচে!

পল্লীর শ্রীই যে গিয়াছে।

এখন অভাবের মাঝে শুধু অতীতের প্রাচুর্যের স্মৃতিই সম্বল; ছেলেকে পর্যন্ত ওই স্মৃতিকথার মালায় সান্ত্বনা দেয়—

"আয় চাঁদ আয় আয়, গাই বিয়োলে দুধ দোব,
ভাত খেতে থালা দোব, রুইমাছের মুড়া দোব,
আম-কাঁঠালের বাগান দোব, চাঁদের কপালে
একটি চিত দিয়ে যা।"

* * * *

দামিনী এ বাড়িতে আসিয়াছিল আট বছরের টি; আজ বয়স তাহার বাইশ। ইহারই মধ্যে এই সংসার কতরূপেই না তাহার চোখের উপর ফুটিল! প্রথম প্রথম এ গৃহ কারা মনে হইয়াছে; মায়ের জন্য কাঁদিয়া দিন গিয়াছে; তারপর এ সংসার কৈশোরের প্রারম্ভে যেন পুষ্পিত উদ্যান, স্বামী কত ভালবাসিয়াছে, কত গোপন উপহার, মনসার মেলায় গভীর রাত্রে ঘুমন্ত দামিনীর মুখে গরম বেগুনি গুঁজিয়া দেওয়া।

দামিনী জাগিয়া উঠিয়া কহিত, দূর।

গোষ্ঠ কহিত, আমি তো দূর, ওদিকে তো বেশ মুড়মুড় শব্দ উঠছে।—বলিয়া ঠোঙা সুদ্ধ সম্মুখে ধরিত।

দামিনী হাসিয়া ফেলিত।

গোষ্ঠ সম্মুখে মেলিয়া ধরিত কত উপহার—ফিতে, চিরুনি, তেল, আয়না, সাবান।

দামিনী আয়নাখানা তুলিয়া মুখের সামনে ধরিত।

গোষ্ঠ হাসিয়া কহিত, নিজের রূপ কি নিজে দেখে, পরকে দেখাতে হয়।

দামিনীর মুখখানা রাঙা হইয়া উঠিত, কানের পাশ পর্যন্ত গরম। সে আয়নায় মুখখানা ভাল করিয়া ঢাকিত।

গোষ্ঠ কহিত, রাত্রে আয়না দেখলে কি হয় জান তো?

কি?

কলঙ্ক।

দামিনী চট করিয়া আয়নাখানা ঘুরাইয়া গোষ্ঠের মুখের সামনে ধরিত।

গোষ্ঠ কহিত, আমি চোখ বন্ধ করেছি।

দামিনী গলা জড়াইয়া ধরিয়া চোখ খুলাইবার কত চেষ্টা করিত। শেষে মিনতি করিয়া কহিত, লক্ষ্মীটি চোখ খোল।

গোষ্ঠ চোখ খুলিলে দামিনী কহিত, এইবার ?

কি ?

তোমারও কলঙ্ক হবে।

আমরা পুরুষ, সোনার গয়না, কলঙ্ক আমাদের হয় না. বিপদ তোমাদের।

দামিনী হাসিয়া ঠোঁট উল্টাইয়া কহিত, ভারি বুদ্ধি। এই জন্যে বুঝি আয়না দেখালাম ?

তবে কি ?

কলঙ্ক হয় তো তোমার সঙ্গেই হবে, তোমাকে সাথী ক'রে রাখলাম।

দূর, আমি তোমার আয়ান ঘোষ।—গোষ্ঠ ইঙ্গিত করিয়া হাসিত।

দামিনী আবার রাঙা হইয়া কহিত, চোরের মন পুঁইমাচাতে, কলঙ্ক বুঝি আর কিছু হয় না ?

কি শুনি ?

এই লোকে বলবে, অমুক কি মেগো, আর মাগীও কি কি জানে বাপু, অত বড় জোয়ানটাকে ভেড়া বানিয়ে রেখেছে গো !

তা কর নি নাকি ?—বলিয়া গোষ্ঠ পত্নীকে বক্ষে টানিয়া লইত।

সে এক দিন গিয়াছে। এখনও সেদিন মনে পড়িলে দামিনীর চোখ ছলছল করে।

তারপর এই ভরা যৌবনেই অভাবের দাহে সুখের ঘর পুড়িয়া গেল। উত্তাপে বুঝি প্রেমের স্রোতও শুকাইয়া গেল।

গোষ্ঠও মনের মত কিছু দিতে পারে না বলিয়া মরমে মরিয়া থাকে, অমনোমত কিছু দিতেও মন উঠে না। দামিনীও তাহা বুঝে, তাই সেও কিছু চায় না।

কিন্তু তাহাও গোষ্ঠর প্রাণে বাজে, সে ক্ষুণ্ণস্বরে কয়, কখনও দেখলাম না যে, কিছু চাইলে তুমি।

একমুখ হাসি ভরিয়া দামিনী কয়, বা, বেশ লোক তো তুমি, না দরকার হ'লেও চাইতে হবে ? কি নাই আমার, সবই তো রয়েছে।

হাসিটি ছলনা সত্য, কিন্তু বড় সুন্দর, গোষ্ঠ অতৃপ্ত নয়নে মুখপানে চাহিয়া থাকে।

তারপর আপন মনেই নিজের সামর্থ্যের সঙ্গে দামিনীর অভাবের সূচী মিলাইয়া যায়, শেষে বাহির করে একখানা গায়ের কাপড় ; কাবুলীর কাছে ধারে পাওয়া যাইতে পারে, তাই সে বলে, কই, গায়ের র‍্যাপার তো নাই তোমার ?

দামিনী তাড়াতাড়ি কয়, না না, ও আমি গায়ে দিতে নারি ; মাগো, যে সুড়সুড়ি ! ও কিনো না তুমি।

গোষ্ঠ মানে না, কিনিয়া আনে।

দামিনী ঝগড়া করে, বললাম, এনো না।

গোষ্ঠ অপ্রস্তুতের মত কয়, রাগ কেন, আনলাম। আবার কখনও বা দুইটা আম, দুইটা কাঁঠাল কিনিয়া আনে, কিন্তু দামিনী তাহা খায় না, স্বামী-পুত্রকেই বাঁটিয়া দেয়।

গোষ্ঠ অনুযোগ করিয়া কয়, আমাকে কেন, তোমার তরে আনলাম।

এই স্নেহে দামিনীর চোখে জল আসে, তবু সে হাসিয়া কয়, তুমি খাও, আমার আছে।

গোষ্ঠ প্রতিবাদ করে, এ তো আমাকেই সব দিয়েছ, তুমি—

তাড়াতাড়ি কথাটা শেষ করিয়া ফেলিবার অভিপ্রায়ে দামিনী বলিয়া উঠে, ও আমি খেতে পারি না।

সঙ্কোচে মন শুধু সঙ্কুচিতই হয় না, শঙ্কিতও হয়। গোষ্ঠও নিজের অমনোমত উপহারের জন্য শুধু সঙ্কুচিতই হয়, প্রত্যাখ্যানের শঙ্কায় শঙ্কিতও হইয়া থাকে। তাই সে ভাবে, এ অরুচি দামিনীর রসনায় নয়, তুচ্ছ বলিয়া তাচ্ছিল্যের অরুচি এ।

এ তাচ্ছিল্য মনে বড় লাগে, ক্ষোভে দুঃখে অন্তর মথিয়া বিষ ফেনাইয়া উঠে, গোষ্ঠ মুখের আহার সার-ডোবায় ফেলিয়া দিয়া উঠিয়া যায়। দামিনীর মনে হয়, আম ফেলিয়া দিল না, আমাকেই ফেলিয়া দিল। চোখে জল আসে, অন্তর জ্বলিয়া যায়।

এমনই নিরন্তর দাহে উত্তপ্ত অঙ্গার বুকের মাঝে স্তূপ বাঁধিয়া উঠে, শ্মশানের অঙ্গার-স্তূপের চেয়ে সে কম নয়।

এই অশান্তির মাঝে আর এক দারুণ অশান্তি জুটিয়াছিল, প্রতিবেশী সুবল দাস। আট বছরের বউ দামিনী যখন এ বাড়ি আসে, তখন তাহারও ঠিক অমনই বয়স।

আট বছরের বউ ঘোমটা টানিয়া বসিয়া আছে, ফুটফুটে ছেলেটি আসিয়া মুখের ঘোমটা খুলিয়া ডাকিল, বউ!

দুইজনেই ফিক্ করিয়া হাসিল।

তারপর। ছেলেতে মেয়েতে মিতালি হইতে কতক্ষণ!

ঠিক মিতা নয়, বউটির দাস হইল সে; ফুল তুলিয়া ফল পাড়িয়া বউটির মন যোগানোই ছিল তাহার কাজ।

সুবল দামিনীকে প্রথম দিনই ডাকিয়াছিল, বউ! এখনও তাই বলে।

দামিনী বলিত, সুবলো। এখন বলে, মহান্ত।

বাউলের ছেলে সুবল দাস, মহান্ত খেতাব তাহাদের।

কৈশোরের প্রারম্ভে দামিনীর দেহে যৌবনের মুকুল দেখা দিলে গোষ্ঠ আসিয়া তাহার হাত ধরিল, দামিনীরও তাহা লাগিল ভাল; সে গোষ্ঠর পানেই মুখ ফিরাইল।

তখন এই লাজুক কিশোরটি দামিনীর পানে, বিদায়-নেওয়া প্রিয়জনের পানে মানুষ যে দৃষ্টিতে তাকাইয়া থাকে, তেমনই সকরুণ দৃষ্টিতে চাহিয়া রহিল।

সে দৃষ্টি দেখিয়া দামিনীর করুণা হইত।

ফাঁক পাইলেই সুবল আসিয়া কহিত, বউ, কুল পাড়তে যাবে তাই?

এদিক ওদিক চাহিয়া দামিনী কহিত, না তাই, বকবে।

সুবল নতদৃষ্টিতে চলিয়া যাইত, দামিনীর তাহাও প্রাণে বাজিত, সে ডাকিয়া কহিত, আমাকে দুটো দিয়ে যাস ভাই, আমি খাব।

সুবল কৃতার্থ হইত।

আঁচল ভরিয়া পাকা আম, কাঁচা আম, ট'কো কুল সুবল গোপনে আনিয়া দিত; দামিনী হাসিমুখে গ্রহণ করিয়া কাঁচা আমে কামড় মারিয়া শিহরিয়া উঠিয়া কহিত, মাগো, কি টক! টাকরায় সে টোকার মারিত। সুবল তাড়াতাড়ি দামিনীর আঁচল টানিয়া বাছিয়া একটা আম লইয়া কহিত, এইটে খাও, কাঁচামিঠে আম, কাঁকুড়ের মত।

কিন্তু যৌবনের প্রারম্ভে সম্মোহনের আবেশময় রাজ্যে উভয়ে প্রবেশ করিতেই দুইজনের এই প্রীতি কেমন টুটিয়া গেল।

দামিনীর মনে হইল, ওই শান্ত লোকটির একান্ত মুগ্ধ দৃষ্টির দীপ্তি যেন বড় প্রখর, দীপ্তিতে যেন একটা দাহ। সে দাহ দামিনী তাহার সর্বদেহে অনুভব করিল।

সুবলের পরম দাস্যতা-ভরা ব্যবহারের মাঝে একটা সবল শক্তি যেন দামিনীকে আকর্ষণ করিল; তাহার ওই সলাজ নীরবতার মাঝে যেন দুরন্তের সৃষ্টি করিল।

সুবল দেখিল, দামিনী পর হইয়া গেল।

শাস্ত্রে বলে, ভিক্ষায়াং নৈব নৈব চ, কিন্তু সুবল দেখিল, ভিক্ষায়াং বসতে লক্ষ্মী।

বাউলের ছেলে সুবল গান গাহিয়া ভিক্ষা করে, গায়ে আলখাল্লা, পায়ে নূপুর, হাতে তাহার একতারা।

ভিক্ষার চাউলে তার পাঁচ-সেরি ঝোলাটা ভরিয়া উঠে; একটা পেটে লাগে আর কত—বড় জোর এক সের, বাঁচে চার সের।

ওই চার সের জমিয়া জমিয়া ভিক্ষুককে মহাজন পর্যায়ে দাঁড় করাইয়া দিল।

লোকে বলে, মহান্ত, আর কেন?

মহান্ত হাসিয়া বলে, বাপ রে, পিতিপুরুষের বেবসা, কুলকর্ম, ও কি ছাড়তে আছে?

দামিনীর দুঃখের দিনে কিন্তু সুবল সত্য সত্যই মহাজন হইতে ভিক্ষুক পর্যায়ে নামিতে চাহিল; কিন্তু মুখ ফুটিয়া বলা যে যায় না! আর বুক বাঁধিয়া তাহার সঞ্চয় সম্বল দামিনীর পায়ে ঢালিয়া দিতেও সাহস হয় না। হয়তো দামিনী লাথি মারিয়া ফিরাইয়া দিবে।

প্রথম প্রথম সে লুকাইয়া কুলুঙ্গির উপরে, কোন দিন বা চৌকাঠের ফাঁকে, দুয়ারের প্রবেশ-মুখেই টাকাটা সিকিটা রাখিয়া আসিত। দামিনীর নজরে ঠেকিলে সে লইয়া আঁচলে বাঁধিত, আর আপন মনেই বকিত, এই আলবোড্ডেমিতেই তো গেল সব; কাজ দেখ দেখি, কুলুঙ্গির ওপরে টাকা, যদি কেউ দেখতে পেত!

ওটুকুও কিন্তু সুবলের সহ্য হইত না, আর অসহ্য হইত যখন গোঠ আসিত।

দামিনী মুখ টিপিয়া হাসিয়া স্বামীকে কহিত, কারও কিছু হারিয়েছে?

গোঠ চমকিয়া স্মরণ করিতে চাহিত, জিনিসটা কি? শেষে বলিত, হ্যাঁ হারিয়েছে আমার—

কি ?

আমার মন।

দূর। সে তো আমারই, দত্ত জিনিসে স্বত্ব কি ? এই দেখ।—বলিয়া সে বাঁধা খুঁট দেখাইত। গোষ্ঠ অবাক হইত ; আবার ভাবিত, হবে হয়তো, বনিয়াদি ঘর তো, কোন পিতৃ-পিতামহের সঞ্চয় ইঁদুরে কোন গর্ত হইতে বাহির করিয়াছে। চোখে জল আসিত।

সুবলের কাছে সমস্ত সংবাদ তিক্ত হইয়া উঠিত।

সর্বস্ব দিয়াও সুবল আপন হওয়ার সুযোগ পাইল না।

কখনও কখনও সাহস করিয়া নতমুখে গিয়া কহিত, বউ!

রুক্ষস্বরে উত্তর আসিত, কি ? কি কাজ কি, আগুন নেবে নাকি ?

সব কথা সুবলের হারাইয়া যায়, ঝঙ্কারের ঝঞ্ঝায় সব বিপর্যস্ত হইয়া যায় ; তবু চুপ করিয়া থাকাও তো হয় না। অতি কষ্টে সে কহে, হ্যাঁ।

দামিনী হাতার টানে আগুন টানিয়া ফেলিয়া দিয়া কহে, নেবে কিসে ? কি আবাগ তুমি, সঙ নাকি ? সঙ্গে সঙ্গে হাসেও ; সুবলের অবস্থা দেখিয়া না হাসিয়া পারে না।

প্রতিবেশিনী সাতু-ঠাকুরঝি আসিয়া বলে, কে লো ?

দামিনী কহে, ওই দেখ না মাইরি, আগুন নেবে, তা শুধু হাতে এসেছে ; দিই কিসে বল তো ?

সাতু বেশ ভাল মানুষের মতই বলে, ভিক্ষের ঝোলাটা আন গিয়ে মহান্ত, আগুন নিয়ে যাবে।

দুই সখী দুইজনের মুখপানে চায়।

এই অবসরে সুবল রণে ভঙ্গ দেয়, সহসা পিছন ফিরিয়া পালায়।

দুই সখীতে হাসিয়া গড়াইয়া পড়ে।

সাতু বলে, মরণ! বোবা পুরুষ কি ভাল নাকি, ও বিধেতার অলক্ষুণে ছিষ্টি।

* * * *

বাড়ির বাহির হইতে উচ্চকণ্ঠে শোনা যাইতেছিল, ও চালাকি চলবে না হে বাপু, সুদের টাকা আমাকে মাস মাস মিটিয়ে দেবার কথা ; দিতে হবে, দাও।

গোষ্ঠর মৃদুকণ্ঠ শোনা গেল, বর্ষার ক'মাস মাপ করুন দত্ত মশায়, ক'মাস নীরব।

দত্ত, রসিক দত্ত গ্রামের মহাজন, লোকে কহে মহাযম। তীক্ষ্ণদন্ত শৃগালের মতই কঙ্কাল-ঢাকা চামড়াটুকু লইয়া টানাটানি করে ; দত্ত তীক্ষ্ণ চীৎকার করিয়া উঠিল, গা জল হয়ে গেল মাইরি ; কাঁদুনি ছাড়, টাকা আন।

দামিনী ধীরে ধীরে আসিয়া দাওয়ার উপর উঠিল, ভিতরে ছেলেটা জ্বরে গোঙাইতেছিল, কিন্তু সেদিকে তাহার পা উঠিল না, দুনিয়া ভুলিয়া শঙ্কিত বক্ষে দাওয়ার উপর দাঁড়াইয়াই রহিল।

গোষ্ঠ কাকুতি করিয়া কহিল, দোহাই দত্ত মশায়, খেতে জুটছে না—

দত্ত ভেঙাইয়া কহিল, খেতে জুটছে না তো আমার কি রে জোচ্চোর ? খেতে জুটছে না।

ভঙ্গী সে কি বীভৎস, কণ্ঠস্বর সে কি নির্মম।

দত্তর খর জিহ্বা সাপের জিহ্বার মতই তীক্ষ্ণ, ঘন ঘন লক লক করিয়া নড়ে।

ঘটি-বাটি বাঁধা দাও, না থাকে পরিবারের শাঁখা-খাড়ু বেচ, কোথা পাবে সে আমার দেখবার দরকার নাই ; আমার পাওনা আমায় পেতে হবে, দাও।

গোষ্ঠ জোড়হাত করিয়া কাঁদিল।

দত্ত কহিল, বেটারা শুধু কাঁদতেই জানে।

কথাটা ঠিক।

চির নত যে দূর্বাদল সে পদদলনে পত্রপুষ্প হারাইয়া বিদ্রোহ করে, শুষ্ক তৃণাঙ্কুর পায়ে ফোটে।

এরা কিন্তু তাহাও পারে না ; হয়তো বুঝি বা বুকের মাঝে রাগও জাগে না। যুগ-যুগান্তর ধরিয়া সমাজে রাষ্ট্রে পিষ্ট হইয়া বুঝি পাষাণ হইয়া গিয়াছে। না ; পাষাণও রৌদ্রে আগুনে উত্তপ্ত হয়।

ইহারা তবে কি ? ইহারা প্রকৃত স্বভাবকে অতিক্রম করিয়া গিয়াছে, অস্বাভাবিক ইহারা। মানুষের সৃষ্টি-করা সভ্যতার চাপে ধ্বংস-হওয়া মানুষের তুলনা বিধাতার সৃষ্টির মাঝে নাই।

গোষ্ঠ কাঁদিয়াই কহিল, ওই দেখুন, পয়সা অভাবে ছেলেটা ওষুধ পায় নাই।

পাথর জলে গলে না দত্ত খিঁচাইয়া উঠিল, তা সে পয়সাও আমাকে লাগবে নাকি, বলছ কি ?

ইহার উত্তর কি ? গোষ্ঠর অভিধানে অন্তত তা নাই, চোখ দিয়া শুধু জল পড়িল।

মহাজন বলিয়াই চলিল, থাক, এ মাসেই নালিশ করব আমি, যত বেটা বজ্জাতের পাল্লায় প'ড়ে মাটি হলাম আমি। হুঃ, এদিকে পরিবারের পরনের কাপড়ের বাহার দেখ না ! ঢাকাই, না শান্তিপুরে হে গোষ্ঠ ?

পরনে কাপড় জোটে নাই, তাই শ্বশুরের দেওয়া অতি পুরাতন পোশাকী কাপড়খানা দামিনী সেদিন পরিয়াছিল।

দত্তর কথায় ওই ছিন্ন-পাড় জীর্ণ কাপড়খানা অঙ্গে কাঁটার মতই বিঁধিতে লাগিল ; লজ্জায় অপমানে বুক ঠেলিয়া কান্না আসিল, আঁচলটা মুখে পুরিয়া ত্বরিত পদে ঘরে ঢুকিয়া ছেলেটার শয্যাপার্শ্বে বসিয়া পড়িল ; অবশ হাত হইতে অতর্কিতে টাকা দুইটা মাটিতে পড়িয়া বাজিয়া উঠিল, ঠনঠন।

শব্দ দত্তকে ফিরাইল, সে কোলাহল করিয়া উঠিল, ওই যে, ওই যে টাকা ! হুঁ হুঁ বাবাঃ, মহাজনের কথা মিথ্যে হবার কি জো আছে রে বাবা ? সোজা আঙুলে ঘি উঠবে কেন ? আন্ গোষ্ঠ, টাকা আন্।

গোষ্ঠ দামিনীর পাশে আসিয়া দাঁড়াইল।

কথা না কহিতেই, দামিনী টাকা দুইটা মুঠার ভিতর সজোরে যেন আঁকড়াইয়া ধরিয়া জবাব দিল, না, আমি কবরেজকে দোব।

গোষ্ঠর তখন যেন সব সহিত, মানের দায়ে প্রাণ তুচ্ছ হইয়া উঠিয়াছিল। কণ্ঠে তাহার বাক সরিতেছিল না, সে অতি রুক্ষস্বরে শুধু কহিল, দাও।

কাকুতি করিয়া দামিনী কহিল, না গো, না, তোমার পায়ে পড়ি।

গোষ্ঠর সেই এক বুলি, দাও। সেই কণ্ঠ, সেই ভঙ্গী, যেন আরও উগ্র।

দামিনী কাঁদিয়া কহিল, ছেলেটার পানে তাকাও।

দত্ত তাগিদ করিল, গোষ্ঠ, আমাকে অনেক জায়গা ঘুরতে হবে।

গোষ্ঠ পাগলের মত কহিল, মরুক ছেলে।

দামিনী টাকা দুইটা ছুঁড়িয়া ফেলিয়া দিল।

শুধু টাকা নয়, মনে হইল ঘর-দ্বার এই দরদহীন বিশ্বসংসারটা পর্যন্ত এমনই করিয়া ছুঁড়িয়া ফেলিয়া দিয়া যদি কোথাও স্থান থাকে সেথা সরিয়া দাঁড়ায়। ছেলেটা কাতরাইয়া উঠিল, মা গো!

দামিনী মাথায় গায়ে হাত বুলাইয়া শান্ত উদাস কণ্ঠে কহিল, আর দেরি নাই, সব ভাল হয়ে যাবে। তুমিও জুড়াবে, আমিও।

আমি জুড়োব—এ কথাটা বুঝি মায়ের মুখে বাহির হয় না, বুকে উচ্ছ্বাস উথলিয়া উঠে, সব ভাসাইয়া দেয়; দামিনী হু-হু করিয়া কাঁদে।

গোষ্ঠ টাকা দুইটা দত্তর পায়ের গোড়ায় ফেলিয়া দিয়া দাওয়ায় উঠিয়া কাঠের উপর বসিয়া রহিল।

দামিনীর কান্নায় তাহারও চোখে জল আসিতে চাহিল; চোখের জল ছোঁয়াছে, একের কান্না অপরের সংযমের বাঁধ টলাইয়া দেয়—প্রায় ভাঙিয়াই দেয়।

মুখখানা বিকৃত করিয়া গোষ্ঠ উদ্যত অশ্রু গোপন করিতে চাহিল। দত্ত টাকা দুইটা বাজাইতে বাজাইতে কহিল, কি পাজী রে তোরা মাইরি, অ্যাঁ! টাকা থাকতে বলিস, নাই, উতুল পড়বে কার বাবা? আমার, না তোর?

* * * *

কই মোড়ল, ছেলের অসুখ কদিন?

কবিরাজ অশ্বিনী সিং আসিয়া বাড়ি ঢুকিল, পিছনে পিছনে সুবল, অতি সঙ্কোচে এক পাশে দাঁড়াইয়া রহিল।

পত্নীর বাল্য-সাথীর উপর বিরূপ সংসারে হাজারে ন শো নিরেনব্বই জন। মনের গতি মানুষের বাঁকা; আর প্রীতি ও পিরিতির মাঝে ভেদ করা বড় কঠিন, বিশেষ পুরুষ ও নারীর মাঝে।

গোষ্ঠও সুবলকে সুচক্ষে দেখিত না, বাড়ি আসিলে যেন বিরক্ত হইত, কারণে অকারণে ঝাঁঝিয়া উঠিত।

সুন্দর তরুণ সুবলকে দূরে রাখিয়া নিজের আড়ালে দামিনীর দৃষ্টি হইতে ঢাকিয়া রাখিতে চাহিত।

সুবলও তাহা বুঝিত, তাই তার এ সঙ্কোচ।

গোষ্ঠ কহিল, তুমি কেন হে মহান্ত, কি কাজ কি ?

কবিরাজ উত্তর দিল, ওই তো আমায় ডেকে নিয়ে এল।

গোষ্ঠ কহিল, এস কবরেজ, এস, ছেলেটার কদিন থেকে 'উন্দো ধুন্দো' জ্বর, চেতন নাই ; দেখ ভাই একবার।

ভিতর হইতে দামিনী পাগলের মত কহিল, না না, দেখতে হবে না ; টাকা নাই, টাকা নাই আমার।

গোষ্ঠ মিনতি করিয়া কহিল, দোব দোব, টাকা দোব ভাই কবরেজ ; দুদিন আগে আর পিছু ; দেখ ভাই, দেখ।

কবিরাজ সুবলের পানে চাহিল।

বিবর্ণমুখ সুবল সে দৃষ্টির অর্থ বুঝিল, কিন্তু মনের কথা তো বলা যায় না। হয়তো দামিনী ছুঁড়িয়া ফেলিয়া দিবে ; গোষ্ঠ কি কথায় কি ধরিয়া বসিবে ! সহসা ঘরের ভিতরে দামিনীর মুখখানা চোখে পড়িল, দামিনীর চোখের জলে বুক ভাসিয়া যাইতেছে।

বেদনায় মূকের মুখও ফুটে, ভাষা না হউক, যাতনার স্বর ধ্বনিয়া উঠে।

সুবলের মুখও ফুটিল, সে মূকের মতই জড়িতকণ্ঠে কহিল, টাকা দেবে কবরেজ মশায়, টাকা দেবে।

কবিরাজ বাজাইয়া লইল, না দিলে—না দিলে আমি তোমার কাছে নোব, তুমি সে দেখে নিও।

সুবল কহিল, তাই দোব, আমিই দোব।

দীনতার মত মনুষ্যত্বনাশী এতবড় ব্যাধি আর দুনিয়ায় নাই, দীনতার চাপে হীনতা আসিবেই।

আজ এই দীনতার চাপে সুবলের অনুগ্রহ গোষ্ঠকে মাথা পাতিয়া লইতে হইল ; সে কহিল, তাই দেবে, সুবলই তোমাকে দেবে, আমি সুবলকেই দোব ; এই চার-পাঁচ দিনেই দোব।—বলিয়া সে সুবলের মুখপানে চাহিল।

সুবল সান্ত্বনা দিয়া কহিল, না না, তাগিদ নাই আমার, যখন হবে দিও।

কবিরাজ হাসিয়া কহিল, আর না হয় নাই দিলে, মহান্ত মহাজন ভাল।

সুবল কোঁচড় হইতে টাকা খুলিয়া কবিরাজকে দিল, কহিল, আর যা লাগবে দোব।

কবিরাজ টাকা ট্যাঁকে গুঁজিতে গুঁজিতে কহিল, নগদ বিদেয়, তা ভাল। তা মহান্ত, তোমার তেজারতি সেরেস্তায় উশুলের ঘর বুঝি শূন্য ?

সুবল লজ্জিত ও ম্লান হাসি হাসিল।

কবিরাজ কহিল, এবার তুমি মানুষ কোরোক কর মহান্ত ; না দিলে মানুষ ধ'রে নিয়ে যাবে, ঘরে খেতে পরতে দেবে, তেজারতি তোমার আরও ফলাও হবে।

আপন রসিকতায় কবিরাজ আপনি হা-হা করিয়া হাসে ; ওদিকে এই তরল কথাটা গাঢ় কঠিন হইয়া আর একজনের কানে বাজে, ঘরের মাঝে দামিনী হাঁপাইয়া উঠে, তাহার মনে হয়, ওই টাকাটা দেনাও নয়, দানও নয়, ও দাদন—তাহারই উপরে দাদন। কোরোকী পরোয়ানার লেখার রেখা সুবলের বুকের মাঝে আঁকা, যেন সে দেখিতে পায়। সে কণ্ঠস্বর চাপিতে ভুলিয়া গেল। উচ্চ আর্তকণ্ঠে বলিয়া উঠিল, না না, না গো, কবরেজ দেখাতে হবে না, ধার করতে হবে না ; ছেলে ভাল আছে, ছেলে ভাল আছে আমার।

গোষ্ঠ ধমক দিয়া উঠে, থাম থাম, কত্তাতি ফলাতে হবে না, থাম।

মুখ থামিলে রব থামে, কিন্তু রোদন ত থামে না।

দামিনী নীরব হইল, কিন্তু শ্বাসরুদ্ধের মতই পাগল হইয়া উঠিল।

মরণ টুঁটি চাপিয়া ধরে, রোগীর শ্বাস রুদ্ধ হইয়া আসে ; সে সমস্ত অঙ্গের শিথিলতম বাঁধনটুকু পর্যন্ত কাটিতে চায়, যেন ওইটুকু টুটিলেই সে আরামের শ্বাস ফেলিয়া বাঁচিবে। তেমনই অস্থিরতায় দামিনী আপনার সারা অঙ্গের মাঝে যদি কোথাও কোন সোনারূপার বাঁধন থাকে, তাহার খোঁজ করিয়া যায়।

নাই, মেলে না ; চোখে পড়ে রোগা ছেলেটার সরু লিকলিকে হাতে শতচ্ছিদ্র জীর্ণ রূপার বালা দুইগাছা।

দামিনী তাই খুলিয়া লয়, ছুঁড়িয়া সুবলের দিকে ফেলিয়া দেয়। ছেলেটা শ্রান্ত সরু গলায় কাঁদিয়া উঠে, আমার গন্না—আঁ—আঁ।

গোষ্ঠও একটা আরামের নিঃশ্বাস ফেলিয়া বলে, তাই রাখ ভাই, তাই রাখ ; শুধু হাতে কারবার ভাল নয়, কিছু থাকা ভাল।

ছেলেটার কান্না কিন্তু থামে না, সে কাঁদিয়াই চলে, আমার গন্না—আঁ—আঁ।

দামিনী পাষাণের মত বসিয়া রহিল, ছেলেটাকে সান্ত্বনা দিতে চেষ্টা পর্যন্ত করিল না। করিল না নয়, বোধ হয় পারিল না।

গোষ্ঠ কহে, দূর, শুধুই আঁ—আঁ। সে উঠিয়া চলিয়া যায় মাঠের পানে। দাওয়া হইতে নামিয়াই নতদৃষ্টিতে পড়ে ছেলেটার জীর্ণ বালা দুইগাছা, সুবল ফেলিয়া দিয়া গিয়াছে!

দয়া! সর্বাঙ্গ তাহার রি রি করিয়া উঠে, বালা দুইগাছা হাতে তুলিয়া সে সঙ্কল্প করে, সুবলের মুখে ছুঁড়িয়া মারিয়া আসে। আবার মনে হয়, কত দাম ইহার, বড় জোর বারো গণ্ডা পয়সা ; সঙ্গে সঙ্গে আপনিই সে হাসে, বড় দুঃখের হাসি। চারিটা টাকা দিয়া বারো আনার দ্রব্য বিনিময়, যদি নাই লয় সে। বালা দুইগাছা সে ছেলেটার দিকে ছুঁড়িয়া দিয়া মাঠের পথ ধরে। ছেলেটা বালা দুইগাছা বুকে চাপিয়া ধরে, মানিকের মত নাড়ে-চাড়ে ; ওইটুকু যে এ বিশ্বে উহার আভরণের গৌরব।

সবুজ মাঠে গোষ্ঠের বুকখানা জুড়াইয়া যায় ; সে ভাবে, আশা বোধ হয় সবুজ-বরণী।

* *

হালে পোঁতা তরকারির বীজের চারার কাছে বসিয়া আঙুলের ডগা দিয়া সন্তর্পণে মাটি সরায়, একটি প্যাঙাশে নরম অঙ্কুরের প্রত্যাশায়।

—তরুণী নারী যেমন ভাবী সন্তানের স্বপ্ন দেখে।

অঙ্কুর উঠে নাই, মরা মন লইয়া বেচারী উঠিয়া দাঁড়ায়, একটা দীর্ঘশ্বাসও পড়ে; আপন মনেই বলে, মোটে তো আজ তিন দিন, আর দু-তিন দিনে বেরুতেই হবে। আর ও কটা যদি নাই হয়, তাই বা কি, ধানেই এবার ছয়লাপ।

আল-পথের 'পরে দাঁড়াইয়া ধানী জমির পানে তাকায়, চোখ যেন জুড়াইয়া যায়, সে বলে, বলিহারি, বলিহারি, কি রং মাইরি, কালো, আঁধার, যেন আষিঢ়ে মেঘ নেমেছে জমিতে।

সে মনের আনন্দে গান ধরে, "ও কালো কালিন্দী-কূলে দেখ সখি কালো মেঘ নেমেছে।"

ওদিকের রাস্তা হইতে কে হাঁকে, গোষ্ঠ! গোষ্ঠ!

ও গাঁয়ের সতীশ সরকার, জেলার সদরে থাকে, পাঁচজনের মামলার তদ্বির করে; বেঁটে-খাটো চেহারা, পেটটা মোটা, কবিরাজ বলে—পাঁচসেরী পিলে ওটা। সতীশ তবু ওষুধ খায় না। বলে, কচু জান তুমি, ও আমার বুদ্ধির গেঁড়ো, ওরই জোরে ক'রে খাই বাবা।

লোকে বলে, ও একরকম ভুঁড়ি, বদহজমের ভুঁড়ি, বেটার টাকা হজম হয় না, তাই ভুঁড়িটা অমনই।

গোষ্ঠ অগ্রসর হইয়া প্রণাম করিয়া কহে, সরকার মশায়, তা সব কুশল তো? সরকার কুশলের ধার দিয়া যায় না, সোজাসুজি কাজের কথা পাড়ে, মামলাকে এত ভয় করলে চলবে কেন গোষ্ঠ?

গোঁফ তাহার ঘন ঘন এপাশে ওপাশে নাচে; ওইটা তাহার মুদ্রাদোষ। গোষ্ঠ কথাটার মাঝে গুরুত্ব খুঁজিয়া পায় না, সে হাসিয়া কহে, মামলাকে কি আর ডরাই সরকার মশায়, ডরাই যত আমলাকে, খাঁই আর মেটে না।

কথাটা সরকারের গায়ে বাজে, সেও ওই শ্রেণীভুক্ত যে; সে তীব্রকণ্ঠে কহে, শুধু পয়সা কেউ চায় না রে, শুধু পয়সা কেউ চায় না, তারা তো ভিখিরী নয়। এই তো বাবা, নিলে বেটা দত্ত নিলেম ক'রে তোর জোতকে জোত। সে মামলা করলে, ডিক্রী করলে, নিলেম করলে, জানতে পারলি? আমলারা পয়সা খেয়ে নেমখারামি করে না, যার পয়সা খায় তার কাজ বজায় দেয়, বুঝলি?

গোষ্ঠর মাথায় যেন কে মুগুরের ঘা মারে, সব যেন গোলমাল হইয়া যায়। তাহার জমি, তাহার অন্নদাত্রী মা ভূমিলক্ষ্মী। তবু সে স্বস্তির আশায় কথাটা অবিশ্বাস করিতে চায়, কহে, আজ্ঞে না, তাই কি হয়, আজই যে দু'টাকা সুদ নিয়ে গেল।

সরকার হাসিয়া ওই সরল বিশ্বাসের জন্য গোষ্ঠকে গালি দেয়, চাষা কি সাধে বলে রে, বুদ্ধিগুণেই চাষা বলে; হুঁ, তোমার দোষ কি, বল? ন চাষা সজ্জনায়তে—এ যে শাস্ত্রবাণী। বলি নাই আমি একবার, ওরে গোষ্ঠ, দত্ত নালিশ করেছে, একটা জবাব দে। তুই বললি, টাকা নিয়ে আর জবাব কি দোব সরকার মশাই? তবে ধ'রে পেড়ে দেখি, দত্তকে এখন

থামাই ; তুই ধরলি পাড়লি, দত্তকে মুখে রাজীও করলি, কিন্তু আদালত তো হাঁটলি না, মামলাটা তুলে নিলে, কি না নিলে, তা দেখলি না। ভয় হ'ল আমলার হাঁ দেখে। নে, এখন তার ফল দেখ্।

গোষ্ঠ স্তম্ভিত হইয়া গেল। চোখে তাহার দৃষ্টি জাগ্রত ছিল, কিন্তু দৃশ্য সমস্ত যেন অর্থশূন্য বোধ হয়।

সরকার কহে, তুই নিলেম রদের মামলা কর্। দেখ্, বেটা চামারকে কেমন ফাঁসাই, তদ্বিরের ভার আমার, সে তোকে ভাবতে হবে না। ও বেটা বেনে, আমিও কায়েত।

কথা গোষ্ঠর কানে যায় না, তাহার বুকের মাঝে ক্ষোভে দুঃখে ক্রোধে একটা ঘূর্ণি জাগিয়া উঠে।

একটি বিধিবদ্ধ সঙ্ঘবদ্ধ অত্যাচারে নিঃশেষিতপ্রায় মানবাত্মার যেটুকু অবশেষ ওই নিরীহের বুকে ছিল, সে বুঝি বিদ্রোহ করিয়া উঠে ; বাহিরের দেহেও তাহার বিকাশ হয়, দীর্ঘ মোটা মোটা হাড় বাহির করা দেহখানার শিথিল পেশীগুলার মাঝে একটা চাঞ্চল্য বহিয়া যায়, কাঠিন্য ফুটিয়া উঠে, শিরাগুলা মোটা হয়, বোঝা যায়, রক্তের স্রোতে জোর ধরিয়াছে।

মানুষকে সে আর বিশ্বাস করিতে চায় না, তাহার ঘৃণা-ভরা সন্দিগ্ধ চোখে সরকারের মতলব আজ ধরা পড়ে, সে হাসিয়া কয়, মামলার খরচ কে দেবে সরকার, বুদ্ধি তো তোমার কায়েতের বটে, কিন্তু যাতে রস, ওই জমি আমার লক্ষ্মী মা, ও গেলে খরচ যোগাবে কে ? তুমি দেবে ?

সরকার কহে, ওরে, কায়েতের বুদ্ধিতে সব আছে, জমিতে তুই দখল দিবি না ; জমি তো তোর দখলে, বাঁশগাড়ি করতে যায়, তুলে ফেলে দিবি।

কথাটা ক্রোধতপ্ত কানে লাগে ভাল, গোষ্ঠ কহে, দখল আমি ছাড়ব না সরকার। যা হয় হবে, আমার জমিতে গেলে ওকে আমি গোটা রাখব না। মামলা-ফামলা যা করতে হয় ও করুক।

সরকার শিহরিয়া কয়, সব্বনাশ সব্বনাশ, জেল হয়ে যাবে ; মামলার বল না নিয়ে কি ফৌজদারী করা হয় ; অথ না হ'লে শুধু সামথ্যে কি হয় ?

গোষ্ঠ কহে, তা অথ নাই যখন, তখন সামথ্য ছাড়া উপায় কি ?

সরকার চোখ দুইটি বড় করিয়া কহে, বেটা ডাকাত রে ! বলে কি ? খবরদার, মরবি, মরবি। ওরও লাঠি আছে, ও শালা কি কম ধুত্তু, শালা ধুত্তু শেয়াল, টাকায় জমিদারকে বশ করেছে ; দেখেছিস তো, জমিদারের চাপরাসীর পেতলে বাঁধা লাঠি ?

যুগ-যুগান্তের, পিতৃ-পিতামহের পুষিয়া-রাখা জমিদার-ভীতির সংস্কার বুকের মাথা চাড়া দিয়া উঠে। বুকের ঘূর্ণিটার বল, বেগ ক্ষীণ হইয়া পড়ে।

এই সেদিনই সে যে কথাটা বলিয়াছিল, সেই কথাটা তাহার মনে পড়ে, বাঘে ধান খায় তো তাড়ায় কে ?

সরকার বলিয়াই যায়, তার চেয়ে শোন্, খরচ বেশি হবে না, পাঁপরের মকদ্দমা ক'রে

দোব, হাকিমকে এক দরখাস্ত দোব, হুজুরের অধীন গরিব, মামলা-খরচের সামর্থ্য নাই — গোষ্ঠ যেন কূল পায়, সে ব্যগ্র হইয়া বলিয়া উঠে, তা হয় সরকার মশায়, হয়, অ্যাঁ ?

সরকারের গোঁফ-নাচানো মুদ্রাদোষটা প্রবল হইয়া উঠে, সে হাসিয়া কহে, হয়, না হয় সে আমার ভার, তার ভাবনা তোর না ; আসছে সোমবার ক'রে তুই গোটা দশেক টাকা নিয়ে সদরে যাস। আমার বাসা জানিস তো—বাসা ? আচ্ছা, না জানিস, নাই, ওই হোটেলে নেমে তুই আগে খেয়ে নিবি, তারপর ওইখানেই থাকবি, আমি খুঁজে নোব, বুঝলি ?

গোষ্ঠ হতাশ হইয়া পড়ে, দশ টাকা যে তাহার পক্ষে দুই শো, দুই হাজার বলিলেও ক্ষতি নাই ; সে ম্লানকণ্ঠে কহে, দশ টাকা যে আমাকে কাটলে বেরুবে না সরকার মশায় ; ধারও মিলবে না।

সরকার এবার খিঁচাইয়া উঠে, তবে কি মামলা তোমার অমনই হবে, তোমার চাঁদ-বদন দেখে নাকি ?

ওই যে বললেন, পাঁপরের দরখাস্ত দিলেই হবে ?

খরচ হবে না ব'লে কি একেবারে তিন শূন্যতে চলে বাবা ? দরখাস্ত দিতে খরচ নাই ? এই ধর্ না, হিসেব তোর মুখে মুখেই হবে—উকিল পাঁচ টাকা, মুহুরী সেও পাঁচ সিকের কম ছাড়বে না, কোর্ট-ফী এক টাকা, ডেমি দু পয়সা, ম্যাদ আট আনা, বিত্তি চার আনা, আর এদিক ওদিক বাজে খরচ সেও তোর দু'টাকার কমে তো হয় না, এই তো তোর দশ টাকা দু'পয়সা, তা ডেমির দু'পয়সা তোকে লাগবে না, ডেমি আমি দোব।

গোষ্ঠর চোখ দিয়া জল পড়ে, সে ঘাড় ফিরাইয়া জমিগুলার পানে চায়, দূর হইতে ঘন সবুজ ধানগুলি সত্য সত্যই কালো মেঘের মত দেখায়।

সরকার কহে, আচ্ছা, এক কাজ কর, তোর ওই নাথারাজ গড়েটা—ওইটা বাঁধা দে, টাকার বন্দোবস্ত আমি করে দোব। যাস সোমবারে, বুঝলি ? সবই হবে সেইদিন, বন্ধকী দলিলও হবে, দরখাস্তও দেওয়া হবে, কি বল্ ?

তখনও গোষ্ঠর চোখ ফেরে নাই, মমতায় সারা বুক টনটন করিয়া উঠে, সে কহে, তাই যাব সরকার মশায়, কিন্তু দেখবেন যেন ফিরতে না হয় ; এ বিপদে আপনাকে রাখতেই হবে।

সরকারের পা দুইটা সে চাপিয়া ধরে।

মন বিশ্বাস করতে চায় না, ভরসা হয় না।

কিন্তু মাটির পরে চাষীর মমতার মোহ কহে, তবু যদি।

সরকার ভরসা দিয়া আপন পথ ধরে, গোষ্ঠ ফিরিয়া আপন জমির আঙুলের উপর মাথায় হাত দিয়া বসিয়া ধানের পাতা নাড়েচাড়ে, কচি কচি সতেজ ধানগুলি হাওয়ায় লুটোপুটি খেলে, গোষ্ঠর গায়ে পড়ে, পায়ে পড়ে। যেন দুরন্ত চঞ্চল শিশুর দল।

সহসা গোষ্ঠ নারীর মত ফুঁপাইয়া কাঁদিয়া উঠে।

পথে যোগী মোড়লের বৈঠক ; সেথায় গোষ্ঠ আসিয়া বসে।

মাইনার-পাস ছোকরা রমাপতি মাস্টার সেখানে পাঠশালা করে। মোড়ল-কর্তার সাপ্তাহিক খবরের কাগজ পড়ে, আগে পড়ে নারী-হরণের কলম—দিবাদ্বিপ্রহরে নারী হরণ, পাশবিক অত্যাচার, বাড়িতে পুরুষ কেহ ছিল না, চারিজন বদমাইশ ঘরে প্রবেশ করিয়া—

মোড়ল-কর্তা চেঁচাইয়া উঠে, ওরে মদনা, মদনা, ওরে শালা ডোম।

মদনা বাড়ির রাখাল, সে উত্তর দেয়, কিন্তু মোড়ল-কর্তার কানে যায় না।

মদনা আসিয়া সম্মুখে দাঁড়ায়।

মোড়ল-কর্তা খিঁচাইয়া উঠে, বলি, লবাব, ছিলেন কোথা, রা দাও না যে?

মদনা বলে, বলি, রা মানুষে কবার কাড়ে, রা তো দিলাম।

আবার মুখের উপর মুখ! কর্তা ঠেঙাগাছাটা হাতড়ায়, হাতে ঠেকিতেই সে গাছটা ফাবড়াইয়া দেয়। মদনার লাগে না, তবু সে বলে, মেলে তুমি আমাকে?

কর্তা কহে, বেশ করেছি। বলিয়া হুঁকা টানে, ক্ষণেক পরে আবার কহে, বুড়ো মানুষের রাগ তো জানিস, তুই স'রে গেলি না কেন? তা বিকেলে এক সের চাল নিস্, মদ খেলেই গায়ের বেথা সেরে যাবে। যা দেখি, রতে ছুতোরকে ডেকে আন্, বল্, খিল আঁটতে হবে দুয়োরের। আর হরিশ, ব'লে দাও চব্বিশ ঘণ্টা দুয়োরে খিল—। শালারা, দিবা দ্বিপ্রহরে, আয় শালারা—

আবার লড়াইয়ের সময় মাস্টার লড়াইয়ের খবর পড়ে, ম্যাপ আঁকিয়া লাইন বুঝায়, বলে, এই দেখ কর্তা, এই হ'ল ফ্রান্স, এই তোমার জার্মানি, আর এই রুশ।

বুড়া বলে, এ তো শুধু দাগ হে মাস্টার, নক্সা এঁকে লড়াই বোঝা যায়? এখন কে হারল তাই বল, এ সায়েবরা, না উ সায়েবরা?

মাস্টারের বয়সী বাগাল রায় বলে, বুঝতে কেনে নারবে খুড়ো, এই দেখ, এই হ'ল ফেরান্স।

বুড়া বিরক্ত হইয়া কহে, রাখ্ বাপু তোর ফেরাঙ-টেরাঙ, ওসব তোরা বোঝ্ গিয়ে। এখন কাপড় সস্তা কখন হবে তাই বল হে মাস্টার?

মাস্টার বলে, তবে ডুবো-জাহাজের ঠেলা কত্তা, মাল নিয়ে ভাসা জাহাজের কি পার আছে? মাল নিয়ে জলে ভেসেছেন কি দুই তিন কোশ দূর থেকে তাল মেরে, চোল—চোল—মারা ডুঁ, আর এক ডুঁতেই বাস্ চিচিং ফাঁক, জলের তলায় ভরভর—ফস।

বাগাল বলে, তবে ডুবো-জাহাজের টিরিক-ফিরিক ম'ল এইবার, আকাশে ফরফর উড়বে আর কলকাতায় এসে নামবে তোমার; কাটুক শালা ডুবো-জাহাজ জলের তলে বুটবুটি।

বিস্ময়ে বুড়ার চোখ দুইটা ভাঁটার মত পাকাইয়া উঠে, সে কহে, উড়বে কি ক'রে বাপু; গরুড়পাখীর বাচ্চা ধরেছে নাকি, অ্যাঁ?

মাস্টার হাসিয়া বলে, না কত্তা, কল কল কলে উড়বে—অ্যারোপ্লান।

কাগজে অ্যারোপ্লেনের ছবি আঁকে, ছবিটা দাগে দাগে হয় একটা বৃত্ত।

বুড়ো বলে, দূর এ কি হ'ল, রসগোল্লা আবার ওড়ে?

মাস্টার বলে, কেন কত্তা, রাহুর ছবি, চাঁদের চেহারা দেখ নি? ওই সব থেকেই ওরা এই সব করলে; সব আমাদের নিয়ে, আমাদের পুষ্পক রথ—

বুড়া চটিয়া কহে, সবই তো শুনি তোদের, ও ছিল-ফিল বুঝি না, করতে পারিস তো বুঝি, পারিস বানাতে ওই কি বলছিস এলাং-পেলাং না কি?

বর্তমানের নগ্ন রিক্ততায়, দারিদ্র্যে, মরণ-দ্বারের বৃদ্ধের পর্যন্ত অতীতের পানে চাহিবার অবকাশ নাই।

তরুণ চাহে ভবিষ্যতের পানে, সে স্বপ্ন হয়তো।

বাগাল কহে, হবে বইকি খুড়ো, আমাদেরও হবে।

সে সব পুরানো কথা।

আজ মাস্টার পড়িতেছিল, অসহযোগ আন্দোলন, বক্তৃতার সুরে সে পড়িতেছিল, মহাত্মার বাণী, স্বরাজ আসিবে, স্বরাজে আমাদের জন্মগত অধিকার, শুধু বাণী পালন কর। বুঝলে কত্তা, স্বরাজ হলেই আর চাই কি!

স্বরাজ মানেটা আমায় বুঝিয়ে দিতে পার, তবে তো বুঝি ব্যাপারটা কি?

মানে, বুঝলে না কত্তা? আমরাই আমাদের মালিক—রাজা, ওই ওতেই আমাদের দুঃখ ঘুচবে কত্তা।

তাই কি হয় মাস্টার? রাজা থাকবে না—

বহুযুগ নিরক্ষরের কানে কথাটা বিস্ময়ের মত ঠেকে।

তরুণ রক্ত, যুগের হাওয়ায় উষ্ণ চঞ্চল; বাগাল কহে, কেন হবে না খুড়ো, এই তো ফেরান্স অ্যামেরিকা—

কর্তা চটিয়া যায়, তুই থাম বাপু, তুই আর পাকামি করিস না, মাস্টার বলছে তাই বলুক, না খালি ফেরান্ ফেরান্! হ'লি কি রে বাপু, বাপখুড়োর খাতিরও করবি না।

ও পাড়ার গণেশ দেবাংশী কহে, যা বলেছ ভাই, আমাদের আমল পালটিয়ে গেল; সে সব আর কিছু রইল না।

মাস্টার বলে, তফাত তো হবেই কত্তা, তোমরা হ'লে পুরনো, আমরা নতুন।

গোষ্ঠর দুঃখার্ত মন দুঃখ দূরের কথাটা ভোলে না, কহে, জমিদার-মহাজন উঠবে বলতে পার?

অন্তর-ফাটা বাণী, আন্তরিকতার গাম্ভীর্যে এত গম্ভীর যে, মজলিসের চটুল ভাবটুকু উবিয়া গেল। মরুক বুক-চেরা ঝঞ্ঝা বায়ুস্তরের রস পর্যন্ত যেমন শুষিয়া লয়।

সবার বুক চিরিয়াই দীর্ঘশ্বাস বহে।

যোগী বলে, ওই যা বলেছে গোষ্ঠ, স্বরাজ-ফরাজ বুঝি না আমরা, যমের হাত হতে বাঁচি কিসে তাই মহাত্মা বলুক। হ্যাঁ, চাচা আপন জান বাঁচা।

অতকালের অত্যাচারে, অনাহারে অতীতের সব—দেশ, ধর্ম, সমাজ, সমস্ত ইহাদের কাছে বুঝি তুচ্ছ হইয়া উঠিতেছে। শুধু জীব-জগতের একমাত্র জন্মগত প্রেরণা, বাঁচিবার চেষ্টায় কঙ্কালগুলা পাগল।

কিন্তু ক্লান্ত মস্তিষ্কে উপায় আসে না ; শ্রান্ত দেহ এলাইয়া পড়ে।

কে যে ইহাদের জীবন অদৃশ্যভাবে যুগযুগান্তর ধরিয়া শোষণ করিয়া লইতেছে, তাহাও ইহারা জানে না ; বিধাতা, না মানুষ ?

আর সে জীবন ফিরিয়া চাহিতে চীৎকার করিতেও বুঝি ক্লান্তি আসে। তবে তাহা চায় তাহারা ; মাটির তলের অঙ্কুর যে সুরে যে ভাষায় আলো বাতাস চায়, সেই সুরে সেই ভাষায় ইহাদের সে চাওয়ার বাণী বুকের মাঝে অহরহ বাজে।

কয় দিন পর।

গোষ্ঠ মাঠ হইতে ফিরিয়া বাড়ির ভেজানো দুয়ারটা খুলিতেই মনে হইল, ওদিকের দুয়ার দিয়া কে বাহির হইয়া গেল, আবছা দেখা, ঠিক চেনা গেল না, কিন্তু মনে হইল, সুবল।

গোষ্ঠ ত্বরিত পদে অনুসরণ করিয়া খিড়কির দুয়ারে আসিয়া কাহাকেও দেখিতে পাইল না ; ঠিক পাশেই সুবলের দুয়ার বন্ধ, শিকলটি পর্যন্ত নড়ে না। গোষ্ঠ বাড়ি ফিরিয়া হাঁকিল, ওগো !

কেহ সাড়া দিল না।

ভিতর-ঘরের দরজা খুলিয়া দেখিল, রুগ্ন ছেলেটা অকাতরে ঘুমাইতেছে, দামিনী নাই। দাওয়ার'পরে কোদালিটা রাখিয়া হুঁকা হাতে চলিল মোড়ল-কর্তার দলিজার পানে ; কিন্তু মনের কোণে একটা অস্বস্তি জাগিয়া রহিল, কে গেল ?

দামিনী জল আনিতে গিয়াছিল।

ঘড়া কাঁখে বাড়ি ফিরিয়া দুয়ারের পাশে কোদালি দেখিয়া বুঝিল, গোষ্ঠ মাঠ হইতে ফিরিয়াছে। কিন্তু গেল কোথায় ? হয়তো নেশার আড্ডায় গিয়াছে।

মনটা কেমন হইয়া উঠিল।

এমন করিয়াই কি মানুষ নেশায় মজে ? ঘরে রোগা ছেলে, তার খোঁজ লওয়া নাই, মুখে কিছু দেওয়া নাই, আর এ কদিন আবার সবই বেশি বেশি ! আর মাঠেই বা এত কাজ কি ? নিড়েন তো হইয়া গেল !

বিরক্তিভরে দামিনী ঘড়াটা রাখিয়া আপন মনেই বকিতে বকিতে কোদালিখানা ঘরে ঢুকাইতে সেখানা তুলিয়া সোজা হইতেই তাহার দৃষ্টি পড়িল সম্মুখের কুলুঙ্গির 'পরে।

রঙিন কাগজে মোড়া কি ওইটা ?

দামিনী কোদালি ছাড়িয়া মোড়ক খুলিয়া দেখে—একজোড়া শাঁখা।

লাল রঙের উপর সূক্ষ্ম তুলির রেখায় হলুদ রঙের নক্সা, দামিনীর চোখ ফিরিল না। রূপার পৈঁছার চেয়ে শাঁখার রূপখানি যেন শতগুণে অপরূপ। এ তো শাঁখের শাঁখা নয়, এ তাহার সোনার কাঁকন।

শাঁখা জোড়াটির রক্ত-রাগটুকু মুহূর্তে অনুরাগ হইয়া তাহার সমস্ত মন আচ্ছন্ন করিয়া ফেলিল।

আশ্চর্য মানুষের মন, আবার দুই ফোঁটা জলও চোখ হইতে ঝরিয়া পড়িল ; অধরে অতি মৃদু ম্লান হাসি।

ওই নিরুপায় মানুষটির অক্ষমতার বেদনা শতগুণ হইয়া মনে বাজিতেছিল। সে তাড়াতাড়ি সাতু ঠাকুরঝির বাড়ি শাঁখা পরিতে ছুটিল।

ঠাকুরঝি, শাঁখা জোড়াটি পরিয়ে দাও ভাই।—বলিয়া কাপড়ের পাড়-জড়ানো হাত দুইখানি নিঃসঙ্কোচে বাহির করিয়া দিল।

সাতু কহিল, পৈঁছে কি হ'ল লো, হাতে পাড় জড়ানো ?

দীর্ঘ অনশনের পর অর্ধাশনের তৃপ্তিতেই মানুষ ক্ষুধার দুঃখ ভোলে ; শাঁখা দিয়াছে—এই সুখে, পৈঁছা গিয়াছে—এ দুঃখ, দামিনীর মনে ঠাঁই পাইল না ; সে অম্লান বদনে মিথ্যা বলিয়া গেল, খিল ছেড়েছে, তাই খুলেছি।

সাতু মুখ টিপিয়া হাসিয়া কহিল, যাই বলিস ভাই বউ, গোষ্ঠদাদা বড় মেগো।

কেন লা ?

এই দেখ্ না, পৈঁছে খুলতে না খুলতে রাঙা শাঁখা, বোন হ'লে পাঁচ দিন লাগত। এই বলিয়া সাতু ছড়া কাটিয়া উঠিল—

"রাঙা হাতে রাঙা শাঁখা দেখতে ভাল বাসি হে।"

দামিনী আনন্দ-কৌতুকে কোপ করিয়া উঠিল, মর্, মর্ ভাই-স'গী।

সাতু আবার ছড়া কাটিয়া লইল—

"ভাইয়ের সোহাগ বউ নিয়েছে, বোন হয়েছে সুখের কাঁটা।
বউয়ের বেলা শাঁখা শাড়ি, বোনের পিঠে মুড়ো ঝাঁটা।"

মর্, এতও জানিস !

না জানলে বউ জব্দ হয় কি ক'রে ? কই, হাত দে দেখি, বেলা থাকতে পরিয়ে দেই ; ল্যাম্পোর আলোতে রাঙা হাতের শোভা দেখে দাদার আশ মিটবে কেন ?

দামিনী হাত বাড়াইয়া দিয়া কহিল, ভারী দুষ্টু হয়েছিস, দাঁড়া, এবার নন্দাই আসুক, ব'লে দোব।

সাতু শাঁখা পরাইতে পরাইতে কহিল, কি বলবি ?

বলব,—উঃ, আস্তে আস্তে লো,—ব'লে দোব, সাবধান হ'য়ো ভাই, তোমার গিন্নীর ভারী নজর ভাইয়ের ওপর। দেখবি, আর পাঠাবে না। উঃ উঃ, না না, আর বলব না, উঃ।

কথার মাঝেই সাতু বলিতেছিল, বলবি, বলবি আর, বল্, নইলে আরও জোরে—এ—এই হয়েছে, নে চোখ মোছ।

শাঁখার চাপে দামিনীর চোখে জল আসিয়াছিল।

সাতু কহিল, মাইরি বউ, তোকে যা লাগছে ভাই, কি বলব ! মুখখানা সিঁদুর-মাখা, চোখের পাতা ভারী ! যা যা, ছুটে যা, এই রূপ নিয়ে দাদার সামনে গিয়ে দাঁড়া ; আর শাঁখা-পরা রাঙা হাত ছুতোনাতা ক'রে মুখের কাছে নেড়ে দিগে। উঃ।

দামিনী সাতুর পিঠে একটা কিল বসাইয়া দিয়া ছুটিয়া পলাইল।

সাতু কহিল, বটে, এই বুঝি শাঁখা পরানোর বানি ?

গোষ্ঠ দাওয়ায় বসিয়া ধার-করা তামাকটুকু টানিতেছিল আর ভাবিতেছিল, লোকটা কে ? সুবল ? কিন্তু সুবলের দুয়ার তো বন্ধ, শিকল পর্যন্ত নড়ে না। সে হইলে দুয়ার বন্ধ করার শব্দ তো হইত, অন্ততঃ শিকলটাও নড়িত। তবে কে ?

দামিনী সাতুর বাড়ি হইতে ছুটিতে ছুটিতে আসিয়াই গোষ্ঠকে দেখিয়া সানন্দে কৌতুকে থমকিয়া মাথায় কাপড় টানিয়া দিয়া কহিল, দ্যুৎ, সাড়া দেয় না, এমন লোক !

গোষ্ঠ উঠিয়া দুয়ারে উঁকি মারিয়া দেখে, দামিনীর পিছনে কে।

দামিনী কিন্তু ওদিকে খেয়াল করে না। মনে তাহার তখন রসের মাতামাতি।

রূপের উপচারে দেবতাকে অঞ্জলি দিতে সাধ হয়, শাঁখা-পরা হাত দুইখানি মেলিয়া দিয়া কহিল, দেখ দেখি, কেমন হয়েছে।

বীণার আ-বাঁধা তার ঘা খাইলে বেসুরা ঝঙ্কারই তুলিয়া থাকে, গোষ্ঠর সন্ধান-ব্যগ্র সন্দিগ্ধ মন শাঁখা দেখিয়া শোভায় মুগ্ধ হইল না, বাঁকা চোখে তীব্র দৃষ্টিতেই চাহিল। পাইল কোথা ? সম্বল তো সবই জানা। চট করিয়া মনে পড়িল, আবছা-দেখা লোকটাকে সুবল বলিয়াই মনে হইয়াছিল ; তবে শাঁখার গায়ে এখনও অস্পষ্ট হাতের ছাপ—ও সুবলের ছাপ বলিয়াই গোষ্ঠর প্রত্যয় জন্মিয়া গেল।

সে দামিনীর হাতখানা ঠেলিয়া দিয়া ধীরে ধীরে উঠিয়া গেল।

দামিনীর লাজ-রক্তিম আনন্দোজ্জ্বল মুখখানি মুহূর্তে শবের মত বিবর্ণ হইয়া গেল।

ভিতরে রুগ্ন ছেলেটা একটা গভীর যন্ত্রণাকাতর শব্দ করিয়া উঠিল, উঃ, মা গো !

দামিনী দীর্ঘনিশ্বাস ফেলিয়া ঘরের দিকে চলিল।

উদ্‌ভ্রান্ত পদক্ষেপে চলিতে দুয়ারের চৌকাঠে হুঁচোট খাইল, কিন্তু সেদিকে লক্ষ্য করিবার তাহার অবসর ছিল না ; সে আর্তকণ্ঠে কহিল, কি হ'ল ধন, আজ যে ভাল ছিলে বাবা।

ছেলেটা ওই যে 'মা গো' বলিয়া ডাকিল, ওই শেষ ডাক, তারপর আর ডাকিল না।

এমন একটা প্রবল জ্বর আসিল যে, কঙ্কালসার দেহখানা থরথর করিয়া কাঁপিতে লাগিল, নাভি হইতে বুক পর্যন্ত দুঁপিয়া দুঁপিয়া উঠে, শীর্ণ হাতখানায় বুঝি অবশিষ্ট সব শক্তি সঞ্চারিত করিয়া দেহের সকল আবরণ ঘুচাইতে চাহিল ; যেন ওই তুলার আবরণ পাষাণের ভারে বুকে চাপিয়া বসিয়াছে।

বসিয়াছিল সে মরণ।

তিলে তিলে বিন্দুর পর বিন্দু ভার বাড়াইয়া রাত্রি দেড় প্রহরের সময় দেহখানার সকল স্পন্দন নীরব করিয়া দিল।

দামিনী বুক চাপড়াইয়া মেঝের 'পরে আছাড় খাইয়া পড়িল, আর্ত মাতৃকণ্ঠে মরণের বিজয়বার্তা ঘোষিত হইয়া গেল ; নিশীথে নিস্তব্ধ পল্লীটার আকাশ বাতাস শিহরিয়া উঠিল।

গোষ্ঠ উন্মাদের মত চীৎকার করিয়া উঠিল, রাক্ষুসী সর্বনাশী, তুই আমার ছেলে খেলি; তোর পাপেই আমার ছেলে গেল। সর্বনাশী, ছেলের চেয়ে তোর সুবল বড় হ'ল, একজোড়া শাঁখা বেশী হ'ল?

ওই একটা কথায় নারীর সন্তানের শোক পর্যন্ত মূক হইয়া গেল, কে যেন বুকের 'পরে পাহাড় চাপাইয়া দিল।

অসাড় নিস্পন্দ পাষাণপিণ্ডের মত যেখানে পড়িয়া ছিল, সেইখানেই সে পড়িয়া রহিল, মৃত সন্তানটাকে বুকে টানিয়া লইতে পর্যন্ত পারিল না।

রাঙা শাঁখা জোড়াটা অন্ধকারের মাঝেও আগুনের মত জ্বলিতেছিল, না দামিনীর মনের মাঝে জ্বলিতেছিল, কে জানে! সহসা শাঁখা জোড়াটা আপন কপালে সজোরে ঠুকিয়া সে ভাঙ্গিয়া দিল।

তারপর আবার অসাড় নিস্পন্দ।

শুধু মাঝে মাঝে দীর্ঘশ্বাস-মাখানো একটি মৃদু কথা বুঝি জোর করিয়াই বাহিরে আসিতেছিল, মা, উঃ মাঃ!

বাহিরে ঝরিতেছিল জল। বর্ষণমুখর শ্রাবণ-রজনীর ওই মৃদু কণ্ঠ ঘরের দাওয়ায় গোষ্ঠর কান পর্যন্তই পৌঁছিতেছিল না, তা পাড়া-প্রতিবেশীর নিদ্রাভঙ্গ হয় কি করিয়া!

আসিল শুধু সাতু। দামিনীর প্রথম বুকভাঙ্গা আর্তস্বর তাহার কানে গিয়াছিল, সে যখন আসিল তখন দামিনীর কান্না থামিয়া গিয়াছে, সে পাথরের মত পড়িয়া আছে।

আরও একজন আসিল, সে সুবল।

সে সাতুরও আগে আসিয়াছিল, কিন্তু প্রবেশমুখেই উন্মত্ত গোষ্ঠর কথা কয়টা শুনিয়া আর ঘরে ঢুকিতে সাহস করে নাই, ঘরের পিছনে ছাঁচতলায় দাঁড়াইয়াছিল।

সাতু কহিল, বউ, একটু কাঁদ্ কেনে ভাই।

দামিনী একটা দীর্ঘশ্বাস ফেলিয়া কহিল, না ঠাকুরঝি, আমিই খোকাকে মেরে ফেলেছি।—বলিয়াই হু-হু করিয়া কাঁদিয়া ফেলিল, নীরব রোদন, অশ্রুরই ধারা শুধু।

সাতু সান্ত্বনা দিল না, দিবার প্রয়াসও করিল না।

কতক্ষণ পরে আবার দামিনী কহিল, ঠাকুরঝি, জল হচ্ছে বুঝি?

সাতু কহিল, আড়া-বিষ্টি জল, মাঠ-ঘাট ভেসে গেল। পুকুর গড়ে সব ভ'রে উঠেছে।

দামিনী ব্যগ্র কণ্ঠে কহিল, আমাদের গড়েও তবে ভরেছে?

শঙ্কিত কণ্ঠে সাতু তিরস্কার করিল, পোড়ারমুখী, দাদার হাতে শেষে কি দড়ি পরাবি নাকি? ছি!

তারপর সব চুপ, কথা যেন সব হারাইয়া গেল।

শুধু কয়টি প্রাণীর দুঃখদীর্ণ দীর্ঘশ্বাস, সে যেন শ্মশানের বুকে কঙ্কালের মালার মাঝ দিয়া বায়ুপ্রবাহ।

জীর্ণ কাঁথার 'পরে ছেলেটার শব।

শ্মশানখানা যেন ঘরের বুকেই প্রকট হইয়া উঠিল।

জীবন তাহা সহিতে পারে না, দূরে সরাইয়া দিতেই হইবে।

আগে কহিল সাতু, দাদা, ছেলেটার তো একটা গতি করতে হবে।

গোষ্ঠ কহে, হ্যাঁ, কিন্তু যে জল—

দামিনী কথা কহে না, মা—হয়তো সন্তানের শব সবার শেষ পর্যন্ত বুকে ধরিয়া রাখিতে চাহিবে, কিন্তু অবশেষে তাহাকেও উহা ত্যাগ করিতে হইবেই।

জীবন মরণের ভয়েই অস্থির, তাহার সান্নিধ্য সহিবে কেমন করিয়া?

সাতু কহে, পাড়ায় ডাক।

বর্ষণের পানে আঙুল দেখাইয়া গোষ্ঠ বলে, বাইরেও কি হচ্ছে দেখছিস?

তা ব'লে তো বাসী ক'রে ফেলে রাখে না। দাঁড়াও, আমি ডাকি।

সাতু উচ্চ কণ্ঠে হাঁকিল, মহান্ত!

দামিনী ধীরে দৃঢ় কণ্ঠে কহিল, না।

গোষ্ঠ কহিল, দাঁড়া, আমি পাড়ায় ডাকি।

সাতু কহিল, ডাকলেই আসবে?

দামিনী কহিল, আর কেউ আসবে না।

সাতু কহিল, এলে ওই আসবে; এ জলে আর কেউ আসবে না।

ততক্ষণে লোকটি আসিয়া পড়িয়াছে; ভিজিতে ভিজিতে সুবল আসিয়া কহিল, আমাকে ডাকছিলে?

ছেলেটা নষ্ট হয়েছে, তার গতিটা ক'রে দাও ভাই।

আর কে যাবে?

দাদাই যাবে, আর কে যাবে বল? এস, নাও, তুলে নাও, আর দেরি ক'রো না।

সুবল বিব্রত হইয়া কহিল, তুমি এনে দাও মায়ের কোল থেকে।

সাতু কহিল, এস তুমি। বউ মড়ার মত প'ড়ে আছে এক পাশে।

সুবল ঘরে ঢুকিয়া দেখিল, সত্য সত্যই দামিনী মড়ার মত পড়িয়া।

তাহার চোখে জল আসিল; তাড়াতাড়ি মুখ ফিরাইয়া বিছানা সুদ্ধ ছেলেটিকে তুলিতেই চোখে পড়িল কয়টা শাঁখাভাঙা টুকরা, রাঙা টকটকে, আগুনের মত ধকধক করিয়া জ্বলিতেছে যেন।

ধকধকে টুকরা কয়টা অঙ্গারের মত দাহে বিছানাটা ভেদ করিয়া তাহার অঙ্গ যেন পোড়াইয়া দিল।

ইচ্ছা করিল, ওই মরা ছেলেটাকে দামিনীর বুকে আছড়াইয়া ফেলিয়া দেয়, বলে, উপেক্ষার বিনিময়ে কি উপকার পাওয়া যায়?

সাতু পিছন হইতে বলে, নিয়ে যাও মহান্ত, নিয়ে যাও, মা কি ওই দেখতে পারে! বউ কেমন করছে।

সুবলের আর চিন্তার অবসর থাকে না, অন্ধকার বর্ষণমুখর শাঙন-রাতির সেই তাণ্ডবের মাঝে শব বুকে সে ঝাঁপাইয়া পড়িল।

সাতু কহিল, দাদা!

গোষ্ঠ সুবলের পিছন ধরিয়া কহিল, চল মহান্ত।

সাতু দামিনীকে ঠেলা দিয়া কহিল, বউ, বউ, বউ!

উত্তর নাই।

মুখে চোখে জলের ছাট দিতে দিতে অশ্রুরুদ্ধ কণ্ঠে সাতু কহিল, জাগিস নে হতভাগী, আর জাগিস নে।

ভাগ্য নিষ্ঠুর, দামিনীর জুড়ানো হয় না; সে দীর্ঘনিশ্বাস ফেলিয়া জাগে।

গোষ্ঠ ও সুবল রাস্তায় জল ভাঙ্গিয়া অতি কষ্টে শ্মশানের দিকে চলিয়াছিল।

মাথার উপর অবিরাম বর্ষণ আর দুরন্ত বাতাস; হাড়ের ভিতর অবধি কনকন করিতেছিল।

খান বিশেক মাঠ পার হইয়াই আর পথ নাই, মাঠ নাই, জল—শুধু জল, আর জলপ্রবাহের একটা কল-কল্লোল।

সুবল কহিল, বান।

পায়ে কাঠকুটার মত কি সব ঠেকিতেছিল, বিদ্যুৎচমকে সেগুলা দেখা যায়—পোড়া কাঠ, আঙার রাশি, ওই যে একটা কঙ্কালও।

গোষ্ঠ কহিল, শ্মশানে এসেছি না কি মহান্ত?

না, বানের ঠেলে শ্মশানটা এগিয়ে এসেছে। কথাটা শেষ হয় না, ওইটুকু বলিয়া বক্তাও শিহরে, শ্রোতাও শিহরে।

সুবল আবার বলে, তা—হ'লে—

স্বর বুঝিয়া গোষ্ঠ উত্তর দিল, হ্যাঁ, দাও তা হ'লে এইখানেই—

সুবল নামিয়া গিয়া বন্যার প্রবাহের মুখে শবটা ছাড়িয়া দেয়।

গোষ্ঠ গম্ভীর কণ্ঠে কহে, যা, চ'লে যা, তুই তো জুড়লি। আমার বুকে জ্বলে চিতে জলুক।

ভাবুক বাউল উদাস সুরে গান ধরিল, "শ্মশান ভালবাসিস ব'লে শ্মশান করেছি হৃদি।"

গোষ্ঠ ধীরে প্রশান্ত কণ্ঠে কহে, শ্মশান তো বুকে বুকে, ঘরে ঘরে, কিন্তু মা আসে কই, নাচে কই মহান্ত? ফাঁকি, ও সব ফাঁকি, ও সব মানুষের মন-গড়া কথা।

দুঃখের দিনে চরম নগ্ন বাস্তবতার মাঝে, মানুষের আশা-প্রত্যাশা, আকাঙ্ক্ষা, সর্বরিক্ত মন, পরম প্রত্যক্ষ সত্যের সন্ধান চায়।

যুগে যুগে পিষ্ট দারিদ্র্য দেবতার সন্ধান পায় না, সে কয়, সব ফাঁকি, মানুষের রচা কথা ওসব।

গোষ্ঠ আবার বলে, এ এইবার সবাই বুঝেছে, সবাই বলবে, দেখো।

ওই উপলব্ধি হয়তো সত্য, ওই বাণী বলিবার জন্যই যেন বিশ্বমানবের অন্তর প্রবুদ্ধ হইয়া উঠিতেছে।

মানুষ জন্মায় ক্ষুধা লইয়া, সে ক্ষুধা তাহার মরণ অবধি মেটে না ; মরণেও তাহার লয় নাই ; মানুষ মরে, অতৃপ্ত ক্ষুধা তাহার ধরণীর বুকে হা-হা করিয়া বেড়ায়, তাহার পর পুরুষের বুকে আশ্রয় লয়। এমনই করিয়া মানুষের ক্ষুধার আজ অন্ত নাই। দিনে দিনে সে অসহ লোলুপ তীক্ষ্ণ হইয়া উঠিতেছে।

আদি যুগে উদরের ক্ষুধায় মানুষে মানুষের মাংস খাইয়াছে, আজ ভোগের অতৃপ্ত ক্ষুধায় একটি জাতি অপর জাতির বুকের রক্ত অদৃশ্য শোষণে হরণ করে, আজ একটা মানুষেরই ক্ষুধা বোধ করি সমগ্র দুনিয়া গ্রাস করিয়াও মেটে না। ক্ষুধার তাড়নায় একের অপরের প্রতি দৃষ্টি-পাত করিবার অবকাশ নাই ; মানুষের ক্ষুধার তাড়নায় যীশুর সাধনা আজ ধর্মযাজকের কোমরে বাঁধা লোহার ক্রুসে নিস্পন্দ, ব্যর্থ ; বুদ্ধের বাণী আজ পাষাণের গায়ে আখরের রেখায় মূক।

দিন দুই পর, তখনও গোষ্ঠর চোখের কোল হইতে অশ্রুর রেখা মুছে নাই, তাহার দুয়ারের সম্মুখ দিয়া ঢোল পিটিয়া দত্ত গোষ্ঠর জমি দখল করিতে চলিল।

অপরিসীম শোকের রুক্ষতায় বুকটা হু-হু করিতেছিল।

তাহার উপর বঞ্চনার, প্রতারণার ক্ষোভে সেথা জাগিয়া উঠে বিপুল ক্রোধ, সে যেন একটা ঘূর্ণি।

আগুনের শিখা যেন পাক খাইয়া মাথার দিকে ছুটে, জ্ঞানবিবেচনার অবসর থাকে না। গা-ঝাড়া দিয়া গোষ্ঠ সোজা হইয়া দাঁড়াইয়া উঠে, ত্রস্ত পদক্ষেপে এদিক ওদিক কি সন্ধান করিয়া ফেরে। চায় সে লাঠি ; মেলে না।

সে ছুটিয়া গিয়া উঠে পাশের গাঁয়ের ভল্লাপাড়ায় রাম ভল্লার বাড়ি।

রাম লাঠি-খেলার ওস্তাদ ; সে জেল-খাটা দাগী, ভাল লোকে বলে, সে ডাকাত।

রাম বলে, বলুক, ভদ্দরলোককে না মানলেই সে ডাকাত। তা ডাকাত আমি।

ঝড়ের মত গোষ্ঠ আসিয়া কহে, ওহে, ওস্তাদ, একগাছা লাঠি—

কথা শেষ করিতে পারে না, বুকের মোটা মোটা পাঁজরগুলা লাফাইতে থাকে।

পাঁচ হাত লম্বা মানুষটি, দেহে ভোগালো মাংস নাই, সব যেন হাড়, কিন্তু সেগুলো বাঁশের মত মোটা, বোধ করি লোহার মত শক্ত।

রাম বসিয়া তামাক খাইতেছিল।

সে জিজ্ঞাসাও করে না, কেন, কি বৃত্তান্ত। নির্বিকারভাবে আঙুল দেখাইয়া বলে, ওই মাচায় দেখ।

গোষ্ঠ মাচায় উঠিয়া লাঠি লইতে লইতে কহে, শালা দত্ত ফাঁকি দিয়ে ডিগ্রী ক'রে আমার জমি দখল করছে ওস্তাদ।

রাম সেইরূপ নির্বিকারভাবে বলে, দুনিয়াসুদ্ধু ওই হাল গোষ্ঠ, সব যে যার পারে কেড়ে নেয় ; সব ওই। একা আর ওর দোষ কি, আর দোষই বা কার ; তুই আমি সবাই তো ওই চাই, তবে নিই না পয়সা নাই ব'লে, পারি না ব'লে।

সত্যিই বুঝি ইহার জন্য মানুষকে দায়ী করা যায় না।

এ বুভুক্ষা যে তাহার সহজাত, এ ক্ষুধা তাহার জীবনের ধর্ম। তবে দায়ী কে?

রাম বলে, আমি দোষ দিই ভগবানের, চন্দ্রসূর্যির মত বড় বড় চোখ নিয়ে সে দেখছে কি? তার রাজ্যিতে এমন হয় কেন?

সত্য কথা, ইহার জন্য দায়ী জীব-জগতের জীব-ধর্মের স্রষ্টা যদি কেহ থাকে, সে। শিল্পের খুঁতের জন্য শিল্পী দায়ী, শিল্প নয়। সে শুধু অঙ্গহীন।

রামের মেয়ে হিমি গোষ্ঠর সমবয়সী, সে পাশের বাড়ি হইতে আসিয়া পিছন হইতে কহে, লাঠি হাতে যে? লাঠি কি করবে মোড়লদা?

তিক্তস্বরে রাম কহে, তোর মাথায় মারবে, লাঠি নিয়ে বেটাছেলে কি করবে!

কৌতুকে খিলখিল শব্দে হাসির কলরোল হিমির কণ্ঠে ধ্বনিয়া উঠিল, কিন্তু মুহূর্তেই সে হাসি নীরব হইয়া গেল, যেন ঝরনা ঝরিতে ঝরিতে শুকাইয়া গেল।

গোষ্ঠ হিমির পানে মুখ ফিরাইয়া দাঁড়াইয়া ছিল, তাহার সে রুক্ষ মুখ, চোখের কোলের ওই কালো রেখা দেখিয়া হিমির হাসির ঝরনা শুকাইয়া গেল; সে শিহরিয়া কহিল, ও কি মোড়ল ভাই, এ কি চেহারা?

গোষ্ঠ লাঠিগাছটা মাটিতে ঠুকিয়া দৃঢ়তা পরীক্ষা করিতে করিতে কহিল, ছেলেটা পরশু রেতে গেল।

হিমি আর্তস্বরে কহিল, অ্যাঁ! খোকা!

রাম ধমক দিয়া কহিল, হিমি, প্যানপ্যান এখন নয়, পরে করবি; মরদ লাঠি হাতে করলে কাঁদতে নাই। যা গোষ্ঠ, বেড়িয়ে পড়্, দেখ্, সঙ্গে যাব?

উচ্ছ্বসিত কণ্ঠে গোষ্ঠ কহিল, ওস্তাদ, বড় ভাল হয়।

আর একগাছা লাঠি টানিয়া লইয়া রাম দাঁড়াইয়া কহিল, চল্।

রসিক দত্ত বাঁশের লগির মাথায় লাল পতাকা বাঁধিয়া গোষ্ঠর জমিতে পুঁতিয়া দখল লইতেছিল, বাঁশগাড়ি করিতেছিল। সঙ্গে জমিদারের নগদী, আদালতের পেয়াদা, নিজের রাখাল আর চুলি।

দত্ত মনে করে, এই বাহিনীই তাহার বিশ্বজয় করিবে; সে বলেও, জোর কি আমার রে, জোর আদালতের।

খাতকে কিছু বলে না, কিন্তু ছেলের দল ছাড়ে না, উত্তর দেয়, আর আদালত টাকার, তবে আর দত্তকে ঠেকায় কে?

শুধু টাকায় হয় না ধন, মামলায় মাথা চাই। সঙ্গে সঙ্গে তাহার বকের মত লম্বা গলার 'পরে ছোট্ট টেকো মাথাটি টিকটিকির মত নড়ে।

তা তোমার খুব আছে, বেড়ালের মত চোরা বুদ্ধি তোমার খুব; কাঁকুড়চুরি করা ক'রে চাকলার জমিটা নিলে বাবা। ম'রে যে কি হবে তুমি—

আর একজন বলে, বেনে ম'রে জোনাক পোকা, করে টিপির টিপ।

কেউ বলে, যখ—যখ হয়ে মাটির তলায় ব'সে টাকা গুনবে।

কেউ বলে, বাদুড়, বাদুড়—উল্টোমুখ ক'রে গাছে ঝুলবে।

কেউ বলে, সে তো ফিরে জন্মালে? যমপুরীর কথা বল, সেই গরম তেলে, ছ্যাঁক কলকল। তবে তো চামড়া উঠবে।

দত্তের ভয় এইখানে—গরম তেলের নামে লম্বা লিকলিকে শরীরখানা আহত সরীসৃপের মত আঁকিয়া বাঁকিয়া উঠে, গায়ে কাঁটা দেয়, সে তাড়াতাড়ি বলে, ও হাসি-তাম্সা নয়, বাবা, হাসি-তাম্সা নয়; ছাড়ান দাও, ছাড়ান দাও।

কেউ বলে, নয়ই তো, এ তো শাস্ত্রের কথা, খোদ বেদব্যাস।

দত্ত তাড়াতাড়ি পথ ধরিয়া কহে, যাস যাস, তামাক খাওয়াব, ভাল তামাক খাওয়াব—কাঠগড়ার, আট আনা সের।

একটা ছেলে পেছন হইতে এক আঁজলা জল দত্তর গায়ে ছিটাইয়া দিয়া কহে, ছ্যাঁক কলকল!

দত্ত আতঙ্কে লাফাইয়া উঠে, ইরেঃ, বাবাঃ!

দত্তর মন দমে, কিন্তু ক্ষুধা কমে না, সে বাড়িয়াই চলে।

আদালতের পেয়াদা কহে, কই দত্ত, নিশেন দেবে কে?

খোদ জমিদারের নগদী। কই রে, কত দূর আর?

নগদী কহে, হুই—ওঃ, বেঁকী লম্বা ফালিখানার উতোর মাথায়, হুই আঠারো কাঠা বাকুড়ি, কসকসে কালো ধান।

ঢুলিটা ঢোল পিটিয়ে উঠে, ডুগডুগ।

দত্ত তাড়া দেয়, ম'ল রে বেটা মুচীর ডিম, ঢোল পিটতে লাগলি যে? ঢোল গলায় ঝুলিয়ে এসেছিস ঝুলিয়ে চল্, আসবার সময় গাঁয়ে একবার পিটেছিস, যাবার সময় একবার দুঘা, বাস্, আইন রক্ষে।

গোপনের একটা অজ্ঞাত প্রয়াস কেমন আপনি আসে; মানুষের মত তো, বুকে একটু অপহরণের লজ্জাও জাগে, তারই তরে উচ্চধ্বনিতে অধিকার ঘোষণা করিতে বোধ করি কেমন কেমন লাগে।

দত্ত বলে, হ্যাঁরে গোবিন্দে, জোলের সেই চার বিঘে বাকুড়ি, সেথায় চল্ না আগে।

নগদী বলে, চার বিঘে বাকুড়ি তো গোষ্ঠর নয়, ও তো দেবেন্দ্র পালের, তারই ওপরে গোষ্ঠর বারো কাটা একখানা।

অ্যাঁ, ওটা গোষ্ঠর নয়? ওই বাকুড়ির তরেই তো আমার এত আটুবাটু; বলিস কি? না না, তুই জানিস না, ও গোষ্ঠরই বটে।

তবে দাও গো তুমি ওই জমিতেই বাঁশ গেড়ে, তোমার তো কাজই ওই।

দত্ত খিঁচাইয়া উঠে, উঃ, বেটা আমার ধম্মপুত্তুর যুধিষ্ঠির রে!

সহসা একটা ভীষণ রুদ্র গর্জনে সব কয়টা লোক চমকিয়া উঠে। উঠিবারই কথা, এমন হাঁক মানুষের কণ্ঠনালী দিয়া বাহির হয় না।

সব চারিদিকে তাকায়, দুইটা লোক তীরের মত মাঠের পথে ছুটিয়া আসিতেছে, হাতে লাঠি, আর কণ্ঠে ওই হাঁক। ঢোলটা বগলে চাপিয়া মুচীটা ঊর্ধ্বশ্বাসে ছুটে, সঙ্গে সঙ্গে দত্তর রাখালটা, তাহার পিছনে পিছনে জমিদারের নগদী।

সে বলিয়া যায়, পালাও দত্ত পালাও, গোষ্ঠ আর রাম ভল্লা, দাগী ডাকাত, পালাও।

আর সে কি বলে, শুনিতে পাওয়া যায় না।

দত্তর সম্মুখের পথ রুদ্ধ করিয়া দাঁড়াইয়া ছিল আদালতের পেয়াদা, ঝপ করিয়া পাশের জমিতে লাফাইয়া পড়িয়া কাদায় কাদায় ছুটে। বকের মত লম্বা পায়ে থানের পাতা জড়াইয়া জমির কাদার জলে দত্ত পড়িয়া গেল। উঠিবার অবকাশ হইল না, পাঁকে জলে পাঁকালমাছের মতই বেচারী হাঁপাল মারিয়া চলিতে চায়। বহু ব্যগ্রতায় উঠিয়া আবার ছুটে; মুখের একপাশে কাদা লেপিয়া গিয়াছে, চোখে কাদা, দেখিতে পায় না, মুখে কাদা, থু-থু করিয়া ফেলিতে ফেলিতে ছুটে, দেখব শালাকে, থু, এমন কাণ্ড থু, আদালতের হুকুম, অ্যাঃ থু-থু গোবর, না কি আর কিছু, অ্যাঃ হ্যা-হ্যা থু-থু। যাঃ শালা, খোট খুলে গেল।

বিপদের উপর বিপদ। জলে কাদায় ভারী কাপড় লিকলিকে কোমরে থাকে না, কাছা খুলিয়া যায়, বেচারী দুই হাতে কোমরের কাপড় চাপিয়া ধরিয়া ছুটে, ওদিকে ভিজা কাপড়ে পায়ে পা জড়ায়, শেষে দত্ত কাপড় বগলে পুরিয়া ছুটে।

রাম ভল্লা হা-হা করিয়া হাসিয়া সারা; পুত্রশোকের মাঝেও গোষ্ঠের হাসি পায়।

ওস্তাদ কহিল, তারপর, এইবার জমিদারের পালা, পারবি সামলাতে? না পারিস তো স'রে যা কোথাও।

গোষ্ঠ কহে, তুমি?

আমার কথা ছাড়, আমি ভিন গাঁয়ের; তার ওপর লোকে শুধু আমাদিগে ঘেন্নাই করে না, ভয়ও করে। তা হ'লেও আমিও দুদিন সরব, হিমিকে নিয়ে জামাইয়ের বাড়ি যাব।

তাই দেখি। কণ্ঠটা কেমন হতাশায় হিম, তাহার উত্তেজনা শীতল হইয়া আসে। আকাশ-পাতাল ভাবে, যাইবে কোথায়?

রাম কহে, ভাবছিস কি? না হয় গাঁ থেকে চ'লে যাবি। বলে না সেই, 'সমুদ্দে পাতিয়া শয্যা শিশিরে হ'ল ভয়'; তোর হ'ল সেই বৃত্তান্ত।

গোষ্ঠ তবু নীরব, সে ভাবে।

রাম কহে, আর কি নিয়েই বা থাকবি গাঁয়ে, মেমতাই বা কিসের তোর? জমি তো তোর যাবেই, যমে ছুঁলে আঠারো ঘা—তা এ তো মহাযম।

তবু ওস্তাদ, গাঁয়ে মায়ে সমান কথা।

তা হ'লে বাবা, আমার মত হতে হবে, বুকের পাটা আর লাঠি এই আশ্রয়, এই ছাড়া উপায় নাই।

তাই, তাই হবে ওস্তাদ।

গ্রাম প্রবেশমুখে ও পাড়ার নবীন মোড়ল কহে, গোষ্ঠ, পঞ্চাশ টাকা।

কি ?

জরিমানা, গোমস্তা করেছে। আবার শেয়াল বেটা জমিদারের বাড়ি তাকাত যাবে।

তা দিলি দিলি, বেটার বগের মত ঠ্যাং দুটো সেরে দিতে নারলি ? উই, উই যে বেটা, আড়ে আড়ে সরছে। ও দত্ত ! দত্ত ! দত্ত !

আবার বুকটা কেমন দমিয়া যায়, গোষ্ঠ বাড়ি আসিয়া সদরদরজায় খিল আঁটে।

চৈত্রের ঘূর্ণি ক্ষীণজীবী যে ; আকাশ বাতাস ধরণী সব আগুন না হইলে ঝড় পরমায়ু পাইবে কোথা ?

শ্রাবণ-গগনে মেঘ যেন পাগল হইয়া উঠিল।

বর্ষণ-মুখর মেঘলা দিনে মন আরও উদাস হইয়া উঠে, শোকাহত দুইটি প্রাণীর দিন নীরবে অতি দীর্ঘ হইয়া কাটে।

দামিনী ঘরের মাঝে, গোষ্ঠ দাওয়ায় ; খাওয়ার উদ্যোগ পর্যন্ত নাই, বুভুক্ষা পর্যন্ত যেন মূক হইয়া গিয়াছে।

তারাহীন মেঘাচ্ছন্ন তামসী রাতি, দীপহীন গৃহ, সেও অমনই ধারায় কাটে।

তন্দ্রাচ্ছন্নতার মাঝে মের্ঘ ডাকে, গোষ্ঠ চমকিয়া উঠে।

দুয়ারে কে ঘা মারে না ? ভ্রম ভাঙ্গিলে একটা স্বস্তির দীর্ঘশ্বাস ফেলিয়া বাঁচে।

দুয়ারে ঘা পড়িল ; প্রভাত না হইতে জীর্ণ দ্বার সবল দম্ভ-ভরা আঘাতে ঝনঝন করিয়া উঠিল, মোটা গলায় হাঁক আসে, গোট্যা, আরে এ গোট্যা, হারামজাদা বদমাশ !

প্রভাতের তন্দ্রা, সদ্য-যাওয়া ছেলেটার স্মৃতি, স্বপ্নে-দেখা তাহার কচি মুখ, শোক, শক্তি সব যেন ঝ'ড়ো হাওয়ায় ফুল-ঝরার মত ঝরিয়া পড়িল, গোষ্ঠ বিহ্বলের মত বলিয়া উঠিল, জমিদারের প্যায়দা, আমাকে ধরতে এসেছে।

দামিনী নড়িয়া-চড়িয়া উঠিল, কিন্তু কথা কহিল না, ছেলে যাওয়ার চেয়েও যেন বড় বিপদের আশঙ্কায় বুকটা ধড়ফড় করিয়া উঠিল।

দুয়ারে আরও জোরে ঘা পড়িল, শূয়ারকি বাচ্চা, খোল্ কেঁয়াড়ি।

গোষ্ঠ অস্থির হইয়া উঠিল, মনে পড়িল, হাতের উপর ইট, নালমারা জুতা, বুকের 'পরে কাঠ, ওঃ, নিশ্বাস বন্ধ হইয়া আসে যে !

আবার খাজনা, তাহাও বাকি ; মনে পড়ে খাজনা, মামুলী চাঁদা, সেস, সুদ, চেকের দাম, নজরানা, তলবানা, তহুরী, আমলা-খরচ, থিয়েটারবৃত্তি।

বাবের আর অন্ত নাই. সে বাবের এক কানাকড়িও মাফ নাই। সব লোলুপ গ্রাসে হাঁ করিয়া বসিয়া আছে, অনন্ত-ক্ষুধায় শ্মশানের কুকুরগুলার মতই জিভগুলা ঝুলিয়া পড়িয়াছে, লালসায় উষ্ণ বিষের মত লালা গড়াইতেছে।

গোষ্ঠর দেহের হাড়গুলা অবধি কনকন করিয়া উঠিল, উঃ ! এতগুলা তীক্ষ্ণ হিংস্র দন্ত-পাটিতে এই জীর্ণ হাড় কয়খানা পিষিয়া ফেলিবে যে !

* *

সে ত্বরিত পদে খিড়কির দুয়ার পানে ছুটিল, মৃদুকণ্ঠে কহিল, বলো, ঘরে নাই, কোথা জানি না।

মায়ের বুকেও সন্তান যাওয়ার বিপুল বেদনা উবিয়া গিয়া আশঙ্কার মেঘ গুরুগুরু করিয়া ডাকিয়া উঠিল।

দামিনী ধড়ফড় করিয়া উঠিয়া বসিল, ততক্ষণে অতি সন্তর্পণে খিড়কির দুয়ার খোলার শব্দ উঠিল।

দামিনী চীৎকার করিয়া ডাকিতে যাইতেছিল, ওগো!

কিন্তু ঠিক সেই মুহূর্তে জীর্ণ দুয়ারখানা মড়মড় শব্দে ভাঙ্গিয়া পড়িল, সঙ্গে সঙ্গে দরজা মাড়াইয়া ঘরে ঢুকিল জমিদারের খোট্টা চাপরাসী।

বিভীষণ হিংস্র চেহারা, মুখখানা হইতে দেহের কাঠামো পর্যন্ত হিংস্র বুলডগের মত, মুখখানা থ্যাবড়া, দেহখানা বেঁটে-বেঁটে, গিঁট-গিঁট পায়ের বাঁশী দুই পাশে বাঁকা-বাঁকা। গলার আওয়াজ পর্যন্ত ওই কুকুরগুলার মত বীভৎস।

সে বলিতেছিল, লুকইয়ে রহবি, লুকইয়ে বাঁচবি শালা, হাঁড়ি পাকড়কে লুকইয়ে বাঁচবি, মতলব তেরি? – বলিতে বলিতে সে সটান ঘরে ঢুকিয়া চারিদিকে দেখে।

কাঁথা বিছানা বালিশ উল্টাইয়া দেয়, মাচার জিনিসগুলা টানিয়া নীচে ফেলে, লাঠির ডগায় হাঁড়ি উল্টাইয়া ভাঙিয়া ঘরখানাকে তছনছ করিয়া ফেলে।

আরে, এ শালা তব্ গেইলো কুথা? ভাগলো না কা?

কণ্ঠে তাহার যেন লুকোচুরি-খেলার কৌতুক ঝরিতেছিল।

দামিনী এই অবসরে উঠানে নামিয়া কোথায় যাইবে ভাবিতেছিল, সহসা পিছন হইতে খোট্টাটা অশ্রাব্য ভাষায় গালি দিয়া উঠিল, তুহভি ভাগবি মতলব, তোকরাকে হামি লিয়ে যাবে কচহারি, চল্!

বলিয়া হাসিতে হাসিতে জিভ বাহির করিয়া আগাইয়া আসে, শ্মশানের কুকুরগুলা ঠিক অমনই ভাবেই লোল জিহ্বায় কোলাহল করিতে করিতে শবগুলার পানে আগাইয়া যায়।

কঙ্কালের মধ্যে যেটুকু জীবনের অবশেষ অশেষ কষ্টে বাঁচিয়া থাকে, সেইটুকুই চীৎকার করিয়া উঠে, যতটুকু শক্তি তাহার থাকে, নিঃশেষে প্রয়োগ করিয়া ছুটে।

কোথায়? কোন্ দিকে?

পথহারা নারী, গোষ্ঠর পদরেখা ধরিয়া খিড়কির পানেই ছুটিল।

দুর্বলা, আত্মহারা নারী, তার গতি কতটুকু, ওই হিংস্র জানোয়ারটার সলক্ষ অনুসরণের কাছে কতক্ষণ?

খিড়কির ঘাটের কাছেই খোট্টার বীভৎস হাসিটা ঠিক কানের কাছেই বাজিয়া উঠিল; উপায়হীনা দামিনী সুবলের ঘরেই ঢুকিয়া পড়িল।

প্রাণের দায়ে মানের জ্ঞান হাজার-করা একটা লোকেরও থাকে কি না সন্দেহ।

সকল সংসার ডুবিয়া যায়; জীব জীবধর্ম লইয়া জাগে সেখানে।

খোট্টার ভয়ে দামিনী মানমর্যাদা সব ভুলিয়া সুবলকে সবলে জড়াইয়া কাঁদিয়া উঠিল, মহান্ত আমাকে বাঁচাও।

সুবল সকল হিয়া উজাড় করিয়া দিল, ভয় কি, ভয় কি ?

ওদিকে খোট্টাটা দাঁড়াইয়া হি-হি করিয়া হাসিতেছিল আর কহিতেছিল, হামরাকে ধর গো হামরাকে ধর, ঐসিন করকে হামরাকে ছাত্তি 'পর আ যাও, ডর কুছ রহবে না।

ওই একটা কথায় স্থান কাল পাত্র সমস্তটার রূপ পাল্টাইয়া যায়; শুধু বাহিরের নয়, অন্তরের মাঝেও আর একটা পর্দা খুলিয়া যায়, হৃদয়ের সমস্ত কদর্যতা অস্থির হইয়া উঠে।

দামিনী সুবলকে ছাড়িয়া দিয়া সরিয়া দাঁড়ায়; সুবলের বুকের ভিতরটা একটা উদ্দাম ক্ষুধায় তোলপাড় করিয়া উঠে।

দামিনীর অঙ্গের ওই কোমল স্পর্শ শিরায় শিরায় আগুন ধরাইয়া দেয়, সে খোট্টাকে কহে, মেয়েমানুষকে—

আর মেইয়ামানুষ, ওক্‌রাকে হামি জরুর লিয়ে যাবে, ওক্‌রা ভাতারকে জরমানা কৌন দিবে ? উ শালা ভাগিয়েসে তো এক্‌রাকে হামি লিয়ে যাবে।

দামিনী অস্থির হইয়া উঠে।

সুবলও জরিমানার টাকা কয়টা দিবার জন্য অস্থির হইয়া উঠে।

এ যেন দামিনীকে কিনিবার একটা সুযোগ।

খোট্টাকে একটা টাকা দিয়া সে কহিল, চলো সিংজী, ওর কাছ থেকে টাকা নিয়ে আমি দিয়ে আসছি। কত জরিমানা ?

টাকাটা বাজাইতে বাজাইতে খোট্টা কহে, পচাশ—পচাশ রূপইয়া, কৌড়ি না কম। আউর খাজনা, উ ভি পচিশ তিশ হোগা।

আর সে তাগিদ করে না, হাসিমুখে চলিয়া যায়। ঠিক যেমন চীৎকার-রত কুকুরকে এক টুকরা হাড় ছুঁড়িয়া দিলে সকল রব বন্ধ করিয়া হাড়-মুখে রাস্তা ছাড়িয়া সে চলিয়া যায়, তেমনই ভাবে।

দামিনী কহিল, টাকা তো নাই মহান্ত।

সুবল সলজ্জ অস্থিরভাবে কহিল, তার জন্যে তু—তুমি ভেবো না।

তা—তা সে কথা কি কাউকে বলে ? বলিয়া সে লজ্জায় রাঙা হইয়া টাকা লইয়া চলিয়া গেল।

পাপ, সাপের মতই তাহার প্রকৃতি, গোপনতার মধ্যে তাহার বাস, তাই মানুষ গোপনতার আড়ালে যে কিয়া দেখে, তাহাকেই পাপ বলিয়া সন্দেহ করে।

দামিনীও সুবলের এই টাকা দেওয়ার সত্য গোপনের প্রয়াসে পাপের ছাপই দেখিতে পাইল, দুনিয়ার দয়াধর্ম সব যেন বীভৎস কুৎসিত কালিতে কালো হইয়া গেল।

বুকখানা কেমন অস্থির হইয়া উঠে, বিনিময়ে সে যে দিবার কিছু খুঁজিয়া পায় না।

তবে ?

নিরুপায় মন বলিয়া উঠে, তবে আর কি, এ তো ঋণ লওয়া হইল না, সেদিনের মত দুইটি টাকার দাদনও এ নয়—এ দাম, দাম, তোমার দাম, বিকাইলে, তুমি বিকাইলে।

দামিনী যেন উন্মাদ হইয়া উঠিল, চীৎকার করিয়া উঠিল, না না না, মহান্ত, না।

কিন্তু কোথায় মহান্ত, সে তখন চলিয়া গিয়াছে।

দামিনী ছুটিল, না না, মহান্ত, না। খিড়কির ঘাটে আসিয়াও দেখিল, সুবল নাই; দামিনীর ইচ্ছা হইল, ওই আকণ্ঠ ভরা ডোবাটার বুকে লুকায়।

কিন্তু কে যেন পিছন হইতে টান দিয়া কহিল, বিকাইয়াছ যে!

দামিনী বিহ্বলার মত ফিরিতেই দেখিল, আঁচল টানিয়া সাতু।

ছিঃ, বউ!

দামিনীর বুকখানা গুরগুর করিয়া উঠিল।

সাতু ছিছিকার করে কেন? তবে কি এই বিকিকিনির কাহিনী—

দামিনীর বাক্য ফুটিল না, সাতুর মুখপানে চাহিয়া রহিল—বিহ্বল দৃষ্টি।

সাতু কহিল, ছি বউ, দাদার কি সর্বনাশই করবি, হাতে দড়িই দিবি? গাছের সব ফল কটাই কি থাকে? ভাগ্যে আমি গলা শুনে এসেছিলাম, নইলে কি হ'ত বল্ দেখি? ভগবান রক্ষে করেন, কাল থেকে আমি ও-পাড়ার মাসীর বাড়ীতে ছিলাম, এসে কেবল বাড়িতে পা দিয়েছি, আর শুনি 'মা মা' ব'লে তুই চেঁচাচ্ছিস। সব্বনাশ সব্বনাশ। আয়, ঘরে আয়, বুক বাঁধ্, সব হবে, আবার হবে।

দামিনী সাতুর গলা জড়াইয়া ধরিয়া কাঁদিল, কি হবে ঠাকুরঝি?

মাথায় হাত বুলাইয়া সাতু কহিল, হবে আবার কি, সব হবে, একবার যখন কোঁক ফলেছে, তখন আবার হবে, খোকা তোর বেড়াতে গিয়েছে। নে, বুক বাঁধ্, সব হবে। ও মা, চুলে যে জট পড়েছে লো, আয় দেখি, চুল কুঁড়ুলে দি, ব'স্।

চুলের ভিতর আঙুল চালাইয়া কাঁস ভাঙিতে ভাঙিতে সাতু গল্প করে, দামিনীর কিন্তু কানে যায় না, সে যেন ক্ষণে ক্ষণে চমকিয়া উঠে।

সাতু যাইবার সময় কহে, এই নে, এ দুগাছা রাখ্, ভাল কাজে দিস, তার ভাল হবে, না হয় মা ষষ্ঠীকে নোটন গড়িয়ে দিস, সেদিন আমি নিয়ে রেখেছিলাম। ছেলেটার সেই জীর্ণ বালা দুইগাছা। সাতু দামিনীর আঁচলে বাঁধিয়া দিয়া যায়।

এদিকে আকাশে বুঝি ভাঙন ধরে—ঝরঝর অবিরাম ধারা।

দামিনী আশ্বাসে বুক বাঁধিতে চায়, কিন্তু বাঁধা যায় না। উপায়ের বাঁধ পাইলে তো নিরুপায়ের ভাঙন বাঁধা যায়, কিন্তু উপায় যে দামিনী পায় না। মনে হয়, স্বামী শোধ দিবে।

পরক্ষণেই মনে পড়ে, কাবুলীর ভয়ে ঘরে খিল দেওয়া, সন্তানের চিকিৎসার সম্বল মহাজনের হাতে সঁপিয়া দেওয়া, জমিদারের ভয়ে পালানো—হতাশের ভাঙন দ্বিগুণ বাড়িয়া যায়।

মনে হয়, সুবল আসিয়া হয়তো—। দামিনীর সর্বাঙ্গ শিহরিয়া উঠিতে চায়, কিন্তু সে শক্তিও যেন লুপ্ত হইয়া গেছে!

খুটখুট।

বুকের স্পন্দন বুঝি নিস্পন্দ হইয়া গেল, বুঝি সে আসিল।

অতিকষ্টে ফিরিয়া দেখে, কাকটা ঘর-নিকানো পেলেটার কানায় বসিয়া সেটা উল্টাইয়া দিল।

স্বস্তির একটা নিশ্বাস বুকখানাকে হাল্কা করিয়া দেয়। আঃ! চিন্তায় চিন্তায় চিন্তার বস্তু হারাইয়া যায়, লক্ষ্যশূন্য একাগ্র দৃষ্টিতে শুধু চাহিয়া থাকে।

আবার শব্দ হয়, দামিনী চমকিয়া যেন জাগিয়া উঠে, এবার রোঁয়া-ওঠা শীর্ণ কুকুরটা ঘরে ঢুকিয়া গিন্নীপনা করিতেছে দেখা যায়। মর্মদাহী চিন্তার গুমটের মাঝে স্বস্তির বাধা পাইয়া দামিনী যেন বাঁচিয়া যায়, যতক্ষণ পারে অবসরটুকু ধরিয়া রাখিতে চায়।

কুকুরটাকে তাড়ায়, দূর দূর।

পরমুহূর্তেই আবার চিন্তায় ডুবিয়া যায়, কুকুরটা বাহির হইল কি না, সে খেয়াল আর থাকে না।

ওই বাধার ক্ষণটুকু জলমগ্নের প্রাণপণে মাথা তুলিয়া নিশ্বাস লওয়ার মত ক্ষীণ ও ক্ষণস্থায়ী। ক্ষণের পাথায় সময় চলে, সে বোধও নারীটির থাকে না।

আবার শব্দ হয়, এবার সত্যই সুবল আসিয়া দাঁড়ায়; অস্থির ভঙ্গী, দৃষ্টি কেমন!

সমস্ত শরীর দামিনীর কেমন করিয়া উঠে।

সুবল কহিল, দিয়ে এলাম।

উত্তর যোগায় না, কণ্ঠ যেন রুদ্ধ, একটা কাজ পাইবার তরে দামিনী ব্যাকুল হইয়া উঠে।

এই রসিদ।—একখানা কাগজ সুবল নামাইয়া দেয়।

দামিনীর হাত যেন অবশ, কাগজখানা পড়িয়াই রহিল।

তবুও যে সুবল যায় না।

তবে?

বিনিময় চাহিবে, দাম দিয়াছে, দেহ চাহিবে!

বউ!—এবার সুবলেরও কথা যোগায় না, কানের পাশ দিয়া আগুন ছুটে, বুকের ভিতরটা টগবগ করিয়া ফুটে।

বউ!—এবার সুবল দামিনীর হাতখানা চাপিয়া ধরে, সুবলের হাতে যেন আগুন ছুটিতেছে, আর এ যেন হিম, অহল্যার দেহ বুঝি পাষাণ হইতে শুরু করিয়াছে।

তবু দামিনী অস্থির চঞ্চল কণ্ঠে কহিল, তোমার পায়ে পড়ি, এখন যাও।

সুবল বেত্রাহতের মত পলাইয়া গেল।

সুবল গেল, কিন্তু সুবলের অস্তিত্বের আভাস গেল না; ও-বাড়িতে খুট শব্দ হয়, অস্থির পদশব্দে তার বুকের কথা দামিনীর কানে বাজে।

সে শব্দ খিড়কির দুয়ার পর্যন্ত আগাইয়া আসে, কখনও গোষ্ঠর বাড়ির দুয়ার পর্যন্ত, আবার ফিরিয়া যায়।

এমনই সারাটা দিন, সন্ধ্যায়ও তাহার বিরাম নাই।

গ্রাম নিষুতি হইয়া আসিল, পদশব্দ আরও আগাইয়া আসে, রাত্রি অন্ধকার, দামিনী কাঠের মত বসিয়া।

নীরবে দুইখানা হাত দামিনীর হিমানী-শীতল দেহখানা জড়াইয়া ধরিল, সর্বশরীরে সে যেন ক্লেদাক্ত সরীসৃপের স্পর্শ। নারী-দেহখানা আঁকিয়া বাঁকিয়া উঠিল।

* * * *

রাত্রি শেষ হইয়া আসে, দামিনী তেমনই নিস্পন্দ বসিয়া।

কিন্তু অন্ধকার যত তরল হইয়া আসে, দামিনী তত অস্থির হইয়া উঠে, মাটির বুকে লুকাইতে সাপের গর্তের মত একটা গর্ত খোঁজে, স্যাঁৎসেঁতে ময়লা, ছোট। কিংবা এই রাত্রিটা যদি প্রভাত না হয়, এই অন্ধকার যদি বৎসর, যুগ, না, প্রলয়ান্তব্যাপী হয়!

আঃ, তাহা হইলে বাঁচে সে।

সম্মুখেই সেই কাগজখানা পড়িয়া, সুবলের দেওয়া সেই রসিদটা, সেটা সে স্পর্শ করিতে পারে না। একদৃষ্টে দেখে।

মনে হয়, ওই কালো কালো গুটি গুটি দাগের মধ্যে তাহার ওই ইতিহাস লেখা আছে।

শরীর মন শিহরিয়া উঠে।

আবার কাহার টিপিয়া টিপিয়া পা ফেলার শব্দ হয়; দামিনীর বুকে আর উদ্বেগ জাগে না।

বাবা, যে বান! কে?

শ্বেতবস্ত্রাবৃত দামিনীকে দেখিয়া গোষ্ঠ চমকিয়া উঠে; তারপর চিনিয়া কয়, ও, তুমি! খোট্টা আর আসে নাই?

দামিনী কথা কয় না।

একবার মনে হয়, ওই রসিদখানা আগাইয়া দেয়, চীৎকার করিয়া অভয় দেয়, ভয় নাই ভীরু, ভয় নাই।

আবার নিজেরই ভয় হয়, অতি যত্নে কাগজখানাও লুকাইয়া ফেলিতে ব্যগ্রতা জাগে। কিন্তু দুইটার একটাও হয় না, কাগজখানা স্পর্শ করিতে পারে না; অন্তরের অহল্যা বুঝি পাষাণই হইয়া গিয়াছে।

গোষ্ঠ বলে, যে বান, গাঁয়ে ঢুকল ব'লে। ক্ষণপরে আবার কহে, আর গাঁয়ের পিতুল নাই, বানের আগে শ্মশান এসে গাঁয়ে ঢুকছে।

ব্যগ্রভাবে দামিনী প্রশ্ন করে, আর কত দেরি?

প্রশ্নটার তাৎপর্য গোষ্ঠ বুঝিতে পারে না, দামিনীর মুখপানে চাহিয়া থাকে।

আবার বর্ষণ প্রবল হইয়া উঠে, সঙ্গে সঙ্গে এলোমেলো ক্ষ্যাপা হাওয়া।

পশ্চিমের দিগন্তে বুঝি কোন ঘুমন্ত সুবিশাল অজগর সদ্য জাগিয়া ধরণীগ্রাসে আগাইয়া আসিতেছে।

কালো মেঘের বুক চিরিয়া তাহার রক্তজিহ্বা ঘন ঘন লকলক করে; সমস্ত সৃষ্টিটা থরথর করিয়া কাঁপিয়া উঠে; আকাশস্পর্শী বৃক্ষশীর্ষ, তাহার বিষনিশ্বাসে মাথা আছড়াইয়া মরে; উচ্চ গৃহচূড়ের পাশ দিয়া সে নিশ্বাস গর্জিয়া যায়—গোঁ-গোঁ, পাষাণপুরীর অন্তস্তল পর্যন্ত চাড় খাইয়া চড়চড় করিয়া উঠে। বৃষ্টির ছাঁট—হাওয়ার দাপটে অসহ্য তীক্ষ্ণ, সে যেন বিষের ছিটা, মৃত্যুর হিমানী মাখা।

দাওয়ার উপর এমনই একটা দাপটে গোষ্ঠ ব্যতিব্যস্ত হইয়া বলে, ঘরে এস গো, ঘরে এস।

দামিনীর এ প্রলয়তাণ্ডবে কেমন একটা উল্লাস জাগে, সে কথা কহিল না, শুধু সমস্ত অন্তর উন্মুখ করিয়া ওই প্রলয়লীলার উন্মত্ত আলিঙ্গনের মাঝে নিজের অস্তিত্ব লুপ্ত করিয়া দিতে চাহিতেছিল।

ঘরখানার চালের পাশ দিয়া আবার একটা প্রবাহ বহিয়া যায়, সে বিষনিশ্বাসে ঘরখানার হাড়-পাজর মড়মড় করিয়া আর্তনাদ করিয়া উঠে, চাল করিয়া উঠে মচমচ।

গোষ্ঠ শিহরিয়া ত্রস্তভাবে কহে, পিঁড়েখানটা কই গো, পিঁড়েখানটা, পবন-দেবতাকে বসতে পেতে দি উঠোনে।

পিঁড়িখানা গোষ্ঠ উঠানে পাতিয়া দেয়, শান্ত হয়ে ব'স ঠাকুর, শান্ত হয়ে ব'স।

দেবতা শান্ত হয় না; আবার ঝড় গোঙায়, দামিনীর পাশ হইতে রসিদখানা ঝড়ে উঠিয়া যায়।

দামিনীর বুকখানা কত হাল্কা হইয়া উঠে!

গোষ্ঠ আর্তকণ্ঠে ডাকে, হে ভগবান, রক্ষে কর প্রভু, রক্ষে কর। আবার কহে, ডাক গো, ভগবানকে ডাক এ সঙ্কটে।

না।—অতি স্পষ্ট দৃঢ় কণ্ঠস্বর।

গোষ্ঠ হতভম্বের মত দামিনীর পানে তাকাইয়া কহে, ক্যানে?

কি হবে ডেকে?

প্রশ্নের উত্তর নাই, নির্বাক বিস্মিত নেত্রে গোষ্ঠ দামিনীর পানে চায়; বৃষ্টির দাপট স্বামী-স্ত্রীকে ভিজাইয়া, দাওয়ার দেওয়াল পর্যন্ত ভিজাইয়া দেয়, গোষ্ঠ ত্রস্ত শিশুর মত ঘরের দরজা খুলিয়া ভিতরে ঢুকিয়া বসে, দামিনীকেও ডাকে, এস, এস, ঘরকে এস গো।

দামিনী কথাও কহিল না, উঠিলও না, বসিয়াই রহিল।

গোষ্ঠ এবার বিরক্ত হইয়া কহিল, তোমার হ'ল কি বল দেখি? দুঃখ কি আমার হয় নাই, না কি তোমার একারই হয়েছে?

দামিনী উন্মাদের মত কহে, কত দুঃখ—কত দুঃখ তোমার হয়েছে? মরতে মনে হয় তোমার? হয়?

হা-হা করিয়া হাসিতে ইচ্ছা করে তাহার ; ওপাশ হইতে একটা বিপুল আর্তনাদ, সঙ্গে সঙ্গে মানুষের ভয়ার্ত চীৎকার ; ওই চীৎকারে তাহার সম্বিৎ আবার ফিরিয়া আসে।

বুকের মানুষটি একেবারে মরে না।

দেহের কষ্টে, মরণের ভয়ে যে গোষ্ঠ শিশুর মত চারিখানা দেওয়ালের ভিতর মাটি-মায়ের কোল খুঁজিতেছিল, সেও ওই বিপুল আর্তনাদে ছুটিয়া গিয়া বাহির-দুয়ারে দাঁড়ায়।

বৃষ্টির আবরণ ভেদিয়া সকল শক্তিপ্রয়োগে তীব্র বিস্ফারিত দৃষ্টি হানে ; সব আবরিত করিয়া বর্ষার শুভ্র ধারা, কিছু দেখা যায় না।

আন্দাজ করিয়া বলে, কার ঘর উড়ল, টিনের শব্দ, টিনের ঘর ! কণ্ঠস্বরে, ভঙ্গীতে আর সে কাতরতা নাই, পরের অবস্থা দেখিয়া সেও যেন প্রস্তুত হইয়া উঠিল।

সে নিজের ঘরের পানে তাকায়, ঘরখানা এক-একবার ঝড়ের বেগে দেওয়াল ছাড়িয়া উঠে।

বাহির-পথ হইতে হাঁক আসে, এ গুষ্টা, গুষ্টা !

জমিদারের খোট্টা চাপরাসী।

মুহূর্ত পরেই ভাঙা দুয়ার দিয়া খোট্টা আসিয়া গোষ্ঠের হাত ধরিয়া টানে ; বলে, আও, কোদারি লেকে আও, কচহারিমে বান উঠিয়েছে।

জমিদারের ভয়ের চেয়ে ভীষণতর ভয় গোষ্ঠর সম্মুখে, সে তাহারই জন্য বুক বাঁধিতেছিল।

আজ খোট্টার রক্ত-আঁখি তাহার তুচ্ছ ঠেকিল, সে হাত টানিয়া মুক্ত করিয়া লইয়া কহিল, আর আমার ঘর উড়ুক, ঘর-সংসার ডুবে মরুক ; পারব না যেতে আমি।

গালি দিয়া খোট্টা দরিদ্রের ঘাড়ে ধাক্কা মারে, চল্ শালা চল্।

রিক্ততা শুধু বঞ্চনাই করে না, সর্বপ্রকার সঙ্কোচ হইতে মুক্তও করে মানুষকে ; উলঙ্গ শক্তি লইয়া রিক্ত জন মরীয়া হইয়া জাগে।

বুকের মাঝে আবার ঘূর্ণি জাগে, সমস্ত শরীরে রক্ত ঝাঁঝিয়া উঠে, গোষ্ঠ ঘুরিয়া খোট্টাকে নিঃসঙ্কোচে সজোরে ধাক্কা মারে ; পিছল মাটিতে ধাক্কার বেগে সে মাটিতে আছাড় খাইয়া পড়ে।

বিপুল ক্রোধে খোট্টা উঠিয়া বসিতে না বসিতেই হাতের লাঠি হানিল। বেকায়দায় হানা দুর্বল লাঠি গোষ্ঠ সহজেই ধরিয়া লইল, বিদ্রোহী ঝড়ের ছোঁয়াচে মরীয়া মস্তিষ্কে তাহার যেন খুন চাপিয়া যায়, সজোরে সেই লাঠি খোট্টার মাথায় বসাইয়া দিল।

বৃষ্টির জল লালচে হইয়া গেল, ফিনকি-দেওয়া রক্তের ধারায় মাটির খানিকটা উপরের বৃষ্টির ফোঁটা কয়টা পর্যন্ত।

রক্ত দেখিয়া গোষ্ঠ শিহরে না, স্থির দৃষ্টিতে দেখে। দামিনীরও ভয় হয় না, মনে তৃপ্তি যেন জাগে, লাঞ্ছিতা নারীর বুকে দুঃশাসনের রক্তে পাঞ্চালীর উল্লাস জাগিয়া উঠে।

আইনে অত্যাচারীকে হত্যার অধিকার নাই।

গোষ্ঠ বসিয়া ভাবে।

ক্ষণপরে আপন মনেই বলে, সেই ভাল, কিসের তরে থাকব, জমি গেল, ছেলে গেল; দুটো পেট, যেখানে খাটব, সেইখানে ভাত। এখানেও খাটা, বাইরেও খাটা। ঘর? গাছতলা তো আছে।

আবার ঝড় গোঙায়।

উঠানের ওপাশের বড় আমগাছটি শিকড়সুদ্ধ উপড়াইয়া পড়িল। সে কি শব্দ। গাছটার মরণের আর্তনাদ যেন!

তলার আগাছার দল, হাওয়ায় জলে, মেঘলা দিনের ম্লান আলোকে উন্মত্ত পুলকে লুটাপুটি খাইয়া মরে।

উঠানে জল ঢোকে, গোষ্ঠ কহে, বান।

খোট্টার দেহটা টানিয়া ওপাশের সার-ডোবায় ফেলিয়া দিয়া দামিনীর হাত ধরিয়া বলে, এস।

নিঃসঙ্কোচে স্বামীর হাত চাপিয়া ধরিয়া দামিনী উঠিয়া দাঁড়ায়, প্রশ্ন পর্যন্ত করে না, কেন, কোথায়?

পাতানো ঘরসংসারের পানে ফিরিয়া তাকায় না পর্যন্ত; গোষ্ঠও না।

মুক্তির কামনায় মায়া টুটে।

দামিনী আগে পা বাড়াইয়া কহে, চল।

উন্মত্ত ঝড়বৃষ্টির মাঝে ওই আগাছাগুলার মত লুটাপুটি খাইতে খাইতে পথে বাহির হয়, নূতন আশ্রয়ের তরে।

কোথায় সে আশ্রয়? বন-জঙ্গল হয়তো।

চলিতে চলিতে গোষ্ঠ বলে, এস, ওই বটতলাতে দাঁড়াই, এমন ক'রে ঝড়ে জলে মরার চেয়ে গাছ চাপা একবারে, সে ভাল।

আবার ক্ষণপরে কহে, ঠিক বলেছ, কি হবে ভগবানকে ডেকে? ভগবান নাই, নইলে একজন অট্টালিকায় ঘুমোয় আর দশজন রোদে পোড়ে, ঝড়ে, বাদলে মরে?

দামিনী কথা কয় না, দাঁতে দাঁতে তাহার একটা শব্দ হয়; সে শীতের কম্পন, না আক্রোশের ঘর্ষণ, কে জানে!

আধা শহর।

কালো কালো পাথরের কুচি দেওয়া চওড়া রাস্তা। দুই পাশে দোকান—পান-বিড়ি, মিষ্টি, মনিহারী, চকচকে ঠুনকো জিনিসে ভরা, সবারই মাঝে একটা বহিঃসৌন্দর্যের আস্ফালন।

ওপাশে রেলস্টেশনের ধারে স্তূপ বাঁধা কয়লার ডিপো, কালিতে রাস্তাঘাট কালিমাখা, সব যেন রুক্ষ, রৌদ্রে কয়লার স্তূপ ঝাঁঝে ভরা। আশপাশ পর্যন্ত ওই উত্তাপে তপ্ত।

লোহার দোকান, শুধু ঝনঝন শব্দ, মাটির বুক ফালি ফালি করিয়া কাঁড়িয়া ফেলিবার কত

অস্ত্র—টামনা, গাঁইতি, শাবল, সব যেন তীক্ষ্ণ হিংস্র, রৌদ্রের আলোয় চকচক করে।

ধারে ধারে প্রয়োজনের অতিরিক্ত জায়গা ঘিরিয়া ধানের কল, বয়লারের আঁচে গরম জলের ভাপে সব যেন আগুন।

দুইটা বাজারের মাঝে স্টেশন, মস্ত জংশন।

সারি সারি কালো কালো সুকঠিন লোহার লাইন, মাটির বুক চিরিয়া পাতা; লোহার বাঁধনে দুনিয়াটাকে বাঁধিবার কি সে উদগ্র চেষ্টা! দূর—সুদূর পর্যন্ত কালো কালো লাইনের দাগের রেশ চোখে বাজে, মনের চোখে আরও দূর পর্যন্ত, দুনিয়ার সীমারেখা পর্যন্ত—ওই রেশ আগাইয়া যায়।

মাঝে মাঝে সিগ্‌নালের স্তম্ভগুলা যেন লোহার বিশ্বজয়ের বিজয়নিশান।

রাত্রের অন্ধকারে ওগুলার মাথায় আবার রক্ত-রাঙা জলজলে আলোর সারি ধকধক করে।

ও যেন মানুষের উদগ্র বুভুক্ষার উগ্রতা, রাত্রে ঘুমন্ত বিশ্বেও সে জাগিয়া আছে; আপন উগ্রতার জ্বালায় ও আপনি জ্বলে। দিন নাই, রাত্রি নাই, বিরাম নাই, বিশ্রাম নাই, ও আপন তৃপ্তি হেতু আপন গ্রাসের কাজ চালাইয়াছেই; রেল চলে, টেলিগ্রাম চলে, মানুষ কাজ করে, বিশ্রামের হুকুম দেয় না ও। চব্বিশ ঘণ্টাই শহরটা ধ্বনিয়া রেলের বাঁশীর অশ্রান্ত তীক্ষ্ণ চীৎকার, তন্দ্রা টুটিয়া যায়, অন্যমনস্ক চমকিয়া উঠে, মস্তিষ্কের শিরা-উপশিরাগুলা পর্যন্ত ঝনঝন করে; সকল শান্তি তৃপ্তি যেন শিহরিয়া উঠে। গাড়ি কাটে, গাড়ি টানে, শান্টিং হয়, গাড়িতে ধাক্কা মারে—ঘড়াং, ঘড়াং; আশেপাশের মাটি কাঁপে, ধরণী-মায়েরও বুঝি ভার লাগে, হাড়পাঁজরা মড়মড় করে যেন।

দারুণ বুভুক্ষায় মাতৃস্তন্যে তৃপ্তি হয় না উহাদের, মায়ের বুক চিরিয়া নিঃসঙ্কোচে রক্ত শোষণ করে।

মালের গাড়ি সব বোঝাই হয়, ধানে চালে আহারের সামগ্রীতে বোঝাই করে, আহার যাহাদের জোটে না তাহারাই।

মাটিতে মাথা বুঝি ঠেকিয়া যায়, কাঁথ বাঁকাইয়া গরুর গাড়ি হইতে দুইমণী বস্তাগুলো গাড়িতে বোঝাই করে অর্ধাহারী মজুরের দল।

পাশে গাড়ির গরুগুলার মুখে ফেনা ভাঙে, শ্রান্তিতে হাঁপায়, গায়ে সোঁটা সাঁটা চাবুকের দাগ, বিশ-পঁচিশমণ বোঝাই গাড়িগুলা ওই পাথরের রাস্তার উপর দিয়া জিভ বাহির করিয়া টানিয়া আনিতে কষ্ট হয়, তাই মানুষ এদের চাবকায়। নির্মমভাবে গুঁতা মারে, তাহাতে মাথা নাড়ে পাছে, তাই নাকে দড়ি দিয়া টানে।

মজুরগুলারও গা হইতে টসটস করিয়া ঘাম পড়ে, দাঁড়াইয়া দম লইতে গেলে মারোয়াড়ী মহাজন গালি দিয়া তাড়া দেয়, এ শালালোক বদমাশ, চালাও চালাও; দের হোনেসে গাড্ডিমে ড্যাম্‌রেজ লাগেগা, চালাও চালাও।

মারিতে তাড়াও করে।

পশুর উপরে মানুষ যে অত্যাচার করে, মানুষের উপরেও তার চেয়ে কম অত্যাচার করে না ; আট আনা, দশ আনা মজুরীতে ইহাদের সাত-আট ঘণ্টার আয়ু বিকায়, এই সাত-আট ঘণ্টার মাঝে এদের বাঁচিবার প্রয়াসে নিঃশ্বাস লইবার অধিকার নাই।

মজুরগুলার বাস ওই উত্তাপ, ওই লৌহ-বন্ধনের মাঝে, লাইনের ধারেই ছোট ছোট পায়রা-খুপীর মত ঘর—ওই মজুরের বস্তি, সমাজের আঁস্তাকুড়, অর্থশালীর ডাস্টবিন। পূর্ব দিকে কলের সারি, কালো কালো লম্বা লম্বা চিমনি, সারাদিন ধোঁয়া উদ্গীরণ করে। উত্তরেও তাই। পশ্চিমে রেলের মালগুদাম। মহাজনকে টাকা আনিয়া দেয়, আর ইহাদের আলো-বাতাসের পথ রোধ করে। রেল-ইঞ্জিনও ধোঁয়া ছাড়ে। ওদিকে দক্ষিণে মদের ভাঁটি ; হতভাগ্যদের আয়ুবিক্রয়-করা পয়সাগুলা লুঠ করে।

ধোঁয়ায় ধোঁয়ায় আকাশ পর্যন্ত কেমন ঘোলাটে ; দীপ্ত রৌদ্র পর্যন্ত এখানে ম্লান।

কেমন একটা অভিভূতি আসে, মদের গন্ধে ম্লান আলোয় সব যেন কেমন নেশায় বিকারগ্রস্ত।

তবু এখানকার মানুষগুলি তন্দ্রালু নয়—জীবনের দুরন্তপনার সাড়া পাওয়া যায়, সে দুরন্তপনা বিচিত্র।

এতকালের বিশ্বের সঙ্গে মেলে না। হয়তো বা প্রেত ইহারা, কিন্তু প্রেত জীবনে জীবন্ত।

* * * *

পড়ন্ত বেলা।

গোষ্ঠ আর দামিনী ওই স্টেশনটির ধারে একটা বটতলায় আশ্রয় লইয়াছিল। গোষ্ঠ পড়িয়া অকাতরে ঘুমাইতেছিল, সে যেন নিশ্চিন্ত। আর দামিনী বটগাছের একটা শিকড়ে হেলান দিয়া বসিয়া ভাবিতেছিল, অন্তহীন অর্থহীন চিন্তা। কুলী-মজুরের দল ঘরের দিকে ফিরিতেছিল।

কর্মক্লান্তির অবসাদের মাঝে খলখল উচ্ছৃঙ্খল হাসি, ইহাদের বেতালা পায়ের মলের মতই বাজিতেছিল।

মেয়েরা গান ধরিয়াছিল—

ধকধকিয়ে আগুন জ্বলে ভকভকিয়ে ধূমা,
মিস্ত্রী বলে, বয়লার আড়ে দে লো একটা চুমা।

একজন পুরুষ বলিতেছিল, দোব মাইরি এইবার শালার মাথাটা ফেড়ে, এক শাবলের ঘা, বাস্, ডিমফাটা হয়ে যাবে ; বাবু হ'ল তো হ'ল কি !

অপর জন কহে, শালা রোজ আমাদের হাজরি চুরি করে। উঃ, আমরা শালারা খেটে মরব আর হাজরিবাবুর পরিবারের শাঁখের শাঁখা সোনার হবে, ইঃ—রে !

নারীকণ্ঠের সমবেত তীক্ষ্ণ উচ্চসুরে গোষ্ঠ জাগিয়া উঠে, বিস্মিতের মত ইহাদের পানে চাহিয়া থাকে।

ওই বেতালা চাল কেমন নূতন ঠেকে, মনে খট করিয়া বাজে ; আবার ওই বিচিত্র নূতন

ধারার কোন সূক্ষ্মতম সুর তাহাকে আকর্ষণও করে।

সহসা পিছনের পানে একটা কোলাহল উঠে, দুইটি সমান উত্তেজিত কণ্ঠে। মজুরের দল ঘুরিয়া দাঁড়ায়, গোষ্ঠও ফিরিয়া তাকায়।

উত্তরদিকের কলের ফটকে দুইজন লোক,—একজন জামা কাপড় জুতায় বাবু, আর একজন মজুর, গায়ে হাতকাটা কামিজ, হাফপ্যাণ্ট, সারা অঙ্গে তেল-কালি মাখা, হাতে একটা হামার। সে কহিতেছে, আমার খুশি আমি 'ওপরটায়েন' খাটব না।

মজুরের দল কহে, ছোট মিস্ত্রী আর ক্যাশবাবু, শালা ভুঁড়েও কম নয়, সবেই শালা পাক মারে।

ওখানে ক্যাশবাবুটা বলে, অঙ্গ জল ক'রে দিলে আর কি আমার ; পাম্প না সারলে কল যে কাল বন্ধ থাকবে, তার কি ? সে লোকসান দেবে কে ? তুমি সিরাজউদ্দৌলার নাতি লবাব সরফরাজ খাঁ ! বলি, মালিকের মাইনে খাও না ? কল বন্ধ হবে আর লবাব ঘরে ব'সে আরাম করবেন !

মাগনা মাইনে দেয় আমায়, নয় ? দাতাকর্ণ রে আমার ! গতর খাটাই, পয়সা নিই ; বাঁধা টায়েনের কাজ না করি, বলতে পার ; ওপরটায়েন খাটা আমার গতরে পোষাবে না, আমি খাটব না, সিধা বাত।

সে দুই পা আগায়।

পিছন হইতে ক্যাশবাবু ক্রোধে ভুঁড়ি নাচাইয়া, হিন্দী বাত ছাড়িয়া দেয়, আলবৎ খাটনে হোগা, তোমার ঘাড়কে খাটনে হোগা, উল্লুক গিধ্বড় কাঁহাকা।

হাতের হামার উঁচাইয়া ছোট মিস্ত্রী কহিল, খবরদার, মুখ সামাল করো।

বাবু দশ পা পিছু হটিয়া যায় আর কহে, মারবি নাকি, মারবি নাকি রে বাপু ?

ওদিকে পিছনে হাত বাড়াইয়া কলের ফটক খোঁজে।

মজুরদের একজন শূন্যে হাত হানিয়া কহে, লাগাও হাম্মর, ফটাং ভস, আণ্ডা তোড় যায়।

জনকয় হাততালি দিয়া উঠে, যেন এ রুদ্র সঙ্গীতে তাল দিয়া যাইতেছে।

একজন প্রৌঢ়, সেও তেল-কালি-মাখা, সে আসিয়া ছোট মিস্ত্রীর উদ্যত হাতখানা ধরিয়া নামাইয়া লয়, মানাইয়াও লয়।

মজুরের একজন কহে, বড় মিস্ত্রী।

ওদিকে বাবু ফটক বন্ধ করিয়া শাসায়।

কাল যদি হামারা কলমে মাথা গলায়েগা তো জুত্তি লাগায়েগা, পুলিসমে দেগা। জবাব তোমারা।

বড় মিস্ত্রীর আকর্ষণের মাঝেও ঈষৎ পাশ ফিরিয়া ঘাড় ঘুরাইয়া ছোট মিস্ত্রী কহে, নেহী মাংতা হ্যায় তুমহারা নোকরি, কিম্মৎ থাকে আমার, কাল আবার তোরাই ডাকবি।

আপন বুকে ঘা মারে, দম্ভের ঘা।

গোষ্ঠ দাঁড়াইয়া উঠে, তাহার মনের দ্বিধা টুটিয়া যায়, সকল অন্তর তাহার যেন ওই ভাবধারা বুক পুরিয়া লইতে চায়।

দামিনীর চক্ষু জ্বলিয়া উঠে। জ্বলে, কিন্তু ওই জ্বলনের মাঝেও প্রসন্নতার আভাস পাওয়া যায়।

ঘাড়ে পাষাণ চাপানো নতদৃষ্টি বন্দী যেন ঊর্ধ্বে নীলাকাশের পানে, আলোর পানে চাহিবার উপায় দেখিতে পায়।

গোষ্ঠ কহে, বেশ ঠাঁই, হেথায় থাকা যাক, কি বল ?

দামিনীর মুখপানে সম্মতির জন্য তাকায়।

দামিনীরও বেশ লাগে, হউক এ জীবন প্রেতের, কিন্তু বন্ধনহীন, হাঁফ ফেলিয়া বাঁচিতে পারা যায় ; সেও ঘাড় নাড়িয়া সম্মতি দেয়, বেশ।

গোষ্ঠ আগাইয়া চলে মিস্ত্রী দুইজনের দিকে।

ওদিকের ঝগড়া মিটিয়া গেল দেখিয়া মজুরের দল বস্তির পানে পথ ধরে।

দামিনী বসিয়া রহিল, অবসন্ন দেহে—শ্রান্তিতে, ক্ষুধায় ; কাল হইতে একটা দানাও পেটে পড়ে নাই, মানুষের ভয়ে লোকালয় দিয়া পথ দিয়া হাঁটে নাই, আসিয়াছে প্রান্তরে প্রান্তরে রেখাচিহ্নহীন বিপথ ধরিয়া।

হাওয়ায় ঘোমটা খসিয়া পড়ে, সেটা তুলিয়া দিতেও হাত উঠে না ; অবসাদ আসে ; অবসন্ন দৃষ্টিতে সম্মুখের ছবি বেশ ধরা পড়ে না, যেন ক্ষণে ক্ষণে মুছিয়া যায়, আবছায়ার মত কাঁপে।

সমস্ত অন্তরাত্মা তাহার একটি দানার জন্য কাঁদে।

তন্দ্রার মত একটা আচ্ছন্নতা সর্বদেহ ব্যাপিয়া ফেলে, মাথাটা ঝুঁকিয়া পড়ে, ইচ্ছা করে ঘুমায়।

বউ !

দামিনীর ওই তন্দ্রা টুটিয়া যায়, পিছন হইতে কে যেন ডাকে, বউ ! ফিরিয়া দেখে সুবল।

তেমনই সলাজ নত দৃষ্টি, কুণ্ঠিত ভঙ্গী।

দামিনীর সর্বদেহে একটা উত্তেজনা বহিয়া যায় ; ঋণমুক্ত খাতক যে উগ্রতায় মহাজনের সম্মুখে দাঁড়ায়, সেই উগ্রতায়, সেই ভঙ্গিতে কহে, কি ?

ওই একটি কথায় সুবল কাঁপিয়া উঠে, সে কথা কহিতে পারে না, শুধু হাতটি বাড়াইয়া সম্মুখে ধরে, সে হাতও থরথর করিয়া কাঁপে। হাতে একটি ঠোঙা, তাহার মাঝে খাবার, সে কত কি ! যত ভাল যত রকম মেলে, তত ভাল তত রকম উপচারে সাজানো।

দামিনীর কথা ফুটে না।

তাহার সকল ক্ষুধা উন্মুখ হইয়া ওই উপচার ধরিতে চায়, ইচ্ছা করে, একই লোলুপ বিপুল গ্রাসে ওইগুলি গ্রাস করিয়া ফেলে।

তবু যেন কিসে বাধে ; সে একাগ্র বিস্মিত দৃষ্টিতে সুবলের পানে চাহিয়া থাকে ; ক্ষুধার তাড়নায় সে দৃপ্ত মহিমা আর থাকে না।

দামিনীর ওই একাগ্র দৃষ্টি, ওই নীরবতার মাঝে কি যেন সাহস পায়, সে কথা কয়। বলে, ছেলেবেলার কুল খাওয়ার কথা মনে পড়ে না !

দামিনী হাত বাড়াইয়া ঠোঙাটি ধরে, সে যেন বারো বছরের অনভ্যস্তা বধূটির বয়সে ফিরিয়া যায়।

তারপর সে কি বুভুক্ষার গ্রাস, সে যেন গিলিয়া খাওয়া !

সুবল চুপ করিয়া বসিয়া থাকিতে থাকিতে কহে, বউ, আমিও হেথায় থাকব, আমার আর সেথায় কে আছে ; আমি তোমাদের সঙ্গেই এসেছি।

দামিনীর অবসর হয় না, সে খায়।

সুবল সাহস পাইয়া কত বকিয়া যায়।

আমার তো যেখানে থাকব সেইখানেই ঘর, এইখানেই ভিক্ষে করব।

দামিনী এতক্ষণে কহে, ছিঃ, ভিক্ষে !

সুবল কহে, তবে মুড়ি-মুড়কির দোকান করব, অ্যাঁ, কি বল বউ ? তুমি মুড়ি ভেজে দিও।

দামিনী কহে, বানি দিও। হাসিয়া দামিনী মাথায় কাপড় টানিতে খুঁট খসিয়া পড়ে, হাতে বাজে সেই সাতুর বাঁধিয়া দেওয়া বালা দুইগাছা।

সুবলের ইচ্ছা করে, মুখে তুবড়ির মত কথার ফুলঝুরি ছুটাইয়া দেয় ; কিন্তু পারে না ; কথা যোগায় না ; শুধু অনেক চেষ্টায় বলে, সবই তোমাকে দোব বউ।

ক্ষুধার নিবৃত্তিতে দামিনীর সহজ বৃত্তি জাগিয়া উঠে, তাহার মনে পড়ে সেদিনের কথা।

সে যেন পাগল হইয়া উঠে ; হাতের অর্ধভুক্ত ঠোঙাটা মাটিতে আছাড় মারিয়া ফেলিয়া দিয়া কহে, আবার ?

একদিনের ভুল ভুলে যাও ভাই বউ।

সুবলের চোখ ছলছল করিয়া উঠে, দামিনীর পা ধরিতে যায়, সর্পস্পৃষ্টার মত দামিনী পিছাইয়া যায়, বলে, ছুঁয়ো না তুমি আমাকে।

চোখে তাহার আগুন জ্বলিয়া উঠে।

সুবল নত নেত্রে চলিয়া যায়।

দামিনী হাঁফ ছাড়ে, মনে বল পায়, অপরাধ যেন তাহার লঘু হইয়া গিয়াছে ; কিন্তু উত্তেজনাটা কাটিয়া যাইতেই মন কেমন ম্লান হইয়া পড়ে।

সে বসিয়া ভাবে, ঠিক ভাবা নয়, কথাগুলা মনের মাঝে ঘোরাফেরা করে।

সুবলের যাওয়া-পথের পানে উদাস দৃষ্টিতে তাকায়, দেখা মেলে না ; মনে পড়ে, আমার আর সেথায় কে আছে, আমি তোমাদের সঙ্গেই এসেছি।

দীর্ঘশ্বাস পড়ে।

অনেকক্ষণ পর গোষ্ঠ ফেরে, চোখ দুইটা লাল, হাত পা নাড়ে একটু বেশি, কথা কয় বেশি।

দামিনী বুঝিল, নেশা মিলিয়াছে।

গোষ্ঠ সোল্লাসে কয়, উঠাও তল্পি।

দামিনী মুখের পানে চায়, গোষ্ঠ বলে, ঘরদোর কাজকম্ম সব ঠিক। কলে কাজ, ফিটার-মিস্ত্রীর কাছে; ছমাস পরে পঞ্চাশ-ষাট দিয়ে পায়ে ধরবে লোকে। তার ওপর মহান্তকে পেলাম, ভালই হ'ল, গাঁয়ের লোক, গাঁয়ে মায়ে সমান কথা, কি বল? কই, গেল কোথা? ওই যে ফিটার-বুড়োর সঙ্গে কথা কইছে। মহান্ত, ও মহান্ত, এস এস, এই হেথা বউ রয়েছে।

আজ এই নিরাশ্রয়ের মাঝে আশ্রয়প্রাপ্তিতে মেজাজটা গোষ্ঠর দিলদরিয়া, ঈর্ষা-দ্বেষের কথা মনে জাগে না; আর বিদেশে এই স্বদেশের অপ্রিয় জনটিও পরম প্রিয় আত্মীয় হইয়া উঠে।

গোষ্ঠ হাতছানি দিয়া সুবলকে ডাকে; সুবল ভয়ে আগাইয়া আসে।

দামিনী ঘোমটা টানিয়া দিয়া তাহার পানে তাকায়, আবার সেই উগ্র দৃষ্টি, সুবলকে দেখিয়া আবার দামিনীর অন্তর বিরূপ হইয়া উঠে।

গোষ্ঠ আবার বলে, মহান্তও আর গাঁয়ে ফিরবে না গো, হেথা মুড়ি-মুড়কির দোকান করবে, তা বেশ হবে, কি বল? তুমি মুড়ি ভেজে দেবে, বানি পাবে; দুজনার রোজগার, আমাদের ভাত ভূতে খাবে এইবার।

দামিনী মুখ ফিরাইয়া লয়।

মহান্ত, বউকে নিয়ে এস ভাই, ঘরটা আমি দেখে নিই, মাসে দু'টাকা ভাড়াই নেবে।— বলিয়া গোষ্ঠ আগাইয়া চলে।

দামিনীও গোষ্ঠর পিছন ধরিয়া চলে, সুবলের পানে ফিরিয়া চায় না পর্যন্ত; লাজুক লোকটি সঙ্গ ধরিতে সাহস করে না, তেমনই দাঁড়াইয়া থাকে।

অনেকক্ষণ পর বলে, যা চ'লে, ব'য়েই গেল; এবার ম'লেও চেয়ে দেখব না। আমিও মরব না, সব চেয়ে দেখব। কত হবে, এই তো কলির সন্ধ্যেবেলা।

কতক দূর গিয়া গোষ্ঠ পিছনে দামিনীকে দেখিয়া কহে, ওই!

কথার শব্দে ফিটার-বুড়া চোখ ফিরায়, ঘোলাটে চোখের নিষ্প্রভ দৃষ্টি; ছোট মিস্ত্রীর রক্তবর্ণ চোখের দৃষ্টি ধকধক করে।

দামিনী মুখ ফিরায়।

ফিটার-বুড়া চোখ ফিরাইয়া একটি দীর্ঘশ্বাস ফেলে; ছোট মিস্ত্রীর চোখ ফেরে না, গোষ্ঠর সম্মুখেও তাহার ভ্রূক্ষেপ নাই, সঙ্কোচও নাই।

গোষ্ঠ কহে, মহান্ত কই?

জানি না। দামিনীর কথার সুরে সুরে একটা ঝাঁজ। উচ্ছৃঙ্খল আনন্দের একটা পিচ কাটিয়া ছোট মিস্ত্রী সোল্লাসে কহে, ভারী ঝাঁজালো বউ হে; বাঃ। চলিতে চলিতে মাথা

নাড়িয়া যেন উপভোগ করিতে করিতে সে আবার কহে, ঝাঁজালো মেয়েলোকই ভাল হে ; তা না প্যানপ্যান—চোখের কোণে নোনা পানি, দূর ! ঝাড়ু মার, দু'চক্ষে দেখতে পারি না আমি।

দামিনীর পানে আবার সেই রক্তবরণ লোলুপ দৃষ্টি হানে।

দামিনীর ইচ্ছা করে, চোখ দুইটি টিপিয়া গালিয়া দেয়।

বড় মিস্ত্রী শুধু বলে, আঃ !

ছোট মিস্ত্রী হি-হি করিয়া হাসে, বলে, বাবা, মাছ সব পাখীতেই খায়, মাছরাঙাই ধরা পড়েছে, দোষ আমাদের—ঢাকু ঢাকু করি না, পেটেও যা, মুখেও তাই।

দামিনী থমকিয়া দাঁড়ায়।

গোষ্ঠ বলে, এস।

না, আমি যাব না।

কি ? হ'ল কি ?

আর কোথাও চল !

গোষ্ঠ বিষম চটিয়া কহে, ট্যাঁকে আমার ট্যাঁকশাল ঝমঝম করছে, আর কোথাও চল ! ব্যাড়ব্যাড় করতে হবে না, এস। ওদের কথাই অমনই।

ছোট মিস্ত্রী তবু হাসে।

মজুরের বস্তি, কুলী-হাট সব।

ছিটে-বেড়ায় ঘেরা, উলুখড়ের ছাউনি ; ছোট ছোট ঘর, শুইলে এ দেওয়ালে মাথা ঠেকে, ওদিকের দেওয়ালে পা ঠেকে ; দাঁড়াইলে চালে ঠেকে মাথা, একেবারে মাপা, যে লোক বেশি লম্বা, সে নাকি অনাসৃষ্টির সৃষ্টি, সৃষ্টিছাড়া।

এক এক আঙিনা ঘেরিয়া তিন-চারি ঘরের বাস ; এক একজনের দুটি কুঠরি, একটি বারান্দা, তাই ঘেরিয়া রান্না হয়।

উহারই ভাড়া মাসে দু'টাকা, কলের মালিক মাস মাস বেতন হইতে কাটিয়া লয়।

এ আঙিনায় থাকে তিন জন ; পূর্বদিকে ফিটার-বুড়া, দক্ষিণের ভাগটায় ছোট মিস্ত্রী, পশ্চিমের খালি ভাগটা মিলিল দামিনী আর গোষ্ঠর অদৃষ্টে।

দামিনী কহে, এ যে অন্ধকূপ, আলো নাই, বাতাস নাই, ভিজে জ্যাবজ্যাব করছে।

এরই ভাড়া মাসে দু'টাকা—বত্রিশ আনা—একশো আটাশ পয়সা। যেখানকার যা, শহরের এই বটে।

ঝাঁটা মার শহরের মুখে, এ যে বুক চেপে ধরেছে !

তাও ভাল, ঘাড় তো ধরছে না কেউ।

ওপাশ হইতে ছোট মিস্ত্রী নেশার ঝোঁকে মাটিতে চাপড় মারিয়া কহে, কভি নেহি, কোইকো এক্তিয়ার নেহি হ্যায়।

গোছগাছ কর তুমি।

দামিনী সংসার পাতিতে বসে।

ঘরের মাঝে সে শুধু বসিয়া ভাবে, অভাব যে ষোল আনার—চাল, ডাল, জল, হাঁড়ি, কলসী, থালা, বাটি, সব কিছুরই।

শুধু সে খুঁটে বাঁধা সেই বালা দুইগাছা নাড়ে-চাড়ে আর কাঁদে।

ওপাশে গোষ্ঠ ছোট মিস্ত্রীর সঙ্গে বসিয়া গল্প করে, ওই সেই কথা। ছোট মিস্ত্রী বলে, মালিক কই নেহি।

উত্তেজনায় বাঙালী হিন্দী বাত ঝাড়ে।

গোষ্ঠ বলে, মালিক ভগবান!

নেহি, ভগমান কৌন হায়, ভগমান রহনেসে দুনিয়াকা এইসা হাল হোতা, কেউ দুধে ভাতে খেত, কেউ এঁটো পাত চাটত?

গোষ্ঠ চুপ করিয়া যায়, মন যেন সায় দেয়, কিন্তু স্বীকার করিতে ভয় হয়, সংস্কার চোখ রাঙায়।

বস্তির প্রতিবেশীর দল আসিয়া জুটে, ফায়ারম্যান, রেলের পয়েণ্টসম্যান, জমাদার, পদস্থ কুলীর দল সব।

ছোট মিস্ত্রী পরিচয় করাইয়া দেয়, এ ফয়রমন, এ পাইণ্টমন, ই—

পয়েণ্টসম্যান গান ধরিয়া দেয়—

বৃন্দাবনের কিষণলাল মথুরার রাজা,
সেথায় খেতেন লঙ্কা ছাতু হেথায় খান গাঁজা।

ফায়ারম্যান ঢোলকটা পাড়িয়া ধমাধম বেতালা বাজনা জুড়িয়া দেয়।

আর একজন মাথায় হাত দিয়া নাচে।

এমনই তাণ্ডবের মাঝে পরিচয় হয়। গোষ্ঠর অন্তর কেমন হাঁপাইয়া উঠে। জমাদার চেঁচায়, এ বইঠ যাও, বইঠ যাও।

শেষে নৃত্যপর ব্যক্তিটির হাত ধরিয়া টানিয়া বসাইয়া দিয়া কহে, গাঁজা তৈয়ার করো।

পয়েণ্টসম্যান সঙ্গে সঙ্গে গান বন্ধ করিয়া হাত পাতে, গাঁজা টিপিতে টিপিতে টেপার সঙ্গে জোর দিয়া কহে, সা-ত কা-ট, ন-য় টি-প, ত-বে হ-বে গাঁ-জা ঠিক।

ফায়ারম্যান এতক্ষণে গোষ্ঠর সঙ্গে আলাপ করে, বাড়ি কোথা ভাই?

সে অনেক দূর, খাটতে এসেছি খাটব, থাকব, বাস্।

তবু কি নাম গাঁয়ের?

সে কথা আর ছেড়ে দাও, সেথার সঙ্গে সম্বন্ধ চুকিয়ে এসেছি আমি।

তবু—

এবার চটিয়া গোষ্ঠ কহে, বাড়ি আমার নাই।

* *

ও বাবাঃ, চটছ কেন হে ? আঃ আঃ, উ কি করলি, কাট্, গাঁজাটা কাট্, তবে তো ঠিক হবে। তা নামটি কি তোমার ?

গোষ্ঠ নামটা গোপন করিতে চায়, মনে মনে একটা নাম খোঁজে।

গাঁজার কলিকা চলে।

টানিতে টানিতে গোষ্ঠ ভাবিয়া চিন্তিয়া বলে, কাঙালী, আমার নাম কাঙালী, হাম কাঙালী তো হ্যায়, হামারা নাম কাঙালী ঘোষ। বাড়ি হ্যায় নিশ্চিন্দিপুর—নিশ্চিন্দিপুর।—বলিয়া আপন মনেই হা-হা করিয়া হাসে।

ফায়ারম্যান বলে, সচ বাত নেহি হ্যায় ; কাঙালীভি ঝুটা, নিশ্চিন্দিপুরভি ঝুটা।

পয়েণ্টস্‌ম্যান বলে, ফেরারী নাকি হে ?

খবরদার !—গোষ্ঠ মারিতে উঠে।

গাঁজায় দম দিতে দিতে পয়েণ্টস্‌ম্যান কহে, ঠারো ঠারো, ইষ্টিম হামকো লেনে দাও। আও, আব চলা আও !

ফায়ারম্যান হাততালি দিয়া উঠে, লাগে পালোয়ান লাগে।

মিস্ত্রী হাত ধরিয়া গোষ্ঠকে মানাইয়া লয়, ব'স ব'স, ভাই-বেরাদারের সঙ্গে ঝগড়া করে না।

জমাদার বলে, হ্যাঁ হ্যাঁ, মান যাও ভাই, মান যাও।

ফায়ারম্যান দাঁত মেলিয়া হাসে, পয়েণ্টস্‌ম্যানও হাসে, যেন কিছুই হয় নাই।

চীৎকার শুনিয়া দামিনী বাহিরে আসিয়া দাঁড়ায়।

ফায়ারম্যানের দৃষ্টি সেদিকে পড়ে, চোখ দুইটা জলজল করিয়া উঠে ; সে শুধু আঙুল দেখাইয়া কহে, আরে !

জমাদার কহে, এ ভেইয়া, ই কাঁহাকা আমদানি ?

একজন গান ধরিয়া দেয়, গোবর-বনে কোন কারণে ফুটল কমলফুল !

পয়েণ্টস্‌ম্যানটা চিত হইয়া শুইয়া পড়িয়া বলে, জান গিয়া মেরা, জান গিয়া। কথাগুলা প্রায়ই সব একসঙ্গে উপরে উপরে পড়ে।

গোষ্ঠ আবার লাফাইয়া উঠে, পয়েণ্টস্‌ম্যানকে বিশেষ করিয়া শাসায়, জিভ ছিঁড়ে নেব !

ওদের ভয়ও হয় না, লজ্জাও হয় না, হি-হি করিয়া হাসে ; যুগান্তব্যাপী তমসার মাঝে ওই নির্লজ্জ হাসির কুৎসিত রূপ যে উহাদের চোখে কখনও পড়ে নাই।

পয়েণ্টস্‌ম্যান আবার বলে, এ তুমি খাঁটি কারও কপালে তেঁতুল গুলেছ বাবা।

গোষ্ঠ আর সেখানে দাঁড়ায় না, দামিনীকে টানিয়া লইয়া ঘরে ঢুকিয়া মাথায় হাত দিয়া ভাবে। দামিনী নির্বাক।

তখনও ওদের কথা শোনা যাইতেছিল, পঞ্চাশ টাকা বাজি, ফেরারী না হয়তো কি বলেছি !

এত কোলাহলেও বাহির হয় না বড় মিস্ত্রী।

লোকটা যেন কেমন; কাজের শেষে ঘরে আসিয়া ঢুকে, আবার বাহির হয় কাজের সময়। বাঁধাধরা কাজ কয়টি ছাড়া আর যেন দুনিয়ায় কিছু নাই, লোহার মতন শরীর, লোহা পেটা কাজ, যেন একটা যন্ত্র, ও যেন বস্তির অতীতের ধারা, বর্তমানকে স্থান ছাড়িয়া দিয়া ক্ষীণ যোগসূত্রের মত পড়িয়া আছে।

তবু লোকটার মাঝে কি আছে, ওই নিস্পন্দতার মাঝখানে যেন বিপুল উদ্দাম কিছু আছে। দেখিলে ভয় হয়।

সহসা গোষ্ঠ কহে, নাঃ, হেথা আর থাকব না।

দামিনী অকূল চিন্তার মাঝ হইতে কহে, কোথায় যাবে? যেন সে কূল পায় না।

গোষ্ঠও হতাশ হইয়া কহে, কোথায় বা যাব! সবারই গতিক যে ওই! রাস্তায়, ঘাটে, সবখানে, দেখলে না ভদ্দরলোকদের চাউনি?

নিরাশ্রয় দুটি নরনারী ব্যাকুল অন্তরে অন্তর্দৃষ্টি হানিয়া একটা নিরুপদ্রব নিরাপদ আশ্রয়ের জন্য বিশ্বসংসার খুঁজিয়া ফেরে।

হঠাৎ গোষ্ঠ আগুন হইয়া কহে, ফের যদি তুই বাইরে বেরুবি তো খুন ক'রে ফেলব বললাম। —বলিয়া সে দুয়ারটায় শিকল দিয়া বাহির হইয়া যায়।

ঈষৎ ম্লান হাসি ক্ষীণ রেখায় দামিনীর অধরপ্রান্তে আসিয়া আবার মিলাইয়া যায়।

নিরুপায় ওই আশ্রয়টুকুই আঁকড়াইয়া ধরে।

আধার ভেদে আধেয়ের রূপ পাল্টাইয়া যায়।

এই দুইটি নরনারীর জীবনধারা যেন কাঁদনভরা করুণ কীর্তনের সুরে চলিতে চলিতে সহসা খেয়ালের সুরে চলিতে শুরু করিল।

অন্ধকার ঘরে দামিনী তাহা অনুভব করিল, কিন্তু গোষ্ঠের কোন ভ্রূক্ষেপ হইল না।

সে কলে খাটে, বয়লারে কয়লা ঠেলে, বাঁকানো হাঁটুর 'পরে কনুইয়ের চাপ দিয়া হাতল-ভরা কয়লা তোলে, আর বয়লারের অগ্নিগহ্বরে ঝপাঝপ মারে, শেষ হইলে ঘড়াং করিয়া মুখের ঢাকনিটা বন্ধ করিয়া মাথায় জড়ানো গামছাটায় কপালের স্বেদ মুছে, পা দুইটি ছড়াইয়া বিড়ি টানে।

জ্বলন্ত আগুনের সঙ্গে লড়াই, ভ্রূক্ষেপও নাই, আক্ষেপও নাই।

গোষ্ঠ বলে, আমার বেশ লাগে।

গাঁজাটা যেদিন বেশী টানে, সেদিন বুকের তাণ্ডব যেন বাড়িয়া উঠে, কহে, বহুৎ আচ্ছা, এই তো আগকে সাথ ফাগ খেলা রে ভাই। আমি দিই কয়লা, ও ছিটোয় আঁচ। মার ফাগ হেঁই রে।

সে কয়লা মারে, হুহু করিয়া আগুনের আঁচ আগাইয়া আসে। গোষ্ঠর কৌতুক লাগে, সে হাসে।

ওই উত্তাপে সব যেন আগুন হইয়া উঠে, বক্ষে রক্ত, চক্ষে ধরা সরাখানার মতনই তুচ্ছ ঠেকে।

ওদিকে হাউজের ধারে মেয়েরা সব কাজ করে, স্টাম-পাইপের গোল হাতলটা ঘুরাইয়া হাউজের মুখে গরম ভাপ ছাড়িয়া দেয়। মেয়ের দল ছুটিয়া পালায়, উ উ বাবাঃ লো!

গোষ্ঠ হাসে, ছোট মিস্ত্রী হাসে।

মেয়েরা গালি দেয়, মর মুখপোড়া, উ কি আমোদ নাকি? উহাদের আমোদ বাড়ে।

কাজের শেষে, কয়লায় কালো, আগুনে ঝলসানো দেহ, শুষ্ক বক্ষে মরু-তৃষ্ণা লইয়া সে যখন মদের দোকানের পানে ছুটে, তখন সে যেন একটা অর্ধদগ্ধ শব, প্রেতত্ব লইয়া চিতা হইতে জাগিয়া উঠিয়াছে।

সমগ্র বিশ্বমানব-সভ্যতার ধারা এ মূর্তি দেখিয়া বোধ করি শিহরিয়া উঠে। এ যে তাহারই আর একটা অন্য দিকের রূপ।

ওই উন্মত্ত আচরণ বুঝি বিশ্বসভ্যতার কাহিনী কয়।

ওই সুপ্রকট কঙ্কালের মালার আখরে বুঝি তাহার ব্যর্থতার ইতিহাস লেখা।

সে কপট ঘৃণায় মুখ ফিরাইয়া ওই দৃশ্য দেখিতে বাঁচিয়া থাকে। কলের ঘরে তখন তহবিল মিল হয়, টাকা বাজে ঝমাঝম।

গোষ্ঠর মজুরি মিলে বারো আনা।

অর্ধেক তার নেশায় যায়, বাকী ছয় আনা দামিনীর দিকে ছুঁড়িয়া ফেলিয়া দিয়া কহে, ওই নে।

আর 'তুমি তোমার' নয়, এখন 'তুই তোর'; বুকে মুখে সবেই আগুন ধরিয়াছে, ভাষা পর্যন্ত ওই আগুনের আঁচেই বুঝি উগ্র হইয়া উঠিয়াছে।

সন্ধ্যায় এ রূপ আরও বিকট ভয়াল হইয়া উঠে; এই শিক্ষাদীক্ষাহীন মানুষগুলার বুকের নগ্ন পশুত্ব বিপুল তাণ্ডবে জাগিয়া উঠে; জাগে তো অবিরাম, কিন্তু অন্ধকারে বুঝি আবরণের সুযোগ পায়; উন্মুক্ত আলোকে লজ্জা হয়। এতটুকু লজ্জার রেশ আজও আছে, ওইটুকুই বুকের মানুষটির অতি ক্ষীণ অবশেষের পরিচয় দেয়, ওই এতটুকুই আজও আছে যে।

ওপাশে বাউরীপাড়ায় সে কি কোলাহল! ঢোল বাজে এক তালে গান হয় অন্য তালে, একসঙ্গে চার-পাঁচ জন গায়। রাখনা গায়, ইস্কাতনের টেক্কা রে প্রাণ রুপিতনের টেক্কা! নিতাই ধরে, বনের ফল খাওরে কানাই, ফল এনেছি চেখে চেখে। শশন ওরফে শশধরের আজ আধবাটি মদ পড়িয়া গিয়াছিল, সে সেই তখন হইতেই করুণ সুরে গাহিতেছে, আধ বাটি মদ প'—ড়ে গে—ল, আধ বাটি প—ড়ে গে—ল হায় গো! ওই তাহার গান, তাহার বিরাম নাই।

মেয়েরা রাস্তার ধারে বসিয়া জটলা পাকায়, পরনে এখন চওড়াপাড় মিহি শাড়ি, অল্প চুলে যোগান দিয়া খোঁপা বাঁধা, দীপ্তিহীন চক্ষে অন্ধকারের মাঝেও বক্ষের উদগ্র ক্ষুধা জলজল করে। কিন্তু ওই জলজলে চক্ষু শুধু তো মানুষের পথপানে চায় না, চায় সে রজতের ঔজ্জ্বল্যের পানে। চক্ষে ওই জলজলে দৃষ্টির মাঝে শুধু বুকের ক্ষুধাই নাই, পেটের জ্বালায় ভোগের লিপ্সাও জ্বলে।

ওরা বলে, কত ভাগ্যে মনুষ্য জন্ম, পেটে খাব না, গায়ে পরব না তো করব কি ?

লক্ষ্য যে ওদের অন্ধকারে ঢাকা। ওদের পাপের ভয় শুধু দেবতার ঘরে উঠিতে, পূজা-করা ফুল পায়ে ঠেকিলে।

আর কোন পাপ ওদের মনে ছাপ মারে না ; জীবনের ধারার জন্য দুঃখ নাই, অনুশোচনা নাই, আসলে পাপপুণ্য মানে না।

সাবি কপালে হাত বুলাইয়া বলে, উঃ, কপালটা ফুলে উঠেছে ভাই, পাশের বাড়ির মেজো বউ—

মাইতুরী চিবাইয়া চিবাইয়া বলে, কার পায়ে মাথা ঠুকে লো ?

সাবি ঠোঁটের ডগায় তাচ্ছিল্যের পিচ কাটে। এত নেকন, বলে যে সেই—পায়ে ধরতে পারলে সখি, ঘুঁটে কুড়োতে প'ড়ে থাকি !

তবে ?

ওই মুখপোড়া বুড়ো ভালুক খাতাঞ্চী লো।—বলিয়া হাসিয়া সারা, কৌতুকে কথা আর শেষ করতে পারে না, ঠুই ক'রে ঢেলিয়ে দিলে, আর চোখের সে কি ইসেরা, সূর্যিমামা ডুবু-ডুবু। আবার হি-হি হাসি।

তুই কি বললি ?—কৌতুকব্যগ্র প্রশ্ন হয়।

সন্ধ্যাবেলায় টাকা-ভরা বাক্সটা দেবে ? অমনই মুখখানা চুন, বিড়বিড় করতে করতে চ'লে গেল।

পাড়ার ভিতর পাঁচীর ঘরে কোলাহল উঠে, জমাদার আর ফায়ারম্যানের গলা শোনা যায়।

খবরদার !

খবরদার !

সব ছুটিয়া যায় ; তখন যুদ্ধ বাধিয়া গিয়াছে, জমাদারের হাতে ঝাঁটা, ফায়ারম্যান এক-খানা বাঁখারি লইয়া, পরস্পরকে মারে।

সকলে হাততালি দেয়, হাসে। পাঁচী গালি দেয়, নেমে যা বলছি আমার ঘর থেকে, বাঁশমুখো, কালামুখো। কি বিপদ মা, ঝাঁটাগাছটা সুদ্ধ নিয়েছে, দে তো ভাই পরী, তোর ঝাঁটাগাছটা—

পশ্চিম পাড়ায় উচ্চতর শ্রেণীর বাস, সেখানে আড্ডা বসে কোন দিন ছোট মিস্ত্রীর ঘরে, কোন দিন স্টেশনের ধারের সেই বটতলায়। গল্প করে বুড়া ড্রাইভার ; খালি গা, পরনে চৌকোণা ঘরকাটা লুঙ্গি, গলায় কালো কারে বাঁধা রূপার তক্তি, বাহুতে একটা ; দক্ষিণ মণিবন্ধে শুধু কার চার ফেরা করিয়া বাঁধা ; প্রত্যেক পেশীটি সুপ্রকট, বুকখানা বোধ করি চল্লিশ-বিয়াল্লিশ ইঞ্চি।

দেখো ভাই, হামারা উমর হুয়া বহুত, দেখা হায় বহুত। কেতনা ধরমঘট হুয়া পহেলে, কেতো আদমী ভুঁখাসে মর গিয়া, দানা নেহি মিলা, পানি—শুধু পানি পিয়ে ধরমঘট

চালায়া ; আখের মে হুয়া কি, কোইকো নোকরি গিয়া, কোইকো জেহেল হুয়া, যিসকো নোকরি নেহি গিয়া উসকা তলব কম হো গিয়া।

ছোট মিস্ত্রী বলে, সে তো বটেই, প্রথম যারা কষ্ট ক'রে গিয়েছে, তাদের দৌলতেই আজ যেটুকু হয়েছে।

সে একটা দীর্ঘশ্বাস ফেলে। সঙ্গে সঙ্গে ফেলে সবাই। সে দীর্ঘশ্বাস বোধ করি অতীতের সহকর্মী নির্যাতিত বন্ধুদের প্রতি উহাদের শ্রদ্ধাঞ্জলি।

ফায়ারম্যান বলে, আরে আজকাল তো বহুত সুবিধা, ধরমঘট বললেই হ'ল।

ছোট মিস্ত্রী বলে, হ্যাঁ, এখন আর—

কথার উপর কথা দিয়া গোষ্ঠ বলে, এখন আর তখন—এ তফাত বড় কিছু হয় নি ভাই। তখন ধমক দিয়ে কাজ সারত, আর এখন ফন্দি ক'রে—

ফন্দি-টন্দিতে বড় কিছু হবে না, আর সে গুড়ে বালি—

বালি দিলে ওরা জলে গুলে গুড়ের পানা ক'রে নিতে জানে। আচ্ছা, মুখে তো বল, হীরে আর জিরের দামের তফাত মানুষের করা—

আর সে তো বটেই, জানের দাম তো সবারই সমান। তবে সমান দামে আমরা বিকুতে পারি না, সে দোষ কার বলব ?

নসিবের।

কে জানে ! ছোট মিস্ত্রী বসিয়া ভাবে, কথাটা তাহার মনে ধরে না, দুর্বল রিক্ত মস্তিষ্কও ইহার সমাধান করিতে পারে না ; তাহার পর সমস্ত সংস্কারের তমসায় আচ্ছন্ন, দৃষ্টি আর যায় না।

গোষ্ঠ বলে, দাদা রে, বুদ্ধি যার, বল তার, আর দুনিয়ার মালিক সে চিরদিন।

ড্রাইভার বলে, জরুর, বুদ্ধিকে মারে সব হোতা হ্যায়। একদফে কেয়া হুয়া শুনো। হুয়া কি, এক দরখাস হামলোক দিয়া কি, দেশোয়াল ড্রাইবর, ফয়ারম্যানকো গ্রেড বাড় যায়, ডিপার্টমেণ্টকো সব কোইকো সাথ সমান হো যায় ; নেহি তো হামলোক কাম ছোড় দেবে।

ধর্মঘট হ'ল তা হ'লে ?

নেই হ'ল, দরখাসকে আচ্ছা হুকুম নেই হোনেসে হোবে এই ঠিক হ'ল। হাঁ, উসকে বাদ তিন ডিভিসনকে তিন ডি. টি. এস. বাহাল হ'ল, দরখাসকে হাল মালুম করনেকে লিয়ে।

হ্যাঁ, হ'ল তো ঘোড়ার ডিম ?

না ভেইয়া, বহুত বাত আছে ; হাঁ, হুয়া কি, ওহি তিন সাব লোক হুকুম দিয়া কি সব ডিবিসনসে দেশোয়াল আদমীর তিন তিন সর্দার হাবড়েমে ভেজ দেনা, হুঁয়া সাব লোককা সাথ বাত হোগা। হাঁ, দেশোয়াল লোক তো গেইলো, থাট কিলাসমে ; ময়লে ওদের লুগা, বিড়ি পিতা, উ লোক জরুর থাট কিলাসমে যাবে। হ্যাঁ, হাবড়েমে মুলাকাত তো হুয়া। দেশোয়াল লোক বোলা, সাব দেখো, ভুঁখামে ময় মর যাতা, লুগা না মিলতা ; মে-লোগনকা তিয়াষকো পানি না মিলি, দেশোয়াল মাটি পাথল তোড়কে লাইন বানাতা, উসকে শিরমে

লোহে গিরতা, কাঠ গিরতা, জান দেতা, আওর—, সাব বোলা, ই তো ঠিক বাত, জরুর তুমাহারা তলব বাড় যায়গা।

গোষ্ঠ বলে, বাস্, ওই ব'লে ভুস্কি দিয়ে চ'লে গেল!

নেহি, উস বখৎ টিফিনকা টায়েম হুয়া রহা, সাব বোলা, বহুত আচ্ছা, টিফিনকো বাদ ইয়ে বাত হোগা, যাও বাবালোক, তুম লোগভি টিফিন করকে আও। সাব সব কইকো এক এক রূপৈয়া দিহিস। টিফিনকে বাদ সাব পহিলে পুছা কি, তুম সব কেয়া খায়া, কেতনেকো খায়া; কোই খায়া চার পয়সেকা সত্তু, এক পয়সেকা নিমক, পয়সে ভর মরচাই; কোই খায়া চার পয়সেকা চানা। লেকেন দো আনেকা জাস্তি কোই নেহি খায়া, আওর চৌদ্দা আনা কোই জেবমে, কোই লুগামে বাঁধ্ লিয়া। সাব বোলা, ময় কেতনোকো খায়া জানতা —চার রূপৈয়া। ওহিমে বস্ সব মাটি হো গিয়া, তলব কুছ যাস্তি মিলা, লেকেন সমান না মিলা।

বাঃ রে! আমার মেহন্নত, তার দাম আমি পাব, সে পয়সা খরচ করি না করি আমার খুশি।

বেশি খেতে, ভাল খেতে কেউ জানে না, ভাল বাড়িতে থাকতে কেউ ভালবাসে না!

ওহি তো ভেইয়া, খায়া নেহি কাহে? রূপৈয়া ভোর খানেসে তো বহুত জাস্তি তলব মিল জাতা।

নেহি মিলতা, টাকা ভর থেলে কি বলত জান, বলত, যত পাবে ততই থাবে; পয়সা তোমরা রাখতে জান না; দিয়ে কি হবে?

আরে বাপু, এতদিন না খেয়ে যে পেট মরে আছে, আজ যে খেতে ভয় লাগে, হজম হবে না; মনে যে হয়ই না, এমনই ভাল চিরদিনই খেতে পাব।

ভেইয়া, হুয়া তো লেকিন এহি; আর ইয়ে হাল উলট যাগা কব, কৌন জানতা!

ছোট মিস্ত্রী কহে, আবার তোমরা বল—

বাত চলতা হ্যায়, মালুম হোতা ধরমঘট চলেগা। তামা—ম দেশোয়াল এক সাথমে কাম ছোড় দেগা। চার বাবু আয়াথা উ রোজ, মুসকিলকে বাত ইয়ে হ্যায় কি, গরিব আদমি তামাম ধরমঘটকে বখত খানে নেহি মিলতা। বাবু লোক কুছ কুছ দেতা হ্যায়, হাম লোককা তরফসে বাতভি করতা হ্যায়; আওর কোই কোই ঘুষভি খা লেতা হ্যায়।

উ লোক জরুর ঘুষ খায়েগা ভাই; বিনা গরজে ওরা এক পা হাঁটে না।

গোষ্ঠর মনে জাগে জমিদারের কথা, মহাজনের কথা, সকলেরই মনে জাগে।

দোষ নাই; যুগযুগান্তর যাহারা ইহাদের লুটিয়া খাইয়াছে, তাহাদের বিশ্বাস করিবার মত শক্তি ইহাদের নাই। কথাটা এত খোলাভাবে ইহারা বুঝে না, কিন্তু জন্মগত সংস্কার, অহি-নকুলের জন্মগত বিরোধের মত।

হঠাৎ ছোট মিস্ত্রী বলে, তোমরাও লাগাও, আমরাও লাগাব, ধর্মঘট করব, জরুর করব; সারাদিন খেটে এক টাকা, বারো আনা, আট আনা পয়সা, নেহি চলেগা। জরুর ধর্মঘট করব।

গোষ্ঠ কহে, মুশকিল ওই বাউরী বেটাদের নিয়ে ; কিছুতেই ঘামবে না, ওরা বলবে, বেশ চলছে ভাই, কে হাঙ্গামা করে !

না করে তো মজা দেখাব।

রাত্রের কথা রাত্রের অন্ধকারেই ডুবিয়া থাকে, না অভাবের তাড়নায় বুকের মাঝে কর্মের সময়ে পুঞ্জীভূত হইতে থাকে, কে জানে !

প্রভাতে আবার সব কাজে ছোটে।

সারাটা দিন আবার গা দিয়া ঘাম ঝরে, দুরন্ত রৌদ্রে দেহ তাতিয়া উঠে, আগুনের আঁচে ঝলসায়, বুকের রক্ত শুকায়।

কাজের শেষে, বেলা চারটায়, আবার অবসন্ন দেহে আসিয়া অফিস-ঘরে হাত পাতিয়া দাঁড়ায়।

খাজাঞ্চীর তবু অবকাশ হয় না, বলে, দাঁড়া রে বাপু, ঘোড়ায় চ'ড়ে এলি যে সব ! তিন পয়সা আর দুই পয়সা পাঁচ পয়সা—আরে গেল, এই চাপরাশী, ই লোককে ভাগা দেও তো।

অফিস-ঘরের ঘড়িটা অবিরাম চলে টুকটাক টুকটাক ; সে হিসাব দেয়, দিনের এগারো ঘণ্টা, বারো মিনিট, ছত্রিশ সেকেণ্ড গেল—

গোষ্ঠ বলে, চারটে বেজে বারো মিনিট, গোটা দিনটাই গেল—

ছোট মিস্ত্রী বলে, একটা দিন যায়, আর আমাদের পেরমাই যায় কদিন, তার হিসেব ও ঘড়িতে মিলবে না।

সত্য কথা, ইহাদের জীবনের যে কত ঘণ্টা গেল, তাহার হিসাব ওই ঘড়িটা দিতে পারে না, সে গতিতে ছুটিতেও পারে না।

সেদিন তখন দশটা বাজে।

বয়লারের গর্ভে আগুন জ্বলে, উৎপাদিত বিপুল শক্তি গুমগুম শব্দ করে।

শ্রমিকের দল আপন আপন কাজে লাগিয়া যায়।

কলের ছোট বড় চাকাগুলো ঘুরিতে শুরু করে, প্রথমে ধীরে ধীরে, তারপর দ্রুত—দ্রুততর

দাঁতওয়ালা চাকাগুলা দাঁতে দাঁত মিলিয়া অবহেলে ওই বিরাট লোহার রাজ্য চালাইয়া চলিয়াছে, শ্রান্তি নাই, বিরক্তি নাই, অবসাদ নাই।

গোষ্ঠ বয়লারটার পানে তাকাইয়া কি ভাবিতে ভাবিতে আপন মনেই বলে, ঠিক ওই ভুঁড়ে মালিকদের মত, দুনিয়াটা দাঁতে দাঁতে টেনে গিলেই চলেছে, গিলেই চলেছে ; অরুচি নাই, বিরাম নাই, অবিরাম।

একটা ছেলে আসিয়া কয়খানা কাগজ দিয়া যায়, গোষ্ঠ কহে, কি রে ?

ছেলেটা সরিয়া যাইতে যাইতে কহে, চুপ। ম্যানেজার দেখতে পাবে, প'ড়ে দেখ না।

গোষ্ঠ কাগজটা পড়ে, শ্রমিক মিলিত হও।

গোষ্ঠ তাচ্ছিল্যভরে কাগজখানা বয়লারের মুখে ফেলিয়া দিল, সেখানা অগ্নিগর্ভ লৌহ-পুরীটার আঁচেই হইয়া গেল তামাটে, সঙ্গে সঙ্গে কুঁকড়াইয়াও গেল। এমন কাগজ প্রায়ই পাওয়া যায়, ওই বাবুরা দেয়।

অন্য একজন ফায়ারম্যান কিন্তু সেটা মন দিয়া পড়ে।

এমন সময় সেখানে আসিয়া পড়িল মাদ্রাজী ম্যানেজার।

ম্যানেজার আসিয়াই কহে, সব ঠিক হ্যায় টিণ্ডাল ?

হেড ফায়ারম্যান—টিণ্ডাল, সে সেলাম বাজাইয়া কহে, হাঁ হুজুর সব ঠিক হ্যায়।

ষ্টীম কেতনা ?—বলিয়া ম্যানেজার নিজেই উপরের মিটারটার পানে চাহিয়া দেখে।

সহসা ম্যানেজারের নজরে পড়ে ওই ফায়ারম্যানের হাতের কাগজখানা, উত্তপ্তকণ্ঠে সে কহে, উ কেয়া হ্যায় ?

ফায়ারম্যানটি কহে, একঠো কাগজ হুজুর।

কেয়া লিখ্‌খা হ্যায় উসমে, মিল তোড় দেও, স্ট্রাইক চালাও ?

নেহি হুজুর, এক সাথ মিলনেকো লিয়ে লিখ্‌খা হুয়া হ্যায়।

হাঁ হাঁ, ওহি বাত হ্যায়, ইউনিয়ন করনেকা লিয়ে লিখ্‌খা হ্যায়। কোন্ দিয়া হ্যায় ?

রাস্তামে মিল্‌গিয়া হুজুর।

লায়ার, ঝুটা বাত, সচ কহো।

এবার সাহেব মাটিতে পা ঠোকে।

অগ্ন্যুত্তপ্ত শ্রমিক, তাহারও প্রাণে এ আঘাত সয় না, তাহার মনে হয়, ও লাথি মাটির বুকে তো নয়, উহাদেরই বুকে পড়িল। গোষ্ঠ গম্ভীর কণ্ঠে কহে, গালি মত দেনা হুজুর।

ছোট মুখে বড় কথায় ম্যানেজারেরও মেজাজ গরম হইয়া উঠে, সে হাতের বেতটা সপাং করিয়া গোষ্ঠর পিঠে বসাইয়া চলিয়া যায়।

যাইতে যাইতে কি ভাবিয়া ফিরিয়া দাঁড়াইয়া পকেট হইতে একটা টাকা গোষ্ঠের দিকে ছুঁড়িয়া দিয়া আবার চলিয়া যায়, যাইবার সময় মোলায়েম সুরে বলিয়া যায়, ওইসিন কাগজ মিলনেসে বয়লারকো অন্দর ফেক দেনা, মগজ বিগড় যায়েগা।

বেতের জ্বালায়, অপমানের দাহে গোষ্ঠ গুম হইয়া বসিয়া থাকে। ওই বয়লারটার শব্দ যেন ওর আহত বুকের মাঝে বাজে ; ক্ষণপরে সহসা বয়লারটার ঢাকনিটা খুলিয়া, অপমানের দাম, ওই তাচ্ছিল্যভরে ছুঁড়িয়া দেওয়া টাকাটা বিরাট অগ্নিতাণ্ডবের ভিতর ফেলিয়া দেয়।

রূপাটা গলিয়া গলিয়া গড়াইয়া জ্বলন্ত কয়লার চারের মধ্যে কোথায় মিলাইয়া যায়, গোষ্ঠ একদৃষ্টে তাই দেখে।

টাকাটার ওই গতিতে তবু তাহার মনে সান্ত্বনা আসে।

মুক্ত দ্বারপথে বয়লারের আগুন যেন বিকট শব্দে বিশ্বগ্রাসে আগাইয়া আসিতে চায়।

রক্তচক্ষে গোষ্ঠ আপন মনেই কহে, পারবি, বাইরে এসে সারা সৃষ্টিটা অমনই ক'রে গলিয়ে ফেলতে পারবি ? দূর দূর, লোহার ঢাকনিটাই ফাটাতে পারিস না, তা সৃষ্টি।

মানুষের গোলাম তুই ; আবার বলে, আগুন দেবতা !

অসম্ভব জোরে সে লোহার দরজাটা বন্ধ করিয়া দেয়, বলে, মর্, ওরই ভেতরে গুমরে গুমরে মর্।

অন্য সঙ্গী কয়টি তাহারই পানে চাহিয়া বসিয়া থাকে, একটা সহানুভূতির দৃষ্টি সকলেরই চক্ষে, কিন্তু সান্ত্বনা দিবার ভাষা যেন পায় না, অক্ষমতার দোহাই দিয়া সান্ত্বনা দিতে মন বুঝি উহাদের আর উঠে না, গোষ্ঠ আপন মনেই বুকের উষ্ণ আক্ষেপ প্রকাশ করিয়া যায়, ঠিক আমাদেরই মত, বুকের আগুন বুকের মাঝে অমনই গুমগুম করে, বেরিয়ে আসতে পারে না।

এইবার টিণ্ডাল একটা কথা খুঁজিয়া পায়, কহে, আসবে রে, আসবে একদিন ; বাবুরা বলে শুনিস নি ?

তাচ্ছিল্যের ভঙ্গিতে গোষ্ঠ বলে, হ্যাঁ, বেরুবে যেদিন, সেদিন আর এই হাড়পাঁজরাগুলো থাকবে না। আমাদের পোড়াতে আর আগুন লাগবে না, আর পোড়াবেই বা কে ? টেনে ফেলে দেবে, মাটিতে হাড়গুলো মিশে যাবে, মাংস খাবে শেয়াল-শকুনি।

টিণ্ডাল সহসা দাঁড়াইয়া উঠিয়া বলে, নাঃ, এর বিধান করতেই হবে।

গোষ্ঠ হাসে অবিশ্বাসের হাসি।

টিণ্ডাল বলে, চল্, আজ বাবুদের কাছে যাব। ওরা বলে, সভা করলেই এর উপায় হবে ; সব কেঁচো হয়ে যাবে।

অন্য একজন ফায়ারম্যান বলে, হ্যাঁ, ওদের কাছে যাবি, ওরা তোদের বুকের উপর ব'সে খাবে, আমি দু-দুবার দেখেছি, আমাদের দিয়ে ধর্মঘট করালে, আর শেষে ওরাই ঘুষ খেয়ে আমাদের সর্বনাশ করলে। ও বাবা, সাপের দুটো মুখ, যেমন মালিক, তেমনই ওই বাবুরা।

টিণ্ডাল ঘন ঘন মাথা নাড়িয়া প্রতিবাদ করিয়া কহে, না না না, ওই যে শিবকালী আর সুরেনবাবু, ওই যে রে খদ্দর পরে, আমাদের পাড়ায় যায় মাঝে মাঝে, ওরা তা নয়। পাপী আদমির চেহারাই আলাদা হয় রে, মহাত্মাজীর শিষ্য ওরা। এই ছোকরা, এই !

ও পাশের কর্মরত ছোকরাটা এ-পাশ ও-পাশ চাহিয়া দেখিয়া ছুটিয়া আসে। হেড ফায়ারম্যান বলে, যা তো, বড় মিস্ত্রী, ছোট মিস্ত্রী আর রামকিষণ—এদের ব'লে আয়, যেন টিফিনে সব এইখানে আসে, কাজ আছে, বাড়ি না যায়।

ছোকরাটা বলে, সায়েব যদি দেখে ?

টিণ্ডাল কলে দিবার তেলের চুঙ্গিটা ওর হাতে দিয়া কহে, এইটে হাতে ক'রে যা।

ছোঁড়াটা চুঙ্গি হাতে চলিয়া যায়।

বারোটার ভোঁ বাজে—টিফিনের ছুটির সিটি, সিটিটা আজ হয় অনাবশ্যক দীর্ঘ, আর ঘন ঘন ; ফায়ারম্যানগুলির মন যেমন উৎকণ্ঠিতভাবে বলে, সাথীরা আয় আয়। বয়লারের বাঁশীর সুরে তেমনই ভায়া উহারা ফুটাইতে চায়, মনে করে, এই অভিনবত্বের মাঝে আহ্বানের ইঙ্গিতটা সাথীরা বুঝিবে।

বড় মিস্ত্রী আসে, তেমনই নিষ্প্রভ দৃষ্টি, যন্ত্রচালিতের মত ভাব। ছোট মিস্ত্রী আসে গান ধরিয়া, আর বাঁশী বাজায়ো না শ্যাম।

কি, সব খবর কি? কিছু পেয়েছিস নাকি, খাওয়াবি?

গোষ্ঠ বলে, ভাগ নিবি? এই দেখ।—বলিয়া পিঠটা খুলিয়া দেখায়, রক্তমুখী দড়ির মত দাগ। কথায়, চোখে তাহার ব্যথার জ্বালা ফুটিয়া বাহির হয়, যেন বয়লারের মুখের ঢাকনিটা খুলিয়া দেওয়া হইয়াছে।

তাহার আঁচটা উহাদেরও উত্তপ্ত করিয়া তোলে।

বড় মিস্ত্রী গম্ভীর কণ্ঠে কহে, কে মেলে?

ছোট ম্যানেজার!

চল্, বড় সায়েবের কাছে যাব।

টিণ্ডাল বলে, হ্যাঁ, ওদের কাছে তো সব হবে, সব মুখ শোঁখাশুঁখি হয়ে যাবে, ও হবে না।

তবে?

আমি বলছিলাম, চল্, বাবুদের কাছে চল্।

ছোট মিস্ত্রী ঘৃণার ভঙ্গীতে কহে, দূর, ওরা আমাদের চেয়েও ভেড়া।

হেড ফায়ারম্যান বলে, তবু ওরা আমাদের দিকে তাকাবে, ওরাও চাকর, আমরাও চাকর, বুঝলি? আর যদি ঠকায়ই ওরা, তা হ'লে ওদের উপকার তো হবে।

অসহিষ্ণুভাবে ছোট মিস্ত্রী কহে, তা হবে না বাবা, ওসব আমি বুঝি না, যদি ঠকায় আমাদের, তবে জান নেব, স্পষ্ট কথা আমার; রাজি হও, তবে আমরা ওদের কাছে যাব।

টিণ্ডাল বলে, না রে, শিবকালীবাবু সুরেনবাবু ঠকাবার আদমি নয়, ওরা মহাত্মাজীর চেলা।

ছোট মিস্ত্রী বলে, বিশ্বাস আমি কাউকে করি নে, সে চেলাই হোক আর ফেলাই হোক! আমাদের ভাতে মারে, আমরা হাতে মারব—এই বোঝাপড়া হয়, রাজি আছি।

তোর মনের দোষ, বুঝলি?

ঠ'কে আর ঠেকেই মানুষ শেখে; মুখ দেখে মন বোঝা যায় না, বুঝলি? বিশ্বাসের কাল নাই আর, যাকে বিশ্বাস করবি, সেই ঠকাবে; খাঁটি কথা। আর দোষ দিস আমার?

কথাটা সত্যই খাঁটি, দোষ কাহার?

বঞ্চিতের, না বঞ্চকের?

যুগ-যুগান্তর ধরিয়া এই ক্ষুধাতুরের দল শুধু যে স্বার্থেই বঞ্চিত হইয়া আসিতেছে, তাহা তো নয়; যে বিশ্বাস মানুষের জীবনের একটা পরম আশ্বাস—শান্তি, সেটুকুতেও দুনিয়া এদের নিঃস্ব করিয়া তুলিয়াছে।

তাই এই রত্নভরা সারা বসুন্ধরা উহাদের চোখে আজ শুধু মেকী আর ফাঁকি ছাড়া কিছুই নয়।

যুগ-যুগান্তরের বঞ্চনায় আজ উহারা অন্তরে বাহিরে রিক্ত ; হাহাকার আজ উহাদের বাণী।

বঞ্চনার ভয়ে ওরা ত্রস্ত।

অবিশ্বাস আজ উহাদের সংস্কার।

বড় মিস্ত্রী বলে, ওরে, এতটা অবিশ্বাস ভাল নয়।

ওর সংস্কারগত বিশ্বাস আজও মরে নাই। বড় মিস্ত্রী আবার বলে, দুনিয়াতে আর বিশ্বাস রইল না, এর পর বাপও আর ছেলেকে বিশ্বাস করবে না।

ছোট মিস্ত্রী বলে, করবে নাই তো, তোমাদের সে এক কাল গিয়েছে, লোকে বিশ্বাস ক'রে ঘরের কোণে লুকিয়ে টাকা ধার দিয়ে এসেছে ; পাওনাদার ম'রে গিয়েছে, দেনদার তার ওয়ারিশকে টাকা দিয়ে এসেছে , আর আজ, ঘোর দেখি সারা বাজারটা, একটা লোক সত্যি কথা কয় ? দোকানী দাম বলে চার ডবল, খদ্দের তাতেই রাজি, মতলব হচ্ছে তার ফাঁকি দেবার, মিথ্যে বই সারা বাজারটায় কিছুই নাই। আর আমরা, আমাদের গলা তো সবাই কাটে, মালিক কাটে, খাজাঞ্চী কাটে, দোকানী কাটে, তুমি আমার কাট, আমি তোমার কাটি। অবিশ্বাসের দোষ আছে ?

বড় মিস্ত্রী ভাবে ; সমস্ত শ্রোতার দলও নির্বাক হইয়া ভাবে।

হেড ফায়ারম্যান নীরবতা ভঙ্গ করিয়া কহে, তা বেশ তো, আমাদের ওদের সঙ্গে মিলে কাজ কি আছে, ওদের পরামর্শ নিতে তো দোষ নাই, ওদের একটু খাটিয়ে নে না।

বড় মিস্ত্রী বলে, সেই ভাল, চল, ওদের দুজনকে সন্ধ্যেতে আমাদের ওখানে যেতে ব'লে আসি। দল বাঁধিয়া সব বাবুদের বাসার দিকে যায়। শিবকালী কেরানী, আর সুরেন টাইপিস্ট।

পঁচিশ-ছাব্বিশ বছর বয়স ; শতকরা আশীজন বাঙালীর ছেলের মতই দুর্বল দেহ ; কিন্তু চোখে স্বপ্ন, বুকে আশা। চোখ হইতে মাঝে মাঝে আগুনের ঝলকও বাহির হয় ; সহকর্মীরা শিহরিয়া উঠে, কিন্তু আড়ালে ব্যঙ্গ করিয়া বলে, ভারত-উদ্ধারের দল।

সুরেন বলে, আমরাই তার ভিত্তি গড়ে যাব। সুগভীর বিশ্বাস উহার বাক্যের প্রতি অক্ষরের মধ্যে রনরন করিয়া বাজে, সে ঝঙ্কারে সহকর্মীদের ব্যঙ্গ মূক হইয়া যায়।

শিবকালী বলে, সে শুভ প্রভাতের আলোর রেশ আকাশে লেগেছে, আকাশ লালচে হয়ে উঠেছে। এত বড় দুর্দশা, একটা এমনই বড় উন্নতির ইঙ্গিত নিশ্চয় করছে।

ওর কথার বেশ অর্থ হয় না, তবু সহকর্মীদের কেমন ভয় করে, অদূরভবিষ্যতে একটা জীবন-মরণের যুদ্ধের ছবি মনে জাগিয়া উঠে।

আবার বুকের এক কোণ হইতে লুপ্তপ্রায় একটা উত্তাপও যেন জাগিয়া উঠে, খানিকটা উত্তেজনাও যেন লাগে, তারাও ভারত উদ্ধারের কথা কয়।

নাঃ, আর বেশি দেরি নাই।

একজন বৃদ্ধ কহে, তাও আমাদের নাতির আমলের আগে নয়।

দেশবন্ধু থাকলে কিন্তু আরও আগে হ'ত।

মহাত্মাই কি করেন দেখ।

খবরের কাগজের নিয়মিত পাঠক একটি ছোকরা বলে, মহাত্মা কি হে, অর্ধ-উলঙ্গ রাজদ্রোহী ফকির বল।

থিয়েটারে হিরোয়িনের পার্ট করে রমেশ, সে ভাবাবেশে গান ধরে, আমরা ঘুচাব মা, তোর দৈন্য, আমরা ঘুচাব মা, তোর ক্লেশ।

একজন বলে, আন্, ডুগি তবলা আন্, হারমোনিয়ম আন্, আসর পাত্, তা না, ভারত আর ভারত। আদার ব্যাপারীর জাহাজের খোঁজে কাজ কি বাপু? ভারত উদ্ধার হলে তোদের কি রাজ্যলাভ হবে শুনি?

খবরের কাগজের পাঠক ছোকরা উষ্ণ হইয়া কহে, কি বললে, কিছু হবে না?

কি হবে শুনি? জিওগ্রাফিতে পড় নি ধনমণি যে, পৃথিবী সূর্যের চারিদিকে ঘুরিতেছে, কিন্তু তাহা আমরা অনুভব করিতে পারি না; কেমন, না একটি বলের উপর একটি পিপীলিকা ছাড়িয়া দিয়া উহাকে যে ভাবেই ঘুরাও না কেন, পিপীলিকা তাহার গতি বুঝিতে পারে না। বাবা, আমরা হলাম পিপীলিকা।

স্বাধীনতা অধীনতায় কোন ভেদ নাই দাদা, কোন ভেদ নাই।

কলম পিষিয়া যাই, কলম পিষিয়া খাব,
বাঁশরী বাজাব শুয়ে যেমন বাজাই।

ইহার পর আর মতভেদ থাকে না, ওরা বাঁশীই বাজায়। স্বপ্নপ্রবণ তরুণ দুইটি তখন ঘরের মাঝে বসিয়া শ্রমিক-সঙ্ঘ গড়িয়া তুলিবার কর্মপন্থা ছকে।

শ্রমিকদের সঙ্গে মিলিবার চেষ্টাও উহাদের ছিল, গোষ্ঠ এখানে আসিবার পূর্বে উহারা দুইজনে শ্রমিকদের আড্ডায় যাইত; উহাদের মত হইয়া মিলিবার চেষ্টা করিত, কিন্তু মিলিত না। উহারা যাইতেই গায়কের গান বন্ধ হইয়া যাইত, কিষণলাল ঢোলকটা পাশে সরাইয়া রাখিত।

সুরেন কহিত, রাখলে কেন, লাগাও, আমরাও শুনি।

উহাদের বিছানাতেই বসিয়া পড়িত, কিন্তু তাহাদের তাহাতে বিষম আপত্তি।

বড় মিস্ত্রী একটা ময়ূর-আঁকা জাপানী মাদুর বিছাইয়া কহিত, ওখানে নয়, বাবু, এখানে বসুন, এখানে বসুন।

ব্যবধান একটা থাকিয়াই যায়।

ফিরিবার পথে দুই বন্ধুতে তাই লইয়া আলোচনা হইত।

সুরেন কহিত, এ ব্যবধান আমাদের স্বখাত-সলিল। যাক, এ ব্যবধান পুরিয়ে ফেলতে হবে। অসহিষ্ণু হ'লে চলবে না, দশ দিন, বিশ দিন, দু'মাস, ছ'মাস—একদিন ভুল ভাঙতে বাধ্য। হাত বাড়িয়ে অপেক্ষা করতে হবে, হতাশ হয়ে, অসহিষ্ণু হয়ে ফিরিয়ে নিলে চলবে

না, একদিন ওরা সে হাত ধরবেই।

শিবকালী কহে, নিশ্চয়, এই যে একটা স্বাতন্ত্র্য, এই সে মিলনের সূচনা; দুনিয়াতে প্রত্যেক জিনিসেরই একটা প্রতিক্রিয়া আছে; বৈশাখের শুষ্ক নদী শ্রাবণের বন্যার পূর্বাভাস।

ইহাদের এই আসা-যাওয়াটা কিন্তু শ্রমিকদের বেশি দিন ভাল লাগিল না; সন্দিগ্ধ চক্ষে, অধঃপতিত মনে নানা কথা জাগিয়া উঠিল; ফলে এমন কুৎসা তাহারা রটাইল যে সুরেন-শিবকালীকে যাওয়া-আসা বন্ধ করিতে হইল, কিন্তু রাগ করিল না।

সহকর্মীরা ইঙ্গিত করিল, বাবা, সিংকিং সিংকিং ওয়াটার ড্রিংকিং।

সেটা কিন্তু প্রত্যক্ষে নয়, পরোক্ষে।

সুরেন সে শুনিয়া আগুন হইয়া উঠে, শিবকালী কিন্তু ফুৎকারে কথাটা উড়াইয়া দিতে চাহিয়া কয়, ডোণ্ট বি সেণ্টিমেণ্টাল।

সে দিন শিবকালী আর সুরেন টিফিনের ছুটিতে মেসে বসিয়া ওই কথাই কহিতেছিল, ও ঘরে বাবুরা বসিয়া তামাক টানিতেছিল, এমন সময় শ্রমিদের দল আসিয়া সেলাম জানাইল।

শিবকালী আপনার ও সুরেনের বিছানা দুইটা টানিয়া পাতিয়া দিয়া কহে, ব'স ব'স মিস্ত্রী, ব'স সব।

বড় মিস্ত্রী জোড়হাত করিয়া কহে, মাপ করবেন বাবু, তেল কালি কয়লায় গায়ে একটা খোলস পড়ে গিয়েছে, বসলে বিছানাই মাটি হবে, আমরা এসেছি, একবার সন্ধ্যেবেলায় আমাদের ওখানে পায়ের ধুলো দিতে হবে।

সুরেন কহে, কি ব্যাপার হে মিস্ত্রী?

আজ্ঞে, সেইখানেই বলব সব, যাবেন তা হ'লে, যেতে বলতে মুখ তো আমাদেরই নাই।

শিবকালী হাসিয়া কহে, সেজন্যে লজ্জিত হ'য়ো না মিস্ত্রী, পাঁচজনের মন তো সমান নয়, তাই পাঁচজনে পাঁচ কথা কয়; তা যাব আমরা। তবে কি জন্যে যেতে হবে জানা থাকলে সুবিধে হ'ত।

ছোট মিস্ত্রী কহে, আমরা একটা সভা গড়তে চাই, তবে আপনারা শুধু গ'ড়ে দেবেন, আপনাদের সঙ্গে কোন সম্বন্ধ থাকবে না।

শিবকালী ছোট মিস্ত্রীকে আবেগে আলিঙ্গন করে।

বড় মিস্ত্রী কহে, কালি লাগবে বাবু, কালি লাগবে।

শিবকালী কহে, মিস্ত্রী, কালি-লাগা জামাটা আমি রেখে দেব। এ কালি আমি মুছব না।

সুরেন কহে, আর আমাদের গায়ের কালি বড় মিস্ত্রী, এ যে চামড়া না তুললে উঠবে না; কালিতে লজ্জাই বা কি, আর ক্ষতিই বা কি?

ছোট মিস্ত্রী বলে, আমরা কিন্তু কিছু জলখাবারের ব্যবস্থা করব। সরল ব্যবহারে,

ছোট মিস্ত্রীরও উহাদের বেশ ভাল লাগে।

সুরেন বলে, বেশ বেশ, বহুত আচ্ছা, খেতে আমি খুব ভালবাসি।

শিবকালী কহে, আর আমি বুঝি বাসি না, আমি বুঝি মার খেতে, গাল খেতে ভালবাসি?

সকলে হাসিয়া উঠে, লঘু হাস্যপরিহাসের মধ্য দিয়া সকলে কেমন একটা সরল আত্মীয়তার সরল সমভূমিতে আসিয়া দাঁড়ায়; ওই লঘু-হাস্যপরিহাসের মধ্য দিয়াই বুঝি প্রথম আত্মীয়তার সৃষ্টি হয়, ক্রমে সে গভীরতার মধ্য দিয়া সুদৃঢ় বিরাট হয়।

বীজ উপ্ত হয় স্বল্প মাটির নীচে, গাছ বড় হয়, তখন মূল চলিয়া যায় মাটির গভীরতা ভেদ করিয়া সুদূর অন্তরে—অন্তরতম প্রদেশে।

ওদিকে সিটি বাজে—কাজ, কাজ, কাজ।

শ্রমিকদের দল চলিয়া যায়।

হেড ফায়ারম্যান বলে, দেখলি কেমন লোক?

বুড়া মিস্ত্রী বলে, ওরা বুকে ক'রে নিতে চায়, আমাদেরই বিশ্বাস হয় না, আর আমাদের বুকে কাঁটা আছে, সহ্যও হয় না।

ছোট মিস্ত্রী বলে. পাড়াগাঁয়ের বাবু বোধ হয়; তাই এমন ধারা। পাড়াগাঁয়ের মুচীও গ্রামসুবাদে মামা হয়।

গোষ্ঠ একটা দীর্ঘশ্বাস ফেলে, আজ তাহার গ্রামকে মনে পড়ে, রমাপতি মাস্টার, মুদী খুড়ো, যোগী কত্তা; সত্য, সেখানে অভাব থাক, নিদারুণ হতাশা থাক, তবু মমতা ছিল।

আবার আপন আপন কাজে লাগিয়া যায়।

ওই আগুনের সঙ্গে লড়াই করিতে মন আবার হালকা হইয়া উঠে। গোষ্ঠর মুখেও গান আসে, হাসি ফোটে।

এতক্ষণে সে হেড ফায়ারম্যানকে বলে, যাই বল বাপু, এও বেশ, খাই দাই কাম বাজাই, ধার কারুর ধারি না। আর এ কাম কি, একটা দৈত্যের সঙ্গে লড়াই!

কর্মের মাঝে একটা আনন্দ আছে, আত্মপ্রসাদ আছে যে।

সেই দিনই সন্ধ্যায় শ্রমিকসঙ্ঘ গঠিত হইয়া যায়; বড় মিস্ত্রী, ছোট মিস্ত্রী, টিণ্ডাল, কিষণলাল, গোষ্ঠকে লইয়া এক পঞ্চায়েত গঠিত হয় উহাদের।

কত নূতন নিয়মকানুন হয়।

বেশ একটা আনন্দও পায়। কি যেন গভীরভাবে বুঝিবার চেষ্টা করে।

বাবুরা বলে, মাটির বুক চিরে ফসল ফলায় কারা?

তোমরা।

আগুনের সঙ্গে লড়াই ক'রে কল চালায় কারা?

তোমরা।

মাটির ভেতর খনির অন্ধকূপে, সোনা রূপো হীরে জহরৎ খুঁড়ে বের করে কারা ?

তোমরা।

তোমরা হচ্ছ দুনিয়ার হাত, তোমরা দুনিয়ার মুখে আহার তুলে দাও, তবে দুনিয়া খায়।

কথাটায় মনের ভিতর উহাদের অহঙ্কার জাগে, কিন্তু সঙ্গে সঙ্গে নিজেদের এত বড়, এত শক্তিমান ভাবিতে বুক কাঁপিয়া উঠে, নিজেকে যেন নিজেরই ভয় হয়।

বুড়ী সাবি বাউরিনী বলে, না বাবু, ও আবার কি কথা, আমরা গরিব মানুষ, গরিবের মত থাকব—না বাপু, ভয় লাগছে আমার।

সভার কাজ সারিয়া তরুণ দুইটিও ফেরে নীরব নিস্তব্ধ। তাহারাও ভাবে।

সহসা সুরেন কহে, ওদের এখন চাই সেলফ-কন্‌শাস্‌নেস্‌; আত্মবিস্মৃতি না টুটলে জাগরণ আসবে না; শিক্ষার ব্যবস্থা না হ'লে তা হবে না, নাইট স্কুল স্টার্ট ক'রে ফেলা যাক।

শিবকালী বলে, এদের জন্যে তার প্রয়োজন নেই, সে ব্যর্থ হয়ে যাবে। লঘু মেঘ, সে হ'ল বাষ্প, তার মধ্যে শত সাধনাতেও বজ্রের সন্ধান পাবে না, কিন্তু ঝড় এসে তাদের মিলিত ক'রে দেয়, বর্ষণে-বজ্রে ধরণী সন্ত্রস্ত হয়ে উঠে।

যুগ-যুগান্তরের উচ্ছৃঙ্খল শক্তি কিন্তু একদিনে সংযত হয় না, দূর-দূরান্তরের প্রবহমাণা নদীর ঘূর্ণিভরা বন্যা সহসা বাঁধনে বাঁধা যায় না।

উহাদের আজন্মের উদ্দাম দুর্দম প্রকৃতি নিয়মের বাঁধন মানিতে চায় না। দল আবার ভাঙ্গিতে শুরু করে, একদিনের কথার ঘায়ে জাগানো অনুভূতি ধীরে ধীরে সুপ্ত হইয়া পড়ে।

বাউরীর দল আগে ভাঙ্গিল।

একদিন উহারা আসিয়া কহিল, তোমাদের সঙ্গে আমরা আর নাই বাপু।

বড় মিস্ত্রী বলে, কি হ'ল কি, কেন, থাকবি না কেন শুনি ?

মানতে হয় আমরা মালিককে মানব, তোমাদের কেন মানব ? খেতে পরতে দাও তোমরা ?

আরে, শোন্‌ শোন্‌, তোরাই সব পঞ্চায়েত হবি, আয় না, আমরা ছেড়ে দিচ্ছি।

কে সে কথা শুনে, উহারা কিছুতেই মানে না, জবাব দিয়া চলিয়া যায়, তখন পাড়ায় উহাদের মহোৎসব চলিতেছে, মালিক-পক্ষ আজ মদের জন্য করকরে দশ টাকা বকশিশ করিয়াছে।

সুরেন আবার প্রাণপণ চেষ্টা করে, কিন্তু কিছু হয় না; ভাঙা দল আর জোড়া লাগে না।

শিবকালী কহিল, কেন মিছে চেষ্টা করছ সুরেন, চাপ না পড়লে ওরা এক হবে না; দেখেছ, আকাশে আকাশে মেঘ আসে, চ'লে যায়, কিন্তু যেদিন বায়ুপ্রবাহ চাপ দেয় সেদিন বিচ্ছিন্ন মেঘমালা জমাট বেঁধে এগিয়ে আসে।

সুরেনও যাওয়া-আসা ছাড়িল।

আবার যা ছিল তাই; সেই নেশা, নাচ, গান, তাণ্ডব, কোনরূপে জীবনটাকে টানিয়া লইয়া যাওয়া, জীবনের দিন কয়টাকে ক্ষয় করা।

হঠাৎ কাজের চাপ পড়ায় কোম্পানি শ্রমিকদের কাজের সময় সাময়িকভাবে একঘণ্টা বাড়াইয়া দিল, মজুরিও বাড়িল, কিন্তু সে বাড়া অতি সামান্য, বিশেষ সারাটা দিন পরিশ্রমের প্রচণ্ড ক্লান্তি, অবসাদের মধ্যে আরও এক ঘণ্টা পরিশ্রমের বিরক্তি—ক্লান্তির তুলনায় তাহার মূল্য নগণ্য, মজুরদের তাহাতে তৃপ্তি হইল না।

একটা অসন্তোষ, মনের মধ্যে সহিয়া যাওয়া পুঞ্জীভূত অসন্তোষের উপরে আসিয়া সে অসন্তোষকে নাড়া দিয়া যেন সজীব করিয়া তুলিল।

মদের দোকানে ভিড় বেশি জমিতে শুরু হইল; এই অবসাদ এই ক্লান্তি দূর করিতে, সারাদিনের আয়ুর দামে, আয়ুক্ষয়-করা বিষ উহারা আকণ্ঠ গিলিতে শুরু করিল।

গোষ্ঠ যেন মদে পাগল হইয়া উঠিল; কোনদিন মজুরির অর্ধেক যায়, কোনদিন বা বারো আনার ষোল আনাই নেশায় চলিয়া যায়।

সেদিন গোষ্ঠ শূন্য হাতে ফিরিয়া আসিয়া ভাম হইয়া দাওয়ার উপর এলাইয়া পড়িল।

দামিনীর তখনও রান্না চাপে নাই, গোষ্ঠই রোজ ফিরিবার পথে বাজার করিয়া আনে, আজ তাহার শূন্য হাত আর নেশার অবস্থা দেখিয়া শঙ্কা হইল।

চোখ দিয়া দুই ফোঁটা জলও গড়াইয়া পড়িল, আজ মনে হয়, শত দীনতা; শত নির্যাতনের মধ্যে সে ছোট গ্রামখানি, সে ছিল ভাল।

মনে পড়ে সাতু ঠাকুরঝিকে, এমন দিনে দুই মুঠা চালের অভাব সেখানে কোনদিন হইত না। এখানে লোকের নিজেরই কুলায় না, অপরকে দিবে কোথা হইতে?

বহুক্ষণ অপেক্ষা করিয়া একটা দীর্ঘশ্বাস ফেলিয়া সে কহিল, খরচ—?

গোষ্ঠ মুখ বাঁকাইয়া কহে, কেয়া খরচ, কিস্‌কে খরচ, খরচ হামরা নেহি হ্যায়, জমা কর্‌ লেও, সব জমা হোগা; সেরেফ হামকো খরচ লিখ্‌ দেও।

চোখ মুছিতে মুছিতে দামিনী গোষ্ঠর মুখে-চোখে জল দিয়া বাতাস করিয়া বলে, ওগো, রান্না হবে কিসে, খরচ কই, খরচ?

দুই হাতেরই বুড়ো আঙুল দুইটা প্রবলভাবে নাড়িয়া গোষ্ঠ কহে, ফক্কা, ফক্কা।

দামিনীর সারা অঙ্গ যেন হিম হইয়া যায়, উদরের মাঝে ক্ষুধার অগ্নিদাহ দাউ দাউ করিয়া জ্বলে, সে তো উপেক্ষার নয়, ক্ষুধার তাড়নায় জননী সন্তানের মাংসও খাইয়াছে; সে উষ্মাভরে কহে, তারপর পেট—পেট চলবে কিসে?

গোষ্ঠ হাতপা ছুঁড়িয়া খুব উৎসাহের সহিত চেঁচায়, আগুন জ্বালাও, পেটমে আগুন জ্বালাও।

দামিনী আর কথা কয় না; ঘরের মেঝের উপর কাপড় বিছাইয়া শুইয়া পড়ে, পেটে তো নয়, তাহার ইচ্ছা করে সংসারজীবনে আগুন দিতে। ইচ্ছা করে, যাই মহান্তর কাছে। শুধু একটি মিষ্ট কথার অপেক্ষা ওই কথাটির দামে সে যাহা দিবে সে অনেক, এই স্বামীর ঘরে তাহা কল্পনার বস্তু।

দামিনী যায়ও ঘরের দুয়ার পর্যন্ত; কিন্তু কেমন যেন আর পা উঠে না; মনে পড়ে তার দৃষ্টির লোলুপতা!

* *

সারা অঙ্গ তাহার ঘিন ঘিন করিয়া উঠে।

সে আবার ফিরিয়া আসিয়া শোয়।

উপবাসের অবসাদে দামিনী তন্দ্রাচ্ছন্ন হইয়া পড়ে, সারাটা দিন সে শুধু জলের উপর আছে, ওবেলা ঘরে যাহা ছিল, তাহাতে গোষ্ঠর জলখাবারও পুরা হয় নাই।

তন্দ্রার ঘোরে সে স্বপ্ন দেখে, মহান্ত তাহাকে ডাকে, সম্মুখে তাহার—থালার উপর নানা উপচারে সাজানো নৈবেদ্য, পাশেই একখানি সুন্দর আসন পাতা, যেন সে বলে, এস, দেবীর মতই তোমায় পূজা করিব। সহসা একটা প্রবল আকর্ষণে তাহার তন্দ্রা ছুটিয়া যায়।

মাতাল গোষ্ঠ তাহার চুলের মুঠি ধরিয়া উঠাইয়া বসাইয়া দিয়া কহে, এই, ভাত দে—ভাত।

আগুনের দাহে নেশার বিষে এতক্ষণে তাহার উদরে বিশ্বগ্রাসী আগুন জলিয়া উঠিয়াছিল।

দামিনী রুক্ষ দৃষ্টিতে স্বামীর পানে চায়, স্বপ্নে সুখ এ তাহাকে দিবে না?

বুভুক্ষু মন্থপের কাছে এ নীরবতা অসহ্য বলিয়া বোধ হয়, গোষ্ঠ একটা চড় কষাইয়া কহে, লবাবের বেটি, হারামজাদী—

শরমস্তব্ধ নারীকণ্ঠ একবার অতর্কিতে ফুটিয়া, আবার নীরব হইয়া যায়; শুধু চোখের জল বাঁধ মানে না।

সম্মুখেই ও ঘরে বসিয়া ছোট মিস্ত্রী ব্যাপারটা অনুভব করিয়া গোষ্ঠকে তিরস্কার করে, এই উল্লু, এই গোষ্ঠ, কি হচ্ছে কি? মেয়েলোকের গায়ে হাত? খবরদার—

গোষ্ঠ ঘরের ভিতর হইতেই পড়িয়া পড়িয়া আস্ফালন করে, উঠিতে পারে না।

নারীকণ্ঠের চাপা ক্রন্দনের আভাস তখনও পাওয়া যায়।

ছোট মিস্ত্রী আসিয়া ঘরের মধ্যে উঁকি মারে; চোখে পড়ে দামিনা।

দামিনী বড় বাহির হইত না, ইহাদের এই লোলুপ দৃষ্টি যেন তাহাকে বিঁধিত। সামনের বারান্দায় গোষ্ঠ আবার একটা অবরোধ তুলিয়াছিল। দামিনীকে দেখিয়া ছোট মিস্ত্রীর দৃষ্টি আর ফিরিল না, লোলুপ উদগ্র ক্ষুধা তাহার মত্ত চোখে জলজল করে। অবরোধের মাঝে থাকিয়া দামিনীর রং আরও খুলিয়াছে, অশান্তি-অভাবের পীড়নে সে শীর্ণ হওয়ায় তাহাকে যেন লম্বা দেখায়, কিন্তু মানায় যেন বেশি, বেশ ছিপছিপে দীর্ঘ দেহ।

দামিনী মিস্ত্রীকে দেখিয়া তাড়াতাড়ি মাথায় কাপড় টানিয়া দিতে গেল, কিন্তু শতছিন্ন কাপড়খানার এক-পাশ টানিতে আর এক পাশ নগ্ন হইয়া পড়ে; সেদিকে দামিনীর ভ্রূক্ষেপ ছিল না, সে মুখখানা ঢাকিল, কিন্তু অঙ্গের ওই একটা দিকের নগ্ন সৌন্দর্যেই মাতাল ছোট মিস্ত্রী উন্মত্ত হইয়া উঠে; সে হাত বাড়াইয়া দামিনীকে ডাকে, একটা পা ঘরের মধ্যেও আগাইয়া দেয়।

ভয়ে দামিনীর বুক কাঁপিয়া উঠে, সে ছুটিয়া গিয়া ওই জ্ঞানশূন্য স্বামীকে জড়াইয়া ডাকে, ওগো, ওগো, ওঠ গো, ওঠ।

ছোট মিস্ত্রী এবার পালায়, বলিতে বলিতে যায়, শালার ফাঁসি দিতে হয়, এমন পরিবারের গায়ে কাপড় না দিয়ে শালা মদ খায়।

দামিনী এবার উঠিয়া তাড়াতাড়ি দরজাটা বন্ধ করিয়া দেয়। ওই মুহূর্তটুকুতে সে দেখে, আরও একজনের দৃষ্টি তাহারই উপর আবদ্ধ, সেই ঘোলাটে চোখের নিষ্প্রভ দৃষ্টি।

দামিনীর আপন দেহের পরে ধিক্কার জন্মিয়া যায়।

সে ফিরিয়া গিয়া আবার শোয়।

আরও এক জোড়া দৃষ্টি তখন দামিনীর পরে আবদ্ধ ছিল ; পিছনের ছোট ঘুলঘুলির মধ্য দিয়া পিপাসিত চক্ষু জাগিয়া ছিল সুবলের।

পান-বিড়ি, মুড়ি-মুড়কির দোকান ফেলিয়া সে দিনে দশবার সেথায় আসিয়া চোখ পাতিয়া থাকিত, বউকে একটি পলক দেখার জন্য।

স্টেশনের জমাদারকে কহিত, দেখো তো দাদা দোকানটা, আমি এলাম ব'লে, বিড়ি খাও ততক্ষণ।

ঘুলঘুলি তো নয়, যেন তমসার দ্বারপথ, অন্ধকার—অন্ধকার ; দৃষ্টি শিহরিয়া উঠে, চোখের তারা শঙ্কা পায়, একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া সুবল ফিরিয়া আসিত। আবার হয়তো ঘণ্টাখানেক পরে, বালতির জলটা ফেলিয়া দিয়া আপন মনেই কহে, উঃ, ময়লা কত! জল পালটে আনি, দোকানটা দেখো তো ভাই পানিপাড়ে।

পানিপাড়ে হাসিয়া কহে, এ যে জল ফেলে জল আনতে যাওয়া হে, বলি, কোন্ ঘাটে হে, এ পাড়া না নাম-পাড়া ? বাউরিপাড়ার পানে আঙুল দেখায়।

সুবলও আর সে সুবল নাই, এই মুখর আবহাওয়ায় সে বেশ জীবন্ত হইয়া উঠিয়াছে, মুখ ফুটিয়াছে, ছলনায় আর বাধে না ; সে কহে, ঘাটে নয় হে, কলের মুখে।

পিরীতি করবি, গোপনে রাখবি, তবে তো থাকবি সুখে, বেশ, বেশ, বেঁচেথাক কালাচাঁদ।

দেখ, এই দেখ, জলে পোকা দেখ।

জল-ফেলা জায়গায় কয়টা পিঁপড়ে পড়ে, সুবল তাহাই দেখায়। তারপর ত্বরিত পদে সে চলিয়া যায়।

আজিও এমনই একটি গোপন চোখ-পাতার অবসরে এই ঘটনাটি তাহার চোখে পড়িল ; অন্ধকারের মাঝে দামিনীকে উজ্জ্বলভাবে দেখা না গেলেও দামিনীর আর্ত কণ্ঠ, গোষ্ঠর গালিগালাজ, ছোট মিস্ত্রীর ওই কাপড়ের কথা সুবলের কানে গেল ; তাহার অশ্রুরুদ্ধ দৃষ্টির সম্মুখে ভাসিয়া উঠিল অনাহারক্লিষ্টা, শীর্ণা, অবসন্না, অশ্রুমুখী দামিনী, পরনে জীর্ণ বাস ; লাজত্রস্তা নারীর এ পাশ আবরণ করিতে ও পাশ নগ্ন হইয়া যায়। সে বুঝি মাটিতে লুটাইয়া পড়িয়া ধরিত্রী জননীর কোলে আশ্রয় চায়।

সুবলের আর জল লওয়া হইল না, সে ফিরিল।

কিছুক্ষণ পরেই সে একটা চাঙারি মাথায় করিয়া গোষ্ঠদের বাড়ী ঢুকিয়া হাঁকিল, কই হে, মোড়ল কই ?

ছোট মিস্ত্রী দাওয়ায় বসিয়া কহে, কি হে দোকানী ?

এই ভাই একটা সিধে আছে, মোড়লের বাড়ী দিতে হবে ; অনেক দিন থেকেই মনে

করছি, দোকান করলাম, মোড়ল গাঁয়ের লোক, একদিন খাওয়াব ; তা ভাই, আমার কে রাঁধে-বাড়ে, তাই সিধে দিয়েই সারি। কই, মোড়ল কই ?

বলিয়া সুবল গোষ্ঠর বারান্দায় উঠিয়া রুদ্ধ দ্বারে আঘাত করে।

ধীরে ধীরে দুয়ারটা খুলিয়া দিয়া দামিনী সরিয়া দাঁড়ায়, সুবল সম্ভারপাত্রটি মেঝের উপর নামাইয়া দিয়া মৃদু কণ্ঠে কহে, এমন দিনে আমাকে একটা খবর দিলেও তো পার।

দামিনী উত্তর দিতে পারে না, কাঁদিয়া ফেলে।

দামিনীর চোখে জল দেখিয়া সুবলও কাঁদিয়া ফেলিয়া কহে, বউ !—বলিয়া সে সান্ত্বনা দিবার অভিপ্রায়ে দামিনীর হাত দুইটি ধরিতে যায়, মুহূর্তে দামিনী হাত দুই পিছাইয়া গিয়া তাহার পানে তাকায়, সজল চোখেও দামিনী ঝলকিয়া যায়।

সুবল পলায়। গোষ্ঠর তখন নাক ডাকে, যেন মরণ-ঘুম।

দামিনী ঘরে খিল দিয়া ওই আহার্যসম্ভারের পানে চাহিয়া বসিয়া থাকে।

ভোরে উঠিয়া গোষ্ঠ ক্ষুধার যাতনায় চারদিকে চায়, দামিনী তখন ওপাশে ভোরের দিকে ঘুমাইয়া পড়িয়াছে।

চোখে পড়ে সেই খাবারের চ্যাঙারিটা।

গোষ্ঠ সেটা কাছে টানিয়া জলখাবারের আয়োজনটুকু গোগ্রাসে গিলিতে থাকে।

একটা দীর্ঘশ্বাসের শব্দে পিছন ফিরিয়া সে দেখে, দামিনী তাহারই পানে একদৃষ্টে চাহিয়া আছে।

গোষ্ঠ ধীরে ধীরে তাহার পানে ফিরিয়া বসিয়া লজ্জিতভাবে কহে, কাল কি তোমাকে মেরেছিলাম ?

দামিনী কথা কয় না, কাঁদে।

গোষ্ঠ কহে, আমাকে মাপ কর, করবে না ?

দামিনী আবেগরুদ্ধ আব্দার-ভরা সুরে কহে, ওগুলো আর খেও না।

ওই গোগ্রাসে গিলিয়া গোষ্ঠ কলের পানে ছুটে ; ভোরবেলা হইতেই ফায়ারম্যানের বয়লারে আগুন দিতে হয়, হাতলের পর হাতল ভরা কয়লা অগ্নিগহ্বরে নিক্ষেপ করে, দাউদাউ করিয়া আগুন জ্বলে, চিমনি দিয়া রাশি রাশি কালো ধোঁয়া প্রভাতের স্বর্ণ-আলোর পথ রোধ করিয়া সমস্ত স্থানটা ম্লান ছায়াচ্ছন্ন করিয়া তোলে।

বয়লারটা আপনার তেজে আপনি কাঁপে, গোঙায়—গুমগুম, গুমগুম।

সাতটায় সিটি পড়ে, ভোঁ—ভোঁ।

গোষ্ঠ হাসে আর বয়লারটাকে তারিফ করিয়া বলে, বাঃ বেটা, বাঃ, বেশ বলছিস, ভোঁ—ভোঁ, দে সব ভোঁ-দৌড়।

কুলী-মজুরদের দল সিটির শব্দে কলের পানে ছুটে 'হা অন্ন, হা অন্ন' করিয়া, মুখের রবে কথাটা রটে না বটে, কিন্তু তাহাদের ওই ত্রস্ত ভঙ্গিমার গতিতে তাহা ফুটিয়া উঠে।

কল চলে। বয়লার গোঙায়, ইঞ্জিনের সঘন সুউচ্চ নির্মম শব্দ স্টীমের কোঁসানি, বেল্‌টিঙের টানে বড় বড় চাকাগুলা অবিরাম ঘুরপাক খায়; শব্দ হয় একটা অনুনাসিক ঘন —ঘন ঘং, ঘন—ঘন ঘং; বিপুল বিচিত্র বিকট শব্দ।

মজুরেরা কাজে মাতে; ওই শব্দরাজ্যে নিজের শ্বাস-প্রশ্বাস পড়ে কিনা বোঝা যায় না; যন্ত্রের মত কাজ করিয়া চলে; ওই নির্মম বিরাট শব্দে একটা অনুরূপ আবহাওয়ার সৃষ্টি করে।

ওই আবহাওয়ায় মানুষের বুকে হৃৎপিণ্ডের কোমল নৃত্য ক্রমশ কঠোর প্রবল হইয়া উঠে, ওই ইঞ্জিনটার সঙ্গে তাণ্ডবের তাল রাখিয়া ধকধক করিয়া চলিতে শুরু করে।

শ্বাস-প্রশ্বাস মুখ দিয়া হা-হা করিয়া পড়ে, যেন ঐ স্টীমের কোঁসানির সঙ্গে সমতা রাখিতেই হইবে।

পেশীগুলা ওই যন্ত্রের মতই কঠিন হইয়া উঠে।

মানুষের অন্তর ওই দাঁতওয়ালা চাকাগুলার মতই নির্মম কঠোর হইয়া উঠে।

একটা ছোঁড়া আসিয়া হেড-ফায়ারম্যান টিণ্ডালকে কি ফিসফিস করিয়া বলিয়া যায়।

গোষ্ঠও ভুরু তুলিয়া ইঙ্গিতে প্রশ্ন করে, কি?

টিণ্ডাল বলে, শিবকালীবাবু এসেছিল বড় মিস্ত্রীর কাছে, বলছে যে আজ থেকে আর ওভারটাইম খাটব না।

গোষ্ঠ কহে, তারপর?

না শোনে, ধর্মঘট হবে, বাউরী শালারাও রাজি হয়েছে, ব'লে গেল।

আবার ছোঁড়াটা আসে, বলে, সব ঠিক, সবাই রাজি হয়েছে। আর আজ রাত্তিরে বটগাছতলায় সভা হবে, ব'লে দিলে; সব ব'লে এলাম।

সবারই বুকে যেন একটা আনন্দ জাগিয়া উঠে।

দুনিয়াতে বড় কাজের একটা আনন্দ আছে; শক্তিরও একটা আনন্দ আছে।

আজ পরস্পরের পানে তাকাইয়া উহারা মিষ্ট হাসি হাসে।

অতীতের ছোটখাটো মনোমালিন্যের কথা মনেই পড়ে না।

বেলা বারোটায় আবার সিটি বাজে; টিফিনের ছুটি। সব দলে দলে বাড়িপানে চলে, মৃদু গুঞ্জনে সবাই আজ ওই কথাই বলে।

গোষ্ঠ চলে সবার শেষে; ফায়ারম্যানদের তাই নিয়ম। ওদিকে অগ্নিগর্ভ বয়লারটা শুধু কোঁসায়।

দামিনী সেদিন শুইয়াই ছিল। আগের দিন উপবাসে গিয়াছে, এঁটো-কাঁটা নাই; বাসন মাজা নাই; আর ঘরেও আপনার বলিতে কিছু নাই, যাহা দিয়া নূতন করিয়া উনান জ্বালে। যাহা আছে, তাহা সুবলের দেওয়া, কিন্তু সে স্পর্শ করিতে মন চাহিতেছিল না; বিশেষ করিয়া গোষ্ঠর সেই নির্লজ্জ খাওয়াটায় পেটের জ্বালার উপর তাহার ঘৃণার অন্ত ছিল না।

এক-একবার মনে জাগিয়া উঠিতেছিল আত্মহত্যার প্রয়াস ; আবার মনে হইতেছিল, ওই উপচারে পরিপাটি করিয়া উদর পূর্ণ করিয়া খায়, সুবলকে ডাকিয়া পাঠায়, তাহার মুগ্ধ নয়নের আরতিতে সে নব-বধূর মত হইয়া উঠে।

পরক্ষণেই মনে জাগে দারুণ ঘৃণা নিজের দেহের উপর, অক্ষম নির্লজ্জ স্বামীর উপর, দুনিয়ার ক্ষুধার উপর, সমস্তগুলার বীভৎসতা তাহাকে অতি কঠোরভাবে পীড়া দেয়। দীর্ঘ দিনের উপবাসে ক্ষুধা তাহার ছিল না, কাজেই ওই আহার্যগুলার প্রতি কোন আকর্ষণও তাহার কাছে ছিল না ; ছিল শুধু দুর্বল চিত্তে অর্থশূন্য চিন্তা।

সহসা পিছনের সেই ছোট জানালাটায় একটা শব্দ হয়, খস—স খস—স।

দামিনী চমকিয়া সেদিকে চায় ; দেখে, শিকের ফাঁক দিয়া একখানা কাপড় আগাইয়া আসে ; চওড়া খয়ের-পাড় শাড়ি একখানা।

দামিনী খয়ের-পাড় শাড়ি পরিতে ভালবাসিত।

দামিনীর বুকে একটা লঘু চকিত ভাব জাগিয়া উঠে, বক্ষস্পন্দন অকারণে দ্রুত হইয়া উঠে, সে এ-পাশ ও-পাশ তাকায়, মনে হয়, ওই অন্ধকার কোণে দাঁড়াইয়া কে বুঝি দেখিতেছে !

সে বুঝিতে পারে কাপড়খানার ওপারে কে, তাহার মনের রুচিটি এমন নিখুঁতভাবে জানে কে। তাহার মনে পড়ে কোন্ গাছটির আম সে বেশি ভালবাসিত, কোন্ কুলে তাহার রুচি বেশি, সে জানে কে। দামিনী ধীরে ধীরে উঠিয়া বসিল, শব্দ করিতে শঙ্কা হয়, কে হয়তো আড়ি পাতিয়া আছে।

একবার সে কোমল মনোহর বসনখানার পানে তাকায়, আর একবার চায় আপন অঙ্গের ওই শীর্ণ ছিন্ন মলিন বসনখানার পানে।

সহসা আপন মনেই দুইটা আঙুল দিয়া নিজের পরনের কাপড়খানা ঘষে ; জীর্ণ, অতি কর্কশ কাপড়খানা ; আঙুল দুইটার ডগা জ্বলিয়া উঠে, কাপড়খানা ছিঁড়িয়া যায়।

তাহার চক্ষে একটা বিচিত্র জ্বলজ্বলে দৃষ্টি ফুটিয়া উঠে, সারা অঙ্গে কাঁটা দিয়া উঠে।

একটা লঘু কোমল শব্দ হয়, কাপড়খানা ঘরের মেঝের উপর আসিয়া পড়িল। ওই লঘু শব্দেই দামিনী চমকিয়া উঠিল।

কাপড়খানার অন্তরাল হইতেই জানালাটার ওপাশে একখানা মুখ চকিতে দেখা যায় ; পরমুহূর্তেই সে সরিয়া গিয়াছে।

দামিনীর অনুমান মিথ্যা নয়, সে সুবলই।

দামিনী বসিয়া বসিয়া ভাবে আর আঙুল দিয়া কাপড়খানা ঘষে।

কোমল, মসৃণ। ধীরে ধীরে সে কাপড়খানা আপন হাতের বাইরের উপর ঘষে, কাপড়খানার কোমলতার একটা মধুর অনুভূতি আসে ; আর ওই দামিনীর শখের পাড়খানি, সুন্দর, চোখ জুড়াইয়া যায়।

দোষ কি ?

কতজনের কথা মনে পড়ে ; শত শত দৃষ্টান্ত তাহার মনে আসিয়া জাগে।

ওই ছোটলোকপাড়ার উহারা !

উহাদের নয় এই স্বভাব ; কিন্তু এই সৎ-জাতি, ইহাদের মাঝেও তো অভাব নাই। ওই খেঁদীর অঙ্গে পয়েন্টসম্যানের দেওয়া উপহারের অন্ত নাই ; সে কথা জানেও তো সকলে, খেঁদীও তো গোপন করে না, তাহার তো ইহাতে লজ্জা নাই, সে তো প্রকাশ্যেই বলে, সগ্‌গে আমার কাজ নাই ভাই, সেথায় না হয় তোরাই যাবি ; হেথায় তো খেয়ে প'রে বাঁচি।

খেঁদীর নয় রক্ষক নাই, কিন্তু ওই দাসী ? তাহার তো স্বামী আছে—ওই হাঁপানি-রুগী বাবুলাল ; তবুও তো হাজারিবাবুর পয়সা নেয় সে। সে বলে, সতীগিরি ফলাতে গেলে তো স্বামীকে শুকিয়ে মারতে হবে ; তা এতে যদি ও-ও বাঁচে, আমিও বাঁচি, সেই আমার ভাল।

চিন্তায় চিন্তায় মন আজ মুখর হইয়া উঠে, সে বলে, আর ওই যে মানুষটি, যে আমার জন্য সব ত্যাগ করিয়া হেথায় পড়িয়া আছে, না বলিতে, না জানাইতে অপরাধীর মত গোপনে সব জানিয়া, গোপনে গোপনে যত পূজা যোগাইয়া যায়, তাহার পানে চাহিবার কি কোন অধিকার নাই ?

দামিনী কাপড়খানা তুলিয়া লয়।

কিন্তু কেমন একটা অস্থিরতা বুকের মাঝে জাগিয়া উঠে, হৃৎপিণ্ডটা বুকের মাঝে ধকধক করে, বাহির হইতেও যেন সে শব্দ শোনা যায়।

সঙ্গে সঙ্গে আর একখানা মুখও তাহার বুকের মাঝে জাগিয়া উঠে ; দুঃখী স্বামীর ম্লান মুখখানি, তাহারই দিকে অতি নির্ভরশীল দৃষ্টিতে চাহিয়া আছে। সে তাহাকে সামগ্রী সম্ভারের উপহারে সুখ দিতে পারে নাই, কিন্তু তাহার বুকের একবিন্দুও তো দিতে বাকি রাখে নাই !

বাহির-দরজা খোলার শব্দ হয়, দামিনী চমকিয়া কাপড়খানা তাড়াতাড়ি একটা শূন্য হাঁড়ির গর্ভে লুকায়।

ও বউ, কাপড় এনেছি, কাপড়।

দামিনী চমকিয়া দরজায় খিল বন্ধ করিতে যায়, কিন্তু তাহার পূর্বেই ভেজানো দুয়ার খুলিয়া, ছোট মিস্ত্রী সম্মুখে দাঁড়াইয়া হাসে, হাতে তাহার একজোড়া শাড়ি। দামিনী পাশের দেওয়ালে ঠেস দিয়া দাঁড়ায়, যেন ওই দেওয়ালের মাঝে গিয়া লুকাইতে চায়, সর্বশরীর থরথর করিয়া কাঁপে।

কাপড়খানা মেঝের উপর ফেলিয়া দিয়া ছোট মিস্ত্রী বেশ নরমভাবেই কহে, দেখ, পাড়ের কি বাহার ! জানিতে পারিবে করিলে ব্যবহার।—বলিয়া সে ফ্যা ফ্যা করিয়া হাসে।

কুৎসিত বীভৎস হাসি, কুৎসিত ইঙ্গিত করে, ইঙ্গিতে যেন দেনা-পাওনার পূর্ণ স্বরূপ প্রকট হইয়া উঠে, সে অতি বীভৎস, অতি ভীষণ।

মানসনেত্রে সুবলের সলাজ মুখখানাও অমনই বীভৎস ভীষণ হইয়া উঠে।

সারা অঙ্গ তাহার যেন মোচড় দিয়া উঠে, কণ্ঠে তাহার স্বর ফুটে না, কিন্তু আর সে সহিতেও পারে না ; সে সর্বশক্তি একত্রিত করিয়া দুয়ারটা দড়াম করিয়া মিস্ত্রীর মুখের উপরই বন্ধ করিয়া দিয়া হাঁপায়। ওপাশ মিস্ত্রীর গলা শোনা যায়।

ভয় কি মাইরি, তুমি হুকুম কর, সোনায় অঙ্গ মুড়ে দোব, আর ও শালাকে বল তো আজই ওকে তাড়াই।

উত্তর কেহ দেয় না ; ছোট মিস্ত্রী আপন মনে গান করিতে করিতে আপন ঘরে চলিয়া যায়, দরজা খোলার শব্দ পাওয়া যায়।

দামিনীর আর লজ্জার আত্মগ্লানির পরিসীমা থাকে না, অশিক্ষিতা সে, সুস্পষ্ট কথার যুক্তি তাহার মনে জাগে না, কিন্তু নারী, নারীত্বের অপমানবোধ তাহার জন্মগত সংস্কার ; সে বোধ তাহার আছে ; প্রলোভনে বশবর্তী হইয়া সুবলের কাপড়খানা বুকে করিয়া আত্মগ্লানিতে তাহার অন্তর যেন পুড়িয়া যায়, আর ওই পশুটা তাহাকে যে নগ্ন বীভৎস অপমান করিয়া গেল, তাহার জন্য ক্ষোভ আর লজ্জার তাহার অন্ত ছিল না। দামিনী মেঝের উপর উপুড় হইয়া পড়িয়া ফোঁপাইয়া ফোঁপাইয়া কাঁদে।

বাক্যহারা মন তাহার তখন বলিতেছিল, মা ধরণী, দ্বিধা হও মা। মাটির দিকে নিবদ্ধ দৃষ্টি বুঝি দ্বিধাবিভক্ত মৃত্তিকার অন্তরালে ধরণীমায়ের বিস্তৃত কোলের প্রতীক্ষায় ছিল ; কিন্তু নিশ্চলা অকরুণ ধরণী দ্বিধা হয় না ; বোধ করি শক্তিমত্ত সন্তানগুলার দম্ভের পদাঘাতে সে আজ বেদনায় মূর্ছিতা, চৈতন্যহীনা।

মৃদু বায়ুপ্রবাহে সহসা তাহার নাকে আসে ওই নতুন কাপড়ের গন্ধটা, সে মুখ তুলিয়া তাকায়।

অশ্রুরুদ্ধ ঝাপসা দৃষ্টির সম্মুখে ওই রক্ত-রাঙা পাড়খানা মনে হয় যেন নাগপাশ, যেন অন্তহীন বেষ্টনে দামিনীকে বাঁধিতে আসে ; আর হাঁড়িটার ভিতরে খয়রা রঙের কাপড়খানা যেন বিবরের নাগের মত কুণ্ডলী পাকাইয়া ঘুরিয়া ঘুরিয়া ফেরে।

দামিনীর দম বন্ধ হইয়া আসে যেন, সত্যই সে আপন দেহের সর্বাঙ্গে একটা কঠিন বন্ধন-বেষ্টনী অনুভব করে ; তাহার চোখ দুইটা কেমন বড় হইয়া উঠে।

সে উন্মাদের মত এ বন্ধন-মুক্তির উপায় খোঁজে, চোখে পড়ে তাহার কুলুঙ্গির উপরে দেশলাইটা।

দামিনী ব্যগ্র বাহুপ্রসারণে দেশলাইটা চাপিয়া ধরে ; যেন উল্কামুখ গরুড় সে।

ও-পাশ হইতে কেরোসিনের ডিবাটা টানিয়া আনে।

একটা বিশ্রী পোড়া গন্ধ !

সে গন্ধে ছোট মিস্ত্রী বাহিরে ছুটিয়া আসে ; চোখে পড়ে দামিনীর রুদ্ধ দ্বারের সঙ্কীর্ণ ফাঁক দিয়া অনর্গল ধূমশিখা বাহির হইতেছে।

সে নিশ্চলভাবে আপন বারান্দায় দাঁড়াইয়া দেখে, চোখ দুইটা বিস্ফারিত, চীৎকার করিতে কণ্ঠ ফুটে না।

মনে হয়, ওই রাঙা-পাড় কাপড়খানা সুতায় বোনা ছিল না, আগুনের শিখায় বোনা ছিল ; সেই আগুন ওই ঘরের মাঝে সমস্ত গ্রাস করিয়া লেলিহান শিখায় জ্বলিতেছে।

সে আগুন যেন সমস্ত গ্রাস করিবে, তাহার উত্তাপও যেন সে অনুভব করে, সর্বাঙ্গ ঘামে ভিজিয়া উঠে ; ভয়ার্ত হইয়া মিস্ত্রী পলাইয়া যায়।

কিছুক্ষণ পরেই গোষ্ঠ আসে টিফিনের ছুটিতে জল খাইতে, হাতে একটা খাবারের ঠোঙা ; গত রাত্রের ব্যবহারের জন্য অনুতাপ করিয়া দামিনীর জন্যই খাবারটা আনিতেছিল, ভোর-বেলা সেই খাবারগুলা খাইয়া তাহার নিজের বেশ ক্ষুধা ছিল না। কি বলিয়া দামিনীর কাছে মাফ চাহিবে তাহার কত কথাও মনে জাগিতেছিল।

বাড়িতে ঢুকিয়াই ওই বিশ্রী গন্ধে সে থমকিয়া দাঁড়াইয়া চারিপাশে চায়, দেখে তাহারই রুদ্ধ দুয়ারের ফাঁক দিয়া অনর্গল কালো ধোঁয়ার রাশি।

খাবারের ঠোঙা ফেলিয়া দিয়া সে ছুটিয়া আর্তকণ্ঠে ডাকে, ওগো ! ওগো !

কেহ সাড়া দেয় না, গোষ্ঠ উন্মত্তের মত দুয়ারে ধাক্কা মারে, উন্মত্ত ধাক্কায় দরজাখানা ভাঙিয়া পড়ে।

ধূমকুণ্ডলীর মাঝে দামিনী নিশ্চল দাঁড়াইয়া, দৃষ্টি তাহার স্থিরভাবে নিবদ্ধ, সম্মুখে চরণপ্রান্তে ধূমোদ্গারী এক অগ্নিস্তূপের উপর ছোট ছোট শিখাগুলি যেন তাহার আরতি করিতেছে, অগ্নিশিখার আভায় দীপ্ত মূর্তিখানি যেন ওই অগ্নিশিখায় স্নান করিয়া উঠিয়াছে।

গোষ্ঠ ভাল করিয়া চাহিয়া দেখে, একটা কাপড়ের স্তূপ জ্বলিতেছে, আরও জ্বলিতেছে আহার্য-সামগ্রী।

গোষ্ঠ ব্যস্ত হইয়া কহে, এ কি, কাপড় পুড়ছে যে !

সে একটা পাত্র লইয়া জল আনিতে ছুটে, কিন্তু দামিনী তাহার হাত ধরিয়া বাধা দিয়া বলে, না।

গোষ্ঠ বলে, সে কি ?

হ্যাঁ, তুমি তো দাও নাই।

গোষ্ঠ দামিনীর পানে চায়, কথাগুলার সূত্র যেন সে পাইয়াছে অনুভব করে, কিন্তু প্রত্যক্ষ হয় না।

দামিনী সহসা গোষ্ঠের পায়ে আছাড় খাইয়া পড়িয়া কাঁদে।

গোষ্ঠ তাহার হাত ধরিয়া তোলে, অশ্রুমুখী নারী তাহার দুইটি হাত ধরিয়া কাতর কণ্ঠে কহে, ওগো, পরতে কাপড় আর খেতে ভাত তুমি আমার দিও গো।

গোষ্ঠ দামিনীর অঙ্গপানে চায়।

ছিন্নবাসা নারীর লজ্জা আজ অতি করুণভাবে সুপ্রকট হইয়া চোখের উপর ফুটিয়া উঠে।

দগ্ধ কাপড়ের গাদার পানে আঙুল দেখাইয়া গোষ্ঠ পরুষ কণ্ঠে কহে, কে, দিলে কে ?

ওই অজ্ঞাত হস্তের বস্ত্রদানের অন্তরালে সে বস্ত্র-হরণের প্রয়াস দেখিতে পায়।

তা আমি জানি না গো, ওই জানালা দিয়ে—। গোষ্ঠর মূর্তি দেখিয়া সে শিহরিয়া

উঠিল ; অজ্ঞাতে একটা গোপনতার প্রয়াস তাহার ভীত মনকে আচ্ছন্ন করিয়া ফেলিল।

তাই পুড়িয়ে দিলে ?

হ্যাঁ।

গোষ্ঠ যেন নিশ্চল পাষাণ হইয়া গেল, তাহার অন্তর-পুরুষ তাহাকে নিদারুণ ধিক্কারে মূক করিয়া দিল।

লজ্জার গ্লানির আর পরিসীমা থাকে না, তাহার সে লজ্জা, সে ধিক্কার দ্যূতসভায় যাজ্ঞসেনীর বসনাকর্ষণে নিশ্চল অক্ষম পাণ্ডবদের চেয়ে বোধ করি কম নয়।

সে বসিয়া ভাবে কত কি।

কে সে দুঃশাসন ?

আক্রোশ গিয়া পড়ে সুবলের উপর, তাহার মন বলে, এ সেই। গোষ্ঠ ঝাড়া দিয়া উঠে, তাহার সে ভঙ্গিমার মাঝে প্রতিহিংসার ভয়াল রূপ সুপ্রকট হইয়া উঠে।

দামিনী তাহার হাত ধরিয়া কহে, কোথা যাচ্ছ ?

খুন করব শালা মহান্তকে।

দামিনী শিহরিয়া কহে, সে নয়, না না, তুমি যেও না।—বলিয়া সে স্বামীকে দুই হাতে প্রাণপণে জড়াইয়া ধরিল।

গোষ্ঠ তাহার একটা হাত চাপিয়া ধরিয়া কহে, কে তবে ?

দামিনী কাতর কণ্ঠে কহে, ওগো, আগে নিজের দোষ ভাব, তুমি আমায় দিলে, ভালবাসলে কার সাধ্যি যে—

ক্ষোভে, ক্রোধে, অভিমানে তাহার কণ্ঠ রুদ্ধ হইয়া যায়, চোখ দিয়া ঝর্‌ঝর্ করিয়া অশ্রুর বন্যা বহিয়া যায়।

গোষ্ঠও আর ঠিক থাকিতে পারে না, নিদারুণ দুঃখে, লজ্জায় দামিনীর বুকে মুখ লুকাইয়া কাঁদে।

স্বামীর অশ্রুতে দামিনীর নারীহৃদয় গলিয়া যায়, সে বেশ আবদার-ভরা সহজ কণ্ঠে কহে, তুমি থাকতে আমার দুঃখ কি, আমার অভাব কিসের ? নাও, ছাড়, জল খেতে দিই।

গোষ্ঠ স্ত্রীকে ছাড়িয়া দেয়, কিন্তু সে এমন সহজ হইতে পারে না ; অক্ষমতার আত্ম-গ্লানিতে তাহার অন্তর-পুরুষ পাগল হইয়া উঠিয়াছিল। দাওয়ায় আসিয়া বসিয়া ভাবে, কে সে দুঃশাসন ?

দামিনী ঠিক বলিয়াছে, তাহার অক্ষমতা, ওই অভাব, ওই নির্মম কদর্য অভাবই সেই দুঃশাসন।

অভাবের উপায় খুঁজে সে।

উপায় মিলে না, নিরুপায় ক্ষোভে সে বলিয়া উঠে, এর চেয়ে মরণ ভাল আমার।

বড় মিস্ত্রী আসিয়া বাড়ি ঢুকিল, গন্ধটার রেশ তখনও যায় নাই, বুড়া নাক সিঁটকাইয়া বলিয়া উঠে, উঃ, কি পুড়ছে ?

কেহ কথার উত্তর দিল না, বুড়া ধীরে ধীরে আসিয়া গোষ্ঠর কাছে দাঁড়াইল, এক জোড়া শাড়ি গোষ্ঠর সম্মুখে ফেলিয়া দিয়া কহিল, বউকে দিস।

সঙ্গে সঙ্গে গোষ্ঠর সমস্ত আক্রোশ গিয়া পড়ে ওই বুড়ার উপর, বাঘের মত লাফ দিয়া ফিটারের উপর পড়িয়া হাতের নখ দিয়া যেন তাহার গলার নলীটা ছিঁড়িয়া দিতে চাহিল।

আজন্ম লোহা আর আগুনের সঙ্গে লড়াই-করা সবল দেহ, কঠিন হাত দুইখানা লোহার মত কঠিন, ভাইস-যন্ত্রটার মত ওই হাতের কঠিন নিষ্করুণ পেষণে গোষ্ঠর হাত-দুইখানা যেন মড়মড় করিয়া উঠিল, আপনা হইতেই গোষ্ঠর হাত দুইখানা শিথিল হইয়া পড়িল।

বুড়া আপনাকে মুক্ত করিয়া লইয়া আপন ঘরের বারান্দায় গিয়া উঠে, ভাবলেশহীন সেই নিষ্প্রভ কঠিন মুখ, একটি রেখারও ব্যতিক্রম নাই।

দুর্বল গোষ্ঠ এ-পাশে নিরুপায়ে গালি পাড়ে, লজ্জা করে না, বুড়ো ভেড়া, পরের পরিবারকে কাপড় দিতে, এই দেখ্, তোর কাপড়ের কি দশা হয়, পুড়ুক আগুনে।

কাপড়খানা আগুনে দিবার জন্য সে হাতে করিয়া তুলে। ফিটার-বুড়া এতক্ষণে ঘুরিয়া আসিয়া বাধা দিয়া কহে, আরে বেটা, বাপ বেটীকে কাপড় দেয় না, তত্ত্বতল্লাশ করে না?

হাতের কাপড় গোষ্ঠর হাতেই থাকিয়া যায়, সে হাঁ করিয়া ফিটার-বুড়ার মুখের পানে চাহিয়া থাকে, যেন কথাটা বুঝিতে পারে না। দামিনী নিঃসঙ্কোচে বাহির হইয়া আসে, মাথায় স্বল্প অবগুণ্ঠন, মুখখানি বেশ দেখা যাইতেছিল; সে গোষ্ঠর হাত হইতে কাপড়খানা তুলিয়া লইয়া যায়, যাইবার সময় বৃদ্ধকে প্রণাম করিয়া বলিয়া যায়, বাবা, এইখানে আজ খাবে তুমি।

গোষ্ঠ কাঁদে, আর থাকিতে পারে না।

ফিটারের ভাবলেশহীন মুখখানারও কেমন পরিবর্তন হইয়া যায়, উদাস দৃষ্টিতে শূন্যের পানে চাহিয়া থাকে, মনশ্চক্ষে কি যেন সে দেখে। তারপর ধীরে ধীরে আপন মনেই বলে, আমারও একটি মেয়ে ছিল রে গোষ্ঠ, মা মরা মেয়ে; এত রোজগার তখন আমার ছিল না, অভাবে খেতে না পেয়ে, অন্ধকূপের মাঝ থেকে সেও এমনই রোগা, ফ্যাকাশে হয়ে গিয়েছিল, তারও এমনই ছেঁড়া কাপড় প'রে দিন গিয়েছে, শেষে সে—

কথাটা আর সে শেষ করিতে পারে না, স্বর কেমন ভারি হইয়া উঠে, ঠোঁট দুইটা কাঁপে, বুড়া আর কথা কয় না, ঠোঁট দুইটা টানিয়া কম্পন সে রোধ করিতে চায়, কিন্তু চোখের জল বাধা মানে না।

ছোট মিস্ত্রী আসিয়া সরাসরি আপন ঘরে প্রবেশ করে; ঘটনাটা সে বুঝিতে চায়।

ক্ষণপরে দিব্য হাসিমুখে আসিয়া গোষ্ঠকে কহে, এস, টাইম হয়ে গেল যে।

গোষ্ঠ কহে, না।

সে কি হে, কেন? আজ বিকেলে আবার—

না ভাই, ওতে হবেও না কিছু, আমি কাজই আর করব না। যে কাজ ক'রে রক্ত

জল ক'রে খেটে দুটো মানুষের পেটের ভাত জোটে না, পরনের কাপড় জোটে না, সে কাজের মুখে ঝাঁটা ; যাব না আমি।

ওর কণ্ঠস্বরে আক্ষেপের এমন করুণ প্রার্থনা ছিল যে, ছোট মিস্ত্রী পর্যন্ত বিচলিত না হইয়া পারিল না।

সবাই নির্বাক হইয়া বসিয়া ভাবে। ক্ষণপরে বড় মিস্ত্রী কহে, আচ্ছা মিস্ত্রী, আজ থেকে তো আর আমরা ওভারটাইম খাটব না, এ নিয়ে ধর একটা ছোটোখাটো ঝগড়া হবেই, এই সঙ্গে যদি মাইনে বাড়ানোর আরজিটা রাখা যায়—

ছোট মিস্ত্রী সোৎসাহে লাফ দিয়া উঠিয়া কহে, বহুত আচ্ছা, চল, চল সব, বলা যাক, মাইনে বাড়াতে হবে।

গোষ্ঠ কহে, হ্যাঁ মাইনে বাড়াবে ; বলে কমাতে পেলে বাঁচে। মনের আগুন উহাদের কথায় লাগে, কণ্ঠ উত্তেজিত হইয়া উঠে, কোন অজানা অহেতুকী আক্রোশ বুকের মাঝে আত্মপ্রকাশ করে।

ছোট মিস্ত্রী ওই কণ্ঠে বলে, আলবৎ বাড়াতে হবে, না বাড়ায় রইল কাজ। বাড়াবে না, চালাকি নাকি ? এস তুমি। বিকেলে কি কাজ, এখুনি আমাদের সভা হোক ; ওই বটতলায় এখুনি জমাট বস্তি করব, সব দিব্যি করিয়ে নোব, কি বল ?

শেষ কথাটা বুড়া মিস্ত্রীকে বলিয়া তাহার মুখপানে তাকায়।

বুড়া সেই নিষ্প্রভ দৃষ্টি, সেই হিম-মৃদু কণ্ঠে কহে, ডাক সকলকে, বাউরীদের যুদ্ধু।

গোষ্ঠ, ছোট মিস্ত্রী বিপুল উৎসাহে উঠিয়া দাঁড়ায়।

বটতলায় দাঁড়ায় বড় মিস্ত্রী ; একে একে শ্রমিকের দল আসিয়া জমিয়া যায়, মেয়ের দল, গাড়ি-বোঝাই করা মুটের দল, গাড়োয়ানের দল, স্টেশনের জমাদার, বুড়া ড্রাইভার, পয়েন্টসম্যান—তাহারাও আসে। মেয়েরা প্রশ্ন করে, কি হবে কি ?

ব'স ব'স, জমাটবস্তি হবে।

মেয়েরা বলে, ঢং নাকি, দুপুর রোদে জমাটবস্তি ! চল চল, কত কাজ প'ড়ে আছে, শেষে হাজরি পাব না।

গোষ্ঠ হাঁকে, যে যাবে সে বুঝে যাক, আমাদের সঙ্গে তার কোন সম্বন্ধ নাই, রোগ হ'লে দেখব না, ম'লে ফেলব না।

মর্, তুই মর্ ; কেন রে মুখপোড়া, রোগ হ'লে দেখব না, দেখে তো সব উল্টে দিলে !

শোন সব।

বড় মিস্ত্রীর মোটা গলার আওয়াজ গমগম করে, কাহারও আর পা উঠে না, সব ফিরিয়া দাঁড়ায়।

বড় মিস্ত্রী বলে, যে সব আক্রা-বাজার চলেছে, তাতে আমাদের আর কুলোচ্ছে না।

চারিদিকে আলোচনা শুরু হইয়া যায়।

গাড়োয়ান-সর্দার বলে, যা বলেছ মিস্ত্রী, ঝিঙের দর দু' পয়সা ছিল, দু' আনা হ'ল।

আর একজন বলে, ন আনার কাপড়খানা, ন সিকে।

মেয়েরা বলে, পোড়ারমুখোরা বলে আবার, যুদ্ধু লেগেছে গো, যুদ্ধু লেগেছে।

বুড়ী সাবি বলে, আমরাই দেখলাম মা, পয়সায় দু' সের ঝিঙে, আট আনা দশ আনা চন্দ্রকোণা কাপড়। দু' পয়সা সের চাল, বাবা বলত—

ছোট মিস্ত্রী হাঁকে, চুপ চুপ।

তারপর উত্তেজিত আলোচনা।

কথা কিন্তু এক—বেশি মাইনে চাই আমাদের, বেশি মাইনে চাই। খেতে পাই না, পরতে পাই না।

আবার ঘুরিয়া আসে, বেশি মাইনে চাই।

একজন বলে, সে যদি ওরা না দেয়?

না দেয় ধর্মঘট হবে।

তা হ'লে ধর্মঘট?

মাইনে না বাড়ালে জরুর ধর্মঘট।

যে না করবে সে একঘরে।

ছোট মিস্ত্রী, গোষ্ঠ সকলের চোখ দিয়া আগুন ছুটিয়া যায়, একটা উত্তেজনার প্রবাহ বুকে বুকে বহিয়া যায়।

অন্তরতম প্রদেশের অতৃপ্ত মানবাত্মা, এমন ভাবেই বিরূপাক্ষের মত জটাজুট লইয়া জাগে চিরদিন।

কলের বয়লারের সিটিটা উচ্চ চীৎকার করিয়া উঠে, ভোঁ ভোঁ।

গোষ্ঠ বলে, কে সিটি মারে রে?

একজন বলে, বোধ হয় বাবুরা কেউ।

গোষ্ঠ বলে, হাঁক হাঁক, হুকুম আজ শুনছি না।

বুড়া ফিটার, ছোট মিস্ত্রী, গোষ্ঠ এমনই কয়জন মাতব্বর শ্রমিক গিয়া অফিসের দুয়ারে দাঁড়ায়।

পিছনে কলের দুয়ারে বুভুক্ষু মজুরের দল।

বুড়া খাজাঞ্চী বলে, কোন্ লবারের বেটার বিয়ে? কাজ কামাই ক'রে বটতলাতে হচ্ছিল কি?

কে একজন বলে, তোর বাবার বিয়ে, তুই নিতবর যাবি?

বুড়া ফিটার বলে, মালিকবাবুর সঙ্গে দেখা করব একবার।

যাও যাও, কাজে যাও, এর পর দেখা ক'রো মালিকের সঙ্গে; অনেক কাজ কামাই হয়ে গেছে আজ। সব মাইনে কাটব জেনে রেখো।

একজন বলে, মাইনে কাটলে আজ তোমার—

সমবেত জনতা চেঁচাইয়া উঠে, ধর্ ধর্ বুড়ো ভালুককে ধর্।

খাজাঞ্চী ঘরে গিয়া দরজায় খিল আঁটে, খোলা জানালা দিয়া দাঁত খিঁচাইয়া হাঁকে পল্টু সিং! পল্টু সিং!

ম্যানেজার উপরের বারান্দায় আসিয়া হাঁকে, কেয়া হ্যায়?

সমবেত জনতা চীৎকার করে, বেশি মাইনে চাই আমরা, খেতে পাই না, পরতে পাই না, আমরা বেশি মাইনে—

ম্যানেজার বড় মিস্ত্রী আর ছোট মিস্ত্রীকে ডাকিয়া লয়, তোম দুনো হিঁয়া আও।

সমবেত জনতা অধীর আগ্রহে প্রতীক্ষায় থাকে।

পল্টু সিং আসিয়া ক্যাশঘরের দরজায় বসিয়া বন্দুকটা খুলিয়া পরীক্ষা করে, শেষে সেটা বাগাইয়া ধরিয়া চাপিয়া বসে।

বহুক্ষণ পর বড় মিস্ত্রী, ছোট মিস্ত্রী ফিরিয়া আসে।

বহু কণ্ঠ একসঙ্গে প্রশ্ন করে, কি হ'ল?

বড় মিস্ত্রী কিছু বলিবার আগেই ছোট মিস্ত্রী চেঁচায়, ধরমঘট, ধরমঘট।

জনতাও চীৎকার করে, ধরমঘট, ধরমঘট।

পল্টু সিং বন্দুক ধরিয়া কহে, চলা যাও, কলসে নিকাল যাও।

কেউ তাকে দাঁত খিঁচায়, কেউ গালি পাড়ে।

বড় মিস্ত্রী বলে, সুরেনবাবু আর শিবকালীবাবুরও জবাব হয়ে গেল।

উত্তেজনার প্রবাহে অসন্তোষের বহ্নিদাহ কলের পর কলে ছড়াইয়া পড়ে; সব বুকের মাঝে যেন বিস্ফোরক পুঞ্জীভূত হইয়া ছিল, আজ অগ্নিসংযোগে ফাটিয়া পড়িল; দলে দলে মজুর সব ধর্মঘট করিয়া বসিল।

কলগুলার চিমনিতে চিমনিতে আর ধোঁয়া উঠে না, দুরন্ত যন্ত্রগুলা অসাড় নিস্পন্দ; দুয়ারে দুয়ারে গুর্খা পাহারা, নিষ্ঠুরতা মুখে মাখা, সমস্ত দেহখানা কর্কশ, কঠোর, কোমরে বাঁকা কুকরি, দিনের আলোয় শাণিত অস্ত্রটা চকচক করে, সারা অঙ্গ ব্যাপিয়া হিংস্র তীক্ষ্ণতা শোণিততৃষ্ণায় লকলক করে।

মজুরের দল, প্রথম উত্তেজনায়, নিষ্ফল আক্রোশে দাঁতে দাঁত ঘষে, জয়ের জন্য জীবন পর্যন্ত পণ করে।

কিন্তু অন্ন, অন্ন!

অনাহার যে দুর্বল করিয়া দেয়; দীনের সম্বল—নাই, নাই আর নাই। দোকানে ধার দেয় না; বলে, জলে যা পড়েছে, তা পড়েছে, আর না বাবা, ফেল কড়ি মাখ তেল, আমি কি তোমার পর!

শিক-দেওয়া ঘেরা দোকানের দুয়ার বন্ধ করিয়া ভিতর হইতে কথা কয়। জ্ঞান যতক্ষণ থাকে মানের দায়ে পেটের দাহ সয়।

অগ্নিগর্ভ আগ্নেয়গিরির মত উদরে সমস্ত অন্নপাতি লাভা-স্রোতের মত টগবগ করিয়া ফুটে যেন।

কিন্তু অজ্ঞান শিশুর দল ক্ষুধার তাড়নায় চীৎকার করে, মায়ের বুকের দুধ রসহীন গাঢ় জমাট হইয়া উঠে, উহা বুঝি ক্ষীর নয়, মায়ের বুকের লহু, শিশুর মুখে বিস্বাদ ঠেকে, কচি গলায় পার হয় না।

শিবকালী সুরেন নানা স্থান হইতে ভিক্ষা করিয়া আনে।

আপন সঞ্চয়ের ভাণ্ডার খুলিয়া দেয় বড় মিস্ত্রী, সুবল দেয় আপন দোকান, ছোট মিস্ত্রী আপনার সেই সাধের ঘড়িটা দেয়।

বুড়া ড্রাইভার চাঁদা দেয়, জমাদার দেয়, সবাই কিছু কিছু দেয়; দিতে পারে না গোষ্ঠ, একটু তাহার বুকে বাজে, দামিনী কোন গুপ্ত স্থান হইতে বাহির করে সেই জীর্ণ বালা দুইগাছা, বলে, দিয়ে এস।

গোষ্ঠ মুখের পানে চায়।

দামিনী কহে, ওই ছেলেদের শুকনো গলায় আট আনার দুধ তো পড়বে; তাই আমার সে পাবে।

জলন্ত শুষ্ক বুকের মাঝেও আজ যেন সেই সচ্ছল দিনের তরুণ গোষ্ঠটি ফিরিয়া আসে, অতি আদরে আজ দামিনীকে বুকে লয়; শুষ্ক পাংশু অধরে একটি চুম্বন আঁকিয়া দেয়, রুক্ষ চোখের পাতা ভিজিয়া উঠে।

দামিনী একটু মিষ্ট হাসে।

এক সপ্তাহ। দুই সপ্তাহ। আরও পাঁচ দিন।

দুর্ভিক্ষ করাল গ্রাসে হা হা করিয়া জাগে; হা-হা, অন্ন অন্ন, একমুঠা অন্ন; এত কটি ক্ষুদ, হা-হা।

মুখের লালা আঠা বাঁধিয়া যায়, জিভ চটচট করে, আর রব বাহির হয় না, মা চেঁচায়, বাপ চেঁচায়, ছেলেগুলা চেঁচায় না, অতি কষ্টে ধুকধুক করিয়া বাঁচিয়া থাকে, ধরণীর মমতায় জীবন কঙ্কালের আশ্রয়টুকু ছাড়িতে পারে না।

প্রাণের চেয়ে মান বড়, এ দর্শনবাদ মানুষের আবিষ্কৃত, এ তাহার স্রষ্টার উপরে সৃষ্ট, মানুষের জন্মগত সংস্কার হইতেছে মরণ হইতে জীবনকে বাঁচানো—দুনিয়ার সর্ব ধর্ম সর্ব দ্রব্যের বিনিময়েও আপন অস্তিত্ব জীব বজায় রাখিতে চায়; সৃষ্টি হইতে এই নগ্ন সত্যটাকে মানুষের ইতিহাস প্রমাণ করিয়া আসিয়াছে।

মানুষের আবিষ্কৃত এই দর্শনবাদ; এই সংস্কারের আধার মানবসভ্যতা।

সভ্যতায় বঞ্চিত শ্রমিকদের উদরের জ্বালা অসহ্য হইয়া উঠে।

দরিদ্র-দলের জন কয় উদরের জ্বালায় আবার গিয়া ধনীর দুয়ারে লুটাইয়া পড়ে, কাজ দাও, কাজ দাও, খেতে দাও, এক মুঠো চাল, এক মুঠো ক্ষুদ।

উপর হইতে ম্যানেজার হাঁকে, ভাগো, ভাগো, নেহি মাংতা হ্যায়, চাই না, চাই না তোদের।

এরা তবুও চেঁচায়, কাজ দাও, দয়া কর মালিক, খেতে দাও।

গুর্খার দল কুকরি উঠাইয়া তাড়া দেয়।

গোষ্ঠ, ছোট মিস্ত্রী, কলের মিস্ত্রী, ফায়ারম্যান—এমনই জনকতক বিবরে রুদ্ধ সাপের মত গর্জায়, পেটের আগুনের শিখা অনশন-রুক্ষ চোখের শিখায় নাচে।

উন্মাদের মত বেইমানদের শাস্তি দিতে তাহারা বাহির হয়, হাতে কাহারও হ্যামার, কাহারও হাতে লোহার ডাণ্ডা, যেন শূলহস্তে রুদ্রের অনুচরের দল।

ধনীর প্রসাদভিক্ষু মজুর-দলের পথ আগলাইয়া ছোট মিস্ত্রী হাতুড়ী উঁচাইয়া কয়, কেন গিয়েছিলি তোরা ধরমঘট ক'রে ?

হাঁপানি-রুগী বাবুলাল টানিয়া টানিয়া কহে, কেন গিয়েছিলি, কে—ন গিয়েছি—লি ! খেতে দিবি, দিবি ? তোরাই তো এই করলি, দে, খেতে দে, দে দে।

উদরের জ্বালায় হিংস্র পশুর মত সে ছোট মিস্ত্রীর দিকে ছুটিয়া আসে। ছোট মিস্ত্রীরও সকল সঞ্চিত ব্যর্থ ক্রোধ গিয়া পড়ে ওই নিরীহের উপর, হাতের হ্যামারটা উন্মত্তের মত হানিয়া ছোট মিস্ত্রী হাঁকে, খবরদার !

বাস, ওই এক ঘায়েই শেষ, মাথার খুলিটা ডিমের খোলার মত ফাটিয়া রক্তে মজ্জায় সে এক বীভৎস দৃশ্য।

তবুও উহার ওই জীর্ণ পাঁজরা কয়খানা দোঁপে জীবনটা যেন ওই কয়খানা পঞ্জরের মমতা ছাড়িতে চায় না।

দুর্বলের দল চীৎকার করিয়া উঠে, দেখিতে দেখিতে দুই দলেই লোক জুটিয়া যায়, তারপর একটা বিভীষণ, ঘৃণিত অধ্যায়।

পশুর মত এ উহার টুঁটি কামড়াইয়া ধরে, ও ইহার মাথা ফাটাইয়া দেয় ; ইঁট, পাটকেল, লাঠি। প্রেতের মত তাণ্ডব নাচে সব। আর্তের চীৎকার, প্রেতের মত উল্লাস।

দেখিতে দেখিতে পুলিস আসিয়া পড়ে, তখন সব পালায় ; ছোট মিস্ত্রী পর্যন্ত।

স্থানটা খালি হইলে দেখা যায়, রক্ত, মাংস, মজ্জায় স্থানটা বীভৎস হইয়া উঠিয়াছে, আর কয়টা দেহ, ভয়ার্ত শরণার্থীর দলের কয়টা—বাবুলাল আর দুইজন, উন্মাদের দলের দুইটা—গোষ্ঠ আর একজন।

হাসপাতালে গোষ্ঠ মরিতে যায়, পাশে শিবকালী দাঁড়াইয়া। গোষ্ঠ অতি যাতনায় গোঙায়, তবু মাঝে মাঝে পেটের জ্বালার আক্রোশে চীৎকার করে, জান দেগা, লেকেন নেহি যায়গা।—বলিয়া প্রলাপের ঘোরে উঠিতে গিয়া সহসা বিছানায় লুটাইয়া পড়ে।

ডাক্তার ও-ঘরে চলিয়া যায়।

কম্পাউণ্ডার হাতে হাত রাখিয়া দাঁড়াইয়া থাকে, করুণায় একটা দীর্ঘশ্বাসও ফেলে, কহে, যে ফল হ'ল, মরতে গরিবই ম'ল।

অদূরে তখন রেল লাইনের ধারে কয়টা কুলীর ছেলে ধর্মঘটের খেলা খেলিতেছিল, মাটির কলের উপর লাঠি চালাইয়া একদল কহিতেছিল, তোড় দিয়া, তোড় দিয়া।

সেই দিক পানে চাহিয়া শিবকালী আপন মনেই বলে, চৈতালীর ক্ষীণ ঘূর্ণি, অগ্রদূত কালবৈশাখীর।

ধাত্রী দেবতা

এক

বাংলা দেশের কৃষ্ণাভ কোমল উর্বর ভূমি-প্রকৃতি বর্তমান বেহারের প্রান্তভাগে বীরভূমে আসিয়া অকস্মাৎ রূপান্তর গ্রহণ করিয়াছে। রাজরাজেশ্বরী অন্নপূর্ণা ষড়ৈশ্বর্য পরিত্যাগ করিয়া যেন ভৈরবীবেশে তপশ্চর্যায় মগ্ন। অসমতল গৈরিকবর্ণের প্রান্তর তরঙ্গায়িত ভঙ্গীতে দিগন্তের নীলের মধ্যে বিলুপ্ত হইয়া গিয়াছে; মধ্যে মধ্যে বনফুল আর খৈরিকাঁটার গুল্ম; বড় গাছের মধ্যে দীর্ঘ তালগাছ তপস্বিনীর শীর্ণ বাহুর মত ঊর্ধ্বলোকে প্রসারিত। বীরভূমের দক্ষিণাংশে বক্রেশ্বর ও কোপাই—দুইটি নদী মিলিত হইয়া কুয়ে নাম লইয়া মুর্শিদাবাদে প্রবেশ করিয়া ময়ূরাক্ষীর সহিত মিলিত হইয়াছে।

এই কুয়ের পলিমাটির সুবিধা গ্রহণ করিয়াই লাবাটা বন্দরের বাঁড়ুজ্জে-বাড়ির সাত-আনির মালিক কৃষ্ণদাসবাবু দেবীবাগ নামে শখের বাগানখানা তৈয়ারী করিয়াছিলেন। নানা প্রকার ফল ও ফুলের গাছগুলি পরিচর্যায় ও চরভূমির উর্বরতার সতেজ পুষ্টিতে বেশ ঘন হইয়া বাড়িয়া উঠিয়াছে। বাগানের মধ্যে একটি পাকা কালীমন্দির, একটি মেটে দুই-কুঠরি বাংলো-ঘর, একখানি রান্নাঘর; মধ্যে মধ্যে ছায়াঘন গাছের তলায় বসিবার জন্য পাকা আসনও কৃষ্ণদাসবাবু তৈয়ারী করাইয়াছিলেন; কিন্তু তাঁহার অকালমৃত্যুতে গ্রাম হইতে এতদূরে, এই নির্জনে বাগানের শোভা ও সুখ উপভোগ করিবার মত বয়স্ক উত্তরাধিকারীর অভাবেও বাগানখানা ম্লান নিস্তেজ হয় নাই, বরং বেশ একটু বন্য হইয়া উঠিয়াছে; কিন্তু তবুও চারিদিকের গৈরিক অনুর্বর রুক্ষ প্রকৃতির মধ্যে বাগানখানির শ্যামশোভায় চোখ জুড়াইয়া যায়।

বাগানের মধ্যে কালীবাড়ির পাকা বারান্দায় বসিয়া কৃষ্ণদাসবাবুর পুত্র শিবনাথ একটা ধনুকে জ্যা-রোপণ করিয়া টান দিয়া ধনুকটার সামর্থ্য পরীক্ষা করিতেছিল। অনতিদূরে মন্দিরের উঠানে তাহাদের রাখাল শম্ভু বাউরী বসিয়া নিবিষ্টচিত্তে প্রভুর মুখের দিকে চাহিয়া ছিল। প্রভু এবং ভৃত্য দুইজনেই বালক, বয়স তেরো-চৌদ্দের বেশি নয়। এক পাশে খান-দুই ছোট বাঁশের লাঠি ও কতকগুলা পাথর জম করা রহিয়াছে। এগুলি তাহার যুদ্ধের সরঞ্জাম। গ্রামের অপর পাড়ার ছেলেদের সহিত সে যুদ্ধ করিতে আসিয়াছে! পূজার সময় হইতেই দুই পাড়ার কিশোর-রাষ্ট্রের মধ্যে অসন্তোষ এবং বিদ্বেষ পুঞ্জীভূত হইয়া উঠিতেছিল। দুই পাড়ার প্রতিমার শ্রেষ্ঠত্ব লইয়া তর্ক হইতে এ বিরোধের সূত্রপাত। দুই পাড়ার প্রতিমাই অবশ্য একই কারিগরের গড়া, তবুও তো তাহার ভালমন্দ আছে। এ বিষয়ে কোন মীমাংসা না হওয়ায় ওপাড়ার ছেলেরা দাবি করিয়াছিল, তাহাদের প্রতিমা অধিক জাগ্রত। সে বিষয়ে শিবনাথের পাড়ার পরাজয় হইয়াছে, কারণ ওপাড়ার মানসিক বলিদান হয় বাহান্নটি আর তাহার পাড়ায় মাত্র আটটি। এ শোচনীয় পরাজয়ের হাত হইতে উদ্ধার পাইবার জন্য শিবনাথ ওপাড়ার ছেলেদের ফুটবল ম্যাচে চ্যালেঞ্জ করিয়াছিল। ম্যাচে হারিয়া ওপাড়ার ছেলেরা শিবনাথের দলের একটি ছেলের মাথা ফাটাইয়া দিল।

শিবনাথ ওপাড়ার দলপতির কাছে চরম পত্র পাঠাইল, যদি অবিলম্বে অন্যায় আঘাতকারিগণ ক্ষমাপ্রার্থনা না করে, তবে তাহারাও ইহার প্রতিশোধ লইবে।

তাহার পরই খণ্ডযুদ্ধ আরম্ভ হইয়া গেল, ওপাড়ার ছেলেরা এপাড়ায় আসিলেই ইহারা বন্দী করিবার চেষ্টা করে, বন্দীত্ব স্বীকার না করিলে যুদ্ধ শুরু হয়। এপাড়ার ছেলেরা ওপাড়ায় গেলে বেশ ঘা-কতক খাইয়া বাড়ি ফেরে। শেষ পর্যন্ত শিবনাথ শক্তির চরম পরীক্ষার জন্য বিপক্ষকে প্রকাশ্য যুদ্ধে আহ্বান করিল। উভয়পক্ষের সম্মতিক্রমে রণাঙ্গন নির্দিষ্ট হইয়াছে ওই গৈরিক প্রান্তর। বাল্যমনের চাপল্য এবং খেয়ালের অন্তরালে শিবনাথের মনে আরও একটি বস্তু ছিল, সেটা তাহার শিক্ষার বৈশিষ্ট্য। ইহারই মধ্যে স্কুলপাঠ্য পুস্তক ছাড়াও সে আরও অনেক বই পড়িয়া ফেলিয়াছে। অসমতল রণক্ষেত্রের কথা মনে হইতেই তাহার রাজসিংহের কথা মনে পড়িয়া গেল। বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ' সে পড়িয়াছে। ওই অসমতল খোয়াইগুলিও তো ঠিক পার্বত্য পথের মত। সে অবিলম্বে মনে মনে রাজসিংহের পদ্ধতিতে আপন সৈন্য-সমাবেশপদ্ধতি ছকিয়া লইল, এবং কয়জন বন্ধুকে লইয়া বেশ করিয়া দেখিয়া শুনিয়া নিপুণ সেনাপতির মতই সৈন্য-সমাবেশ করিল। পথের দুই পাশের অদূরবর্তী খোয়াইয়ের মধ্যে তার দলস্থ ছেলেদের লুকাইয়া রাখিল। কিছুদূরে সম্মুখে প্রকাশ্যভাবে জনকয়েককে লইয়া সে যেন শত্রুপক্ষের প্রতীক্ষা করিয়া রহিল। ফলও হইল আশানুরূপ, শত্রুপক্ষীয়েরা শিবনাথকে ক্ষীণবল দেখিয়া হৈ-হৈ করিয়া তাহাদের সমীপবর্তী হইবামাত্র পশ্চাতের লুক্কায়িত দল আত্মপ্রকাশ করিয়া পশ্চাৎভাগ আক্রমণ করিল। পাঁচ মিনিটের মধ্যে শিবনাথের জয় হইয়া গেল, শত্রুপক্ষ ছত্রভঙ্গ হইয়া পলায়ন করিল। শিবনাথ শুধু অগ্র ও পশ্চাৎ ভাগের কথাই ভাবিয়াছিল, দুই পাশের মুক্ত পথ অবরোধের কথা ভাবে নাই। সেই পথ দিয়া শত্রুরা যে যেমন পারিল পলায়ন করিল। বন্দী হইল জনকয়েক, পলায়ন-পথে কাঁকরে পা হড়কাইয়া পড়িয়া আহত হইল, বাকি দলের পশ্চাতে শিবনাথের দল দুই ভাগে বিভক্ত হইয়া অনুসরণ করিল। বন্দী যাহারা হইয়াছিল, শিবনাথ তাহাদের সহিত মন্দ ব্যবহার করিল না, সসম্মানে সকলের সহিত সন্ধি করিয়া আপনার বাগানের কিছু ফল উপহার দিয়া বিদায় করিল। তাহাদের সহিত শিবনাথের বা তাহাদের পাড়ার আর কোন বিরোধ নাই। তাহারা স্বীকার করিয়াছে, শিবনাথদের পাড়ার ঠাকুর শ্রেষ্ঠ; তাহারা স্বীকার করিয়াছে, শিবনাথের পাড়ার ফুটবল টিম শ্রেষ্ঠ এবং শিবনাথ শ্রেষ্ঠ। এখন শিবনাথ বসিয়াআছে বিপক্ষদলের দলপতির প্রতীক্ষায়। কিন্তু অনুসরণকারী কেহ এখনও ফিরে নাই। শিবনাথ সঙ্কল্প করিয়াছে, দলপতির সহিতও বন্দী পুরুরাজের মতই ব্যবহার করিবে। কিন্তু তাহার মন্ত্রী ও সেনাপতি—সেই পা বাঁকা কানাই আর রজনীকে পাইলে তাহাদের দন্তে তৃণ করাইয়া ছাড়িবে।

শম্ভু বলিল, ওরা আর আসবে না বাবু। সন্‌জে হয়ে এল, চলেন, বাড়ি যাই। সেই কখন আইচেন বলেন দেখি!

শিবনাথ এইবার মুখ তুলিয়া চাহিল, সত্যই বেলা আর নাই, সূর্য পাটে বসিয়াছে, পূর্ব

দিগন্ত অস্পষ্ট হইয়া আসিতেছে। সে বারান্দার উপর উঠিয়া দাঁড়াইয়া চারিদিক লক্ষ্য করিয়া দেখিয়া বলিল, তা হলে সব গেল কোথায় বল্ দেখি ?

শম্ভু বিজ্ঞভাবে ঘাড় নাড়িয়া বলিল, বাড়ি চলে গিয়েছে সব। খিদে নেগেছে, আর সব যে যার বাড়ি গিয়েছে।

মীমাংসাটা শিবনাথের মনঃপূত হইল না, যুদ্ধ করিতে আসিয়া ক্ষুধার তাড়নায় সৈন্য-সামন্তেরা বাড়ি চলিয়া যাইবে কি ! সে একটু চিন্তা করিয়া বলিল, তুই একবার গাছে চড়ে দেখ্ দেখি, কোথাও কাউকে দেখা যায় কি না ! ওই বয়ড়াগাছটাতে ওঠ্, অনেকটা লম্বা, অনেক দূর দেখতে পাবি।

শম্ভু স্বচ্ছন্দে দীর্ঘ গাছটার কাণ্ড বাহিয়া উঠিয়া গেল, ঠিক সরীসৃপের মত। গাছের প্রায় শীর্ষদেশে উঠিয়া সে চারিদিকে চাহিয়া দেখিয়া বলিল, কোথা পাবেন আজ্ঞে ! উ ঠিক সব মুড়ি খেতে বাড়ি চলে গিয়েছে।

শিবনাথ হতাশ হইয়া একটা দীর্ঘনিশ্বাস ফেলিল। শম্ভু গাছ হইতে নামিয়া আসিতেছিল। শিবনাথ দিগন্তের দিকে দৃষ্টি ফেলিয়া বেশ সুর করিয়া আবৃত্তি করিল, The boy stood on the burning deck. ক্যাসাবিয়াঙ্কার কথা তাহার মনে পড়িয়া গিয়াছে। ক্যাসাবিয়াঙ্কা আপনার স্থান ছাড়িয়া এক পা সরিয়া যায় নাই। সমুদ্র সে দেখে নাই ; যুদ্ধজাহাজও কখনও দেখে নাই, কিন্তু তবু তাহার চোখের সম্মুখে ক্যাসাবিয়াঙ্কার ছবি ফুটিয়া উঠিল। নীল জল, জলন্ত জাহাজ, তাহার মধ্যে দাঁড়াইয়া কিশোর ক্যাসাবিয়াঙ্কা। তাহার চারিপাশে দাউ দাউ করিয়া আগুন জ্বলিতেছে ! তাহার দীর্ঘ চুল অগ্ন্যুত্তপ্ত বাতাসে দুলিতেছে।

And shouted but once more aloud,
'My father ! must I stay ?'
While o'er him fast through sail and shroud,
The wreathing tires made way.

সহসা তাহার কল্পনায় বাধা পড়িল। ও কি ! দুইটা বড় শিয়ালে একটা কচি বাছুর মুখে করিয়া লইয়া আসিতেছে ! না, শিয়াল তো নয়। জানোয়ার দুইটা আরও অনেক বড়। দেখিতে শিয়ালের মত হইলেও শিয়ালের ভঙ্গীর সহিত অনেক পার্থক্য ; শিয়াল তো এমন লেজ সোজা করিয়া চলে না ! তাহাদের গমন-ভঙ্গী তো এমন দৃপ্ত নয় ! মুখের চেহারার সঙ্গে তো শিয়ালের মুখাকৃতি ঠিক মেলে না। সে সতর্কতা প্রকাশ করিয়া শম্ভুকে ডাকিল, শম্ভু ! শম্ভু !

কণ্ঠস্বরের ভঙ্গিমায় শম্ভু চকিত হইয়া উঠিয়া সাড়া দিল, কী ? সে ঝপ করিয়া খানিকটা উঁচু হইতেই লাফ দিয়া মাটিতে পড়িল। শিবনাথ অঙ্গুলিনির্দেশ করিয়া বলিল, দেখোছস !

শম্ভু বলিল, এঃ, কাজ সেরে ফেলিয়েছে শালারা। মরে গিয়েছে বাছুরটা।

শিবনাথ প্রশ্ন করিল, শিয়াল তো নয়, হেঁড়োল নাকি রে ?

আজ্ঞে হ্যাঁ। বড়া পাজি জাত। এঃ, রক্ত পড়েছে দেখেন দেখি !

শিবনাথ ধনুকটা নামাইয়া বলিল, মারব এক তীর ?

না। যাক, শালারা চলে যাক। তেড়ে আসবে, ছিঁড়ে ফেলাবে আমাদিগকে। বাঘের জাত তো।

নিঃশব্দে দাঁড়াইয়া উভয়ে জানোয়ার দুইটার দিকে চাহিয়া রহিল। শিবনাথ মুগ্ধ বিস্ময়ে দেখিতেছিল। তাহার বার বার মনে হইতেছিল, বন্দুকটা থাকিলে আজ সে ওই দুইটাকে শিকার করিয়া ফেলিতে পারিত। জানোয়ার দুইটা বাছুরটাকে মুখে করিয়া চলিয়াছে। সে চলার ভঙ্গিমার মধ্যে বিজয়গর্ব, আনন্দের আভাস। বাগানখানা পার হইয়াই উদাস পুকুর, প্রকাণ্ড দীঘি মজিয়া এখন চাষের জমিতে পরিণত হইয়াছে। পুকুরটার সু-উচ্চ পাড়গুলি বনফুল খৈরি শেওড়া শিমুল তাল প্রভৃতি গাছ ও গুল্মের ঘন সমাবেশে এখন দুর্ভেদ্য জঙ্গলে পরিণত। জানোয়ার দুইটা সেই পাড়ের নিচেই বাছুরটাকে ফেলিয়া বসিয়া হাঁপাইতে আরম্ভ করিল।

শিবনাথের কৌতূহল ধীরে ধীরে বাড়িয়া উঠিতেছিল, রাশিয়ার বরফাচ্ছন্ন মেরুপ্রদেশের বিবরণের মধ্যে উল্‌ফের কথা পড়িয়াছে—উল্‌ফ, হায়েনা, নেকড়েবাঘ, হুড়ার।

সে বলিল, চল্, একটু এগিয়ে দেখি।

কৌতূহল শম্ভুরও বাড়িতেছিল, সে বলিল, গাছের আড়ালে আড়ালে চলেন।

গাছের আড়ালে আড়ালে আসিয়া অনেকটা নিকটেই পৌছানো গেল। শিবনাথ দেখিল, জানোয়ার দুইটা জিভ বাহির করিয়া হাঁপাইতেছে। আশ্চর্য, সে মুখব্যাদানভঙ্গিমার মধ্যে হাসির রেখা পরিস্ফুট! জানোয়ার হাসে! হ্যাঁ, হাসে, বাড়ির কালুয়া কুকুরটার মুখেও আনন্দের আতিশয্যে এমন ভঙ্গী দেখা দেয়, সেও হাসে। একটু পরেই একটা জানোয়ার অদ্ভুত শব্দ করিয়া উঠিল, আবার আবার। সন্ধ্যার অন্ধকার ঘনাইয়া আসিতেছিল, তবুও অস্পষ্ট আলোকে শিবনাথ দেখিতে পাইল, ছোট ছোট কুকুরছানার মত কয়টা ছানা একটা গর্ত হইতে কুঁ-কুঁ শব্দ করিতে করিতে বাহির হইয়া আসিল।

শম্ভু বলিল, বাচ্চা হয়েছে শালাদের। একটা দুটো তিনটে। দেখেন, দেখেন, মজা দেখেন, বাচ্চাগুলোর তেজ দেখেন।

বাছুরটার ক্ষতস্থান হইতে নির্গত রক্তধারা চাটিতে চাটিতে ছানাগুলি বিবাদ শুরু করিয়া দিয়াছিল। পরস্পরকে তাড়াইয়া দিয়া প্রত্যেকেই একা খাইতে চায়। যে বাধা পাইতেছে সে-ই ক্রুদ্ধ বিক্রমে গোঙাইয়া উঠিতেছে। বড় জানোয়ার দুইটা তেমনই বসিয়া আছে, বাচ্চাগুলির দিকে চাহিয়া এখনও তেমনই হাসিতেছে। অল্প কিছুক্ষণ পরেই ধাড়ী দুইটা মৃত পশুশাবকটাকে টানিয়া লইয়া বুকের দুই পাশ ছিঁড়িয়া খাইতে আরম্ভ করিল। সঙ্গে সঙ্গে শাবকগুলার সে কি গর্জন!

শম্ভু বলিল, লেন, আর লয়। এই সময়ে আমরা চলে যাই। খেতে নেগেছে বেটারা, এইবার মারামারি করবে। আঁধারও হয়ে এল। খোয়াইগুলোর ভেতরে আবার সাপ-খোপ বেরুবে।

শিবনাথের কৌতূহল মেটে নাই, পশু দুইটার আহার-আত্মসাতের কলহ দেখিবার জন্য প্রবল আগ্রহ হইতেছিল, কিন্তু সে আর আপত্তি করিতে পারিল না। তাহার মায়ের সুন্দর কঠিন মুখের দৃষ্টি তাহার মনশ্চক্ষে ভাসিয়া উঠিল।

গাছের আড়ালে আড়ালে আত্মগোপন করিয়া বাগানের গাড়ি-চলা পথটা ধরিয়া তাহারা গ্রামের দিকে অগ্রসর হইল। সরল সোজা পথটার দুই ধারে আমগাছের সারি, পূর্বে লাল কাঁকর বিছানো ছিল, এখন সে কাঁকরের উপর কুশ ও কুঁচি ঘাস পথটিকে অপরিচ্ছন্ন করিয়া তুলিয়াছে। ওদিকে ক্রুদ্ধ পশু দুইটার কলহ-গর্জনে সন্ধ্যাটা ভয়াল হইয়া উঠিতেছে। চলিতে চলিতে শিবনাথ বলিল, আচ্ছা শম্ভু, হেঁড়োলের বাচ্চা পোষ মানে না?

শম্ভু বলিয়া উঠিল, দাঁড়ান, কাল সন্‌জের মুখে ধাড়ী দুটো যখন বেরিয়ে যাবে, তখন একটা ধরে নিয়ে যাব।

পুলকিত হইয়া শিবনাথ বলিল, ও দুটোকে আমি মেরে দিতে পারি বন্দুক পেলে। তা বন্দুক যে ছুঁতে দেন না মা।

শম্ভু বলিল, সাঁওতালদিগে বললে তীরিয়ে মেরে দেবে।

শিবনাথ থমকিয়া দাঁড়াইয়া বলিল, শোন্ শোন্, খেলা করছে বোধ হয়। কিন্তু দেখেছিস, ঠিক যেন মানুষের মত কথা বলছে। হাসছে—রাগছে—কাতরাচ্ছে, সব বোঝা যাচ্ছে।

তখন তাহাদের কলহ-গর্জন থামিয়া গিয়াছে, পিতামাতা এবং শাবক তিনটির আনন্দ-কলরবে অন্ধকার বাগানখানা মুখরিত হইয়া উঠিয়াছে।

শম্ভু দাঁড়াইয়া শুনিল, সত্যই হ্যা-হ্যা রবের মধ্যে যেন হাসির আভাস ফুটিয়া উঠিতেছে। সে বলিল, কি বলছে বেটারা ওরাই জানে—খুব খেতে পেয়েছে কিনা।

গ্রামে যখন তাহারা প্রবেশ করিল, তখন ঘরে ঘরে আলো জ্বলিতে শুরু করিয়াছে। পথের উপর গাঢ় অন্ধকার। গ্রামের দেবমন্দিরে-মন্দিরে কাঁসরঘণ্টা ধ্বনিত হইতেছে। শিবনাথ আশ্বস্ত হইল, তাহার মা পিসীমা এখন ঠাকুরবাড়িতে; সে তাড়াতাড়ি বই লইয়া পড়িতে বসিয়া যাইবে। পথেই তাহাদের কাছারি-বাড়িতে তখন আলো জ্বলিয়াছে। শিবনাথ একেবারে তাহার পড়ার ঘরে গিয়া উঠিল, টেবিলের উপর রক্ষিত আলোটার মৃদু শিখাটাকে উজ্জ্বল করিয়া দিয়া একখানা বই হাতে করিয়া বসিয়া পড়িল। পরক্ষণেই সেখানাকে রাখিয়া দিয়া ডিক্‌শনারিখানা খুলিয়া বাহির করিল—Wolf—Erect-eared stralight-tailed harsh-furred tawny-grey wild carnivorous quadruped, the Abyssinian Wolf, the Antarctic Wolf, the maned Wolf and the Prairie Wolf—আর কিছু নাই। কিন্তু নেকড়ে তো এ দেশেও পাওয়া যায়। এমন অসম্পূর্ণ বিবরণে শিবনাথের মন ভরিল না। সে ক্ষুণ্ণমনে বইখানি বন্ধ করিয়া চুপ করিয়া বসিয়া রহিল। কিছুক্ষণ পর আবার ডিক্‌শনারি খুলিয়া বাহির করিল টাইগার, রয়াল বেঙ্গল টাইগার পৃথিবীর বাঘেদের মধ্যে শ্রেষ্ঠ, বিক্রমে দুর্জয়, অপার সাহস,—বাঘেদের রাজা।

সমস্ত বিকেলটা কোথায় ছিলি রে শিবু?

শিবনাথ চমকিত হইয়া বইখানা রাখিয়া দিয়া উঠিয়া দাঁড়াইল। তাহার পিসীমা গৃহ-দেবতার নির্মাল্য হাতে লইয়া ঘরে প্রবেশ করিলেন। তাঁহার সঙ্গে মাকে না দেখিয়া শিবনাথ আশ্বস্ত হইয়া উৎসাহভরেই বলিল, আজ দুটো হেঁড়োল দেখলাম পিসীমা!

শিবনাথের মাথায় নির্মাল্য স্পর্শ করাইয়া পিসীমা প্রশ্ন করিলেন, কোথায়?

আমাদের দেবীবাগের পাশেই বাসা করেছে। আজ একটা বাছুর মেরে মুখে করে নিয়ে এল। এঃ, যে রক্তটা পড়ছিল!

মুশকিল করলে তো! বাছুর ছাগল ভেড়া মেরে সর্বনাশ করবে দেখছি।

তিনটে ছোট ছোট এইটুকু—

শিবনাথের কথা আর শেষ হইল না, দ্বারপথের দিকে সহসা দৃষ্টিপাত করিয়াই সে নীরব হইয়া গেল। দুয়ারের সম্মুখেই তাহার মা কখন আসিয়া দাঁড়াইয়াছেন।

মা বলিলেন, কিন্তু ওপাড়ার ছেলেদের সঙ্গে মারামারি করছে কেন শিবু?

শিবনাথ সম্মুখে অভয়দাত্রী পিসীমার উপস্থিতির ভরসায় সাহস করিয়া বলিল, মারামারি কেন করব? যুদ্ধ করেছি।

যুদ্ধ?

হ্যাঁ, যুদ্ধ। ওরা যুদ্ধ করবে বলে এই দেখ পত্র দিয়েছে। সে নিজের পকেট হইতে বিপক্ষের যুদ্ধপ্রস্তাব গ্রহণ করার সম্মতি-পত্রখানা বাহির করিল।

কিন্তু যুদ্ধ কিসের জন্যে? এক গ্রামে বাড়ি, ভাইয়ের মত সকলে—

পিসীমা এবার বাধা দিয়া বলিলেন, বেশ করেছে। ওদের বাপেরা চিরকাল আমাদের হিংসে করে এসেছে, এখনও অপমান করবার সুযোগ পেলে ছাড়ে না! এখন থেকেই আবার ছেলেদের আক্রোশ দেখ না!

মা হাসিয়া মৃদুস্বরে বলিলেন, না না ঠাকুরঝি, দেশে ঘরে ঝগড়া করা কি ভাল? তা হলে জানোয়ারে আর মানুষে তফাত কি?

শিবনাথ মায়ের মুখের দিকে চাহিয়া ভাবিতেছিল নেকড়েগুলার কলহের কথা। এক-এক সময় মাকে তাহার এত ভাল লাগে!

দুই

পরদিন বেলা আটটা তখনও বাজে নাই। শিবনাথদের কাছারিবাড়ির দক্ষিণ-দুয়ারী প্রকাণ্ড খড়ের বাংলোটার বারান্দায় তক্তাপোশের উপর নায়েব সিংহ মহাশয় সেরেস্তা বিছাইয়া বসিয়া ছিলেন। চাকর সতীশ ঢেরা ঘুরাইয়া শণের দড়ি পাকাইতেছিল। চাপরাসী কেষ্ট সিং ঘরের মধ্যে মাথায় পাগড়িটা ঠিক করিয়া লইতেছিল।

বাংলোটার সহিত সমকোণ করিয়া পূর্ব দিকে আর একখানা ছোট খড়ো বাংলো। ওই

ঘরগুলিতে চাকর-চাপরাসী থাকে। এই ঘরটার বারান্দার চাল-কাঠামোয় বাঁধা দুইখানা পালকি ঝুলিতেছে। পালকি দুইখানার নাম আছে—একখানা 'কর্তা-সওয়ারী' একখানা 'গিন্নী-সওয়ারী', অর্থাৎ একখানা বাড়ির কর্তার জন্য, অপরখানি বাড়ির গিন্নীর জন্য নির্দিষ্ট। গিন্নী সওয়ারীটার সাজসজ্জা জাঁকজমক বেশি, ভিতরটা লাল শালু দিয়া মোড়া, ছাদের চাঁদোয়ার পাশে পাশে ঝুটা-মতির ঝালর। কাছারিবাড়ির সম্মুখেই কাঠা কয়েক জায়গা ঘেরিয়া ফুলের বাগান। একদিকে একসারি নারিকেলগাছ ; মধ্যে বেল, জুঁই, করবী, জবা, কামিনী, স্থলপদ্ম প্রভৃতি গাছের কেয়ারি। ঠিক মধ্যস্থলে একটি পাকা বেদী। বাগানের পরই বিঘা দেড়েক স্থান প্রাচীরবেষ্টনীর মধ্যে তকতক করিতেছে। এইটি খামার-বাড়ি। একদিকে একসারিতে গোটা-তিনেক ধানের খামার। বাগানের পাশেই খামার-বাড়ি যেখানে আরম্ভ হইয়াছে, সেইখানেই একটি ফটক। ফটকের দুই পাশের থামের গায়ে দুইটি লতা, একটি মালতী ও অপরটি মধুমালতী, উপরে উঠিয়া তাহারা জড়াইয়া একাকার হইয়া গিয়াছে। বাড়ির পূর্ব গায়েই বাঁড়ুজ্জে-বাবুদের শখের পুকুর শ্রীপুকুরের দক্ষিণ পাড়ে আর একটা বাড়ি,—বাবুদের গোশালা, চাষ-বাড়ি ও শূন্য একটি আস্তাবল।

পিসীমা আসিয়া দাঁড়াইলেন। পিছনে নিত্য ঝি। নায়েব সসম্ভ্রমে উঠিয়া দাঁড়াইলেন। চারিদিকে একবার সূক্ষ্ম দৃষ্টি বুলাইয়া লইয়া পিসীমা প্রশ্ন করিলেন, কেষ্ট সিং কোথা গেল ?

পাগড়িটা জড়াইতে জড়াইতে কেষ্ট সিং তাড়াতাড়ি বাহিরে আসিয়া দাঁড়াইয়া বলিল, আজ্ঞে।

পিসীমা প্রশ্ন করিলেন, শম্ভু কোথায় ? গোরুবাছুরকে সব খেতে দেওয়া হয়েছে ?

পুরু চশমাটা নাকের ডগায় টানিয়া দিয়া ভ্রূ ও চশমার ফাঁক দিয়া এদিক-ওদিক দেখিয়া সিংহ মহাশয় হাঁকিলেন, শম্ভু ! শম্ভু !

কেষ্ট সিং ততক্ষণে দ্রুতপদে শম্ভুর খোঁজে চলিয়া গিয়াছে।

পিসীমা বলিলেন, এ খোঁজটা সকালেই নিতে হয় সিং মশায়, গো-সেবায় অপরাধ হলে হিন্দুর সংসারে অভিসম্পাত হয়।

নায়েব মাথা চুলকাইয়া কি বলিতে গেলেন, কিন্তু তাহার পূর্বেই পিসীমা বলিলেন, সতীশ, কাছারি ঘরটা খোল্ তো।

কয়েক বৎসর পূর্বে কৃষ্ণদাসবাবুর মৃত্যু হইয়াছে। তাহার পর হইতে কাছারি কক্ষখানি বন্ধই আছে। নাবালক ছেলে সাবালক হইলে এ ঘর আবার নিয়মিত খোলা হইবে, ব্যবহৃত হইবে। সতীশ তাড়াতাড়ি চাবি খুলিয়া দিল। পিসীমা ঘরের মধ্যে প্রবেশ করিয়া নিস্তব্ধ-ভাবে দাঁড়াইয়া রহিলেন। ঘরখানি পূর্বের মতই সাজানো রহিয়াছে। প্রকাণ্ড লম্বা ঘরখানার ঠিক মধ্যস্থলে একখানা আবলুসকাঠের টেবিল, তাহার পিছনে একখানা ভারী কাঠের সেকালের চেয়ার, টেবিলের দুই পাশে দুইখানা প্রকাণ্ড তক্তাপোশ ঘরের দুই প্রান্ত পর্যন্ত বিস্তৃত। তক্তাপোশের উপর ফরাস বিছানোই আছে, ফরাসের উপর সারি সারি তাকিয়া, ঘরের দেওয়ালে বড় বড় দেবদেবীর ছবি, ঠিক দুয়ারের মাথায় সে-আমলের মন্দিরের আকারের

একটা ক্লক টকটক করিয়া চলিতেছিল। রূপার আলবোলাটি পর্যন্ত একটা তেপায়ার উপর পূর্বের মতই রক্ষিত, নলটি টেবিলের উপর পড়িয়া আছে, যেন মালিক কোথায় কার্যান্তরে উঠিয়া গিয়াছেন।

একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া পিসীমা বলিলেন, জানালাগুলো খুলে দে, ঘরে রোদ আসুক।

সে ঘর হইতে বাহির হইয়া আসিয়া নায়েবকে বলিলেন, বগতোড়ের মহেন্দ্র গণকের কাছে একটা লোক পাঠাতে হবে। খোকার কুষ্টি দেখে একটা শান্তি, আর—

এক মুহূর্ত নীরব থাকিয়া পিসীমা বলিলেন, তাকে আপনি আসতে লিখে দিন।

তারপর আবার বলিলেন, মহালে মহালে লোক পাঠানো হয়েছে?

নায়েব বলিলেন, আজ্ঞে হ্যাঁ, পরশু লোক চলে গিয়েছে সব।

পিসীমা আর দাঁড়াইলেন না, কাছারিবাড়ির সংলগ্ন শ্রীপুকুরে বাঁধা ঘাটে আসিয়া দাঁড়াইলেন। মাঝারি আকারের সমচতুষ্কোণ পুকুরটি চারিপাশে তালতরুশ্রেণী সীমানা নির্দেশ করিয়া প্রাচীরের মত দাঁড়াইয়া আছে। পিসীমা দেখিলেন, ঠিক বিপরীত দিকে এক দল ভদ্রলোক কি যেন করিতেছে। তাহাদের সঙ্গে একটা টেবিলের মত কি একটা টানিতে টানিতে লইয়া চলিয়াছে, হাঁ, শিকলই তো।

পিসীমা বেশ উচ্চকণ্ঠেই প্রশ্ন করিলেন, কারা ওখানে?

কেহ উত্তর দিল না। পিসীমা কাছারির দিকে মুখ ফিরাইয়া ডাকিলেন, সিং মশায়!

নায়েব সিংহ মহাশয় তাড়াতাড়ি আসিয়া দাঁড়াইলেন। পিসীমা পদশব্দে তাঁহার আগমন অনুমান করিয়া বলিলেন, দেখে আসুন তো, কি হচ্ছে ওখানে আমার সীমানার মধ্যে!

কথাটা তিনি তাঁহার স্বাভাবিক উচ্চকণ্ঠে বলিলেন। এবার ওদিক হইতে উত্তর আসিল, সাহা-পুকুরের সীমানা জরিপ হচ্ছে।

শ্রীপুকুরের ওপাশেই সাহা-পুকুর, পুকুরের শরিকদের মধ্যে পাড় বাঁটোয়ারা লইয়া একটা মামলা চলিতেছিল। কথাটা সকলেই জানিত।

পিসীমা বলিলেন, তা আমার সীমানার মধ্যে শেকল পড়ল কেন? শেকল তুলে নাও ওখান থেকে।

ওপাড়ার বৃদ্ধ শশী রায় বলিলেন, আমরা তো তোমাদের সীমানা খেয়ে ফেলি নি, তুলেও নিয়ে যাই নি—

বাধা দিয়া পিসীমা বলিলেন, তুলে নিন শেকল আমার সীমানা থেকে।

তাঁহার কণ্ঠস্বরে ও আদেশের ভঙ্গিমায় সকলেই একটু চকিত হইয়া উঠিল। বৃদ্ধ শশী রায় গাঁজাখোর, তিনি ক্ষিপ্তের মত বলিয়া উঠিলেন, আচ্ছা হারামজাদা মেয়ে যা হোক।

কঠিন কণ্ঠে সঙ্গে সঙ্গে এদিক হইতে উচ্চারিত হইল, কেষ্ট সিং, ওই জানোয়রটাকে ঘাড় ধরে আমার সীমানা থেকে বের করে দিয়ে এস।

পিসীমার উচ্চ কঠিন কণ্ঠস্বর শুনিয়া কেষ্ট সিং প্রায় নায়েবের সঙ্গেই আসিয়া লাঠি হাতে দাঁড়াইয়া ছিল। বিনা বাক্যব্যয়ে সে ওপাড়ের দিকে চলিয়া গেল। পিসীমা বলিলেন

নায়েবকে, 'আপনি যান, সরকারী লোক যিনি জরিপ করিতে এসেছেন, তাঁকে বলুন, আমি তাঁর সঙ্গে দেখা করতে চাই।—বলিয়াই তিনি কাছারিবাড়িতে ঢুকিয়া সতীশকে বলিলেন, সতীশ, কাছারি-ঘর খুলে দে, আর পাশের খোকার পড়ার ঘরের মধ্যের দরজা খুলে দিয়ে পর্দাটা ফেলে দে। খোকা কোথায়? ডেকে দে।

আস্তাবলটার আড়ালে গা-ঢাকা দিয়া শিবনাথ শম্ভুর সহিত ফিসফিস করিয়া পরামর্শ করিতেছিল—সেই নেকড়ের বাচ্চা ধরিবার পরামর্শ। তাহার মনের মধ্যে বাঘ পুষিবার শখ নেশার মত প্রবল হইয়া উঠিয়াছে। রাত্রে স্বপ্নে পর্যন্ত ওই শাবকগুলি মন-গহনে খেলা করিয়াছে।

শম্ভুর উৎসাহ প্রবল, সে বলিল, উ ঠিক হবে আজ্ঞে। এই ঠিক ঝিকিমিকি বেলাতে ওদের মা-বাবাতে বেরিয়ে যাবে। আমরা অমুনি গত্ত থেকে বার করে নিয়ে আসব।

শিবনাথ একটু চিন্তা করিয়া প্রশ্ন করিল, আর বেশি থাকে না তো? পরক্ষণেই মনে পড়িল, সে পড়িয়াছে, মাংসাশী হিংস্র জন্তুরা কখনও দশজনে মিলিয়া ঘর বাঁধিয়া থাকে না। তাহার মায়ের কথাটাও মনে পড়িল, মানুষ ও জানোয়ারের তফাতের কথা। কিন্তু ইউরোপে নেকড়েরা দল বাঁধিয়া শিকার করে। সে আবার চিন্তিত হইয়া প্রশ্ন করিল, আচ্ছা ওরা দল বেঁধে থাকে, না?

না। একসঙ্গে দুটোর বেশি থাকে না। আমাদের মাঝিকে জিজ্ঞেস করুন কেনে।

মাঝি, অর্থাৎ শিবনাথদের সাঁওতাল কৃষাণ।

শম্ভু আবার বলিল, একটো বগি-দা নিয়ে যাব, থাকেই যদি, এক কোপে বলিদান দিয়ে দোব আজ্ঞে।

শিবনাথও চট করিয়া একটা অস্ত্রের সন্ধান করিয়া ফেলিল, ক্রিকেটের উইকেট, বল্লমের কাজ করিবে। মনে তাহার উত্তেজনা জাগিয়া উঠিল, থাকেই যদি, যুদ্ধ করিবে।

ঠিক সেই সময়েই পিসীমার কণ্ঠস্বর তাহার কানে আসিয়া পৌছিল, খোকা কোথায়? ডেকে দে।

সরকারী কানুনগো আসিয়া কাছারি-ঘরে বসিলেন। শিবনাথ উভয় ঘরের মধ্যে পর্দাটা ধরিয়া দাঁড়াইয়া ছিল। ভিতরের ঘর হইতে আদেশ হইল, নমস্কার কর শিবনাথ।

তাঁহার কথা শেষ হইবার পূর্বেই শিবনাথ নমস্কার করিয়াছিল, সে বলিল, করেছি পিসীমা।

কানুনগোবাবু বলিলেন, আমাকে কিছু বলবেন?

পিসীমা ভিতর হইতে বলিলেন, হ্যাঁ। আমার সীমানার মধ্যে শেকল আনবার পূর্বে আমাকে কি জানাবারও দরকার নেই? আমি স্ত্রীলোক, আইনের কথা ভাল জানি না, আইন কি আপনাদের তাই?

কানুনগো একটু ইতস্তত করিয়া বলিলেন, হ্যাঁ, ম্যাপ অনুযায়ী জরিপ করলে জানাবার ঠিক দরকার হয় না।

প্রশ্ন হইল, ম্যাপ অনুসারেই কি জরিপ করেছেন ?

কানুনগো জবাব দিলেন, না, ওঁদের কহত-মতই আমি জরিপ করছিলাম। আর ওঁরা ঠিক আপনার সীমানা জরিপ করাচ্ছিলেন না, তালগাছের বেড়ার জন্যে ওপাশে যেতে অসুবিধে হচ্ছিল, তাইতে আপনার সীমানার—

এবার পিসীমা বাধা দিয়া বলিলেন, সীমানা আমার নয়, নাবালকের ; এই ছেলেটির অভিভাবক সরকার-তরফ থেকে জজসাহেব, আমি তাঁরই প্রতিনিধি।

কানুনগো ভদ্রলোক অভিভূত হইয়া পড়িতেছিলেন, স্ত্রীলোকের নিকট তিনি এমন প্রশ্নোত্তর প্রত্যাশা করেন নাই। তিনি বলিলেন, আমারই দোষ, আপনাদের অনুমতি নেওয়া সত্যিই আমার উচিত ছিল, তার জন্যে—

আবার বাধা দিয়া পিসীমা বলিলেন, আপনি সরকারের কর্মচারী, আমাদের মান্যের ব্যক্তি। আপনাকে জবাবদিহি করতে আমি ডাকি নি ; আমি শুধু ওইটুকু জানতে চেয়েছিলাম।

কানুনগো বলিলেন, না না, ওই বুড়ো ভদ্রলোকটির কথায় আমার লজ্জার সীমা নেই, আপনি যদি এর প্রতিকার চান—

তাঁহার কথায় বাধা দিয়া উত্তর আসিল, উনি গাঁজাখোর, তা ছাড়া ওপর দিকে থুতু ছুঁড়ে লাভ তো হয় না, সে নিজের গায়েই এসে পড়ে। আর আমার বাপ কি ছিলেন, সে তো এ চাকলার লোকের অজানা নয়। মামলা করে টাকার ডিক্রি নেওয়া চলে, সম্মানের ডিক্রি নিতে যাওয়া ভুল।

কানুনগো চেয়ার ছাড়িয়া উঠিয়া বলিলেন, তা হলে আমি উঠি ?

এবার শিবনাথ একটু অগ্রসর হইয়া আসিয়া বলিল, একটু চা খেয়ে যান।

কানুনগো হাসিয়া বলিলেন, না না খোকা, সে দরকার হবে না।

ভিতর হইতে অনুরোধ হইল, আমাদের হিন্দুর ঘর, তার ওপর আমরা জমিদার, আপনি অতিথি, সরকারী কর্মচারী, আপনি না খেলে বুঝব, আপনি অসন্তুষ্ট হয়েছেন আমাদের ওপরে।

কানুনগো এ কথার জবাব দিতে পারিলেন না।

শিবনাথ বলিল, চা দেওয়া হয়েছে আপনার।

কানুনগো মুখ ফিরাইয়া দেখিলেন, ছোট একটি টেবিলের ওপর রূপার রেকাবিতে মিষ্টান্ন এবং ধূমায়িত চায়ের কাপ শোভা পাইতেছে। দুয়ারের পাশে, হাতে গাড়ু, কাঁধে গামছা লইয়া চাকর দাঁড়াইয়া আছে।

কানুনগো চলিয়া গেলে পিসীমা বাহির হইয়া আসিলেন। বারান্দায় একজন দীর্ঘাকৃতি ভদ্রলোক দাঁড়াইয়া ছিলেন, তিনি শৈলজা-ঠাকুরানীকে প্রণাম করিয়া বলিলেন, ভাল আছেন ?

সুযোগ পাইয়া শিবনাথ আবার শম্ভুর সন্ধানে খামার-বাড়ির দিকে চলিয়া গেল।

পিসীমা ভদ্রলোকটিকে বলিলেন, এস ভাই এসো, কি ভাগ্যি আমার, লক্ষ্মীর বরপুত্রের পায়ের ধুলো আজ সকালেই আমার ঘরে! কবে এলে তুমি, ভাল ছিলে?

ভদ্রলোকটি এই পাড়ারই, রামকিঙ্করবাবু, লক্ষপতি ব্যবসায়ী, কলকাতায় থাকেন।

রামকিঙ্করবাবু বলিলেন, পরশু এসেছি। আজ সকালেই বৈঠকখানার দোরে দাঁড়িয়ে এই হাঙ্গামাটা শুনলাম, শুনে তাড়াতাড়ি এলাম, যদি কোন দরকারে লাগতে পারি।

পিসীমা স্মিতমুখে আশীর্বাদ করিয়া বলিলেন, বেঁচে থাক ভাই, ধনেপুত্রে বাড়বাড়ন্ত হোক তোমার। তোমাদের পাঁচজনেরই তো ভরসা করি।

রামকিঙ্কর হাসিয়া বলিলেন, ভরসা আপনাকে কারও করতে হবে না ঠাকরুনদিদি। লোকে আপনাকে ঠাট্টা করে বলে, ফৌজদারির উকিল। তা দেখলাম, উকিলের চেয়েও বড় আপনি, আপনি ব্যারিস্টার।

পিসীমা হাসিলেন, বলিলেন, আমায় তা হলে এবার কলকাতা থেকে গাউন আর টুপি এনে দিও, আর মামলা থাকলে খবর দিও।

রামকিঙ্করবাবু বলিলেন, মামলা একটা নিয়েই এসেছি ঠাকরুনদিদি। তবে এ মামলায় আপনি জজসাহেব, একেবারে হাইকোর্ট, এর আর আপীল নেই।

পিসীমা বলিলেন, তাই তো বলি, ব্যবসাদার কি বিনা গরজে কোথাও পা বাড়ায়! বেনেতী বুদ্ধি পেটে পেটে হয় তাদের। কি, বল শুনি!

রামকিঙ্করবাবু বলিলেন, আমার মা-মরা ভাগ্নীটিকে আপনাকে নিতে হবে। শিবনাথের আপনি বিয়ে দিচ্ছেন শুনলাম।

পিসীমা কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন, তারপর ধীরে ধীরে বলিলেন, এখন এ কথার জবাব দিতে পারলাম না ভাই, কাল জবাব দোব।

রামকিঙ্করবাবু এ উত্তর প্রত্যাশা করেন নাই, তিনি ঈষৎ উষ্ণভাবে বলিলেন, কেন, আপনাদের জমিদারের ঘরের উপযুক্ত হবে না আমার ভাগ্নী?

পিসীমার মুখচোখ রাঙা হইয়া উঠিল, কিন্তু আত্মসংবরণ করিয়া তিনি বলিলেন, ঠিক উলটো ভাবছি ভাই,—ভাবছি হাতির খোরাক যোগাতে কি আমার শিবনাথ পারবে? লক্ষপতির ঘরের মেয়ে আমাদের মত ছোট জমিদারের ঘরে খাপ খাবে? তা ছাড়া তার মা আছে, তারও একটা মত চাই।

রামকিঙ্করবাবু একটু অপ্রতিভ হইয়া গিয়াছিলেন, তিনি বলিলেন, না, না, আপনার দাদার, আমাদের ঠাকুরদার প্রতাপে বাঘে-বলদে একঘাটে জল খেয়েছে; তার ছেলে শিবনাথ, সে বাঘিনী হলেও বশ মানাবে। ওই দেখুন না সম্মুখেই প্রশস্ত অঙ্গনের মধ্যে তখন শিবনাথ একটা ঘোড়াকে শাসন করিতেছিল। কাহার একটা ছোট ঘোড়া, কিন্তু দুরন্তপনায় সে খাটো নয়, ক্রমাগত পিছনের পা দুইটি ছুঁড়িয়া সওয়ার শিবনাথকে ফেলিয়া দিবার চেষ্টা করিতেছিল।

শিবনাথ হুকুম করিতেছিল শম্ভুকে, দে তো রে একটা খেজুরের ডাল ভেঙে কাঁটাসুদ্ধ।

রামকিঙ্করবাবু হা হা করিয়া হাসিয়া উঠিলেন, বলিলেন, শুনছেন ?

পিসীমার মুখও আনন্দোজ্জ্বল হইয়া উঠিল, তিনি ডাকিলেন, শিবু, অ শিবু, নেমে আয়।

শিবু বলিল, দাঁড়াও না, বেটার পা ছোঁড়াটা একবার বের করে দিই।

পিসীমা বলিলেন, কার ঘোড়ায় চেপেছিস, মা শুনলে রাগ করবে !

সম্মুখেই এক প্রৌঢ় আধা-ভদ্র মুসলমান দাঁড়াইয়া ছিল, সে সসম্ভ্রমে অভিবাদন করিয়া বলিল, আমারই ঘোড়া মা, আমি আপনাদের প্রজা মা। আপনার মহল দোগাছির মোড়ল আমি।

পিসীমার মুখ গম্ভীর হইয়া উঠিল, তিনি বলিলেন, তুমিই সবজান শেখ।

প্রৌঢ় বলিল, আপনাদের গোলাম তাঁবেদার আমি মা।

পিসীমা রামবাবুকে বলিলেন, তুমি কাল সকালে একবার এসো ভাই রাম, নাস্তির কুষ্টিটাও নিয়ে এসো। আজ দেরী হয়ে গেল, কাল সকালে জলখাবারের নেমন্তন্ন রইল।

রামকিঙ্কর হাসিয়া বলিলেন, তাই আসব। কিন্তু সে মিষ্টি তো আমার ঘটকালির পাওনা। আজকের—

পিসীমা হাসিয়া বলিলেন, বেশ তো, দু'থালা খাবে !

রামকিঙ্কর হাসিতে হাসিতে চলিয়া গেলেন। পিসীমার মুখে হাসি মিলাইয়া গেল, মুখখানা কঠোর হইয়া উঠিল ; তিনি ডাকিলেন, শিবনাথ, নেমে এস !

শিবু 'শিবনাথ' সম্বোধন এবং সম্ভ্রমপূর্ণ ভাষায় আদেশ শুনিয়া বুঝিয়াছিল, এ আদেশ অলঙ্ঘনীয়। সে ঘোড়া হইতে নামিয়া কাছারির বারান্দায় আসিয়া দাঁড়াইল।

সবজান আসিয়া বলিল, প্রথমেই হুজুরের সঙ্গে দেখা, হুজুরকে সেলাম করতেই হুজুর বললেন, ওই পিসীমা রয়েছেন, হোথা যাও, আমি তোমার ঘোড়াটা দেখি।—বলিয়া সে এইবার শিবনাথের সম্মুখে হাঁটু গাড়িয়া বসিয়া দুই হাতে প্রসারিত একখানি লাল রেশমী রুমালের উপর পাঁচটি টাকা নজর হাজির করিল।

শিবনাথ চাহিয়া ছিল পিসীমার মুখের দিকে, সেখানে কখন কি ইঙ্গিত সে পাইল সে-ই জানে, সে টাকা পাঁচটি স্পর্শ করিয়া বলিল, নায়েববাবুর সেরেস্তায় দাও।

সবজান করজোড়ে বলিল, আমাকে রক্ষা করতে হবে হুজুর। আমাদের খাজনা নিতে হুকুম দিতে হবে।

শিবনাথ পিসীমার মুখের দিকে চাহিয়া ছিল। পিসীমার মুখ গভীর গাম্ভীর্যে থমথম করিতেছিল।

সবজান বলিল, হুজুর।

শিবনাথ একবার সবজানের দিকে চাহিয়া দেখিল, তাহার চোখের কোণে কোণে অশ্রু জমা হইয়া উঠিতেছে। সে বলিয়া উঠিল, বেশ তো, খাজনা দাও না তুমি।—বলিয়াই সে বলিল, পিসীমা !

পিসীমার অনুমতি প্রার্থনায় সবজানও একান্ত অনুনয়পূর্ণ কণ্ঠে বলিল, মা !

পিসীমা হাসিয়া বলিলেন, 'মালিকের হুকুম হয়ে গিয়েছে সবজান, সে তো আর 'না' হয় না।

সবজান বার বার সেলাম করিয়া উঠিয়া দাঁড়াইল। পিসীমা বলিলেন, দু কোঁটা চোখের জলে তুমি আমার কাছে রেহাই পেতে না সবজান। আরও একটু শিক্ষা তোমায় আমি দিতাম। যাক, কিন্তু স্বীকার করে যাও, জমিদারের লোককে বিনা কারণে অপমান আর কখনও—

সবজান বলিয়া উঠিল, আমরাও তো আপনার ছেলে মা।

পিসীমার ভ্রূ কুঞ্চিত হইয়া উঠিয়াছিল। তিনি বলিলেন, কথার ওপর কথা বলতে নেই সবজান। ছেলে তোমরা নিশ্চয়ই, কিন্তু অবাধ্যতার জন্যে তোমাদের ওই মালিক শিবনাথের পিঠেও মারের দাগ দেখতে পাবে। এস শিবনাথ।

শিবনাথের হাত ধরিয়া পিসীমা চলিয়া গেলেন। কিছুক্ষণ পর সতীশ চাকর মাটির বাসনে করিয়া জলখাবার আনিয়া বলিল, শেখজী, আপনার জলখাবার।

নায়েবের সম্মুখে ছোট একটা কাগজের টিপ ফেলিয়া দিয়া সতীশ নায়েবকে বলিল, শেখজীর বিদেয়।

নায়েব পড়িল, চিরকুটে লেখা রহিয়াছে, দোগাছির মণ্ডল সবজান শেখের বিদায়ের জন্য এক জোড়া কাপড় ও চাদর আনিয়া দিতে হইবে। সহি করিয়াছেন শিবনাথের মাতা, আর এক পাশে একটা ঢেরা-সহি, ওইটুকু পিসীমার হুকুম ; পিসীমা অল্প পড়িতে জানেন, কিন্তু লিখিতে জানেন না।

তিন

সন্ধ্যায় নীচের তলার দরদালানে বসিয়া ননদ ও ভ্রাতৃজায়ার মধ্যে কথা হইতেছিল। পাশে একখানি গালিচার উপর বসিয়া পিসীমা পায়ে তেল লইতেছিলেন। পাশে একখানি ডালায় গোটা সুপারি ও জাঁতি রহিয়াছে। এপাশে শিবনাথের মা হ্যারিকেনের আলোয় সম্মুখে বসিয়া মঞ্জুরি-সহিযুক্ত টিপের সহিত জমাখরচের খাতা মিলাইয়া দেখিতেছিলেন, অনুজ্জ্বল আলোকেও তাঁহার দেহবর্ণ মোমের মত শুভ্র মনে হইতেছিল। খাতাখানি বন্ধ করিয়া তিনি বলিলেন, ঠিক আছে ঠাকুরঝি।

পিসীমা বলিলেন, বেশ, সতীশকে দিয়ে দাও।

সতীশ দাঁড়াইয়া ছিল, সে খাতাপত্র লইয়া গেল।

পিসীমা বলিলেন, কিছুদিন থেকেই ভাবছি বউ, মনের আমার বড় সাধ, বলি বলি করেও তোমায় বলি নি।

অন্তরাল হইতে শুনিলে, এখনকার এই পিসীমাকে প্রাতঃকালের সেই পিসীমা বলিয়া চেনা

যায় না, ভাষায় ভঙ্গিমায় কোনখানে মেলে না। এখনকার ভাষায় ভঙ্গিমায় কেমন একটি সকরুণ দীনতার আবেদন সুস্পষ্ট, সংশয় করিবার অবকাশ পর্যন্ত হয় না।

শিবনাথের মা বলিলেন, শিবনাথের বিয়ের কথা বলছ ঠাকুরঝি?

চমকিয়া উঠিয়া পিসীমা বলিলেন, শুনেছ তুমি বউ? কে বললে তোমাকে?

শিবনাথের মা একটু হাসিলেন, বলিলেন, সকলের কাছেই শুনছি। তুমি আমাকেই কেবল বল নি, নইলে বলেছ তো পাড়ার সকলকেই।

পিসীমা বলিলেন, আমি তো কাউকে বলি নি বউ।

শিবনাথের মা আবার হাসিলেন। হাসিতে হাসিতেই বলিলেন, ইচ্ছে করে হয়তো বল নি। কিন্তু তোমার সাধের কথা কখন যে বেরিয়ে গেছে, সে তুমি জানতে পার নি ভাই।

পিসীমা বলিলেন, বড় সাধ আমার বউ, ছোট্ট একটি বউ এনে ঘর করি। বাড়ির মেয়ের মত ঘুরঘুর করে বেড়াবে, শিবুকে দেখে ঘোমটা দেবে না, তার সঙ্গে ঝগড়া করবে। দাদারও আমার তাই সাধ ছিল, দুই ভাই বোনে কত পরামর্শ করেছি।

শিবনাথের মা চুপ করিয়া রহিলেন। কিছুক্ষণ উত্তরের প্রতীক্ষা করিয়া পিসীমা বলিলেন, বউ!

নতমুখে শিবনাথের মা বলিলেন, ভাবছি ভাই।

পিসীমা বলিলেন, এই জন্যই তোমায় আমি বলি নি বউ। ছেলে তো তোমার। একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া তিনি নীরব হইলেন।

শিবনাথের মা বলিলেন, না, শিবনাথ তোমার।

যেন শিহরিয়া উঠিয়া পিসীমা বলিলেন, না না বউ, তোমার, শিবু তোমার। আমার, এ কথা বোলো না, আমার হলে থাকবে না। থাকল না তো ভাই, একদিনে স্বামী-পুত্র গেল। আমার মনে হয় কি জান বউ, মনে হয়, তোমার বৈধব্যের জন্যেও আমি দায়ী।

ঝরঝর করিয়া চোখের জলে তাঁহার বুকের বস্ত্রাঞ্চল ভাসিয়া গেল।

শিবনাথের মা বলিলেন. কেঁদো না ভাই ঠাকুরঝি, এক্ষুনি হয়ত শিবু এসে পড়বে, তারপর সেও উপদ্রব করবে। তোমার কান্না দেখলে তার উপদ্রব বাড়ে যেন তোমার ওপর।

সচকিত হইয়া পিসীমা বলিলেন, কই, শিবু তো এখনও ফেরে নি!

বাহিরে দুয়ারের গোড়ায় সতীশ দাঁড়াইয়া ছিল, সে বলিল, কই, বাবু তো এখনও ফেরেন নি, মাস্টারমশায় বসে আছেন।

সঙ্গে সঙ্গে পিসীমা উদ্বিগ্ন হইয়া উঠিলেন, বলিলেন, রাত্রি ক'টা হল সতীশ? কেষ্ট সিংকে বল, আলো নিয়ে—

মা বাধা দিয়া বলিলেন, রাত্রি বেশি হয় নি। কিন্তু শিবনাথকে শাসন করা দরকার হয়েছে ঠাকুরঝি।

পিসীমা বলিলেন, খুব শাসন করো তুমি আজ, কিছু বলব না আমি ভাই, আমি ওপরে গিয়ে দরজা বন্ধ করে বসে থাকব। সেই জন্যেই তো সকাল সকাল বিয়ে দিতে চাই আমি।

* *

জান তো আমার বাপেদের গুষ্টি। হয়তো বয়ে যাবে কখন।

মা বলিলেন, সে কথার কথা ঠাকুরঝি, ছেলেকে শাসনে রাখলে বেগড়ায় তার সাধ্য কি! আমার যে ভাই, অনেক সাধ শিবনাথের ওপর, আমি যে বড় বিখ্যাত লোকের মা হতে চাই।

পিসীমা বলিলেন, বিয়ে হলে কি তা হয় না বউ? সে তো ভাগ্যের ফল।

মা বলিলেন, ভাগ্যই হয়তো হবে। বাবাকে আমার চিঠি লিখেছিলাম আমি, তিনিও তাই লিখেছেন। লিখেছেন, শৈলজা-মায়ের সাধে বাধা দিও না, সে তোমার অধর্ম হবে।

হর্ষোৎফুল্ল কণ্ঠে ব্যগ্রতাভরে পিসীমা বলিয়া উঠিলেন, তাই লিখেছেন তিনি বউ, তাই লিখেছেন? এত বিবেচনা না হলে মানুষ বড় হবে কেন? তা ছাড়া, আর একটা কথা কি জান বউ, আমার তো এই অদৃষ্ট, তোমারও অদৃষ্ট তো ভাল বলতে পারব না, নইলে এমন রাজার মত স্বামীকে এই বয়সে হারাবে কেন? তাই ভাবি, একটা ভাগ্যমানী মেয়ের ভাগ্যের সঙ্গে শিবুকে বেঁধে দিই।

বাহিরে শিবনাথের আস্ফালন শোনা গেল, বন্দুক থাকলে, জান কেষ্ট, ঠিক ওটাকে মেরে আনতাম।

মা বলিলেন, তুমি ওপরে যাও ঠাকুরঝি।

শৈলজা উঠিলেন, কিন্তু যাইতে যাইতে বলিলেন, বেশ করে কান মলে দিও, যেখানে সেখানে চড়-টড় মেরো না যেন।

শিবনাথ ঘরে ঢুকিল। হাতে একটা উইকেট স্টিক, বগলে একটা নেকড়ের বাচ্চা। শাবকটাকে উঠানে ছাড়িয়া দিয়া বলিল, বল দেখি রতনদি, কিসের বাচ্চা এটা?

রতনদিদি এ বাড়ির পুরাতন পাচিকা। রতন ইশারা করিয়া দেখাইয়া দিল মাকে। কিন্তু শিবনাথের উৎসাহের সীমা ছিল না। সে বলিল, ওকি, হাত দিয়ে কী দেখানো হচ্ছে? দেখ না, একটা হেঁড়োলের বাচ্চা ধরে এনেছি। হেঁড়োল—ইংরাজীতে বলে উল্‌ফ, হায়েনা। ডু ইউ নো? ইউ ডোণ্ট নো। আবার হাত নাড়ে! শোন না, উদোসীর পারে একটা গর্ত থেকে ধাড়ী দুটো বেরিয়ে গেল, আর আমরা গর্তটা উইকেট দিয়ে খুঁড়ে—

মা আসিয়া সম্মুখে দাঁড়াইয়া ডাকিলেন, শিবনাথ!

শিবনাথ মায়ের মুখের দিকে চাহিয়া অপেক্ষাকৃত ম্লানস্বরে বলিল, নেকড়ের বাচ্চা ধরে এনেছি মা। হাতটা কামড়ে ছিঁড়ে দিয়েছে কিন্তু, এই দেখ।

রক্তাক্ত হাতটা সে মায়ের সম্মুখে প্রসারিত করিয়া ধরিল। মা তাহার হাতের দিকে চাহিয়া দেখিলেন না, তিনি একদৃষ্টে ছেলের মুখের দিকে চাহিয়া রহিলেন। শিবু বলিয়া উঠিল, পিসীমা কোথায় রতনদি? তারপরই আরম্ভ করিল, পিসীমা, হেঁড়োলের বাচ্চা ধরে এনেছি, দেখবে এস। আমার হাতটা কামড়ে কী করে দিয়েছে দেখে যাও। উঃ—

মা তাহার কান টানিয়া ধরিয়াছিলেন, কিন্তু হাসিয়া ছাড়িয়া দিয়া বলিলেন, বড় শয়তান হয়েছিস শিবু, নেকড়ের বাচ্চা যদি পিসীমা নাই দেখে; তবে হাতে যে কামড়ে দিয়েছে সেটা দেখে যাক।

উপরের বারান্দায় তখন পিসীমার পদধ্বনি ধ্বনিত হইতেছিল।

মা বলিলেন, রতন, উনুনে জল গরম করতে দাও দেখি। কেষ্ট, ডাক্তারখানা থেকে এক শিশি আইডিন নিয়ে এস চট করে, ওদের লালায় বিষ থাকে।

তারপর ছেলের দিকে ফিরিয়া বলিলেন, তোমার উপর বড় অসন্তুষ্ট হয়েছি, শিবু, যদি ধাড়ীটা তোমায় ধরত, তবে কী হত বল তো?

পিসীমা ততক্ষণে আসিয়া পড়িয়াছিলেন, বলিলেন, ডাক্তারকে ডেকে আন কেষ্ট।

শিবু বলিল, এই দেখ পিসীমা।

তুমি আমার সঙ্গে কথা কয়ো না শিবু।

মা বলিলেন, কালই এটাকে ছেড়ে দিয়ে আসবে।

শিবুর মুখ শুকাইয়া গেল, সে বলিল, ছেড়ে দিয়ে আসব?

হ্যাঁ, নেকড়ের বাচ্চা পুষে কী হবে? ওরা হিংস্র পশু। আর পাখি পশু পাশা—এ তিন কর্মনাশা। তোমার এখন পড়ার সময় বুঝলে? তাছাড়া হিংসা করা আমি পছন্দ করি না।

শিবু দীর্ঘশ্বাস ফেলিয়া ঘাড় নাড়িয়া ইঙ্গিতে বলিল, বেশ।

মা বলিলেন, বাচ্চাটাকে একটু দুধ দাও দেখি।

নেকড়ের বাচ্চাটা এক কোণে দাঁড়াইয়া হিংস্রভাবে ফ্যাঁস ফ্যাঁস করিতেছিল। কেষ্ট বাচ্চাটাকে লইয়া চলিয়া গেল।

পিসীমা এতক্ষণে বলিলেন, আমি কাল কাশী যাব বউ। আমায় তুমি রেহাই দাও ভাই।

শিবনাথ চুপ করিয়া বসিয়া থাকিতে থাকিতে অকস্মাৎ আরম্ভ করিল, হাতটা যে বড় জ্বালা করছে, রতনদি, উঃ! মা বলছিল, বিষ আছে ওদের।

পিসীমা ও-বারান্দায় বসিয়াছিলেন, তিনি উঠিলেন।

মা হাসিয়া বলিলেন, কিছু হয় নি, বস তুমি, ভারি শয়তান ওটা।

ভাইপো এবং পিসীমার মধ্যে এই ধারায় কতক্ষণ যে মান-অভিমানের পালা চলিত, তাহা বলা কঠিন। এ বাড়ির পক্ষে এই অভিমানের পালা নিতান্তই সাধারণ ঘটনা। তবে পিসীমার অভিমান ক্রোধে পরিণত হইলেই বিপদ। সমস্ত সংসারটার সেদিন আর লাঞ্ছনার শেষ থাকে না। আজিকার ঘটনাও যে অভিনয়ের মধ্য দিয়া কোথায় গিয়া দাঁড়াইত, কে জানে। কিন্তু দৈবক্রমে অকস্মাৎ একটি ছেদ পড়িয়া গেল। বাড়ির বাহির দরজাতেই কাহার সুগম্ভীর কণ্ঠস্বর ধ্বনিত হইয়া উঠিল, তারা, তারা, কল্লেয়ান কর মায়ী!

সে কণ্ঠস্বর শুনিয়া শিবু উৎফুল্ল হইয়া উঠিল, ছুটিয়া সে বাহিরের দরজার দিকে আগাইয়া গিয়া ডাকিল, গোঁসাই-বাবা!

বাবা হামারে রে।

পরক্ষণেই বিশালকায় প্রৌঢ় সন্ন্যাসী শিবুকে ছোট একটি শিশুর মত কোলে তুলিয়া লইলেন। মানুষটি প্রায় সাড়ে ছয় ফুট লম্বা, তেমনই পুষ্ট এবং বলিষ্ঠ শরীর, মুখে একমুখ দাড়ি আবক্ষপ্রসারিত, হাতে প্রকাণ্ড একটা চিমটা।

শিবুর মা বলিলেন, নিত্য, আসন এনে দাও রামজীদাদার জন্যে। আসুন দাদা, আসুন।

পরক্ষণেই শিবুকে সন্ন্যাসীর বক্ষোলগ্ন দেখিয়া বলিলেন, নাম শিবু, নাম; সন্ন্যাসী নারায়ণের সমান, আর তোমার বয়স হয়েছে, নাম, প্রণাম কর।

শিবুকে বুকে চাপিয়া ধরিয়া সন্ন্যাসী বলিলেন, তব তো হামি আর তুম্হার বাড়ি আসবে না ভাই-দিদি।

শৈলজা-ঠাকুরানী বলিলেন, কিন্তু শিবুর যে অপরাধ হবে দাদা।

না ভাই-দিদি, হোবে না, হোবে না। কার্তিকদাদা দুর্গামায়ীর কোলে নাচে না ভাই-দিদি?

শিবুকে তিনি গভীরতর স্নেহে বুকে চাপিয়া ধরিলেন।

এই সন্ন্যাসীটি পূর্বে ছিলেন সৈন্যদলের একজন হাবিলদার। বহু যুদ্ধে তিনি গিয়াছিলেন,—মণিপুরের রাজবংশকে উচ্ছেদ করিবার জন্যে যে খণ্ডযুদ্ধ হইয়াছিল তাহাতে তিনি ছিলেন; মিশরে প্রেরিত সৈন্যদলের মধ্যে ইনি একজন; আফগানিস্থান এবং বর্মাতেও অনেকদিন কাটাইয়া আসিয়াছেন। শরীরের কয়েক স্থানেই গভীর ক্ষতচিহ্ন আজও বর্তমান। তাঁহার ঝুলির মধ্যে তিন-চারিখানি মেডেল সযত্নে রক্ষিত আছে। একদা কোন এক অজ্ঞাত কারণে সহসা সৈন্যদলের পদ ত্যাগ করিয়া সন্ন্যাসী হইয়া বাহির হইয়া পড়িয়াছিলেন। তারপর পনেরো-ষোল বৎসর পূর্বে একদিন এই গ্রামের মহাতীর্থস্থল, মহাপীঠ বলিয়া খ্যাত অট্টহাস দর্শনে আসিয়া কৃষ্ণদাসবাবুর সহিত বন্ধুত্বসূত্রে আবদ্ধ হন। কৃষ্ণদাসবাবু তাঁহার ওই শখের দেবীবাগে সন্ন্যাসীর জন্য আশ্রম তৈয়ারি করিয়া দিয়া তাঁহাকে স্থাপন করেন। বাগানের কালীমন্দির প্রতিষ্ঠাও এই সন্ন্যাসীর বন্ধুর প্রেরণায় এবং প্রয়োজনে। কৃষ্ণদাসবাবুর দিক দিয়াও সন্ন্যাসীর নিকট প্রাপ্ত উপকারের পরিমাণ বড় কম নয়। সন্ন্যাসীটি অদ্ভুত কর্মী, তাঁহারই পরিশ্রমে এবং ওই প্রান্তরে দিবারাত্রি অবস্থানের জন্যই এমন দেবীবাগ গড়িয়া উঠিয়াছিল। শৈশব হইতেই শিবু গোঁসাই-বাবার বড় প্রিয়, সংসারের মধ্যে প্রিয়তম বস্তু বলিলেও অত্যুক্তি হয় না। পূর্বে সন্ন্যাসী সন্ধ্যায় আহারের জন্য কৃষ্ণদাসবাবুর সঙ্গে বাগান হইতে বাড়িতে আসিতেন। কখন গোঁসাই-বাবা আসিবেন—সেই প্রতীক্ষায় শিবু পড়া শেষ করিয়া বসিয়া থাকিত, গোঁসাই-বাবা আসিয়া গল্প বলিবেন। সন্ন্যাসীর পার্থিব সঞ্চয়ের ঝুলিটি সামান্যই, কিন্তু গল্পের ঝুলি অসামান্যরূপে বৃহৎ—রূপকথা, যুদ্ধের গল্প, বিচিত্র দেশের কথা তিনি অদ্ভুত সুন্দরভাবে বলিতে পারেন। এমনই ভাবে সর্বত্যাগী সন্ন্যাসী এবং স্বপ্নপ্রবণ একটি শিশু—দুইজনে মিলিয়া এক স্নেহের স্বর্গলোকের সৃষ্টি করিয়া তুলিয়াছিল, সে স্বর্গলোক আজও অটুট আছে। তবে সেকালের মত অহরহ মুখর নয়, ওই পরিত্যক্ত দেবীবাগের মত নির্জন হইলেও এখনও মধ্যে মধ্যে তাহারা যায় আসে, দেখা হয়। সন্ন্যাসী এখন এই গ্রামেরই সাধারণ দেবস্থান মহাপীঠ অট্টহাসের গদিয়ান হইয়া আছেন। অবসর কম, তবুও মধ্যে মধ্যে কৃষ্ণদাসবাবুর বাড়ির সংবাদ না লইয়া পারেন না; শিবুও মধ্যে মধ্যে তাঁহার কাছে ছুটিয়া গিয়া পড়ে।

বৃদ্ধ ও বালকের মিতালির প্রগাঢ়তা দেখিয়া শৈলজা-ঠাকুরানী হাসিয়া বলিলেন, দাদা, এইবার তোমার ভরত রাজার মত অবস্থা হল।

সন্ন্যাসী একটু হাসিলেন। তারপর বলিলেন, মৃগশিশু তো ভাগবে, উ হামি জানি। কিন্তু ভাই, দেখো, যোগসাধনমে ভজনপূজনমে না মিলে নন্দলাল, দোনো বাহু মিলকে ঘুমে দুনিয়াভোর বালক-গোপাল। নন্দলাল যখন মিলছে না ভাই, তখন বালক-গোপালকে ছাড়ি ক্যায়সে কহো?

শিবু কথাটার অর্থ বুঝিয়াছিল; রামায়ণ মহাভারত সে পড়িয়াছে। তাহার মনটা ব্যথিত এবং অভিমানেও কিঞ্চিৎ ক্ষুব্ধ হইয়া উঠিল। সে আপন বাহুবন্ধন শিথিল করিয়া গোঁসাই-বাবার কোল হইতে উঠিয়া যাইবার জন্য সুযোগের প্রতীক্ষা করিয়া রহিল। এই অভিমানের কিছুমাত্র আভাসও সে দিতে চায় না।

এ সুযোগ সন্ন্যাসীই তাহাকে দিলেন, বলিলেন, যাও, পড়ো হামার বাবা, হামি তোমার পড়ার ঘরমে যাবো থোড়া বাদ।

শিবু নীরবে চলিয়া গেল। সন্ন্যাসী বলিলেন, একটি কথা হামি বলতে এসেছি দিদি। শিবুর সাদির কথা শুনলাম ভাই আজ।

শিবুর মা মৃদু হাসিয়া বলিলেন, এর মধ্যে গাঁ রটে গেছে?

না ভাই, রামকিঙ্করবাবুর মা—গিন্নীমা বললেন হামাকে। দিয়ে দে ভাই, দিয়ে দে সাদি। উ কন্যাকে ললাট বাহু সুপ্রসন ললাট ভাই, বহুত ভাগ্যমানী কন্যা। এই বাতটি বলনে লিয়ে হামি আসিয়াছি ভাই। কল্লেয়ান হবে শিবুর।

শৈলজা-ঠাকুরানী ব্যগ্রভাবে প্রশ্ন করিলেন, নাস্তির হাত তুমি দেখেছ দাদা?

হাঁ ভাই, হাতের রেখা ললাটরেখা বহুত প্রশস্ত আছে দিদি। আউর ভাই দেখো, রাম-কিঙ্করবাবু আজকাল ই জাগাকে প্রধান আদমি। শিবু হামার বল বাড়বে, সহায় হোবে।

শৈলজা-ঠাকুরানী প্রাণ খুলিয়া কথাটায় সায় দিলেন না, শুধু বলিলেন, হুঁ।

শিবুর মা বিনীত হাসি হাসিয়া বলিলেন, তা বটে দাদা; কিন্তু সংসারে কি আর কেউ কারও ভাগ্য পরিবর্তন করে দিতে পারে?

সঙ্গে সঙ্গেই কথাটা ঘুরাইয়া দিয়া তিনি বলিলেন, যান, এখন আপনার বাবার কাছে যান. বুড়ো গোপাল আপনার গল্প শোনবার জন্যে ছটফট করছে যে!

সন্ন্যাসী আপন ভ্রমের কিছু আভাস পাইয়াছিলেন, আর তাঁহারও মন শিবুর সহিত গল্প করিবার জন্য ব্যগ্র হইয়াছিল, তিনি উঠিলেন।

কিছুক্ষণ পরই তাঁহার উচ্চ কণ্ঠস্বর ধ্বনিত হইয়া উঠিল, দন-ন-ন-ন দন-ন-ন-ন। যুদ্ধের গল্প হইতেছে, কামান ছুটিতেছে। বিস্মিতনেত্রে শিবু তাঁহার মুখের দিকে চাহিয়া আছে। গল্প হইতেছে মণিপুর যুদ্ধের।

টিকেন্দ্রজিৎ বড়া ভারী বীর। মণিপুর রাজাকে ভাই উনকে সেনাপতি। কি ভাই থিটির-মিটির হইলো রেসিডেন-সাবকো সাথ, বাঁধিয়ে গেলো লড়াই। হামি লোক তো

গেলো ভাই, শহরকে বাহারমে তো ছাউনি বইঠ গিয়া। উস্‌কে বাদ কামানসে গোলা ছুটনে লাগা—দন-ন-ন-ন দন-ন-ন-ন।

তারপর সেই আধা-হিন্দী আধা-বাংলা ভাষার বর্ণনার মধ্যে দিয়া যুগযুগান্তর পার হইয়া শ্রোতা এবং বক্তা উভয়েই মণিপুর যুদ্ধক্ষেত্রের মধ্যে গিয়া উপস্থিত হন। নির্ভীক সেনাপতির মতই সেই গোলাগুলিসঙ্কুল যুদ্ধক্ষেত্রে তাহারা বিচরণ করে। খর্বাকৃতি বলিষ্ঠকায় অমিতবীর্য টিকেন্দ্রজিৎ তাহাদের মুখোমুখি আসিয়া দাঁড়ান। শহরের দুয়ার ভাঙিয়া পড়ে, উন্মত্ত ব্রিটিশ সৈন্যদল বন্দুকের ডগায় বেয়নেট বাগাইয়া ধরিয়া শহরের মধ্যে প্রবেশ করিয়া লুণ্ঠন আরম্ভ করিয়া দেয়।

হামি অওর চার আদমি লাথিকে মারে দরোয়াজা তোড়কে এক ঘরমে ঘুষ গেইলো। হুঁয়া মিলা হামকো এতনা বড়া এক সোনেকা পাত।

সোনার পাত!

হাঁ, সোনেকা পাত, উ হামি লেই লিয়া হামারা পাতলুনকে নীচে।

কোন্ যুদ্ধের গল্প হচ্ছে? আর দেরি কত, রাত্রি যে অনেকটা হয়ে গেল?—শিবুর মা আসিয়া দুয়ারে দাঁড়াইলেন। গল্পের গতিস্রোতে একটা ছেদ পড়িল। আবার আসিবার প্রতিশ্রুতি দিয়া তবে সন্ন্যাসী সেদিন মুক্তি পাইলেন।

রাত্রে পিসীমা শিবনাথের সহিত কথা কহিতেছিলেন। শিবনাথ এখনও পিসীমার ঘরেই শোয়, শিবনাথকে অন্য কাহারও নিকট রাখিয়া পিসীমার ঘুম হয় না। শিবনাথের মাতামহ থাকেন বেহারে, সেখানে সরকারী চাকরি করেন, তাঁহার ছেলেরা সবাই কৃতবিদ্য। শিবনাথের মা ছেলেকে শিক্ষিত করিবার অভিপ্রায়ে এবং এই বংশের ধারা—জমিদারসুলভ দর্প, জেদ, উচ্ছৃঙ্খলা, কঠোরতা ও বিলাসপরায়ণতা—হইতে ছেলেকে রক্ষা করিবার উদ্দেশ্যে বহুবার সেখানে পাঠাইবার চেষ্টা করিয়াছিলেন। পিসীমা মুখে কিছু বলিতেন না, কিন্তু কাশী যাইবার উদ্যোগ করিতে বসিতেন। শিবনাথের মা অগত্যা নিরস্ত হইয়াছিলেন।

প্রতিবেশিনী অন্তরঙ্গ কেহ কেহ বলিতেন, তা তোমাকে একটু সহ্য করতে হবে বইকি, এই জমিদারী সম্পত্তি, তুমি বউ-মানুষ চালাবে কেমন করে?

শিবনাথের মা হাসিতেন, অধিকাংশ সময়েই এ কথার উত্তর দিতেন না। একবার কাহাকে বলিয়াছিলেন, সম্পত্তির ভাগ্যে যাই থাক, ঠাকুরঝি যে সেখানে পাগল হয়ে যাবে, ওর যে ভরত রাজার দশা হয়েছে, মমতায় যে অন্ধ হয়ে পড়েছে।

সে কথা পিসীমার কানে উঠিতে বিলম্ব হয় নাই, তারপর সে তুমুল কাণ্ড! পিসীমা কাশী যাইবার জন্য দৃঢ় প্রতিজ্ঞা করিয়া বসিলেন। এ বাড়ির অন্নজল পর্যন্ত ত্যাগ করিলেন। শিবনাথের মা, সম্বন্ধে বড় হইয়াও, একরূপ পায়ে ধরিয়া নিরস্ত করেন।

পিসীমা বলিয়াছিলেন, কিসের মায়া? কার মায়া? যার এক বিছানায় স্বামীপুত্র মরে, রাজার মত ভাই মরে যায়, সে আবার মায়া করবে কার? তবে আছি শুধু তোমার জন্যে, তুমি আমার দাদার স্ত্রী, শিবুর মা, তোমার লাঞ্ছনা হবে, পাঁচজনে বিষয়-সম্পত্তি কেড়ে নিয়ে

বিদেয় করে দেবে, সেইজন্তে পড়ে আছি।

শিবনাথের মা সে কথা অস্বীকার করিতে পারেন নাই।

আজ শৈলজা-ঠাকুরানী বলিলেন, এমন কর তো আমি কাশী চলে যাব শিবু। কোন্ দিন তুমি খুন হয়ে বসে থাকবে, সে আমি দেখতে পারব না।

শিবু বলিয়া উঠিল, ইউ আর এ কাওয়ার্ড।

বিরক্তিভরে পিসীমা বলিলেন, যা বলবি বাংলা করে বল্ বাপু, আমার বাবা কখনও ইংরিজী জানত না।

শিবু বলিল, তুমি একটি কাপুরুষ। বন্দুকটা দাও না, হেঁড়োলটাকেই মেরে আনব। দন-ন-ন-ন দন-ন-ন-ন। জান, কামানের মুখে বড় বড় শহর ভেঙে চুরমার হয়ে যায়?

পিসীমা বলিলেন, মা তোর আজ দুঃখ করছিল, কেঁদে ফেললে বেচারী।

শিবু চকিত হইয়া বলিল, কেন?

পিসীমা বলিলেন, বলছিল, আমি যা চাই, শিবু তা হল না।

শিবু বলিল, কেন, প্রথম বছর মা আমার হাতে রাখী বেঁধে দিয়েছিল তিরিশে আশ্বিন, আমি সেই থেকে তো বিলিতী জিনিস কিনি না। পড়াও তো করি, এবারও থার্ড হয়েছি। আচ্ছা, আর জীব-হিংসে করব না।

পিসীমা কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিলেন, আর একটি কথা বলি শোন্, চারদিক থেকে তোর বিয়ের সম্বন্ধ আসছে।

শিবনাথের মনে রঙ ধরিয়া গেল, সে বলিল, বিয়ে হবে নাকি আমার?

পিসীমা হাসিয়া বলিলেন, এই মাঘ মাসেই বিয়ে হবে। তা কোথায় বিয়ে করবি বল্ দেখি? হৃদয়বাবু পুলিস সাহেব ধরেছে তার নাতনীর জন্তে, নবীনবাবু উকিল তো ধরেই আছে। আজ আবার রামকিঙ্করবাবু এসেছিল ওর ভাগ্নী নাস্তির জন্তে।

শিবনাথ বলিয়া উঠিল, দূ—র, ওর পোঁটা পড়ে নাকে।

পিসীমা হাসিয়া বলিলেন, ছোটবেলায় সে সবারই নাকে পড়ে রে। তোরও তো পড়ত। অন্য মেয়েরও পড়ে। বড় হলে কি পড়বে?

শিবনাথ কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিল, ভারি বকে ওটা পিসীমা। সেদিন আমাকে গাল দিয়েছিল 'মুখপোড়া' বলে।

হাসিয়া পিসীমা বলিলেন, ছেলেমানুষ রে, ওর কি জ্ঞান আছে? সেদিন যে আমাদের বাড়িতেই তোর পিঠে চেপে বলেছিল, ঠাকুরদাদা গালে কাদা বাগবাজারের দই, ঠাকুরদাদার সঙ্গে দুটো মনের কথা কই। সে কেমন মিষ্টি করে বলেছিল বল্ দেখি?

শিবনাথ চুপ করিয়া রহিল। গ্রাম-সম্পর্কে শিবনাথের সহিত নাস্তির ঠাকুরদা-নাতনী সম্পর্ক।

পিসীমা বলিলেন, গণকদের কাছে শুনেছি, আজ রামজীদাদাও বললেন, মেয়ের ভাগ্য নাকি খুব ভাল, অবৈধব্য যোগ আছে। আর ধনস্থান পুত্রস্থান খুব ভাল, সহজে এমন

মেলে না। মেয়ে দেখতেও ভাল, রঙ ফরসা, নাকটিই একটু খ্যাদা।

শিবনাথ ভাবিয়া চিন্তিয়া বলিল, যা মনে হয় তোমাদের তাই কর বাপু, বিয়ে একটা হলেই হল।

চার

পরদিন প্রাতঃকালে রামকিঙ্করবাবু শিবনাথের বাড়ির ভিতর প্রবেশ করিতে করিতেই শুনিতে পাইলেন, শৈলজা-ঠাকুরানী বলিতেছেন, গাছ একটা সামান্য জিনিসই বটে বউ, কিন্তু এ মান-অপমানের কথা, ইজ্জতের কথা, এখানে তুমি কথা কয়ো না।

কণ্ঠস্বরে সুকঠোর দৃঢ়তা প্রকাশ পাইতেছিল। কয়েক মুহূর্ত নীরব থাকিয়া আবার তিনি বলিলেন, এ আমার বাপের বংশের অপমান। দাদা আমাকে বলতেন, শৈল, না খাব উচ্ছিষ্ট ভাত, না দিব চরণে হাত। এ আমাদের পিতৃপুরুষের শিক্ষা। মাথা নিচু করে জবরদস্তি তো কারও সইতে পারব না।

রামকিঙ্করবাবু ডাকিলেন, ঠাকরুন-দিদি রয়েছেন নাকি?

ভিতর হইতে আহ্বান আসিল, এস ভাই, এস।

নায়েব সিংহ মহাশয় বহির্দ্বার পর্যন্ত আগাইয়া আসিয়াছিলেন। রামবাবু ভিতরে গিয়া দেখিলেন, চাপরাসী কেষ্ট সিং এবং আরও কয়েকজন পাইক কোন কাজের জন্য যেন প্রস্তুত হইয়া দাঁড়াইয়া আছে।

পিসীমা একখানা গালিচার আসনের উপর বসিয়া ছিলেন; আর একখানা বিস্তৃত আসন দেখাইয়া দিয়া তিনি রামবাবুকে বলিলেন, এস ভাই।

তারপর বলিলেন, কেষ্ট সিং, গাছ আটক করতে পারবে তোমরা?

কেষ্ট সিং বলিল, না জখম হলে তো ফিরব না মা।

রামবাবু বলিলেন, কি হল ঠাকরুন-দিদি?

পিসীমা বলিলেন, ও-পাড়ার শশী রায় কালকের সে অপমান ভুলতে পারে নি ভাই। আজ ওদের পুকুর-পাড়ে আমাদের বহুকালের দখলী একটা গাছ আছে সেটা কাটতে লাগিয়েছে।

রামবাবু বলিলেন, মকদ্দমা হলে যে আপনারা ঠকবেন, যার জায়গা গাছ তারই হয়।

পিসীমা বলিলেন, গাছ যখন আমার দখলে আছে, তখন তার তলার মাটিও তা হলে আমার। সবই তো দখলের প্রমাণের ওপর ভাই। কিন্তু সে তো পরের কথা। আজ যে শিবনাথের মাথা হেঁট হবে, তার কি? বিষয় বাপের নয়, বিষয় দাপের।

রামবাবু বলিলেন, চাপরাসী দরকার হয় তো আমার চাপরাসী—

বাধা দিয়া পিসীমা বলিলেন, থাক ভাই, এখন নয়। শিবুর বিয়ে যদি ভগবান তোমার ঘরেই লিখে থাকেন, তখন যত পারবে করবে।

তারপর আবার হাসিয়া বলিলেন, তখন দরকার হলে বেয়াইকেও বলব, তোমাকেও লাঠি ধরতে হবে বেয়াই।

নায়েব বলিলেন, তা হলে ওরা চলে যাক ?

একটু চিন্তা করিয়া পিসীমা বলিলেন, না জখম হয়ে ফিরে এলে তো আমার মান রক্ষা হবে না। তার চেয়ে কাটুক ওরা গাছ। আপনি আমার এখানকার মহলের সমস্ত পাইক আর লাঠিয়ালকে ডাক দিন। পঞ্চাশখানা গাড়ি যোগাড় করে রাখুন। কাটা গাছ ঘরে তুলে আনুক, একটি পাতাও যেন ওরা না নিয়ে যেতে পারে। ওই গাছের কাঠেই আমার রান্না হবে।

কেষ্ট সিং ও পাইকরা চলিয়া গেল।

পিসীমা নায়েবকে বলিলেন, একবার মুখুজ্জে ভাগ্নেদের ওখানে যান দেখি, খাজনা ওরা আপোসে দেবে কি না জিজ্ঞাসা করে আসুন। আর গণকের যদি পুজো শেষ না হয়ে থাকে, তবে ধীরে-সুস্থেই করতে বলুন, তাড়াতাড়ি নেই।

নায়েব চলিয়া গেলেন।

রামবাবু হাসিয়া বলিলেন, নাস্তি কাল কি বলছে জানেন ? বড্ড পান খায় নাস্তি, তাই মা বললেন, জানিস, শিবনাথের সঙ্গে তোর বিয়ে হবে, তার পিসীমাকে তো জানিস, দেশের লোক ভয় করে, সে তোকে পান খাওয়াবে এমনই করে ? নাস্তি বেটী ভারি দুষ্ট তো, সে বললে, না, দেবে না ! না দিলেই হল আর কি !

ঘরের মধ্য হইতে শিবনাথের মা মৃদুস্বরে বলিলেন, আমার কিন্তু একটি শর্ত আছে ঠাকুরঝি। বিয়ের পর বউ কিন্তু আমার এখানে থাকবে।

বাহির হইয়া আসিয়া তিনি জলখাবার লইয়া রামকিঙ্করবাবুর সম্মুখে নামাইয়া দিলেন।

রামকিঙ্করবাবু বলিলেন, নাস্তির মা নেই। আপনাদের শুধু শাশুড়ী হিসাবেই পাবে না, মাও হবেন আপনারা। আপনাদের কাছে থাকবে সে।

জল খাওয়া শেষ করিয়া রামবাবু বলিলেন, তা হলে গণককে একবার—

পিসীমা বলিলেন, তুমি কুষ্টিটা রেখে যাও ভাই, আমি দেখিয়ে রাখব।

রামবাবু হাসিয়া কোষ্ঠীটা রাখিয়া দিয়া বলিলেন, আগে থেকেই যদি গণককে টাকা খাইয়ে থাকি ঠাকরুন-দিদি ?

পিসীমা বলিলেন, তবে সে ভবিতব্য, আর এই দুই বিধবার মন্দ অদৃষ্টের ফল, তা ছাড়া আর কি বলব।

রামবাবু চলিয়া গেলেন।

পিসীমা নিত্যকালী-ঝিকে ডাকিয়া বাসনের হিসাব লইতে বসিলেন। নিত্য বলিল, খাগড়াই বাটিটা শুধু পাওয়া যায় নি, সেটা সকালবেলাই দাদাবাবু নিয়ে গিয়েছেন সেই হেঁড়োলের বাচ্চাকে দুধ খাওয়াতে।

পিসীমা বলিলেন, বউ, শিবু তো জল খেতে এল না ! নিত্য, দেখে আয় তো শিবুকে।

মতির মা কোথায় গেল ? আমার তেল-গামছা নিয়ে আয়।

নিত্য বাটিটা হাতে করিয়া ফিরিয়া আসিয়া বলিল, পড়া সেরে দাদাবাবু সেই হেঁড়োলের বাচ্চা ফিরিয়ে দিতে গিয়েছেন।

পিসীমা চমকিয়া বলিয়া উঠিলেন, একা ?

না, শম্ভুও সঙ্গে গিয়েছে। নায়েববাবু বারণ করেছিলেন, তা শোনেন নি ; বলেছেন, মায়ের হুকুম, এটাকে নিজে ছেড়ে দিয়ে এসে তবে জল খাব। নায়েব পাইক দিতে চেয়েছিলেন তাকে ঢিল মেরে তাড়িয়ে দিয়েছেন।

পিসীমা ভ্রাতৃজায়াকে বলিলেন, কি যে তোমার শিক্ষার ধারা বউ, তুমিই বোঝ ভাই।

শিবনাথের মা হাসিয়া বলিলেন, দিনের বেলা, শম্ভু সঙ্গে আছে, ভয় কি ?

পিসীমা বলিলেন, বাঘ-ভালুকের ভয়ের কথা বলছি না ভাই, শাক্ত জমিদারের ঘরের ছেলেকে তুমি মালা জপাতে চাও নাকি ? থাকতই বা হেঁড়োলের বাচ্চাটা। দাদার আমার জানোয়ার ছিল কত !

অপরাহ্নে বাড়ির সমস্ত দরজা বন্ধ করিয়া গণক বসিয়া কোষ্ঠী বিচার করিল। হৃদয়বাবু পুলিস সাহেবের নাতনীর কোষ্ঠীও ভাল, কিন্তু অবশেষে জয় হইল ওই নাস্তির। নাস্তির অবৈধব্য যোগ আছে। আঠারো হইতে বিশ বৎসরের মধ্যে শিবনাথের মৃত্যুতুল্য ফাঁড়া। নাস্তির সহিতই বিবাহ স্থির হইয়া গেল।

আপত্তি তুলিলেন শিবুর গৃহশিক্ষক। ছুটির শেষে তিনি আসিয়া বিবাহের কথা শুনিয়া ভ্রূ কুঁচকাইয়া গম্ভীর হইয়া উঠিলেন। তারপর আপনার দাড়িতে বার কয়েক হাত বুলাইয়া 'না'-এর ভঙ্গিতে ঘাড় নাড়িতে নাড়িতে বলিলেন, নো, আই ওল্ট অ্যাল্যাও ইট। চোদ্দ বছরের ছেলের বিয়ে ! অ্যাবসার্ড।

শিবুকে তিনি আদেশ করিলেন, ডোন্ট ম্যারি।

পিসীমা বিব্রত হইয়া মাস্টারকে ডাকিয়া বলিলেন, হ্যাঁ বাবা রতন, বিয়েতে আপত্তি করেছ তুমি ? শিবু একেবারে বেঁকে বসেছে।

মাস্টারের নাম রামরতনবাবু, লোকে অন্তরালে তাঁহাকে পাগল বলিয়া থাকে ; এককালে পঠদ্দশায় তাঁহার মাথা নাকি সত্যসত্যই খারাপ হইয়াছিল। মাস্টার যেন কত গোপনীয় কথা বলিতেছেন, এমনই ভঙ্গিতে বলিলেন, দেখুন, একটা ছড়া বলি, আমরা হলাম কুম্ভকার জাতি, আমাদের জাতের ছড়া। কুম্ভকারে ধুম্রাকার—ধূম্রাকারে মেঘাকার—মেঘাকারে জলাকার, বুঝলেন ? কুম্ভকার হাঁড়ি পোড়ালে আর জল হল। কেন ? না, হাঁড়ি পোড়ালে হল ধোঁয়া, ধোঁয়া থেকে মেঘ, মেঘ থেকে জল। আজ শিবুর বিয়ে দেবেন, বিয়ে দিলেই, বউ এলেই শিবু পড়বে না ভাল করে ; বাস্, তা হলেই সব মাটি। বাল্যবিবাহ অবশ্য আমি ভালই বলি, এত বাল্যকালে নয়।

পিসীমা বলিলেন, অল্পবয়সে শিবুর ফাঁড়া আছে মাস্টার, তা ছাড়া আমাদের ভাগ্য তো

দেখছ। তাই একটি ভাগ্যমানী মেয়ের ভাগ্যের সঙ্গে শিবুকে আমি জড়িয়ে দিতে চাই।

মাস্টার গম্ভীর হইয়া উঠিলেন, বার কয়েক দাড়িতে হাত বুলাইয়া বলিলেন, জানেন পিসীমা, ও আমি অনেক দেখেছি, ওতে আমি বিশ্বাস করি না। আমার একটাই ছেলে হয়েছিল, সেটা মারা গেছে। বড় মেয়েটা বিয়ের পরই বিধবা হয়েছে। অথচ কোষ্ঠীতে তার কিছু লেখা ছিল না ; ভাগ্যের নাম হল অদৃষ্ট, ও কি অঙ্ক কষে ধরা যায়, না রাশিচক্রের মধ্যে দিয়ে দেখা যায় ?

পিসীমা চুপ করিয়া রহিলেন। তিনি এই মানুষটিকে বিশেষ সম্মান করিয়া চলেন। এই উদার লোকটি অন্তরে অন্তরে শিবু এবং শিবুর জন্য সমগ্র পরিবারটির প্রতি যে অকৃত্রিম শুভেচ্ছা পোষণ করিয়া থাকেন, সেই শুভেচ্ছার বলেই তিনি এ সংসারে অলঙ্ঘনীয় হইয়া উঠিয়াছেন।

কিছুক্ষণ পর পিসীমা বলিলেন, কিন্তু কথা দিয়ে ফেলেছি মাস্টার, এখন কি আর অমত করা ভাল ?

মাস্টার বলিলেন, বেশ তো, কথা পাকা হয়ে থাক, তারপর বিয়ে হবে পাঁচ বছর পরে। শিবুকে আমি বড়মানুষ গড়ে তুলব পিসীমা।

মাস্টার উঠিয়া পড়িলেন। বাড়ির বাহিরে আসিতেই রতন-পাচিকা বলিল, শুনুন মাস্টার মশায়। রতন তাহার অপেক্ষাতেই দাঁড়াইয়া ছিল।

রতন বলিল, মামীমা—শিবুর মা বললেন, বিয়েতে অমত করবেন না। পিসীমা বড় আঘাত পাবেন। আর বললেন, বিয়ে হয়ে শিক্ষার পথে বাধা হয় তা ঠিক কিন্তু বিয়ে হয়েও মানুষ শিক্ষিত হয়, বড় হয়। একটু কঠিন হয়, কিন্তু কঠিনকে ভয় করতে গেলে কি চলে ?

মাস্টার দাড়িতে হাত বুলাইয়া বলিলেন, হুঁ, মায়ের কথাই ঠিক বলেই মনে হচ্ছে। হুঁ, তা বটে। মা যখন বলেছেন —। মাস্টার আবার ফিরিলেন, পিসীমা !

পিসীমা বিরক্ত হইয়াই বসিয়া ছিলেন। তিনি উত্তরে মাস্টারের দিকে ফিরিয়া চাহিলেন মাত্র। মাস্টার বলিলেন, না, হয়ে যাক বিয়ে, যখন কথা দেওয়া হয়েছে আর আপনি ইচ্ছে করেছেন, হয়ে যাক ; তারপর দেখা যাবে। কিন্তু একশো টাকার বই কিনে দিতে হবে বিয়ের খরচ থেকে।

পিসীমা হাসিয়া ফেলিলেন, বলিলেন, তোমাকে কিন্তু আমি বিয়েতে বরের মাস্টারের উপযুক্ত সাজে সাজিয়ে পাঠাব। গরম কোট, শাল, এইসব গায়ে দিতে হবে। চটের সেই অলেস্টার কিন্তু গায়ে দিতে পাবে না।

মাস্টারের সত্য-সত্যই একটা চটের মত কাপড়ের ওভার-কোট আছে। মাস্টার বলিলেন, তা তো পরতেই হবে পিসীমা, সে তো হবেই। কিন্তু ওই বাইনাচ খেমটা, ওগুলো করতে পাবেন না। খুব করে গারব লোকদের খাওয়াতে হবে।

বেশ, তুমি যাতে অমত করবে, সে হবে না।—পিসীমা প্রসন্ন মনেই মাস্টারের নির্দেশ মানিয়া লইতে রাজী হইলেন।

মাস্টার আসিয়া পড়ার ঘরে প্রবেশ করিয়া বলিলেন, নাঃ, বিয়েটা করে ফেল্ শিবু। আজি

ম্যারেজ এক হিসাবে ভাল—গুড। করে ফেল্ বিয়ে।

শিবুর জবাব দিবার কিছু ছিল না, কারণ মাস্টারের আদেশ শিরোধার্য করিলেও বিবাহের প্রতি তাহার বিদ্বেষ তো ছিলই না, বরং অনুরাগই ছিল। এ কথার কোন জবাব না দিয়া শুধু হাতের বইখানা রাখিয়া দিয়া আর একখানা বই সে তুলিয়া লইল। রাখিয়া দেওয়া বইখানি তুলিয়া মাস্টার দেখিলেন 'মেঘনাদবধ কাব্য'। চোখ তাঁহার দীপ্ত হইয়া উঠিল, বলিলেন, এ গ্রেট বুক।—বলিয়াই তিনি আবৃত্তি আরম্ভ করিলেন—

"সম্মুখ সমরে পড়ি বীরচূড়ামণি
বীরবাহু চলি গেলা যবে যমপুরে
অকালে ; কহ হে দেবী অমৃতভাষিণী
কোন্ বীরবরে বরি সেনাপতি পদে
পাঠাইলা রণে পুনঃ রক্ষকুলনিধি
রাঘবারি।"

আবার, যখন বড় হবি, যখন মিল্টন পড়বি, দেখবি, তাঁরও 'প্যারাডাইস লস্টে'র প্রথমে এমনই করেই তিনিও জিজ্ঞাসা করছেন, তাঁরও কবিতার ছন্দের এমনই সুর। এই যে অমিত্রাক্ষর ছন্দ, এ মাইকেল মিল্টনের কাব্য থেকেই নিয়ে বাংলায় ঢেলেছিলেন। মিল্টন মহাকবি, কিন্তু শেষ বয়স তাঁর বড় কষ্টে গিয়েছে, অন্ধ হয়েছিলেন। গ্রেট মেনদের লাইফ একখানা পড়ে ফেল্, বুঝলি ? তুই রবীন্দ্রনাথের বই কি কি পড়েছিস ? 'কথা ও কাহিনী'-খানা পড়েছিস ?

সোৎসাহে ঘাড় নাড়িয়া শিবু বলিল, ওটা পড়েছি সার্। কিন্তু পণ্ডিত মশাই যে ব নিন্দে করেন রবীন্দ্রনাথের।

উত্তরে খুব গোপনীয় সংবাদের মত মাস্টার ছাত্রের কানে কানে কহিলেন, রবীন্দ্রনাথ ইজ এ গ্রেট পোয়েট। ম—স্ত বড় কবি। অ্যাণ্ড তোদের পণ্ডিত মশাই নোজ নাথিং।

আপনি রবীন্দ্রনাথকে দেখেছেন, শান্তিনিকেতন তো আপনাদের বাড়ির খুব কাছে ?

রাজার মত, দেবতার মত রূপ, কতবার দেখেছি। জানিস শিবু, যখন মন খারাপ হয়, চলে যাই শান্তিনিকেতনে।—মাস্টার উচ্ছ্বসিত হইয়া উঠিলেন।

আপনি সুরেন্দ্রনাথকে দেখেছেন ? বক্তৃতা শুনেছেন ?

একটা ভলক্যানো—আগ্নেয়গিরি, বুঝলি ? এই তো সেদিন বোলপুর এসেছিলেন, তোর যে অসুখ হয়ে গেল, নইলে নিয়ে যেতাম।

এবার আমায় শান্তিনিকেতন নিয়ে যেতে হবে সার্।

যাবি তুই আমাদের বাড়ি শিবু ? কঙ্কালী পুজোর সময় চৈত্র-সংক্রান্তিতে যদি যাস, এত মাংস খাওয়াব তোকে, তোর পেট ফেটে যাবে। জানিস, আমরা হলাম বৈষ্ণবমন্ত্র-উপাসক, আমাদের তো কেটে মাংস খাওয়াতে নেই। কিন্তু ওই পুজোর সময় চার-পাঁচ শো বলিদান হয়, তখন মাংসের অভাব হয় না। শান্তিনিকেতন দেখবি, আমাদের বাড়ি দেখবি। অবিশ্যি

আমাদের বাড়ি ভাল নয়, গরিব লোকের বাড়ি তো। কিন্তু এককালে আমরা গরিব ছিলাম না, ব্যবসাতে সব লোকসান হয়ে গেল। ফুঁ দিয়ে আলো নিবিয়ে দিলে যেমন হয়—নলিনীদলগতজলমতিতরলং বুঝলি ?

শিবু বলিল, আমি এবার ঠিক যাব কিন্তু, তখন গরম বললে শুনব না। আপনিও পিসীমার কথায় সায় দেবেন, তা হবে না।

মাস্টার বলিলেন, তুই একটা ইডিয়েট। কোন্ জায়গায় কথা মানতে হয়, কোন্ জায়গায় মানতে হয় না, জেদ ধরতে হয় খুব করে, সেটা ঠিক বুঝতে পারিস না।

ঘড়িটা পাশের হল-ঘরে ঢং ঢং করিয়া বাজিতে আরম্ভ করিল। মাস্টার চকিত হইয়া বলিলেন, এঃ নটা বেজে গেল !

অঙ্ক কষা হল না যে সার্ !—শিবুও চকিত হইয়া উঠিল।

গাড়ু ও গামছা পাড়িয়া মাস্টার বলিলেন, আজ সন্ধ্যেবেলা কেবল অঙ্ক, কেবল অঙ্ক। সতীশ, সতীশ, তেল নিয়ে আয়। বেশি করে আনবি, বলবি, মহিষাসুরের মত দেহ, সেই উপযুক্ত দাও।

মাস্টার স্নান করিতে যাইবেন দেড় মাইল দূরবর্তী ঝরনায়। ফিরিবার সময় প্রকাণ্ড একটি গাড়ু ভরিয়া জল আনিবেন, সেই জল ছাড়া অন্য জল তিনি পান করেন না। স্কুলেও তাঁহার সঙ্গে সঙ্গে চলে ওই জলাধার।

শিবু বাড়িতে আসিতেই পিসীমা বলিলেন, মাস্টার কি বললেন ? বললেন, মা-পিসীমার অবাধ্য হতে ?

শিবু কোন উত্তর দিল না, প্রসঙ্গটা যে বিবাহের, এটুকু বুঝিতে তাহার বিলম্ব হয় নাই। বিবাহের কল্পনায় আনন্দ এবং লজ্জা ক্রমশই তাহার মনটাকে পরিব্যাপ্ত করিয়া ফেলিতেছে। বিবাহের কথা মনে হইলেই তাহার পুষ্পিত মালতী-লতাটার কথা মনে জাগিয়া উঠে। কাহার বিবাহে প্রীতি-উপহারে সে পড়িয়াছিল—"সোনার স্বপন বিবাহ-বাসনা" সেই কথাটাই তাহার মনে মনে গুঞ্জন করিয়া উঠে।

স্কুলে আসিয়া বাইসিক্লখানা বারান্দার রেলিঙে চেন দিয়া বাঁধিয়া ক্লাসে ঢুকিয়া দেখিল, বেঞ্চের উপর মাত্র দুইটি ছেলের বই রহিয়াছে, যাহাদের বই তাহারাও কেহ নাই, বোধ হয় বাহিরে গিয়াছে। শিবু জানালায় দাঁড়াইয়া বোর্ডিঙ প্রাঙ্গণের দিকে চাহিল, ছেলেদের কতক খাওয়া হইয়া গিয়াছে, কতক খাইয়াছে।

সহসা তাহার চোখে পড়িল, যাহাকে সে খুঁজিতেছে, সে কুয়ার ধারে দাঁড়াইয়া তাহাকে লক্ষ্য করিয়াই মৃদু মৃদু হাসিতেছে। শিবুরই সমবয়সী সুন্দর ছেলেটি। ছেলেটি কমলেশ, শিবুর ভাবী বধূ নাস্তির বড় ভাই। মাতৃহীন সংসার তাহাদের তালাবন্ধ। নাস্তি ও অপর ছোট ভাইগুলি তাহাদের মাতামহীর নিকট থাকে, কমলেশ থাকে বোর্ডিঙে। এই বড়দিনের বন্ধে সে কলিকাতায় গিয়াছিল, বোধ হয় সকালের ট্রেনেই আসিয়াছে।

কমলেশ জানালার ধারে আসিয়া বলিল, ব্রাদর-ইন-ল মানে কি ?

হাসিয়া শিবু বলিল, তোমার মানের বইয়ে কি লেখে জানি না, আমার বইয়ে লেখা আছে তালব্য শয়ে আ-কার লয়ে আ-কার।

কমলেশ বলিল, থ্যাঙ্ক ইউ। তারপর অনেক কথা আছে তোমার সঙ্গে।

শিবু বলিল, ছুটির পর, কেমন?

আমি আজ আর ক্লাসে যাব না। সমস্ত রাত জেগে ট্রেনে এসেছি। এস না আমার ঘরে।

নাঃ, বাঁদর ছেলেরা সব ঠাট্টা করবে।

তিনটে পিচকিরি এনেছি ফায়ার-ব্রিগেডের জন্যে, আধ বালতি জল ধরে, আর অনেক দূর যায়।

সত্যি?—শিবু তখনই ক্লাস হইতে বাহির হইয়া পড়িল। তাহাদের পল্লীসেবা-সমিতিতে একটা ফায়ার-ব্রিগেড আছে; বালতি, কাস্তে, মই, এই লইয়া কোথাও আগুন লাগিলেই তাহারা সব ছুটিয়া যায়। ফায়ার-ব্রিগেডের ক্যাপ্টেন ওই কমলেশ।

সন্ধ্যায় পড়িতে বসিয়া শিবু লক্ষ্য করিল, তাহাদের খামার-বাড়িতে ক্রমাগতই গাড়ি আসিয়া ঢুকিতেছে, লোকজনও অনেক জমায়েত হইয়াছে বলিয়া বোধ হইল। মাস্টার ইকোয়েশন বুঝাইতেছিলেন। হঠাৎ তাঁহার চোখে পড়িল; শিবু কিছুই শুনিতেছে না। তিনি গর্জন করিয়া উঠিলেন, ইউ ফলো মাই ফিঙ্গার। ওদিকে কি দেখছিস?

শিবু বলিল, এত গাড়ি কেন সার্, ওখানে?

মাস্টার উঠিয়া সে দিকের জানালাটা বন্ধ করিয়া দিয়া বলিলেন, নাউ ফলো মি।

তারপর অঙ্ক কষা চলিতে লাগিল। অঙ্ক কষা শেষ হইলে তিনি বলিলেন, তাই তো রে, অনেক লোক যে চুপিচুপি গোলমাল করছে! ডাকাত পড়ল নাকি?

শিবু হাসিয়া ফেলিল, না সার্, কেষ্ট সিং রয়েছে, মহলের কয়েকজন পাইক রয়েছে।

উঁহু, যদি তারা এসেই ওদের মুখে কাপড় দিয়ে বেঁধে ফেলে থাকে? খুব চুপিচুপি আয় আমার সঙ্গে। দাঁড়া, একগাছা লাঠি নিই।

কিন্তু তাহার আর প্রয়োজন হইল না, ঘর হইতে বাহির হইবার মুখেই দেখিলেন বারান্দায় কেষ্ট সিং ও কয়েকজন পাইক নায়েবের নিকট দাঁড়াইয়া তাঁহার উপদেশ শুনিতেছে, খুব সকালেই গাড়ি নিয়ে গিয়ে হাজির হবে। রাত্রে কেন যাবে? তা হলে বলবে, চুরি করে গাছ নিয়ে গেল। মোট কথা, গাড়িতে বোঝাই করবে ওরা যাবার আগেই। বাস্, তারপর আটক করে, তখন তোমরা আছ, তোমাদের লাঠি আছে।

শিবু ব্যাপারটা বুঝিয়াছিল, তাহার মন কেমন খুঁতখুঁত করিতেছিল, সে বলিল, তবু সিং মশায়, ওরা বলবে; ঠকিয়ে নিয়ে গেল।

সিং মহাশয় বলিলেন, সব জায়গায় কি বলে কাজ হয়? বলের চেয়ে বুদ্ধিতে কাজ বেশী। বুদ্ধির্যস্য বলং তস্য, না কি মাস্টার মশাই?

মাস্টার বলিলেন, ইয়েস। এই হল মর্ডানিজম। তারপর বার বার ঘাড় নাড়িয়া তিনি

বলিলেন, পিসীমা ইজ গ্রেট। অদ্ভুত বুদ্ধি। কাম শিবু, রানী ভবানীর গল্প বলব, আয়। বাংলা দেশের জমিদারের বাড়ির বউ। তিনি কি বলেছিলেন জানিস, পলাশীর যুদ্ধের ষড়যন্ত্রের সময় ?—খাল কেটে কুমির এনো না। ক্রোকোডাইল—এ ডেঞ্জারাস রেপ্‌টাইল।

পরদিন সকালেই কাঠ-বোঝাই গাড়ির পর গাড়ি আসিয়া সাত-আনির বাঁড়ুজ্জে বাবুদের খামারে ঢুকিয়া পড়িল, পিছনে পিছনে কেষ্ট সিং ও পাইকের দল। নির্বিঘ্নে কাজ সমাধা হইয়া গিয়াছে, কেহ বাধা দিতেও যায় নাই। একজন আসিয়া দেখিয়া সেই যে সংবাদ দিতে গেল, আর ফিরিল না।

সতীশ নায়েবের সম্মুখে একখানা টিপ ফেলিয়া দিল, গাড়োয়ান ও পাইকদের বকশিশ।

পাঁচ

বাঁড়ুজ্জেরা ক্ষুদ্র জমিদার ; সাত আনায় শিবনাথের আয় হাজার চারেক টাকা। তবে পাকা বন্দোবস্ত অনেক আছে ; পালকি-বহনের বেহারা চাকরান জমি ভোগ করে, মহলে পাইকদের জমি দেওয়া আছে, সদরে কাজ করিবার জন্যও চারজন পাইকের কায়েমী বন্দোবস্ত; নাপিত, বৃত্তিভোগী পুরোহিত, দেবদত্তের পূজক, এমন কি গয়া শ্রীক্ষেত্র কাশী প্রভৃতি তীর্থস্থলের পাণ্ডারা পর্যন্ত জমি ভোগ করেন। গৃহদেবতার ফুল যোগাইবার ভারও একজনকে দেওয়া আছে, চাকরানভোগী বাদ্যকরকে নিত্য সকাল-সন্ধ্যায় 'টেকরা' বাজাইতে হয়, সেজন্য মালিককে চিন্তা করিবার প্রয়োজন নাই।

যাক, জমিদার ক্ষুদ্র হইলেও শিবনাথের বিবাহটা হইল বিপুল সমারোহে। শিবনাথের বাপের বিবাহের ফর্দ বাহির করিয়া পিসীমা ফর্দ করিতে বসিলেন।

নায়েব বলিয়াছিলেন, অভয় দেন তো একটি কথা বলি মা।

পিসীমা বলিলেন, খরচের কথা বলবেন আপনি ?

হ্যাঁ মা, সে আমল আর এ আমল, তার ওপর এই বাজার, জিনিসপত্র অগ্নিমূল্য, আদায়-পত্রের এই অবস্থা, হয়তো ঋণ করতে—

নায়েব কোন সায় না পাইয়া কথা অর্ধ-সমাপ্ত রাখিয়াই নীরব হইয়া গেলেন। শিবনাথের মাও পাশে বসিয়াছিলেন, তিনি বলিলেন, আপনি ঠিক কথা বলেছেন সিং মশায়, বারুদের কারখানা, কি খেমটা নাচ, এই রকম কতকগুলো খরচা, সে অপব্যয়।

স্থানীয় মহলের বহু পুরাতন গোমস্তা প্রতাপ মুখুজ্জে বসিয়াছিলেন, তিনি বলিলেন, সে ঠিক বউমা, ওগুলো অপব্যয় বইকি।

পিসীমা বলিলেন, মতির মা, আমার তেল-গামছা বের কর্ তো, বেলা অনেক হয়ে গেল।

নায়েব বলিলেন, তা হলে ফর্দ-টর্দ কি রকম হবে ?

পিসীমা উঠিয়া দাঁড়াইয়া বলিলেন, তোমরা ঠিক কর সব। কই রে মতির মা, কোথায় গেলি? অ মতির মা! হারামজাদী গেল কোথায়? কে? কারা ওখানে দাঁড়িয়ে?

কেষ্ট সিং আসিয়া বলিল, আজ্ঞে ২১৯ নম্বরের মুচি আর বাগদী প্রজারা।

কি, বলে কি সব?

প্রাণকৃষ্ণ বায়েন ভূমিষ্ঠ প্রণাম করিয়া জোড়হাতে বলিল, আজ্ঞে মা, আমরা বাবুর বিয়ের বাজনার বায়না নিতে এসেছি। বাগদীরা এসেছে রায়বেঁশের জন্যে।

পিসীমা তাহাদের সঙ্গে কোন কথা কহিলেন না, ডাকিলেন নিত্যকে, নিত্য, দেখ্ তো, মতির মা গেল কোথায়?

প্রাণকৃষ্ণ বলিল, আমাদের রোশনচৌকি আর ঢোলের বাজনা আর কেউ নেয় না, কিন্তু আমাদের বাবুর বিয়েতে আমরা যেন বাদ না পড়ি।

কৃষ্ণবর্ণ বিশালকায় প্রৌঢ় রামভল্লা, জোড়হাতে পাশে দাঁড়াইয়া ছিল, সে শুধু বলিল, আমরাও মা, আমরা রায়বেঁশে।

মতির মা এতক্ষণে তেল-গামছা আনিয়া সম্মুখে দাঁড়াইল।

পিসীমা বলিলেন, তোকে জবাব দিলাম আমি মতির মা। তোর কাজে বড় অবহেলা হয়েছে।

তাহার হাত হইতে গামছাটা টানিয়া কাঁধে ফেলিয়া তিনি রুক্ষই স্নান করিতে চলিয়া গেলেন।

ইহার পর আর ফর্দ হওয়া সম্ভব নয়। নায়েব গোমস্তা উঠিয়া গেল, শিবনাথের মা শুধু একটু হাসিলেন। প্রজারা দাঁড়াইয়া ছিল, তাহাদের তিনি বলিলেন, তোমাদের বায়না হবে বইকি বাবা, তোমাদের বাবুর বিয়েতে কি তোমাদের বাদ দেওয়া যায়?

তাহারা কৃতার্থ হইয়া প্রণাম করিল, অপ্রতিভের মত হাসিতে লাগিল।

মা বলিলেন, রতন, এদের সব জলখাবার দাও তো।

কেষ্ট সিং বলিল, আয় সব, উঠোনে সারি দিয়ে আঁচল পেতে দাঁড়া।

অবশেষে শৈলজা-ঠাকুরানীর ফর্দমতই আয়োজন, অনুষ্ঠান, সমারোহ করিয়াই বিবাহ হইল। রায়বেঁশে, ঢুলীর বাজনা, ব্যাণ্ড, ব্যাগপাইপ, নাচ, তরজা, আলো, চতুর্দোল, শোভা-যাত্রা কিছুই বাদ পড়িল না। ব্রাহ্মণ শূদ্র ইতর-জাতি সকলেরই নিমন্ত্রণ হইল। আয়োজন অনুষ্ঠানে কিছু ঋণ করা ভিন্ন উপায় ছিল না। সমস্ত এস্টেটের আয়ের অর্ধেক টাকাতেও এ কুলাইবার কথা নয়। কিন্তু কৌশলপরায়ণা এই জমিদারকন্যা এমন করিয়া ব্যবস্থা করিলেন যে, নায়েব গোমস্তা পর্যন্ত বিস্মিত না হইয়া পারিল না। উদ্যোগের প্রারম্ভেই এস্টেটের উকিলদিগকে লোক পাঠাইয়া আনিয়া যে সব মকদ্দমা চলিতেছিল, তাহারই অগ্রিম কিছু কিছু টাকা লইয়া বারো শত টাকার সংস্থান করিলেন।

নায়েবকে বলিলেন, এ টাকার সঙ্গে আপনাদের সম্বন্ধ কি? এ তো বকেয়া পাওনা টাকা, এ হল এস্টেটের মজুত তহবিল, মামলা খরচের টাকা আমি নিলাম না, সে তো আপনার

মজুতই রইল উকিলের কাছে।

হাজার টাকা ঋণ করিতে হইল।

পাকস্পর্শের দিন শিবনাথকে ও নববধূকে তিনি কাছারিঘরের বারান্দায় বসাইয়া দিয়া মহলের সমস্ত প্রজাকে বউ দেখাইলেন। পাশে নিজে দাঁড়াইয়া রহিলেন, ওপাশে নায়েব ও যাবতীয় গোমস্তা হাজির ছিল। বধূর পিছনে নিত্য-ঝি দাঁড়াইয়া ছিল। প্রকাণ্ড একখানা কাঁসার পরাত বর-বধূর পায়ের নিকট একটা তেপায়ার উপর রক্ষিত ছিল, দেখিতে দেখিতে টাকায় সেটা ভরিয়া গেল। রাত্রি নয়টার সময় শেষ প্রজাটি চলিয়া গেল। তখন নয় বৎসরের নববধূটি চেয়ারের হাতলের উপর ঘুমাইয়া ঢলিয়া পড়িয়াছে।

পিসীমা বলিলেন, পরাত তোলো কেষ্ট সিং।

বাড়ির মধ্যে শিবনাথের মা টাকা গণিয়া থাক থাক করিয়া সাজাইয়া তুলিলেন। গণনা করিয়া দেখা গেল, সাত শত ঊনপঞ্চাশ টাকা উঠিয়াছে।

আত্মীয়-কুটুম্বেরা কলরব করিতেছিল। একজন প্রৌঢ়া বলিলেন, ওগো পিসীমা, তোমরা এবার হিসেব-নিকেশ শেষ করো বাপু। ফুলশয্যে আর কখন হবে? বউ তো তোমার ঘুমিয়ে কাদার মত পড়ে আছে।

পিসীমা বলিলেন, একটু দাঁড়াও না। সিং মশায়, আয়রন-চেস্ট খুলুন।

লক্ষ্মীর ঘরের মধ্যে সে-আমলের সিন্দুকের ধরনের ভারী আয়রন-চেস্ট, নায়েব ও অপর একজন গোমস্তা দুইজনে মিলিয়া ডালাটা টানিয়া তুলিল। পিসীমা বলিলেন, এই সিন্দুক দাদা আমার একা এক টানে টেনে তুলতেন।

সিন্দুকে তালা-চাবি বন্ধ করিয়া পিসীমা শোরগোল বাধাইয়া তুলিলেন, বাজনা বন্ধ কেন? কেষ্ট সিং, রোশনচৌকি বাজাতে বলো। কই গো, বউমারা সব কোথায় গেলে?

দেখিতে দেখিতে রোশনচৌকির বাজনা বাজিয়া উঠিল।

পিসীমা বলিলেন, নায়েববাবু, সন্দেশের ঘরের ভাঁড়ারীকে বলুন, লুচি মিষ্টি ফুলশয্যের ঘরে পাঠিয়ে দিক, মেয়েরা খাবে সব। পাঁচথুপীর বউমা, তোমার ওপর ভার রইল, যাঁরা না খাবেন, তাঁদের ছাঁদা দিও তুমি।

বহির্দ্বারে মোটা ভারী-গলার শব্দ হইল, তারা তারা, মা হামার আনন্দময়ী।

কে? রামজীদাদা?

হাঁ হামার দিদি। আনন্দময়ী আজ হামাকে আনন্দ দিলেন দিদি। হামার শিবু বাবা আজ গৃহী হইল রে। আমি যে মায়ীকে আশীর্বাদী মালা আনিয়েছি ভাই।

তিনি বস্ত্রাঞ্চল মুক্ত করিয়া বাহির করিলেন দুইগাছি সযত্নরচিত বনমল্লিকার মালা। সমস্ত প্রাঙ্গণটা গন্ধে ভরিয়া গেল।

যাও দাদা, ওপরে যাও তুমি, আশীর্বাদ করে এসো।

সন্ন্যাসী শুধু মালা দুইগাছিই দিলেন না, দুইটি টাকা বধূর হাতে দিয়া বলিলেন, ভাগ্যমানী লছমী হবেন হামার মায়ী।—বলিয়া টাকা দেওয়ার জন্য কেহ কোন অভিযোগ করিবার পূর্বেই

* *

তিনি একটু দ্রুতই ঘর হইতে বাহির হইয়া গেলেন। ফুলশয্যার উৎসব আরম্ভ হইল।

পাঁচথুপীর বউ পিসীমাকে ডাকিল, একবার তুমি এসো পিসীমা, দেখে যাও।

পিসীমা উত্তর দিলেন না, মুক্ত অঙ্গনে আকাশের দিকে মুখ তুলিয়া তিনি দাঁড়াইয়া ছিলেন। রতন আসিয়া বলিল, একবার চলুন পিসীমা, মজা দেখবেন চলুন। বউ কিছুতেই উঠছিল না, শিবনাথ কষে কান মলে দিয়েছে।

সে হাসিয়া উৎসবক্লান্ত বাড়িখানাকে মুখরিত করিয়া তুলিল। পিসীমা বলিলেন, বউ কোথায়?

রতন বলিল, শুয়েছেন তিনি, কিছুতেই উঠলেন না। বোধ হয়—। সে চুপ করিয়া গেল।

পিসীমা বলিলেন, কাঁদছে? আরও কি বলিতে গিয়া তিনি বলিতে পারিলেন না, পরমুহূর্তেই দ্রুতপদে উপরে গিয়া শয়নঘরের দরজা বন্ধ করিয়া দিলেন।

শিবনাথ তখন ঘরের মধ্যে ভ্রাতৃবধূদের অনুরোধমাত্রেই সোৎসাহে গান আরম্ভ করিয়া দিয়াছে। আবার কিছুক্ষণ পরে পিসীমার দরজা খোলার শব্দ হইল। পিসীমা ক্লান্ত রুদ্ধস্বরে ডাকিলেন, কে আছ নীচে?

কে উত্তর দিল, আজ্ঞে, আমি মা—শ্রীপতি, বেলেড়া মৌজার গোমস্তা।

হুকুম হইল, কেষ্ট সিংকে বলে দাও ফুলশয্যার ঘরের দোরে পাহারা থাকতে।

মা উপহার দিয়াছেন—বধূকে একখানি রামায়ণ ও শিবুকে একটি রূপাবাঁধানো কলম।

ছয়

বিবাহ নির্বিঘ্নে শেষ হইয়া গেল।

পূর্বের কথামত সঙ্গে সঙ্গেই দ্বিরাগমন শেষ করিয়া বধূকে কাছে রাখা হইয়াছে। নাস্তির কষ্টের কোন কারণ নাই। শ্বশুরবাড়ির জানালা খুলিয়া বাপের বাড়ির জানালার মানুষ চেনা যায়, কথা কওয়াও চলে। সকালে একবার, বিকালে একবার সেখানে যাওয়ার ছুটি তো দেওয়াই আছে। তাহার উপর সুযোগ পাইলেই নাস্তি পলাইয়া গিয়া দিদিমাকে দেখিয়া আসে। তাহার উপর কাজের ভারও পড়িয়াছে—পান সাজা, পূজার ফুল বাছা এবং শিবনাথের জামা-কাপড় গুছাইয়া রাখার ভার পিসীমা তাহাকে দিয়াছিলেন। কিন্তু মা শিবনাথের জামা-কাপড় রাখিবার ভারটি লইতে দেন নাই, তাহার পরিবর্তে সন্ধ্যায় পিসীমার পায়ে তেল দিবার কাজ দিয়াছেন। রাত্রে বউ শোয় মায়ের কাছে।

ফাল্গুন মাস। গোমস্তারা সকলে পৌষ-কিস্তির আদায়ের হিসাব দিতে আসিয়াছে। মৌজা বেলেড়ার গোমস্তার ইরসাল অর্থাৎ সদরে পাঠানো টাকার পরিমাণ খুব কম হওয়ায় পিসীমা আদেশ করিলেন, আদায় না হয়ে থাকে, তুমি নিজে দিয়ে পূরণ করে দাও; তারপর আদায় করে নেবে।

জোড়হাত করিয়া গোমস্তা শ্রীপতি দে বলিল, পাঁচ টাকা মাইনের কর্মচারী আমি, মহলের টাকা কি আমার ঘরে আছে মা ?

পিসীমা প্রশ্ন করিলেন, সরকারের ঘরে কম দিয়ে কি শিবনাথ মাপ পাবে ? তার জমিদারি থাকবে কি করে ?

নায়েবও দাঁড়াইয়া ছিলেন। তিনি বলিলেন, রাজার রাজস্বটা তো দিতে হবে বাপু, জমিদারের মুনাফা না হয় বলতে পার, দিতে পারলাম না।

গোমস্তা বলিল, বড় গাছে বড় ঝড়ই লাগে মা। আপনাদের সহ্য না করে উপায় কি ? প্রজার এবার বড় দুরবস্থা।

পিসীমা বলিলেন, সে শুনলে নাবালকের এস্টেট চলবে না শ্রীপতি, চৈত্রকিস্তিতে টাকা আমার আদায় চাই-ই। আদায় না হলে তোমাকে হ্যাণ্ডনোট লিখে দিতে হবে।—বলিয়া পিসীমা স্নানে বাহির হইয়া গেলেন। কথাগুলি অন্দরের মধ্যেই হইতেছিল। নায়েব ও শ্রীপতি চলিয়া যাইতেছিল, শিবনাথের মা বারান্দায় বাহির হইয়া আসিয়া ডাকিলেন, শ্রীপতি !

শ্রীপতি ফিরিয়া সসম্ভ্রমে বলিল, মা !

মা নীচে আসিয়া দরদালানের মধ্যে প্রবেশ করিয়া বলিলেন, শোনো তো বাবা, এদিকে একবার। সিং মশায়, আপনিও শুনুন।

নায়েব ও শ্রীপতি উভয়ে ঘরের মধ্যে প্রবেশ করিতেই মা মৃদুস্বরে প্রশ্ন করিলেন, সত্যিই কি প্রজাদের দুর্দশা এবার খুব বেশি ?

শ্রীপতি জোড়হাত করিয়া বলিল, আমি মিথ্যে কথা বলি নি মা। আপনি তদন্ত করে দেখুন।

মা বলিলেন, আর একটা কথা আমি জিজ্ঞেস করব বাবা, সত্যি উত্তর দিও। আচ্ছা, শিবুর বিয়েতে প্রজাদের কাছ থেকে কৌশল করে টাকা আদায় করায় কি দুর্নাম হয়েছে বাবা ?

শ্রীপতি নীরব হইয়া রহিল। মা আবার প্রশ্ন করিলেন, নায়েববাবু !

নায়েব বলিলেন, ও কথা বাদ দিন মা, সংসারে দশ রকমের মানুষ আছে, দশ রকম বিশ রকম বলে, ও-কথায় কান দিতে গেলে কি চলে ?

মা বলিলেন, আমি টাকাটা ফিরিয়ে দিতে চাই।

শ্রীপতি বলিল, না মা, তা হয় না, সকলেই তো তা বলে না, আর তাতে কি তাদের অপমান করা হবে না ? অবশ্য আপনাদের কাছে তাদের আর মান-অপমান কি ?

মৃদু হাসিয়া মা বলিলেন, না না, ও কথা বোলো না বাবা, আঙুলের ছোট বড় বাছা চলে না, মানুষেরও তাই, অবস্থার ছোট-বড়তে ছোট-বড় হয় না। যাক্‌গে, আসুন আপনারা।

নায়েব যাইতে যাইতে বলিলেন, আমারই হয়েছে মরণ শ্রীপতি, এক মালিক যান উত্তরে তো আর একজন যাবেন দক্ষিণে। ছেলেটা বড় হলে যে বাঁচি।

সে-সময়ে দোলের ছুটি, শিবনাথ তাহার ঘরের মধ্যে বসিয়া একটা পিতলের পিচকারিতে ন্যাকড়া জড়াইতেছিল। দোল আসিতেছে, রঙ খেলিতে হইবে। নয় বৎসরের নাস্তি পাশে

দাঁড়াইয়া দেখিতেছিল। সিঁড়ির উপর হইতেই মা প্রশ্ন করিলেন, শিবু আছিস ?

ঘরের মধ্যে ঠিক পাশেই বধূর অস্তিত্ব স্মরণ করিয়া শিবুর মুখ বিবর্ণ হইয়া গেল, সে শুষ্কস্বরে বলিয়া উঠিল, অ্যাঁ !

নাস্তি কিন্তু অপ্রতিভ বা বিব্রত হইল না, সে চুপ করিয়া গুঁড়ি মারিয়া খাটের এক কোণে আত্মগোপন করিয়া বসিল। মা ঘরের মধ্যে প্রবেশ করিয়া দরজাটা বন্ধ করিয়া দিলেন। শিবু ভয়ে শুকাইয়া গেল।

মা বলিলেন, তোকে একটা কথা বলব শিবু।

শিবু মায়ের মুখের দিকে চাহিয়া রহিল। মা বলিলেন, গোমস্তারা বলছিল, এবার নাকি বড় দুর্বৎসর, ফসল ভাল হয় নি। প্রজারা খাজনা দিতে পারছে না।

শিবু মায়ের মুখের দিকে চাহিয়া বলিল, এবার তা হলে খাজনা নিও না মা।

মা বলিলেন, সে ছেড়ে দেবার মত অবস্থা তো আমাদের নয়। তাছাড়া জজ সাহেবকে প্রতি বৎসর নাবালক এস্টেটের হিসেব দিতে হয়, তিনি হয়তো তা মঞ্জুর করবেন না। সে কথা আমি বলি নি বাবা। আমি বলছিলাম যে এই দুর্বৎসরে প্রজাদের কাছে বিয়ের সময় টাকা আদায় করায় লোকে খুব দুর্নাম করছে।

মায়ের কথা শুনিতে শুনিতে শিবুর মুখ কখন চিন্তায় গম্ভীর হইয়া উঠিয়াছিল। সে ধীরে ধীরে বলিল, সেটা খুব খারাপ হয়েছে মা।

মা ছেলের মাথায় হাত বুলাইতে বুলাইতে বলিলেন, সেইটে তাদের ফিরে দিতে হবে শিবু। তোর পিসীমাকে বলে তাঁকে এইটেতে রাজী করাতে হবে।

শিবু বলিল, পিসীমাকে আমি রাজী করাব মা। একবেলা না খেলেই পিসীমা ঠিক মত দেবে।

শোন্, বিয়ের টাকা ফিরে দিতে গেলে প্রজাদের অপমান করা হবে। তার চেয়ে সবার খাজনা থেকে এবার এক টাকা করে মাপ দেওয়ার হুকুমটা তোকে পিসীমার কাছে করিয়ে নিতে হবে। অধিকাংশ লোকই এক টাকা করে দিয়েছে। বলবি, আমার বিয়ের বছর এক টাকা করে মাপ দিলে প্রজারা চিরদিন নাম করবে আর আশীর্বাদ করবে।

বেশিও তো কজন দিয়েছে মা। পাঁচ টাকা দিয়েছে যোগী মোড়ল, খুদী মোল্যান, আরও কে কে, সব লেখা আছে সিং মশায়ের কাছে।

তারা অভাবী নয় শিবু, তারা ও কৌশল না করলেও দিত। তুই ওই এক টাকা মাপের হুকুমটাই করিয়ে নে।

মা আর দাঁড়াইলেন না, যাইবার সময় বলিয়া গেলেন, আজই বলিস নি যেন পিসীমাকে। গোমস্তারা আজ সন্ধ্যের সময় চলে যাবে, কাল বলবি। নইলে তারা বকুনি খেয়ে মরবে, পিসীমা ভাববে, ওরাই তোকে ধরে পড়েছে।

মা চলিয়া গেলেন। বউও সঙ্গে সঙ্গে মাথায় একরাশ ঝুল মাখিয়া গুটিগুটি বাহির হইয়া হাসিতে হাসিতে শিবুর পিঠে গুম করিয়া একটা কিল মারিয়া বাহির হইয়া পলাইল।

পরদিন বেলা তখন নয়টা হইবে। বউ উপরে পুতুল খেলিতে খেলিতে অঝোর-ঝরে কাঁদিতে কাঁদিতে নামিয়া আসিল। শিবনাথ তাহার বড় চীনামাটির পুতুলটা ভাঙিয়া দিয়াছে।

পিসীমা ডাকিলেন, শিবনাথ!

তখন শিবনাথ যুদ্ধের জন্য প্রস্তুত হইয়াই দুমদাম করিয়া নামিয়া আসিতেছিল, সে সিঁড়ি হইতেই আরম্ভ করিল, বিলিতী পুতুল কেন খেলবে ও?

রোষক্ষুব্ধ বধূ জ্বলন্ত তুবড়ির মত বলিয়া উঠিল, বেশ করব, খুব করব। আমি বিলিতী খেলব, তাতে ওর কি?

শিবনাথ গম্ভীরস্বরে আদেশ করিল, নিত্য, ওপর থেকে আমার সরু বেতগাছাটা আন্ তো!

বধূটি অকস্মাৎ পাগলের মত জিব বাহির করিয়া বিকৃতভাবে শিবনাথকে ভেঙাইয়া উঠিল, অ্যাঁই, অ্যাঁই, অ্যাঁই।

পিসীমা দাঁড়াইয়া মৃদু হাসিতেছিলেন। মাও হাসিতেছিলেন, কিন্তু এবার তিনি শাসনের স্বরে বলিয়া উঠিলেন, বউমা! যাও, ঘরের মধ্যে যাও।

নাস্তি মৃদুস্বরে কাঁদিতে কাঁদিতে ঘরের মধ্যে চলিয়া গেল।

পিসীমা বলিলেন, নিত্য, নায়েববাবুকে বলে আয় অনন্ত বৈরাগীর কাছে লোক পাঠিয়ে দিতে, সে যেন তার দোকানে যা পুতুল আছে নিয়ে আসে, বউমার যেটা পছন্দ হবে বেছে নেবে।

শিবনাথ বলিল, বিলিতী হলে অনন্তকে আমি বাড়ি ঢুকতে দোব না।

ঘরের মধ্য হইতে বউ বলিয়া উঠিল, না দেবে না, একা ওর বাড়ি কিনা!

মা সেলাই করিতে করিতে বলিলেন, বউমা, তোমায় চুপ করে থাকতে হয়।

উত্তর দিতে না পারিয়া বউ শিবনাথের দিকে চাহিয়া নিঃশব্দে ছোট একটি ভেংচি কাটিয়া দিল। শিবনাথ বলিল, ওই দেখ, আবার আমায় ভেংচি কাটছে, আমি বেত দিয়ে ওর পিঠের চামড়া তুলে দোব।

মা বলিলেন, শিবু, মেয়েমানুষের গায়ে হাত তো তুলতেই নেই, মুখে 'মারব' বলাও দোষের কথা। ও কথা আর বোলো না।

সতীশ চাকর আসিয়া দাঁড়াইল। সতীশের একটা অদ্ভুত স্বভাব, বাড়িতে কলরব বা কোন উত্তেজনার আভাস পাইলে সে চুপ করিয়া দাঁড়াইয়া থাকে। তাহা স্তিমিত হইয়া শান্ত না হওয়া পর্যন্ত কোনও কথা সে বলে না, তা সে যত গুরুতর প্রয়োজনীয় বিষয়ই হউক না কেন। সে বলে, মিছিমিছি চেঁচিয়ে কি করব? গোলমালে কি কথা শোনা যায়? তাহার এই বাক্যসংযমের ফলও একটা হইয়াছে, সে আসিয়া দাঁড়াইলে সকলের দৃষ্টি তাহার প্রতি আকৃষ্ট হয়, বাড়ির লোকেই প্রশ্নজ্ঞাপক সুরে তাহাকে সম্বোধন করে, সতীশ!

ওইটুকুতেই যথেষ্ট, বাকিটুকু উহ্যই থাকিয়া যায়; সতীশও আপনার প্রয়োজন ব্যক্ত করে। পাচিকা রতন-ঠাকরুন তাহার নাম দিয়াছে, ভগ্নদূত।

সতীশ দাঁড়াইতেই মা হাসিয়া প্রশ্ন করিলেন, কী চাই বাবা সতীশ?

আজ্ঞে তেল। মাস্টার মশায় এসেছেন।

বধূ রোষভরে বলিল, আমি মাস্টার মশায়কে বলে দোব।

মা তিরস্কারপূর্ণ স্বরে বলিলেন, ছি!

মাস্টার মশায়ের ছুটি ফুরুল নাকি? আবার তো এই সামনে দোলের ছুটি। আবার ছুটি হলেই তো মাস্টার ছুটবে বাড়ি। বুঝলে মাসীমা, দেখেছি আমি মাস্টারের বাড়ি যাওয়া। ঠিক যেন একটি কেউ চাষাভূষো চলেছে খালি পায়ে দুমদুম করে।—রতন সে দৃশ্য স্মরণ করিয়া হাসিয়া ফেলিল, বক্তব্যটি আর শেষ করিতে পারিল না।

শিবু তাড়াতাড়ি আসিয়া দেখিল, মাস্টার দাড়িতে হাত বুলাইতে বুলাইতে অস্বাভাবিক গম্ভীর মুখে পদচারণা করিতেছেন। শিবুকে দেখিয়াই তিনি আশ্বস্ত হইয়া বলিলেন, ওয়েল শিবু!

সার্!

ওয়েল, মাই বয়, ক্যান ইউ টেল মি,—হোয়াট শ্যাল আই সে? হ্যাঁ, বলতে পারিস শিবু, মানুষের মান বড় অথবা অর্থ বড়?

এত সহজ প্রশ্ন মাস্টার মহাশয় করিবেন এ শিবু ভাবে নাই, সে হাসিয়া মুহূর্তে উত্তর দিল, মানই সকলের চেয়ে বড়, প্রাণের চেয়েও বড় সার্।

মাস্টার উচ্ছ্বসিত হইয়া বলিয়া উঠিলেন, ইয়ে—স। এই উত্তরই আমি শুনতে চেয়েছিলাম। গড ব্লেস ইউ, মাই বয়।

এবার শিবুর হাত ধরিয়া তিনি বলিলেন, দেন আই বিড ইউ গুডবাই, মাই বয়, আই হ্যাভ রিজাইন্ড। স্কুলের কাজে আমি রিজাইন দিয়েছি।

এমন একটা সংবাদের আকস্মিক রূঢ়তায় শিবু স্তম্ভিত নির্বাক হইয়া গেল। মাস্টার গম্ভীরভাবে পদচারণা করিতে করিতে বলিলেন, আমায় অপমানিত হতে হচ্ছে শিবু। আমি রিজাইন দিয়েছি। সে আর আমি উইথড্র করতে পারি না। এই জন্যেই আমি ছুটি নিয়েছিলাম। বাড়ির সকলে আপত্তি করছে, বন্ধুবান্ধব সকলে বারণ করছে, কিন্তু তারা ঠিক বলছে না। ইউ, ওন্‌লি ইউ, মাই বয়, ঠিক উত্তর দিয়েছ। আই অ্যাম গ্ল্যাড।

শিবুর চোখে জল আসিয়াছিল; এই শিক্ষকটির সঙ্গে এমন একটি নিবিড় মমতার বন্ধনে সে আবদ্ধ হইয়া গিয়াছে যে সে বন্ধনে অস্ত্রোপচারের ছুরিকা-স্পর্শমাত্রেই তাহার অন্তর অসহ্য বেদনায় আতুর হইয়া উঠিল। একটা চেয়ারের মাথায় মুখ রাখিয়া সে ঝরঝর করিয়া কাঁদিয়া ফেলিল। তাহার মাথায় হাত দিয়া মাস্টার তাহাকে সান্ত্বনা দিতে গিয়া দিতে পারিলেন না, তাঁহারও চোখ হইতে ঝরঝর করিয়া জল শিবুর মাথায় আশীর্বাদের মতই ঝরিয়া পড়িল। অনেকক্ষণ পর তিনি বলিলেন, কাঁদিস নি শিবু। এর উপায় নেই। এ হল দুর্বলতা। ম্যান

ইজ বর্ন টু ডাই। মরেই যায় মানুষ, তাতেও বিচলিত হতে নেই। জানিস, চাকরির অভাবে আমাকে অনেক কষ্ট করতে হবে। কিন্তু এ আমাকে সহ্য করতে হবে।

ব্যাপারটা সামান্যই। স্কুলের ম্যানেজিং কমিটীর সভ্য-নির্বাচনে মাস্টার উপযুক্ততা বিচার করিয়া স্কুলের মালিক ও সেক্রেটারিদের মনোনীত প্রার্থীকে ভোট না দিয়া অপর ব্যক্তিকে ভোট দিয়াছেন। লোকটি উপযুক্ত কেন, উপযুক্ততম প্রার্থী। কিন্তু স্কুলের মালিক-পক্ষ তাঁহাকে চান না। তিনি তাঁহাদের পিছনে পিছনে যাইবেন না, তাঁহাদের সম্মুখে আসিয়া পথরোধ করিয়া দাঁড়াইবেন বলিয়াই তাঁহাদের ধারণা। এই কারণেই মালিকপক্ষ মাস্টারের উপর রুষ্ট হইয়া ক্ষমাপ্রার্থনা দাবি করিয়াছেন, অন্যথায় অক্ষমতার অপবাদে তাঁহাকে পদচ্যুত করিবার স্থিরসংকল্প লইয়া বসিয়া আছেন। মাস্টার কয়েকদিন ছুটি লইয়া অনেক চিন্তা করিয়াছেন, তাঁহার পরিবারবর্গের সকলে, বন্ধুবান্ধব, হিতাকাঙ্ক্ষী সকলেই তাঁহাকে ক্ষমা-প্রার্থনা করিবার উপদেশ দিয়াছেন, কিন্তু সে তাঁহার মনোমত হয় নাই, তিনি নিজেই ইস্তফাপত্র দাখিল করিয়া বসিয়াছেন।

সংবাদটা শুনিয়া এ সংসারটা সত্য-সত্যই প্রিয়বিয়োগাতুর সংসারের মত দুঃখবেদনায় আচ্ছন্ন ম্লান হইয়া গেল। পিসীমা তাঁহাকে ডাকিয়া বলিলেন, বাবা রতন, তুমি যাবে কেন? আমার শিবুকে নিয়ে তুমি থাক। যতখানি পারি তোমায় পুষিয়ে দোব।

আজ আর মাস্টার পূর্বের সে তেজোচ্ছ্বসিত মাস্টার নন, শান্ত ধীর অচঞ্চল। আহার বন্ধ করিয়া মাস্টার মুখ তুলিয়া পিসীমার দিকে চাহিয়া বলিলেন, না, শিবুর এস্টেটের তাতে ক্ষতি হবে। শিবু তো আমার শুধু ছাত্রই নয় পিসীমা, ওর সঙ্গে আমার হিন্দু আমলের গুরুশিষ্য সম্বন্ধ। আমি আর চাকরিও করব না। বাড়িতে গিয়ে চাষ করব। জানেন, আমাদের এক কবি বলেছেন -'চাই না স্বর্গের সুখ নন্দনকানন, মুহূর্তেক পাই যদি স্বাধীনতা ধন'? স্বাধীন জীবনের জন্যে যদি কিছু কষ্ট-স্বীকারই করতে হয়, সে করতে হবে।

পিসীমা একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিলেন, তা হলে শিবু কার কাছে পড়বে, তুমিই একটা ঠিক করে দিয়ে যাও বাবা।

দরকার নেই পিসীমা, শিবুকে অন্য মাস্টার ঠিক পথে নিয়ে যেতে পারবে না। তারা লেখাপড়া শেখাতে পারবে, কিন্তু মানুষ করতে পারবে না। শিবু নিজেই পড়ে যাবে, মাই শিবু ইজ এ গুড বয়।

শিবু ম্লান মুখে দেওয়ালে ঠেস দিয়া দাঁড়াইয়া ছিল, সে বলিল, আমার আর প্রাইভেট মাস্টার চাই না, আমি নিজেই পড়ব।

পিসীমা কোন প্রতিবাদ করিলেন না। কিন্তু তাঁহার মনটা বেশ সন্তুষ্ট হইল না। পর-দিনই মাস্টার বিদায় লইয়া চলিয়া গেলেন। যাইবার সময় বলিলেন, বড় হয়ে আমায় ভুলবি না তো শিবু?

শিবুর চোখ জলে ভরিয়া উঠিল। মাস্টার হাসিয়া বলিলেন, তুই ভুলবি না, সে আমি জানি। আচ্ছা, মাঝে মাঝে আমি আসব। তুই কিন্তু একবার যাস। গেলে আমি ভাবি

খুশী হব। আচ্ছা, আসি।

শিবু আজ জাতিভেদ মানিল না, মাস্টারের পায়ে হাত দিয়া প্রণাম করিল। মাস্টারও সে প্রণাম লইতে দ্বিধা করিলেন না, আকাশের দিকে মুখ তুলিয়া তিনি বলিলেন, গড ব্লেস ইউ, মাই বয়। ডোণ্ট ফর্‌গেট, লাইফ ইজ নট অ্যান এম্পটি ড্রীম!

সাত

দ্বিপ্রহরে নায়েব ও গোমস্তাদের ডাকাইয়া খাজনা আদায়ের ব্যবস্থার বিষয় পিসীমা পরামর্শ করিতেছিলেন।

নায়েব বলিলেন, সুদ না থাকাতেই প্রজাদের এই মতিগতি। তারা বুঝেছে, খাজনা দিলেই তো বেরিয়ে যাবে। যতদিন টাকাটা তারা নিজেরা খেলিয়ে নিতে পারে, তাই তাদের লাভ। ধরুন, এ বছর দিলেও সেই দশ টাকা দিতে হবে, দু বছর পরেও সেই দশ টাকা। আগে দিলেই এখানে লোকসান। মহলে সুদ চলতি করুন।

পিসীমা বলিয়া উঠিলেন, ছি সিং মশায়!

নায়েব মাথা চুলকাইতে চুলকাইতে বলিলেন, দোগাছি মহলের কাগজে প্রজাদের কারও চৌদ্দ কারও বিশ বছরের খাজনা বাকি। একজনের দেখলাম ছাপ্পান্ন বছরের খাজনা বাকি। সুদ না হলে—

পিসীমা বাধা দিয়া বলিলেন, আর কখনো আপনি ও প্রস্তাব করবেন না সিং মশায়। বাপ-পিতামহ যা করেন নি, তা করা হতে পারে না। কিন্তু হরিশ, তোমার মহলে এমন-ধারা বাকি কেন?

হরিশ বলিল, ছাপ্পান্ন বৎসর যার বাকি, তার খাজনা সামান্য, বছরে চার আনা করে। ওরা বলে, জমিদার যখন আসবেন, তখন একসঙ্গে হুজুরকে দোব—এই আমাদের নিয়ম। বহুদিন তো ও-মহলে মালিক যান নি। শুনেছি, বাবুর পিতামহ—আপনার পিতা—কর্তাবাবু গিয়েছিলেন।

পিসীমা বলিলেন, হুঁ।

তারপর কিছুক্ষণ চিন্তা করিয়া বলিলেন, খাজনা আদায় করতেই হবে। ধরে এনে বসিয়ে রেখে খাজনা আদায় কর। ফসল থাকলে আটক কর; খাজনা না দিলে ফসল তুলতে কি বেচতে দিও না। প্রত্যেক মৌজায় আর একজন করে চাপরাসীর বন্দোবস্ত করে দিন সিং মশায়। গোমস্তাদের বিদায় দেবার সময় আবার তাহাদিগকে বলিলেন, নাবালকের এস্টেট বলে ভয় করে কাজ কোরো না তোমরা। মালিক তোমাদের ঘুমিয়ে আছেন, বিপদে পড়ে ডাকলেই সাড়া পাবে।

সকলে চলিয়া গেল। পিসীমা ভাবিতেছিলেন, শিবুকে একবার মহলে ঘুরাইয়া আনিলে

হয়। মালিককে পাইলে গোমস্তাদের ভরসা বাড়ে, প্রজারাও মালিক পাইলে খুশী হয়। অনেক সময় অনাদায় বা প্রজা-বিদ্রোহের মধ্যে গোমস্তাদের চক্রান্ত থাকে। স্কুলের কোন একটা ছুটি দেখিয়া দিনকয়েকের জন্য মাত্র। তিনি ঝিকে ডাকিয়া বলিলেন, নিত্য, শিবু কোথায় রে ?

নিত্য উপরের বারান্দা পরিষ্কার করিতেছিল, সে বলিল, দাদাবাবু নিকছেন পিসীমা।

গোমস্তারা চলিয়া যাইতেই বউটি আসিয়া পিসীমার কোলের কাছে বসিয়া পড়িল। ফিক করিয়া হাসিয়া বলিল, ও পদ্য লিখছে পিসীমা।

পিসীমা ভ্রূকুঞ্চিত করিয়া বলিল, তুমি গিয়েছিলে বুঝি ?

বউ বলিল, আমাকে যে ডাকলে। পড়ে শোনালে আমাকে। অনেক লিখেছে পিসীমা। মায়ের নামে লিখেছে, সে কত কি—'পারিজাত ফুল তব চরণের'—এই সব !

পিসীমা সাগ্রহে জিজ্ঞাসা করিলেন, আর কি লিখেছে ?

বউ বলিল, তারপর দেশ দেশ করে কত সব লিখেছে !

পিসীমা বলিলেন, এইটি ওর মাথায় ঢোকালে ওর মা।

বউ এদিক-ওদিক চাহিয়া বলিল, কাল সকালে যে দুজনে কথা হচ্ছিল সব।—প্রজাদের দুর্দশা, সেই বিয়ের নজরের, টাকা সব ফিরে দিতে হবে। হ্যাঁ পিসীমা, আপনাকে বলে নি, এক টাকা করে খাজনা ছেড়ে দিতে হবে ?

পিসীমা কোন উত্তর দিলেন না। আবার ফিক করিয়া হাসিয়া বউটি বলিয়া উঠিল, আমার নামেও পদ্য লিখেছে পিসীমা, আমাকে আবার লিখেছে 'সখি'।—বলিয়া সে মুখে কাপড় চাপা দিয়া খিলখিল করিয়া হাসিয়া উঠিল। কিন্তু সে হাসি অকস্মাৎ স্তব্ধ হইয়া গেল। পিসীমার মুখের দিকে চাহিয়া সে ভয়ে বিবর্ণ হইয়া উঠিল। পিসীমাকে আর কিছু বলিতে তাহার সাহস হইল না। সে অতি সন্তর্পণে উঠিয়া দিদিমার বাড়ি পলাইয়া গেল।

নিত্য ডাকিল, পিসীমা তোমায় ডাকছেন দাদাবাবু।

শিবনাথ কবিতা লিখিতেছিল, বলিল, হুঁ।

কিছুক্ষণ পরে সে বাহির হইয়া আসিল, বারান্দায় নিত্য তখনও কাজ করিতেছিল। শিবনাথ প্রশ্ন করিল, পিসীমা কোথায় ?

নিত্য একখানা কাপড় কুঁচাইয়া তুলিতেছিল, সে বলিল, নীচে দরদালানে।

শিবু আবার প্রশ্ন করিল, গোমস্তারা সব চলে গেছে ? নিত্য বলিল, হ্যাঁ।

শিবনাথ তরতর করিয়া নীচে আসিয়া দরদালানে পিসীমার কোলের কাছে বসিয়া পড়িল। পিসীমা যেমন বসিয়াছিলেন, তেমনই বসিয়া রহিলেন, কোনও সাড়া দিলেন না। শিবনাথ তখনও কবিতা লেখার মেজাজেই ছিল, সে এত লক্ষ্য করিল না। সে বলিল, একটা কথা আছে পিসীমা।

পিসীমা একটু যেন নড়িলেন। শিবনাথ বলিল, এবার আমার বিয়ের জন্যে সমস্ত প্রজাদের

এক টাকা করে খাজনা—

পিসীমা বলিলেন, মাপ দিতে হবে ?

শিবু আশ্চর্য হইয়া পিসীমার মুখের দিকে চাহিল।

অতি কঠিন কণ্ঠে পিসীমা বলিলেন, না, সে হয় না।

তাঁহার চোখে অদ্ভুত দৃষ্টি, শিবু ভয়ে চোখ নামাইয়া লইল। পিসীমার চোখের সম্মুখে পৃথিবী অর্থহীন হইয়া গিয়াছে। শিবু মায়ের নামে পত্র লিখিয়াছে, বধূর নামে লিখিয়াছে, আর তিনি কেউ নন! সমস্ত পৃথিবীটাই আজ মিথ্যা হইয়া যাইতেছে!

বাড়ির সকলে সন্ত্রস্ত হইয়া উঠিল। শৈলজা-ঠাকুরানী যেন অপরিমিত কঠোর রুক্ষ গম্ভীর হইয়া উঠিয়াছেন। বিষয়-কর্মে কোন পরামর্শ দেন না, কিন্তু পরামর্শ বা আদেশ না লইয়া কাজ করিলেও রক্ষা নাই। খাজনা মাফ হয় নাই, বরং শাসন-সূত্র কঠোর আকর্ষণে এমন হইয়া উঠিয়াছে যে, স্পর্শমাত্রেই যেন টঙ্কার দিয়া উঠে, পৌষ-কিস্তিতে যে টাকা কম আদায় হইয়াছিল, চৈত্রকিস্তিতে সে টাকা পূরণ হইয়া উঠিয়া আসিল। পূজায় এখন পিসীমার বেশী সময় অতিবাহিত হয়। সেই সময়টুকুই সর্বাপেক্ষা শঙ্কার সময়। এতটুকু শব্দ বা কথার সাড়া পাইলেই তিনি যেন ক্ষিপ্ত হইয়া উঠেন, ভর্ৎসনা-তিরস্কারের আর বাকি রাখেন না। বউটি ভয়ে শুকাইয়া উঠিয়াছে।

সেদিন পূজার ফুলের থালা ছুঁড়িয়া ফেলিয়া দিয়া বলিলেন, এরই নাম ফুল বাছা ? এই তোমার দুর্বো বাছা হয়েছে ? শিবপূজোর বেলপাতায় চক্র রয়েছে !

শিবনাথও সময়ে সময়ে বিদ্রোহ করিয়া উঠে, তাহার সহিত কোন কিছু বাধিলেই সে নিরম্বু উপবাস আরম্ভ করিয়া দেয়। একমাত্র শিবনাথের মা হাসিমুখে সম্মুখে দাঁড়াইয়া ছিলেন। সমস্ত কিছু অগ্ন্যুদ্গারের মধ্যে তিনি শ্বেতবরণা গঙ্গার মত সুশীতল বক্ষ পাতিয়া দাঁড়াইলেন। সেখানে পড়িয়া অগ্নিকণাগুলি অঙ্গার হইয়া মিলাইয়া যাইত।

সকল বিষয়েই পিসীমার অসন্তোষ। খাইতে বসিয়া আহার ফেলিয়া দিয়া উঠিয়া পড়েন। পান খাইবার সময়েও বিপদ বাড়িয়া উঠে। পান মুখে করিয়া ফেলিয়া দিয়া বধূকে তিরস্কার করেন, কিছু শেখ নি মা তুমি ? এর নাম পান সাজা ? ছি ছি, কাল থেকে পান আর খাব না আমি, তুমি যদি পান সাজ।

এদিকে বধূটিকে লইয়া বিপদ বাড়িয়া উঠিল। সে ক্রমাগতই দিদিমার বাড়ি যাইতে আরম্ভ করিল। বাঁড়ুজ্জেদের খিড়কির পুকুরের পশ্চিম পাড়ের বাড়িগুলির মধ্যে একটা গলি দিয়া সহজেই নাস্তির মামার বাড়ি যাওয়া যায়। কিন্তু গলিপথটা আবর্জনাময়, ঘাটে যাইবার অবকাশ পাইলেই সে সেই পথে পলাইয়া যায়।

ক্রমে ক্রমে শিবনাথের মার হাসির সেই মাধুর্য যেন শান্ত হইয়া আসিতেছিল। পিসীমার উত্তাপ ধীরে ধীরে শীতল হইতেছিল।

জ্যৈষ্ঠ মাস। প্রখর রৌদ্রে সমস্ত যেন পুড়িয়া যাইতেছিল, আকাশের নিলীমা বিবর্ণ হইয়া

গিয়াছে। খাওয়া-দাওয়ার পর সকলে রুদ্ধ ঘরের মধ্যে ঘুমাইয়া আছে। হুট করিয়া পিসীমার ঘরের দরজাটা খুলিয়া বউটি বাহির হইয়া আসিল।

কিছুক্ষণ পরে নিঃশব্দে দরজাটা খুলিয়া পিসীমাও বাহির হইয়া এ দরজা, ও দরজা, খিড়কির দরজা দেখিয়া একটু বিস্মিত হইয়া দাঁড়াইয়া রহিলেন। দরজাগুলি ভিতর হইতে বন্ধ; কাহারও বাহিরে যাওয়ার লক্ষণ পাওয়া গেল না।

তিনি ধীরে ধীরে উপরে উঠিয়া গেলেন। শিবুর ঘরের জানালার একটা ছিদ্র দিয়া দেখিলেন, বধূ শিবনাথের কাছেই রহিয়াছে।

শিবনাথ তাহাকে আদর করিতেছে, আর সে কাঁদিতে কাঁদিতে বলিতেছে, গোবরডাঙার বাবুদের বাড়িতে বিয়ে হলে এ জ্বালা হত না! দিনরাত পিসীমা বকছে আমায়। দিদিমাও বলছিল তাই।

শিবনাথ মুখ মুছাইয়া সান্ত্বনা দিয়া বলিল, আজ আবার একটা কবিতা লিখেছি, শোন।

বধূর মুখে হাসি দেখা দিল, সে বলিল, পড়, পড়, তুমি বেশ পড় কিন্তু।

শিবনাথ পড়িতে আরম্ভ করিল—

শৈশব সাধ তুই, কাহিনীর কন্যা,
তোর হাসিতে মানিক ঝরে, মতিঝরা কান্না।

বউ হাসিয়া বলিল, কার, আমার?—বলিয়া শিবনাথের গায়ে হাসিয়া ঢলিয়া পড়িল। শিবনাথ চট করিয়া তাহার মুখে চুম্বন করিয়া বসিল। নাস্তি মুখ মুছিতে মুছিতে বলিল, কি রকম ভাত-ভাত গন্ধ তোমার মুখে। পান খাও না কেন?

শিবু বলিল, তুমি দাও না কেন?

বউ বলিল, খাবে?

শিবু সাগ্রহে বলিল, দাও। কে, কে?

কাহার পদধ্বনি বারান্দায় ধ্বনিত হইয়া সিঁড়ির মুখে মিলাইয়া গেল। উভয়ে উভয়ের মুখের দিকে উৎকণ্ঠিতভাবে চাহিয়া রহিল। নীচে বারান্দায় পিসীমা ডাকিলেন, নিত্য, নিত্য!

নাস্তি সভয়ে জিব কাটিয়া ত্রস্তপদে নীচে গিয়া দরদালানে কৃত্রিম ঘুমে বিভোর হইয়া পড়িয়া রহিল।

সমস্ত অপরাহ্নটা শিবুর বুক গুরগুর করিতেছিল। কিন্তু বেশ শান্তভাবেই কাটিয়া গেল। রাত্রে বৈঠকখানায় সে পড়িতেছে, এমন সময় নিত্য-ঝি আসিয়া ডাকিল, দাদাবাবু, দাদাবাবু, শিগগির আসুন। পিসীমার ফিট হয়েছে।

শিবু ব্যাকুলভাবে প্রশ্ন করিল, কি করে?

শুয়েছিলেন, মা ডাকতে গিয়ে দেখেন, জ্ঞান নেই, দাঁতি লেগে গিয়েছে। কেষ্ট সিং কোথায় গেল? নায়েববাবু, ডাক্তারকে ডাকতে হবে যে?

দরদালানের ঘরে পিসীমা নিথর অবস্থায় পড়িয়াছিলেন। শ্বাস-প্রশ্বাস অতি মৃদু। শিবনাথের মা নিজে মাথায় ও মুখে-চোখে জলসিঞ্চন করিতেছিলেন। নিত্য বাতাস করিতেছে।

শিবনাথ উৎকণ্ঠিত বিবর্ণ মুখে কাছে বসিয়া আছে।

ডাক্তার নাড়ী দেখিয়া প্রশ্ন করিল, হঠাৎ এ রকম কেন হল? কখনও কখনও কি এ রকম হয়?

শিবনাথের মা বলিলেন, না। আজ পনেরো বছরের মধ্যে হয় নি। তবে পনেরো বছর আগে ফিটের ব্যারাম ছিল ঠাকুরঝির। এক দিনে এক বিছানায় ওর স্বামী আর ছেলে মারা গিয়ে এ অসুখ হয়েছিল। তারপর শিবু হল, সে আজ পনেরো বছর। শিবুকে পেয়ে—

পিসীমা একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া অল্প একটু নড়িলেন।

শিবনাথের মা ডাকিলেন, ঠাকুরঝি!

ক্লান্ত মৃদুস্বরে পিসীমা সাড়া দিলেন, যাই।

আট

দিন-তিনেক পরের কথা। পিসীমা তখনও অসুস্থ। কাহারও সহিত কথা তেমন বলেন না, বিশেষ বউকে দেখিলে যেন জ্বলিয়া যান।

শিবনাথ কাছারির বারান্দায় দাঁড়াইয়া ছিল। পাশের রাস্তা দিয়া জনপাঁচেক পাঞ্জাবী পাঁচ-ছয়টা ঘোড়া লাগাম ধরিয়া লইয়া যাইতেছিল; শিবনাথ তাড়াতাড়ি গিয়া ফটকে দাঁড়াইল।

একজন বৃদ্ধ পাঞ্জাবী জিজ্ঞাসা করিল, বাবু হ্যায় খোকাবাবু?

শিবনাথ হাসিয়া বলিল, হ্যায়। কেন?

পাঞ্জাবী বলিল, ঘোড়া বেচনে আসিয়াছি হামলোক। বাবু হামারা পাশ এক ঘোড়া লিয়া, বহুত রোজ হুয়া, উ ঘোড়া মালুম হোতা বাতেল হো গেয়া। নয়া বহুত আচ্ছা ঘোড়া হ্যায় হামারা পাশ।

পাঞ্জাবী ফটকের মধ্যে প্রবেশ করিল। শিবনাথ ফিরিয়া আসিয়া বারান্দায় চেয়ারের উপর বসিল।

বৃদ্ধের পিছনে তাহার ঘোড়াগুলিকে লইয়া দলবলও কাছারিবাড়ির প্রাঙ্গণে আসিয়া প্রবেশ করিল। বৃদ্ধ হাসিমুখে নায়েববাবুকে অভিবাদন করিয়া বলিল, সেলাম বাবুজী, তবিয়ত আচ্ছা?

নায়েব একটু হাসিয়া বলিলেন, হ্যাঁ, ভাল। বহুদিন পর যে?

পাঞ্জাবী বলিল, হাঁ, বহুত রোজকে বাদ, সাত বরিষ হো গেয়া। মালিকবাবু—হুজুর হামারা কাঁহা হ্যায়, সেলাম তো ভেজিয়ে, রমজান শেখ আয়া হ্যায়। উ ঘোড়া হামারা কিধর হ্যায়?

নায়েব নীরব হইয়া রহিলেন। শিবনাথ দেখিতেছিল ঘোড়াগুলিকে, ছয়টি ঘোড়া—একটি

সাদা, একটি কালোয় সাদায় মিশ্রিত, তিনটি লাল, একটি কালো। অস্থির চঞ্চল ভঙ্গি ওই কালো ঘোড়াটির, ঘাড়ে কেশরের মত চুল, লেজটাও বোধ হয় মাটিতে ঠেকে, কিন্তু লেজ ঈষৎ উচ্চে তুলিয়া রাখে। সর্বদাই সে ঘাড় নামায় আর তোলে, মুহুর্মুহু মাটিতে পা ঠুকিয়া হ্রেষারবে স্থানটা মুখরিত করিয়া তুলিতেছিল। শিবনাথের বুকের মধ্যে বাসনা তোলপাড় করিতেছিল। ওই ঘোড়াটার পিঠে সওয়ার হইয়া বাতাসের বেগে—সে কি আনন্দ! তাহার পিতার গল্প মনে পড়িল। শ্যামপুর মহল এখান হইতে পঁচিশ ক্রোশ পথ, সেখান হইতে তাঁহার পিতার অসুখের সংবাদ পাইয়া কয় ঘণ্টার মধ্যে আসিয়া পৌছিয়াছিলেন।

পাঞ্জাবীর উচ্চকণ্ঠের চকিত ধ্বনিতে তাহার চমক ভাঙিল, আরে হায় হায় মেরে নসিব, মালিক হামারা নেহি হ্যায়!

নায়েব কখন মৃদুস্বরে স্বর্গীয় মালিকের মৃত্যু-সংবাদ তাহাকে দিয়াছেন।

থাকিতে থাকিতে শিবনাথের মাকে মনে পড়িয়া গেল। সে একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া উঠিয়া পড়িল। সেবার বাইসিক্ল কিনিবার সময় মায়ের কথা মনে পড়িল। তিনি বলিয়াছিলেন, বিলাসের শেষ নেই শিবু, যত বাড়াবে তত বাড়বে, অথচ তৃপ্তি তোমার কখনও হবে না। এবার কিনে দিলাম, কিন্তু ভবিষ্যতে নিজের মনকে নিজে শাসন কোরো।

পাঞ্জাবী একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল, ওহি কালা ঘোড়াঠো। হাম লে আয়ে থে। হামারা মালিকজাদা কাঁহা দেওয়ান-সাব—এহি এহি, হাঁ হাঁ, হাম বহুত ছোটে দেখা থা। সেলাম হামারা হুজুর মালিক, হামারা কসুর তো মাফ হোয় জনাব, হাম আপকো পহেলেই নেই পছানা।

শিবনাথকে দাঁড়াইতে হইল। সে বলিল, তোমরা এখানে খাওয়া-দাওয়া করো। নায়েব-বাবু, এদের সিদের বন্দোবস্ত করে দিন।

পাঞ্জাবী বলিল, হাঁ, হুজুরকে সওয়ার হোনেকা উমর তো হো গেয়া। লে লেজিয়ে হুজুর, আপকে বাবাকে নামকে চিজ।

শিবনাথ বলিল, না।

নায়েবও সঙ্গে সঙ্গে বলিলেন, বাবু ছেলেমানুষ খাঁ সাহেব। এত বড় ঘোড়া নিয়ে কি করবেন? পড়ে-টড়ে গেলে—

পাঠান হা-হা করিয়া কৌতুহলভরে হাসিয়া উঠিল। গির যাবেন বাবুসাব! তব একঠো ছোটা—

নিয়ে এস কালো ঘোড়া।—শিবনাথ আদেশ করিল। আদেশের ধ্বনির বাধা পাইয়া পাঠান নীরব হইয়া গেল। শিবনাথ লাফ দিয়া বাগানের বেদীর উপর উঠিয়া আঙুলের ইশারা করিয়া বলিল, হিঁয়া লে আও।

পাঠান হাসিয়া নায়েববাবুকে বলিল, শেরকে বাচ্চা জনাব, শেরই হোতা হ্যায়। তারপর ওদিকে মুখ ফিরাইয়া হাঁকিল, লে আও রে কালা বাচ্চেঠো।

একটা লম্বা-চওড়া জোয়ান পাঠান ঘোড়াটির মুখ ধরিয়া আনিয়া বেদীটির পাশে দাঁড়

করাইল। পাঠান বলিল, দেখিয়ে হুজুর, হামারা লড়কাকে লড়কা—পন্‌রা বরিষ উমর—পাঞ্জাবসে সওয়ার হোকে চলা আয়া হিঁয়া।

তারপর সে ঘোড়ার লাগাম ও রেকাব ঠিক করিয়া দিয়া শিবনাথকে কোলে তুলিয়া ঘোড়ার পিঠে তুলিয়া দিতে গেল। শিবনাথ পিছাইয়া গিয়া বলিল, হঠ্ যাও তুম। বলিয়াই সে বেদীর উপর হইতে লাফ দিয়া ঘোড়ার পিঠে সওয়ার হইয়া বসিল।

পাঠান আনন্দে করতালি দিয়া উঠিল। বলিল, বহুত আচ্ছা হ্যায়, বহুত আচ্ছা!

শিবনাথ ঘোড়ার লাগাম ধরিয়া আকর্ষণ করিতেছিল।

পাঠান বলিল, থোড়া ঠহরিয়ে হুজুর। তারপর সে নাতিকে আদেশ করিল, লে আও তো রে ঘুঙুর।

ঘোড়ার পায়ে ঘুঙুর বাঁধিয়া দিয়া সে বলিল, আর বাঁশি তো ফুকারো রহমৎ।

শিবনাথকে বলিল, বিঝিকে নাচ দেখ্ লিজিয়ে পহেলে।

বাঁশির স্বর বাজিয়া উঠিতেই অশ্বিনীর পা উঠা-নামার সঙ্গে সঙ্গে তালে তালে ঘুঙুরগুলি ঝুমঝুম শব্দে বাজিতে আরম্ভ করিল।

নায়েব শঙ্কিত হইয়া উঠিয়াছিলেন। এতক্ষণ কোন কথা বলিবার অবকাশ পর্যন্ত পান নাই। কিছুক্ষণ দেখিয়া শুনিয়া তিনি অন্দরের মধ্যে শিবনাথের মায়ের নিকট গিয়া হাজির হইলেন। পিসীমা অসুস্থ অবস্থায় কয়দিন শয্যাশায়িনী হইয়াই আছেন। আর এ ক্ষেত্রে শিবনাথের মাতা ভিন্ন অপরের দ্বারা শিবনাথকে প্রতিনিবৃত্ত করা যাইবে না।

সম্মুখেই নিত্য-ঝিকে দেখিয়া বলিলেন, নিত্য, মা কোথায় দেখো তো। শিগ্‌গির—শিগ্‌গির ডেকে দাও।

মা নিকটে ভাঁড়ার-ঘরের মধ্যে ছিলেন, তিনি বাহির হইয়া আসিলেন, কি সিং মশায়? এমন ভাবে এলেন যে?

মহা বিপদ হয়েছে মা, কর্তাবাবুকে যে পাঠান ঘোড়া বেচত, সেই পাঠান ঘোড়া নিয়ে এসেছে। বাবু দেখে খেপে উঠেছেন, কালো রঙের এক প্রকাণ্ড ঘোড়া কিনতে বসেছেন, দুশো-আড়াইশো টাকা চান। তা ছাড়া, ঘোড়া থেকে পড়লে আর রক্ষে থাকবে না।

মা বিস্মিত হইয়া প্রশ্ন করিলেন, শিবনাথ ঘোড়া কিনছে?

হ্যাঁ মা, আমি বারণ করবার ফাঁক পেলাম না। প্রকাণ্ড এক কালো ঘোড়া—

মা ডাকিলেন, নিত্য!

মা!

শিবনাথকে ডেকে আন্ তো। বলবি, এক্ষুণি ডাকছি আমি, তার জন্যে দাঁড়িয়ে আছি আমি।

নিত্য চলিয়া গেল। নায়েব বলিলেন, আমি সরে যাই মা। আমার থাকাটা ভাল হবে না।

মা কোন কথা বলিলেন না, তাঁহার শুভ্র মুখ রাঙা হইয়া উঠিয়াছিল। নায়েব চলিয়া

গেলেন। কিছুক্ষণ পর শিবনাথ আসিয়া বাড়ি ঢুকিল। মুখ তুলিয়া মায়ের দিকে চাহিয়া সে বলিল, কি বলছ?

মা দেখিলেন, শিবনাথের শ্যামবর্ণ কিশোর মুখখানি থমথম করিতেছে।

মা বলিলেন, তুমি নাকি ঘোড়া কিনছ শিবনাথ?

শিবনাথ অকুণ্ঠিতভাবে উত্তর দিল, হ্যাঁ।

মা তেমনই স্বরে বলিলেন, না, ঘোড়া কিনতে হবে না।

শিবনাথ মাথা হেঁট করিয়া নীরবে দাঁড়াইয়া রহিল, কিন্তু আদেশ পালনের জন্য কোন ব্যগ্রতা তাহার দেখা গেল না। মাও নীরব। কিছুক্ষণ পর মা দৃঢ়স্বরে বলিলেন, যাও, নায়েববাবুকে বলোগে, ওদের পাঁচটা টাকা দিয়ে বিদেয় করে দিতে। দুশো-আড়াইশো টাকা দিয়ে ঘোড়া কেনবার মত অবস্থা আমাদের নয়।

শিবনাথ যাইবার জন্য ফিরিল।

কিন্তু কি মনে করিয়া মা আবার ডাকিলেন, শিবু, শোনো, শুনে যাও।

শিবু ফিরিল। মা তাহার মাথায় হাত বুলাইয়া সস্নেহে বলিলেন, ছি বাবা, সংসারে কি মনের বাসনাকে প্রবল করতে আছে! জেনে রেখো, ভোগ ক'রে বাসনা কখনও কমে না, বাড়ে। আরও চাই, আরও চাই—এ অশান্তির চেয়ে বড় অশান্তি আর নেই। তুমি আড়াইশো টাকা দিয়ে ঘোড়া কিনবে, কিন্তু ভাবো তো, কত লোক আড়াইটা পয়সার অভাবে খেতে পায় না সংসারে! যাও, ব'লে দাও লোকটিকে—আমার মা বারণ করলেন।

শিবনাথ চোখ মুছিয়া জোর করিয়া মুখে হাসি আনিয়া বলিল, তাই বলিগে মা।

কাছারিতে আসিয়া শিবনাথ পাঠানকে এ কথা বলিতে পারিল না, তাহার কেমন লজ্জা করিতেছিল। নায়েবকে বলিয়া দিয়া সে পড়ার মধ্যে ঢুকিয়া পড়িল। চোখ হইতে তাহার টপটপ করিয়া জল ঝরিয়া পড়িতেছিল।

বাহিরে মৃদুভাষী নায়েবের সকল কথা সে শুনিতে পাইতেছিল না।

পাঠানের উচ্চ কণ্ঠস্বর সে স্পষ্ট শুনিতে পাইল, সেলাম দেওয়ান সাব, যাতা হ্যায় তব।

ফিরে নিয়ে যেও না! কত দাম ঘোড়ার?

শিবু দ্রুতপদে বাহির হইয়া আসিল। কাছারির বারান্দায় দাঁড়াইয়া পিসীমা প্রশ্ন করিতেছেন, রোগশীর্ণ চোখে একটা অস্বাভাবিক প্রখর দীপ্তি।

পাঠান চিনিতে ভুল করিল না, সে দৃপ্তা মূর্তিকে চিনিতে ভুল হইবার কথাও নয়। আভূমিনত সেলাম করিয়া বলিল, দুই শত পঁচিশ মায়ী।

একতাড়া নোট নায়েবের হাতে দিয়া পিসীমা বলিলেন, আড়াইশো টাকা আছে। দাম একটা ঠিক ক'রে নিয়ে দিয়ে দিন।

শিবনাথ বুকের কাছে দাঁড়াইয়া ছিল। তাহাকে বলিলেন, চড়্ ঘোড়ায় শিবু, আমি দেখি।

শিবু লাফ দিয়া গিয়া বেদীর উপর হইতে ঘোড়ায় চড়িয়া বসিল। একজন পাঠান ঘোড়ার

মুখ ধরিয়া রাস্তা ধরাইয়া দিতেই ঘোড়া ঘাড় বাঁকাইয়া উচ্চ পুচ্ছভঙ্গির সঙ্গে তুলকি চালে চলিয়া দেখিতে দেখিতে দৃষ্টির বাহির হইয়া গেল।

পিসীমা বলিলেন, কেষ্ট সিং, আস্তাবল সাফ করাও। তারপর স্থিরদৃষ্টিতে পথের দিকে চাহিয়া দাঁড়াইয়া রহিলেন। মিনিট বিশেক পরে শিবু ফিরিল, ধূলিধূসরিত দেহ, মাথার পিছন হইতে পিঠ বাহিয়া রক্ত ঝরিতেছিল।

পিসীমা আশঙ্কাভরে প্রশ্ন করিলেন, পড়ে গিয়েছিলি শিবু?

ঘোড়া হইতে নামিতে নামিতে শিবনাথ বলিল, লাগে নি পিসীমা, পেছনে মাথাটা একটু কেটে গিয়েছে শুধু।

পাঠান বলিল, ঘোড়া তো শয়তান নেহি হ্যায় এইসা!

শিবনাথ বলিল, না, বদমাশ নয়, রাস্তায় একটা ছোট বাঁধ ছিল, ও মেরে দিলে এক লাফ, আমি ঠিক বুঝতে পারি নি আগে, উলটে পড়ে গেলাম। সেখানটায় বালি ছিল, না হলে লাগত। একটা পাথরে শুধু মাথাটা কেটে গেল।

নায়েব একটা টিপ লইয়া সম্মুখে ধরিয়া বলিলেন, ঘোড়ার খরচটা সই—

টিপটা ফেলিয়া দিয়া পিসীমা বলিলেন, আপনাদের এস্টেটের টাকা নয় সিং মশায়, এ আমার নিজের টাকা।

শিবনাথ শিশুর মত তাঁহার মুখের দিকে চাহিয়া ছিল। কত দিন পর পিসীমা তাহাকে বুকের মধ্যে গভীর আবেগে চাপিয়া ধরিলেন, ক্ষতস্থানটিতে হাত বুলাইতে আরম্ভ করিলেন।

সে আবেষ্টনের মধ্যে শিবনাথ হাঁপাইয়া উঠিয়াছিল। সে ডাকিল, পিসীমা!

পিসীমার চোখ দিয়া জল পড়িতেছিল।

নয়

শিবুকে লইয়া পিসীমা বাড়িতে ফিরিলেন হাসিমুখে। কয়দিন পর সকলে তাঁহার হাসিমুখ দেখিয়া আজ আশ্বস্ত হইয়া বাঁচিল।

হাসিমুখে পিসীমা বলিলেন, শিবুকে তুমি কিছু বলতে পাবে না বউ। আমি ওকে ঘোড়া কিনে দিয়েছি। ও ফিরিয়েই দিচ্ছিল।

মা বলিলেন, তোমার ওপর কিছু বলবার আমি কে ঠাকুরঝি? শিবু তো তোমারই। তবে আমি বারণ করি কেন জান?

পিসীমা বলিলেন, সে আমি জানি। তুমি আমার চেয়ে অনেক বেশি বোঝ, সে কি আমি জানি না ভাই? শিবু এখন যতদিন পড়বে, ঘোড়ার কাছ দিয়ে যেতে পাবে না, একবার করে চড়বে শুধু। কেমন?

শেষ প্রশ্নটা করা হইল শিবনাথকে। সেও সঙ্গে সঙ্গে ঘাড় নাড়িয়া সুবোধ শিশুর মত বলিল, হ্যাঁ।

রতনদিদি বলিল, এখন যা বলবে, তাতেই 'হ্যাঁ'। ঘোড়া পেয়েছে আজ, আজ শিবুর মত সুবোধ ছেলে ভূ-ভারতে নেই।

বাড়ির সকলেই তাহার কথার ভঙ্গিমায় প্রাণ খুলিয়া হাসিয়া উঠিল, এমন কি শিবনাথের মা পর্যন্ত।

এই সময় গৃহদেবতার পূজক অক্ষয় মুখুজ্জে আসিয়া বলিলেন, কই গো, গিন্নী কই? ইয়েকে বলে, কাল থেকে যে পুজোর বাসনগুলো মাজা হয় নাই।

অক্ষয় এই গ্রামেরই লোক, গ্রাম-সম্পর্কে নাস্তির দাদামহাশয় হয়, তাই সে নাস্তিকে 'গিন্নী' বলিয়া ডাকিয়া থাকে, নাস্তি তাহাতে রাগে, সেই তাহার পরিতৃপ্তি।

বলিতে ভুলিয়াছি, সেই দিন হইতে বধূর উপর নূতন কয়টি কাজের ভার পড়িয়াছে, তাহার মধ্যে দেবপূজার বাসন-মাজা একটি।

পিসীমা বলিলেন, বউমা কোথায় রে?

নিত্য আজ হাসিতে ভয় করিল না, কৌতুকভরে হাসিয়া বলিল, বউমা তোমার পালিয়েছে পিসীমা, খিড়কির পাড়ের গলি দিয়ে। আমি ডাকলাম, ও বউদিদি!—বউদিদি বোঁ-বোঁ করে দৌড়।

অক্ষয় বলিল, গিন্নী শিবনাথের ঘর করবে না মাসীমা, আমাকেই ওর পছন্দ—

অক্ষয়ের কথা শেষ হইল না, কঠোরকণ্ঠে পিসীমা বলিলেন, ও রকম ঠাট্টা আর কখনও যেন তোমার মুখে না শুনি অক্ষয়।

অক্ষয় আঁতকাইয়া উঠিয়া বলিল, হুঁ—তা বটে, হুঁ—তা আর—হুঁ—

'হুঁ' কথাটি অক্ষয়ের মুদ্রাদোষ। পিসীমা বলিলেন, নিত্য, যা ডেকে আন্ তো বউমাকে!

তারপর ভ্রাতৃজায়াকে বলিলেন, বউমাকে নিয়ে তো বড় বিপদ হল বউ!

জবাব দিল অক্ষয়, এটি তাহার স্বভাব, উপস্থিত থাকিলে সে দুই কথা বলিবেই, সে বলিল, হুঁ—তা বিপদ বইকি, হুঁ—

রূঢ়স্বরে পিসীমা বলিলেন, আপনার কাজে যাও অক্ষয়। সকল তাতেই কথা কওয়া—কি বদ স্বভাব তোমার!

রতন ইশারা করিয়া অক্ষয়কে প্রস্থান করিতে ইঙ্গিত করিল।

নিত্য ফিরিয়া আসিল একা। পিসীমা কঠোরস্বরে প্রশ্ন করিলেন, বউমা কই?

নিত্য একটু ইতস্তত: করিতেছিল, পিসীমা অসহিষ্ণুভাবে আবার প্রশ্ন করিলেন, কোথায় বউমা?

নিত্য বলিল, ওদের লোক আসছে, সব বলবে।

পিসীমা বলিলেন, ওদের লোক ওদের কথা বলবে। তোকে যা জিজ্ঞেস করছি, তার উত্তর দে।

নিত্য বলিল, এলেন না বউদিদি।

এল না!

না।

কি বললে ?

সে ওদের লোক এসে—

নিত্য !

পিসীমার স্বরের প্রতিধ্বনিতে বাড়িখানা গমগম করিয়া উঠিল, নিত্য চমকিয়া উঠিল।

সে এবার বিবর্ণ মুখে বলিল, বউদিদি ও-বাড়িতেই থাকবেন এখন, বড় হলে—

হুঁ। আর কি কথা হয়েছে ?

পূজোর বাসন মাজতে গিয়ে বালিতে বউদিদির হাত মেজে গেছে।

আর কি কথা হয়েছে ?

আর পিসশাশুড়ীর এত বকাঝকা কি ওই কচি মেয়ে সইতে পারে ?

নাস্তির দিদিমার বাড়ির একজন প্রবীণা মহিলা আসিয়া দাঁড়াইয়া বলিলেন, নাস্তির দিদিমা বললেন, নাস্তি এখন ওইখানেই থাকবে বড়সড় হোক, তারপর আসবে। নাস্তির বাক্স-টাক্সগুলো পাঠিয়ে দিতে বললেন।

পিসীমা কি বলিতে গেলেন, কিন্তু আত্মসম্বরণ করিয়া আবার বলিলেন, শিবুর মা রয়েছে, বল।

তিনি ধীরে ধীরে উঠিয়া চলিয়া গেলেন। শিবনাথের মাকেও কিছু বলিতে হইল না, শিবনাথই এক বিপর্যয় বাধাইয়া তুলিল। নাস্তির বাক্স-পেঁটরা সমস্ত নিজেই বাহির করিয়া আনিয়া বারান্দায় হাজির করিল। তারপর বিবাহের যৌতুক—ঘড়ি, চেন, আংটি, বোতাম, সোনার কলম, রূপার দোয়াত, যাহা কিছু নিজের নিকট ছিল, সমস্ত বাক্সের উপর ফেলিয়া বলিল, নিয়ে যান।

মহিলাটি, এমন কি বাড়ির সকলে পর্যন্ত বিস্ময়ে স্তম্ভিত হইয়া গিয়াছিল, শিবনাথের মায়ের মুখে কথা ছিল না।

শিবনাথ বলিল, আমার পিসীমার কথা শুনে যে না থাকতে পারবে তার ঠাঁই এ বাড়িতে হবে না। নিয়ে যান সব।

সে উঠিয়া চলিয়া গেল।

বাড়ির বাহির-দরজা হইতে কে বলিল, নিয়ে এস সব লক্ষ্মীপুরের বউ, গৌরদাস যাচ্ছে। —নাস্তির দিদিমার কণ্ঠস্বর।

অকস্মাৎ একটা বিপর্যয় ঘটিয়া গেল। সমস্ত দিনটা বাড়িখানা থমথম করিতে লাগিল। সন্ধ্যায় পিসীমা বলিলেন, শিবুর আমার আবার বিয়ে দোব বউ।

শিবুর মা হাসিয়া বলিলেন, তোমার শিবু, আমায় কেন জিজ্ঞেস করছ ঠাকুরঝি ? কিন্তু শিবু আরও একটু বড় হোক, অন্তত ম্যাট্রিক পাসটা করুক।

একটুখানি নীরব থাকিয়া পিসীমা বলিলেন, নাঃ, সে পারব না। যাই করুক, ও আমার শিবুর বউ।

শিবনাথের মা কোন কথা বলিলেন না, নীরবে শুধু একটু হাসিলেন।

কিছুক্ষণ পর আবার পিসীমা বলিলেন, অন্যায় বোধ হয় আমারই হল বউ।

মা বলিলেন, না।

পিসীমা বলিলেন, শিবুর মনে হয়তো কষ্ট হয়েছে, সে বোধ হয় আমারই ওপর অভিমান করে—

মা বলিলেন, না। শিবু তোমাকে ভুল বুঝবে না, তুমি শিবুকে ভুল বুঝো না ভাই।

পিসীমা বলিলেন, বউমার জন্যে ঘর খাঁ-খাঁ করছে ভাই।

দশ

ঘটনাটা হয়তো সামান্য এবং নগণ্য, বৈশাখের অপরাহ্ণের ছোট সামান্য একটুকরা মেঘের মত দেখিতে দেখিতে বিপুল পরিধিতে পরিণতি লাভ করিয়া যেন কালবৈশাখীর সৃষ্টি করিয়া তুলিল। এক দিকে পিসীমা, অন্য দিকে নাস্তির দিদিমা। পিসীমার সমস্ত আক্রমণ বধূর উপর; তিনি বলেন, পরকে বলবার আমার অধিকার কি? তারা তো আমার কি আমার বংশের অপমান করে নি, করেছে ওই বউ।

নাস্তির দিদিমা বলেন, ঘর তো আমার নাস্তির, নাস্তির শাশুড়ী বললে নাস্তি সইতে পারত, কিন্তু ও কোথাকার কে?

শিবনাথের মা বার বার দৃঢ়কণ্ঠে প্রতিবাদ করিয়াছিলেন, না, এ বাড়ির মালিক ঠাকুরঝি। আমি শিবনাথকে দশ মাস দশ দিন গর্ভে ধরেছি, কিন্তু ঠাকুরঝি তাকে পনেরো বছর পালন করেছেন বুকে করে। ও রকম কথা যে বলবে, তার ভুল।

পিসীমা ডাকিলেন, শিবনাথ!

শিবনাথ পাশেই দাঁড়াইয়া ছিল। সে যেন অকস্মাৎ বড় হইয়া উঠিল, গভীর আন্তরিকতা-পূর্ণ স্বরে সে উত্তর দিল, তোমার হুকুমও যা, আমার বাবার হুকুমও তাই পিসীমা।

পিসীমা সেদিন এক নিমেষে যেন জল হইয়া গেলেন। মা সস্নেহ দৃষ্টিতে ছেলের দিকে চাহিয়া রহিলেন, তাঁহার চোখে জল আসিতেছিল। পিসীমা শিবুকে বুকে জড়াইয়া ধরিয়া বলিলেন, আমার দাদা কি বলতেন জান বউ, বলতেন—ভগ্নী আর যজ্ঞোপবীতে কোন তফাত নেই।

পরিতুষ্টির আর তাঁহার সীমা ছিল না। হাসিমুখেই দিন চলিতেছিল। দিন কয় পর তিনি বলিলেন, বউমাকে আমি নিয়ে আসব বউ। আমার বউ—

শিবনাথও কাছেই বসিয়া ছিল, সে বলিল, না। সে হবে না পিসীমা। ওরা নিয়ে গেছে, ওরাই দিয়ে যাবে।

শিবনাথের মা বলিলেন, শিবনাথ ঠিক বলেছে ঠাকুরঝি।

পিসীমা চুপ করিয়া রহিলেন।

নিত্য-ঝি আসিয়া বলিল, এক গামলা গুড় বের করলাম, আর করব ?

পিসীমা হা-হা করিয়া হাসিয়া গড়াইয়া পড়িলেন, তাঁহার হাস্যধ্বনির মধ্যে নিত্যর অবশিষ্ট কথা ঢাকা পড়িয়া গেল। হাসিতে হাসিতেই তিনি বলিলেন, পোড়ারমুখীর মুখটা দেখ !

নিত্যর মুখে কয় স্থানে গুড় লাগিয়া মুখখানা বিচিত্রিত হইয়া উঠিয়াছে।

মা ও শিবনাথ মৃদু একটু হাসিল মাত্র।

নায়েব বাহির হইতে ডাকিলেন, নিত্য !

পিসীমা বলিলেন, দরদালানে আসন পেতে দে মতির মা। আসুন সিং মশায়।

তিনি উঠিয়া গেলেন।

নায়েব বলিলেন, মহলের প্রজারা এসেছে সব ধানের জন্যে।

পিসীমা প্রশ্ন করিলেন, ধানের জন্যে !

আজ্ঞে হ্যাঁ, অধিকাংশ লোকেরই ঘরে এবার খাবার নেই। গত বৎসর অজন্মা গেছে।

হুঁ। যা হয়েছিল, সেটুকু জমিদার মহাজনেই গ্রাস করেছে।

তারপর জানালার ফাঁক দিয়া আকাশের দিকে চাহিয়া বলিলেন, এবার তো দেখছি অনাবৃষ্টি হল। শ্রাবণের পনেরো দিন চলে গেল, এখনও বর্ষা নামল না।

নায়েব বলিলেন, সেই কথাই আমি ভাবছিলাম। এই সম্পত্তি মাথায়, তার ওপর সংসার-খরচ, ধান হাতছাড়া করা ঠিক হবে না।

কিন্তু এ সময়ে প্রজাকে না রাখলে তো চলবে না, সে যে অধর্ম হবে। তারপর একটু চিন্তা করিয়া বলিলেন, একটা হামার সংসার-খরচের জন্যে রেখে দুটো হামার খুলে দিন।

নায়েব বলিলেন, আশ্বিনের লাট তো মাথার ওপর, অষ্টম আছে কার্তিক মাসে।

পিসীমা বলিলেন, ভগবান আছেন সিং মশায়। ওগো রতন, আর একবার ভাত চড়াতে হবে, মহল থেকে প্রজারা এসেছে !

নায়েব চলিয়া যাইতেছিলেন, পিসীমা বলিলেন, দাঁড়ান একটু। ওপাড়ার চাটুজ্জেদের মেয়ের বিয়ে, আধ মণ মাছ, দু গাড়ি কাঠ তাদের দিতে হবে। মহলে গোমস্তাকে বরাত করে দিন।

নায়েব চলিয়া গেলেন। জল খাওয়া শেষ করিয়া শিবনাথ কাছে আসিয়া বলিল, আমাকে কিছু ধান দিতে হবে পিসীমা।

ধান ? ধান নিয়ে কি করবি ?

শিবনাথ বলিল, আমরা একটা দরিদ্র-ভাণ্ডার করব। সবারই কাছে কিছু কিছু ধান চাল ভিক্ষে করে—

পিসীমা বিস্মিত হইয়া প্রশ্ন করিলেন, ভিক্ষে করে ?

হ্যাঁ, চেয়ে নিয়ে এক জায়গায় জমা করব গরিবদের জন্যে।

পিসীমা রূঢ়ভাবে ভ্রাতৃজায়ার দিকে লক্ষ্য করিয়া বলিলেন, এসব বুঝি তোমার শিক্ষা বউ ?

শিবনাথের মা হাসিয়া বলিলেন, এ তো কুশিক্ষা নয় ভাই।

পিসীমা বলিলেন, এ বাড়ির ছেলের পক্ষে সুশিক্ষা নয় ভাই।

তারপর শিবুকে বলিলেন, ধান আমি তোমায় দিচ্ছি শিবু, তুমি নিজের কাছারিতে বসে নিজে হাতে দান কর।

শিবনাথ বলিল, একা আমরা কজনের দুঃখ দূর করব পিসীমা? একটা গল্প বলি শোনো পিসীমা, একজন চাষার সাত ছেলে ছিল। কিন্তু ভাই-ভাইয়ের মধ্যে একবিন্দু মিল ছিল না। একদিন তাদের বাপ কতকগুলো সরু সরু কাঠি এনে—

পিসীমা বলিলেন, ও গল্প আমি জানি শিবনাথ, কিন্তু আমাদের বংশ আগাছার ঝাড় নয়, এ বংশ আমাদের শালগাছের জাত। যতক্ষণ খাড়া থাকবে, একা একাই ছায়া দেবে, ডালে পাতায় বহু পাখিকে আশ্রয় দেবে।

শিবনাথ বলিল, অহঙ্কার করা ভাল নয় পিসীমা।

পিসীমা বলিলেন, অহঙ্কার কার কাছে করলাম? এ তোমাকে আমি শিক্ষা দিচ্ছি। আমাদের বংশে প্রকাশ্যে দান কেউ করে নি। বাবা বলতেন, নামের লোভে দানে পুণ্য হয় না। অভাবী গেরস্থের বাড়িতে সকালে মুটেতে মাথায় করে তত্ত্ব নিয়ে যেত, বলত— আপনাদের অমুক কুটুমবাড়ি থেকে আসছি।

শিবনাথ চুপ করিয়া রহিল।

পিসীমা বলিলেন, আচ্ছা, ধান আমি দেব, কিন্তু তুমি ওসবের মধ্যে থাকতে পাবে না, যারা করছে করুক।

শিবনাথ বলিল, আমাকে যে সেক্রেটারি করেছে সব।

মা বলিলেন, বেশ তো শিবু, সেক্রেটারি অন্য কেউ হবে। নামটাই তো বড় নয়। আর তোমার এবার পরীক্ষার বৎসর, ওতে পড়ারও ক্ষতি হবে।

শিবনাথের কথাটা বোধ হয় মনঃপূত হইল না, সে নীরবে কম্পাসের কাঁটার অগ্রভাগ দিয়া দেওয়ালে একটা পরিকল্পনাহীন চিত্র আঁকিতে আরম্ভ করিল।

পিসীমা বলিলেন, লোহার দাগ দিও না, ঋণ হয়।

নায়েব রাখাল সিং বহুদর্শী ব্যক্তি! তাঁহার ভবিষ্যদ্বাণী সত্য হইল। আশ্বিনের মালখাজনা কোনরূপে মহাল হইতে হইলেও কার্তিক ষষমাহের টাকার কিছুই আদায় হইল না। গত বৎসর অজন্মা গিয়াছে, এ বৎসরও অধিকাংশ কৃষিক্ষেত্র বন্ধ্যার মত কঠিন উষর হইয়া পড়িয়া আছে। অথচ অষ্টমে বাঁড়ুজ্জে বাবুদের অনেক টাকা দেয়। ঘরের ধান পর্যন্ত প্রজাদের দেওয়া হইয়াছে। পিসীমা চিন্তার গাম্ভীর্যে গভীর হইয়া উঠিলেন। কপালের চিন্তারেখাগুলি সর্বদাই সুস্পষ্টরূপে প্রকটিত হইয়া থাকে।

নায়েব বলিলেন, ঋণ ছাড়া আর কোন উপায় তো নেই মা।

শিবনাথের মা বলিলেন, না, আমার গয়না বিক্রি করে টাকার ব্যবস্থা করুন।

পিসীমা তিরস্কারপূর্ণ স্বরে বলিয়া উঠিলেন, ছি বউ, আমাকে তুমি এ কথা শোনালে? তুমি আমার দাদার স্ত্রী, আমার ঘরের লক্ষ্মী, ভগবান তোমায় আভরণহীনা করেছেন, তার ওপরে আমার হাত নেই। আমি তোমার অলঙ্কার বেচব? ছি!

মা হাসিয়া বলিলেন, এটা নেহাত মিথ্যে অপমান-বোধ ঠাকুরঝি। ঋণ করার চেয়ে সে অনেক ভাল। তুমিও তো তোমার গয়না তোমার ভাইয়ের বিপদের সময় বিক্রি করে টাকা দিয়েছ।

দিয়েছি, তুমি আর আমি সমান নয় ভাই। আর ভগবান করুন, ভবিষ্যতে যেন আমার কথার দাম কখনও বুঝতে না হয়। নইলে আমার কথা একেবারে মূল্যহীন নয়। আপনি ঋণের ব্যবস্থা দেখুন সিং মশায়, যোগীন্দ্রবাবু উকিলকে পত্র দিন।

নায়েব বলিলেন, তিনি বিয়ের দরুন কিছু টাকা পাবেন। আর সুদের হার যোগীন্দ্রবাবুর বড় বেশি। আমি বলছিলাম, বাবুর মামাশ্বশুরকে—

পিসীমা কটাক্ষ দৃষ্টিতে নায়েবের দিকে চাহিয়া বলিলেন, আপনি যোগীন্দ্রবাবুকে চিঠি লিখুন গিয়ে।

নায়েব বলিলেন, বাবুকে একবার জিজ্ঞাসা—

মা বলিলেন, না।

নায়েব চলিয়া গেলেন।

শিবনাথ দোতলায় খাটের উপর বসিয়া 'আঙ্কল টম্‌স্ কেবিন' পড়িতেছিল। বইখানা সে স্কুলে প্রাইজ পাইয়াছে। এতদিন পড়িবার অবকাশ হয় নাই। পূজার ছুটি পাইয়া সে বইখানা পড়িতে আরম্ভ করিয়াছিল। প্রথম বার পড়িয়া সমস্ত বেশ বুঝিতে পারে নাই, আখ্যান-ভাগ একবার পড়িয়া তৃপ্তিও হয় নাই, সে আবার বইখানা পড়িতে আরম্ভ করিয়াছিল।

জীবনে সে প্রথম উপন্যাস পড়িয়াছে—'আনন্দমঠ'। পড়িয়াছে নয়, শুনিয়াছে—মা তাহাকে পড়িয়া শুনাইয়াছিলেন। সেদিন পিসীমা বাড়িতে ছিলেন না। কোন পর্বোপলক্ষ্যে গঙ্গাস্নানে গিয়াছিলেন। মায়ের কাছে শিবনাথের ঘুম আসিতেছিল না।

মা হাসিয়া জিজ্ঞাসা করিলেন, কি রে, ঘুম আসছে না?

শিবনাথ বলিয়াছিল, না।

মা বলিয়াছিলেন, গল্প বলি একটা, শোন্।

শিবনাথ বিরক্ত হইয়া বলিয়াছিল, না। আর 'এক ছিল রাজা' শুনতে ভাল লাগে না আমার।

মা আলমারি খুলিয়া একখানি বই টানিয়া লইয়া বসিলেন, তবে এ বই পড়ি, শোন্। বঙ্কিমবাবুর 'আনন্দমঠ'।

রাত্রি প্রায় শেষ হইয়া গেল, বই শেষ হইলে মা প্রশ্ন করিয়াছিলেন, কেমন লাগল?

শিবুর চোখে জল ছলছল করিতেছিল। তখন শিবু থার্ড ক্লাসে পড়িত। তারপর বঙ্কিমচন্দ্রের সমস্ত বই পড়িয়াছে। রবীন্দ্রনাথের কিছু কিছু পড়িয়াছে; কিন্তু 'আনন্দমঠ'

তাহার জীবনের আনন্দ। এতদিন পর আজ 'আঙ্কল টম্‌স্‌ কেবিন' পড়িয়া সেই ধারার আনন্দ পাইয়াছে।

একটা হুইস্‌ল বাঁশি তীব্রস্বরে কোথায় বাজিয়া উঠিল। শিবনাথ চকিত হইয়া সম্মুখের দিকে চাহিল, কিন্তু কাহাকেও দেখিতে পাইল না। বাঁশিটা আবার বাজিল।

আবার শিবনাথ চারিদিক ভাল করিয়া দেখিল। সঙ্গে সঙ্গে বাঁশিটা আবার বাজিয়া উঠিল। এবার শিবনাথের নজরে পড়িল, রামকিঙ্করবাবুদের মুক্ত জানালায় দাঁড়াইয়া নাস্তি হাসিতেছে। নাস্তিই বাঁশি বাজাইয়া তাহাকে ইঙ্গিত করিয়াছে।

শিবনাথের মুখেও হাসি ফুটিয়া উঠিল। কিন্তু কয়েক মুহূর্ত পরেই সে গম্ভীর হইয়া জানালাটা বন্ধ করিয়া দিল।

শিবু!—পিসীমা ঘরে প্রবেশ করিলেন।

শিবনাথ জানালাটা বন্ধ করিয়া তখনও খাটের উপর ফিরিয়া আসিতে পারে নাই।

পিসীমা বলিলেন, জানলাটা বন্ধ করলি কেন? ঘরে আলো আসুক না।

শিবনাথ বিব্রতভাবেই বলিল, না, থাক্‌।

তোর ওই এক ধারা, যেটি আমি বলব, সেইটিতেই—না।

তিনি নিজে গিয়া জানালাটা খুলিয়া দিলেন, বউ তখনও জানালায় দাঁড়াইয়া ছিল। পিসীমা দেখিয়া বলিলেন, বউমা দাঁড়িয়ে নয়?

শিবু নীরব হইয়া রহিল।

পিসীমা বলিলেন, তাই বুঝি জানলা বন্ধ করে দিল?

শিবনাথ এ কথারও কোন জবাব দিল না।

বউ তখন পলাইয়াছে। পিসীমা বলিলেন, বউমার কি ছিরি হয়েছে! ছি ছি! মাথার চুলগুলো উড়ছে, কালো কাপড়! কেই বা দেখে, যত্ন করে! বুড়ো দিদিমা, সে নিজে অক্ষম, তারই যত্ন কে করে, সে আর কত করবে! শুধু ঝগড়া করতেই পারে!

শিবনাথকে কি বলিতে আসিয়াছিলেন, সে আর তাঁহার বলা হইল না। নীচে নামিয়া যাইতে যাইতেই তিনি ডাকিতে আরম্ভ করিলেন, নিত্য! নিত্য! নিত্য কোথায় গেল বউ?

নিত্য ওদিক হইতে সাড়া দিতেছিল, যাই পিসীমা।

নিত্য আসিতেই বলিলেন, এক কাজ কর্‌ দেখি, ঠাকুরবাড়ির দরজায় তুই চুপ করে বসে থাক্‌। বউমা যখন এই পথ দিয়ে যাবে, আমায় ডেকে দিবি।

ঘণ্টা দুয়েক পরই বধূ বন্দিনী হইল। বেচারী খেলা করিতে বাহির হইয়াছিল, নিত্যর নিকট সংবাদ পাইবামাত্র তিনি বাহির হইয়া গিয়া ডাকিলেন, বউমা, দাঁড়াও।

নাস্তির পা দুইটি যেন মাটিতে পুঁতিয়া গেল। পিসীমা তাহার হাত ধরিয়া বাড়িতে প্রবেশ করিলেন। বউ ভয়ে কাঁপিতেছিল।

শিবনাথের মা দরদালানে সেলাইয়ের কাজ করিতেছিলেন, পিসীমা বউকে আনিয়া কাছে বসাইয়া দিয়া বলিলেন, মাথার শ্রী দেখ, কাপড়ের দশা দেখ!

বউ ফ্যালফ্যাল করিয়া চাহিয়া রহিল। পিসীমা আবার বলিলেন, চুল বেঁধে দাও, আর তোমারই শাড়ি একখানা পরিয়ে দাও।—বলিয়া তিনি চলিয়া গেলেন।

শিবনাথের মা বউয়ের চুল বাঁধিতে আরম্ভ করিলেন, দেখ মা, হিন্দুর ঘরের মেয়ে তুমি, হিন্দুর ঘরের বউ, শ্বশুর-শাশুড়ী এঁদের দেখতে হয় বাপ-মায়ের মত।

নাস্তির এইখানেই যত ভয়, সে উপদেশ কিছুতেই শুনিতে পারে না, সে রূঢ়ভাবেই হউক, আর মিষ্ট কথাতেই হউক। কিন্তু আজ উপায় ছিল না, পিছনে শাশুড়ী, হাতে চুলের মুঠি। অগত্যা সে ঘাড় নাড়িয়া পোষা পাখিটির মত উত্তর দিল, হুঁ।

শিবনাথের মা বলিলেন, নড়ছ কেন এত? স্থির হয়ে বস, সিঁথি বেঁকে যাচ্ছে যে! তুমি সাবিত্রীর গল্প জান?

নাস্তি বলিল, জানি, কিন্তু আপনি বলুন না, গল্প আমার ভারি ভাল লাগে।

সাবিত্রীর উপাখ্যান আরম্ভ হইল, শেষ হইল। চুল-বাঁধা শেষ করিয়া শাশুড়ী একখানি ঢাকাই শাড়ি বাহির করিয়া বউকে পরাইয়া মুখ মুছাইয়া সিঁদুরের টিপ পরাইয়া দিলেন।

কিছুক্ষণ পর পিসীমা ফিরিয়া আসিয়া চারিদিক চাহিয়া বলিলেন, বউমা চলে গেছে?

রতন বলিল, বোধ হয় গিয়েছে। এইখানেই ছিল, কই, নেই তো!

বউ তখন সন্তর্পণে পানের ঘরে ঢুকিয়া পানের বাটা খুলিয়া পান চুরি করিতেছিল। পিসীমার কণ্ঠস্বর শুনিয়া সে তাড়াতাড়ি দুই গালে দুইটা পান পুরিয়া আঁচলে আরও দুইটা বাঁধিয়া লইল, তারপর নিঃশব্দে উপরে উঠিয়া শিবনাথের ঘরের মধ্যে লুকাইয়া পান চর্বণ করিতে বসিল।

সাবিত্রী-উপাখ্যানেরই ফল না মনের খেয়াল—কে জানে! নাস্তির মনে হইল শিবনাথের ঘরখানা পরিষ্কার করা দরকার। কুঁচিকাঠির সরু ঝাঁটা উপরের দরদালানেই থাকে, নাস্তির তাহা জানা ছিল। সে ঝাঁটা-গাছটা আনিয়া ঘর পরিষ্কার করিতে আরম্ভ করিল। ঘর পরিষ্কার শেষ করিয়া বিছানা ও টেবিল গুছাইয়া ফেলিল। তারপর চারিদিকে চাহিয়া দেখিল, দেওয়ালে ছবিগুলার গায়ে বড় ঝুল জমিয়া আছে। সে একটা চেয়ারের উপর দাঁড়াইয়া ছোট ঝাঁটাগাছটা দিয়া ঝুল ঝাড়িবার মনস্থ করিল। কিন্তু চেয়ারের উপর উঠিয়াও নাস্তির হাতের ঝাঁটা ততদূর পৌঁছিল না। চেষ্টা করিয়াও হতাশ হইয়া বেচারি অনেক মাথা খাটাইয়া আলনা হইতে একখানা চাদর টানিয়া লইল। সেটার একপ্রান্ত গুটাইয়া ছবির গায়ে ছুঁড়িয়া মারিল। তাহাতেই কাজ হইল, গুটানো চাদর খুলিয়া ছবির গায়ের ঝুল পরিষ্কার হইয়া গেল। গঙ্গাবতরণখানা পরিষ্কার হইল। অহল্যা-উদ্ধারখানা পরিষ্কারই আছে। শিবাজীর ছবিখানার উপর এবার নাস্তি চাদরের তালটা ছুঁড়িয়া মরিল। সঙ্গে সঙ্গে ছবিখানা স্থানচ্যুত হইয়া মেঝের উপর ঝন ঝন শব্দে ভাঙিয়া পড়িল।

নিত্য-ঝি দোতলাতেই অন্য ঘরে কাজ করিতেছিল, শব্দ শুনিয়া সে ঘরের মধ্যে প্রবেশ করিয়াই চিৎকার করিয়া উঠিল, ওগো, বউদিদি খুন হয়েছে গো, কাঁচে কেটে রক্তগঙ্গা হয়েছে গো!

নাস্তি হতভম্বের মত দাঁড়াইয়া ছিল। নীচের তলা হইতে পিসীমা ছুটিয়া আসিলেন; তাঁহারাও যেন হতভম্ব হইয়া গেলেন। নাস্তির বুকের কাপড়খানা রাঙা হইয়া উঠিয়াছে। এক মুহূর্ত নিস্তব্ধ থাকিয়া শিবনাথের মা তাড়াতাড়ি আসিয়া নাস্তিকে নাড়া দিয়া ডাকিলেন, কোথায় কেটে গেছে বউমা? এত রক্ত—

নাস্তি কাঁপিতেছিল, সে সভয়ে বলিল, পানের পিচ, রক্ত নয়।

চারিটা পান মুখে পুরিয়া ঝাঁট দিতে নাস্তির মুখ হইতে উছলিয়া পানের রস ক্রমাগত বুকের কাপড়ে পড়িয়া এমন হইয়াছে। শিবনাথের মা হাসিয়া বলিলেন, ভয় নেই, রক্ত নয়।

পিসীমা বধূর কথা শুনিতে পাইয়াছিলেন, তিনি রূঢ়কণ্ঠে প্রশ্ন করিলেন, ছবি ভাঙল কি করে?

নাস্তি ভয়ে চুপ করিয়া রহিল। পিসীমা আবার বলিলেন, মাথায় এত ঝুল কোথা থেকে লাগল, মুখে হাতে এত ধুলোই বা লাগল কি করে?

নাস্তি এবার সভয়ে বলিল, ঘর ঝাঁট দিতে—

বধূর কথা শেষ হইতে না হইতে পিসীমা কঠিনভাবে বলিয়া উঠিলেন, গৌরীর তপস্যা হচ্ছিল! পতিব্রতার স্বামীসেবা হচ্ছিল!

সত্যই নাস্তির নাম গৌরী।

বাহিরে দিনান্তের অন্ধকার ছায়ামূর্তিতে তখন পৃথিবীর বুকে আসিয়া দাঁড়াইয়াছে, ঘরখানার মধ্যে সে যেন কায়া গ্রহণ করিতেছিল। মুহূর্তে মুহূর্তে ঘরখানাও নীরবতায় রাত্রির মত গভীর হইয়া উঠিতেছিল, কাহারও মুখে কথা ছিল না, শ্বাসপ্রশ্বাস ছাড়া জীবনের অন্য সমস্ত স্পন্দন যেন বিলুপ্ত হইয়া গিয়াছে।

পিসীমা বলিলেন, নিত্য, বউমাকে সঙ্গে করে ওর দিদিমার বাড়ি দিয়ে আয়।

কয়দিন পরই নাস্তির দিদিমা নাস্তিকে লইয়া তাঁহাদের কলিকাতার বাসায় চলিয়া গেলেন। সেখান হইতে যাইবেন কাশী। তিনি নাস্তির সম্পর্কে শিবুর মা ও পিসীমার যে একটা সম্মতি লওয়ার প্রয়োজন অথবা পালনীয় রীতি ছিল, সেটুকুও মানিলেন না।

পিসীমা গর্জন করিয়া উঠিলেন। মা হাসিলেন।

কিন্তু সেদিন সন্ধ্যাতেই পিসীমা বলিলেন, বউমাকে আমাদের ছেড়ে দেওয়া ভাল হল না বউ। শিবুর মন খারাপ হবে।

মা হাসিয়া বলিলেন, তুমি পাগল ভাই ঠাকুরঝি।

পিসীমা বলিলেন, না ভাই বউ, তুমি লক্ষ্য করে দেখো, শিবু আমার কত বড় হয়ে উঠেছে। কেমন গোঁফের রেখা দেখা দিয়েছে দেখেছ?

মা আবার হাসিলেন।

এগারো

পিসীমার একাগ্র সতৃষ্ণ দৃষ্টি ভুল হইবার কথা নয়, ভুলও হয় নাই। সত্যই শিবনাথ বড় হইয়া উঠিয়াছে, তাহার দেহের একটা সুস্পষ্ট পরিবর্তন আজ সহজেই চোখে পড়ে। তাহার বাল্যরূপ যেন ভাঙিয়া কে নূতন ভঙ্গিতে—নূতন রূপে গড়িয়া তুলিতেছিল। দেহখানি দীর্ঘ ভঙ্গিমায় ঈষৎ শীর্ণ হইয়া উঠিয়াছে, সর্ব অবয়বের মধ্যে দৃঢ়তার প্রতিবিম্ব ধীরে ধীরে প্রভাতের প্রথম দণ্ডের সূর্যকিরণের মত ক্রম-বিকাশমান। বাল্য ও কৈশোরের সন্ধিক্ষণে এ পরিবর্তন সকলের মধ্যেই প্রকাশ পায়, পাঁচ বৎসর হইতে পনেরো বৎসরের মধ্যে মানুষের পরিবর্তন কখনও চোখে ধরা পড়ে না। কিন্তু তাহার পরই কয় মাসের মধ্যেই এমন সুস্পষ্ট পরিবর্তন দেখা দেয় যে, চারিপাশের মানুষ বিস্মিত না হইয়া পারে না।

শিবনাথের আচরণের মধ্যেও পরিবর্তন দেখা দিয়াছিল। চোখের দৃষ্টিতে, পদক্ষেপের ভঙ্গিতে, কথা বলার ধারার মধ্যে গাম্ভীর্য মন্থর-গতিতে আত্মপ্রকাশ করিতেছিল। প্রথম বর্ষার গৈরিকবর্ণ জলধারায় আধভরা ছোট নদীর রূপের সঙ্গে এ রূপের একটা সাদৃশ্য আছে। খেলার ছলে আর তাহাকে অতিক্রম করা যায় না, সম্ভ্রমভরে নিজেকে প্রস্তুত রাখিয়া সে জলে নামিতে হয়।

তাহার ম্যাট্রিক পরীক্ষা শেষ হইয়া গিয়াছে। বিপুল অবসরে সে আবার বিবেকানন্দ, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ লইয়া বসিল।

সেদিন পিসীমা বলিলেন, হ্যাঁ রে শিবু, তুই মাঠে গিয়ে একা বসে বসে কি ভাবিস বল তো?

শিবনাথ হাসিয়া বলিল, কে বললে তোমাকে?

যেই বলুক, সঙ্গী-সাথী বাদ দিয়ে একা কি করিস?

কি আর করব? মাঠ দেখি, নদী দেখি, আকাশ দেখি।

তার মানে? ঘোড়াও আর চড়িস না?

ভাল লাগে না পিসীমা।

পিসীমার মুখ ভারী হইয়া উঠিল। মাও সেখানে আসিয়া দাঁড়াইয়া ছিলেন। শিবনাথ মাকে বলিল, আমার একটা জিনিস করে দেবে মা?

পিসীমা বলিলেন, তোমার কাজে বড় ঢিল পড়েছে রতন, গেছ বেলা দুটোর সময় আর এলে এই সন্ধ্যে লাগিয়ে! এর মানে কি বাছা?—বলিতে বলিতেই তিনি বাহির হইয়া চলিয়া গেলেন।

রতন কোন উত্তর দিল না, শুধু বলিল, কার উপর চটল ঠাকরুন আজ?

মা বলিলেন, মাঠে একা কি ভাবিস শিবু, পিসীমা তোর বলছিল আমায়?

শিবু মায়ের দিকে চাহিয়া বলিল, 'আনন্দমঠে'র সেইখানটা মনে আছে মা—মা যা ছিলেন, মা যা হইয়াছেন? আমি তাই দেখতে চেষ্টা করি মা।

মা ছেলের মুখের দিকে চাহিয়া রহিলেন, চোখে তাঁহার একটি শুভ্র হর্ষোজ্জ্বল দীপ্তি।

শিবনাথ বলিল, বুঝতে পারি না মা। সেই মূর্তিও কল্পনা করতে পারি না। সেই আকাশ, সেই নদী, সেই মাঠ, সেই ফসল—

মা বলিলেন, দেশ কি মাটি শিবনাথ? দেশকে খুঁজতে হয় গ্রামের বসতির মধ্যে, শহরের মধ্যে। তুই আমাদের পটো-পাড়াটা দেখেছিস শিবু?

আর তো পটোরা নেই; সব মরে গেছে, কজন ছিল পালিয়ে গেছে।

আমার বিয়ের পরও আমি দেখেছি শিবু, ওই পটো-পাড়ার কি চলতি! বড় বড় জোয়ান পট দেখিয়ে গান করত, মাটির পুতুল বেচত মেয়েরা। যে জায়গা দিনরাত্রি হাসি গান আনন্দে মুখর হয়ে থাকত, লক্ষ্মীর কৃপায় সুন্দর হয়ে থাকত, সেই জায়গা আজ কি হয়েছে! ওইখানে ভেবে দেখ, মা কি ছিলেন, কি হয়েছেন!

শিবু মায়ের মুখের দিকে চাহিয়া রহিল।

কেষ্ট সিং আসিয়া দাঁড়াইয়া বলিল, ঘোড়ায় জিন দেওয়া হয়েছে, পিসীমা দাঁড়িয়ে আছেন কাছারিতে।

শিবনাথ রুক্ষ দৃষ্টিতে কেষ্ট সিংয়ের দিকে চাহিয়া বলিল, খুলে দিতে বল জিন।

মা বলিলেন, না। যাও কেষ্ট, বাবু যাচ্ছেন।

কেষ্ট চলিয়া গেল।

শিবু বলিল, কেমন পাগল বল তো!

মা বলিলেন, গুরুজন সম্বন্ধে শ্রদ্ধা করে কথা বলতে হয় শিবু। যাও গায়ে জামা দিয়ে চলে যাও। পিসীমা তোমার আমার চেয়েও বড়, তাঁর মনে দুঃখ দিও না।

শিবনাথ আর কথা কহিল না, উঠিয়া জামা গায়ে দিবার জন্য চলিয়া গেল।

রতন বলিল, হল কি গো মামীমা?

পাচিকা হইলেও রতন এ বাড়ির মেয়ের মত, তাহার মা এই বাড়িতে কাজ করিয়া গিয়াছেন, তাঁহার মৃত্যুর পর সে কাজ করিতেছে। রতনের মা শৈলজা-ঠাকুরাণীকে বলিতেন—দিদি, শিবনাথের পিতাকে বলিতেন দাদা। সেই সূত্রেই রতন এ বাড়ির ভাগ্নী, শৈলজা-ঠাকুরাণী তাহার মাসীমা, শিবনাথের মাকে সে বলে—মামীমা।

শিবনাথের মা বলিলেন, হয় নি কিছু, মাঝে মাঝে তো মন-খারাপ হয় ঠাকুরঝির, সেই রকম কিছু হয়েছে। একটু তিনি ঘুরাইয়া বলিলেন।

রতন বলিল, ওই নাও, আবার পেয়াদা এসে হাজির।

সতীশ চাকর আসিয়া দাঁড়াইয়া ছিল, সে বলিল, আজ্ঞে বাবুকে ডাকছেন পিসীমা। নায়েববাবুকে বকছেন, মুহুরীবাবুকে বকছেন, বাবুকে কাগজপত্র দেখানো হয় না বলে।

শিবনাথ বলিল, চল চল, আর বক্তৃতা করতে হবে না।

বৈঠকখানায় পিসীমা নায়েবকে সত্য-সত্যই তিরস্কার করিতেছিলেন, নায়েব নত-মস্তকে দাঁড়াইয়া হাসিমুখে সমস্ত সহ্য করিতেছিলেন। শিবনাথ আসিতেই পিসীমা বলিলেন, তুমি

আর ছোট ছেলে নও শিবনাথ, আপনার বিষয় আপনি এইবার দেখেশুনে নাও। আমি আর পারব না।

শিবনাথ সে কথার জবাব দিল না, সে বলিল, এই, ঘোড়া নিয়ে আয়।

সহিস ঘোড়া আনিয়া কাছে দাঁড় করাইতেই শিবনাথ সওয়ার হইয়া বসিয়া বলিল, ঘোড়াটাকে নাচাব, দেখবে পিসীমা?

পিসীমা বলিলেন, না। তোমাকে সকালে বিকেলে কাছারিতে বসতে হবে কাল থেকে শিবনাথ।

তারপর সতীশ চাকরকে বলিলেন, কাছারি-ঘর পরিষ্কার কর সতীশ। শিবনাথ কাল থেকে টিপ সই করে দেবে, তবে টিপ মঞ্জুর হবে নায়েববাবু।

শিবনাথ তখন ঘোড়ায় চড়িয়া বাহির হইয়া গিয়াছে। পিসীমা বলিলেন, ওকে এইবার গড়ে তোলবার ভার আপনার সিং মশায়।

নায়েব হাসিয়া বসিলেন, কাঁটার মুখে শান দিয়ে ধারালো করতে হয় না মা, আপনি সব ঠিক হয়ে যাবে।

পরদিন সকালে পিসীমা নিজে শিবনাথের হাত ধরিয়া কাছারি-ঘরে বসাইয়া দিলেন। কাছারি-ঘর ঝাড়া-মোছা হইয়াছে, ফরাসের উপর সাদা চাদরের পরিবর্তে আজ রঙিন ছাপানো চাদর শোভা পাইতেছিল, তাকিয়াগুলিরও ওয়াড় পালটানো হইয়াছে। তেপায়ার উপর রূপার ফরসি সযত্ন মার্জনায় ঝকমক করিতেছিল। এ টেবিলের উপর একখানি আলুন্দের রঙিন চাদর বিছানো। তক্তাপোশের উপর মধ্যস্থলে ছোট একখানি গালিচা দিয়া শিবনাথের আসন প্রস্তুত হইয়াছিল, সম্মুখে প্রাচীনকালের কাঠের হাত-বাক্স। বাক্সটির দক্ষিণ দিকে বিচিত্র গঠনের রূপার একটি দোয়াতদানিতে দোয়াত ও কলম রক্ষিত ছিল। শিবনাথকে বসাইয়া দিয়া পিসীমা বলিলেন, দুটি কথা মনে রেখো, কারও কাছে মাথা নিচু কোরো না, আর পিতৃ-পুরুষের কীর্তি-বৃত্তি লোপ কোরো না।

তিনি আর দাঁড়াইলেন না, দ্রুতপদে বাহির হইয়া চলিয়া গেলেন, ভাল করিয়া তাঁহার মুখ কেহ দেখিতে পাইল না। শিবনাথ আসনে বসিয়া চারিদিকে একবার চাহিয়া দেখিল। নায়েব সম্মুখে দাঁড়াইয়া ছিলেন, ভূমিষ্ঠ হইয়া তাহাকে প্রণাম করিয়া বলিলেন, এই টিপটা সই করে দিন।

টিপটি নানা দেবতার পূজার খরচের ফর্দ, শিবনাথ বলিল, এত পূজো হঠাৎ?

নায়েব বলিলেন, আপনি আজ প্রথম কাছারিতে বসবেন, তারই জন্যে পূজোর ব্যবস্থা।

কেষ্ট সিং আসিয়া নত হইয়া অভিবাদন জানাইয়া বলিল, ২১৯ নম্বরের মোড়ল প্রজারা এসেছে।

নায়েব প্রশ্ন করিলেন, ৫৯ নম্বরের প্রজারা আসে নি এখনও?

আজ্ঞে না, তবে এসে পড়ল বলে।

বাহিরের বারান্দায় কতকগুলি পদশব্দ শুনিয়া কেষ্ট দরজার বাহিরে আসিয়া ফিরিয়া গিয়া বলিল, আজ্ঞে, ৫৯ নম্বরেরও সব এসে পড়েছে।

নায়েব বলিলেন, ডাক সব।

শিবনাথ প্রশ্ন করিল, প্রজারা কেন নায়েববাবু?

নায়েব উত্তর দিবার পূর্বেই দুই তৌজির দশজন মণ্ডল আসিয়া প্রণাম করিল। শিবনাথও হাত তুলিয়া প্রতিনমস্কার জানাইল।

যোগীন্দ্র মণ্ডল বলিল, অনেকদিন পরে কাছারি-ঘরে আমাদের রাজাকে দেখলাম হুজুর।

শিবনাথের মনের মধ্যে কেমন একটা উত্তেজনা জাগিয়া উঠিতেছেল; মুখ প্রদীপ্ত, চোখ জলজল করিতেছিল।

৫৯ নম্বরের তৌজির নগেন্দ্র বলিল, আমরা পিতৃহীন হয়েছিলাম, এতদিন পরে আজ বাপ পেলাম।

এইবার তাহারা নজর হাজির করিল।

শিবনাথের দেহের সমস্ত রক্ত দ্রুতবেগে মাথায় উঠিতেছিল। ওই সব তাহার বেশ ভাল লাগিতেছিল; শুধু তাহাই নয়, তাহার মন অহঙ্কারের নামান্তর আত্মপ্রসাদে ভরিয়া উঠিল। তাহার মনে হইল, সত্যই সে যেন একটি রাজা, এই প্রজাগুলির দণ্ডমুণ্ডের কর্তা; তাহার একবিন্দু হাসির পুরস্কারে উহারা কৃতার্থ হইয়া যায়, হয়তো তাহাদের মঙ্গলও হয়। সে গম্ভীরভাবে নায়েবকে বলিল, মোড়লদের জলখাবারের ব্যবস্থা করে দিন।

নায়েব বলিলেন, সতীশ বাড়ির মধ্যে গেছে।

আবার একটু মৃদু হাসিয়া শিবনাথ বলিল, তোমরা আজ এখানে খেয়ে তবে যাবে, এ তো তোমাদেরই ঘর।

সত্যই প্রজারা যেন কৃতার্থ হইয়া গেল।

নায়েব বলিলেন, আজ্ঞে হ্যাঁ, তা তো বটেই।

যোগীন্দ্র বলিল, আপনার অন্নেই তো বেঁচে আছি হুজুর।

নগেন্দ্র বলিল, মায়ের গর্ভ থেকে আপনার মাটিকেই আশ্রয় করেছি আমরা, আপনার বাড়ির পেসাদ তো আমাদের ভাগ্যের কথা।

বেলা দশটার সময় শিবনাথ বাড়িতে ফিরিল সংযত সম্ভ্রমপূর্ণ পদক্ষেপে, মর্যাদাপূর্ণ গাম্ভীর্যের অনভ্যস্ত আবরণ অতি সাবধানতার সহিত সে রক্ষা করিয়া চলিয়াছিল। কালো কাঠের হাত-বাক্সটি সতীশ কাঁধে করিয়া পিছন পিছন আসিতেছিল। শিবনাথ একেবারে আপনার ঘরের মধ্যে গিয়া উঠিল। টেবিলের উপর তাহার প্রিয় বই দুইখানি পড়িয়া আছে—'আনন্দমঠ' ও 'আঙ্কল টম্‌স কেবিন'। অকস্মাৎ নিদ্রাভঙ্গ সচকিতের মত সে টেবিলের নিকট দাঁড়াইয়া গেল। নীচে মা কি বলিতেছিলেন, তাহার কানে কথাগুলি আসিয়া পৌঁছিল।

একটি ভিক্ষে চাইব ঠাকুরঝি তোমার কাছে।

কি, বল ?

আজ থেকে শিবুকে সংসারের মধ্যে টেনে নিয়ে এসো না ভাই, ওকে লেখাপড়া শিখতে দাও।

শিবনাথ রুদ্ধশ্বাসে কান পাতিয়া রহিল। কিছুক্ষণ পর পিসীমা বলিলেন, এতে কি পড়ার ক্ষতি হবে বউ ?

হবে।

বেশ, তবে শিবনাথের পড়াই শেষ হোক। তোমার ছেলে আমি কেড়ে নিতে চাই না ভাই।

ও কথা বলছ কেন ঠাকুরঝি ? শিবনাথ তো তোমারই।

আমার !

শিবনাথ পিসীমার মুখে এক বিচিত্র হাসি কল্পনা করিয়া লইতে পারিল, সে হাসি পিসীমা মাঝে মাঝে হাসেন। পিসীমা আবার বলিলেন, কেনা পুতুল মনের মত হয় না ভাই বউ, সে পরের হাতে গড়া।

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিল। কোন একটা সুনির্দিষ্ট ব্যথিত কারণ যে ইহার মূলে ছিল, তাহা নয়, তবুও তাহার মা ও পিসীমার কথাগুলি শুনিয়া সে দীর্ঘনিশ্বাস না ফেলিয়া পারিল না। ক্যান্‌ভাসের ইজি-চেয়ারখানায় সে চোখ বুজিয়া শুইয়া পড়িল।

কিশোর মন তাহার শরতের আকাশের বলাকার মত পক্ষবিস্তার করিয়া এক সুদীর্ঘ যাত্রায় যেন উড়িয়া চলিয়াছে। উত্তরোত্তর ঊর্ধ্বে উঠিয়া সে বোধ করি নিরন্তর সন্ধান করিতেছিল, কোথায় মানসলোক। মধ্যে মধ্যে এক অজ্ঞাত আকর্ষণে তাহার মন আজিকার কাছারি-ঘরখানির দিকেও আকৃষ্ট হইতেছিল।

হঠাৎ তাহার মনে পড়িয়া গেল গৌরীকে। ছোট চঞ্চল গৌরী আজ যদি থাকিত, তবে বড় ভাল হইত। সে সশ্রদ্ধ বিস্ময়ে তাহার আজিকার মর্যাদাময় রূপের দিকে চাহিয়া থাকিত। আবার ধীরে ধীরে তাহার মনবলাকা উত্তর-দিগন্তের মানসের দিকে নিবদ্ধ হইল।

তাহার স্থূল দৃষ্টি নিবদ্ধ ছিল স্বামী বিবেকানন্দের ছবির দিকে। সে আলমারি খুলিয়া স্বামীজীর 'বীরবাণী'খানি বাহির করিয়া খুলিয়া বসিল।

এই 'বীরবাণী'র কয়েকটি বাণী কার্পেটের উপর বুনিয়া দিবার জন্যই মাকে কাল সে বলিতে চাহিয়াছিল—আমার একটি জিনিস করে দেবে মা ? কিন্তু সে কথা বলিতে পিসীমা অবসর দেন নাই। আজ সে নিজে ভুলিয়াছিল, আবার সেই কথাটা তাহার মনে পড়িল। মায়ের হাতে রচিত এই বাণী তাহার চোখের উপর অহরহ সে জাগাইয়া রাখিবে।

বারো

শিবুর মায়ের কথাই থাকিল।

সাত-আনির বাঁড়ুজ্জে বাবুদের কাছারি-ঘর একদিনের জন্য উন্মুক্ত হইয়া আবার বন্ধ হইয়া গেল। বিষয়-সম্পত্তি বন্দোবস্ত যেমন ছিল, তেমনই রহিল। পরদিন প্রাতঃকালেই শিবুর মা নায়েবকে ডাকিয়া বলিলেন, দেখুন, খরচপত্রের টিপ যেমন ঠাকুরঝি আর আমি সই করছিলাম, তেমনই হবে। শিবু সই করবে না।

রাখাল সিং শুধু বিস্মিত হইলেন না, একটু বিরক্তও হইলেন; তিনি দীর্ঘকাল ধরিয়া ঐকান্তিক কামনায় চাহিয়া আসিতেছেন একটি মনিব—যে মনিব নারী নয়, সবল দুঃসাহসী উদার, যে মনিবের চারিপাশে ঐশ্বর্যের আড়ম্বর থাকিবে, অথচ সে অমিতব্যয়ী হইবে না; লোকে যাহাকে ভয় করিবে, অথচ দুর্নাম থাকিবে না। এই কিশোর ছেলেটিকে লইয়া তেমনই একটি মনিব গড়িয়া তুলিবার আকাঙ্ক্ষা তিনি এই দীর্ঘকাল ধরিয়া পোষণ করিয়া আসিতেছেন। তিনি হইবেন তাঁহার মন্ত্রী, উপদেষ্টা, অপরিজ্ঞাত পরিচালক। শৈলজা-ঠাকুরানীর এই বন্দোবস্তে তাঁহার মনে আকাঙ্ক্ষা পরিপূরণের সম্ভাবনায় তাঁহার উৎসাহ এবং আনন্দের আর পরিসীমা ছিল না। তাই শিবুর মায়ের এই বিপরীত আদেশে তিনি বিরক্ত না হইয়া পরিলেন না, এবং সে বিরক্তি তাঁহার ভ্রূকুটি-ভঙ্গিমায় আত্মপ্রকাশ করিল। ভ্রূকুঞ্চিত করিয়া সিংহ প্রশ্ন করিয়া বসিলেন, কেন? কাল বাবু কাছারিতে বসলেন, প্রজারা সব জেনে গেল, তাদের জমিদার নিজে কাজকর্মের ভার নিলেন—

বাধা দিয়া মা বলিলেন, শিবুর এখনও কাজকর্মের ভার নেবার বয়স হয় নি সিং মশায়, তার পড়াশুনার সবই বাকি। এই তো, পরীক্ষার খবর বেরুলেই তাকে বাইরে পড়তে যেতে হবে।

রাখাল সিং একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিলেন, বাবুকে কি আরও পড়াবেন নাকি?

হাসিয়া মা বলিলেন, পড়বে না? না পড়লে মানুষ হবে কি করে সিং মশায়? শিবুকে আমি এম. এ. পর্যন্ত পড়াব। মূর্খ জমিদারের ছেলে তাকে যেন কেউ না বলে।

অন্তরের বিরক্তি আর গোপন করিতে না পারিয়া রাখাল সিং বলিয়া ফেলিলেন, তা হলে বিষয়-সম্পত্তি রক্ষা করা দায় হয়ে উঠবে মা।

কেন?

যে রকম দিনকাল পড়েছে, তাতে শক্ত মালিক না হলে বিষয়-সম্পত্তি কারও থাকবে না মা।

মা হাসিয়া বলিলেন, আমরা স্ত্রীলোক বলে আপনি ভয় করছেন?

মাথা চুলকাইয়া নায়েব বলিলেন, তা একটু করছি বইকি মা।

পিসীমা একমনে রামায়ণের একটি পৃষ্ঠাই এতক্ষণ ধরিয়া পড়িতেছিলেন, তিনি আর বোধ হয় থাকিতে পারিলেন না। বইখানা বন্ধ করিয়া উঠিয়া বলিলেন, তুমি বুঝতে পারছ না বউ, সিং মশায় ভাল কথাই বলছেন। এই বিষয়-সম্পত্তি, বাড়ির মান-সম্ভ্রম, কীর্তি-বৃত্তি—এ বজায়

রাখা কি স্ত্রীলোকের কাজ, না চাকর-বাকরের কাজ ?

দৃঢ় অথচ মিষ্ট কণ্ঠে শিবুর মা বলিলেন, সব বজায় থাকবে ঠাকুরঝি।

বিস্মিত হইয়া ভ্রাতৃজায়ার মুখের দিকে চাহিয়া শৈলজা-ঠাকুরানী বলিলেন, তুমি রাখতে পারবে ? তোমার সাহস হচ্ছে ?

অবিচল কণ্ঠে মা বলিলেন, পারব, সে সাহস আমার আছে।

মুহূর্তে শৈলজা-ঠাকুরানীর একটা অদ্ভুত রূপান্তর ঘটিয়া গেল, আক্রোশভরা স্থির দৃষ্টিতে ভ্রাতৃজায়ার মুখের দিকে চাহিয়া তিনি বলিলেন, তা হলে এতদিন আমি তোমার হাত থেকে সব কেড়ে নিয়ে রেখেছিলাম, বল।

শিবুর মা বলিলেন নায়েবকে, আমরা স্ত্রীলোক বলে আপনাকে ভয় করে কাজ করতে হবে না। ঠাকুরঝি রয়েছেন, আমি রয়েছি, সব দায়িত্ব আমাদের। যান, কাজকর্ম দেখুন গিয়ে এখন।

ক্ষুদ্র ঘটনাটির এমন একটি তিক্ত পরিণতির সম্ভাবনায় রাখাল সিং অস্বস্তি এবং শঙ্কা বোধ করিতেছিলেন, তিনি অনুমতি পাইবামাত্র যেন স্থানত্যাগ করিয়া পলাইয়া বাঁচিলেন।

শৈলজা-ঠাকুরানী এবার কঠোরতর স্বরে প্রশ্ন করিলেন, কথার আমার জবাব দাও বউ।

শিবুর মা বলিলেন, দোব। সিং মশায় নায়েব হলেও তাঁর সামনে জবাব কি আমি দিতে পারি ভাই ? সম্পত্তি তোমার বাপের, শিবু তোমার বাপের বংশধর, অধিকার তোমার যে আমার চেয়ে অনেক বেশি। তুমি কেড়ে কেন রাখবে ভাই, তোমার ভার তুমিই নিয়েছিলে, এখন যদি তুমি ভয় কর, আমি তোমার পেছন থেকে তোমায় সাহায্য করব, এই কথাই বলছি।

ভ্রাতৃজায়ার মুখের দিকে কিছুক্ষণ চাহিয়া থাকিয়া শৈলজা-ঠাকুরানী বলিলেন, মিষ্টি কথাটা তুমি বেশ শিখেছিলে বউ। যাক, এখন আমার উত্তর শোন, এককালে সম্পত্তি আমার বাপের ছিল, কিন্তু আজ সে সম্পত্তি তোমার ছেলের। তোমার ছেলে বলেই তো আজ আমার কথার ওপর তুমি কথা চালালে !

আমি তো অন্যায় কথা কিছু বলি নি ঠাকুরঝি। আমি বলছি, শিবুর লেখাপড়া শেখা দরকার। সে দশের কাছে মান্যগণ্য হোক, বিদ্বান হোক—সেটা কি তুমি চাও না ?

আমি কি চাই, না চাই, সে জেনে তো কোন লাভ নেই ভাই। আমি তো তোমাদের একটা পোষ্য ছাড়া আর কিছু নই।—কথাটা বলিতে বলিতেই শৈলজা-ঠাকুরানী স্থানত্যাগ করিয়া চলিয়া গেলেন। এই অভিমান তাঁহার অমোঘ অস্ত্র। তাঁহার এই সর্বহারা জীবনে একটি সম্পদ অটুট অক্ষয় ছিল, তাঁহার অভিমান কোনদিন অবহেলিত হয় নাই। তাঁহার বাপ ভাই এককালে সহস্র ক্ষতি বরণ করিয়া তাঁহার অভিমান রক্ষা করিয়া আসিয়াছেন। তাঁহাদের অবর্তমানে শিবুর মা তাঁহার সকল অধিকার শৈলজা-ঠাকুরানীর চরণে বিসর্জন দিয়াও সে অভিমান বজায় রাখিয়া আসিতেছেন। কিন্তু আজ সন্তানের ভবিষ্যৎ লইয়া মতদ্বৈধের মধ্যে আপনার অধিকার কোনমতেই বিসর্জন দিতে পারিলেন না। শৈলজা-ঠাকুরানী চলিয়া গেলেন,

তিনিও অবিচলিত চিত্তে ভাঁড়ার ঘরে প্রবেশ করিয়া আপন কার্যে মনোনিবেশ করিলেন।

মামী!—পাচিকা রতন একটা বাটি হাতে ঘরে ঢুকিয়া ডাকিল, মামী!

কে, রতন? কি চাই, তেল?

আর একটু পেলে ভাল হয়; না হলেও ক্ষতি নেই। একটা কথা বলছিলাম।

কি, বল।

ধীরে-সুস্থে মানিয়ে ওর মত করালেই পারতে। রাগ-রোষ করবে।

কেন রতন, আমি কি শিবুর মা নই?

রতন অপ্রস্তুত হইয়া গেল; শুধু অপ্রস্তুতই নয়, বিস্মিতও হইল। একটু পরে ঈষৎ হাসিয়া বলিল, মামীরও তা হলে রাগ হয়!

শিবুর মা কোন উত্তর না দিয়া নীরবে রতনের বাটিতে খানিকটা তেল ঢালিয়া দিলেন। ঠিক এই সময়েই নিত্য বাহিরে ব্যস্ত-সমস্ত হইয়া ডাকিল, পিসীমা! পিসীমা!

কেহ উত্তর দিল না। মা বাহির হইয়া আসিয়া বলিলেন, কি রে নিত্য?

নিত্য বলিল, লায়েববাবুতে আর কেষ্ট সিং চাপরাসীতে তুমুল ঝগড়া লাগিয়েছে মা।

কে? কার সঙ্গে ঝগড়া করছে?—পিসীমা এবার বাহির হইয়া আসিলেন।

আজ্ঞে, লায়েববাবুতে আর কেষ্ট সিং চাপরাসীতে।

ঝগড়া? কিসের ঝগড়া? কেন, বাড়ির কি মাথা-ছাতা কেউ নেই মনে করেছে নাকি?

পিসীমা গম্ভীর মুখে বাহির হইয়া গেলেন, নিত্যও অভ্যাসমত তাঁহার পিছনে পিছনে ছুটিল।

পিসীমা কাছারি-বাড়িতে আসিয়া দেখিলেন, রাখাল সিং এবং কেষ্ট সিং উভয়েই লজ্জিত নত মস্তকে নীরবে বসিয়া রহিয়াছে। বারান্দার মধ্যস্থলে একখানা চেয়ারের উপর ক্রুদ্ধ আরক্তিম মুখে গম্ভীরভাবে বসিয়া আছে শিবু। মুহূর্তে পিসীমা সমস্ত ব্যাপারটা বুঝিয়া লইলেন, পুলকিত হইয়া জিজ্ঞাসা করিলেন, ব্যাপার কি রে শিবু?

গম্ভীর মুখেই শিবু উত্তর করিল, কিছু না পিসীমা, তুমি বাড়ি যাও। যা ব্যবস্থা করবার আমি করছি।

নিতান্ত অকারণে ঝগড়া।

রাখাল সিং ক্ষুব্ধ মনে কাছারিতে আসিয়া ভাবিতেছিলেন, এখানে আর কাজ করা উচিত নয়। মালিক যেখানে থাকিয়াও নাই, সেখানে কাজ করার অর্থ হইতেছে—নিজেকে অকারণে বিপন্ন করা। একটা ফৌজদারী দাঙ্গা বাধিলে সেখানে মর্যাদা বজায় থাকে না; এ বাড়ির কর্তৃত্ব স্ত্রীলোকের হাতে বলিয়া সর্বদা শঙ্কিত হইয়া থাকিতে হয়; এমন কি, মৌখিক আস্ফালনে কেহ চোখ রাঙাইয়া গেলেও সকল ক্ষেত্রে তাহার প্রত্যুত্তর দিবার উপায় পর্যন্ত নাই। এখানে কাজ করা আর উচিত নয়।

ঠিক এই সময়েই কেষ্ট সিং আসিয়া বলিল, হুকুম দেন নায়েববাবু, রূপলাল বাগ্দীকে আমি গলায় গামছা বেঁধে নিয়ে আসব।—উত্তেজনায় ক্রোধে সে উদ্যতফণা সাপের মত ফুলিতেছিল।

নায়েবের মুখ নিদারুণ বিরক্তিতে বিকৃত হইয়া উঠিল, তাঁহার ইচ্ছা হইল, এখনই এই মুহূর্তে কাজে জবাব দিয়া আসিবেন।

কেষ্ট সিং উত্তেজিত কণ্ঠে বলিল, বেটা বাগ্দী আজ ভোরে আমাদের কালীসায়ের পুকুরে আট-দশ সের একটা মাছ মেরেছে। খবর পেয়ে বেটার বাড়ি গিয়ে দেখলাম, উঠোনে বড় বড় মাছের আঁশ পড়ে রয়েছে। আমি তাকে ধরে নিয়ে আসছিলাম, বেটার মনিব বেণী চাষা—সে এসে আমাকে আইন দেখায়, বলে, চুরি করে থাকে—থানায় খবর দাও, তুমি ধরে নিয়ে যাবার কে? হুকুম দেন, রূপো বেটাকে গলায় গামছা দিয়ে নিয়ে আসব। আর বেণী চাষার আমাদের খাস খামারে গাছ কোথায় আছে দেখুন, কাটব।

নায়েব বলিলেন, হুকুম দিতে পারব না বাপু, তুমি মালিকের কাছে যাও।

কই, দাদাবাবু কই? তাঁর কাছে যাই আমি।

মা-পিসীমার কাছে যাও। কালকের ব্যবস্থা সমস্ত রদ হয়ে গিয়েছে। বাবু এখন পড়তে যাবেন কলকাতা, মা-পিসীমার হুকুমমতই সংসার চলবে।

কেষ্ট সিং কিছুক্ষণ নীরব থাকিয়া বলিল, বেশ, আমি আর কাজকর্ম করব না মশায়, আমার মাইনে-পত্তর মিটিয়ে দেন।

নায়েব এবার অকারণে ক্রুদ্ধ হইয়া চিৎকার করিয়া বলিয়া উঠিলেন, তা আমাকে কি বলছ হে বাপু, যাও না মালিকদের কাছে গিয়ে বল না।

কেষ্ট সিং এবার ক্রোধভরে বলিয়া উঠিল, মালিকের কাছে কেন যাব আমি? আমি চাপরাসী, আপনি নায়েব, আমি আপনাকে বললাম, মালিকের কাছে যেতে হয়, জজ-সাহেবের কাছে যেতে হয়, আপনি যান। দেন, আমার মাইনে মিটিয়ে দেন।

হুঙ্কার দিয়া রাখাল সিং বলিলেন, আমিও আর চাকরি করব না হে বাপু, তুমি আমাকে চোখ রাঙাচ্ছ কি?

কেষ্ট সিং সমানে গলা চড়াইয়া বলিল, সে কথা আমাকে বলছেন কি মশায়? সে কথা আপনি মালিককে বলুন গিয়ে।

নিত্য-ঝি আসিয়াছিল শ্রীপুকুরের ঘাটে, সে চিৎকার শুনিয়া কৌতূহলভরে কাছারিতে উঁকি মারিয়া দেখিল, নায়েব ও কেষ্ট সিং আরক্ত নেত্রে দুই যুদ্ধোদ্যত পশুর মত গর্জন করিতেছে। সে ছুটিয়া বাড়ির দিকে চলিয়া গেল।

নায়েব তক্তাপোশে একটা প্রকাণ্ড চাপড় মারিয়া বলিল, সে কথা তুমি আমাকে বলবার কে হে? জান তুমি চাপরাসী, আমি নায়েব?

মেঝেতে লাঠিটা ঠুকিয়া কেষ্ট সিং বলিল, আলবত বলব, একশো বার বলব। আমাকে বললেই বলব।

ঠিক এই সময়েই শিবু কাছারিতে প্রবেশ করিল। তাহার মুখ চিন্তান্বিত, অতিমাত্রায় ধীর গতি, দৃষ্টি স্বপ্নাতুর; অন্তরলোকের যে রথীর ইঙ্গিতে জীবনরথ পথ বাহিয়া ছুটিয়া চলে, সে রথী যেন মন-তুরঙ্গের বল্গারজ্জু সংযত করিয়া স্থির হইয়া এক স্থানে দাঁড়াইয়া আছে। সকালেই সে

গিয়াছিল তাহাদের সমাজ-সেবক-সমিতির একটি অধিবেশনে। গত বর্ষায় অনাবৃষ্টির জন্য দেশে ফসল হয় নাই, পুষ্করিণীতে জল নাই, বৈশাখের প্রারম্ভেই গ্রীষ্মের নিদারুণ প্রখরতায় দেশটা যেন পুড়িয়া যাইতেছে। সমাজ-সেবক-সমিতির অনেকদিন হইতেই একটি দরিদ্র-ভাণ্ডার খুলিবার সংকল্প আছে, কিন্তু কার্যে পরিণত করিবার মত উদ্যোগ কোন দিন হয় নাই। এবার আগামী দুই-এক মাসের মধ্যেই দুর্ভিক্ষ আশঙ্কা করিয়া কয়েকজন বয়স্ক নেতা এই অধিবেশন আহ্বান করিয়াছিলেন।

অধিবেশন হইতে ফিরিবার পথে শিবু ভাবিতেছিল একটা কবিতার কথা। পদ্যপাঠের কবিতা, কোন ইংরেজী কবিতার অনুবাদ। এক নিরুদ্দিষ্ট সন্তানের মাতা এক পৃথিবী পর্যটককে ব্যাকুল আগ্রহে তাঁহার সন্তানের সন্ধান জিজ্ঞাসা করিতেছেন। মা বলিতেছেন, আমার সন্তান নগণ্য নয়, পৃথিবীর কোটি কোটি মানুষের মেলার মধ্যেও তাহাকে চেনা যায়।

পর্যটক বর্ণনা করে নানা মহামানবের কথা, বক্তার কথা বলে। মা বলেন, না, সে নয়।

পর্যটক বলে, এক মহাযুদ্ধের মধ্যে এক মহাবীরকে আমি দেখেছি—। মা বলেন, না, সে নয়, সে নয়।

ঈশ্বরের ধ্যানমগ্ন এক সন্ন্যাসী, মুখে স্বর্গীয় জ্যোতি—

না, সেও নয়।

তবে? চিন্তা করিয়া পর্যটক বলে, এক দ্বীপে কুষ্ঠাশ্রমে দেখেছি এক মহাপ্রাণকে, তিনি ওই রোগীদের সেবায় আত্মনিয়োগ করেছেন, তাঁকেও সে ব্যাধি আক্রমণ করতে ছাড়ে নি, তবু তাঁর ক্লান্তি নেই, বিরক্তি নেই।

ব্যাকুল আগ্রহে মা বলিলেন, সেই—সেই—সেই আমার সন্তান।

সমাজ-সেবক-সমিতির আবেষ্টনের মধ্যে কবিতাটি অকস্মাৎ মনে পড়িয়া গিয়াছে। তাহার ইচ্ছা হইল, হেডমাস্টার মহাশয়ের নিকট গিয়া মূল কবিতাটি কাহার জানিয়া কবিতাটি একবার পড়িবে। কিন্তু কাছারিতে প্রবেশ করিয়াই এই কোলাহলের আঘাতে তাহার চিন্তাধারা ছিন্ন হইয়া গেল, মুহূর্তে সে যেন সচেতন হইয়া উঠিল, তাহার মন-তুরঙ্গ যেন কশাঘাতে চকিত হইয়া বাতাসের বেগে ছুটিল।

কি, হয়েছে কি সিং মশায়? নায়েববাবুর মুখের উপর তুমিই বা এমন চিৎকার করছ কেন কেষ্ট সিং?

রাখাল সিং এবং কেষ্ট সিং উভয়েই মুহূর্তে নির্বাক হইয়া গেল। উভয়েই খুঁজিতেছিল, কেন তাহারা বিবাদ করিতেছিল, কারণটা কি?

শিবু ভ্রূকুঞ্চিত করিয়া বলিল, কি ব্যাপারটা কি? বাড়ির ইজ্জৎ মর্যাদা আপনারা সব ডুবিয়ে দেবেন নাকি?

সতীশ চাকর তাড়াতাড়ি কাছারি-ঘর খুলিয়া একখানা চেয়ার বাহির করিয়া দিয়া বলিল, আজ্ঞে, ঝগড়া যে কি, তা ওঁরাই জানেন; উনিও বলছেন, আমি কাজ করব না; কেষ্ট সিংও

বলছে, আমি চাকরি করব না।

আরক্তিম গম্ভীর মুখে শিবু প্রশ্ন করিল, কেন ?

সকলেই নীরব, কেহই এ কথার জবাব দেয় না। ঠিক এই অবসরেই পিসীমা আসিয়া আরক্তিমমুখ শিবুকে দেখিয়া পুলকিত হইয়া জিজ্ঞাসা করিলেন, ব্যাপারে কি রে শিবু ?

শিবু উত্তর দিল, কিছু না পিসীমা, তুমি বাড়ি যাও। যা ব্যবস্থা করবার আমি করছি।

রাখাল সিং এবার বলিলেন, আমাদের দুজনেরই দোষ মা। মিছিমিছি খানিকটা বকাবকি হয়ে গেল। তা এমন হয়, মন তো সব সময় ঠিক থাকে না মানুষের।

পাচিকা রতন কখন আসিয়াছিল, কেহ লক্ষ্য করে নাই ; সে বলিল, শিবু, নায়েববাবু কেষ্ট সিং দুজনেই পুরনো লোক, ওঁদের দোষ-ঘাট হলে তার বিচার করবেন পিসীমা, তুমি ওতে হাত দিও না, তুমি বরং বাড়ি এস।

শিবু, পিসীমা, নায়েব, কেষ্ট সিং সকলেই রতনের কথায় আকৃষ্ট হইয়া দেখিলেন, কথা রতনের নয়, রতনের পিছনে ঈষৎ অবগুণ্ঠন টানিয়া দাঁড়াইয়া শিবুর মা।

তেরো

শৈলজা-ঠাকুরানীই বিচার করিলেন। উদ্ধত প্রজা বেণী মণ্ডল এবং রূপলাল বাগ্দীর অন্যায় আচরণের শাস্তিমূলক ব্যবস্থাও তিনি করিলেন। কিন্তু বাড়ি ফিরিলেন রুদ্ধমুখ অগ্নিগর্ভ আগ্নেয়গিরির মত রূপ লইয়া। অগ্ন্যুদ্গার নাই, কিন্তু অসহনীয় উত্তাপ চারিদিকে ছড়াইয়া পড়িতেছে। জ্যোতির্ময়ী—শিবুর মা যে কৌশলে তাঁহার মাথায় সর্বময় কর্তৃত্বের কণ্টক মুকুট পরাইয়া দিয়া তাঁহাকেই লঙ্ঘন করিয়া চলিয়া আসিয়াছেন, তাহাতে সমস্ত অন্তর ক্ষোভে ক্রোধে পুড়িয়া গেলেও মুখে সে ক্ষোভ, সে ক্রোধ প্রকাশ করিবার পথ ছিল না।

অপরাহ্ণে তিনি ভ্রাতৃজায়াকে ডাকিয়া বলিলেন, দেখ বউ, কিছুদিন থেকেই মনে মনে সঙ্কল্প করেছি, কিন্তু বলি নি, বলতে পারি নি। তুমি বুদ্ধিমতী হলেও ছেলেমানুষ, তার ওপর বাড়ির বউ ছিলে। এখন তুমি একটু ভারিক্কিও হয়েছ, আর এখন তুমি শিবনাথের মা। তুমি নিজে এবার বিষয়-সম্পত্তি বেশ চালাতে পারবে। আমাকে ভাই, এইবার ছেড়ে দাও, আমি কাশী যেতে চাই।

জ্যোতির্ময়ী অল্পক্ষণ নীরব থাকিয়া বলিলেন, বেশ, তা হলে আমাকেও নিয়ে চল। আমিও তোমার সঙ্গে যাব।

ভ্রূকুঞ্চিত করিয়া শৈলজা-ঠাকুরানী বলিলেন, তুমি কোথায় যাবে আমার সঙ্গে ?

ম্লান হাসি হাসিয়া জ্যোতির্ময়ী বলিলেন, না গেলে আমি এখানে কার ভরসায় থাকব ?

কি, কি, কি বললে তুমি বউ ?—শৈলজা-ঠাকুরানী গর্জন করিয়া উঠিলেন, এতবড় অমঙ্গলের কথা তুমি বললে ! কার ভরসায় তুমি থাকবে ? একা শিবু তোমার শত পুত্রের

সমান, শতায়ু হয়ে বেঁচে থাক সে ; তুমি বলছ, কার ভরসায় থাকবে ?

শিবু এখনও ছেলেমানুষ, তার ওপর সাত-আট বছর এখন তাকে বিদেশে থাকতে হবে, সেইজন্যে বলছি ভাই। এ সম্পত্তি তো আমার চালাবার ক্ষমতা নেই।

খুব আছে। তুমি নিজে কাল বলেছ, তোমার সে ক্ষমতা আছে, আজ আমি দেখেছি, তোমার সে ক্ষমতা আছে।

জ্যোতির্ময়ী চুপ করিয়া রহিলেন। ননদের প্রকৃতির সহিত তাঁহার ঘনিষ্ঠ পরিচয় ছিল ; তিনি বুঝিলেন, এইবার অগ্ন্যুদ্গার আরম্ভ হইবে এবং এই অগ্নি নিঃশেষে বাহির হইয়া গেলেই সব শান্ত হইবে।

শৈলজা-ঠাকুরানী বলিলেন, তুমি নিজের জেদ বজায় রাখবার জন্যে নিজে গিয়ে কাছারি-বাড়িতে দাঁড়ালে ! ছি ছি ছি ! তোমার একটু সমীহ হল ! জান, তুমি কে ? আজ দাদা থাকলে কি হত, তুমি জান ?

মৃদুস্বরে জ্যোতির্ময়ী এবার বলিলেন, আমার দোষ আমি স্বীকার করছি ঠাকুরঝি।

দোষ স্বীকার করিলে, বিশেষত অপরাধীর মত নতমস্তকে দোষ স্বীকার করিলে, সে দোষ লইয়া আর মানুষকে দণ্ড দেওয়া যায় না ; কিন্তু শৈলজা-ঠাকুরানীর মনের ক্ষোভ তখনও মিটে নাই। কয়েক মুহূর্ত নীরব থাকিয়া তিনি আবার আরম্ভ করিলেন, দোষ তোমার নয়, দোষ আমার। তোমার ঘরে তোমার বিষয়ে কর্তৃত্ব করতে যাওয়া আমারই দোষ। আমি নির্লজ্জ, আমি বেহায়া, তাই এত কথার পরেও আজ নায়েব-চাপরাসীর ঝগড়ার কথা শুনে আমি দেখতে গেলাম, কেন, কিসের জন্যে ঝগড়া ! তুমি শিবুকে উঠিয়ে নিয়ে এলে। কেন, আমি যখন সেখানে উপস্থিত রয়েছি, তখন শিবু অন্যায় বিচার করবে, এমন ভয় তোমার হল কেন ? লেখাপড়া ! লেখাপড়া না শিখলে যেন—

তাঁহার বাক্যস্রোতে বাধা পড়িল। নায়েব রাখাল সিং হন্তদন্ত হইয়া আসিয়া বলিলেন, পিসীমা ! তাঁহার হাতে একখানা লালরঙের খাম।

জ্যোতির্ময়ীর দৃষ্টি প্রথমেই সেখানার উপর পড়িয়াছিল, তিনি শঙ্কিত কণ্ঠে প্রশ্ন করিলেন, ওটা কি সিং মশায় ? টেলিগ্রাম ?

হ্যাঁ মা। আমি তো পড়তে জানি না, পিওনটা বললে, বাবু পাশ হয়েছে ফার্স্ট ডিভিশনে। সে দাঁড়িয়ে আছে বকশিশের জন্যে।

মুহূর্তে শৈলজা-ঠাকুরানী ভ্রাতৃজায়াকে বুকে জড়াইয়া ধরিয়া বলিলেন, লক্ষ্মী লক্ষ্মী—আমার লক্ষ্মী তুমি বউ। শিবু তোমার ছেলে, আমার বাপের বংশের মুখ উজ্জ্বল করলে।

জ্যোতির্ময়ীর চোখ দিয়া জল পড়িতেছিল, তিনি সজল চক্ষে হাসিমুখে বলিলেন, শিবু কই, শিবু ?

নিত্য-ঝি ছুটিয়া উপরে শিবুর পড়ার ঘরের দিকে চলিয়া গেল, আমি খবর দিয়ে আসি দাদাবাবুকে, বকশিশ নোব দাদাবাবুর কাছে।

বকশিশ শব্দটা কানে আসিতেই পিওনের কথাটা জ্যোতির্ময়ীর মনে পড়িয়া গেল, তিনি

বলিলেন, পিওনকে কি দেওয়া হবে ঠাকুরঝি ?

একটা টাকাই ওকে দিয়ে দিন সিং মশায়।

দুড়দুড় শব্দে সিঁড়ি অতিক্রম করিয়া শিবু নীচে আসিয়া ছোঁ মারিয়া টেলিগ্রামখানা লইয়া খুলিয়া পড়িল, পাস্‌ড ইন দি ফার্স্ট ডিভিশন, মাই বেস্ট ব্লেসিংস—রামরতন।

শিবুর উচ্ছ্বাস যেন বাড়িয়া গেল। সে বলিল, মাস্টার মশায়—আমার মাস্টার মশায় টেলিগ্রাম করেছেন পিসীমা। রামরতন—রামরতন লেখা রয়েছে।

মাস্টার—আমাদের মাস্টার ?—বিস্মিত হইয়া পিসীমা প্রশ্ন করিলেন, মাস্টার কলকাতা গেল কি করে ?

জ্যোতির্ময়ী বলিলেন, কোন কাজে গিয়ে থাকবেন হয়তো।

পিসীমা বলিলেন, টাকা দিলে তো মাস্টার নেবে না, তাকে আমি সোনার চেন আর ঘড়ি দোব এবার। সে গরিব মানুষ, তবু খবরটা পেয়ে খরচ করে টেলিগ্রাম করেছে তো !

আমি গোঁসাই-বাবাকে খবর দিয়ে আসি পিসীমা। আমার বাইসিক্লটা ? নিত্য, ছুটে গিয়ে বল তো কাছারিতে আমার বাইসিক্লটা বের করতে। আমার জামা ?

শিবু তাড়াতাড়ি আবার উপরে উঠিয়া গেল।

শৈলজা-ঠাকুরানী বলিলেন, ঠাকুরদের সব পুজো দিতে হবে বউ, বাবা বৈদ্যনাথের পুজোর টাকাটা এখুনি কাপড় ছেড়ে তুলে ফেলি। আর সব দেবতার পুজো, সে তো কাল ভিন্ন হবে না।

জ্যোতির্ময়ী বলিলেন, বৈশাখ মাস, গ্রামের ঠাকুর-দেবতার সব সন্ধ্যেয় শীতল-ভোগের ব্যবস্থা কর না ঠাকুরঝি।

বেশ বলেছ বউ, ও কথাটা আমার মনেই ছিল না। আর তোমার মত বুদ্ধি আমার নেই, সে কথা মন খোলসা করে স্বীকার করছি ভাই।

জামা গায়ে দিয়া শিবু নামিয়া আসিয়া বলিল, আমার বন্ধুদের কিন্তু ফীস্ট দিতে হবে। তিরিশ টাকা লাগবে, তারা সব হিসেব করে রেখেছে।—বলিতে বলিতেই সে বাহির হইয়া গেল। পিসীমা পূজার টাকা পৃথক ভাগে চিহ্নিত করিয়া রাখিয়া দিয়া বাহিরে আসিয়া বলিলেন, আমার পাগলী বউমা আজ বাড়িতে নেই ভাই, সে থাকলে তার আবদারটা একবার দেখতে। সেও হয়তো বলত, আমাকে এই দিতে হবে, ওই দিতে হবে !

জ্যোতির্ময়ী কোন উত্তর দিলেন না, শুধু একটু স্নেহের হাসি হাসিলেন। রতন অগ্রসর হইয়া আসিয়া বলিল, মামীমা, এইবার কিন্তু বউকে নিয়ে এস বাপু, বউ না হলে আর ঘর মানাচ্ছে না। বউও তো আর নেহাত ছোটটি নেই, এগারো বছর বোধ হয় পার হল।

শৈলজা-ঠাকুরানী বলিলেন, একখানা চিঠি লেখ তো ভাই বউ। এই বোশেখ মাসেই আমার বউ পাঠিয়ে দিতে হবে।

জ্যোতির্ময়ী তাঁহার অভ্যাসমত হাসি হাসিয়া বলিলেন, কাল লিখব ঠাকুরঝি।

শৈলজা-ঠাকুরানী বিরক্ত হইয়া উঠিলেন, বলিলেন, তোমার ওই হাসি দেখে সময় সময়

আমার রাগ ধরে ভাই বউ। কেন, কাল লিখবে কেন? আজ লিখলে দোষটা কি শুনি?

জ্যোতির্ময়ী বলিলেন, শিবুর এখন পড়ার সময়, বউমাও এখন ছেলেমানুষ; থাকুক না সে আরও কিছুদিন। আর আমরা তো বউমাকে পাঠাই নি ভাই, তাঁরই নিয়ে গেছেন জোর করে। পাঠিয়ে তাঁরাই দেবেন নিজে থেকে।

শৈলজা-ঠাকুরানী বলিলেন, সে কথা সত্যি। কিন্তু—। কথাটা না বলিয়াই তিনি চুপ করিয়া গেলেন। কিছুক্ষণ পর আবার বলিলেন, বেশ, বউমাকে আমার শিবুর পাসের খবরটা দাও। লিখে দাও, বাবা বিশ্বনাথের কাছে যেন পুজো দেয়। আর কিছু টাকা—পঁচিশটা টাকা তাকে পাঠিয়ে দাও। তার দিদিমার যেন টাকার অভাব নেই, কিন্তু আমাদের বউ তো।

সত্য-সত্যই শৈলজা-ঠাকুরানীর চিত্ত আজ ছোট্ট নাত্তির জন্য ব্যাকুল হইয়া উঠিয়াছে। আশ্চর্যের কথা, নাত্তি চোখের সম্মুখে থাকিলে সামান্য ত্রুটিতে তাহার উপর রাগ হইয়া যায়, কিন্তু চোখের আড়ালে গেলে শিবনাথের বধূর উপর তাঁহার মমতার আর সীমা থাকে না। মনে হয়, শিবুর বউ একটু আদরিণী চঞ্চলা না হইলে মানাইবে কেন! আর একটু দুরন্ত জেদী অভিমানিনী না হইলে শিবু বশ্যতা স্বীকার করিবে কেন!

প্রখর গ্রীষ্মের রৌদ্রের তেজ তখনও কমে নাই, বাতাস যেন অগ্নিসাগরে স্নান করিয়া বহিয়া আসিতেছে। তাহার মধ্যে শিবু চলিয়াছিল। বাইসিক্লটা বেশ জোরেই চলিতেছিল. কিন্তু শিবনাথের যেন তাহাতেও তৃপ্তি হইতেছিল না। সে রেসের ঘোড়ার জকির মত বাইসিক্লটার উপর গুঁড়ি হইয়া পড়িয়া প্রাণপণে প্যাড্‌ল করিতেছিল। সহজ অবস্থাতেই বাইসিক্ল অথবা ঘোড়ায় চড়িয়া কখনও ধীর গতিতে চলিতে চায় না, দুরন্ত গতিতে অবাধ প্রান্তরে গাড়ি চালাইয়া অথবা ঘূর্ণির মত পাক দিয়া ফেরা তাহার অভ্যাস। সেই অভ্যাসের উপর আজ মনের গতি উৎসাহের আতিশয্যে দুর্নিবার হইয়া উঠিয়াছে।

তাহার মনে পড়িতেছিল হেডমাস্টার মহাশয়ের কথা। যেদিন তাহারা ম্যাট্রিক পরীক্ষা দিবার জন্য স্কুল হইতে বিদায় গ্রহণ করে, সেদিন তিনি বলিয়াছিলেন, ওয়েল, মাই বয়েজ, আই উইশ ইউ সাক্‌সেস ইন দি একজামিনেশন, গুড লাক ইন লাইফ! আজ দশ বছর ধরে তোমরা এই স্কুলটির মধ্যে খাঁচার পাখির মত বন্দী হয়ে ছিলে, আজ তোমাদের পাখায় উপযুক্ত বল সঞ্চিত হয়েছে, কণ্ঠে স্বর-লয়-তান পেয়েছে; তাই তোমাদের পৃথিবীর বুকে মুক্তি দিচ্ছি। সম্মুখে তোমাদের বিশ্ববিদ্যালয়, সেখানে গিয়ে তোমরা কৃতকার্য হও। গ্রামকে জেনেছ, দেশকে জান, পৃথিবীকে জান, আপন জীবনের পথ করে নাও। তারপর হাসিয়া আবার বলিয়াছিলেন, তোমরা আর বয়েজ থাকবে না, এবার জেণ্টল্‌মেন অ্যাট লার্জ হবে।

সে এখন জেণ্টল্‌ম্যান, বালক নয়, কিশোর নয়, জেণ্টল্‌ম্যান—ভদ্রলোক। একটি সম্মানের আসন তাহার জন্য নির্দিষ্ট হইয়া গিয়াছে। গাড়িটার দ্রুতবেগহেতু উভয় পার্শ্বের পারিপার্শ্বিক শনশন করিয়া পিছনের দিকে ছুটিয়া চলিয়াছে, ভাল করিয়া কিছু দেখা যায় না। কিন্তু শিবুর মনে হইল, সকল লোক সপ্রশংস দৃষ্টিতে তাহার দিকে চাহিয়া আছে। সহসা

আপনা হইতেই তাহার গতিবেগ শিথিল হইয়া আসিল। একটা বিষণ্ণ দীর্ঘনিশ্বাস ফেলিয়া গাড়ির উপর সে সোজা হইয়া বসিল। তাহার বধূকে মনে পড়িয়া গিয়াছে—নাস্তি, গৌরী। সে থাকিলে আজ বিস্ময়ে পুলকে বার বার তাহার দিকে অবগুণ্ঠনের অন্তরাল হইতে সহাস্য দৃষ্টিতে চাহিয়া দেখিত। সে নিশ্চয় বলিত, হ্যাঁ, ও পাস করতে পারত কিনা, আমার পরে পাস হয়েছে। তাহাকে আজ একখানা চিঠি দিতে হইবে। মন আবার চকিত হইয়া উঠিল, শুধু নাস্তিকে নয়, অনেক জায়গায় চিঠি দিতে হইবে। যেখানে যত—

হো সবুজ গাড়িকা আসোয়ার !—পিছন হইতে কাহার কণ্ঠস্বর ভাসিয়া আসিল, হো সবুজ গাড়িকা আসোয়ার !

শিবু হাসিয়া ব্রেক কষিল। কমলেশ, এ কমলেশ ছাড়া আর কেহ নয়। কমলেশ ও তাহার গাড়ি একসঙ্গে আসিয়াছিল, কমলেশের গাড়ির রঙ চকোলেট রঙের, তাহার গাড়ির রঙ সবুজ। কমলেশ পিছনে পড়িলে ওই বলিয়াই হাঁক দেয়। বেচারা কমলেশ ! নাস্তিকে লইয়া এই বিরোধের পর হইতে তাহাদের বাড়িতে যাইতে পারে না। আর তাহারও কেমন বাধ-বাধ ঠেকে।

সশব্দে কমলেশের গাড়িখানা পাশে আসিয়া থামিল। শিবু সহাস্যে বলিল, শুনেছ ?

নিশ্চয়। নইলে পলাতক আসামীকে এমনি ভাবে ধরার জন্যে ছুটি ! তারপর, এমন উর্ধ্বশ্বাসে চলেছ কোথায় ?

দেবীমন্দিরে। মাকে প্রণাম করে আসি, গোঁসাই-বাবাকে প্রণাম করে আসি।

চল।

চলিতে চলিতে কমলেশ বলিল, চল না, দিন কতক বেড়িয়ে আসি। মামা এসেছেন কিনা, তিনি বললেন, যাও না, শিবুকে নিয়ে কাশী ঘুরে এস না দিন কতক।

শিবু একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল, বলতে পারছি না এখন।

এতে ভাববার কী আছে ?

অনেক। সে পরে হবে এখন। -বলিতে বলিতেই সে গাড়ি হইতে নামিয়া পড়িল। দেবীর স্থানে তাহারা আসিয়া পড়িয়াছে। কমলেশও নামিয়া পড়িল।

নিবিড় জঙ্গলে ঘেরা আশ্রম—বহুকালের প্রাচীন তন্ত্রসাধনার স্থান। রামজী সাধু সদাপ্রজ্বলিত ধুনির সম্মুখে একটি ছোট বাঁধানো আসনের উপর বসিয়া ছিলেন। দেবীমন্দিরের পূজক পুরোহিত কয়েকজন পাশে বসিয়া গল্প করিতেছিল। শিবু ঝড়ের মত আসিয়া বলিল, গোঁসাই-বাবা, আমি পাস হয়েছি, ফার্স্ট ডিভিশনে পাস হয়েছি।

সাধু মুহূর্তে আসন ছাড়িয়া উঠিয়া শিবুকে শিশুর মত বুকে জড়াইয়া ধরিয়া বলিলেন, জিতা রহো বেটা ; বাবা হামার।

শিবু বলিল, ছাড়, তোমাকে প্রণাম করি। মাকে প্রণাম করি।

সন্ন্যাসী আশীর্বাদ করিয়া দেবীর আশীর্বাদী বিল্বপত্রের মালা শিবুর গলায় পরাইয়া দিয়া বলিলেন, বাস্, এখন আপনা রাজ করো বেটা, বাপ-দাদাকে গদ্দিমে বৈঠো, জিমিদারী দেখো,

দুষ্টকে দমন করো, শিষ্টকে পালন করো।

কমলেশ মৃদু মৃদু হাসিতেছিল। শিবু আরক্তিম মুখে সন্ন্যাসীকে বলিল, এখন আমি পড়ব গোঁসাই-বাবা।

হাঁ! বাহা বাহা, বেটা রে হামার! উ তো ভাল কথা রে বাবা। তা তুমার জিমিদারি কৌন্ চালাবে বাবা?

এখনই আমার জমিদারি দেখবার সময় হয়েছে নাকি?

হা-হা করিয়া হাসিয়া সন্ন্যাসী বলিলেন, আরে বাপ রে বাপ রে! এখুনও তুমি ছোট আছ বাবা! জানিসরে বাবা, আকব্বর বাদশা বারো বরষ উমরসে হিন্দুস্থানকে রাজ চালায়েছেন। লিখাপঢ়িভি না শিখিয়েছিলেন আকব্বর শা। তবভি কেতনা লড়াই উনি জিতলেন, তামাম হিন্দুস্থান উনি জয় করিয়েছিলেন।

কমলেশ বলিল, ছত্রপতি শিবাজীও লেখাপড়া জানতেন না।

করজোড়ে নমস্কার করিয়া সন্ন্যাসী বলিলেন, আরে বাপ রে, মহারাজ শিউজি—মায়ী ভবানীকে বরপুত্র! জিজ্জাবাই মা-ভবানীকে সহচরী—জয়া কি বিজয়া কোই হোবে। হিন্দুধরমকে উনি রাখিয়েছেন রে বাবা। হামার পল্টন যব পুনামে ছিলো, তখুন দেখিয়েছি হামি উন্‌কে কীর্তি।

শিবু বলিল, আজ সন্ধ্যেবেলায় কিন্তু যেতে হবে, লড়াইয়ের গল্প বলতে হবে।

সন্ন্যাসী সৈনিকের মত বুক ফুলাইয়া দাঁড়াইয়া হাঁকিয়া উঠিলেন, টানান্‌শান।

কমলেশ হাসিয়া বলিল, অ্যাটেন্‌শন।

শিবু মুখ না ফিরাইয়াই বলিল, জানি। সে মুগ্ধ দৃষ্টিতে সন্ন্যাসীর বীরভঙ্গিমার দিকে চাহিয়া ছিল। সন্ন্যাসী আবার হাঁকিলেন, রাট বাট ট্রান। সঙ্গে সঙ্গে রাইট অ্যাবাউট টার্ন করিয়া হাসিয়া বলিলেন, সন্‌ঝাতে কুইক ম্রাচ করিয়ে যাবে হামি বাবা। এখুন তুমি লোক কুইক ম্রাচ করো। এহি বাজল বিউগল। মুখে তিনি অতি চমৎকার বিগ্‌লের শব্দ নকল করিতে পারেন। কিন্তু বিগল বাজানো আর হইল না, তিনি বিস্মিত হইয়া কাহাকে প্রশ্ন করিলেন, আরে আরে, তুমি কাঁদছিস কেনে মায়ী?

শিবু ও কমলেশ বিস্মিত হইয়া পিছন ফিরিয়া দেখিল, একটি প্রৌঢ়া নিম্নজাতীয়া স্ত্রীলোক পিছনে দাঁড়াইয়া নিঃশব্দে কাঁদিতেছে। কমলেশ ব্যগ্রভাবে প্রশ্ন করিল, ফ্যালার মা, কাঁদছিস কেন তুই?

ফ্যালা কমলেশের বাড়ির মাহিন্দার, গোরুর পরিচর্যা করে। ফ্যালার মা কমলেশকে দেখিয়া ডুকরিয়া কাঁদিয়া উঠিল, ওগো বাবু গো, ফেলা আমার সরদ-গরম হয়ে মাঠে পড়ে রইছে গো। ওগো, গোঁসাই-বাবাকে বলে দাও একবার গাড়িখানি দিতে।

অনেক প্রশ্ন করিয়া বিবরণ জানা গেল, ফ্যালা কমলেশদেরই আদেশক্রমে মাটির জালা আনিবার জন্য তিন ক্রোশ দূরবর্তী গ্রামে কুমোর-বাড়ি গিয়াছিল, ফিরিবার পথে সহসা অসুস্থ হইয়া এই দেবীমন্দিরের অনতিদূরে জ্ঞানশূন্যের মত পড়িয়া আছে। সংবাদ পাইয়া

বিধবা মা ও তরুণী পত্নী সেখানে গিয়াছিল, কিন্তু ফ্যালার মত জোয়ানকে তুলিয়া আনিবার মত সাধ্য তাহাদের হয় নাই। তাই পুত্রবধূকে সেখানে রাখিয়া সে এই নিকটবর্তী দেবীস্থানেই ছুটিয়া আসিয়াছে। ফ্যালার মা কমলেশের পা দুইটি জড়াইয়া ধরিয়া কাঁদিয়া কহিল, ওগো বাবু, তুমি গোঁসাই-বাবাকে বলে দাও গো।

কমলেশকে বলিতে হইল না, সন্ন্যাসী বলিলেন, আরে হারামজাদী বেটী, তু কানছিস কেনে? চল্, কাঁহা তুমার লেড়কা, হামি দেখি।—বলিয়া নিজেই বলদ দুইটা খুলিয়া গাড়িতে জুতিয়া ফেলিলেন।

শিবু বলিল, দাঁড়াও গোঁসাই-বাবা, কতকগুলো খড় দিয়ে দিই। বাঁশগুলো বেরিয়ে আছে, পিঠে লাগবে যে।

প্রকাণ্ড জোয়ান, মাটিতে পড়িয়া আছে একটা সদ্য-কাটা গাছের মত। মাথার শিয়রে তরুণী বধূটি ভয়ে উদ্বেগে মাটির পুতুলের মত বসিয়া আছে। মধ্যে মধ্যে রোগী অনুনাসিক স্বরে চাহিতেছে: জঁল।

চারিদিকে লাল কাঁকরের প্রান্তর ধূধূ করিতেছে। বৈশাখের—বিশেষ করিয়া এ বৎসরের নিদারুণ গ্রীষ্মের উত্তাপ মানুষের দেহেরও জলীয় অংশ শোষণ করিয়া লইতেছে। কোথাও জলের চিহ্ন নাই। সন্ন্যাসী বলিলেন, কাঁহাসে জল আনলি রে মায়ী?

বধূটি নীরব হইয়া রহিল, ফ্যালার মা বলিল, আজ্ঞে জল কোথা পাব বাবা?

শিবু তিরস্কার করিয়া বলিল, ওখানে বললি না কেন যে, জল খেতে চাচ্ছে? যাই, আমি সাইক্লে করে নিয়ে আসি।

সন্ন্যাসী আঙুল দেখাইয়া জিজ্ঞাসা করিলেন, তব ও জল কাঁহাসে আইলো রে? ওহি রে মাটি ভিঁজা!

উ মাশায় বমি করেছে। আখের রস খেয়েছে কিনা, এই রোদে মেতে উঠেছে প্যাটে। তাই তুলে ফেলিয়েছে। মাঠেও যেয়েছে কবার মশায়।

ফ্যালা অসাড়ের মত পড়িয়াই কহিল, চাঁর বাঁর। হাতখানা তুলিয়া বুড়া আঙুলটা মুড়িয়া চারিটা আঙুল মেলিয়া ধরিল, কিন্তু পরক্ষণেই হাতখানা আপনি এলাইয়া মাটিতে পড়িয়া গেল।

হাঁ, বমিভি হইয়াছে!—সন্ন্যাসী একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিলেন, হায় হায় বেটা, এতনা বড়া বীর, এক পরশমে—আঃ, হায় হায় রে!

জল—শিবু বাইসিক্লের ব্রেক কষিয়া নামিয়া জলপাত্রটা বাড়াইয়া দিল।

ফ্যালা আকুল আগ্রহে দুই হাত বাড়াইয়া চাহিল, জঁল জঁল, দেঁ দেঁ, আঁমাকে দেঁ!

মায়ের হাত হইতে পাত্রটা কাড়িয়া লইয়া ঢকঢক করিয়া জল পান করিতে আরম্ভ করিল। সে তৃষ্ণা যেন মিটিবার নয়, ওই দগ্ধ প্রান্তরের তৃষ্ণার মত যেন একখানা মেঘ সে নিঃশেষে পান করিতে পারে।

ফ্যালার মা বলিল, এইবার উঠতে পারবি বাবা ফ্যালা? আস্তে আস্তে গাড়িতে ওঠ্, দেখি।

শিবু ও কমলেশ একসঙ্গে বলিয়া উঠিল, না না, আমরা ধরি, উঠিস নি তুই।

মুহূর্তে সন্ন্যাসী তাঁহার বিশাল বাহু প্রসারণ করিয়া পথরোধ করিয়া বলিলেন, রহো। হাম উঠা দেতা হ্যায়। অবলীলাক্রমে ফ্যালার বিশাল দেহখানি দুই হাতে শিশুর মত গাড়িতে উঠাইয়া দিলেন। তারপর বলিলেন, তুমি গাড়ি নিয়ে যেতে পারবি রে ফ্যালাকে মায়ী?

একটু লজ্জিত ভাবেই ফ্যালার মা বলিল, তা পারব আজ্ঞে, আমরা ছোটনোকের মেয়ে।

সন্ন্যাসী গম্ভীর ভাবে শিবু ও কমলেশকে বলিলেন, বাড়ি চলে যাও তুমি লোক। উসকে মত পরশ করো।

কেন?

কলেরা হয়েছে উসকো বেটা।

কলেরা? তবে তুমি ছুঁলে যে?

হাসিয়া সন্ন্যাসী বলিলেন, হামি যে সন্ন্যাসী রে বেটা। হামি যদি মর্ যাই, তব কৌন্ ক্ষতি হোবে রে বেটা? কৌন্ দুখ পাবে?

শিবুর চোখ মুহূর্তে জলে ভরিয়া উঠিল। সে মুখ ফিরাইয়া লইয়া সঙ্গে সঙ্গে বাইসিক্লের প্যাড্‌লে পা দিল। সন্ন্যাসী ডাকিলেন, শুন রে, এ বাবা হামার, শুন শুন।

শিবু পিছন ফিরিয়াই অপেক্ষা করিয়া দাঁড়াইয়া রহিল। সন্ন্যাসী বলিলেন, নেহি রে বাবা, হামি যায়কে খুব গরম পানিসে সব ধো দেবে—আচ্ছা করকে, থোড়া চুনা দেকে মর্দন কর্ দেবে। উসকে বাদ ভস্ম ডলেগা অঙ্গমে।

শিবু ও কমলেশ আশ্চর্য হইয়া গেল। স্বাস্থ্য-বিজ্ঞানের কথা তাহাদের মনে পড়িয়া গেল।

শিবু ঘাড় নাড়িয়া বলিল, তুমি তা হলে মিছে কথা বল, তুমি নিশ্চয় লেখাপড়া জান।

হা-হা করিয়া হাসিয়া সন্ন্যাসী বলিলেন, লেখাপড়ি—ক খ, ইংরি এ বি-উ হামি জানে না রে বেটা। ই সব হামি পল্টনমে শিখিয়েছিলো বেটা।

শিবু বাইসিক্লে উঠিতে উঠিতে বলিল, যেও সন্ধ্যেবেলা।

মাফ করো বাবা। আজ হামি যাবে না।

শিবু আপত্তি করিতে যাইতেছিল, কিন্তু কমলেশ বলিল, আজ সন্ধ্যেতে আমাদের সমিতির সকলকে একবার ডাকলে হয় না?

ঠিক কথা। শিবুর মন উদ্যমে ভরিয়া উঠিল। সে সানন্দে সন্ন্যাসীকে বলিল, তা হলে কাল।

সন্ন্যাসী নিষ্কৃতি পাইয়া যেন বাঁচিয়া গেলেন। মরণের স্পর্শ—তাহাকে কি বিশ্বাস আছে, যদি কোথাও কোনখানে একবিন্দু লুকাইয়া থাকে! গেলেই তো শিবু ঝাঁপ দিয়া বুকে

আসিয়া পড়িবে। দেবীর আশ্রমে প্রবেশ করিয়া তিনি হাঁকিলেন, আরে ভোলা, লে আও তো থোড়াসে চুনা। আওর গরম পানি বানাও তো এক কলস।

ভোলা দাঁতে দাঁত ঘষিয়া আপন মনেই বলিল, দেখ, ব্যাটা শেয়ালমারার খেয়াল দেখ। এই গরমে এক কলস গরম পানি!

সন্ন্যাসী অপর একজনকে সম্বোধন করিয়া বলিলেন, এ ভাগনা শিরপত, বানাও তো ভাই আচ্ছা তরেসে এক ছিলম গাঁজা।

চৌদ্দ

পরদিন প্রভাতেই শোনা গেল, ফ্যালা ডোম মারা গিয়াছে। এইখানেই শেষ নয়, রাত্রেই আরও দুইজন আক্রান্ত হইয়াছে—ফ্যালার সেই তরুণী বধূটি এবং অপর বাড়ির একজন।

শুধু এই গ্রামেই নয়, জেলার চারিদিকে মহামারীর আক্রমণ নাকি শুরু হইয়া গিয়াছে। এই প্রখর গ্রীষ্মের ইতিহাস, ভয়াবহ কাহিনীর মত মানুষের মনে আজও গাঁথিয়া আছে। প্রভাত না হইতেই আকাশে দ্বাদশ সূর্যের উদয়; মনে হয়, উত্তাপে উত্তাপে ধরিত্রী যেন চৌচির হইয়া ফাটিয়া যাইবে। কোথাও একবিন্দু সবুজের চিহ্ন নাই, দিগন্ত পর্যন্ত প্রান্তর তৃণশূন্য, রক্তাভ মাটি উত্তাপে যেন আরও লাল হইয়া উঠিয়াছে। যেন কোন তৃষ্ণার্ত রাক্ষসী আকুল তৃষ্ণায় তাহার বিরাট জিহ্বাখানা মেলিয়া ধরিয়াছে। অন্নহীন, জলহীন দেশ। মহামারী আগুনের মত যেন প্রান্তরের শুষ্ক তৃণদল দগ্ধ করিয়া এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত চলিয়াছে।

ফ্যালার মা বিনাইয়া বিনাইয়া কাঁদিতেছিল। দাওয়ার এক দিকে রোগাক্রান্ত বধূটি ছট্‌ফট করিতেছে। ফ্যালার দশ-বারো বছরের ছোট ভাইটা আঁচলে কতকগুলো মুড়ি লইয়া চিবাইতে চিবাইতে বলিতেছিল ওই বধূটিকে, শালীর ন্যাকামো দেখ, ঘরদুয়ার সব ময়লা করে ফেলালে। উঠে উঠে ঘাটে যা বলছি, হারামজাদী।

শিবু আসিয়া উঠানে দাঁড়াইল। কমলেশ এবং সমাজ-সেবক-সমিতির অন্য ছেলেরা এখন স্কুলে গিয়াছে—মর্নিং স্কুল। শিবুকে দেখিয়াই ফ্যালার মা তারস্বরে কাঁদিয়া উঠিল, ওগো বাবু, আমার কি হবে? পোড়া প্যাটের ভাত কি করে জুটবে গো?

শিবু সান্ত্বনা দিয়া বলিল, ভয় কি ফ্যালার মা, ভগবান আছেন, তিনিই ব্যবস্থা করবেন।

ওগো, আজ কি খাব বাবুমশায় গো? ঘরে যে আমার চাল নাই।

আজই চাল নাই! শিবু স্তম্ভিত হইয়া গেল, একদিনের আহারের মত সম্পদও নাই ইহাদের!

ফ্যালার মা বিনাইয়া বিনাইয়া কান্নার মধ্যেই বলিতেছিল, ঘরে যে-কয়টি চাল ধান ছিল, সেগুলি সব বেচিয়া দুইটা টাকা দিতে হইয়াছে ফ্যালার শববাহকদের। বাঁচিয়াছিল মাত্র

আনা চারেক পয়সা, তাহার দুই আনা লইয়াছে ফ্যালার বড় 'ভাই, দুই আনা লইয়াছে ওই ছোট ছোঁড়াটা। এ নাকি তাহাদের প্রাপ্য ভাগ। আর ঘরে যখন কলেরা হইয়াছে, তখন মদ না খাইলেই বা তাহারা বাঁচিবে কিসের জোরে?

শিবু ছোট ছোঁড়াটাকে চোখ রাঙাইয়া বলিল, দে, পয়সা মাকে দে; ভাত জুটছে না, মদ খাবে হারামজাদা!

ছোঁড়াটা তড়াক করিয়া লাফ দিয়া ছুটিয়া পলাইয়া গেল। ওদিকে বধূটি কাতরস্বরে চিৎকার করিয়া উঠিল, জল, ওগো একটু জল দাও গো। মেয়েটির স্বর এখনও অনুনাসিক হয় নাই। তাহার হাতে একটা শূন্য ভাঁড়। ভাঁড়টায় জল দেওয়া হইয়াছিল, সে জল ফুরাইয়া গিয়াছে।

শিবু বলিল, একটু জল দে ফ্যালার মা।

ওগো, আমার হাত-পা সব প্যাটের ভেতর ঢুকেছে গো। আমি খাব কি মা গো?

তার ভাবনা তোকে ভাবতে হবে না। খাবার চালের আমি ব্যবস্থা করে দোব।

শিবু!

শিবু চমকিত হইয়া ফিরিয়া দেখিল, পিছনে দাঁড়াইয়া তাহার পিসীমা, সঙ্গে কেষ্ট চাপরাসী ও নায়েব।

তুমি কেন এলে পিসীমা? আমি যাচ্ছি।

যাচ্ছি নয়, এখুনি আয়, আমার সঙ্গে আয়।

এখুনি? আচ্ছা, চল।—শিবু আর আপত্তি করিল না, শৈলজা-ঠাকুরানীর পিছনে পিছনে বাড়ির দিকে পথ ধরিল। পথে ওদিক হইতে একটা লোক চিৎকার করিতে করিতে আসিতেছে, খা খা খা, ডারকৌয়ো ডাকছে বাবা। লে লে, খেয়ে লে। খা খা। তারপরই একটা বিকট হাসি—হা-হা-হা!

ওপাড়ার ভদ্রবংশের সন্তানই একজন, বিকৃতমস্তিষ্ক গাঁজাখোর। কলেরা আরম্ভ হইয়াছে শুনিয়া পরমানন্দে মাতিয়া উঠিয়াছে। তাই এমনই 'খা খা' করিয়া চিৎকার করিতে করিতে চলিয়াছে। শিবুদের সঙ্গে দেখা হইতেই তাহার কৌতুক যেন বাড়িয়া গেল। শিবুরা অতিক্রম করিতেই পিছন হইতে সে আবার চিৎকার করিয়া উঠিল, খা খা, লে, সব বাবুদিগে খা। নির্বুনেদ করে খা বাবা।

পিসীমা শিহরিয়া উঠিলেন, শিবু হাসিল। বিরক্ত হইয়া পিসীমা বলিলেন, হাসছিস যে তুই বড়? ডাক তো কেষ্ট সিং ওকে।

বাধা দিয়া শিবু বলিল, না। বলুক না, বললেই কি কিছু হয় সংসারে?

কিন্তু তুই ওদের বাড়িতে গেলি কেন?

বাড়িতে গেলেই বা, তাতে কি হল? রোগ তো ছুটে এসে ধরে না।

তুই জানিস?

জানি। আমি পড়েছি বইয়ে। জিজ্ঞেস করো গোঁসাই-বাবাকে, নাড়লেও কিছু হয় না,

যদি সাবধান হয় মানুষ।

আতঙ্কে শিহরিয়া উঠিয়া পিসীমা বলিলেন, তুই কি রুগী ঘেঁটেছিস নাকি?

হাসিয়া শিবু বলিল, না। কিন্তু গোঁসাই-বাবা কাল ফ্যালাকে কোলে করে তুলেছিল। তারপর চুন দিয়ে ফুটন্ত জলে শরীর ধুয়ে ফেললে। ওদের পণ্টনে সব শিখিয়েছিল কিনা।

পিসীমা এ কথার কোন উত্তর দিলেন না, নীরবে চলিতে চলিতে বলিলেন, দেখ দেখি অলুক্ষুণে ডাক—খা খা! ভদ্রলোকের ছেলে!

দেখ মা, দেখ, ওই এক ভদ্দনোক—ভদ্দনোকের ছেলে, আবার তোমার ছেলেও ভদ্দনোকের ছেলে। ছেরজীবী হোক মা, সোনার দোত-কলম হোক মা, কে গরিবের বেপদে এমন করে গিয়ে দাঁড়ায়, বল?

ওই ফ্যালার মা। তাহাকে পিছনে আসিতে দেখিয়া পিসীমা বলিলেন, তুই কোথায় যাবি?

আজ্ঞেন, বাবু বললেন, চাল দেবেন।

আসতে হবে না, আমি পাঠিয়ে দিচ্ছি এখুনি।

ফ্যালার মা ফিরিতেই পিসীমা বলিয়া উঠিলেন, আমি গলায় দড়ি দোব শিবু, নয় পাথর দিয়ে মাথা ঠুকে মরব।

শৈলজা-ঠাকুরানী কঠিন জেদ ধরিয়া বলিলেন, বল তুই, আমার পায়ে হাত দিয়ে বল, এমন করে রোগের মাঝখানে যাবি না।

শিবু চুপ করিয়া দাঁড়াইয়া রহিল। তাহার কানে এখনও বাজিতেছে, ছেরজীবী হোক মা, সোনার দোত-কলম হোক, কে এমন করে গরিবের বেপদের মধ্যে গিয়ে দাঁড়ায়, বল? উহারা কি এমনই করিয়াই মরিবে? উঃ, কি কঠিন, কী ভীষণ মৃত্যু!

শৈলজা-ঠাকুরানী বলিলেন, বল্, আমার পায়ে হাত দিয়ে বল্।

শিবু এবার উত্তর দিল, ওতে কিছু হয় না পিসীমা। গেলেই কিছু ক্ষতি হয় না।

পিসীমা দারুণ আক্রোশভরা কণ্ঠে বলিলেন, বড়লোকের মা হবেন, বড়লোকের মা হবেন, বড়লোকের মা হবেন! রত্নগর্ভা আমার! আমি জানি না কিছু, যা মন হয় মায়ে পোয়ে করুক।

তিনি আরও কি বলিতে যাইতেছিলেন, এই সময়ে রাখাল সিং আসিয়া বলিলেন, কি বিপদ করলেন দেখুন দেখি বাবু! একশো লোক এসে হাজির হয়েছে, বলে, আমরা চাল নোব। গাঁয়ে কোথাও আমাদের খাটতে নেয় নি। বাবু আমাদের খেতে দেবে।

পিসীমা শিবুকে বলিলেন, ওই শোন্, ওদের পাড়াতে ব্যামো হয়েছে বলে কেউ ওদের খাটতে নেয় নি। আর তুই ওদের বাড়িতে যাবি?

শিবু কোন উত্তর না দিয়ে বাহিরের দিকে চলিয়া গেল। পিসীমা কাতরভাবে রাখাল সিংহের মুখের দিকে চাহিয়া বলিলেন, এ আমি কি করব বলুন তো সিং মশায়? ওকে আমি কেমন করে ধরে রাখি?

রাখাল সিং মাথা চুলকাইয়া বলিলেন, তাই তো মা, এ তো মহাসঙ্কটের ব্যাপার! মহামারী, আর কিছু নয়!

শৈলজা বলিলেন, আপনি ঘরদোরের ব্যবস্থা করুন সিং মশায়। আমি কালই এখান থেকে বউ আর শিবুকে নিয়ে অন্য কোথাও সরে যাব। সদরের শহরেই না হয় বাড়ি ভাড়া করে থাকব কিছুদিন।

এ প্রস্তাব অনুমোদন করিয়া রাখাল সিং বলিলেন, আজ্ঞে হ্যাঁ, এ বেশ ভাল যুক্তি।

জ্যোতির্ময়ী আসিয়া দাঁড়াইলেন। শৈলজা দেবী সহসা অত্যন্ত মিনতির সুরে বলিলেন, তুমি যেন আর 'না' কোরো না বউ, শিবুকে নিয়ে না পালালে আর উপায় নেই।

বেশ, তোমার যখন সাহস হচ্ছে না, তখন আমিই বা কোন্ সাহসে থাকতে বলব, বল। এখন যে লোকগুলি এসেছে, ওদের কি—? কথা অসমাপ্ত থাকিলেও ইঙ্গিতে কথাটা সম্পূর্ণ এবং সুসমাপ্ত।

শৈলজা বলিলেন, দিতে হবে বইকি। দোরে যখন এসেছে, শিবুর নাম করে যখন এসেছে, তখন না দিলে চলে? শতখানেক লোক বললেন না সিং মশায়? আড়াই মণ চাল দাও বের করে।

সতীশকে ও নিত্যকে চালগুলি বহিয়া আনিতে বলিয়া পিসীমা কাছারি-বাড়িতে আসিয়া দেখিলেন, শুধু বিপন্ন দরিদ্র অস্পৃশ্যের দলই বসিয়া নাই, বারান্দায় একদল ছেলে শিবুকে কেন্দ্র করিয়া জটলা করিতেছে। কমলেশ পর্যন্ত আসিয়াছে, এমন কি যাত্রা-থিয়েটার-পাগল কায়স্থদের চুলওয়ালা ছেলেটি আসিয়াছে। পাড়ার দশ-বারো বছরের শ্যামুও আসিয়া বসিয়া আছে। ওই চুলওয়ালা যাত্রা-পাগল ছেলেটিই তখন বলিতেছিল, তা একখানা গান-টান বাঁধ, নইলে ভিক্ষে করব কি বলে, হরিবোল বলে নাকি?

ভিক্ষে? ভিক্ষে কিসের শিবু?

এই এদের খাওয়াবার জন্যে ভিক্ষে করব পিসীমা।

ভিক্ষে করতে হবে না, আমি ওদের চাল দিচ্ছি।

সে তো আজ দিলে, কিন্তু একদিন দিলেই তো হবে না। এখন কদিন দিতে হবে কে জানে! তাই প্রত্যেক বাড়িতে আমরা ভিক্ষে করব।

সতীশ ও নিত্য চাল লইয়া আসিয়া উপস্থিত হইল, কহিল, চাল কোথায় রাখব?

শিবু মুহূর্তে একটা কাণ্ড করিয়া বসিল, সে আপনার কোঁচার কাপড়টা খুলিয়া প্রসারিত করিয়া দিয়া বলিল, দাও পিসীমা, এতেই দাও। তুমিই দাও প্রথম ভিক্ষে।

নিতান্ত সাধারণ সামান্য ঘটনা, কিন্তু পিসীমার মনে, জানি না কেমন করিয়া, অতি অসাধারণ অসামান্য হইয়া উঠিল, একটা ভাবের আবেশে যেন তাঁহার কণ্ঠ রুদ্ধ হইয়া গেল, তিনি নীরবে কম্পিত হস্তে পাত্র উজাড় করিয়া চাল শিবুর প্রসারিত বস্ত্রাঞ্চলে ঢালিয়া দিলেন।

ছোট্ট শ্যামু, তাহাকেও বোধ করি ভাবাবেগের ছোঁয়াচ লাগিয়া গেল, সে পুলকে হাততালি দিয়া উঠিল, জয় পিসীমার জয়!

সমবেত ছেলেরাও এবার জয়ধ্বনি দিয়া উঠিল।

পিসীমা বাড়ি ফিরিলেন এক অদ্ভুত অবস্থায়। নিতান্ত অবসন্ন অসহায়ের মত, কিন্তু মনে কোন ক্ষোভ নাই, ক্রোধ নাই।

বউ, শিবু যে যাবে, এমন বলে তো মনে হয় না ভাই।

যাবে বইকি ; তুমি বললে যাবে না, এ কি হয় ?

যাবে না ভাই। তুমি বললেও যাবে না। আর মন্দ কাজও তো শিবু আমার করছে না। লক্ষ্মীজনার্দনের চরণোদক আর আশীর্বাদী এনে রাখো তো ভাই ; স্নান করলে ওর মাথায় দিতে হবে।

অপরাহ্নের দিকে গ্রামের অবস্থা ভয়াবহ হইয়া উঠিল। আরও চারজনের ব্যারাম হইয়াছে। ডোমপাড়া হইতে বিস্তৃত হইয়া আসিয়া মুচীপাড়া ও বাউরীপাড়ায় সংক্রামিত হইয়াছে। শিবু একটু গা-ঢাকা দিয়াই পাড়াটার মধ্যে ঘুরিয়া আসিল। সমস্ত পাড়াটা স্তব্ধ, লোকে নীরবে কলের পুতুলের মত কাজ করিতেছে। মুচীপাড়ায় দুইজন, বাউরীপাড়ার একজন, ডোমপাড়ায় নূতন একজন। ডোমেদের সেই বধূটি এখনও বাঁচিয়া আছে, যন্ত্রণায় ছট্‌ফট করিতেছে আর চিৎকার করিতেছে, জল—জল !

বাড়িতে কেহ নাই, বুড়ী ফ্যালার মা তাহার অপর দুইটি ছেলেকে লইয়া পলাইয়াছে। মেয়েটি বিছানা হইতে গড়াইয়া দাওয়ার ধূলায় আসিয়া পড়িয়াছে—ধূলিধূসরিত দেহ, আলুলায়িত চুল ধূলায় ধূলায় রুক্ষ পিঙ্গল। শিবুর চোখে জল আসিল।

জল ! ওগো বাবু, একটুকুন জল দ্যান গো মশায়। জল !—তৃষ্ণার্ত জিহ্বা বাহির করিয়া সে জল চাহিল। শিবু ভাবিতেছিল, জল—জল কোথায় পাওয়া যায় ? কে পিছন হইতে তাহাকে আকর্ষণ করিয়া ডাকিল, এস, তুমি পালিয়ে এস, নইলে চললাম আমি পিসীমার কাছে।

তাহার অনুচর বাড়ির মাহিন্দার শম্ভু বাউরীর মা। শম্ভুরা আজ তিন পুরুষ তাহাদের বাড়ির চাকর। শম্ভুর মাও তাহাদের বাড়ির এঁটোকাঁটা পরিষ্কার করে। তাহাকে এ পাড়ায় ঘুরিতে দেখিয়া প্রৌঢ়া ছুটিয়া তাহাকে ধরিয়া লইয়া যাইতে আসিয়াছে। শিবু যেন একটা উপায় পাইল। সে বলিল, শম্ভুর মা, একটু জল আন্ দেখি।

না, তুমি পালিয়ে এস। নইলে আমি পিসীমার কাছে যাব।

আগে তুই জল আন্, তবে যাব।

তুমি ওই ওকে ছোঁবা নাকি ?

না রে না, তুই আন্ তো।

শম্ভুর মা চলিয়া গেল। কিছুক্ষণ পরই একটা মালসা ভরিয়া জল লইয়া ফিরিয়া নিজেই দাওয়ার উপর খানিকটা দূরে নামাইয়া দিয়া মেয়েটাকে বলিল, ওই খা, রইল জল। তারপর শিবুকে কহিল, এইবারে বাড়ি চল দেখি।

শিবু দাওয়ায় উঠিয়া মালসাটি মেয়েটির কাছে সরাইয়া দিল। তারপর শম্ভুর মায়ের সহিত যাইতে যাইতে বলিল, এত দূরে দিলে খাবে কি করে?

বেশ আসবে গড়াগড়ি দিয়ে। তুমি কিন্তু আচ্ছা বট বাপু! হেই মা রে! পরাণে ভয়-ডর নাই গো! আবার দাঁড়ালে কেন?

মেয়েটা পশুর মত মুখ ডুবাইয়া মালসায় চুমুক দিতেছে। ফিরিতে ফিরিতে বলিল, পিসীমাকে যেন বলিস নি।

শ্রীপুকুরের ঘাটের দরজা দিয়া কাছারিতে প্রবেশ করিয়াই শিবু দেখিল; একজন কন্‌স্টেবল ও তাহার পিছন পিছন দুইটি যুবক ওদিকের সদর-রাস্তার দরজা দিয়া কাছারিতে প্রবেশ করিতেছে। কন্‌স্টেবলটি শিবুকে সেলাম করিয়া বলিল, এহি বাবুলোক আসিয়েসেন। দারোগ্‌গাবাবু আপ্‌কে পাশ ভেঁজিয়ে দিলেন।

আপনি শিবনাথবাবু?—অপেক্ষাকৃত বয়স্ক যুবকটি সম্মুখে আসিয়া প্রশ্ন করিল।

কৌতূহলী হইয়া শিবনাথ বলিল, আজ্ঞে হ্যাঁ। আপনারা কোথায় এসেছেন?

আমরা মেডিক্যাল স্টুডেন্ট, ভলান্টিয়ার হয়ে এসেছি। আপনাদের এখানে কলেরার কাজ করব।

মেডিক্যাল ভলান্টিয়ার! শিবু আশায় উদ্দীপনায় সাহসে প্রদীপ্ত হইয়া উঠিল। কোত্থেকে আসছেন?

আপাতত শিউড়ি থেকে; এসেছি আমরা কলকাতা থেকে। আপনাদের ডিস্ট্রিক্টবোর্ডের চেয়ারম্যান ডিস্ট্রিক্টে কলেরার ওআর্ক করবার জন্যে একটা অ্যাপীল দিয়েছিলেন কাগজে। আমরা তাই এসেছিলাম। আজ সকালে এখানকার খবর পেয়ে আমাদের এখানে পাঠিয়ে দিয়েছেন। থানায় উঠেছি আমরা; সাব-ইন্‌স্পেক্টার বললেন, আপনার কাছে সব খবর পাওয়া যাবে। কতজন রোগী এখানে?

এখন ছজন, একজন কাল রাত্রেই মরে গেছে।

চলুন, দেখে আসি।

আমি এই দেখে আসছি।

আচ্ছা, আমাদের একবার দেখিয়ে দেবেন চলুন।

একটু কিছু খেয়ে নেবেন না? একটু খাবার আর চা?

খাব বইকি, কিন্তু ফিরে এসে। আগে একবার দেখে আসি, এসে খাব। আমরা কিন্তু আপনার এখানেই থাকব। থানায় থাকতে ভাল লাগছে না।

শিবু পুলকিত হইয়া উঠিল, শুধু পুলকিত বলিলে ঠিক হয় না, তাহার বুকে ক্ষণপূর্বের সঞ্চারিত আশ্বাস উৎসাহ দ্বিগুণিত হইয়া উঠিল। সে বলিল; সত্যি এখানে থাকবেন আপনারা?

নিশ্চয়। দুজন লোক পাঠিয়ে দিন তো; না, এই যে সিপাইজী, আমাদের জিনিসপত্রগুলো এখানে পাঠিয়ে দিতে বলবে দারোগাবাবুকে। আমরা এখানেই থাকব। বুঝলে?

* *

কন্‌স্টেবল চলিয়া গেল। তাহারাও বাহির হইয়া গেল। বাড়ি বাড়ি ঘুরিয়া সর্বশেষে সেই বধূটিকে দেখিতে গিয়া দেখিল, সে কখন গড়াইয়া আসিয়া দাওয়া হইতে নীচে উঠানে পড়িয়া গিয়াছে।

চকিত হইয়া বড় ডাক্তারটি প্রশ্ন করিল, এ বাড়ির লোক ?

কেউ নেই, পালিয়েছে।

ডাক্তার আর কথা বলিল না, ক্লেদাক্ত মেয়েটিকে দুই হাতে তুলিয়া সযত্নে বিছানায় শোয়াইয়া দিল। তারপর ছোট ছেলেটিকে বলিল, একটা ইন্‌জেকশন ঠিক কর তো।

তাহারা ইন্‌জেকশন দিতে বসিল, শিবু মাথার শিয়রে বসিয়া সযত্নে তাহার মুখে জল দিতে আরম্ভ করিল। ডাক্তার বলিল, দেখুন, রুগী ঘাঁটছেন, হাতটাত যেন মুখে দেবেন না। ওইটুকু সাবধান। বাড়িতে ওষুধ দিয়ে হাত ধুয়ে ফেলতে হবে, কাপড়-চোপড় ওষুধের জলে দিতে হবে।

কাছারি-বাড়িতে ফিরিয়াই শিবু দেখিল, পিসীমা গম্ভীরমুখে দাঁড়াইয়া আছেন। সে তাহা গ্রাহ্যই করিল না, হাসিমুখে বলিল, পিসীমা, এঁরা ডাক্তার, কলকাতা থেকে এসেছেন কলেরার চিকিৎসা করতে, সেবা করতে। উঃ, সে যে কি রকম যত্নের সঙ্গে দেখলেন, কেমন করে যে নাড়লেন ঘাঁটলেন, সে যদি দেখতে !

তার সঙ্গে সঙ্গে তুমিও নাড়লে ঘাঁটলে তো ?

শিবু কিছু বলিবার পূর্বেই ডাক্তার বলিয়া উঠিল, ভয় কি পিসীমা, আমরা ওষুধ দিয়ে হাত-পা ধুয়ে ফেলব। গরম জলে স্নান করব। কাপড়-চোপড় পর্যন্ত ওষুধে ডুবিয়ে দোব। কোনও ভয় করবেন না আপনি।

পিসীমাও পরম আশ্বাসভরে বলিলেন, দেখো বাবা, ও ভারী চঞ্চল। তোমাদের পেয়ে আমার তবু ভরসা হল। তোমার নাম কি বাবা ?

আমি সুশীল, আর এর নাম পূর্ণ। আর আপনি আমাদের পিসীমা। আমাদের কিন্তু অনেকটা গরম জল চাই পিসীমা।

পিসীমা দ্রুত বাড়ির দিকে চলিয়া গেলেন। কেষ্ট সিং সতীশ উভয়েই তাঁহার অনুসরণ করিল।

পনেরো

সুশীল মেডিক্যাল কলেজের ছাত্র। এবার সে শেষ পরীক্ষা দিয়াছে, এখনও ফল বাহির হয় নাই। পূর্ণ পড়ে ক্যাম্পবেল মেডিক্যাল স্কুলে। তাহার পড়া শেষ হইতে এখনও এক বৎসর বাকি। পূর্ণ ছেলেটি বড় শান্ত, প্রায়ই কথা কয় না ; কথায় কথায় শুধু একটু মিষ্ট হাসি হাসে। সুশীল তাহার বিপরীত ; অদ্ভুত ছেলে, জীবনে পথ চলিতে কোনখানে এতটুকু বাধা

যেন তাহার ঠেকে না, কোন কথা বলিতে তাহার দ্বিধা হয় না। শিবনাথের বিবাহ হইয়াছে শুনিয়া তাহার আর বিস্ময়ের সীমা রহিল না; সে বলিয়া উঠিল, শিবনাথবাবুর বিয়ে হয়ে গেছে নাকি? ছি ছি ছি, বলছেন কি?

শিবনাথের লজ্জা হইল। পূর্ণ মুখে একটুখানি মিষ্ট হাসি মাখিয়া দাঁড়াইয়া ছিল। জ্যোতির্ময়ীও হাসিলেন। কিন্তু পিসীমা রুষ্ট হইয়া উঠিলেন, তিনি বলিলেন, কেন বাবা, ছি ছি কেন? শিবু তো বিয়েই করেছে, বিয়ে তো সংসারে সবাই করে।

সুশীল অপ্রস্তুত হইল না। সে বলিল, এত সকালে বিয়ে দিয়েছেন! শিবনাথবাবুর পড়া শেষ হতেই এখন অনেক দেরি, উপার্জনের কথা দূরে থাক।

উপার্জন শিবু না করলেও বউয়ের ভরণপোষণ চলবে বাবা। আর তোমাদের ও হাল-ফ্যাশানের ধাড়ী বউ আমাদের সংসারে চলে না।

তা হলেও পিসীমা, বাল্যবিবাহ ভাল নয়। ডাক্তারী শাস্ত্রেও নিষেধ করে।

আমাদের কবিরাজী শাস্ত্রেও নিষেধ করে না বাবা। সে মতে গৌরীদান প্রশস্ত।

হা-হা করিয়া হাসিয়া সুশীল বলিল, তর্কে পিসীমা কিছুতেই হারবেন না। তা বেশ, আমাদের বউ দেখান। বউকে বুঝি ঘরের মধ্যে বোরকা এঁটে বন্ধ করে রেখেছেন?

পিসীমার মনের উত্তাপ ইহাতে লাঘব হইল না। তিনি বলিলেন, আমরা কি বোরকা পরে আছি বাবা, না ঘরের দরজা এঁটে আলোর পথ বন্ধ রেখেছি, যে বউকে বন্ধ করে রাখব?

জ্যোতির্ময়ী মনে মনে শঙ্কিত হইয়া উঠিতেছিলেন, তিনি তাড়াতাড়ি বলিলেন, বউমা থাকলে তোমরা দেখতে পেতে বইকি বাবা; তিনি এখানে নেই, কাশীতে আছেন।

কাশীতে বিয়ে দিয়েছেন বুঝি?

না না, বউমার দিদিমা কাশী গেছেন, বউকে সঙ্গে করে নিয়ে গেছেন। বউমার বাপের বাড়ি এই গ্রামেই, এই আমাদের বাড়ির পাশেই। ওই যে পাকা বাড়ির মাথাটা দেখা যাচ্ছে, ওইটে।

অ্যাঁ! বলেন কি? এ তো ভারি মজার ব্যাপার! বউ বাপের বাড়ি গেলে শিবনাথবাবু জানালায় দাঁড়িয়ে কথা কইবেন।

মৃদুভাষী পূর্ণ এবার বলিল, অনেকটা বেলা হয়ে গেল; চলুন, একবার রুগী দেখে আসি। আর নতুন কেস হয়েছে কিনা খবর নেওয়া দরকার।

কাছারি-বাড়িতে প্রবেশ করিয়াই সুশীল সপ্রশংসকণ্ঠে বলিল, বাঃ, বেশ ঘোড়াটি তো, বিউটিফুল হর্স! কার ঘোড়া?

সহিস ঘোড়াটায় চড়িয়া ঘুরাইয়া আনিয়া এখন মুখের লাগাম ধরিয়া ঘুরাইতেছিল। শিবু নিয়মিত চড়ে না, অথচ ঘোড়া বসিয়া থাকিলেই বিগড়াইয়া যায়, এইজন্য এই ব্যবস্থা। সুশীলের প্রশ্নের উত্তরে শিবু লজ্জিত হইয়াই বলিল, আমার ঘোড়া। বিবাহ-প্রসঙ্গে সুশীলের মন্তব্য শুনিয়া তাহার মনে হইল, ঘোড়ার অধিকারিত্বের জন্যও সুশীল তীক্ষ্ণ মন্তব্য না করিয়া ছাড়িবে না।

সুশীল সবিস্ময়ে বলিল, আপনার ঘোড়া? এই ঘোড়ায় আপনি চড়তে পারেন?

এবার শিবু হাসিয়া উত্তর দিল, পারি বইকি।

ওঃ, আপনি দেখছি, গ্রেট ম্যান—ওয়াইফ, ঘোড়া! হোয়াট মোর? আর কি আছে?

শিবু কোন কিছু বলিবার পূর্বেই অহঙ্কৃত কণ্ঠস্বরে কেষ্ট সিং বলিল, আজ্ঞে, বাইসিক্ল আছে, পালকি আছে।

পালকি! ওয়াণ্ডারফুল! মনে হচ্ছে, যেন মোগল-সাম্রাজ্যে চলে এসেছি—ইন্ দি ল্যাণ্ড অ্যাণ্ড পিরিয়ড অব দি গ্রেট মোগল্স।

সুশীলের কথার মধ্যে শিবনাথ যেন একটা তীক্ষ্ণ আঘাত অনুভব করিতেছিল, সে এবার ঈষৎ উত্তাপের সহিতই জবাব দিল, সে যুগ কিন্তু এই ফিরীঙ্গী যুগের চেয়ে অনেক ভাল ছিল সুশীলবাবু। উইহ্যাড আওয়ারইণ্ডিপেণ্ডেন্স ইনদি ল্যাণ্ড অ্যাণ্ড পিরিয়ড অবদি গ্রেট মোগল্স্।

এবার পূর্ণ কথা বলিল, চমৎকার বলেছেন শিবনাথবাবু! এবার জবাব দিন সুশীলদা

সুশীল হাসিয়া বলিল, বেলা হয়ে যাচ্ছে, আগে চল রুগী দেখে আসি, তারপর হবে। কিন্তু আপনার আর সব সহচর কই শিবনাথবাবু? আপনি কি একাই আপনাদের সেবক-সমিতি নাকি?

আমি এসেছি শিবনাথদা। কাছারি-ঘরের ভিতর হইতে বাহির হইয়া আসিল সেই ছোট্ট ছেলেটি—শ্যামু। কাছারি-ঘরের ছবিগুলো দেখছিলাম আমি।

শিবনাথ খুশি হইয়া বলিল, তুই আসবি, সে আমি জানি। তুই একবার সকলকে ডাক দিয়ে আয় তো, চাল তুলতে হবে।

শ্যামু ক্ষুণ্ণ হইয়া বলিল, আমি তোমাদের সঙ্গে যাই না শিবনাথদা?

সুশীল তাহার পিঠ চাপড়াইয়া বলিল, সেনাপতির আদেশ মান্য করাই হল সৈনিকের সর্বশ্রেষ্ঠ কাজ। যাও, তোমাদের সেনাপতি যা বলছেন, তাই কর।

কোথায় মড়াকান্না রোল উঠিয়াছে,—কোন্ একটা রোগী মরিয়াছে। বাকি পল্লীটা নিস্তব্ধ। আপন আপন দাওয়ার উপর সকলে বিবর্ণমুখে স্তব্ধ হইয়া বসিয়া আছে। পল্লীটার প্রথমেই শম্ভুদের বাড়ি; শিবনাথ প্রশ্ন করিল শম্ভুর মাকে, পাড়া কেমন আছে রে শম্ভুর মা?

সে কম্পিতকণ্ঠে উত্তর দিল, ওগো বাবু, ভয়ে কাঁপুনি আসছে গো; বলতে যে লারছি। কাল রেতে আবার ছজনার হইছে গো।

শিবনাথ শিহরিয়া উঠিল, ছজনের?

সুশীল প্রশ্ন করিল, কেউ মরেছে নাকি? কাঁদছে—ওই যে?

তিনজনা মরেছে বাবু। মুচীদের একজনা, বাউরী একজনা, আর ডোমেদের সেই ছেলেটা; ডোমেরা সব পালিয়েছে বাবু, মড়া ফেলে পালিয়েছে। ঘরেই কুকুরে মড়া নিয়ে ছেঁড়াছিঁড়ি করছে। ওই দেখ কেনে, মাথার উপর শকুনি উড়ছে, দেখ কেনে!

শম্ভুর মা শিহরিয়া উঠিয়া ভয়ে কাঁদিয়া ফেলিল, কি হবে বাবু? কী করব বলেন দেখি? কোথা যাব?

শিবনাথ চিন্তিতমুখে বলিল, খুব ভয় হচ্ছে তোদের 'শম্ভুর মা'? এক কাজ কর্, আমাদের বাগানে কালামায়ের ঘরের পাশে যে ঘর আছে, সেখানে গিয়ে ছেলেপিলে নিয়ে থাক্। কেমন?

পূর্ণ আকাশের দিকে চাহিয়া দেখিতেছিল, শকুনির দল পাক খাইয়া নীচের দিকে নামিয়া আসিতেছে। ঘৃণায় বিকৃতমুখে সে বলিল, কি বিশ্রী! একেবারে বীভৎস!

সুশীল বলিল, আচ্ছা, ডোমেদের সেই বউটি একা আছে, তাকে জ্যান্ত খেয়ে ফেলবে না তো? চলুন, তাকেই আগে দেখে আসি।

সমস্ত পল্লীটা জনহীন। দূরে বোধ করি মুচীপাড়ার কান্নার রোল, সে রোলকেও ছাপাইয়া এ পাড়ার একটা বাড়িতে শকুন ও কুকুরের কলহ-কলরব। ফ্যালাদের বাড়ির উঠানেও কয়টা শকুন বসিয়া বসিয়া ওই মেয়েটিকে দেখিতেছে, তাহার মৃত্যুপ্রতীক্ষায় বসিয়া আছে। মেয়েটি আতঙ্কে বোধ হয় মরিয়াই গিয়াছে।

সুশীল এক লাফে দাওয়ায় উঠিয়া তাহাকে পরীক্ষা করিয়া দেখিয়া বলিল, বেঁচে আছে। জল, ওয়াটার-বট্‌ল্ থেকে জল দিন তো শিবনাথবাবু; সাবধান, ওঠাতে যেন ছোঁয়া না লাগে।

মেয়েটির সেই ভাঁড়টায় জল ঢালিয়া লইয়া মুখে চোখে জল দিতেই তাহার চেতনা হইল। কিন্তু অলস অর্থহীন দৃষ্টি।

কিছু খেতে দেওয়া দরকার। পূর্ণ, একটু গ্লুকোজ দাও তো।

বাবু! ডাক্তারবাবু!

পাঁচ-সাতজন লোক আসিয়া দাঁড়াইল—অন্য রোগীর বাড়ির লোক।

আমাদের বাড়িতে আসেন মাশায়।

আপনি ওর মুখে একটু একটু করে গ্লুকোজ-ওয়াটার দিন। ভালই আছে, বেঁচে যাবে বলে মনে হচ্ছে। চল পূর্ণ, আমরা অন্য রুগী দেখি। শিবনাথবাবু, একে একটা পাউডার দিয়ে দেবেন জলের সঙ্গে।

সুশীল উঠিয়া পাঁড়ল, পূর্ণও তাহার অনুসরণ করিল।

শিবনাথ একা বসিয়া তাহার মুখে অল্প অল্প করিয়া জল ঢালিয়া দিতে আরম্ভ করিল। সম্মুখেই খোলা মাঠ, এই প্রাতঃকালেই দিক্‌চক্রবাল ঘোলাটে হইয়া উঠিয়াছে। পৃথিবীর বুক হইতে আকাশ পর্যন্ত বায়ুস্তর ধূলিকণায় পরিপূর্ণ। সহসা সে পায়ে স্পর্শ অনুভব করিয়া চমকাইয়া উঠিল। কাতর দৃষ্টিতে মেয়েটি তাহার মুখের দিকে চাহিয়া আছে, চোখ দুইটি হইতে জলের ধারা গড়াইয়া পড়িতেছে; মেয়েটিই হিমশীতল হাত দিয়া তাহার পা ধরিয়াছে।

শিবনাথ ব্যস্ত হইয়া বলিল, কাঁদছ কেন তুমি? তুমি তো ভাল হয়ে গেছ।

ক্ষীণকণ্ঠে মেয়েটি বলিল, ওগো বাবু, আমাকে জ্যান্ত খেয়ে ফেলাবে গো!

সে কোঁপাইয়া কাঁদিয়া উঠিল। সম্মুখে উঠানে তখনও একটা শকুনি তীক্ষ্ণদৃষ্টিতে চাহিয়া বসিয়া ছিল।

শিবনাথ বলিল, ওর ব্যবস্থা এখুনি হচ্ছে, ভয় কি তোমার, তোমাকে না হয় ঘরের মধ্যে শুইয়ে দিয়ে যাচ্ছি।

সে শিহরিয়া বলিয়া উঠিল, ওগো না গো, ঘরের ভেতর আঁধার কোণে যদি সে বসে থাকে ?

কে ?—শিবু আশ্চর্য হইয়া গেল।

সে।

ও। শিবু এতক্ষণে বুঝিল, সে ফ্যালার কথা বলিতেছে। অনেক ভাবিয়া সে বলিল, তোমার বাপ-মা কেউ নেই ?

আছে, কিন্তুক সৎমা বাবাকে আসতে দেবে না বাবু।

তবে ? আচ্ছা, ওষুধটা খেয়ে নাও দেখি। হাঁ কর, হ্যাঁ।

শিবনাথ ভাবিতেছিল, কি উপায় করা যায়। মেয়েটিকে আগলাইয়া এখানে থাকা তো সম্ভবপর নয়। তাদের বাড়িতে লইয়া যাওয়াও চলে না।

কি হবে বাবু মাশায় ?—মেয়েটির চোখ আবার জলে ভরিয়া উঠিয়াছে।

দেবতার নাম করবে, ভগবানের নাম করলে তো ভূত আসতে পারে না।

মেয়েটি এবার আশ্বস্ত হইয়া বলিল, আমাকে চণ্ডীমায়ের একটুকুন পুষ্প এনে দেবা বাবু ? তা হলে আমি খুব থাকতে পারব।

শিবু স্বস্তির নিশ্বাস ফেলিয়া বলিল, তা দোব এনে। এখন একটা কাগজে রামনাম লিখে তোমার মাথার শিয়রে দিয়ে যাচ্ছি। তুমি ঘরে শোবে চল।

তাহাকে ঘরে শোয়াইয়া দিয়া, শিবু পকেট হইতে কাগজ পেন্সিল লইয়া রামনাম লিখিয়া দিল। কাগজটি মাথায় ঠেকাইয়া সেটি শিয়রে রাখিয়া দিয়া পরম নিশ্চিন্তে সে চোখ বুজিল। বেচারী শ্রান্ত হইয়া পড়িয়াছে। শিবু তাহাকে শিশুর মতই বহন করিয়া আনিলেও এই নাড়াচাড়ার পরিশ্রমেই তাহার অবসাদ আসিয়াছে। শিবু দরজাটি ভেজাইয়া বাহির হইয়া আসিল।

বাবু !—মেয়েটি আবার ডাকিল।

কি ? আবার ভয় করছে ?

না।

তবে ?

ঈষৎ লজ্জার হাসি হাসিয়া মেয়েটি বলিল, চারটি মুড়ি দেবা বাবু ? বড় ক্ষিদে নেগেছে।

সর্বনাশ ! মুড়ি এখন খেতে আছে ? ও-বেলায় বরং বার্লি এনে দোব।

সে-বাড়ি হইতে বাহির হইয়াই শিবুর সেই বিকৃতমস্তিষ্ক গাঁজাখোরটির সহিত দেখা হইয়া গেল। সে তখন পাশের বাড়ির উঠানের দলবদ্ধ শকুনির দলকে ঢেলা মারিয়া কৌতুক করিতেছিল। ঢেলা মারিলেই শকুনির দল পাখা মেলিয়া খানিকটা সরিয়া যায়, ঢেলাটা চলিয়া গেলে তাহারা আবার গলা বাড়াইয়া পাখা ফুলাইয়া তাড়া করিয়া আসে।

শিবু হাসিয়া বলিল, কি হচ্ছে ?

সে মুখ বিকৃত করিয়া বলিল, আজ্ঞে, বেটাদের ফলার লেগে গিয়েছে। এঃ, খেছে দেখুন কেনে ! পেটটা ফুটো করে ফেলেছে, ফুটোর ভেতর গলাটা ঢুকিয়ে ঢুকিয়ে খেছে। এঃ !

সত্যই সে দৃশ্য বীভৎস, ভয়াবহ। শিবনাথ চিন্তিতমুখে বলিল, কিন্তু কি করা যায় বলুন দেখি ? গ্রামের ভেতরেই যে শ্মশান হয়ে উঠল !

কেউ যদি কিছু না বলে, তা হলে আমি মাশায় ফেলে দিতে পারি।

আপনি পারেন ?

হ্যাঁ, ঠ্যাঙে দড়ি বেঁধে বেটাকে হুই লাঘাটার ধারে দিয়ে আসব টেনে ফেলে।

আপনি দেবেন ?

তা খুব পারি মাশায়। পুঁতে দিতে বলেন, তাও পারি ; থাকুক বেটা উঠোনেই গাড়া। কিন্তু শেষে যদি গাঁয়ের লোকে পতিত করে ?

আমি যদি আপনার সঙ্গে পতিত হয়ে থাকি ?

দেখেন ! কই, পৈতে ছুঁয়ে দিব্যি করেন দেখি।

হাসিয়া শিবনাথ পৈতা বাহির করিয়া শপথ করিল। পাগল মহা উৎসাহিত হইয়া বলিল, চলেন তবে, একগাছা দড়ি নিয়ে আসি।

বাউরীপাড়ার মধ্যে প্রবেশ করিয়া কিছুদূর অগ্রসর হইতেই সুশীল ও পূর্ণের সহিত দেখা হইয়া গেল, তাহাদের সঙ্গে শ্যামুও আসিয়া জুটিয়াছে। একা শ্যামুই, আর কেহ নাই। শিবনাথ সর্বাগ্রে শ্যামুকেই প্রশ্ন করিল, কই রে, আর সব কই ?

সুশীল হাসিয়া বলিল, আপনার সৈন্যবাহিনী সব পৃষ্ঠপ্রদর্শন করেছে।

শ্যামু বলিল, প্রায় সব গাঁ ছেড়ে পালাচ্ছে শিবুদা। দেখগে, কমলেশদা আর তার বড়মামা এসে বসে আছেন তোমাদের বাড়িতে। তোমাকেও কাশী যেতে হবে।

শ্যামুও একটু ব্যঙ্গের হাসি হাসিল।

শিবনাথ উত্তপ্ত হইয়া উঠিল, কিন্তু সে উত্তাপ অন্তরে আবদ্ধ রাখিয়াই সুশীলকে প্রশ্ন করিল, এদিকে সব কেমন দেখলেন ?

চিন্তিতমুখে সুশীল বলিল, ক্রমশই গুরুতর হয়ে দাঁড়াচ্ছে শিবনাথবাবু, একটা কাজ অবিলম্বে করা দরকার—প্রিভেন্‌শনের ব্যবস্থা। যাদের বাড়িতে রোগ হয়েছে, তাদের সঙ্গে পাড়ার সংস্রব বন্ধ করতে হবে। জল—জলের ছোঁয়াচ আগে বন্ধ করতে হবে। তারা যেন পুকুরে নেমে জল খারাপ করতে না পারে। পুকুরে পুকুরে পাহারা রাখতে হবে। রুগীর বাড়ির প্রয়োজনমত জল তারাই তুলে তাদের পাত্রে ঢেলে দেবে, আর চিকিৎসার জন্যে ইনট্রাভেনাস স্যালাইনের ব্যবস্থাও করতে হবে।

শিবু চিন্তান্বিত হইয়া পড়িল, তাহার সহায় বন্ধুবান্ধব কেহ নাই। একা সে কি করিবে ? বুকের মধ্যে বল যেন কমিয়া আসিতেছে। এই এতগুলি লোকের খাদ্য, ইহাদের জীবনমরণ-সমস্যার সমাধান সে একা কি করিয়া করিবে ?

পাগল নীরবতা ভঙ্গ করিল, দড়ি স্থান বাবু।

সুশীল প্রশ্ন করিল, দড়ি কি হবে ?

উনি ওই মড়াটাকে ফেলে দেবেন পায়ে বেঁধে।

গাঁজার কিন্তু চারটে পয়সা লাগবে বাবু। আচ্ছা করে কষে এক দম দিয়ে, দিয়ে আসছি ব্যাটাকে গাঁছাড়া করে।

পাগল যুদ্ধের ঘোড়ার মত রীতিমত অস্থির হইয়া উঠিয়াছে।

সুশীল সবিস্ময়ে প্রশ্ন করিল, আপনি গাঁজা খান নাকি ?

গাঁজা খাই, মদ খাই, চরস খাই, সিদ্ধি খাই, কেলে সাপের বিষ পেলে তাও খাই।

বলেন কি ?—সুশীলের বিস্ময়ের আর অবধি রহিল না।

দিয়ে দেখেন কেনে। বাবু তো খুব হয়েছেন, কোট কামিজ জুতো ! কই, স্থান দেখি একটা টাকা, নেশা করি একবার পেট ভরে।

আচ্ছা, তাই চলুন, একটা টাকাই দোব আপনাকে, কিন্তু আমাদের সামনে বসে নেশা করতে হবে।

কাছারিতে ফিরিতেই রাখাল সিং বলিলেন, গোসাই-বাবা তিন মণ চাল পাঠিয়েছেন দেবার জন্যে।

সেই যাত্রা-পাগল চুলওয়ালা বন্ধুটিও বসিয়া আছে ; সে বলিল, কই হে, আমাদের কাজ-টাজ দাও !

শিবু আশ্বাসের দীর্ঘনিশ্বাস ফেলিল। রাখাল সিং আবার বলিলেন, আপনার মামাশ্বশুর এসে বসে আছেন।

শিবু বলিল, বলে দিন গিয়ে, আমি কাশী যাব না।

মাথা চুলকাইয়া সিং মহাশয় বলিলেন, কিন্তু গেলেই যেন ভাল হত বাবু, এই রোগ—না।

তা আমার বলাটা কি ভাল দেখায়, আপনি নিজে—

বাধা দিয়া শিবু বলিল, আমার হাতে-পায়ে রুগীর ছোঁয়াচ, এ নিয়ে এখন কি করে বাড়ির মধ্যে যাব ?

রাখাল সিংই অগত্যা সংবাদ বহন করিয়া লইয়া গেলেন। সুশীল বলিল, কিন্তু বউ আপনার রাগ করবে শিবনাথবাবু।

শিবু চিন্তা করিতেছিল, আরও লোক কোথায় পাওয়া যায় ; সুশীলের কথাটা তাহার কানে গেলেও শব্দার্থ তাহাকে লজ্জিত অথবা পুলকিত করিতে পারিল না। শিবনাথের মনের মধ্যে এত লোকের ভিড় দেখিয়া, কলরব শুনিয়া ছোট্ট গৌরী সসঙ্কোচে অবগুণ্ঠন টানিয়া যেন কোন্ অন্ধকার কোণে নিতান্ত অনাদৃতার মতই পড়িয়া ঘুমাইয়া পড়িয়াছে। সুশীলের হাত ধরিয়া শিবনাথ বলিল, চলুন, একবার থানায় যাব, চৌকিদারের সাহায্য না পেলে পুকুর পাহারা দেওয়ার কাজ হয়ে উঠবে না।

চুলওয়ালা বন্ধুটি বলিল, গান-টান বেঁধেছ হে? সুরটা করে ফেলতাম তা হলে।

শিবু সুশীলকে লইয়া বাহির হইয়া গেল। পাগল বিরক্তিভরে বলিল, এই দেখ, ডাকব তো বলবে, পিছু ডাকলে। আমি এখন দড়ি পাই কোথা বল দেখি!

পাগলের কথায় কেহ কান দিল না। পাগল বসিয়া থাকিতে থাকিতে সহসা উঠিয়া গো-শালার দিকে চলিয়া গেল। গরু-বাঁধা দড়ি নিশ্চয় আছে।

দিন তিনেক পরে।

শিবু আশ্চর্য হইয়া গেল যে, এই ভয়ঙ্কর মৃত্যু-বিভীষিকার মধ্যে মানুষ যা ছিল তাই আছে, একবিন্দু পরিবর্তন কাহারও হয় নাই। একটা গলিপথে যাইতে যাইতে সে শুনিল, সেই যে কথায় আছে, 'কোলে মরবে, জোলে ফেলবে, তবু না পুষুনি দোব'—সেই বিত্তান্তের বিত্তান্ত। শৈলজা-ঠাকরুন বউয়ের হাড়ীর ললাট ডোমের দুর্গতি করবে, দেখো তোমরা, আমি বলে রাখলাম। ওই একমাত্র ছেলে, মামাশ্বশুর এসে কাশী নিয়ে যেতে চাইলে; কি অন্যায়টা সে বলেছিল! তা এই মহামারণের মধ্যে ছেলেকে রেখে দিলে, তবু যেতে দিলে না, পাছে বউয়ের সঙ্গে ভাব হয়!

শৈলজা-ঠাকুরানীর নাম শুনিয়াই সে দাঁড়াইয়া মন্তব্যটা শুনিল। মনটা তাহার ভালই ছিল, আজ এই ভয়াবহ বিশৃঙ্খলার মধ্যেও সকল কাজেই একটা শৃঙ্খলা আসিয়াছে। চৌকিদারের সাহায্যে পুকুরগুলি রক্ষার ব্যবস্থা হইয়াছে, চুলওয়ালা বন্ধুটি ও শ্যামু চাল সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছে। ওই অকেজো ঘৃণ্য পাগল করে সকলের চেয়ে বড় কাজ—একটি নয়, একটি একটি করিয়া তিনটি শবের গতি সে করিয়াছে। ডিস্ট্রিক্ট-বোর্ড হইতে প্রেরিত এক ভদ্রলোক ম্যাজিক-ল্যাণ্টার্ন সহযোগে কলেরার বিষয়ে বক্তৃতা দিতে আসিয়াছেন। সকলের চেয়ে বড় কথা, তাহার পিসীমা ও মা তাহার কাজের গুরুত্ব বুঝিয়াছেন, অভয়দাত্রীর মত তাহার মাথায় হাত বুলাইয়া আশীর্বাদ করিয়াছেন। শিবু এই সমালোচনা শুনিয়া একটু হাসিল।

সমালোচকটি কঠোর সমালোচক, সত্য কথা বলিতে দুর্গা-ঠাকরুন কোনদিনই পশ্চাৎপদ হন না। হাজার যুক্তি-তর্কেও তাঁহার মতের পরিবর্তন হয় না, টুকরা-টুকরা করিয়া তাঁহার যুক্তিগুলি খণ্ডন করিলেও না; আপন মন্তব্যও কখনও তিনি প্রত্যাহার করেন না। যে যাহাই বলিয়া থাক, তিনি সেই আপনার কথাই বলিয়া যান। কিন্তু আজিকার এ কথাটার মধ্যে খানিকটা যেন সত্য ছিল। রামকিঙ্করবাবু এবং কমলেশ শিবনাথকে কাশী লইয়া যাইবার জন্য প্রস্তাব করিতেই পিসীমা বলিলেন, বেশ, শিবনাথকে বল; আমি তো তাকে নিয়ে সরে যেতেই চেয়েছিলাম, কিন্তু সে-ই গেল না। তাকেই বল।

রামকিঙ্করবাবু বলিলেন, আপনারা পাঠালে শিবনাথ যাবে না, এ কি কখনও হয়? সে কি এর মধ্যে স্বাধীন হয়েছে নাকি?

কথাটা শৈলজা-ঠাকুরানীকে গিয়া বিঁধিল। কথাটার সরলার্থ হইতেছে, আপনারাই

আসলে পাঠাতে চান না, শিবনাথের মতটা নিতান্তই একটা অজুহাত। তিনি সে কথা প্রকাশ না করিয়া রামকিঙ্করেরই কথার জবাব দিলেন, শিবনাথ স্বাধীন না হলেও বড় হয়েছে, তার মত এখন ফেলা চলে না। আর একটা কথা কি জান, ছেলে ছোট হোক আর বড়ই হোক, ভাল কাজ করলে বাধা কি করে দোব, বল? শিবু তো অন্যায় কিছু করে নি।

অবরুদ্ধ ক্রোধে রামকিঙ্কর অন্তরে অন্তরে ফুলিয়া উঠিলেন, তিনি বলিলেন, অন্যায় না হোক, বিপদ আছে। শিবুর জীবন নিয়ে আর আপনারা ইচ্ছামত খেলা করতে পারেন না।

শৈলজা-ঠাকুরানী ও মুহূর্তে মাথা খাড়া করিয়া সবিস্ময়ে বলিয়া উঠিলেন, খেলা! শিবুর জীবন নিয়ে আমরা খেলা করছি! এমন অপ্রত্যাশিত অকল্পিত অভিযোগের উত্তর তিনি বিশ্বব্রহ্মাণ্ড খুঁজিয়াও পাইলেন না। উন্নত মস্তকে দৃপ্ত দৃষ্টিতে শুধু আপনার নিষ্কলুষ মহিমাকে ঘোষণা করিয়া রামকিঙ্করবাবুর মুখের দিকে চাহিয়া রহিলেন।

উত্তর আসিল গৃহান্তরাল হইতে। জ্যোতির্ময়ী উত্তর দিলেন, হ্যাঁ, খেলাই। এক বয়সে মানুষ পুতুল নিয়ে খেলা করে, পুতুল খেলার বয়স গেলে ভগবান দেন রক্তমাংসের পুতুল মানুষকে খেলবার জন্যে। সে খেলায় বাধা দেবার অধিকার তো কারও নেই।

রামকিঙ্করের প্রকৃতি দুর্দমনীয় প্রভুত্বের আত্মম্ভরিতার মত্ততায় পরিপূর্ণ, সংসারে প্রতিবাদ বা বাধা পাইলে তিনি আত্মাহারা হিংস্র হইয়া উঠেন। এ উত্তরে তাঁহার চোখ রক্তবর্ণ হইয়া উঠিল; বলিলেন, জানেন, শিবুর জীবনের ওপর একটি দুগ্ধপোষ্য বালিকার জীবন নির্ভর করছে?

এবার শৈলজা-ঠাকুরানী বলিলেন, জানি না? হিন্দুর মেয়ে, বৈধব্য ভোগ করছি, আমরা সে কথা জানি না? শিবুর ওপর অধিকার যা আছে, সে সেই বালিকারই আছে, তোমার নেই। সে অধিকার জারি করতে পারে শুধু সে-ই।

বাহির হইতে গলার সাড়া দিয়া রাখাল সিং বাড়ির মধ্যে প্রবেশ করিলেন এই মুহূর্তটিতেই, সবিনয়ে আক্ষেপ করিয়া বলিলেন, বাবু তো কাশী যাবেন না বলে দিলেন। তিনি ডাক্তারকে নিয়ে থানায় গেলেন কি কাজে। আমি বার বার—

গম্ভীরভাবে রামকিঙ্কর বলিলেন, থাক। এস কমলেশ।

তিনি কমলেশের হাত ধরিয়া অগ্রসর হইলেন। শৈলজা-ঠাকুরানী বলিলেন, অধিকার শুধু তো শিবুর ওপর তোমাদেরই নেই, শিবুর বউয়ের ওপর অধিকার আমাদেরও আছে। আমার বউ পাঠিয়ে দেবে তোমরা।

রামকিঙ্করবাবু ফিরিয়া দাঁড়াইয়া বলিলেন, তার ওপর যা অধিকার, সে কেবল শিবুরই আছে। শিবনাথ যখন যাবে সে দাবি নিয়ে, তখন সে আসবে।

কমলেশের হাত ধরিয়া দৃপ্ত ক্রুদ্ধ পদক্ষেপে রামকিঙ্করবাবু চলিয়া গেলেন। পিসীমা কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিলেন, আমার বউ এই মাসেই আমি আনব, কে ঠেকায় আমি দেখব!

জ্যোতির্ময়ী বলিলেন, না, এর পর আর সে হয় না ঠাকুরঝি।

দুর্গা-ঠাকুরানী ঘরে বসিয়া এই কথারই সমালোচনা করিতেছিলেন। শুধু শৈলজা-ঠাকুরানী নয়, জ্যোতির্ময়ীও বাদ গেলেন না। শিবু কিন্তু সমালোচনা শুনিয়া রাগ করিল না, হাসিল। আশ্চর্য, এই কর্ম-সমারোহের মধ্যে পড়িয়া শিবু অনুভব করে, মানুষের প্রতি শ্রদ্ধা স্নেহ অনুকম্পা ঘৃণা আক্রোশ—এ যেন সে ভুলিয়াই গিয়াছে।

ঠাকুর-বাড়িতে আসরের ব্যবস্থা করিতে হইবে, সন্ধ্যায় সেখানে ম্যাজিক-ল্যাণ্টার্ন দেখানো হইবে।

তাহার আর দাঁড়াইয়া দুর্গা-ঠাকুরানীর সমালোচনা শুনিয়া উপভোগ করিবার সময় হইল না, হাসিতে হাসিতেই সে অগ্রসর হইল।

ঢাক বাজিতেছে। সদর রাস্তায় রাস্তায় ঢাক বাজাইয়া বোধ হয় কিছু ঘোষণা করিয়া চলিয়াছে। বোধ হয় সামাজিক কোন অনুশাসন। সরকারী কাজের ঘোষণা হইলে ঢেঁড়ি বাজিয়া থাকে, সামাজিক ঘোষণায় বাজে ঢাক। কিসের ঘোষণা? সহসা এই বিপর্যয়ের মধ্যে সমাজ সচেতন হইয়া উঠিল কেমন করিয়া?

রক্ষেকালীর পূজো হবে, পরশু আমাবস্যের দিন। চাঁদা লাগবে, চাল লাগবে সব। দেবাংশী দোরে মালসা পেতে দেবে, সরষে-পোড়া ছড়িয়ে দেবে।

দুর্গা-ঠাকুরানীও বাহির হইয়া আসিয়াছিলেন। দুইটি হাত জোড় করিয়া উদ্দেশে অনাগত দেবীকে প্রণাম জানাইয়া বলিলেন, এইবার আসল বিহিতটি হল। মা আসবেন, এসে এক রেতে তেড়ে বার করবেন গাঁ থেকে। এই কি বলে গো, এই ইয়ে গাঁয়ে এক মাস কলেরা, শেষে যেদিন রক্ষেকালী পূজো হল, সেদিন রেতে পথে পথে সে কি কান্না মা! তারপর এই ভোরবেলাতে এই কালো বিভীষণ চেহারার এক মেয়ে এক চেটাই বগলে গাঁ থেকে বেরিয়ে গেল।

শিবনাথ হাসিয়া বলিল, কে দেখেছিল?

অঃই, অঃই ঠাট্টা আরম্ভ হল! তোমরা বাবা এখনকার ছেলে, তোমাদের কাজটাই তোমাদের কাছে বড়, আর সব ঠোঁট উলটনো আর ঠাট্টা, সব মিছে কথা। তা বাবা, মিছেই বটে বাবা, মিছেই বটে। তোমরা বড়লোক, তোমরা বিদ্বেন, তোমরা পরোপকারী, তোমরা সব; আর আমরা ছোটলোক, আমরা পাজী, আমরা ছুঁচো, আমরা মুখ্যু, হল তো বাবা!

শিবু একেবারে হতবাক নিস্তব্ধ হইয়া তাঁহার মুখের দিকে চাহিয়া চলিয়া গেল। দুর্গা-ঠাকুরানী আর দাঁড়াইলেন না, বাড়ি ফিরিলেন। ফিরিতে ফিরিতে এবার বিজয়গর্বে সদম্ভে বলিলেন, দেখ দেখি, বলে কিনা, আমরাই সব করছি। বলি, তুই কে রে বাপু, তুই কে?

শিবনাথ ক্ষুণ্ণমনেই চলিতে চলিতে অকস্মাৎ আবার হাসিয়া উঠিল। দুর্গা-ঠাকুরানীর রণ-কৌশলটি বড় ভাল। চমৎকার!

ষোল

বিষয়সম্পত্তির দিকে শৈলজা-ঠাকুরানীর তীক্ষ্ণ দৃষ্টির কথা কাহারও অবিদিত নয়, একটা কুটাও তিনি নষ্ট হইতে দেন না। কিন্তু বাড়ির শতরঞ্জি ও বাসন—এই দুই দফা হইল শৈলজা-ঠাকুরানীর প্রাণ। লোকে বলে, ও হল সোনার কৌটোর ভোমরা-ভোমরী; ঠাকরুনের প্রাণ আছে ওর মধ্যে। তিনি সাধ্যমত এই জিনিসগুলি বাহির করেন না।

শিবু চিন্তিত হইয়াই শতরঞ্জির জন্য বাড়ি ঢুকিল। পিসীমা উনান-শালে দাঁড়াইয়া ছিলেন; কড়ায় কি একটা হইতেছে। শৈলজা-ঠাকুরানী বলিলেন, দেখ্ তো শিবু, বার্লি কি আর পুরু হবে?

বার্লি? তুমি নিজে বার্লি করছ নাকি?—শিবনাথ আশ্চর্য হইয়া গেল, রোগীদের জন্য বার্লি প্রস্তুত করিতেছেন পিসীমা নিজে!

হ্যাঁ রে, আমি খানিকটা তোদের কাজ করে দিই। হাতেরও আমার সার্থক হোক।

সত্যই পিসীমার একটা পরিবর্তন হইয়াছে। শিবনাথ যেদিন এই বিপদের আবর্তের মধ্যে কোন বাধা-বিপত্তি না মানিয়া ঝাঁপ দিয়া পড়িল, সেদিন আপনার অদৃষ্টকে শত ধিক্কার দিয়া সভয়ে তিনি তাঁহার সংস্কারের গণ্ডি হইতে এক পদ বাহিরে বাড়াইয়াছিলেন। তারপর রামকিঙ্করের সঙ্গে দ্বন্দ্বের ফলে দুরন্ত জেদে তিনি শিবুকে উৎসাহ দিতে অগ্রসর হইলেন। অগ্রসর হইয়া কিন্তু তিনি সংসারকে নূতন দৃষ্টিতে, নূতন ভঙ্গিতে দেখিলেন; অতি পীড়িত ব্যক্তিগুলির মুখে শিবনাথের জয়ধ্বনি, শিবনাথের কর্মশক্তি, সুশীল ও পূর্ণের নির্ভীক প্রাণবন্ত সেবা তাঁহাকে মানুষের আর এক রূপ দেখাইয়া দিল। তিনি জ্যোতির্ময়ীকে আসিয়া বলিলেন, বউ, 'যা দেখিনি বাপের কালে, তাই দেখালে ছেলের পালে'! কি দেখলাম ভাই বউ! আর আমার শিবুর কি জয়গান যে শুনলাম, সে আর কি বলব তোমাকে! চল, আজ তোমাকে আমি দেখিয়ে নিয়ে আসব।

সত্য-সত্যই তিনি এ বাড়ির সংস্কারের গণ্ডিকে অতিক্রম করিলেন, একবার দ্বিধা করিলেন না; সাত-আনির জমিদার-বাড়ির বধূকে সঙ্গে লইয়া প্রকাশ্য পথে পথে গ্রামের নিকৃষ্টতম পল্লীর বুকের মধ্যে গিয়া দাঁড়াইলেন।

দেখ, তোমার শিবুর কাজ দেখ।

জ্যোতির্ময়ীর চোখে জল আসিল। শিবনাথবাবুর মা ও পিসীমাকে দেখিয়া কতকগুলি স্ত্রী ও পুরুষ আসিয়া প্রণাম করিয়া জোড়হাত করিয়া দাঁড়াইল; কৃতজ্ঞতা প্রকাশের তাহাদের ভাষা নাই। একজন বলিল, বাবুর আমাদের সোনার দোত-কলম হবে মা, হাজার বছর পেরমায় হবে।

পিসীমার চোখও জলে ভরিয়া উঠিল। তিনি বলিলেন, শিবুরা সব কোথায় রে?

আজ্ঞেন, ডাক্তারবাবুরা সব রুগী দেখে চলে যেলেন। বাবু যেলেন ওই ডোমেদের বউটাকে দেখতে।

ডোমেদের বউটি সারিয়া উঠিয়াছে। সম্পূর্ণ নীরোগ না হইলেও, জীবনের আশঙ্কা তাহার আর নাই। পিসীমা বলিলেন, চল, দেখে আসি।

বধূটির উঠানে শিবনাথ বিব্রত হইয়া দাঁড়াইয়া ছিল। মেয়েটি দাওয়ার উপর দেওয়ালে ঠেস দিয়া বসিয়া নাকী সুরে শিশুর মত আব্দার জুড়িয়া দিয়াছে, না না, আমি আর খাব না; ছাই, আঠা আঠা, জলের মতন। আমাকে আজ মুড়ি দিতে হবে।

শৈলজা ও জ্যোতির্ময়ী আসিতেই কিন্তু মেয়েটির আবদার বন্ধ হইয়া গেল। সে তাড়াতাড়ি লজ্জাভরে মাথায় ঘোমটা টানিয়া নতমস্তকে বসিয়া রহিল। শিবনাথ হাসিয়া বলিল, মুড়ি খাবার জন্যে কাঁদছে।

জ্যোতির্ময়ী হাসিলেন। পিসীমা বলিলেন, তুই কচি খুকী নাকি যে, মুড়ি খাবার জন্যে কাঁদছিস?

শিবনাথ হাসিয়া বলিল, চল চল। আজ পাঁচ দিন থেকে 'মুড়ি মুড়ি' করছে। কাল থেকে আর কিছুতেই বার্লি খাবে না। আমি এসে কোন রকমে খাওয়াই। তা দোব, কাল ওকে চারটি মুড়ি দোব।

শৈলজা ও জ্যোতির্ময়ী পিছন ফিরিতেই মেয়েটি অস্বীকারের ভঙ্গিতে সবেগে ঘাড় নাড়িল, না না না।

শিবুর প্রিয় অনুষ্ঠানে সাহায্য করার আনন্দই শুধু নয়, অন্তরের মধ্যে প্রেরণাও শৈলজা-ঠাকুরানী অনুভব করিয়াছিলেন। তাই তিনি বার্লি প্রস্তুত করিতে বসিয়াছেন। দেখিয়া শিবুর অন্তর গর্বে আনন্দে পরিপূর্ণ হইয়া উঠিল। সভয়ে সে আসিয়াছিল শতরঞ্জি চাহিতে, মনে মনে পিসীমার প্রসন্নতাসাধনের জন্য বাছা বাছা স্তুতিবাদ রচনাও করিয়াছিল। কিন্তু এক মুহূর্তে সে সব ভুলিয়া গেল। বিনা স্তুতিতে নির্ভয়ে বলিল, খান দুয়েক শতরঞ্জি দিতে হবে যে পিসীমা; বড় দুখানা হলেই হবে।

শতরঞ্জি? কেন, শতরঞ্জি কি হবে?

আজ সন্ধ্যেবেলা যে কলেরার লেক্‌চার হবে ঠাকুর-বাড়িতে। দেখবে, কলেরার বীজাণুর চেহারা কেমন, কেমন করে ওরা জলের মধ্যে বৃদ্ধি পায়! সব ছবিতে দেখতে পাবে, শুনতে পাবে সব।

অত্যন্ত প্রিয় বস্তুগুলির মমতা কিন্তু সহজে যাইবার নয়। পিসীমার ললাট কুঞ্চিত হইয়া উঠিল। তিনি বলিলেন, শতরঞ্জি বার করলে আর রক্ষে থাকবে না শিবু। এই আবার পরশু রক্ষেকালীর পুজো হবে শ্মশানে। ওরা আবার সব চাইতে আসবে।

বেশ তো, দেবে, ওদেরও দেবে।

তারপর? ছিঁড়লে, নষ্ট হলে, কে দেবে আমাকে?

জিনিস কি চিরকাল থাকে পিসীমা, নষ্ট তো একদিন হবেই।

পিসীমা বার বার অস্বীকার করিয়া ঘাড় নাড়িয়া বলিলেন, না শিবু, ওতে আমাদের বাড়ির তিন-চার পুরুষের কত কাজ হয়েছে, ও আমার লক্ষ ব্রাহ্মণের পায়ের ধুলো-মাখা

জিনিস বললেও বাড়িয়ে বলা হয় না। ওসব আমি এমন করে নষ্ট হতে দিতে পারব না। ও আমার কল্যেণী জিনিস, কত মান-সম্মানের জিনিস ও বাবা। বার বার ঘাড় নাড়িয়া অস্বীকার করিয়া কথাটা তিনি শেষ করিলেন।

শিবু চুপ করিয়া কিছুক্ষণ দাঁড়াইয়া থাকিয়া বলিল, পরের দোরে আমাকে চাইতে যেতে হবে?

পিসীমাও এবার কিছুক্ষণ গম্ভীরমুখে দাঁড়াইয়া থাকিয়া অবশেষে বলিলেন, যা ইচ্ছে হয় করগে বাবা, আমার কি? থাকলে তোমারই থাকবে, গেলে তোমারই যাবে। তখন তোমাকে কেউ দেবে না। তখন আমার কথা স্মরণ কোরো।

বালিটা এবার নামিয়ে ফেল পিসীমা। আর গাঢ় হলে চলবে না।

কড়াটা নামাইয়া দিয়া শৈলজা-ঠাকুরানী বলিলেন, শতরঞ্চি কিন্তু বেশ করে কাচিয়ে পরিষ্কার করে দিতে হবে আমার। আর সেই একটু একটু ছেঁড়া শতরঞ্চি দোব, ভাল চাইলে আমি দোব না। সে আমি আগে থেকে বলে দিচ্ছি।

আচ্ছা আচ্ছা, তাতেই হবে। তা হলে নায়েববাবুকে আর কেষ্ট সিংকে পাঠিয়ে দিই আমি।—শিবু হাঁপ ছাড়িয়া বাঁচিল। এটুকু প্রতিবাদ নিতান্তই তুচ্ছ, শৈলজা-ঠাকুরানীর উপযুক্ত প্রতিবাদই নয়। সে হাসিমুখেই বাড়ি হইতে বাহির হইল। শৈলজা-ঠাকুরানী বলিলেন, বালি নিতে তা হলে কাউকে পাঠিয়ে দে।

বাহির হইতেই শিবু বলিল, শ্যামুকে পাঠিয়ে দিচ্ছি এক্ষুনি।

বৈঠকখানায় সকলে যেন একটু অধিক চঞ্চল হইয়া উঠিয়াছে; শ্যামু উচ্ছ্বাসভরে বলিয়া উঠিল, মেলাই—অনেক চাল এসেছে শিবুদা। বিস্তর চাল হয়ে গেল।

হাসিয়া সুশীল বলিল, আপনার জয়জয়কার শিববাবু। আপনার শ্বশুরবাড়ি থেকে আজ বারো মণ চাল আসছে। রামকিঙ্করবাবু ন মণ, কমলেশবাবু তিন মণ। ইউ হ্যাভ ওয়ান দি ব্যাটল। তাঁরা নিশ্চয় আপনার কাজের মর্যাদা বুঝেছেন।

চুলওয়ালা ছেলেটি বলিল, ওসব চাল মশায়, বড়লোকী চাল। সকলের চেয়ে বেশি দেওয়া হল আর কি।

সুশীল ভ্রূকুঞ্চিত করিয়া বলিল, ওটা আপনার অন্যায় কথা। মানুষের দানকে এমন করে ছোট করে দেওয়াটা অত্যন্ত অন্যায়, ইতরতা বললেই বোধ হয় ঠিক হয়।

ছেলেটি গর্জন করিয়া উঠিল, নিশ্চয় বলব বড়লোকী চাল, আলবৎ বলব। টাকার জোরে নাম কেনবার মতলব। ওসব আমরা খুব বুঝি। তাঁরা তো নিজেরা সব দেশ ছেড়ে প্রাণ বাঁচিয়েছেন। হ্যাঁ, জানতাম, তাঁরা যদি না যেতেন, কি কাজের মর্যাদা বুঝে যদি ফিরে আসতেন, তবে বুঝতাম।

পাগলও বসিয়া ছিল। সে সপ্রশংস মুখে ছেলেটির মুখের দিকে চাহিয়া বলিল, অ্যাই, তবে বুঝতাম। হ্যাঁ হ্যাঁ বাবা, মড়াগুলান সব একা ফেললাম, এসেছে কোন বাবুভাই? খেয়ে ফেলাবে, সব হাম করে ধরে খেয়ে ফেলাবে। তাতেই তো বলি, খা খা, সব খেয়ে লে

বাবা।—বলিয়া হা-হা করিয়া সে হাসিয়া উঠিল।

পূর্ণ শিবনাথকে বলিল, আপনার একখানা চিঠি এসেছে শিবনাথবাবু।

সুশীল আশ্চর্য মানুষ, সে মুহূর্তে উত্তপ্ত আলোচনাটাকে একেবারে পরিত্যাগ করিয়া পরিহাস-হাস্য হাসিয়া শিবনাথকে বলিল, এ বিউটিফুল এন্‌ভেলপ, কামিং ফ্রম বেনারস।—বলিয়া সে পকেট হইতে পত্রখানা বাহির করিয়া ধরিল, শুঁকে দেখব নাকি? নাঃ, ঘ্রাণে অর্ধভোজন হয়ে যায়। এর রূপ রস গন্ধ সবই ষোলো আনাই আপনার, এবং এর ভাগ দেওয়া যায় না। নিন।

চিঠি! কাশীর চিঠি! গৌরীর চিঠি! শিবনাথের মুখ রাঙা হইয়া উঠিল। দেহের রক্তস্রোতে উত্তেজনার স্পর্শ লাগিয়া গিয়াছে। তবুও বাহিরে সে এতটুকু লক্ষণ প্রকাশ না করিবার অভিপ্রায়েই চিঠিখানা পকেটে রাখিয়া বলিল, পরশু আবার রক্ষেকালী পূজো হচ্ছে, শুনেছেন তো? আবার একটা কাণ্ড হবে আর কি, রাত্রি জেগে মদ মাংস খাবে সব।

খাবে তো তাতে হয়েছে কি?—চুলওয়ালা ছেলেটি এতক্ষণ ধরিয়া মনে মনে ফুলিতেছিল, সুশীলের অত্যন্ত আকস্মিক প্রসঙ্গান্তরে যাওয়াটাও তাহাকে অত্যন্ত আঘাত করিয়াছিল। সে কি এতই তুচ্ছ ব্যক্তি? তাই সুযোগ পাইবামাত্র সে গর্জন করিয়া উঠিল, খাবে তো তাতে হয়েছে কি!

পাগলও তাহাকে সমর্থন করিয়া বলিল, অ্যাই, তাতে হয়েছে কি? মদ মাংস নইলে কালীপূজো হয়? কালী কালী ভদ্দকালী বাবা!

পাগলের কথায় নয়, ছেলেটির কথায় সকলে অবাক হইয়া গেল, সুশীল হো-হো করিয়া হাসিয়া উঠিল; চুলওয়ালা ছেলেটি নাটকীয় ভঙ্গিতে উঠিয়া দাঁড়াইয়া বলিল, ধর্মকে যেখানে হেণ্টা-কেণ্টা করা হয়, সেখানে আমি কাজ করি না। চললাম আমি।

পূর্ণ বলিল, বাস্তবিক সুশীলদা, আপনি ভয়ানক আঘাত করেন লোককে।

সুশীল শিবনাথকে বলিল, আপনি চিঠিখানা পড়ুন শিববাবু; আমার প্রাণটা হাঁপিয়ে উঠেছে কিন্তু; কৃচ্ছ্রসাধন অকারণে করার কোন মানে হয় না।

পাগল বলিল, পয়সা দ্যান বাবু গাঁজার। না, 'তেলি হাত পিছলে গেলি,' ফুরুত ধা!—সেও বিরক্ত হইয়া উঠিয়াছে।

অত্যন্ত নিরালায় নিরুদ্বিগ্ন হইয়া সে চিঠিখানি খুলিল। ডোমেদের বউটিকে বালি খাওয়াইয়া সে চিঠিখানা খুলিয়া বসিল। দীর্ঘ চিঠি, কিন্তু শিবনাথ নিরাশ হইল; গৌরী নয়, কমলেশ লিখিয়াছে। অনেক কথা—গৌরীর কথাই। কমলেশ লিখিয়াছে, যখন গাড়ি হইতে নামিলাম, তখন গৌরী দরজার আড়ালে দাঁড়াইয়া ছিল। তুমি আসিয়াছ ভাবিয়াই সে ছুটিয়া বাহিরে আসে নাই। তারপর যখন আমি একা বাড়ি ঢুকিলাম, তখন অত্যন্ত শুষ্ক হাসি হাসিয়া আমাকে প্রণাম করিয়া সেই যে লুকাইল, আর তাহাকে বহুক্ষণ দেখিলাম না। দিদিমার সহিত কথায় ব্যস্ত ছিলাম, এতটা লক্ষ্যও

করি নাই। ঝি আসিয়া সংবাদ দিল, গৌরীদিদিমণি কাঁদিতেছে, তাহার নাকি মাথা ধরিয়াছে। ঝি হয়তো বুঝে নাই, কিন্তু আমি বুঝিয়াছিলাম। তাড়াতাড়ি উপরে গেলাম, সে তখন চোখ মুছিতে মুছিতে বিছানা তুলিতেছে। সে নিজ হাতে বিছানা পাতিয়াছিল, সেই বিছানা সে নিজেই তুলিতেছিল।

গৌরী, সেই ছোট্ট চঞ্চলা বালিকা গৌরী তো আর নাই। বিবাহের পর আজ দুই বৎসর হইয়া গেল, এতদিনে সে অনেকটা বড় হইয়াছে। দুই বৎসরেরও কয় মাস বেশি। সে গৌরী বাঁশী বাজাইয়া তাহাকে ডাকিয়াছিল, এ গৌরী তাহার জন্য কাঁদিয়াছে। তাহার সমস্ত অন্তর সমস্ত চিত্ত এক মুহূর্তে গৌরীময় হইয়া উঠিল। গৌরী জীবনের প্রথম শয্যা রচনা করিয়া সেই শয্যা আপন হাতে তুলিয়া ফেলিয়াছে।

কি হল বাবু, মুখ-চোখ তোমার রাঙা হয়ে গেইছে? উ কি বটে?—ডোমেদের বউটি শিবনাথের মুখের দিকে সবিস্ময়ে চাহিয়াছিল।

শিবনাথ জোর করিয়া একটু হাসিয়া বলিল, ও একখানা চিঠি রে।

চিঠি? সেই ডাকঘরে আসে, লয় মাশায়? উ কি চিঠি বটে?

ও একখানা চিঠি, তুই শুনে কি করবি?

রুগ্না মেয়েটির শীর্ণ পাণ্ডুর মুখে যেন ক্ষীণ রক্তাভা ফুটিয়া উঠিল, কৌতুকোজ্জ্বল দৃষ্টিতে সে এবার বলিল, গৌরীদিদি দিয়েছে, লয় বাবু? তাতেই মুখ-চোখ রাঙা হয়ে গেইছে।

মেয়ে জাতটাই অদ্ভুত, রাঙা মুখ-চোখ দেখিয়া স্বচ্ছন্দে অনুমান করে প্রেমের চিঠি। মৃত্যু রোগপীড়িত মুখেও রক্তের ঝলক ছুটিয়া আসে, চোখ কৌতুকে নাচে।

মেয়েটি বলিল, গৌরীদিদি তো আমার ননদ হয় মাশায়। সে তো ওই বাড়িতেই কাজ করত। আমি এইবার তোমাকে জামাইবাবু বলব।

শিবনাথ চিঠির পৃষ্ঠা উল্টাইয়া পড়িল, সংসারের সমাজের প্রতি কর্তব্য যেমন আছে, স্ত্রীর প্রতিও তেমনই কর্তব্য আছে। গৌরী এমন কি অপরাধ করিয়াছে, যাহার জন্য তুমি তাহাকে এমন ভাবে অবহেলা কর? আজ এক বৎসর সে এখানে আসিয়াছে, এতদিনের মধ্যে তুমি তাহাকে একখানা পত্র লেখ নাই। অন্তত পাসের খবরটাও তো দেওয়া উচিত ছিল।

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিল, মনে মনে অপরাধ স্বীকার না করিয়া উপায় নাই। উচিত ছিল বইকি। তাহারই কি ইচ্ছা হয় নাই? কিন্তু এ অপরাধের ক্ষেত্র প্রস্তুত করিয়াছে যে গৌরী আর গৌরীর স্নেহান্ধ দিদিমা!

ওঃ, জামাইবাবু, গৌরাদিদি যে অ্যানেক চিঠি নিখেছে গো! গান নেখে নাই? একটি গান বলেন কেনে, শুনি।

শিবনাথ এবার অত্যন্ত বিরক্ত হইয়া উঠিল, মেয়েটার স্পর্ধার কি সীমাও নাই? সে রুক্ষদৃষ্টিতে মেয়েটার দিকে একটা দৃষ্টিনিক্ষেপ করিয়া বাড়ি হইতে বাহির হইয়া আসিল। দেহ-মন তাহার এক অসহনীয় পীড়ায় পীড়িত হইতেছে, বুকের মধ্যে গভীর উদ্বেগের মত

একটা আবেগে হৃৎপিণ্ড ধকধক করিয়া দ্রুতবেগে স্পন্দিত হইতেছে, চিত্ত অসীম ব্যাকুলতায় অস্থির অধীর।

এই কর্মোদ্দীপনা, এই জয়ধ্বনি, তাহার বাড়িঘর সব যেন বিলুপ্ত হইয়া আসিতেছে। গৌরী—গৌরী, কাশী যাইবার জন্য তাহার মন অধীর হইয়া উঠিল। তাহার নিশ্বাস অস্বাভাবিকরূপে উষ্ণ, হাতে-পায়ে আগুনের উত্তাপ।

বাবু!—একটি জীর্ণ-শীর্ণ বৃদ্ধা হাতজোড় করিয়া সম্মুখে দাঁড়াইল।

কি?—রুক্ষস্বরে ভ্রূকুঞ্চিত করিয়া শিবনাথ বলিল, কি? চাই কি?

একখানি তেনা, পুরনো-ঝুরনো কাপড়।

না না না।—মুহূর্তে আগুনের মত জ্বলিয়া উঠিয়া শিবনাথ কঠোর স্বরে চিৎকার করিয়া উঠিল। সভয়ে বৃদ্ধা পথ হইতে সরিয়া দাঁড়াইল। উঃ, সংসারের এই হতভাগ্যদের সমস্ত দায়িত্ব যেন তাহার। তাহাদের জীবনমরণ ভরণপোষণ সমস্ত কিছুর দায় যেন তাহাকেই একা বহন করিতে হইবে!

তাহার উত্তেজিত উচ্চ কণ্ঠস্বর শুনিয়াই পাশের পুকুরের ঘাটটা হইতে পাহারায় নিযুক্ত চৌকিদারটা ছুটিয়া আসিয়া বলিল, আপনি একবার আসুন বাবু, ভোলা মুচী জোর করে নেমে বিছানা কেচে দিলে জলে। শুনলে না মাশায়, ক্ষ্যাপার মত হয়ে যেয়েছে।

কি? জোর করে নেমে রুগীর বিছানা কেচে দিলে জলে?—শিবনাথ ক্রোধে আত্মহারা হইয়া ভোলা মুচীর বাড়ির দিকে অগ্রসর হইল, ক্রোধে মাথায় তাহার আগুন জ্বলিতেছে।

ছড়ি, একগাছা ছড়ি।—থমকিয়া দাঁড়াইয়া চৌকিদারটাকে সে বলিল, নিয়ে আয় ভেঙে একগাছা ছড়ি।

সময়ে করুণকণ্ঠে সে বলিল, আজ্ঞে বাবু, তার পরিবার—

নির্মম রুক্ষস্বরে শিবনাথ আদেশ করিল, নিয়ে আয় ভেঙে ছড়ি।

কঠোর ক্রুদ্ধ পদক্ষেপে ভোলার বাড়িতে প্রবেশ করিয়া সে ডাকিল, ভোলা!

সম্মুখেই দাওয়ার উপরে ভোলা বসিয়া ছিল স্ত্রীর মৃতদেহ কোলে করিয়া। শিবনাথকে দেখিয়া সে হা-হা করিয়া কাঁদিয়া উঠিল, বাঁচাতে লারলেন বাবু মাশায়; সাবিত্তি আমার চলে গেল গো! সে মৃতদেহটা ফেলিয়া দিয়া উন্মত্তের মত শিবুর পায়ে আসিয়া আছাড় খাইয়া পড়িল। কে যেন শিবুকে চাবুক দিয়া আঘাত করিল। সে নিঃশব্দে মাথাটি নীচু করিয়া একেবারে কাছারি-বাড়িতে পলাইয়া আসিল।

সুশীল মুগ্ধনেত্রে আকাশের দিকে চাহিয়া বসিয়া ছিল, রক্তসন্ধ্যার সঞ্চারে সমস্ত আকাশটা লাল, আকাশে মেঘ দেখা দিয়াছে। শিবনাথের মুখের দিকে চাহিয়া পূর্ণ শঙ্কিত কণ্ঠস্বরে বলিয়া উঠিল, এ কি শিবনাথবাবু, কি হল? আপনার মুখ এমন—

ভোলা মুচীর স্ত্রীটি মারা গেল। উঃ, কি কান্না!

শিবনাথ অকস্মাৎ কাঁদিয়া ফেলিল। কাঁদিয়া সে খানিকটা শান্তি পাইল।

* *

পূর্ণ সবিস্ময়ে বলিল, আপনি কাঁদছেন শিবনাথবাবু?

সুশীল মুখ ফিরাইয়া শিবনাথের দিকে চাহিল, কান্নাটা সংসারের লজ্জার কথা শিবনাথবাবু, সে নিজের দুঃখেই হোক আর পরের দুঃখেই হোক। দুঃখটা মোচন করতে পারাটাই হল সকলের চেয়ে বড় কথা। কেঁদে কি করবেন? ইট ইজ চাইল্‌ডিস অ্যাণ্ড ফুলিশ অ্যাট দি সেম টাইম।

শিবনাথ বলিল, আমার শরীর এবং মন দুই-ই বেশ ভাল লাগছে না সুশীলবাবু। আমি বাড়ির মধ্যে যাচ্ছি।

হাত-পা ধুয়ে যান। ডোণ্ট ফর্‌গেট।

শিবু বাড়ির মধ্যে আসিয়া সেই সন্ধ্যার মুখে ঘরের মেঝের উপরেই শুইয়া ঘুমাইয়া পড়িল। যখন সে উঠিল, তখন ঠাকুর-বাড়িতে ম্যাজিক-ল্যাণ্টার্ন লেকচার আরম্ভ হইয়া গিয়াছে। মন অনেকখানি পরিষ্কার হইয়াছে, তবুও সদ্যবিস্মৃত মর্মন্তুদ বেদনার স্মৃতি ও আবেগকম্পিত দীর্ঘশ্বাসের মত দীর্ঘনিশ্বাস মধ্যে মধ্যে অজ্ঞাতসারেই যেন ঝরিয়া পড়িতেছিল

সুশীল তাহাকে দেখিয়া বলিল, এই যে, শরীর সুস্থ হয়েছে?

লজ্জিতভাবেই শিবনাথ বলিল, হ্যাঁ।

ইট ইজ এসেন্‌শিয়াল টু বি ইন্‌ডিফারেণ্ট। দুঃখকে জয় করবার ওই একমাত্র পন্থা শিবনাথবাবু।

মানুষের মৃত্যু, লোকটার ওই বুক-ফাটা শোক—

যে মরেছে, সে তো বেঁচে গেছে। মনে আছে আপনার, সেদিন বলেছিলেন, এ যুগের চেয়ে মোগল যুগ ভাল ছিল, কারণ তখন আমাদের স্বাধীনতা ছিল? এ পরাধীন দেশে কুকুর-বেড়ালের মত জীবন নিয়ে কি সুখ সে পেত বলুন? তার জন্যে কেঁদে কি করবেন?

শিবনাথ তাহার মুখের দিকে সবিস্ময়ে চাহিয়া রহিল। বক্তা তখন বলিতেছিল, আমাদের দেশে বছর বছর এই কলেরায় কত লোক মরে, জানেন? হাজারে হাজারে কুলোয় না, লক্ষ লক্ষ। লক্ষ লক্ষ লোক কুকুরের মত, বেড়ালের মত মরে। তার কারণ কি?

সুশীল বিচিত্র হাসি হাসিয়া মৃদুস্বরে শিবনাথকে বলিল, পরাধীনতা।

বক্তা বলিল, আমাদের কুসংস্কার আর আমাদের অজ্ঞতা, মূর্খতা।

সুশীল বলিল, আসুন, এইবার মিথ্যে কথা আরম্ভ হল; ও আর শুনে লাভ নেই। দাসজাতি আবার কবে বিজ্ঞ হয়? জ্ঞানে বিজ্ঞানে বঞ্চিত রাখাই যে পরাধীনতার ধর্ম।

মহামারীর প্রকোপ অবশ্য কমিয়া আসিয়াছে। তাহার সর্বনাশা গতি রুদ্ধ হইয়াছে, কিন্তু তবুও এই অবস্থাতেও শ্মশানে রক্ষাকালীর পূজার আড়ম্বর-আয়োজন দেখিয়া সুশীল ও পূর্ণ বিস্মিত না হইয়া পারিল না।

সকাল হইতেই ঢাক বাজিতেছে, দুপুরবেলায় আসিল সানাই এবং ঢোল। মধ্যে মধ্যে সমবেত বাদ্যধ্বনিতে ভাবী পূজার বার্তা ঘোষণা করিতেছে। দিনের বেলায় মহাপীঠে পূজা

বলি হইয়া গেল। তান্ত্রিক অক্ষয় লাল কাপড় পরিয়াছে, কপালে প্রকাণ্ড একটা সিঁদুরের ফোঁটা কাটিয়া লোকের বাড়ি বাড়ি আতপ সন্দেশ সুপারি পৈতা সিঁদুর পয়সা সংগ্রহ করিয়া ফিরিতেছে। সংগৃহীত চাল এবং অর্থে নাকি সমারোহের একটা ক্রিয়া নিষ্পন্ন হইয়া যায়। প্রত্যেক গৃহস্থের একজন নিরম্বু উপবাস করিয়া রহিয়াছে, রাত্রে পূজা ও বলি হইয়া গেলে তবে তাহারা জলগ্রহণ করিবে। উপবাসীদের অধিকাংশই বাড়ির গৃহিণী বা প্রবীণতমা স্ত্রীলোক। শিবনাথের বাড়িতে শৈলজা-ঠাকুরাণী উপবাস করিয়া আছেন। পাগলও আজ পূজার সমারোহে মাতিয়া উঠিয়াছে, আজ সকাল হইতে সে এখানে আসে নাই।

বেলা তখন তিনটা হইবে। রৌদ্রের প্রখরতায় তখনও আগুনের উত্তাপ, পৃথিবী যেন পুড়িয়া যাইতেছে। পাগল তখন কোন্ গ্রামান্তর হইতে একটা প্রকাণ্ড কালো রঙের পাঁঠা ঘাড়ে লইয়া গ্রামে ফিরিল। মুখ পাংশু বিবর্ণ, চোখ দুইটি কোটরগত, সর্বাঙ্গ স্বেদাপ্লুত, কাছারির বারান্দা হইতে তাহার এই অবস্থা দেখিয়া সুশীল শিহরিয়া উঠিল। সে ব্যগ্র হইয়া ডাকিল, বাবু, ও বাবু, শুনুন শুনুন। একটু বিশ্রাম করে যান।

হাত নাড়িয়া পাগল সংক্ষেপে বলিল, উঁহু, কালীপূজোর পাঁঠা।

তা হোক না। একটু বিশ্রাম করুন, একটু জল খান।

উঁহু। উপবাস, উপবাস আজকে।—পাগল চলিয়া গেল।

সুশীল বলিল, অদ্ভুত! পাগলের ভক্তি দেখলেন?

শিবনাথ বলিল, হাজার হলেও ভদ্রবংশের সন্তান তো। ওদের বংশই হল তান্ত্রিকের বংশ; ওদের জমিদারিও আছে।

আপনাদের এখানে অনেক তান্ত্রিক আছেন, না? তন্ত্রের মধ্যে একটা ভয়াল রোমান্টিসিজ্‌ম আছে, আমার ভারি ভাল লাগে। গাঢ় অন্ধকার, জনহীন মৃত্যুবিভীষিকাময়ী শ্মশান, শবাসনে বসে—উঃ, আমার শরীরে রোমাঞ্চ দেখা দিয়েছে, দেখুন।

আমাদের দেশটাই হল তান্ত্রিকের দেশ। এককালে তন্ত্রসাধনার মহা সমারোহ ছিল আমাদের দেশে।—শিবনাথ গৌরবের হাসি হাসিল।

সুশীল বলিল, চলুন, আজ যাব আপনাদের কালীপূজো দেখতে। অনেক তান্ত্রিক থাকবেন তো?

শিবনাথ বলিল, থাকবেন বইকি, অনেক হাতুড়ে তান্ত্রিক, তবে তাঁরা কি আর সাধক! সাধকে সাধন করেন গোপনে। সে অন্য জিনিস।

তা হোক। তবু যাব, চলুন।

সন্ধ্যার অন্ধকার গাঢ় হইতে হইতেই সেদিন গ্রামের বাড়িতে বাড়িতে দরজা বন্ধ হইয়া গেল। গ্রামখানা নিস্তব্ধ নীরব, গ্রাম হইতে দূরে নদীর ধারে শ্মশানে কলরব কোলাহল উঠিতেছে। আজ নাকি গ্রামের পথে পথে মহাকালী রাক্ষসী মহামারীকে প্রহারে জর্জরিত করিয়া বিতাড়িত করিবেন। রাক্ষসী নাকি করুণ সুরে বিলাপ করিয়া ফিরিয়া বেড়াইবে!

একটা ভয়াতুর আবহাওয়ায় গ্রামখানা ভয়ার্ত শিশুর মত চোখ বুজিয়া কাঠের মত পড়িয়া আছে।

সুশীল বলিল, চলুন এইবার।

শিবু এ কয়দিন সুশীল ও পূর্ণের সহিত কাছারি-বাড়িতেই শুইয়া থাকে। সে বলিল, চুপিচুপি চলুন। কেষ্ট সিং কি নায়েববাবু যেন জানতে না পারেন, এখুনি হাউমাউ করে উঠবেন।

অমাবস্যার অন্ধকার, উর্ধ্বলোকে আকাশের বুকে তারার আলোকও স্পষ্ট নয়, দীর্ঘকাল অভিসিঞ্চনহীন অস্নাত পৃথিবীর সারা অঙ্গ বেড়িয়া ধূলার আস্তরণ পড়িয়াছে ; সেই আস্তরণের অন্তরালে তারাগুলি বিবর্ণ, অস্পষ্ট। নিবিড় অন্ধকারের ভিতর তিনটি কিশোর নীরবেই চলিয়াছিল, একটা ভয়ঙ্কর কিছুর সহিত দেখা হওয়ার সতর্ক শঙ্কিত কৌতূহলে তাহারা ব্যগ্র উন্মুখ হইয়াই ছিল।

গোঁ—গোঁ! মৃদু কিন্তু ক্রুদ্ধ গর্জনধ্বনি। কুকুর, একটা কুকুর কোথা হইতে একটা শবের ছিন্নাঙ্গ লইয়া আসিয়া আহারে ব্যস্ত। মানুষের আগমনে বাধা অনুভব করিয়া নরমাংসের আস্বাদন-উগ্র জানোয়ারটা গর্জন করিতেছে। কয়েক পদ অগ্রসর হইয়াই—ও কি, মানুষের মত উপু হইয়া সারি দিয়া বসিয়া! ওঃ শকুনি কয়টা, কুকুরটার মুখের ওই মাংসখণ্ডের প্রলোভনে বসিয়া আছে। দূরে কোথায় শৃগালে কোলাহল জুড়িয়াছে—শবদেহ লইয়া কলহ। মুক্ত প্রান্তরপথ এইবার ঘন জঙ্গলের মধ্যে প্রবেশ করিয়াছে, দুই ধারে প্রকাণ্ড বড় বড় শিমুল আর অর্জুন গাছ ; উপরের আকাশ পর্যন্ত দেখা যায় না। অমাবস্যার অন্ধকারেও মানুষের দৃষ্টি চলে, কিন্তু এ যেন তমোলোক, অতলস্পর্শী অন্ধকারে সব হারাইয়া যায়, আপনাকেও বোধ করি অনুভব করা চলে না। এই অন্ধকারের মধ্যে ক্ষুদ্র একটা নালা বহিয়া নদীতে গিয়া মিশিয়াছে, নালাটার উপর একটা সাঁকো। সাঁকোটার একটা থামের পাশে দীর্ঘাকার ওটা কি? তিনজনেই থমকিয়া দাঁড়াইল। মানুষ, হাঁ মানুষ, দীর্ঘকায় একটা লোক নীরবে দাঁড়াইয়া আছে। হাতে একটা কি রহিয়াছে!

সুশীল প্রশ্ন করিল, কে?

হা-হা-হা-হা করিয়া হাসিয়া সে বলিল, ডর লাগিয়েছে বেটা? কৌন্ রে তু বাচ্চা?

গোঁসাই-বাবা!—শিবু ছুটিয়া গিয়া তাঁর হাত ধরিল।

শিবু! বাবা রে, তু এতনা রাতে? আর ই কৌন্—ডাগদার বাবা-লোক?

সন্ন্যাসীই, শিবুর গোঁসাই-বাবাই বটে।

আমরা পুজো দেখতে যাচ্ছি গোঁসাই-বাবা। কিন্তু তুমি এখানে এমন করে দাঁড়িয়ে ছিলে কেন?

বহুত বঢ়িয়া আঁধিয়ার রে বাবা। মিশরকে লড়াইমে বেটা, একদিন একঠো বনের ভিতর এইসিন আঁধিয়ার দেখিয়েছিলো। হামি একা এক চিট্‌ঠি লেকে দুসরা ছাউনিমে যাতা রহা। দুশমন হামার পিছে লাগলো। উ রোজ এই আঁধিয়ার হামকো বাঁচাইলো বাবা। উ রাত

হামার মনমে আসিয়ে গেলো, ওহি লিয়ে। নীরব হইয়া সন্ন্যাসী আবার একবার সেই প্রগাঢ় অন্ধকার দেখিয়া লইলেন, তারপর আবার বলিলেন, আও রে বাবা।

সুশীল অত্যন্ত মৃদুস্বরে কি বলিল, শিবনাথ বুঝিতে না পারিয়া বলিল, কি ?

সুশীল বলিল, মিলিটারি ডিসিপ্লিন-ট্রেনিঙের কথা বলছি।

সে অন্ধকার পার হইয়াই খানিকটা আসিয়া শ্মশান। শ্মশানে আলোর মালা, মানুষের মেলা। এখানে ওখানে দল বাঁধিয়া বসিয়া গিয়াছে ভক্তের দল, গোল হইয়া বসিয়া স্খলিতকণ্ঠে চিৎকার করিতেছে, মধ্যে মদের বোতল। কোথাও চলিতেছে গাঁজা। শ্মশানের মধ্যস্থলে একটা মাটির বেদীর উপর কালীপ্রতিমা। পুরোহিত সম্মুখে বসিয়া একটি জবার অঞ্জলি লইয়া বোধ হয় ধ্যানস্থ। গোঁসাইবাবা গিয়া পুরোহিতের পাশে আসন করিয়া বসিলেন, জপ আরম্ভ করিলেন।

সুশীল প্রতিমার দিকে চাহিয়া বলিল, এ দেবতার এই হল উপযুক্ত পূজামণ্ডপ। শ্মশানের মাঝখানে, ওপরে অনাবৃত আকাশ, চারিপাশে শেয়াল-কুকুরের চিৎকার ; এ না হলে মানায় না।

পূর্ণ মুগ্ধভাবে বলিল, অপূর্ব মূর্তি ! এমন পরিকল্পনা বোধ হয় কোন দেশে কোন কালে হয় নি।

শিবনাথের মনে পড়িয়া গেল, সে বলিল, "কালী—অন্ধকারসমাচ্ছন্না কালীমাময়ী। হৃতসর্বস্ব, এই জন্য নগ্নিকা। আজি দেশের সর্বত্র শ্মশান—তাই মা কঙ্কালমালিনী। আপনার শিব আপনার পদতলে দলিতেছেন।···মা যা হইয়াছেন।"

সুশীল অদ্ভুত দৃষ্টিতে শিবনাথের মুখের দিকে চাহিয়া ছিল। শিবনাথ একটু বিস্ময় বোধ করিলেও হাসিয়া বলিল, 'আনন্দমঠ' পড়েন নি ?

পড়েছি।

তবে এমন করে চেয়ে রয়েছেন যে ?

এবার সুশীল সহজ হাসি হাসিয়া বলিল, বড় ভাল কথা মনে পড়েছে আপনার। প্রণাম করুন মাকে।

তিনজনে দেবীপ্রতিমাকে প্রণাম করিল। সুশীল প্রশ্ন করিল, প্রণামের মন্ত্র ?

অর্ধপথেই বাধা দিয়া শিবনাথ হাসিয়া বলিল, জয়ন্তী মঙ্গলা কালী—ওসব ছেলেবেলায় শিখেছি আমরা।

হাসিয়া সুশীল বলিল, ঠকে গেলেন শিবনাথবাবু। হল না, ও মন্ত্রে 'আনন্দমঠের দেবতাকে প্রণাম করা হয় না।

শিবনাথ বলিল, বন্দে মাতরম্।

সুশীল বলিল, হ্যাঁ, বন্দে মাতরম্।

পূর্ণ বলিল, এবার চলুন, বাড়ি ফেরা যাক। রাত্রি অনেক হল।

আবার সেই অন্ধকার পথ। সহসা সুশীল বলিল, আপনার বিয়ে যদি না হত শিবনাথবাবু !

হাসিয়া শিবনাথ বলিল, কেন বলুন তো ?

আমার বোন দীপার সঙ্গে আপনার বিয়ে দিতাম। ভারি চমৎকার মেয়ে! তা ছাড়া কত কাজ করতে পারতেন দেশের !

শিবু কোন উত্তর দিল না, তিনজনেই নীরব। নীরবেই আসিয়া তাহারা কাছারি-বাড়িতে উঠিল। সুশীল এতক্ষণে হাসিয়া বলিল, তাইতো শিবনাথবাবু, কলেরা-সুন্দরীর সঙ্গে দেখা হল না পথে। তার কথাটা একদম ভুলেই গিয়েছিলাম।

সত্যই, সে কথা কাহারও মনেই ছিল না। একটা ভাবাবেশের মধ্যে এতটা পথ তাহারা চলিয়া আসিয়াছে।

সতেরো

মাসখানেক পর। জ্যৈষ্ঠের প্রথম সপ্তাহ পার হইয়া যায়, প্রকৃতি সুস্থির হইয়াছে।

কালবৈশাখীর ঝড়ের মত যে বিপর্যয়টা গ্রামখানির উপর আসিয়া পড়িয়াছিল, সে বিপর্যয় শান্ত হইয়াছে। মহামারী থামিয়াছে। তাহার উপর উপর্যুপরি কয়েকদিন ঝড়বৃষ্টি হইয়া গিয়াছে, বর্ষণস্নিগ্ধ প্রকৃতির রূপও পরিবর্তন হইয়াছে, রৌদ্রের উত্তাপে আর সে আগুনের জ্বালার মত জ্বালা নাই, দাহ নাই, প্রান্তরে প্রান্তরে পথে পথে আর সে ধূলার ঘূর্ণি উঠে না, ধূসর মরুভূমির মত ধরিত্রীবক্ষে ক্ষুদ্র ক্ষুদ্র তৃণাঙ্কুর দেখা দিয়াছে, দূর হইতে সমস্ত মাঠটা এখন সবুজ বলিয়া মনে হয়, কাছে গেলে সে রঙ মায়ার মত মিলাইয়া যায়, শুধু সদ্যোদ্গত তৃণাঙ্কুর-গুলি বিচ্ছিন্নভাবে ঝিকমিক করে। হাল-বলদ লইয়া চাষীরা মাঠে পড়িয়াছে, আউশ ধানের বীজ ফেলার সময়, আর যে নিঃশ্বাস ফেলিবার সময় নাই।

রাখাল সিং বীজধানের হিসাব করিতেছিলেন। কেষ্ট সিং বাড়ির কৃষাণদের শাসন আরম্ভ করিয়াছে, বলি, জমি ক কাঠা চষেছ, সারই বা ক গাড়ি ফেলেছ যে, একেবারে এসে খাবার ধানের জন্যে রাঘব-বোয়ালের মত হাঁ করে দাঁড়ালে ?

কৃষাণদের মুখপাত্র বাহারুদ্দিন শেখ বলিল, তা বলতে পার সিংজী, ই কথা তুমি বলতে পার। তবে ইটাও তো ভালা সমঝ করতে হবে যে, ছাশের হালটা কি গেল! ইয়ার মধ্যে কাম-কাজ কি করা যায়, সিটা তুমিই ভালা বল।

অন্য একজন বলিল, আর বাপু, আজ সব মুখে হাসি দেখা দিয়েছে, কথা ফুটেছে ; এতদিন বলে হাত-পা সব প্যাটের ভিতর সেঁদালছিল। ছেলেন আমাদের বাবু, আহা-হা, আল্লার দোয়ায় বাবু আমার আমির-বাদশা হবেন, বাবু ছেলেন তাই বাঁচলাম, চাষ-আবাদ করবার লাগি আবার এসে দাঁড়ালাম। তুমি বল কি সিংজী, তার ঠিকেনা নাই !

রাখাল সিং বলিলেন, তা হলে তিরিশ বিঘে জমির আউশের বীজ তোমার এক বিশই বার করে দাও। আর তোমরা শোন বাপু, এখন জানাচ্ছি, পাঁচ টিনের বেশি খোরাকী ধান দিতে

পারব না। হুকুম নেই, যেতে হয় যাও পিসীমার কাছে।

শিবনাথ নিতান্ত অন্যমনস্কভাবে শ্রান্ত অলস পদক্ষেপে কাছারিতে প্রবেশ করিল। সুশীল ও পূর্ণ চলিয়া গিয়াছে। শিবনাথ এখন একা পড়িয়াছে। এই কঠিন এবং অবিশ্রাম পরিশ্রমের ফলে তাহার শরীর অল্প শীর্ণ হইয়া গিয়াছে, অপেক্ষাকৃত দীর্ঘ বলিয়া ভ্রম হয়; মাথার চুলগুলিও কাটিবার অবসর হয় নাই, পারিপাট্য ও প্রসাধন-যত্নের অভাবে চুলগুলি অবিন্যস্ত রুক্ষ, মৃদু বাতাসে সেগুলি অল্প অল্প কাঁপিতেছিল, চোখের দৃষ্টি চিন্তাপ্রবণ।

শিবনাথকে দেখিয়াই বাহারুদ্দিন ও অপর কৃষাণগণ সসম্ভ্রমে উঠিয়া সেলাম করিল। বাহারুদ্দিন বলিল, হুজুর রইছেন, আমাদের হুজুরের কাছে আমরা দরবার করছি। আমরা কি বাল-বাচ্চা নিয়ে না খেয়ে মরব নাকি? হুকুম দিয়ে ছান হুজুর, না হলে আমরা যাব কোথা?

শিবনাথের চিন্তায় বাধা পড়িল, সে ভ্রূকুঞ্চিত করিয়া জিজ্ঞাসুনেত্রে বোধ করি সকলের দিকেই চাহিল। বাহারুদ্দিন আড়ম্বর করিয়া আর একটা বক্তৃতা ভাঁজিবার উপক্রম করিতেছিল, কিন্তু রাখাল সিং বলিলেন, থাম হে বাপু তুমি। ওসব হুজুর, দয়াল, মা-বাপ বলে আমড়াগাছি করতে হবে না তোমাকে।

শিবনাথের বিরক্তিব্যঞ্জক ভ্রূকুটি কৌতুকে প্রসন্ন হইয়া উঠিল, সে হাসিয়া বলিল, হুজুর, দয়াল, তারপর দরবার, এগুলো তো বাহারুদ্দিন ভাল কথাই বলেছে সিং মশায়, যাকে আপনাদের এস্টেটে বলে—আদব-কায়দাদোরস্ত কথা। কিন্তু ব্যাপারটা কি?

রাখাল সিং বলিলেন, কথাটা ভালই বটে, কিন্তু মতলবটি যে খারাপ। আপন কাজ হাসিলের জন্যে, স্বার্থের জন্যে ওসব হুজুর, দয়াল, দরবার, এ তো ভাল নয়।

কিন্তু সংসারে বড়লোকমাত্রেই তো গরিবলোকের কাজ হাসিল আর স্বার্থের জন্যেই কেবল হুজুর আর দয়াল সেজে বসে আছে। কাজের দায় না থাকলে আর কে কাকে হুজুর বলে, বলুন? তারপর হল কি আপনাদের?

রাখাল সিং এ মন্তব্যে মনে মনে বিরক্ত হইয়া উঠিলেন ও আলোচনাটা বন্ধ করিয়া দিয়াই কাজের কথা উপস্থাপিত করিলেন। এখনও এবার মাঠে চাষের কাজকর্ম একেবারে কিছু হয় নাই বলিলেই চলে, মাঠে এক গাড়ি সার পর্যন্ত ফেলা হয় নাই; বৃষ্টির পর এই সবে কাজকর্মের প্রারম্ভ, এখন হইতেই কৃষাণের দল অত্যন্ত বেশী পরিমাণে ধান ধার চাহিতেছে। সম্মুখে এখন সমগ্র বর্ষাটাই পড়িয়া আছে, সমস্ত বর্ষাভোর তাহাদের খাওয়ার ধান ধার দিতে হইবে, কৃষাণ ছাড়া ভাগজোতদার আছে, অভাবী প্রজা আছে, সকলকেই রক্ষা করিতে হইবে। সুতরাং কৃষাণদের দাবির পরিমাণ ধান তো দেওয়া হইতেই পারে না, এমন কি তাঁহাদের মতে এখন ধান দেওয়াই উচিত নয়। কৃষাণেরা চাষের কাজ আরম্ভ করুক, কাজ দেখিয়া পরে ধান দেওয়া যাইবে। শেষে রাখাল সিং বলিলেন, তবে যদি দানছত্র খুলে দেন, সে আলাদা কথা।

বাহারুদ্দিন সঙ্গে সঙ্গে এক সেলাম করিয়া বলিল, হুজুরের আমার অভাব কি? দানছত্রই কি খুলতে হুজুর আমার পারেন না? এই যে হুজুর দিলেন খেতে এই সব বাউড়ী-ডোম-মুচীদের,

আল্লার দরবার তাকাত চলে গেল' খবর, লেখা হল সিখানে ; এই বছরই দেখবেন, আল্লা ক্যাতে কি ফসলটা ফলিয়ে স্তান।

শিবনাথ বলিল, না না বাহারুদ্দিন, খেতে একা আমি দিয়েছি—এ কথা তোমাকে কে বললে ? গ্রামের সকলেই দিয়েছেন আপন আপন সাধ্যমত। এ কথা তোমরা যেন আর বোলো না। তোমরা আমাদের বাড়ির লোক, তোমাদের মুখে এ কথা শুনলে লোকে দোষ দেবে আমাকেই।

আজ্ঞে না হুজুর, এমন অন্যায় কথা বলব কেনে, বলুন ? দিয়েছেন বইকি যার যার যেমন সাধ্যি, তবে হুজুর, 'মি লইলে তো মাড়ন' হয় না, মাথা লইলে কাজ হয় না, আপনি হলেন সেই মাথা, সেই মি।

যাকগে। এখন তোমরা ধান চাচ্ছ, তা একটু কম-সম করেই নাও না। পরে আবার নেবে। যখন তোমাদের দরকার হবে, পাবে। এ তো তোমরা ভিক্ষে নিচ্ছ না, ধার নিচ্ছ ; ফসল হলে আবার শোধ দেবে।

আগাম হুজুর, আগাম আপনকার ধানটি শোধ করব, তবে আমরা ঘরে লিয়ে যাব। শোধ দিয়ে ফেরত না পাই, হাত-পা ধুয়ে ঘর যাব হুজুর।

তা হলে তাই দিন নায়েববাবু, যা দিতে চাচ্ছেন আর কিছু বেশি দিন, একটা মাঝামাঝি করে দিন, ওরাও তো আমাদেরই মুখ চেয়ে আছে, অভাব হলে ওরা আর যাবে কোথায় বলুন ?

অ্যাই ! হুজুরের চাষ-কাম করছি, দোসরা কার দুয়ারে আমরা হাত পাততে যাব, বলেন ?

শিবনাথ আর কথা না বাড়াইয়া শ্রীপুরের ঘাটের দিকের বারান্দায় আসিয়া একখানা ডেক-চেয়ার টানিয়া লইয়া বসিল। এদিকটা অপেক্ষাকৃত নির্জন, সম্মুখেই কাজল-কালো জলভরা পুকুরটির ধারে ধারে শালুক ও রক্তকমলের জলজ-লতায় ফুল ফুটিয়াছে, পানাড়ির পাতলা পাতার ঘন দলের মধ্যে অসংখ্য ছোট ছোট সাদা ফুল আকাশভরা তারার মত ফুটিয়া আছে, মাঝে মাঝে কলমী-লতার বেগুনী রঙের ফুল দুই-চারিটাও দেখা যায়। জলের ধারে বাতাসও অপেক্ষাকৃত স্নিগ্ধ।

তাহার জীবনে যেন অবসাদ আসিয়াছে, এই মাসখানেকের প্রবল উত্তেজনাময় কর্ম-সমারোহের পর কেমন যেন নীরব শান্ত হইয়া গিয়াছে শিবনাথ। সুশীল ও পূর্ণ চলিয়া গিয়াছে, কিন্তু সাহচর্যের এমন একটা আস্বাদ তাহারা দিয়া গিয়াছে যে, আর তাহার এখানকার বন্ধুদের সাহচর্য তেমন মধুর এবং রুচিকর মনে হয় না। সে বসিয়া বসিয়া কর্মমুখর দিন কয়টির কথা ভাবে ; ভাবিতে ভাল লাগে, মন গৌরবে আনন্দে ভরিয়া উঠে। একটা গৌরবময় ভবিষ্যৎ কল্পনা করিতে মন অধীর হইয়া পড়ে। প্রাসাদ নয়, ধন-সম্পদ নয়, গাড়ি নয়, ঘোড়া নয়, বিশাল জমিদারী নয়, কৃচ্ছ্রসাধনধন্য ত্যাগের দীপ্তিতে উজ্জ্বল ভাস্বর জীবন। সে কল্পনার মধ্যে তাহার পিসীমা তাহার জন্য কাঁদিয়া সারা হন, মা ম্লানমুখে অশ্রুসজল নেত্রে তাহার যাত্রাপথের

দিকে নির্নিমেষ দৃষ্টিতে চাহিয়া থাকেন, নিরুদ্ধ অশ্রুসাগর বুকে করিয়া গৌরী উদাসিনীর মত পিছনে পড়িয়া থাকে, আর সে চলে সম্মুখের আহ্বানে ; দুর্গম পথ, আকাশে দুর্যোগ, আলোক নিবিয়া আসিতেছে, অন্ধকার—প্রগাঢ় অন্ধকার ; দুই পাশে ঘন বন, বনপথের অন্ধকার অতল-স্পর্শী সূচীভেদ্য, সে অন্ধকারের মধ্যে আপনাকেও অনুভব করা যায় না, অগ্র নাই পশ্চাৎ নাই, তবু সে চলে। সে অন্ধকারের ওপারে আলোকিত শ্মশানে শ্মশানকালী—মা যা হইয়াছেন।

কল্পনার সঙ্গে অদ্ভুতভাবে সেদিনের বাস্তব স্মৃতি মিশিয়া এক হইয়া যায়।

তাহার মনে পড়িল, সেই রাত্রেই ওই 'মা যা হইয়াছেন' আলোচনাপ্রসঙ্গে 'আনন্দমঠে'র কথা উঠিয়াছিল—

"সেই অন্তশূন্য অরণ্যমধ্যে, সেই সূচীভেদ্য অন্ধকারময় নিশীথে, সেই অননুভবনীয় নিস্তব্ধ মধ্যে শব্দ হইল, 'আমার মনস্কাম কি সিদ্ধ হইবে না ?' উত্তরে অন্ধকার অরণ্যের মধ্য হইতে অশরীরী বাণীর প্রশ্ন ধ্বনিত হইল, 'তোমার পণ কি ?' 'পণ আমার জীবন সর্বস্ব।' 'জীবন তুচ্ছ ; সকলেই ত্যাগ করিতে পারে।' 'আর কি আছে ? আর কি দিব ?' তখন আবার উত্তর হইয়াছিল, 'ভক্তি'।" সুশীল বলিয়াছিল, দেশ কি বাইরে শিবনাথবাবু ? দেশের বসতি মানুষের মনে, মাটি মা হয়ে ওঠেন ওই ভক্তির স্পর্শে, মৃন্ময়ী চৈতন্যরূপিণী চিন্ময়ী হয়ে ওঠেন ওই সাধনায়।

তাহার তরুণ বক্ষখানি ভাবাবেগে ফুলিয়া ফুলিয়া উঠিতেছিল।

বাবু ! জামাইবাবু !

কণ্ঠস্বরে চকিত হইয়া মুখ ফিরাইয়া দেখিল, অর্ধ-অবগুণ্ঠনবতী একটি মেয়ে তাহাকে ডাকিতেছে। সেই ডোমেদের বধূটি। মেয়েটির মুখে একটি শীর্ণতার ছায়া এখনও বিদ্যমান, তবুও সে অনেকটা সারিয়া উঠিয়াছে। বধূটি রূপবতী নয়, শ্রীমতী ; তার ঈষৎ দীর্ঘ দেহখানি পাথরে খোদা মূর্তির মত সুগঠিত, রোগের শীর্ণতার মধ্যেও নিটোল লাবণ্য একেবারে মুছিয়া যায় নাই। এখন আবার সে লাবণ্য স্বাস্থ্যের স্পর্শে সজীব সতেজ হইয়া উঠিতেছে। শিবনাথ তাহার দিকে ফিরিয়া চাহিতেই সে ম্লান হাসি হাসিয়া বলিল, আপনার কাছে আবার এলাম বাবু, বেপদে পড়ে আর কার কাছে যাব বলেন ?

বিপদ ! আবার কি বিপদ হল তোমার ?

মেয়েটি মুখ নীচু করিয়া বলিল, আমাকে একটি কাজ দেখে দ্যান বাবু, উ বাড়িতে আর আমি থাকতে লারছি।

শিবুর মনে পড়িয়া গেল মেয়েটির ভূতের ভয়ের কথা। সে হাসিয়া বলিল, ভূত-টুত সংসারে নেই বাপু, ওসব মিথ্যে কথা। ওই তো এতদিন এ বাড়িতেই—

বাধা দিয়া মেয়েটি বলিল, আজ্ঞে না বাবু, ভূত লয়, শাশুড়ী ভাশুর দেওর এরা আমাকে বড় জ্বালাইছে মাশায় ; রেতে নিশ্চিন্দি ঘুমোবার জো নাই।

কেন ?—শিবুর মন উত্তপ্ত হইয়া উঠিল।

মেয়েটির ঠোঁট দুইটি এবার থরথর করিয়া কাঁপিয়া উঠিল, সে এ প্রশ্নের উত্তর দিতে পারিল না। কিছুক্ষণ পরে মৃদুস্বরে ধীরে ধীরে বলিল, আমাকে বলে বাবু, এই ভাশুরকে সেঙা করতে।

শিবনাথ আশ্চর্য হইয়া গেল, কেবল আশ্চর্য নয়, পুনর্বিবাহে মেয়েটির অসম্মতি দেখিয়া তাহার স্নেহ যেন খানিকটা বাড়িয়া গেল। সে বলিল, তুমি কি আর বিয়ে করবে না?

নতমুখেই মেয়েটি বলিল, না। আপুনি একটি কাজ দেখে দ্যান, সেখানেই কাজ করব, পড়ে থাকব আমি।

কোথায় কাহার বাড়িতে কাজ খুঁজিতে যাইবে সে? চিন্তিতমুখেই শিবনাথ বলিল, আচ্ছা, দেখি।

এবার চোখের জল মুছিয়া বধূটি অল্প একটু হাসিয়া বলিল, এমন করে কি ভাবছিলা জামাইবাবু?

কখন?

এই আমি এলাম, চার-পাঁচ বার ডাকলাম, শুনতেই পেলে না মাশায়। হুই ঘুড়ির মতন মনটি যেন আকাশে উড়ে বেড়াইছে।

শিবনাথ একটু হাসিল, কি উত্তর সে তাহাকে দিবে? কি বুঝিবে সে?

মেয়েটি এবার ফিক করিয়া হাসিয়া বলিল, নাস্তিদিদির কথা ভাবছিলা বুঝি?

শিবনাথের দৃষ্টি রূঢ় হইয়া উঠিল, একটা ইতরশ্রেণীর নারীর রহস্যলাপে তাহার আত্ম-মর্যাদায় আঘাত লাগিল; আর একদিন মেয়েটা এইভাবে রহস্যালাপের চেষ্টা করিয়াছিল। মেয়েটি সে দৃষ্টির আঘাতে সঙ্কুচিত হইয়া গেল, বিনয় করিয়া নিবেদনের ভঙ্গিতে বলিল, রাগ করলেন জামাইবাবু? আপুনি আমাদের জামাইবাবু কিনা, তাতেই বললাম মাশায়।

আত্মসম্বরণ করিয়াও শিবনাথ ঈষৎ রূঢ়স্বরেই বলিল, আচ্ছা, যা তুই এখন।

আমার লেগে একটি কাজ দেখে দিয়েন মাশায়; ডোমের মেয়ে, ময়লা মাটি নদ্দমা পরিষ্কার যা বলবেন তাই করব আমি।

হুঁ।—শিবনাথ কথা বন্ধ করিবার অভিপ্রায়েই সংক্ষেপে কহিল, হুঁ। আবার সে মুখ ফিরাইয়া আকাশের দিকে চাহিয়া ছিন্ন চিন্তাসূত্রের প্রান্তের সন্ধান করিতে বসিল। মেয়েটা কিছুক্ষণ নীরবে কাপড়ের আঁচলে পাক দিয়া ধীরে ধীরে, যেমন অজ্ঞাতসারে আসিয়াছিল, তেমন অজ্ঞাতসারেই চলিয়া গেল। শিবনাথ মুখ ফিরাইয়া দেখিল, মেয়েটি চলিয়া গিয়াছে। তাহার মন চঞ্চল হইয়া উঠিল, না, এমন রূঢ় হওয়া ভাল হয় নাই।

মেয়েটির আত্মীয়তার সুরটি বড় মিষ্ট। সে একটি দীর্ঘনিশ্বাস ফেলিল। মনটা এই এতটুকু হেতুকে অবলম্বন করিয়াই কেমন বিমর্ষ হইয়া গেল। ছিন্ন চিন্তার সূত্র কোথায় হারাইয়া গিয়াছে, শিবনাথ সে সূত্রের সন্ধান আর পাইল না। আবার একটি দীর্ঘনিশ্বাস ফেলিয়া সে চোখ বুজিল। গৌরীর প্রতি অবিচারের অপরাধ আর সে বাড়ায় নাই। গৌরীকে পত্র দিয়াছে। এইবার গৌরীর পত্র আসিবে। পত্র আসিবার সময় হইয়াছে, চিঠি বিলি হইবারও

তো সময় হইয়া আসিল। শিবনাথ একটু চঞ্চল হইয়া উঠিল, ডাকিল, কেষ্ট সিং!

পত্র-রচনায় নিবিষ্টচিত্ত কিশোরী গৌরীর মূর্তি তাহার মনের মধ্যে বিনা ধ্যানেই জাগিয়া উঠিল। কিশোরী গৌরী, পরনে তাহার নীলাম্বরী, অধরকোণে মৃদু হাসি, চিঠি লিখিতে লিখিতে আপনি তাহার মুখে হাসি ফুটিয়া উঠিয়াছে।

কেষ্ট আসিয়া দাঁড়াইতেই শিবনাথ বলিল, পথের ওপর একটু নজর রেখো তো, পিওন এলে চিঠি থাকলে নিয়ে আসবে আমার কাছে।

চিঠি লইয়া স্বয়ং শৈলজা-ঠাকুরানী আসিয়া দাঁড়াইলেন, তোর চিঠি শিবনাথ।

সুন্দর একখানি খামের চিঠি, ইংরাজীতে ঠিকানা লেখা। শিবনাথের বুকটা ধড়াস করিয়া উঠিল। সে কম্পিত হাত বাড়াইয়া দিয়া চিঠিখানা গ্রহণ করিল।

শৈলজা-ঠাকুরানী প্রশ্ন করিলেন, কোথাকার চিঠি রে? বউমা চিঠি দিয়েছেন বুঝি?

পোস্ট-অফিসের ছাপই শিবনাথ দেখিতেছিল, ম্লান হাসি হাসিয়া সে বলিল, না, কলকাতা থেকে আসছে। বোধ হয়—

চিঠিখানা বাহির করিয়া দেখিয়া বলিল, হ্যাঁ, সুশীলবাবুই লিখেছেন।

সুশীল?

হ্যাঁ।

ক্ষণকাল নীরব থাকিয়া পিসীমা বলিলেন, বউমা চিঠিপত্র তো লেখেন না?

না।

তুই? তুই তো দিলে পারিস।

শিবনাথ এ কথার উত্তর দিল না; সত্য বলিতেও শঙ্কা হইতেছিল, মিথ্যা বলিতেও মন চাহিতেছিল না। আবার শৈলজা-ঠাকুরানী বলিলেন, তুই চিঠি না দিলে সে কি নিজে থেকে প্রথমে পত্র দিতে পারে?

শিবনাথের মুখ-চোখ রাঙা হইয়া উঠিল, সে এবার অকুণ্ঠিত দৃষ্টিতে পিসীমার মুখের দিকে চাহিয়া অকারণে দৃঢ়স্বরে উত্তর দিল, আমি চিঠি দিয়েছি।

পিসীমা স্তম্ভিতভাবে শিবনাথের মুখের দিকে চাহিয়া আহতকণ্ঠে বলিলেন, সে কথা তুই এমনভাবে বলছিস কেন শিবনাথ? আমি দুষ্যভাবে কিছু বলি নি।

ইহার পর শিবনাথ আর উত্তর দিতে পারিল না, সে গভীর মনোযোগের সহিত সুশীলের চিঠিখানার উপর ঝুঁকিয়া পড়িল। দীর্ঘ পত্র—কলিকাতায় কখন কোন্ ট্রেনে শিবনাথ যাইবে জানাইবার জন্য বার বার লিখিয়াছে। সে স্টেশনে থাকিবে, তাহাদের বাড়িতেই তাহাকে প্রথম উঠিতে হইবে। "দীপা তো অসীম আগ্রহ আর কৌতূহল লইয়া আপনার অপেক্ষা করিয়া আছে। আপনার অভ্যর্থনার জন্য সে একখানা নূতন শাড়িই কিনিয়া ফেলিয়াছে। তাহার ধারণা, আট বছর বয়সেই সে অনেক বড় হইয়া উঠিয়াছে, আর কি ভদ্রলোকের সম্মুখে ফ্রক পরা যায়!"

শিবনাথের মুখে হাসি দেখা দিল। শৈলজা-ঠাকুরানী এই অবসরে কখন সেখান হইতে চলিয়া গিয়াছেন।

ক্ষুদ্র ক্ষুদ্র বঞ্চনা অথবা বঞ্চনার সম্ভাবনায় মানুষ প্রাণপণ শক্তি লইয়া তাহার প্রতিকারের জন্য যুদ্ধ ঘোষণা করিয়া দাঁড়ায়, উচ্চকণ্ঠে সে আপনার দাবি লইয়া কলহ করে; কিন্তু যেদিন অকস্মাৎ আসে চরম বঞ্চনা, আপনার সর্বস্ব এক মুহূর্তে আপনার অজ্ঞাতে পরহস্তগত হইয়া যায় বা হারাইয়া যায়, সেদিন একান্ত শক্তিহীন হতভাগ্যের মত নীরবে তাহা মাথা পাতিয়া লওয়া ছাড়া আর গত্যন্তর থাকে না। শিবুর রক্তাভ মুখের উত্তাপ আর ওই কয়টি দৃপ্ত কথার সুরের মধ্যে যেন লুকাইয়া ছিল কালবৈশাখীর মেঘের বিদ্যুৎ আর বজ্রধ্বনি; শৈলজা-ঠাকুরানীর জীবনের প্রাসাদখানিকে যেন একেবারে চৌচির করিয়া দিল। বঞ্চনার বেদনায় তিনি ক্ষীণ আর্তনাদ পর্যন্ত করিলেন না, সংসারের কাহারও কাছে কথাটা প্রকাশ পর্যন্ত করিলেন না, নীরবে নতশিরে আসিয়া পূজার ঘরে প্রবেশ করিলেন।

অস্বাভাবিক বিলম্বে জ্যোতির্ময়ী দুইবার আসিয়া ননদকে পূজায় নিযুক্ত দেখিয়া ফিরিয়া গেলেন, তৃতীয় বারে আসিয়া কথা কহিবার প্রতীক্ষায় দাঁড়াইয়া রহিলেন।

অত্যন্ত শান্তকণ্ঠে শৈলজা-ঠাকুরানী বলিলেন, আমার জন্যে দাঁড়িয়ে আছ?

জ্যোতির্ময়ী বলিলেন, বেলা যে অনেক হল ঠাকুরঝি।

একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া তিনি বলিলেন, যাই।

ধীরে ধীরে প্রণাম সারিয়া পূজার সরঞ্জামগুলি নিজেই পরিষ্কার ও গোছগাছ করিতে করিতে বলিলেন, ওপর আর নীচে—দু দিকে একসঙ্গে চোখ রাখা যায় না বউ।

জ্যোতির্ময়ী তাঁহার হাত হইতে বাসনগুলি টানিয়া লইয়া বলিলেন, চল না ভাই, একবার তীর্থ করে আসি।

শৈলজা-ঠাকুরানী বলিলেন, যাব। শিবুর ঘর পেতে দিয়ে একেবারে যাব ভাই।

জ্যোতির্ময়ী কথাটা সহজভাবেই গ্রহণ করিলেন, হাসিয়া বলিলেন, শিবুর ঘর গোছগাছ করে কি শেষ করতে পারবে তুমি? তোমার সাজানোই শেষ হবে না।

শৈলজা-ঠাকুরানী হাসিলেন, বলিলেন, বউমাকে আনবার জন্যে আজই চিঠি দেবো আমি। নিজের বউকে অন্যের ওপর রাগ করে বাইরে ফেলে রাখা আমাদের ভুল হচ্ছে ভাই। শিবুর দুঃখ হয়, বোধ হয় রাগও হয়।

জ্যোতির্ময়ী ঘাড় নাড়িয়া বলিলেন, না। তাঁরা নিয়ে গেছেন, তাঁরাই পাঠিয়ে দিন। আমরা আনতে পাঠাব কেন?

না, পাঠাতে হবে। চিরকাল তুমি আমার কথা মেনে এসেছ বউ, এ কথাটাও তোমাকে মানতে হবে। তুমি 'না' বলতে পাবে না।

ননদের মুখের দিকে সবিস্ময়ে চোখ ফিরাইয়া জ্যোতির্ময়ী বলিলেন, তোমায় কি কেউ কিছু বলেছে ঠাকুরঝি?

বার বার ঘাড় নাড়িয়া অস্বীকার করিয়া শৈলজা বলিলেন, না না না। কার ক্ষমতা আমাকে কিছু বলে, আমি বড় বাপের মেয়ে, আমি বড় ভাইয়ের বোন, আমি শিবুর পিসীমা।

তুমি আমায় লুকোচ্ছ ঠাকুরঝি।

না না ভাই। আজ পুজোয় বসে ইষ্টদেবতার মূর্তি মনে আনতে পারলাম না বউ, বার বার বউমাকেই আমার মনে পড়ল। তুমি 'না' বোলো না, বউমাকে আমি আনব। সে আমার ঘরের লক্ষ্মী, আর শিবুও আমার বড় হয়েছে।

জ্যোতির্ময়ীর চোখও ধীরে ধীরে জলে ভরিয়া উঠিল। বধূকে লইয়া তাঁহার মনের মধ্যে একটা গ্লানি অহরহ জমিয়া থাকিত। সে গ্লানি আজ যেন নিঃশেষে ধুইয়া মুছিয়া গেল।

আঠারো

শৈলজা-ঠাকুরানী অত্যন্ত প্রশান্তভাবেই সকল ব্যবস্থা করিলেন। পত্র সেইদিনই লেখা হইয়াছিল। তিনি নিজে বলিয়াছিলেন, নায়েব লিখিয়াছিলেন।—"বধূমাতা বারো পার হইয়া তেরোয় পড়িয়াছেন, এইবার তাঁহার ঘর বুঝিয়া লইবার সময় হইয়াছে। আমি বহু দুঃখকষ্টে শিবনাথকে মানুষ করিয়াছি, তাহার বিবাহ দিয়াছি। এইবার তাহার সংসার পাতাইয়া দিয়াই আমার কাজ শেষ হইবে। আমার জীবনের দুঃখকষ্টের কথা আপনারা জানেন, আমি এইবার বিশ্বনাথের শরণ লইতে চাই। বধূমাতার হাতে সংসার তুলিয়া দিতে পারিলেই আমিও নিশ্চিন্তমনে কাশীবাস করিতে পারিব। সেইজন্য লিখি, এই মাসের মধ্যে একটি শুভদিন দেখিয়া বধূমাতাকে এখানে পাঠাইবার ব্যবস্থা করিলে পরম সুখী হইব।"

চিঠি আজ কয়েকদিনই হইল ডাকে দেওয়া হইয়াছে। এখন তিনি শিবুর শুইবার ঘরখানি পরম যত্নের সহিত মাজিয়া ঘষিয়া উজ্জ্বলতর করিয়া তুলিতে আত্মনিয়োগ করিয়াছেন। ঘরে কলি ফিরানো হইয়া গিয়াছে, জানালায় দরজায় রঙ দেওয়া হইতেছে, রঙের কাজ শেষ হইলে কাঠ-কাঠরার আসবাবে বার্নিশ দেওয়া হইবে। রঙ-মিস্ত্রী বলিল, মা, ঘরখানা তেল-রঙ দিয়ে বেশ চমৎকার করে লতা ফুল এঁকে দিই না কেন, দেখবেন, কি বাহার খুলবে ঘরের!

লতা ফুল! শৈলজা-ঠাকুরানী বলিলেন, বেশ তো, কিন্তু তোমরা ওই ওদের বাড়িতে যে গোলাপফুল এঁকেছ, ও চলবে না। ও বাপু বিশ্রী হয়েছে।

পদ্মফুল এঁকে দিব মা, আপনার পছন্দ না হয়, আমাদের মেহনত বরবাদ যাবে, দাম দিবেন না আপনি।

তেল-রঙ করিয়া দিবারই অনুমতি হইয়া গেল। সেদিন সকালে শিবুকে ডাকিয়া বলিলেন, এই ছবিগুলো পছন্দ করে দে তো শিবু। এক বোঝা ছবি লইয়া অনন্ত বৈরাগী দাওয়ার উপর বসিয়া ছিল। শৈলজা দেবীর এই ভাবান্তরের হেতু অপরে না জানিলেও শিবুর অজানা ছিল

না। এই প্রগাঢ় মমতার বহিঃপ্রকাশের অন্তরালে সকরুণ বৈরাগ্যের বিপরীতমুখী স্রোতো-বেগের উচ্ছ্বসিত প্রবাহ তাহার চিত্তলোকের তটভূমিতে আঘাত করিয়া যেন অস্থির করিয়া তুলিয়াছিল। মনে মনে লজ্জা ও অনুতাপের আর অবধি ছিল না। কিন্তু প্রকাশ্যে ক্ষমা চাহিয়া এই ঘটনাটিকে স্বীকার করিয়া লওয়ার লজ্জা বরণ করিয়া লইতেও সে কোনমতে পারিতেছিল না। এ লজ্জা যেন ওই অপরাধের লজ্জা হইতেও গুরুতর। অন্তরে অন্তরে অত্যন্ত সহজ ভঙ্গিতে আত্মসমর্পণের একটি পরমক্ষণের জন্য সে সর্বান্তঃকরণে লালায়িত হইয়া ফিরিতেছিল। আহ্বানমাত্রেই সে পিসীমার কোলের কাছে বসিয়া পড়িল।

অনন্ত বৈরাগী ছবির বোঝা শিবনাথের সম্মুখে আগাইয়া দিল। কাঠের ব্লকে ছাপানো দুর্গা, কালী, জগদ্ধাত্রী, যুগলমিলন প্রভৃতি দেবতার মূর্তি। শিবনাথ দেখিয়া দেখিয়া বলিল, এর মধ্যে তোমার কোন্‌গুলো পছন্দ শুনি? দেখি তোমার সঙ্গে আমার পছন্দের মিল হয় কি না।

বিচিত্র হাসি হাসিয়া পিসীমা বলিলেন, তোদের পছন্দের সঙ্গে কি আমাদের পছন্দের কখনও মিল হয় রে! তোরা এককালের, আমরা সেই আর এককালের।

শিবনাথের চিত্তলোকের তটভূমিতে এ একটি পরম উচ্ছ্বসিত তরঙ্গের আঘাত, তবুও সে কোনমতে আত্মসম্বরণ করিয়া হাসিয়া বলিল, তাই কি হয়! আমার শিক্ষা, আমার রুচি, সব কিছুই তো তোমার কাছ থেকে পেয়েছি। দেখো তুমি, কখনও তোমার আমার পছন্দের গরমিল হবে না। আচ্ছা, আমি বলে দিচ্ছি, এ ছবির একখানাও তোমার পছন্দ হয় নি।

শৈলজা-ঠাকুরানী স্বল্প বিস্ময়ের সহিত বলিলেন, না, আমার পছন্দ হয় নি শিবু।

হাসিয়া শিবনাথ বলিল, তোমার মনের কথা আমি যে টের পাই।

অকস্মাৎ পিসীমার চোখের কূল ছাপাইয়া দুই বিন্দু জল ঝরিয়া পড়িল। শিবনাথ মৃদুস্বরে বলিল, আমার উপর তুমি রাগ করেছ?

তাড়াতাড়ি চোখ মুছিয়া শৈলজা-ঠাকুরানী বলিলেন, অনন্ত, এ ছবি তুমি নিয়ে যাও, কাল-পরশুর মধ্যে রবিবর্মার ছবি এনে দিতে পার তো নিয়ে এস। যাও, তুমি এখন যাও।

অনন্ত চলিয়া গেলে শিবনাথ আবার বলিল, তুমি আমার ওপর রাগ করেছ?

পিসীমা হাসিয়া বলিলেন, তুই খানিকটা পাগলও বটে শিবনাথ।

কই, আমার গায়ে হাত দিয়ে বল দেখি।

না।—ত্রস্তভাবে পিসীমা বলিয়া উঠিলেন, না। গায়ে হাত দিয়ে শপথ করে কি কোন কথা বলতে আছে!

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া চুপ করিয়া রহিল; পিসীমার ওই চকিত ভঙ্গির মধ্যে উত্তেজনার আভাস পাইয়া প্রসঙ্গটা লইয়া অগ্রসর হইতে তাহার শঙ্কা হইল। শৈলজা-ঠাকুরানী সস্নেহে তাহার মাথায় হাত বুলাইয়া বলিলেন, জানিস, লুণ্ঠন-ষষ্ঠীর কথাতে আছে, সোনার ষষ্ঠীর মূর্তি নিয়ে গিয়েছিল ইঁদুরে। গেরস্থের বাড়িতে ছিল বউ আর মেয়ে; বউ সন্দেহ করলে, মেয়ে চুরি করেছে সোনার ষষ্ঠীমূর্তি। মেয়ে মনের তাপে তার একমাত্র ছেলের মাথায় হাত দিয়ে দিব্যি করলে। অপরাধ নেই, পাপ নেই, তবু ওই ছেলের মাথায়

হাত দিয়ে শপথ করার অপরাধে তার ছেলেটি তিন দিনের দিন হঠাৎ মরে গেল। গায়ে হাত দিয়ে, মাথায় হাত দিয়ে শপথ করতে আছে রে! তবে রাগ আমি তোর ওপর করি নি।

শিবনাথ এ কথারও কোন উত্তর দিল না, অভিমানের আবেগে তাহার মন ভরিয়া উঠিতেছিল, এমন কোন্ অপরাধ সে করিয়াছে যে, তাহার মার্জনা নাই? আর এ কি সত্যই অপরাধ?

পিসীমা আবার বলিলেন, হ্যাঁ, দুঃখ খানিকটা আমার হয়েছিল, কিন্তু দুঃখ যার জীবনে সমুদ্রের মত আদি-অন্তহীন, শিশির বিন্দুর মত এক বিন্দু দুঃখ যদি তার উপর বাড়ে, তাতে কি আর-কিছু যায় আসে রে? সে আমি ভুলে গেছি। বউমাকে যে পাঠাতে লিখেছি, সেও রাগের বশে নয়; সে আমার সাধ, সে আমার কর্তব্য, আর বউমার ওপর রাগ-অভিমান করাও আমার ভুল। সে বালিকা, তার অপরাধ কি? তাকে শিখিয়ে পড়িয়ে তার হাতে সংসার তুলে না দিলে আমাদের হঠাৎ কিছু হলে সংসার ধরবে কে? সংসার তো তারই। সংসারের ওপর আমাদের অধিকার তো ভগবান কেড়ে নিয়েছেন, এখন জোর করে বউমার সংসারে বউমাকে বাদ দিয়ে মালিক হতে গেলে ভগবান যে ক্ষমা করবেন না বাবা।

শিবু কোন উত্তর না দিয়া ধীরে ধীরে উঠিয়া চলিয়া গেল। কিন্তু পিসীমার এত দীর্ঘ সস্নেহ কৈফিয়তেও তাহার মনের অভিমান দূর হইল না। বরং বার বার তাহার মনে হইল, সংসার-জীবনে তাহার প্রয়োজন নাই। থাক হতভাগিনী গৌরী তপস্বিনীর মত, সেও ব্রহ্মচারীর মত জীবনটা কাটাইয়া দিবে। কাছারি-বাড়িতে আসিয়া সে শ্রীপুকুরের সম্মুখে বারান্দায় ডেক-চেয়ারের উপর বসিল। তাহার কল্পনার বৈরাগ্যের স্পর্শ লাগিয়া সমস্ত পৃথিবীই যেন গৈরিকবসনা হইয়া উঠিতেছিল।

জ্যৈষ্ঠের তৃতীয় সপ্তাহ পার হইয়া গিয়াছে, আকাশে মেঘের আনাগোনা শুরু হইয়াছে। গুমট গরম। বসিয়া থাকিতে থাকিতে শিবনাথের সর্বাঙ্গ ঘামে ভিজিয়া উঠিল। একখানা পাখা হইলে ভাল হইত। সে ডাকিল, সতীশ!

সতীশ বোধ হয় ছিল না, নায়েব রাখাল সিং উত্তর দিলেন, ডাকছেন আপনি?

না না, আপনাকে নয়, সতীশকে ডাকছিলাম।

সতীশ তো নেই; কোথায় যেন—এই—এই—একটু আগে এখানে ছিল।—বলিতে বলিতে নায়েব নিকটে আসিয়া উপস্থিত হইলেন।

হাসিয়া শিবনাথ বলিল, থাক্, কিছু বলি নি আমি। একখানা পাখা খুঁজছিলাম।

সে নিজেই পাখার সন্ধানে উঠিল। নায়ের বলিলেন, কাছারি-ঘরে চাবি দেওয়া রয়েছে, আমি বরং আমার পাখাখানা এনে দিই।

পাখাখানা আনিয়া শিবনাথের হাতে দিয়া নায়েব দাঁড়াইয়াই রহিলেন। শিবনাথ সেটুকু লক্ষ্য করিয়া বলিল, কিছু বলবেন আমাকে?

গম্ভীরভাবে নায়েব বলিলেন, 'বলছিলাম একটা কথা। কিছু দোষ নেবেন না যেন। আমি এ বাড়িকে আপনার বাড়ি বলেই মনে করি।

শ্রদ্ধার সহিত আগ্রহ প্রকাশ করিয়া শিবনাথ বলিল, বলুন। কোন সঙ্কোচ করবেন না আপনি।

রাখাল সিং বলিলেন দেখুন, আপনি নিজেই একবার কাশী যান। নইলে দেখতে শুনতে বড়ই কটু ঠেকছে। তা ছাড়া লোকের মিথ্যে রটনায় কুটুম্বে কুটুম্বে মনোমালিন্য বেড়ে যাবারই সম্ভাবনা। এরই মধ্যে নানা লোক নানা কথা কইতে আরম্ভ করেছে।

শিবনাথ এ কথার কোন উত্তর না দিয়া একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া নীরব হইয়া রহিল। কি উত্তর দিবে সে? মনের অভিমান কালবৈশাখীর মেঘের মত মুহূর্তে মুহূর্তে কুণ্ডলী পাকাইয়া ফুলিয়া ফুলিয়া সমস্ত অন্তরই যেন আচ্ছন্ন করিয়া ফেলিতেছিল। জীবনের দেনা শোধ না করিলে উপায় কি! অতীতের স্নেহের ঋণ শোধ করিতে যদি তাহাকে ভবিষ্যৎ বিকাইয়া দিয়াও দেউলিয়া হইতে হয়, তবে তাহাই তাহাকে করিতে হইবে।

রাখাল সিং বলিলেন, আজই ধরুন, রামকিঙ্করবাবুদের ম্যানেজার আমাকে কথায় কথায় বললেন, শিবনাথবাবুর নাকি আবার বিয়ে দেবার ব্যবস্থা হচ্ছে? আমি আশ্চর্য হয়ে বললাম, কে বললে এ কথা? ম্যানেজার বললেন, যতই গোপনে কথাবার্তা হোক হে, এ কথা কি আর গোপন থাকে? আমরা শুনতে সবই পাই। শুধু আমরা কেন, কাশীতে গিন্নীমার কাছে পর্যন্ত এ খবর পৌঁছে গিয়েছে।

শিবনাথ এবার চমকিয়া উঠিল, বলেন কি? এমন কথাও লোকে বলতে পারে? কিন্তু এ যে মিথ্যে কথা।

মিথ্যে তো বটেই, সে কি আমি জানি না? কিন্তু লোকের মুখে হাতই বা দেবেন বলুন?

লোকে না হয় বললে, কিন্তু সে কথা ওঁরা বিশ্বাস করলেন কি করে? আমাকে কি এত নীচ মনে করেন ওঁরা? আমার মা পিসীমা কি এত বড় অন্যায় করতে পারেন বলে ওঁদের ধারণা?

রাখাল সিং মাথা চুলকাইয়া বলিলেন, তা অবিশ্যি—; তবে কি জানেন, ঝগড়া বিবাদের মুখে নানা অসম্ভব কথা লোকে বলেও থাকে, আবার না বললেও লোকে রটনা করলে অপর পক্ষ বিশ্বাস করে থাকে।

বেশ, তবে তাঁদের সেই বিশ্বাসই করতে দিন। যে অপরাধ আমি করি নি, সে অপরাধের অপবাদের জন্যে আমি কারও কাছে কৈফিয়ত দিতে পারব না। সে জন্যে কাশী যাওয়ার আমার কোনও প্রয়োজন নেই। এ কথা আগে জানলে আমি পিসীমাকেও চিঠি লিখতে দিতাম না।

কিন্তু বউমায়ের অপরাধ কি বলুন? রামের পাপে—

মধ্যপথেই বাধা দিয়া শিবনাথ বলিয়া উঠিল, অপরাধ তো তারই। আমাদের বাড়ি থেকে সেই তো চলে গেছে নিজে হতে। কেউ কি তাড়িয়ে দিয়েছিল তাকে? আর আজও তো তাকে আসতে বারণও করে নি কেউ। রাম যখন বনে গেলেন, তখন সীতা তো

নিজে থেকেই বনে গিয়েছিলেন, বারণ তো সকলেই করেছিল, কিন্তু তিনি তা শুনেছিলেন ?

রাখাল সিং এবার হাসিয়া ফেলিলেন, মুখ ফিরাইয়া সে হাসি তিনি শিবুর নিকট গোপন করিবার চেষ্টা করিলেন। কিন্তু শিবুর দৃষ্টি এড়াইল না, শিবু অত্যন্ত গম্ভীরভাবে বলিল, আপনি হাসছেন, কিন্তু হিন্দুর মেয়ের আদর্শ হল এই।

রাখাল সিং হাসিয়াই বলিলেন, বউমায়ের বয়েস কি বলুন দেখি ? সেটুকু বিবেচনা করুন।

শিবনাথ সে কথার কোন জবাব না দিয়া বলিল, আমি কাশী যাব না সিং মশায়। আমার মা-পিসীমার অপমান করে আমি কোন কাজ করতে পারি না। তবে বিয়ে আমি আর করব না, করতে পারি না, এইটে জেনে রাখুন।

রাখাল সিং ক্ষুণ্ণমনেই ধীরে ধীরে চলিয়া গেলেন। শিবনাথ শ্রীপুকুরের কালো জলের দিকে চাহিয়া বসিয়া রহিল। মৃদু বাতাসে বিক্ষুব্ধ কালো জলের ঢেউয়ের মাথায় রৌদ্রচ্ছটা লক্ষ লক্ষ মানিকের মত জ্বলিতেছে। হঠাৎ তাহার মনে পড়িয়া গেল, বিবাহের পরই সে গৌরীকে লক্ষ্য করিয়া 'বধূ' নামে একটি কবিতায় লিখিয়াছিল, 'মণি-ঝরা হাসি তোর, মতি-ঝরা কান্না'। সেই গৌরী তাহার পত্রের উত্তর পর্যন্ত দিল না, লোকের রটনায় বিশ্বাস করিয়া সে তাহাকে অবিশ্বাস করিয়া বসিল ; অপরাধ তাহার নয় ?

বসিয়া থাকিতে থাকিতে সহসা সে উঠিয়া ডাকিল, কেষ্ট সিং ! বাইসিক্লটা বের কর তো।

বাইসিক্লে উঠিয়া সে পোস্ট-অফিস রওনা হইয়া গেল, ডাক আসিবার সময় হইয়াছে।

চিঠি নাই।

শিবু গাড়িটায় চড়িয়া লক্ষ্যহীন গতিতে চলিল। সহসা একটা নীচ-জাতীয় স্ত্রীলোক ছুটিয়া তাহার গাড়ির সম্মুখে আসিয়া কদর্য ভঙ্গীতে চিৎকার করিয়া উঠিল, বাবু নোক, সাধু নোক, ভাল নোক আমার ! বল বলছি, আমার বউকে কোথায় সরিয়ে দিলা, বল বলছি ? আমার সোমথ বউ। এ তোমারই কাজ।

এ কি, সে ডোমপাড়ায় আসিয়া পড়িয়াছে ! চিৎকার করিতেছে ফ্যালার মা। শিবু আশ্চর্য হইয়া গাড়ি হইতে নামিয়া বলিল, কি বলছিস তুই ফ্যালার মা ?

কি বলছি ? জান না কিছু, নেকিনি ? কাল রেতে বউ আমার কোথা পালাল, বল তুমি ?

শিবনাথ এবার বিস্ময়ে স্তম্ভিত হইয়া গেল। ফ্যালার বউ পালাইয়া গিয়াছে ! আর সে সংবাদ সে জানে !

ফ্যালার মা শিবনাথের নীরবতা লক্ষ্য করিয়া দ্বিগুণ তেজে জ্বলিয়া উঠিল, চুপ করে রইলে যে, বলি, চুপ করে রইলে যে ? বল তুমি বলছি, নইলে চেঁচিয়ে আমি গাঁ গোল করব, বাবুদের কাছে নালিশ করব। কলেরায় সেবা করতে—

চুপ কর্ বলছি, চুপ কর্ হারামজাদী। নইলে মারব গালে ঠাস করে এক চড়।

ফ্যালার বড় ভাই—বধূটির প্রণয়াকাঙ্ক্ষী হেলারাম আসিয়া মাকে ধমকাইয়া সরাইয়া দিয়া

সম্মুখে আসিয়া দাঁড়াইল। অতি বিনয়ের সহিত হাত দুইটি জোড় করিয়া কহিল, আজ্ঞেন বাবু মাশায়, উ হারামজাদীর কথা আপুনি ধরবেন না মাশায় ; উ অমুনি বটে। তা বউটিকে বার করে দেন দয়া করে ; আপনি তাকে বাঁচিয়েছেন. যখনি আপুনি ডাকবেন, তখুনি সে যাবে, ঘাড় একাশী করে আমরা পাঠিয়ে দোব।

শিবনাথের ইচ্ছা হইল, মুহূর্তে এই কদর্য লোকটার বুকের উপর ঝাঁপ দিয়া পড়িয়া তাহাকে নখ দিয়া টুকরা টুকরা করিয়া ছিঁড়িয়া দেয়। দুরন্ত ক্রোধে দেহের রক্ত যেন টগবগ করিয়া ফুটিতেছিল। অতি কষ্টে আত্মসম্বরণ করিয়া বাইসিক্লের হ্যাণ্ডেলটা দৃঢ়মুষ্টিতে ধরিয়া সে দাঁড়াইয়া রহিল। মানুষ এত জঘন্য, এত কদর্য, এত ঘৃ !

হেলা আবার সবিনয়ে বলিল, বাবু মাশায় !

শিবনাথ বলিল, সরে যা তুই আমার সুমুখ থেকে। সরে যা বলছি, সরে যা।

তাহার দৃপ্ত মর্যাদাময় কণ্ঠস্বরের সে আদেশ যেন অলঙ্ঘনীয়, হেলা সভয়ে সরিয়া আসিয়া এক পাশে দাঁড়াইল। ফ্যালার মা কিন্তু ছাড়িল না, সে বলিল, বলেন মাশায়, দয়া করে।

গাড়িতে উঠিতে উঠিতে শিবু সেই কণ্ঠস্বরে সেই ভঙ্গিতে বলিল, আমি জানি না।

এমন একটা কল্পনাতীত কদর্য গ্লানিকর মিথ্যার আঘাতে শিবনাথের ক্ষোভ হইল অপরিসীম, ক্রোধেরও তাহার অবধি ছিল না, কিন্তু লজ্জা এবং ভয় হইল তাহার সর্বাপেক্ষা অধিক,—তাহার মা, তাহার পিসীমা কি বলিবেন ! এ লজ্জার আঘাত তাঁহারা সহ্য করিবেন কি করিয়া ! তাহার মায়ের গৌরববোধের কথা তো সে জানে, এতটুকু অগৌরবের আশঙ্কায় তিনি যে জীবন পর্যন্ত বিসর্জন দিতে পারেন ! আর তাহার পিসীমা ! বংশের কলঙ্ক পাহাড়ের চূড়ার ন্যায় উচ্চ মস্তকে তাঁহার বজ্রের মত আসিয়া পড়িবে।

বাড়িতে আসিয়া একেবারে পড়ার ঘরে গিয়ে দরজা বন্ধ করিয়া বসিল। কিছুক্ষণ পরে শৈলজা-ঠাকুরানী ও জ্যোতির্ময়ী আসিয়া বন্ধ দুয়ারে আঘাত করিয়া তাহাকে ডাকিলেন, শিবু !

শিবু দরজা খুলিয়া দিতেই ঘরে প্রবেশ করিয়া জ্যোতির্ময়ী তাহার মুখের দিকে চাহিয়া এক বিচিত্র হাসি হাসিয়া বলিলেন, এইটুকুতেই তুই কাঁদছিস শিবু ?

শৈলজা-ঠাকুরানীর মুখ থমথমে রাঙা ; তিনি কহিলেন, ও হারামজাদীর পিটের চামড়া তুলিয়ে দিতে ইচ্ছে করছে বউ। কিন্তু তুমি যে কী বোঝ, সে তুমিই জান। ও আমি ভাল বুঝি না।

জ্যোতির্ময়ী হাসিয়া বলিলেন, শিবের মুখে বিষ তুলে সবাই দেয় ঠাকুরঝি, হাড়ের মালা তাঁরই গলায় পরিয়ে দেয়, কিন্তু সে সব পবিত্র হয় শিবের গুণে। আর ওই সব মানুষের উপকার করার ওই তো আশীর্বাদ। ভেবে দেখ তো সীতার অপবাদের কথা ! প্রজাতে বলতে বাকি রেখেছিল কি ? কিন্তু সীতার মহিমা কি তাতে এতটুকু ম্লান হয়েছে ? বরং লোকের মনের কালির সুমুখে দাঁড়িয়ে তাঁর মহিমা হাজার গুণ উজ্জ্বল হয়ে উঠেছে।

শিবু এবার অসঙ্কোচে প্রশান্ত দৃষ্টি তুলিয়া মা ও পিসীমার মুখের দিকে চাহিল ; তাহার ক্ষুব্ধ তপ্ত মন এই পরম সান্ত্বনার কথা কয়টিতে মুহূর্তে শান্ত ও স্নিগ্ধ হইয়া জুড়াইয়া গিয়াছে। সে বলিল, দুঃখের চেয়ে ভয় হয়েছিল আমার বেশি, পাছে—

পাছে আমরা ওই কথা বিশ্বাস করি ?—জ্যোতির্ময়ী হাসিলেন।

শৈলজা দেবী তাহাকে কাছে টানিয়া লইয়া বলিলেন, তোর ছায়া দেখে যে আমরা তোর মনের কথা জানতে পারি রে ক্ষ্যাপা ছেলে ; তুই অন্যায় করলে আমাদের মন যে আপনি তোর ওপর আগুন হয়ে উঠত। আর তোকে কি আমরা তেমনই শিক্ষা-দীক্ষাই দিয়েছি যে, এতবড় হীন কাজ তুই করবি !

শিবুর টেবিলের উপর একখানা বই খোলা অবস্থায় পড়িয়া ছিল, জ্যোতির্ময়ী বইখানি তুলিয়া দেখিয়া হাসিয়া বলিলেন, এই কবিতাটা পড়ছিলি বুঝি—'ভক্ত কবীর সিদ্ধপুরুষ খ্যাতি রটিয়াছে দেশে' ?

কবীরের মত মহামানবের জীবন-কাহিনীর সহিত নিজের জীবন মিলাইয়া দেখার লজ্জায় শিবনাথ এবার লজ্জিত হইয়া মৃদুস্বরে বলিল, হ্যাঁ।

কবিতাটা পড়ে শোনা তোর পিসীমাকে। শোন ঠাকুরঝি, মহাধার্মিক মহাপুরুষ কবীরকে কি অপবাদ দিয়েছিল, শোন।

শিবু আবেগকম্পিত কণ্ঠে কবিতাটি পড়িয়া গেল। পিসীমার চোখ অশ্রুসজল হইয়া উঠিল, তিনি সস্নেহে শিবুর মাথায় হাত রাখিয়া বলিলেন, তোর কলঙ্কও এমনি করে একদিন ধুয়ে মুছে যাবে, আমি আশীর্বাদ করছি। আয় এখন, স্নান করবি, খাবি আয়। যে ভয় আমার হয়েছিল কথাটা শুনে ! আমি ভাবলাম, যে অভিমানী তুই, হয়তো কি একটা অঘটন ঘটিয়ে বসে থাকবি। আমরা চারিদিকে খুঁজে বেড়াচ্ছি, আর তুই ঘরের মধ্যে বসে কাঁদছিস !

মনের গ্লানি মুছিয়া গেল, কিন্তু কথাটা শিবু কোন রকমেই ভুলিতে পারিল না। সে সেইদিনই সুশীলকে পত্র লিখিয়া বসিল। ঘটনাটা জানাইয়া লিখিল, "আপনারা ভাগ্যবান, দেশ-সেবার পুরস্কার লাভ আপনাদের করিতে হয় নাই। আমার ভাগ্যে পুরস্কার জুটিল পঙ্কতিলক। আক্ষেপ হইয়াছিল প্রচুর, কিন্তু খাইবার সময় মা মহাভারতের নল-রাজার জীবনের একটা ঘটনার কথা মনে করাইয়া দিলেন। বনবাসী নল, একদিন বনের মধ্যে আগুনের বেড়াজালে বন্দী, উত্তাপে মৃতপ্রায় একটি সাপকে দেখিয়া, দয়ার্দ্র হৃদয়ে ছুটিয়া গিয়া সাপটাকে সেই অগ্নিকুণ্ড হইতে উদ্ধার করিলেন। উদ্ধার করিবার পরই প্রতিদানে সাপটা স্বভাববশে নলকে দংশন করিল। সঙ্গে সঙ্গে অপূর্ব রূপবান নল হারাইলেন তাঁহার রূপ। কাহিনীটি শুনিয়া মনের আক্ষেপ নিঃশেষে দূর হইয়া গিয়াছে ; কিন্তু দেশসেবার নামে যে ভয় জন্মিয়া গেল !"

চিঠিখানা ডাকে পাঠাইয়া সন্ধ্যার দিকে সে শ্রান্তিতে অবসাদে যেন এলাইয়া পড়িল। দেহ-মনের উপর দিয়া একটা ঝড় বহিয়া গিয়াছে। সেই শ্রীপুকুরের উপরের বারান্দায় বসিয়া

নক্ষত্রখচিত আকাশের দিকে চাহিয়া এই আজিকার কথাই ভাবিতেছিল। অদ্ভুত মানুষ ইহারা, কৃতজ্ঞতা বলিয়া কোন কিছুর ধার ধারে না, বৃহৎ মহৎ কিছু কল্পনা করিতে পারে না, জানে শুধু আপনার স্বার্থ। উহাদের সর্বাঙ্গে কলুষের কালি, মনে সেই কালির বহ্নিদাহ; যাহাকে স্পর্শ করে, সে প্রেমেই হউক আর অপ্রেমেই হউক, তাহার অঙ্গে কালি লাগিবেই, বহ্নিদাহের স্পর্শে অঙ্গ তাহার ঝলসিয়া যাইবে। ফ্যালার মা, ফ্যালার বড় ভাই, ইহাদের কথা ছাড়িয়া দিলেও, ওই মেয়েটি—ওই মেয়েটিও তো তাহাই। এই সেদিন সে বলিয়া গেল, সে আর বিবাহ করিবে না। চোখের জল পর্যন্ত ফেলিয়া গেল। কিন্তু কয়দিন না যাইতেই সে গৃহত্যাগ করিয়া পলাইল। রাত্রির অন্ধকারে গোপনে গৃহত্যাগ যখন সে করিয়াছে, তখন নিঃসঙ্গযাত্রায় সন্ন্যাসিনী সে হয় নাই। সে হইলে, তাহাকেও তো সে কথা বলিয়া যাইত। পরমাত্মীয়ের মত জীবনের সকল সুখ-দুঃখের কথা বলিয়া এ কথাটা গোপন করিবার হেতু কি?

কিন্তু সেদিন তাহাকে অত্যন্ত রূঢ়ভাবে সে ফিরাইয়া দিয়াছে। মনটা তাহার সকরুণ হইয়া উঠিল। যে জীবনটিকে সে মৃত্যুর সঙ্গে যুদ্ধ করিয়া বাঁচাইয়াছে, সেই জীবনটিকে হারাইয়া তাহার মনে হইল, একান্ত নিজস্ব এক পরম মূল্যবান বস্তু তাহার হারাইয়া গিয়াছে। মেয়েটার উপর ঘৃণারও তাহার অবধি রহিল না।

সুশীলের পত্রের জন্য শিবনাথ উদ্‌গ্রীব হইয়াই ছিল। পৃথিবীর ধূলায় অঙ্গ ভরিয়া গেলে আকাশগঙ্গার বর্ষণে সে ধূলা ধুইয়া যাওয়ার চেয়ে কাম্য বোধ হয় আর কিছু নাই। ধরিত্রীর বুকে প্রবাহিতা গঙ্গার জলেও মাটির স্পর্শ আছে, কিন্তু আকাশলোকের মন্দাকিনীর বারি-ধারায় স্পর্শাপবাদটুকুও নাই। আজ শিবনাথের কাছে সুশীলের পত্রের সান্ত্বনা-প্রশংসা সেই মন্দাকিনীধারার মতই পবিত্র কাম্য হইয়া উঠিয়াছিল। সেদিন শিবনাথ কেষ্ট সিংকে পোস্ট-অফিসে পাঠাইয়া উৎকণ্ঠিতচিত্তে তাহার প্রত্যাগমনের প্রতীক্ষা করিয়া বসিয়াছিল। কেষ্ট সিং চিঠি হাতেই ফিরিল।

ব্যগ্র হইয়া শিবনাথ চিঠিখানা তাহার হাত হইতে লইয়া মুহূর্তে খুলিয়া ফেলিল। এ কি! এ কাহার হাতের লেখা! কাশী, নীচে পত্রলেখকের নাম—গৌরী দেবী! গৌরী!

গৌরী পত্র লিখিয়াছে! তাহার মুখ-চোখ লাল হইয়া উঠিল, বুকের মধ্যে হৃৎপিণ্ড ধকধক করিয়া বিপুল বেগে চলিতেছে, হাত-পা ঘামিয়া উঠিয়াছে। উঃ, দীর্ঘদিন পরে গৌরী পত্র লিখিয়াছে! চিঠিখানা সে তাড়াতাড়ি পড়িয়া গেল।

আষাঢ়ের আকাশে কি প্রলয়ান্ধকার ঘনায়মান হইয়া মেঘ জমিয়া আসিল! দ্বিপ্রহরের আলো যেন মুছিয়া গিয়াছে, শিবনাথের চোখের সম্মুখে সমস্ত সৃষ্টি অমানিশায় ঢাকা পৃথিবীর মত অর্থহীন বোধ হইল। পায়ের তলায় মাটি দুলিতেছে। গৌরীর কাছেও এই ডোমেদের প্রদত্ত অপবাদের কথা পৌঁছিয়াছে। গৌরী সে কথা বিশ্বাস করিয়াছে, সে লিখিয়াছে, "মনে করিয়াছিলাম, বিষ খাইয়া মরিব। কিন্তু দিদিমার কথায় মন মানিল, কেন মরিব?

দিদিমা বলিলেন, মনে কর্, তোর বিবাহ হয় নাই। কত কুলীনের মেয়ে কুমারী জীবন কাটাইয়া গিয়াছে, তুইও মনে কর্, সেই কুমারীই আছিস। আমিও সেই মনে করিয়াই বুক বাঁধিয়াছি। যে লোক একটা ঘৃণ্য অস্পৃশ্য ডোমের মেয়ের মোহে আপনাকে হারাইয়া ফেলে, তাহার সহিত কোন ভদ্রকন্যা ভদ্ররমণীর বাস অসম্ভব।—দাদা এই কথাটা বলিয়া দিলেন।"

বজ্রের অগ্নি সে অনায়াসে সহ্য করিয়া ভাবিয়াছিল, বজ্রাঘাতকে জয় করিলাম; কিন্তু তখন সে অগ্নির পশ্চাতে ধ্বনির কথা ভাবে নাই। অগ্নিকে সহ্য করিয়াও ধ্বনির আঘাতে তাহার সমস্ত স্নায়ুমণ্ডলী বিক্ষুব্ধ কম্পিত হইয়া উঠিল, শিবনাথ দুই হাতে মুখ ঢাকিয়া ডেক-চেয়ারটার উপর বসিয়া পড়িল, যেন সে ভারকেন্দ্র হারাইয়া পড়িয়াই গেল।

কেষ্ট সিং চলিয়া যায় নাই, সে কাছেই দাঁড়াইয়া ছিল। শিবনাথের এই অবস্থান্তর লক্ষ্য করিয়া সে কোন অমঙ্গল আশঙ্কা করিয়া ব্যাকুল ভাবে প্রশ্ন করিল, দাদাবাবু! বাবু!

শিবনাথ হাতের ইশারা করিয়া তাহাকে চলিয়া যাইতে ইঙ্গিত করিল; কেষ্ট সিং সে ইঙ্গিতের আদেশ অবহেলা করিয়া আবার ব্যাকুলকণ্ঠে প্রশ্ন করিল, কোথাকার চিঠি দাদাবাবু, কি হয়েছে?

একটি গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া মুখ তুলিয়া শিবনাথ বলিল, ও আমার এক বন্ধুর চিঠি। একটা দেশলাই আনতে পার? জলদি।

দেশলাই কেষ্ট সিংয়ের কাছেই ছিল, শিবনাথ একটি কাঠি জ্বালিয়া চিঠিখানার এক প্রান্তে আগুন ধরাইয়া দিল। প্রথমে ধীরে ধীরে, ক্রমে বর্ধিত শিখায় আগুন সমস্ত পত্রখানাকে কালো অঙ্গারে পরিণত করিয়া গ্রাস করিয়া ফেলিল।

সুশীলের পত্র আসিল আরও দুই দিন পরে। মনের মধ্যে প্রচণ্ড আঘাতের বেদনার তীব্রতা ধীরে ধীরে প্রশান্ত হইয়া আসিয়াছে, কিন্তু দুঃখ এবং অভিমানে মন এখনও পরিপূর্ণ; বরং একটি নিস্পৃহ বৈরাগ্যের উদাসীনতা উত্তরোত্তর বাড়িয়া চলিয়াছে। এই কয়েকদিনের মধ্যেই একটা পরিস্ফুট পরিবর্তনের লক্ষণ সুস্পষ্ট হইয়া উঠিয়াছে। পিসীমা মনে মনে শঙ্কিত হইয়া যে কোন উপায়ে গৌরীকে আনিবার সঙ্কল্প করিতেছিলেন। জ্যোতির্ময়ী তীক্ষ্ণ দৃষ্টিতে সকলের অলক্ষ্যে খুঁজিতেছিলেন অন্তর্নিহিত রহস্যটি, যে রহস্য কুয়াশার মতো শিবনাথকে বেষ্টন করিয়া তাহাকে এমন অস্পষ্ট করিয়া তুলিতেছে।

সুশীলের পত্রখানি পড়িয়া শিবনাথের মুখে মেঘাচ্ছন্ন আকাশে আকস্মিক সূর্যপ্রকাশের মত দীপ্তি ফুটিয়া উঠিল। সুশীল লিখিয়াছে—"দেশের কাজে আপনার ভয় হইয়া গেল বন্ধু? কিন্তু এমন তো আমি ভাবি নাই। মনে আছে আপনার সেই শ্মশানের কথা? 'আনন্দমঠে'র দেবতাকে আমায় দেখাইয়াছিলেন—'মা যা হইয়াছেন'! হৃতসর্বস্বা, নগ্নিকা, হস্তে খড়্গ খর্পর, পদতলে আপন মঙ্গল দলিত করিয়া আত্মহারা নৃত্যপরা রূপ! এ ভয়ঙ্করীকে সেবার ফলে যে প্রসাদ মানুষের ভাগ্যে জোটে, সে প্রসাদ কি সুমধুর হয় বন্ধু? আপন মঙ্গল যাহার আপন পদে দলিত, ভক্তকে বিতরণ করিতে মঙ্গল সে পাইবে কোথায়? অপবাদ অপমান লাঞ্ছনা

নির্যাতন বিষাক্ত অস্থিকণ্টকের মত চারিদিকে বিস্তৃত, প্রণাম করিতে গেলেই যে ললাটে ক্ষত-চিহ্ন না আঁকিয়া ছাড়িবে না। আবার পরম ভক্তের ভাগ্যে জোটে কি জানেন? সর্বনাশীর লোল রসনায় জাগিয়া উঠে আকুল তৃষ্ণা। তাহার স্কন্ধে পড়ে খড়্গাঘাত, ভক্তের রক্তে পূর্ণ হয় দেবীর খর্পর। তৃষ্ণা না মিটিলে দেবী প্রসন্না আত্মস্থা হইবেন কেন? স্বেচ্ছাচারিণীর সম্বিৎ না ফিরিলে তো রাজরাজেশ্বরীরূপে আত্মপ্রকাশে ইচ্ছা জাগিবে না বন্ধু।"

অদ্ভুত! শিবনাথের মনে হইল, চিঠিখানার অক্ষরে অক্ষরে যেন বিপুল শক্তির বীজকণা লুকানো রহিয়াছে। তাহার অন্তরে উদাসীন নিস্পৃহতার বিপুল শূন্যতায় সে বীজকণাগুলি ছড়াইয়া পড়িয়া আলোকে বাতাসে জ্যোতির্ময় প্রাণময় করিয়া তুলিল! শেষের দিকে সুশীল লিখিয়াছে—"আপনি আর দেশে বসিয়া কেন? কলেজ খুলিতে আর কয়দিনই বা বিলম্ব! আপনি এখানে চলিয়া আসুন। গ্রাম ছাড়িয়া বাহিরে আসিয়া দেশের বিশ্বরূপ দেখিতে পাইবেন।" বিপুল আগ্রহে শিবনাথ উঠিয়া দাঁড়াইল। দুঃখ অভিমান এই বায়ুপ্রবাহের স্পর্শে কর্পূরের ন্যায় উবিয়া গিয়াছে। তরুণ মনের চঞ্চল স্পন্দন-স্পন্দিত পদক্ষেপে আজ আবার আসিয়া সে বাড়িতে প্রবেশ করিল।

শৈলজা দেবী পুরোহিতকে লইয়া পাঁজি দেখাইতেছিলেন। শিবনাথ আসিয়া বলিল, ভালই হয়েছে, দেখুন তো ভটচাজ মশায়, আমার কলকাতা যাবার একটা দিন।

পিসীমা বলিলেন, সেই সবই দেখলাম বাবা, তিনটে ভাল দিন চাই। একটা হল চৌঠো, একটা নউই, একটা হল ষোলোই।

শিবনাথ বলিল, ওই চৌঠোই আমি কলকাতায় যাব।

উঁহু, চৌঠো যেতে হবে তোমাকে কাশী, নউই সেখান থেকে ফিরবে বউমাকে নিয়ে। তারপর ষোলোই যাবে তুমি কলকাতায়।

শিবনাথ তারস্বরে প্রতিবাদ করিল না, কিছুক্ষণ নীরব থাকিয়া মৃদু অথচ দৃঢ়স্বরে বলিল, না, কাশী আমি যাব না; আমি ওই চৌঠো তারিখে কলকাতায় যাব।—বলিতে বলিতে সে আপন ঘরের দিকে চলিয়া গেল। পিসীমাও সঙ্গে সঙ্গে উঠিয়া আসিয়া ঘরের মধ্যে প্রবেশ করিয়া ডাকিলেন, শিবনাথ!

অনাবিল প্রসন্ন মুখে শিবনাথ বলিল, পিসীমা!

কাশী তুই কেন যাবি না? আমার ওপর রাগ করে?

তোমার ওপর রাগ করে? আমি কি তোমার ওপর রাগ করতে পারি পিসীমা?

স্থির দৃষ্টিতে শিবনাথের মুখের দিকে চাহিয়া পিসীমা বলিলেন, আমি নাকি বউমাকে দেখতে পারি না লোকে বলে, আমি নাকি তাকে স্বামীর ঘর থেকে পর্যন্ত বঞ্চিত করতে চাই, এই জন্যে?

শিবনাথও, অকুণ্ঠিত দৃষ্টিতে পিসীমার মুখের দিকে চাহিয়া বলিল, কখনও ক্ষণেকের জন্যে মনে কি হয়েছে, জানি না পিসীমা; তবে এমন ধারণা আমার মনের মধ্যে নেই, এই কথা আমি ভগবানের নাম নিয়ে বলতে পারি।

তবে ? তবে তুই কাশী যাবি না কেন ?

তার অন্য কারণ আছে পিসামা, সে তুমি জানতে চেও না।

আমাকে যে জানতে হবেই শিবু, আমি যে চোখের উপর দেখছি, তুই আর একটি হয়ে গেছিস। বিশ্বব্রহ্মাণ্ডের সঙ্গে তোর যেন সম্বন্ধ নেই,—তোর মা, আমি পর্যন্ত তোর সঙ্গে কথা বলতে গিয়ে তোর জবাব পাই, কিন্তু সাড়া পাই না।

জ্যোতির্ময়ী আসিয়া ঘরে প্রবেশ করিলেন। শৈলজা দেবী বলিলেন, এস বউ, এস। জ্যোতির্ময়ী কোন জবাব দিলেন না, নীরবে জিজ্ঞাসু দৃষ্টিতে পুত্রের মুখের দিকে চাহিয়া রহিলেন।

শিবনাথ কিছুক্ষণ নীরব থাকিয়া ধীরে ধীরে বলিল, সে আমায় একখানা চিঠি লিখেছে পিসীমা, সে এখানে আসবে না, আসা নাকি তার পক্ষে অসম্ভব।

অসম্ভব ! কেন, আমি রয়েছি বলে ?—আর্তস্বরে শৈলজা দেবী বলিলেন, আমায় তুই লুকোস নি শিবু, সত্যি কথা বল্।

না।

তবে ?

মুখ নত করিয়া শিবনাথ বলিল, ডোমের মেয়ের মোহে যে আপনাকে হারায়, তার সঙ্গে কোন ভদ্রকন্যার বাস অসম্ভব।

এতক্ষণে জ্যোতির্ময়ী বলিলেন, চিঠিখানা দেখাবি আমায় ?

সে চিঠি আমি পুড়িয়ে ফেলেছি।

এ কলঙ্ক ক্ষালন না হলে তুমি যেন বউমার সঙ্গে দেখা করো না শিবনাথ—এই আমার আদেশ রইল।

শৈলজা দেবী কিন্তু কাঁদিয়া ফেলিলেন, বলিলেন, না, না বউ, বউমাকে আর ফেলে রেখো না, শিবনাথের জীবনে আর অশান্তির শেষ থাকবে না। ও-বাড়ির শিক্ষার সঙ্গে এ-বাড়ির মিল হবে না। আর সে এতটুকু মেয়ে, সে কি এমন কথা লিখতে পারে ! নিশ্চয় অন্য কেউ লিখিয়েছে। আমার কথা শোন, বউমাকে নিয়ে এস।

জ্যোতির্ময়ী কঠিন দৃঢ়স্বরে বলিলেন, না।

শিবনাথ বলিল, চৌঠোই আমি কলকাতায় যাব।

অসংখ্য খুঁটিনাটি সংগ্রহ করিয়া শৈলজা দেবী জ্যোতির্ময়ীকে বলিলেন, বউ, তুমি নিজে হাতে আমার শিবুর জিনিসপত্র গুছিয়ে দাও। তোমার হাতের স্পর্শ সকল জিনিসে মাখানো থাক্, মায়ের হাতের স্পর্শ আর অমৃত—এই দুয়ের কোন প্রভেদ নেই।

জ্যোতির্ময়ীর অন্তস্তলে এই কাজটি করিবার বাসনা আকুল আগ্রহে উচ্ছ্বসিত হইতেছিল, কিন্তু শৈলজা দেবীর সম্মুখে সে বাসনা প্রকাশ না করাটাই যেন তাঁহার অভ্যাসে পরিণত হইয়া গিয়াছে। কোনমতে তিনি আপনাকে সম্বরণ করিয়া রাখিয়াছিলেন। শৈলজা দেবী বলিবা-

মাত্র তিনি হাসিমুখে ছুটিয়া আসিলেন। শৈলজা বিস্মিত হইয়া বলিলেন, চোখে যে জল দেখা দিলে ভাই বউ! না না, কেঁদো না, শিবু তোমার পড়তে যাচ্ছে।

আনন্দে জ্যোতির্ময়ীর চোখ ফাটিয়া জল দেখা দিয়াছিল। শত অভ্যাস, অপরিমেয় সংযম সত্ত্বেও এ জল তিনি রোধ করিতে পারেন নাই। আপন আত্মজ পূর্ণিমার চাঁদকে দেখিয়া সমুদ্রে যে উচ্ছ্বাস জাগে, বিজ্ঞান তাহার যে ব্যাখ্যাই করুক, মাতৃহৃদয়ের উচ্ছ্বাসের সঙ্গে তাহার একটা সাদৃশ্য আছে।

চৌঠা আষাঢ়, বেলা সাড়ে দশটার মধ্যে মাহেন্দ্র যোগ, যাত্রার পক্ষে অতি শুভক্ষণ। বড় ঘরের বারান্দায় এ বাড়িতে চিরদিন যাত্রার শুভকর্ম নির্বাহ হইয়া থাকে; আজও সেই বারান্দায় জলপূর্ণ দুইটি সিন্দুরচিহ্নাঙ্কিত মঙ্গলকলস স্থাপিত হইয়াছে, কলসের মুখে দুইটি আম্রপল্লব। এক পাশে একটা সের দুই ওজনের কাতলামাছ রাখা হইয়াছে, মাছটির মাথায় সিন্দুরের মঙ্গলচিহ্ন আঁকা। বাড়ির কোথাও কোন কলসী ঘড়া বালতি জলশূন্য রাখা হয় নাই; ঝাঁটা টুকরিগুলি বাড়ির বাহিরের চালায় সরাইয়া দেওয়া হইয়াছে। পিসীমা একটি পাত্রে দই ধান দূর্বা দেবতার নির্মাল্য লইয়া পশ্চিমমুখে দাঁড়াইয়া শিবুর কপালে একে একে ফোঁটা দিলেন, ধান দূর্বা দেবনির্মাল্য দিয়া আশীর্বাদ করিলেন। তারপর তাহার মাথায় হাত দিয়া দুর্গানাম জপ শেষ করিয়া বলিলেন, বউ, তুমি ফোঁটা দাও।

মা সজলচক্ষে আসিয়া পাত্র হাতে দাঁড়াইলেন। শিবুর উৎসাহের সীমা ছিল না, কিন্তু মায়ের মুখের দিকে চাহিয়া সহসা তাহার উৎসাহপ্রদীপ্ত চোখ দুইটি জলে ভরিয়া উঠিল। মাকে পিসীমাকে প্রণাম করিয়া সে পূর্ণ মঙ্গলকলসকে প্রণাম করিল, তারপর গৃহদেবতা নারায়ণ-শিলার মন্দিরে, শিবমন্দিরে, দুর্গামন্দিরে প্রণাম করিয়া আপনার গৃহখানিকে পশ্চাতে রাখিয়া সম্মুখের পথে অগ্রসর হইল।

বুকের মধ্যে অসীম উৎসাহ, তরুণ পক্ষ বিস্তার করিয়া বিহঙ্গশিশু যে উৎসাহে ঊর্ধ্ব হইতে ঊর্ধ্বতর লোকে অভিযান করিতে চাহে, সেই উৎসাহেই সে দীর্ঘ দ্রুত পদক্ষেপে চলিয়াছিল। সহসা একবার দাঁড়াইয়া পিছন ফিরিয়া চাহিয়া দেখিল, বড় দরজার মুখে একদৃষ্টে তাহার গমনপথের দিকে চাহিয়া মা ও পিসীমা দাঁড়াইয়া আছেন। শিবনাথের চোখ আবার জলে ভরিয়া উঠিল, মা-পিসীমার চোখের জল সে দেখিতে না পাইলেও তাহার উষ্ণ স্পর্শ অনুভব করিল। সজল চোখেই হাসিয়া সে হাত নাড়িয়া একবার সম্ভাষণ জানাইয়া আবার তেমনই পদক্ষেপে সম্মুখের পথে অগ্রসর হইল।

ট্রেনখানা স্টেশনে ঢুকিতেছিল। শিবনাথ চট করিয়া কোঁচাটাকে সাঁটিয়া মালকোঁচা মারিয়া গলার চাদরখানাকে কোমরে বাঁধিয়া ফেলিল। শম্ভু, কেষ্ট ও নায়েব রাখাল সিং তাহাকে তুলিয়া দিতে আসিয়াছিলেন। রাখাল সিং তাড়াতাড়ি বলিলেন, শম্ভু কেষ্ট এরাই সব ঠিক করে দিচ্ছে। আপনি আবার—

শিবনাথ সে কথায় কান দিল না, নিজেই তাড়াতাড়ি এক হাতে ব্যাগ, অন্য হাতে আর

একটা জিনিস লইয়া একখানা কামরায় উঠিয়া পড়িল। বাকি জিনিসগুলি শম্ভু ও কেষ্ট সিং বহিয়া আনিলে সে গাড়ির ভিতর হইতে টানিয়া লইয়া সেগুলি গুছাইয়া রাখিয়া জানালার ভিতর দিয়া মুখ বাড়াইয়া হাসিল।

ট্রেন ছাড়িয়া দিল।

সমস্ত পারিপার্শ্বিক বৃত্তাকারে ঘুরিতে ঘুরিতে দৃষ্টির পশ্চাতে কোন্ যবনিকার অন্তরালে মিলাইয়া যাইতেছে। লাইনের এক ধারে বিস্তীর্ণ ক্ষেত্র, মাঠে গাঢ়-সবুজ ধানের বীজচারাগুলি বর্ষার ইঙ্গিত বহিয়া বেগবান পুবে-বাতাসে হিল্লোল তুলিয়া তুলিয়া দুলিতেছে। অন্য দিকে গ্রামখানি পিছনের দিকে ঘুরিতে ঘুরিতে ছুটিয়া চলিয়াছে। তাহাদের চিলেকোঠা আর দেখা যায় না, স্বর্ণবাবুদের বাড়িটাও ক্রমে শ্যামসায়রের বাগানের ঘন শ্যামশোভার আড়ালে ডুবিয়া গেল।

ঝড়ের বেগে ট্রেন চলিয়াছে। জানালায় মুখ রাখিয়া বসিয়া থাকিতে থাকিতে শিবনাথের গান করিতে ইচ্ছা হইল। কত গান গাহিল—এক এক লাইন; তবে বার বার গাহিল ওই একটি লাইন—"এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি, সকল দেশের সেরা সে যে আমার জন্মভূমি।"

গান করিতে করিতে আবার তাহার মনে পড়িল তাহাদের বহির্দ্বারে দণ্ডায়মানা মা ও পিসীমাকে, তাহার গমনপথের দিকে নিবদ্ধ তাঁহাদের সজল একাগ্র দৃষ্টি। ট্রেনের শব্দ, কামরার মধ্যে যাত্রীদের কোলাহল, সব কিছু তাহার নিকটে যেন বিলুপ্ত হইয়া গেল। চোখে পড়িল অনেক, কত নদী কত গাছ কত জঙ্গল কত জলা কত মাঠ কত গ্রাম কত স্টেশন কত, লোক; কিন্তু মনে কিছুই ধরিল না।

রাত্রি আটটায় ট্রেন আসিয়া হাওড়ায় পৌঁছিল। বিপুল বিশাল-পরিধি সারি সারি সুদীর্ঘ টিনের শেড, চারিদিকে মাথার উপরে আলো, আলো আর আলো, কাতারে কাতারে মানুষ, কত বিচিত্র শব্দ; বর্ণ-বৈচিত্র্যের অপূর্ব সমাবেশ, কর্মতৎপরতার প্রচণ্ড ব্যস্ততায় মুখরা এই কলিকাতা! এত বিশাল, এত বিপুল! এই ঘূর্ণাবর্তের মধ্যে সে কোথায় কেমন করিয়া আপন স্থান করিয়া লইবে! অকস্মাৎ কে যেন তাহাকে স্পর্শ করিয়া বলিল, এই যে, এখানে আপনি!

সে সুশীল। শিবনাথ আশ্বস্ত হইয়া হাসিয়া বলিল, উঃ, আমি দিশেহারা হয়ে গিয়েছিলাম, এত আলো, এত ঐশ্বর্য!

হাসিয়া সুশীল বলিল, আমরা কিন্তু যে তিমিরে সেই তিমিরেই। আমাদের বাড়িতে ইলেকট্রিক-লাইট নেই।

উনিশ

শ্রাবণের শেষ, আকাশ আচ্ছন্ন করিয়া মেঘের সমারোহ জমিয়া উঠিয়াছে। কলেজের মেসের বারান্দায় রেলিঙের উপর কনুইয়ের ভর দিয়া দাঁড়াইয়া হাত দুইটির উপরে মুখ রাখিয়া শিবনাথ মেঘের দিকে চাহিয়া ছিল। মাঝে মাঝে বর্ষার বাতাসের এক-একটা দুরন্ত প্রবাহের সঙ্গে রিমিঝিমি বৃষ্টি নামিয়া আসিতেছে, বৃষ্টির মৃদু ধারায় তাহার মাথার চুল সিক্ত, মুখের উপরেও বিন্দু বিন্দু জল জমিয়া আছে। পাতলা ধোঁয়ার মত ছোট ছোট জলীয় বাষ্পের কুণ্ডলী সনসন করিয়া ছুটিয়া চলিয়াছে, একের পর এক মেঘগুলি যেন এদিকের বড় বড় বাড়িগুলির ছাদের আড়াল হইতে উঠিয়া ওদিকের বাড়িগুলির ছাদের আড়ালে মিলাইয়া যাইতেছে। নীচে জলসিক্ত শীতল কঠিন রাজপথ - হ্যারিসন রোড। পাথরের ইটে বাঁধানো পরিধির মধ্যেও ট্রামলাইনগুলি চকচক করিতেছে। একতলার উপরে ট্রামের তারগুলি স্থানে স্থানে আড়াআড়ি বাঁধনে আবদ্ধ হইয়া বরাবর চলিয়া গিয়াছে। তারের গায়ে অসংখ্য জলবিন্দু জমিয়া জমিয়া ঝরিয়া ঝরিয়া পড়িতেছে। এই দুর্যোগেও ট্রামগাড়ি মোটর মানুষ চলার বিরাম নাই। বিচিত্র কঠিন শব্দে রাজপথ মুখরিত।

বৎসর অতীত হইতে চলিল, তবুও কলিকাতাকে দেখিয়া শিবনাথের বিস্ময়ের এখনও শেষ হয় নাই। অদ্ভুত বিচিত্র ঐশ্বর্যময়ী মহানগরীকে দেখিয়া শিবনাথ বিস্ময়ে অভিভূত হইয়া গিয়াছিল। সে বিস্ময়ের ঘোর আজও সম্পূর্ণ কাটে নাই। তাহার বিপুল বিশাল বিস্তার, পথের জনতা, যানবাহনের উদ্ধত ক্ষিপ্র গতি দেখিয়া শিবনাথ এখনও শঙ্কিত না হইয়া পারে না। আলোর উজ্জ্বলতা দোকানে পণ্যসম্ভারের বর্ণ-বৈচিত্র্যে বিচ্ছুরিত হইয়া আজও তাহার মনে মোহ জাগাইয়া তোলে; স্থান কাল সব সে ভুলিয়া যায়। মধ্যে মধ্যে ভাবে, এত সম্পদ আছে পৃথিবীতে—এত ধন, এত ঐশ্বর্য!

সেদিন সে সুশীলকে বলিল, কলকাতা দেখে মধ্যে মধ্যে আমার মনে হয় কি জানেন, মনে হয়, দেশের যেন হৃৎপিণ্ড এটা; সমস্ত রক্তস্রোতের কেন্দ্রস্থল।

সুশীল প্রায়ই শিবনাথের কাছে আসে, শিবনাথও সুশীলদের বাড়ি যায়। সুশীল শিবনাথের কথা শুনিয়া হাসিয়া উত্তর দিল, উপমাটা ভুল হল ভাই শিবনাথ। আমাদের চিকিৎসাশাস্ত্রের মতে, হৃৎপিণ্ড অঙ্গ-প্রত্যঙ্গে রক্ত সঞ্চালন করে, সঞ্চার করে, শোষণ করে না। কলকাতার কাজ ঠিক উল্টো, কলকাতা করে দেশকে শোষণ। গঙ্গার ধারে ডকে গেছ কখনও, সেই শোষণ-করা রক্ত ভাগীরথীর টিউবে টিউবে বয়ে চলে যাচ্ছে দেশান্তরে, জাহাজে জাহাজে—ঝলকে ঝলকে। এই বিরাট শহরটা হল একটা শোষণযন্ত্র।

এ কথার উত্তর শিবনাথ দিতে পারে নাই। নীরবে কথাটা উপলব্ধি করিবার চেষ্টা করিয়াছিল। সুশীল আবার বলিল, মনে কর তো আপনার দেশের কথা—ভাঙা বাড়ি, কঙ্কালসার মানুষ, জলহীন পুকুর, সব শুকিয়ে যাচ্ছে এই শোষণে।

তারপর ধীরে ধীরে দৃঢ় আবেগময় কণ্ঠে কত কথাই সে বলিল, দেশের কত লক্ষ লোক

অনাহারে মরে, কত লক্ষ লোক থাকে অর্ধাশনে, কত লক্ষ লোক গৃহহীন, কত লক্ষ লোক বস্ত্রহীন, কত লক্ষ লোক মরে কুকুর-বেড়ালের মত বিনা চিকিৎসায়। দেশের দারিদ্র্যের দুর্দশার ইতিহাস আরও বলিল, একদিন নাকি এই দেশের ছেলেরা সোনার ভাঁটা লইয়া খেলা করিত, দেশে বিদেশে অন্ন বিতরণ করিয়া দেশজননী নাম পাইয়াছিলেন—অন্নপূর্ণা। অফুরন্ত অন্নের ভাণ্ডার, অপর্যাপ্ত মণিমাণিক্য-স্বর্ণের স্তূপ। শুনিতে শুনিতে শিবনাথের চোখে জল আসিয়া গেল।

সুশীল নীরব হইলে সে প্রশ্ন করিল, এর প্রতিকার?

হাসিয়া সুশীল বলিয়াছিল, কে করবে?

আমরা।

বহুবচন ছেড়ে কথা কও ভাই, এবং সেটা পরস্মৈপদী হলে চলবে না।

সে একটা চরম উত্তেজনাময় আত্মহারা মুহূর্ত। শিবনাথ বলিল, আমি—আমি করব।

সুশীল প্রশ্ন করিল, তোমার পণ কি?

মুহূর্তে শিবনাথের মনে হইল, হাজার হাজার আকাশস্পর্শী অট্টালিকা, প্রশস্ত রাজপথ, কোলাহল-কলরবমুখরিত মহানগরী বিশাল অরণ্যে রূপান্তরিত হইয়া গিয়াছে। অন্ধকার অরণ্যতলে দূর হইতে যেন অজানিত গম্ভীর কণ্ঠে কে তাহাকে প্রশ্ন করিতেছে, তোমার পণ কি? সর্বাঙ্গে তাহার শিহরণ বহিয়া গেল, উষ্ণ রক্তস্রোত দ্রুতবেগে বহিয়া চলিয়াছিল; সে মুহূর্তে উত্তর করিল, ভক্তি।

তাহার মনে হইল, চোখের সম্মুখে এক রহস্যময় আবরণীর অন্তরালে মহিমমণ্ডিত সার্থকতা জ্যোতির্ময় রূপ লইয়া অপেক্ষা করিয়া আছে। তাহার মুখ-চোখ প্রদীপ্ত হইয়া উঠিল। প্রদীপ্ত দৃষ্টিতে সে সুশীলের মুখের দিকে চাহিয়া অপেক্ষা করিয়া রহিল।

সুশীলও নীরব হইয়া একদৃষ্টে বাহিরের দিকে চাহিয়া বসিয়া ছিল, শিবনাথ অধীর আগ্রহে বলিল, বলুন সুশীলদা, উপায় বলুন।

বিচিত্র মিষ্ট হাসি হাসিয়া সুশীল বলিল, ওই ভক্তি নিয়ে দেশের সেবা কর ভাই, মা পরিতুষ্ট হয়ে উঠবেন।

শিবনাথ ক্ষুণ্ণ হইয়া বলিল, আপনি আমায় বললেন না!

বলব, আর একদিন।—বলিয়াই সুশীল উঠিয়া পড়িল। সিঁড়ির মুখ হইতে ফিরিয়া আবার সে বলিল, আজ আমাদের ওখানে যেও। মা বার বার করে বলে দিয়েছেন; দীপা তো আমাকে খেয়ে ফেললে।

দীপা সুশীলের আট বছরের বোন, ফুটফুটে মেয়েটি, তাহার সম্মুখে কখনও ফ্রক পরিয়া বাহির হইবে না। সুশীল তাহাকে বলিয়াছে, শিবনাথের সঙ্গে তাহার বিবাহ হইবে। সে শাড়িখানা পরিয়া সলজ্জ ভঙ্গিতে তাহার সম্মুখেই দূরে দূরে ঘুরিবে ফিরিবে, কিছুতেই কাছে আসিবে না; ডাকিলেই পলাইয়া যাইবে।

বারান্দায় দাঁড়াইয়া মৃদু বর্ষাধারায় ভিজিতে ভিজিতে শিবনাথ সেদিনের কথাই

ভাবিতেছিল। ভাবিতে ভাবিতে দীপার প্রসঙ্গে আসিয়াই মুখে হাসি ফুটিয়া উঠিল; এমন একটি অনাবিল কৌতুকের আনন্দে কেহ কি না হাসিয়া পারে!

কি রকম? আকাশের সজল মেঘের দিকে চেয়ে বিরহী যক্ষের মত রয়েছেন যে? মাথার চুল, গায়ের জামাটা পর্যন্ত ভিজে গেছে, ব্যাপারটা কি?—একটি ছেলে আসিয়া শিবনাথের পাশে দাঁড়াইল।

তাহার সাড়ায় আত্মস্থ হইয়া শিবনাথ মৃদু হাসিয়া বলিল, বেশ লাগছে ভিজতে। দেশে থাকতে কত ভিজতাম বর্ষায়!

ছেলেটি হাসিয়া বলিল, আমি ভাবলাম, আপনি বুঝি প্রিয়ার কাছে লিপি পাঠাচ্ছেন মেঘমালার মারফতে। বাই দি বাই, এই ঘণ্টা দুয়েক আগে, আড়াইটে হবে তখন, আপনার সম্বন্ধী এসেছিলেন আপনার সন্ধানে—কমলেশ মুখার্জি।

চকিত হইয়া শিবনাথ বলিল, কে?

কমলেশ মুখার্জি। চেনেন নাকি?

শিবনাথ গম্ভীর হইয়া গেল। কমলেশ! ছেলেটি হা-হা করিয়া হাসিয়া বলিল, আমরা সব জেনে ফেলেছি মশায়। বিয়ের কথাটা আপনি স্রেফ চেপে গেছেন আমাদের কাছে। আমাদের ফীস্ট দিতে হবে কিন্তু।

শিবনাথ গম্ভীর মুখে নীরব হইয়া রহিল।

সামান্যক্ষণ উত্তরের প্রতীক্ষায় থাকিয়া ছেলেটি বলিল, আপনি কি রকম লোক মশায়, সর্বদাই এমন সিরিয়াস অ্যাটিচুড নিয়ে থাকেন কেন বলুন তো? এক বছরের মধ্যে আপনার এখানে কেউ অন্তরঙ্গ হল না? ইট ইজ স্ট্রেঞ্জ!

শিবনাথের ভ্রূ কুঞ্চিত হইয়া উঠিল। কমলেশের নামে, তাহার এখানে আসার সংবাদে তাহার অন্তর ক্ষুব্ধ হইয়া উঠিয়াছিল। তবুও সে আত্মসম্বরণ করিয়া বলিল, কি করব বলুন, মানুষ তো আপনার স্বভাবকে অতিক্রম করতে পারে না! এমনিই আমার স্বভাব সঞ্জয়বাবু।

সঞ্জয় বারান্দার রেলিঙের উপর একটা কিল মারিয়া বলিল, ইউ মাস্ট মেণ্ড ইট, আমাদের সঙ্গে বাস করতে হলে দশজনের মত হয়ে চলতে হবে।—কথাটা বলিয়াই সদর্প পদক্ষেপে সে চলিয়া গেল। ঘরের মধ্যে তখন কোন একটা কারণে প্রবল উচ্ছ্বাসের কলরব ধ্বনিত হইতেছিল।

শিবনাথ একটু হাসিল, বেশ লাগে তাহার এই সঞ্জয়কে। তাহারই সমবয়সী সুন্দর সুরূপ তরুণ, উচ্ছ্বাসে পরিপূর্ণ, যেখানে হৈচৈ সেখানেই সে আছে। কোন রাজার ভাগিনেয় সে; দিনে পাঁচ-ছয় বার বেশ পরিবর্তন করে, আর সাগর-তরঙ্গের ফেনার মত সর্বত্র সর্বাগ্রে উচ্ছ্বসিত হইয়া ফেরে। ফুটবল খেলিতে পারে না, তবুও সে ফরোয়ার্ড লাইনে লেফ্‌ট আউটে গিয়া দাঁড়াইবে, চিৎকার করিবে, আছাড় খাইবে; অভিনয় করিতে পারে না, তবুও সে কলেজের নাটকাভিনয়ে যে কোন ভূমিকায় নামিবে; কিন্তু আশ্চর্যের কথা, গতি তাহার অতি

স্বচ্ছন্দ, কাহাকেও আঘাত করে না, আর সে ভিন্ন কোন কলরব-কোলাহল যেন সুশোভনও হয় না।

কিন্তু কমলেশ কি জন্য এখানে আসিয়াছিল? যে তাহার সহিত সম্বন্ধ স্বীকার করিতে পর্যন্ত লজ্জা করে, সে কি কারণে এখানে আসিল? নূতন কোন আঘাতের অস্ত্র পাইয়াছে কি? তাহার গৌরীকে মনে পড়িয়া গেল। সঙ্গে সঙ্গে মাথার উপরের আকাশের দুর্যোগ তাহার অন্তরে ঘনাইয়া উঠিল। একটা দুঃখময় আবেগের পীড়নে বুকখানা ভরিয়া উঠিল।

সিঁড়ি ভাঙিয়া দুপদাপ শব্দে কে উঠিয়া আসিতেছিল, পীড়িত চিত্তে সে সিঁড়ির দিকে চাহিয়া রহিল। উঠিয়া আসিল একটি ছেলে, পরনে নিখুঁত বয়েজ-স্কাউটের পোশাক, মাথার টুপিটি পর্যন্ত ঈষৎ বাঁকানো; মার্চের কায়দায় পা ফেলিয়া বারান্দা অতিক্রম করিতে করিতেই বলিতেছে, হ্যালো সঞ্জয়, এ কাপ অব হট টী মাই ফ্রেণ্ড, ওঃ, ইট ইজ ভেরী কোলড!

ছেলেটির গলার সাড়া পাইয়া ঘরের মধ্যে সঞ্জয়ের দল নূতন উচ্ছ্বাসে কলরব করিয়া উঠিল। ছেলেটির নাম সত্য, শিবনাথের সঙ্গেই পড়ে। চালে-চলনে কায়দায়-কথায় একেবারে যাহাকে বলে নিখুঁত কলকাতার ছেলে। আজও পর্যন্ত শিবনাথ তাহার পরিচিত দৃষ্টির বাহিরেই রহিয়া গিয়াছে।

ধীরে ধীরে শিবনাথের উচ্ছ্বসিত আবেগ শান্ত হইয়া আসিতেছিল; মেঘমেদুর আকাশের দিকে চাহিয়া সে উদাস মনে কল্পনা করিতেছিল একটা মহিমময় নিপীড়িত ভবিষ্যতের কথা। গৌরী তাহাকে মুক্তি দিয়াছে, সেই মুক্তির মহিমাতেই সে মহামন্ত্র পাইয়াছে, 'বন্দে মাতরম্, ধরণীম্ ভরণীম্ মাতরম্'।

পিছনে অনেকগুলি জুতার শব্দ শুনিয়া শিবনাথ বুঝিল, সঞ্জয়ের দল বাহির হইল,—হয় কোন রেস্তোরাঁয় অথবা এই বাদল মাথায় করিয়া ইডেন গার্ডেনে।

হ্যালো, ইজ ইট ট্রু, ইউ আর ম্যারেড?—সত্যর কণ্ঠস্বরে শিবনাথ ঘুরিয়া দাঁড়াইল; সম্মুখেই দেখিল, একদল ছেলে দাঁড়াইয়া মৃদু মৃদু হাসিতেছে, দলের পুরোভাগে সত্য, কেবল সঞ্জয় দলের মধ্যে নাই। শিবনাথের পায়ের রক্ত যেন মাথার দিকে ছুটিতে আরম্ভ করিল।

সে সঙ্কুচিত ভঙ্গিতে সোজা হইয়া দাঁড়াইয়া অকুণ্ঠিত স্বরে উত্তর দিল, ইয়েস, অ্যাই অ্যাম ম্যারেড।

এমন নির্ভীক দর্পিত স্বীকারোক্তি শুনিয়া সমস্ত দলটাই যেন দমিয়া গেল, এমন কি সত্য পর্যন্ত। কয়েক মুহূর্ত পরেই কিন্তু সত্য মাত্রাতিরিক্ত ব্যঙ্গভরে বলিয়া উঠিল, শেম!

ছেলের দল হো-হো করিয়া হাসিয়া উঠিল।

দলটার পিছনে আপনার ঘরের দরজায় বাহির হইয়া সঞ্জয় ডাকিল, ওয়েল বয়েজ, টী ইজ রেডি। বাঃ, ও কি, শিবনাথবাবুকে নিয়ে আসছ না কেন, হি ইজ নট অ্যান আউট্-কাস্ট; এ কি, শিবনাথবাবুর মুখ এমন কেন? ইট ইজ ইউ সত্য, তুমি নিশ্চয়ই কিছু বলেছ। না না না, শিবনাথবাবু, আপনাকে আসতেই হবে, ইউ মাস্ট জয়েন আস।

চায়ের আসরটা জমিয়া উঠিল ভাল। মনের মধ্যে যেটুকু উত্তাপ জমিয়া উঠিয়াছিল

সেটুকু ধুইয়া মুছিয়া দিল ওই সঞ্জয়। ঘরের মধ্যে বসিয়া স্টোভের শব্দে সত্য এবং অন্যান্য ছেলেদের কথা হাসি সে শুনিতে পায় নাই। চায়ের জলটা নামাইয়া ফুটন্ত জলে চা ফেলিয়া দিয়া সত্যদের ডাকিতে বাহিরে আসিয়াই শিবনাথের মুখ দেখিয়া ব্যাপারটা অনুমান করিয়া লইয়াছিল। সমস্ত শুনিয়া সে শিবনাথের পক্ষ লইয়া সপ্রশংস মুখে বলিল, ছাটস লাইক এ হিরো, বেশ বলেছেন আপনি শিবনাথবাবু। বিয়ে করা সংসারে পাপ নয়। বিয়ে করা পাপ হলে স্কাউট হওয়াও সংসারে পাপ।

এমন ভঙ্গিতে সে কথাগুলি বলিল যে, দলের সকলেই, এমন কি সত্য পর্যন্ত, না হাসিয়া পারিল না। সঞ্জয় বলিল, সত্য, তুমি 'শেম' বলেছ যখন, তখন শিবনাথবাবুর কাছে তোমাকে অ্যাপলজি চাইতে হবে—ইউ মাস্ট।

অল রাইট। ভুলের সংশোধন করতে আমি বাধ্য, আই অ্যাম এ স্কাউট, শিবনাথবাবু।

শিবনাথ তাড়াতাড়ি উঠিয়া তাহার হাত ধরিয়া বলিল, না না না, আমি কিছু মনে করি নি। উই আর ফ্রেণ্ডস।

সার্টেন্‌লি।

ইউ মাস্ট প্রুভ ইট, বোথ অব ইউ।—একজন বলিয়া উঠিল।

সত্য বলিল, হাউ? প্রমাণ করতে আমরা সর্বদাই প্রস্তুত।

বক্তা বলিল, তুমি দু টাকা দাও, আর শিবনাথবাবুর দু টাকা।

সঞ্জয় বলিয়া উঠিল, নো, নট শিবনাথবাবু, কল হিম শিবনাথ। সত্য দু টাকা, শিবনাথ দু টাকা, অ্যাণ্ড মাই হাম্বল সেল্‌ফ দু টাকা। নিয়ে এস খাবার।

সত্য বলিল, অল রাইট, কিন্তু নট এ কপার ইন মাই পকেট নাউ; এনি ফ্রেণ্ড টু স্ট্যাণ্ড ফর মি?

শিবনাথ বলিল, আই স্ট্যাণ্ড ফর ইউ মাই ফ্রেণ্ড। চার টাকা এনে দিচ্ছি আমি। সে বাহির হইয়া গেল।

সঞ্জয় হাঁকিতে আরম্ভ করিল, গোবিন্দ, গোবিন্দ! গোবিন্দ মেসের চাকর।

শিবনাথ টাকা কয়টি সঞ্জয়ের হাতে দিতেই সত্য নাটকীয় ভঙ্গিতে উঠিয়া দাঁড়াইয়া বলিল, আমার একটা অ্যামেণ্ডমেণ্ট আছে। উই আর এইট, আটজনে দু টাকা সিনেমা, এক টাকা টী অ্যাণ্ড ট্রাম ফেয়ার, আর থ্রী রুপিজ এখানে খাবার।

অধিকাংশ ছেলেই কলরব করিয়া সায় দিয়া উঠিল। সঞ্জয় বলিল, অল রাইট, তা হলে এখানে শুধু চা; খাওয়া-দাওয়া সব সিনেমায়। কিন্তু চার আনার সীট বড় ন্যাষ্টি, আট আনা না হলে বসা যায় না। চাঁদা বাড়াতে হবে শিবনাথ, তুমি তিন, সত্য তিন, আমি তিন, ন টাকার পাঁচ টাকা সিনেমা, চার টাকা খাবার।

শিবনাথও অমত করিল না, পরম উৎসাহভরেই সে আবার টাকা আনিতে চলিয়া গেল। এ মেসে আসিয়া অবধি সুশীল ও পূর্ণের আকর্ষণে সে সকলের নিকট হইতে একটু দূরে দূরেই ছিল। সুশীল, পূর্ণ ও তাহাদের দলের আলোচনা, এমন কি হাস্য-পরিহাসেরও স্বাদ-গন্ধ সবই

যেন স্বতন্ত্র। তাহাদের ক্রিয়া পর্যন্ত স্বতন্ত্র। সে রসে জীবন-মন গম্ভীর গুরুত্বে থমথমে হইয়া উঠে। এমন কি, মাটির বুক হইতে আকাশের কোণ পর্যন্ত যে অসীম শূন্যতা, তাহার মধ্যেও সে রসপুষ্ট মন কোন এক পরম রহস্যের সন্ধান পাইয়া অনুচ্ছ্বসিত প্রশান্ত গাম্ভীর্যে গম্ভীর হইয়া উঠে। আর সঞ্জয়ের দলের আলাপ-আলোচনা মনকে করে হালকা রঙিন, বুদ্বুদের মত একের পর এক ফাটিয়া পড়ে, আলোকচ্ছটার বর্ণবিন্যাস মনে একটু রঙের ছাপ রাখিয়া যায় মাত্র। তাই আজ এই আকস্মিক আলাপের ফলে সঞ্জয়দের সংস্পর্শে আসিয়া শিবনাথ এই অভিনব আস্বাদে উৎফুল্ল না হইয়া পারিল ।

এবারে আপনার ঘরের মধ্যে আসিয়া সে চকিত হইয়া উঠিল, সুশীল তাহার সীটের উপর বসিয়া আছে। নীরবে তীক্ষ্ণদৃষ্টিতে সে বাহিরের মেঘাচ্ছন্ন আকাশের দিকে চাহিয়া ছিল। শিবনাথ তাহার নিকটে আসিয়া মৃদুস্বরে বলিল, সুশীলদা !

হ্যাঁ।

কখন এলেন ? আমি এই তো ও-ঘরে গেলাম।

আমিও এই আসছি। তোমার সঙ্গে কথা আছে।

বলুন।—শিবনাথ একটু বিব্রত হইয়া পড়িল।

দরজাটা বন্ধ করে দাও।

শিবনাথ দরজা বন্ধ করিয়া দিয়া আবার কাছে আসিয়া কুণ্ঠিতস্বরে বলিল, দেরি হবে ? তা হলে ওদের বলে আসি আমি।

না। তোমার কাছে টাকা আছে ?

কত টাকা ?

পঞ্চাশ।

না। আমার কাছে দশ-পনেরো টাকা আছে মাত্র।

তাই দাও, দুটো টাকা তুমি রেখে দাও। না, এক টাকা রেখে বাকি সব দাও।

শিবনাথ আবার বিব্রত হইয়া পড়িল। তাহার নিজের ও সত্যর দেয় ছয় টাকা যে এখনই লাগিবে !

সুশীল ভ্রূকুঞ্চিত করিয়া বলিল, তাড়াতাড়ি কর শিবনাথ ; আরজেণ্ট। পঞ্চাশ টাকায় দুটো রিভল্‌ভার। জাহাজের খালাসী তারা, অপেক্ষা করবে না।

শিবনাথ এক মুহূর্ত চিন্তা করিয়া বাক্স খুলিয়া বাহির করিল সোনার চেন।

চেনছড়াটি সুশীলের হাতে দিয়া বলিল, অন্তত দেড়শো টাকা হওয়া উচিত। বাকি টাকাটাও কাজে লাগাবেন সুশীলদা।

বিনা দ্বিধায় চেনছড়াটি হাতে লইয়া সুশীল উঠিয়া বলিল, আর একটা কথা, এদের সঙ্গে যেন বেশী রকম মেলামেশা কোরো না।—বলিতে বলিতেই সে দরজা খুলিয়া বাহির হইয়া গেল।

পরদিন প্রাতঃকাল।

এখনও বাদল সম্পূর্ণ কাটে নাই। শিবনাথ অভ্যাসমত ভোরে উঠিয়া পূর্বদিনের ন্যায় বারান্দার রেলিঙের উপর ভর দিয়া দাঁড়াইয়া ছিল। সিক্ত পিচ্ছিল রাজপথে তখনও ভিড় জমিয়া উঠে নাই। শিয়ালদহ স্টেশন হইতে তরিতরকারী, মাছ, ডিমের ঝুড়ি মাথায় ছোট ছোট দলের বিক্রেতারা বাজার অভিমুখে চলিয়াছে; দুই-'কখানা গরুর গাড়িও চলিয়াছে। এইবার আরম্ভ হইবে ঘোড়ার গাড়ি, রিক্‌শ, ট্যাক্সির ভিড়। যাত্রীবাহী ট্রেন এতক্ষণ বোধ হয় স্টেশনে আসিয়া গিয়াছে।

শিবনাথের বর্ষার এই ঘনঘটাচ্ছন্ন রূপ বড় ভাল লাগে। সে দেশের কথা ভাবিতেছিল, কালীমায়ের বাগানখানির রূপ সে কল্পনা করিতেছিল, দূর হইতে প্রগাঢ় সবুজবর্ণের একটা স্তূপ বলিয়া মনে হয়। মধ্যের সেই বড় গাছটার ডাল বোধ হয় এবার মাটিতে আসিয়া ঠেকিবে। আমলার গাছের নূতন চিরল চিরল ছোট ছোট পাতাগুলির উজ্জ্বল কোমল সবুজবর্ণের সে রূপ অপরূপ! বাগানের কোলে কোলে কাঁদরের নালায় নালায় জল ছুটিয়াছে কলরোল তুলিয়া। মাঠে এখনও অবিরাম ঝরঝর শব্দ, এ জমি হইতে ও জমিতে জল নামিতেছে। শ্রীপুকুর এতদিনে জলে থৈ থৈ হইয়া ভরিয়া উঠিয়াছে। ঘোড়াটার শরীর এ সময় বেশ ভরিয়া উঠিবে; দফাদার পুকুরে এখন অফুরন্ত দলদাম। পিসীমা এই মেঘ মাথায় করিয়াও মহাপীঠে এতক্ষণ চলিয়া গিয়াছেন। মা নিশ্চয় বাড়িময় ঘুরিতেছেন, কোথায় কোনখানে ছাদ হইতে জল পড়িতেছে তাহারই সন্ধানে।

সিঁড়িতে সশব্দে কে উঠিয়া আসিতেছিল, শিবনাথের মনের চিন্তা ব্যাহত হইল। সে সিঁড়ির দুয়ারের দিকে চাহিয়া রহিল। এ কি, সুশীলদা! সুশীল আসিতেছিল যেন একটা বিপুল বেগের উত্তেজনায় অস্থির পদক্ষেপে। মুখ চোখ যেন জ্বলিয়া জ্বলিয়া উঠিতেছে।

গ্রেট নিউজ শিবনাথ!—সে হাতের খবরের কাগজটা মেলিয়া ধরিল।

"ইউরোপের ভাগ্যাকাশে যুদ্ধের ঘনঘটা। সেরাজেভো শহরে অস্ট্রিয়ার যুবরাজ প্রিন্স ফার্ডিনাণ্ড এবং তাঁহার স্ত্রী অজ্ঞাত আততায়ীর গুলির আঘাতে নিহত। আটচল্লিশ ঘণ্টার মধ্যে অস্ট্রিয়ান গবর্নমেণ্টের সার্ভিয়ার নিকট কৈফিয়ত দাবি। যুদ্ধসজ্জার বিপুল আয়োজন।"

শিবনাথ সুশীলের মুখের দিকে চাহিল। সুশীল যেন অগ্নিশিখার মত প্রদীপ্ত হইয়া উঠিয়াছে।

শিবনাথ বলিল, সার্ভিয়ার মত ছোট এককোঁটা দেশ—

বাধা দিয়া সুশীল বলিল, ক্ষুদ্র শিশিরকণায় সূর্য আবদ্ধ হয় শিবনাথ, ক্ষুদ্রতা দেহে নয়, মনে। তা ছাড়া ইউরোপের রাজনীতির খবর তুমি জান না। যুদ্ধ অনিবার্য, শুধু অনিবার্য নয়, সমগ্র ইউরোপ জুড়ে যুদ্ধ। এই আমাদের সুযোগ।

যে দীপ্তিতে সুশীল জ্বলিতেছিল, সেই দীপ্তির স্পর্শ বুঝি শিবনাথের লাগিয়া গেল। তাহার চোখের সম্মুখ হইতে সমস্ত প্রকৃতি অর্থহীন হইয়া উঠিতেছিল, কল্পনার মধ্যে তাহার গ্রাম

মুছিয়া গিয়াছে, মা নাই, পিসীমা নাই, কেহ নাই, সব যেন বিলুপ্ত হইয়া গিয়াছে।

সুশীল বলিল, নাইন্টিন ফোরটিন—গ্রেটেস্ট ইয়ার অব অল। উঃ, এতক্ষণে বোধ হয় ওআর ডিক্লেয়ার হয়ে গেছে! অষ্ট্রিয়ান আর্মি মার্চ করে চলেছে।

দুই-একজন করিয়া এতক্ষণে বিছানা ছাড়িয়া বাহিরে আসিতেছিল। নীচে রাজপথে ভিড় জমিয়া উঠিয়াছে, খবরের কাগজের হকারের হাঁকে সংবাদের চাঞ্চল্যে সমস্ত জনতার মধ্যে যেন একটা চাঞ্চল্য জাগিয়া উঠিয়াছে।

সুশীল এদিক ওদিক দেখিয়া বলিল, ঘরে এস। উঃ, বেটা দেখছি এই ভোরেও আমার সঙ্গ ছাড়ে নি! মার্ক দ্যাট ম্যান, ওই যে ওদিকের ফুটপাথে হাঁ করে হাবার মত দাঁড়িয়ে, ও-লোকটা স্পাই।

স্পাই!

হ্যাঁ। ঘরে এস।

ঘরে ঢুকিয়া দরজা বন্ধ করিয়া দিয়া সুশীল বলিল, এইবার কাজের সময় আসছে শিবনাথ। যে কোন মুহূর্তে প্রত্যেককে প্রয়োজন হতে পারে!

শিবনাথ উত্তর দিল না। নির্ভীক উজ্জ্বল দৃষ্টিতে সুশীলের মুখের দিকে চাহিয়া রহিল, সৈনিক যেমন ভাবে-ভঙ্গিতে সেনাপতির মুখের দিকে চাহিয়া থাকে।

সুশীল আবার বলিল, এইবার টাকার প্রয়োজন হবে, বাড়ি থেকে তুমি টাকা আনতে পারবে?

চিন্তা করিয়া শিবনাথ বলিল, আপনি তো জানেন, একুশ বছরের এদিকে আমার কোন হাত নেই।

হুঁ। তোমার আর যা ভ্যালুয়েব্‌ল্‌স আছে, আমাকে দাও।

শিবনাথ একে একে বোতাম, ঘড়ি, আংটি, হাতের তাগা খুলিয়া সুশীলের হাতে তুলিয়া দিল। সুশীল সেগুলি পকেটে পুরিয়া বলিল, খুব সাবধানে থাকবে। পুলিস এইবার খুব অ্যাক্‌টিভ হয়ে উঠবে। ভাল, তুমি এই চিঠিখানা নিয়ে পূর্ণর কাছে যাও। চিঠিখানা বরং পড়ে নাও, পড়ে ছিঁড়ে ফেল। মুখে তাকে চিঠির খবর বলবে। তার ওখানে বড় বেশি উপদ্রব পুলিসের, আমি যাব না। আর চিঠি নিয়ে যাওয়াও ঠিক নয়।

চিঠিখানা পড়িয়া লইয়া শিবনাথ স্লিপার ছাড়িয়া জুতা পরিয়া সুশীলের সঙ্গেই বাহির হইবার জন্য বারান্দায় আসিয়া দাঁড়াইল।

সুশীল নীচের দিকে চাহিয়া বলিল, একটা মোটর এসে দাঁড়াল দরজায়।

শিবনাথ ঝুঁকিয়া দেখিল, রামকিঙ্করবাবু ও কমলেশ মোটর হইতে নামিতেছেন। পূর্ণর কাছে যাইবার জন্য সে যেন অকস্মাৎ অতিমাত্রায় ব্যাকুল হইয়া উঠিল, সুশীলের জামা ধরিয়া আকর্ষণ করিয়া সে বলিল, আসুন আসুন, ওদের আমি চিনি।

সুশীল আর কোন প্রশ্ন করিল না, নীচে নামিয়া আসিয়া দরজার মুখেই শিবনাথকে রামকিঙ্করবাবু ও কমলেশের সম্মুখে রাখিয়া নিতান্ত অপরিচিতের মতই চলিয়া গেল।

রামকিঙ্করবাবু সহাস্যমুখে বলিলেন, এই যে তুমি! তোমার ঠিকানা জানি না যে, খোঁজ করি। তুমি তো যেতে পারতে আমাদের বাসায়।

শিবনাথ কোন উত্তর দিল না, হেঁট হইয়া পথের উপরেই রামকিঙ্করকে প্রণাম করিয়া নীরবেই দাঁড়াইয়া ছিল। কমলেশও নতমুখে অকারণে জুতাটা ফুটপাথের উপর ঘষিতেছিল।

রামকিঙ্করবাবু আবার বলিলেন, এস, গাড়িতে এস; আমাদের ওখান হয়ে আসবে।

শিবনাথ বলিল, না। আমি এখন একজন বন্ধুর ওখানে যাচ্ছি।

বেশ তো, চল, গাড়িতেই সেখান হয়ে আমাদের বাসায় যাব। মা এসেছেন কাশী থেকে, ভারি ব্যস্ত তোমাকে দেখবার জন্যে।

মা! নাস্তির দিদিমা। তবে—! শিবনাথের বুকের ভিতরে যেন একটা আলোড়ন উঠিল। নাস্তি, নাস্তি আসিয়াছে—গৌরী!

"ইহার পর কোন ভদ্রকন্যা ভদ্ররমণীর বাস অসম্ভব" —এই কথাটা তাহার মনে পড়িয়া গেল। আরও মনে পড়িয়া গেল, তাহার মা-পিসীমার সহিত রামকিঙ্করবাবুর রূঢ় আচরণের কথা। তাহার সমস্ত অন্তর বিদ্রোহের ঔদ্ধত্যে উদ্ধত হইয়া উঠিতেছিল। কিন্তু সে ঔদ্ধত্যের প্রকাশ হইবার লগ্নক্ষণ আসিবার পূর্বেই তাহার নজর পড়িল, দূরে একটা চায়ের দোকানে দাঁড়াইয়া সুশীল বার বার তাহাকে পূর্ণর নিকট যাইবার জন্য ইঙ্গিত করিতেছে। সে আর এক মুহূর্ত অপেক্ষা করিল না, পথে পা বাড়াইয়া সে বলিল, না, গাড়িতে সেখানে যাবার নয়; আমি চললাম, সেখানে আমার জরুরী দরকার।

মুহূর্তে রামকিঙ্করবাবু উগ্র হইয়া উঠিলেন, কঠোর উগ্র দৃষ্টিতে তিনি শিবনাথের দিকে চাহিলেন, কিন্তু ততক্ষণে শিবনাথ তাঁহাদিগকে অনায়াসে অতিক্রম করিয়া আপন পথে দৃঢ় দ্রুত পদক্ষেপে অগ্রসর হইয়া চলিয়াছে।

কমলেশের ঠোঁট দুইটি অপমানে অভিমানে থরথর করিয়া কাঁপিতেছিল।

কুড়ি

রামকিঙ্করবাবু সামাজিকতা বা আত্মীয়তার ধার কোন দিনই ধারিতেন না। প্রাতঃকাল হইতে রাত্রি দ্বিপ্রহরে নিদ্রাভিভূত হইবার মুহূর্তটি পর্যন্ত তাঁহার একমাত্র চিন্তা—বিষয়ের চিন্তা, ব্যবসায়ের চিন্তা, অর্থের আরাধনা। ইহার মধ্যে আত্মীয়তা কুটুম্বিতা, এমন কি সামাজিক সৌজন্য প্রকাশের পর্যন্ত অবকাশ তাঁহার হইত না। ধনী পিতার সন্তান, শৈশব হইতেই তাঁবেদারের কাঁধে কাঁধে মানুষ হইয়াছেন, যৌবনের প্রারম্ভ হইতেই তাহাদের মালিক ও প্রতিপালকের আসনে বসিয়া কর্মক্ষেত্রে প্রবেশ করিয়াছেন, ফলে প্রভুত্বের দাবি, মানসিক উগ্রতা তাঁহার অভ্যাসগত স্বভাব হইয়া দাঁড়াইয়াছে। আর একটি বস্তু—সেটি বোধ হয় তাঁহার জন্মগত, কর্মী পিতার সন্তান তিনি, কর্মের নেশা তাঁহার রক্তের ধারায়

বর্তমান। এই কর্মের উন্মত্ত নেশায় তিনি সব কিছু ভুলিয়া থাকেন; আত্মীয়তা কুটুম্বিতা সামাজিক সৌজন্য প্রকাশের অভ্যাস পর্যন্ত এমনই করিয়া ভুলিয়া থাকার ফলে অনভ্যাসে দাঁড়াইয়া গিয়াছে। কিন্তু আসল মানুষটি এমন নয়। এই কৃত্রিম অভ্যাস-করা জীবনের মধ্যে সে মানুষের দেখা মাঝে মাঝে পাওয়া যায়, যে মানুষের আপনার জনের জন্য অফুরন্ত মমতা; অদ্ভুত তাঁহার খেয়াল, যে খেয়ালের বশবর্তী হইয়া স্বর্ণমুষ্টিও ধূলায় ফেলিয়া দিতে পারেন। কাশীতে অকস্মাৎ প্লেগ দেখা দিতে কমলেশ তাহার দিদিমা ও গৌরীকে লইয়া কলিকাতায় আসিতেই রামকিঙ্করবাবু গৌরীকে দেখিয়া সবিস্ময়ে বলিলেন, নাস্তি যে অনেক বড় হয়ে গেলি রে, অ্যাঁ!

গৌরী মামাকে প্রণাম করিয়া মুখ নীচু করিয়া দাঁড়াইয়া রহিল। এই দুই মাসের মধ্যেই গৌরীর সর্ব অবয়ব হইতে জীবনের গতির স্বাচ্ছন্দ্য পর্যন্ত ঈষৎ ক্ষুণ্ণ ম্লান হইয়া গিয়াছে। শিবনাথকে যে পত্র সে লিখিয়াছিল, সে পত্রের ভাষা তাহার স্বকীয় অভিব্যক্তি নয়, সে ভাষা অপরের, সে তিরস্কার অন্যের; শিবনাথের প্রতি তাহার নিজের অকথিত সকল কথা ধীরে ধীরে তাহার রূপের মধ্যে এমনই করিয়া ব্যক্ত হইয়া উঠিতেছে। গৌরীর রূপের সে অভিনব অভিব্যক্তি রামকিঙ্করবাবুর চোখে পড়িল, তিনি পরমুহূর্তেই বলিলেন, কিন্তু এমন শুকনো শুকনো কেন রে তুই?

নাস্তির দিদিমা—রামকিঙ্করবাবুর মা এতক্ষণ পর্যন্ত ব্যস্ত ছিলেন আপনার পূজার ঝোলাটির সন্ধানে; ঝোলাটি লইয়া উপরে উঠিতে উঠিতে তিনি রামকিঙ্করের কথাগুলি শুনিয়া সিঁড়ি হইতেই বলিলেন, তুমিই তো তার কারণ বাবা। মেয়েটাকে হাতে পায়ে বেঁধে জলে দিলে তোমরা। আবার বলছ, এমন শুকনো কেন?

গৌরী দিদিমার কথার ধারা লক্ষ্য করিয়া সেখান হইতে সরিয়া বাড়ির ভিতরের দিকে চলিয়া গেল। রামকিঙ্করবাবু চমকিয়া উঠিলেন, তাঁহার সব মনে পড়িয়া গেল—শিবনাথের মায়ের কথা, পিসীমার কথা, সঙ্গে সঙ্গে শিবনাথের সেবাকার্যের পরম প্রশংসার কথাও মনে পড়িল। আরও মনে পড়িল, শিবনাথের সঙ্গে গৌরীর দেখা-সাক্ষাৎ পর্যন্ত নাই। তিনি বলিলেন, দাঁড়াও, আজই খোঁজ করছি, শিবনাথ কোন্ কলেজে পড়ে, কোথায় থাকে! আজই নিয়ে আসছি তাকে।

কমলেশ বলিয়া উঠিল, না মামা।

কেন?—রামকিঙ্করবাবু আশ্চর্যান্বিত হইয়া গেলেন।

রামকিঙ্করবাবুর মা ঝঙ্কার দিয়া উঠিলেন, না, নিয়ে আসতে হবে না তাকে, সে একটা ছোটলোক, ইতর; একটা ডোমেদের মেয়ের মোহে—

বাধা দিয়া রামকিঙ্কর বলিলেন, ছি ছি, কি বলছ মা তুমি? কে, কার কথা বলছ তুমি?

ক্রোধ হইলে নাস্তির দিদিমার আর দিগ্বিদিক জ্ঞান থাকে না, তিনি দারুণ ক্রোধে আত্মহারা হইয়া ডোমবধূর সমুদয় ইতিবৃত্ত উচ্চকণ্ঠে বিবৃত করিয়া কহিলেন, তুই করেছিস এ সম্বন্ধ, তোকেই এর দায় পুরোতে হবে! কি বিধান তুই করছিস বল্ আমাকে, তবে আমি জলগ্রহণ করব।

রামকিঙ্কর বলিলেন, কথাটা একেবারে বাজে কথা বলেই মনে হচ্ছে মা। আমি আজই আমাদের ম্যানেজারকে লিখছি, সঠিক খবর জেনে তিনি লিখবেন। আমার কিন্তু একেবারেই বিশ্বাস হয় না মা।

চিঠি সেই দিনই লেখা হইল; কয়দিন পরে উত্তরও আসিল। ম্যানেজার লিখিয়াছেন, "খবর আমি যথাসাধ্য ভাল রকম লইয়াছি; এমন কি এখানকার দারোগাবাবুর কাছেও জানিয়াছি, ওটা নিতান্ত গুজবই। দারোগা বলিলেন, ওসব ছেলের নাম পাপের খাতায় থাকে না। ওদের জন্য আলাদা খাতা আছে। কথাটা ভাঙিয়া বলিতে বলায় তিনি বলিলেন, সে ভাঙিয়া বলা যায় না, তবে এইটুকু জানাই যে, ও রটনাটা রটাইয়াছে ওই বউটার শাশুড়ী এবং ভাশুর; মেয়েটা আসলে পলাইয়াছে তাহার বাপের বাড়ির গ্রামের একজন স্বজাতীয়ের সঙ্গে। সে লোকটা কলিকাতায় থাকে, সেখানে মেথর বা ঝাড়ুদারের কাজ করে। এখানে সর্বসাধারণের মধ্যেও কোন ব্যক্তিই কথাটা বিশ্বাস করেন নাই। বরং শিবনাথবাবুর এই সেবাকার্যের জন্য এতদঞ্চল তাঁহার প্রশংসায় পঞ্চমুখ।"

চিঠিখানা পড়িয়া কমলেশকে ডাকিয়া রামকিঙ্করবাবু হাসিয়া বলিলেন, পড়। ম্যানেজার সেখান থেকে পত্র দিয়েছেন।

চিঠিখান পড়িতে পড়িতে কান্নার আবেগে কমলেশের কণ্ঠ রুদ্ধ হইয়া আসিতেছিল। শিবনাথ তাহার বাল্যবন্ধু তাহার উপর গৌরীর বিবাহের ফলে সে তাহার পরম প্রিয়জন, তাহার প্রতি অবিচার করার অপরাধ-বোধ অন্তরের মধ্যে এমনই একটা পীড়াদায়ক আবেগের সৃষ্টি করিল। কমলেশ শিবনাথকে খুব ভাল করিয়া জানিত, উলঙ্গ শৈশব হইতে তাহারা দুইজনে খেলার সাথী, বাল্যকাল হইতে তাহাদের মধ্যে প্রগাঢ় অন্তরঙ্গতা সত্ত্বেও শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা জাগিয়াছে, কৈশোরের প্রারম্ভে তাহারা কর্মের সহযোগিতার মধ্যে পরস্পরের প্রবল প্রতিদ্বন্দ্বীরূপে যৌবন-জীবনে প্রবেশ করিয়াছে; একের শক্তি দুর্বলতা দোষ গুণ অন্যে যত জানে, সে নিজেও আপনাকে তেমন ভাল করিয়া জানে না। তাই কমলেশের অপরাধ-বোধ এত তীক্ষ্ণ হইয়া আপনার মর্মকে বিদ্ধ করিল। সে যেন কত ছোট হইয়া গেল! শিবনাথের নিকট, গৌরীর নিকট সে মুখ দেখাইবে কি করিয়া!

রামকিঙ্কর বলিলেন, যাও, মাকে চিঠিখানা পড়ে শুনিয়ে এস। আর দেখ, নাস্তিকে চিঠিখানা পড়তে দিও।

চিঠিখানা শুনিয়া নাস্তির দিদিমা খুব খুশী হইয়া উঠিলেন; তিনি সঙ্গে সঙ্গে হাঁকডাক শুরু করিয়া বলিলেন, নাস্তি নাস্তি, অ নাস্তি!

নাস্তি তাহার সমবয়সী মামাতো মাসতুতো বোনদের সহিত গল্প করিতেছিল, দিদিমার হাঁকডাক শুনিয়া সে তাড়াতাড়ি আসিয়া দাঁড়াইতেই তিনি বলিলেন, এই নে হারামজাদী, এই পড়্। চিলে কান নিয়ে গেল বলে সেই কে চিলের পেছনে পেছনে ছুটেছিল, তোর হল সেই বিত্তান্ত। কে কোথা থেকে কি লিখলে, আর তুই বিশ্বেস করে কেঁদে কেটে—বাবাঃ, একালের মেয়েদের চরণে দণ্ডবত মা!

গৌরী রুদ্ধশ্বাসে চিঠিখানা হাতে লইয়া পড়িতে আরম্ভ করিল। দিদিমার মনের আবেগ তখনও শেষ হয় নাই, তিনি তাঁহার অপরাধটুকু গৌরীর স্কন্ধে আরোপিত করিয়া কহিলেন, তা একাল অনেক ভাল মা, তাই পরিবার এখন স্বামীর ওপর রাগ করতে পারছে। সেকালে বাবুদের তো ওসব ছিল কুকুর-বেরাল পোষার সামিল। ওই কি বলে শ্যামাদাসবাবুর ভালবাসার লোক ছিল—কাদম্বিনী, সে বলেছিল, বাবু, তোমার পরিবারের গোবরের ছাঁচ তুলে এনে আমাকে দেখাও, সে কেমন সুন্দরী! তোরা হলে তো তা হলে গলায় দড়ি দিতিস, না হয় বিষ খেতিস।

গৌরীর চোখ দুইটি জলে ভরিয়া উঠিয়াছিল। চোখের জলের লজ্জা গোপন করিতেই সে চিঠিখানা ফেলিয়া দ্রুত সেখান হইতে চলিয়া গিয়া আপনার বিছানায় মুখ লুকাইয়া শুইয়া পড়িল।

কমলেশ নতমুখেই বলিল, দিদিমা!

দিদিমা ঝঙ্কার দিয়া বলিলেন, তুই ছোঁড়াই হচ্ছিস ভারি ডেঁপো। একেবারে রেগে আগুন হয়ে লেক্‌চার-মেক্‌চার ঝেড়ে এই কাণ্ড করে বসে থাকলি। যা এখন, যা, খোঁজখবর করে নিয়ে আয় তাকে।

সে যদি না আসে?

আসবে না? কান ধরে নিয়ে আসবি। গৌরী কি আমার ফেলনা নাকি? সে বিয়ে করেছে কেন আমার গৌরীকে?

তারপর তাঁহার ক্রোধ পড়িল কলিকাতার বাসায় যাঁহারা থাকেন, তাঁহাদের উপর। কেন তাঁহারা এতদিন শিবনাথের সংবাদ লন নাই? তাঁহাদের নিজেদের জামাই হইলে কি তাঁহারা এমন করিয়া সংবাদ লইতে ভুলিয়া বসিয়া থাকিতেন? শেষ পর্যন্ত তিনি মৃতা কন্যা—গৌরীর মার জন্য কাঁদিয়া ফেলিলেন। এ কি দারুণ বোঝা সে তাঁর বুকের উপর চাপাইয়া দিয়া গেল?

ইহারই ফলে কমলেশ ও রামকিঙ্করবাবু শিবনাথের নিকট আসিয়াছিলেন, সমাদর করিয়া শিবনাথকে লইয়া যাইবার জন্য, কিন্তু শিবনাথ একটা তন্ময় শক্তির আবেগে তাঁহাদিগকে পিছনে ফেলিয়া মেঘ মাথায় করিয়া ভিজিতে ভিজিতে আপন পথে চলিয়া গেল, তাঁহারা যেন তাহার নাগাল পর্যন্ত ধরিতে পারিলেন না।

নাস্তির দিদিমার নির্বাপিত ক্রোধবহ্নি আবার জ্বলিয়া উঠিল। তাঁহার ক্রোধ পড়িল শিবনাথের পিসীমা ও মার উপর। শিবনাথ যে তাঁহাদিগকে এমন করিয়া লঙ্ঘন করিয়া গেল, এ শিক্ষা যে তাঁহাদেরই, তাহাতে আর তাঁহার বিন্দুমাত্র সন্দেহ রহিল না। তিনি অত্যন্ত রূঢ় ভঙ্গিতে বার্ধক্যনত দেহখানিকে সোজা করিয়া তুলিয়া বলিলেন, আমি আমার নাস্তিকে রানী করে দিয়ে যাব। আসতে হয় কি না-হয় আমার নাস্তির কাছে, আমি মলেও যেখানে থাকি সেইখান থেকে দেখব।

রামকিঙ্করবাবুও মনে মনে অত্যন্ত আহত হইয়াছিলেন, তিনি মার কথার প্রতিবাদ করিলেন না, গম্ভীরভাবে নীচে নামিয়া গেলেন। কমলেশ চুপ করিয়া বারান্দার রেলিং-এ ভর দিয়া

দাঁড়াইয়া রহিল। গৌরী ঘরের মধ্যে জানালার ধারে বসিয়া উল বুনিতেছিল; জানালাটা দিয়া পথের উপরটা বেশ দেখা যায়, তাহার হাতের আঙুল রচনা করিতেছিল উল দিয়া ছাঁদের পর ছাঁদ, দেখিতেছিল সে পথের জনতা। সমস্ত শুনিয়া তাহার হাতের কাজটি থামিয়া গেল, পথের দিকে চাহিয়া সে শুধু বসিয়াই রহিল।

সেদিন সন্ধ্যায় সমগ্র পরিবারটিকেই রামকিঙ্করবাবু থিয়েটার দেখিবার জন্য পাঠাইয়া দিলেন।

ঠিক মাসখানেক পর।

বিদ্যুৎ তরঙ্গে তরঙ্গে সংবাদ আসিয়া পৌঁছিল, চৌঠা আগস্ট ব্রিটেন, জার্মানি ও অষ্ট্রিয়া-হাঙ্গেরীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়া, ফ্রান্স রাশিয়া বেলজিয়াম সার্ভিয়ার সহিত মিলিত হইয়াছে। সমগ্র কলিকাতা যেন চঞ্চল সমুদ্রের মত বিক্ষুব্ধ হইয়া উঠিল। হাজার হাজার মাইল পশ্চিমের মানুষের অন্তরের বিক্ষোভ আকাশ-তরঙ্গে আসিয়া এখানকার মানুষকেও ছোঁয়াচ লাগাইয়া দিল। শেয়ার মার্কেটে সেদিনের সে ভিড়, ব্যবসায়ীমহলে সেদিনের ছুটাছুটি দেখিয়া কমলেশের মন বিপুল উত্তেজনায় ভরিয়া উঠিল। প্রত্যেক মানুষটি যেন উত্তেজনার স্পর্শে দৃঢ় দ্রুত পদক্ষেপে সোজা হইয়া চলিয়াছে।

কয়লার বাজার নাকি হু-হু করিয়া চড়িয়া যাইবে, প্রচুর ধন, অতুল ঐশ্বর্যে বাড়িঘর ভরিয়া উঠিবে। সুপ্রতিষ্ঠিত ব্যবসায়ীর আসনে নিজেকে প্রতিষ্ঠিত করিবার কল্পনা করিতে করিতে অকস্মাৎ তাহার শিবনাথকে মনে পড়িয়া গেল; তাহার মনে হইল, আর একবার খোঁজ করিতে দোষ কি? সেদিন সত্যই হয়তো তাহার কোন কাজ ছিল। আর তাহার সহিত একবার মুখামুখি সকল কথা পরিষ্কার করিয়া বলিয়া লওয়ারও তো প্রয়োজন আছে। মোট কথা, যুক্তি তাহার যাহাই হউক না কেন, যাওয়ার উত্তেজিত প্রবৃত্তিই হইল আসল কথা। তাহাদের ভাবী সৌভাগ্যের সম্ভাবনার কথাটাও শিবনাথকে জানানো হইবে।

শিবনাথ ঘরে বসিয়া আপন মনে কি লিখিতেছিল। কমলেশ ঘরে ঢুকিয়া বলিল, এই যে!

মুখ তুলিয়া শিবনাথ তাহাকে দেখিয়া লেখা কাগজখানা বাক্সের মধ্যে পুরিয়া অতি মৃদু হাসিয়া বলিল, এস।

তাহার মুখের দিকে চাহিয়া কমলেশ সবিস্ময়ে বলিল, এ কি, এমন উস্কোখুস্কো চেহারা কেন তোমার? অসুখ করেছে নাকি?

সত্যই শিবনাথের রুক্ষ চুল, মার্জনাহীন শুষ্ক মুখশ্রী, দেহও যেন ঈষৎ শীর্ণ বলিয়া মনে হইতেছিল।

হাসিয়া শিবনাথ বলিল, না, অসুখ কিছু নয়। আজ নাওয়া-খাওয়াটা হয়ে ওঠে নি।

এই সামান্য বিস্ময়ের হেতুটুকু লইয়া কমলেশ বেশ স্বচ্ছন্দ হইয়া উঠিল, সে বলিল, কেন? নাওয়া-খাওয়া হল না কেন?

কাজ ছিল একটু, সকালে বেরিয়ে এই মিনিট পনেরো হল ফিরেছি।

কলেজ যাও নি ?

যাক্‌গে সে কথা। তারপর দেশে কবে যাবে বল ?

দেশে এখন যাব না, এইখানেই পড়ব ঠিক হয়েছে। কিন্তু তোমার খবর কি বল তো ? সেদিন মামা নিজে এলেন, আর তুমি অমন করে চলে গেলে যে ?

বলেছিলাম তো, কাজ ছিল।

কি এমন কাজ যে, দুটো কথা বলবার জন্যে তুমি দাঁড়াতে পারলে না ?

এবার শিবনাথ হাসিয়া বলিল, যদি বলি, কোন নতুন লাভ অ্যাফেয়ার, যার মোহে মানুষ আপনাকে একেবারে হারিয়ে ফেলে !

কমলেশ একটু চুপ করিয়া থাকিয়া বলিল, যাক, বুঝলাম, বলতে বাধা আছে।

শিবনাথ এ কথার কোনও জবাব না দিয়া একটা পেপার-ওয়েট লুফিতে লুফিতে বলিল, চা খাবে একটু ?—বলিতে বলিতেই সে বারান্দায় বাহির হইয়া হাঁকিল, গোবিন্দ, দু পেয়ালা চা।

কমলেশ খবরের কাগজটা টানিয়া লইয়া বলিল, আজকের নিউজ একটা গ্রেট নিউজ।

হাসিয়া শিবনাথ বলিল, নতুন ইতিহাসের সন তারিখ বন্ধু—নাইন্টিন ফোর্‌টিন—ফোর্থ আগস্ট।

আজই বিজনেস-মার্কেটে অদ্ভুত ব্যাপার হয়ে গেল। কয়লার দর তো হু-হু করে বেড়ে যাবে। মামা বলছিলেন, পড়ে কি হবে, এবার বিজ্‌নেসে ঢুকে পড়। তোমার কথাও বলছিলেন। অবশ্য তোমার যদি পছন্দ হয়।

বিজ্‌নেস অবশ্য খুব ভাল জিনিস।

হাসিয়া কমলেশ বলিল, কিন্তু কবিতা লেখা ছাড়তে হবে তা হলে। আমাকে দেখে লুকোলে, ওটা কি লিখছিলে ? কবিতা নিশ্চয় ?

না।

তবে ? কি, দেখিই না ওটা কি ?

এবার শিবনাথ হাসিয়া বলিল, ওটা নতুন লাভ অ্যাফেয়ার—প্রেম-পত্র একখানা ; সুতরাং ওটা দেখানো যায় না।

কমলেশ আবার নীরব হইয়া গেল। চাকরটা আসিয়া চা নামাইয়া দিল, কমলেশ নীরবে চায়ের কাপ তুলিয়া লইয়া তাহাতে চুমুক দিল। তাহার নীরবতার মধ্যে শিবনাথও অন্যমনস্ক হইয়া জানালার দিকে নীরবেই চাহিয়া রহিল।

এ অশোভন নীরবতা ভঙ্গ করিয়া সে-ই প্রথম বলিল, তোমরা কি কাশীর বাসা তুলে দিয়েছ ?

হ্যাঁ।

অ।

কমলেশ বলিল, দিদিমা নাস্তি এইখানেই চলে এসেছে আমার সঙ্গে।

শিবনাথ নীরব হইয়া গেল।

কমলেশ একবার বলিল, আমাদের বাসায় চল একদিন।

হাঁটুর উপর মুখ রাখিয়া বাইরের দিকে চাহিয়া শিবনাথ যেন তন্ময় হইয়া গিয়াছে।

কমলেশ বলিল, গৌরী দিন দিন যেন কেমন হয়ে যাচ্ছে। তার মুখ দেখলে আমাদের কান্না আসে।

একটি দীর্ঘনিঃশ্বাস ফেলিয়া শিবনাথ বলিল, আজও আমার কলঙ্কমোচন হয় নি কমলেশ, আমি যেতে পারি না।

কমলেশ যেন উচ্ছ্বসিত হইয়া উঠিল, মিথ্যে কথা, মিথ্যে কথা। মিস্‌চিভাস লোকের রটনা ওসব—আমরা খবর নিয়ে জেনেছি।

শিবনাথের মুখ-চোখ অকস্মাৎ তীক্ষ্ণ দীপ্তিতে প্রখর হইয়া উঠিল। সে বলিল, কিন্তু আমায় তো বিশ্বাস করতে পার নি। যেদিন নিজেকে তেমনই বিশ্বাসের পাত্র বলে প্রমাণ করতে পারব, সেইদিন আমার সত্যকার কলঙ্ক-মোচন হবে।

কমলেশের মাথাটা আপনা হইতেই লজ্জায় নত হইয়া পড়িল। সে নীরবে ঘরের মেঝের দিকে চাহিয়া বসিয়া রহিল। শিবনাথ মৃদু হাসিয়া আবার বলিল, 'সময় যেদিন আসিবে আপনি যাইব তোমার কুঞ্জে।'

একটি ছেলে দরজার সম্মুখেই বারান্দায় রেলিঙে ঠেস দিয়া নিতান্ত উদাসীনভাবেই দাঁড়াইয়া ছিল; তাহাকে দেখিয়াই শিবনাথ ঈষৎ চঞ্চল হইয়া বলিল, এখানেই যখন থাকবে, মাঝে মাঝে এস যেন। একদিনে সকল কথা ফুরিয়ে দিলে চলবে কেন?

উঠিতে বলার এমন সুস্পষ্ট ইঙ্গিত কমলেশ বুঝিতে ভুল করিল না, সে উঠিয়া একটা দীর্ঘ-নিঃশ্বাস ফেলিয়া নীরবে বাহির হইয়া গেল। কমলেশ বাহির হইয়া যাইতেই ছেলেটি শিবনাথের ঘরে আসিয়া বলিল, হয়ে গেছে সেটা?

শিবনাথ বাক্স খুলিয়া সেই কাগজখানা তাহার হাতে দিয়া বলিল, সুশীলদাকে একটু দেখে দিতে বলবেন।

কাগজখানা একটা বৈপ্লবিক ইস্তাহারের খসড়া।

কাগজখানি সযত্নে মুড়িয়া পরনের কাপড়ের মধ্যে লুকাইয়া ছেলেটি বলিল, পূর্ণদার সঙ্গে একবার দেখা করবেন আপনি—জরুরী দরকার।

করব।

ছেলেটি আর কথা কহিল না, বাহির হইয়া চলিয়া গেল।

পূর্ণ যেমন মৃদুভাষী, কথাবার্তাও তাহার তেমনই সংক্ষিপ্ত; প্রয়োজনের অধিক একটি কথাও সে বলে না। শিবনাথের জন্যই সে অধীর আগ্রহে অপেক্ষা করিতেছিল। শিবনাথ আসিতেই ঘরের দরজাটা বন্ধ করিয়া দিয়া সে বলিল, আপনাকে এইবার একটা বিপদের সম্মুখীন হতে হবে শিবনাথবাবু।

শিবনাথ প্রশান্তভাবে বলিল, কি বলুন?

পূর্ণ বলিল, অরুণের ওপর পুলিসের বড় বেশি নজর পড়েছে। তার কাছে কিছু আর্মস্ আছে আমাদের। সেগুলো এখন সরাবার উপায় করতে পারছি না। আপনি মেস বদল করে অরুণের মেসে যান। আর্মস্‌গুলো আপনার কাছে থেকে যাবে, অরুণ অন্য মেসে চলে যাক। তা হলে অরুণের জিনিসপত্র সার্চ করলে তার আর ধরা পড়বার ভয় থাকবে না। পরে আপনার কাছ থেকে ওগুলো সরিয়ে ফেলব।

শিবনাথের বুক যেন মুহূর্তের জন্য কাঁপিয়া উঠিল। ওই মুহূর্তটির মধ্যে তাহার মাকে, পিসীমাকে মনে পড়িয়া গেল। ম্লানমুখী গৌরীও একবার উঁকি মারিয়া চলিয়া গেল।

পূর্ণ বলিল, আপনি তা হলে দু-তিন দিনের মধ্যেই চলে যান। সম্ভব হলে কালই। এই হল অরুণের মেসের ঠিকানা। অরুণ চলে যাবে, ছোট একটা সুটকেস ঘরের কোণে কাগজ-ঢাকা থাকবে। সেই ঘরেই আপনার সীটের বন্দোবস্ত আমরা করে রাখব।

ততক্ষণে শিবনাথ নিজেকে সামলাইয়া লইয়াছে। সে এবার বলিল, বেশ।

পূর্ণ তাহার হাতখানি ধরিয়া বলিল, গুড লাক।

সমস্ত রাত্রিটা শিবনাথের জাগরণের মধ্যে কাটিয়া গেল।

নানা উত্তেজিত কল্পনার মধ্যেও বার বার তাহার প্রিয়জনদের মনে পড়িতেছিল। সহসা এক সময় তাহার মনে হইল, যদি ধরাই পড়িতে হয়, তবে পূর্বাহ্নে মা-পিসীমার চরণে প্রণাম জানাইয়া বিদায় লইয়া রাখিবে না? গৌরী—আজিকার দিনেও কি গৌরীকে সে বঞ্চনা করিয়া রাখিবে? না, সে কর্তব্য তাহাকে সুশেষ করিতেই হইবে। মাকে ও পিসীমাকে খুলিয়া না লিখিয়াও ইঙ্গিতে সে বিদায় জানাইয়া মার্জনা ভিক্ষা করিয়া পত্র লিখিল। তারপর পত্র লিখিতে আরম্ভ করিল গৌরীকে। লিখিতে লিখিতে বুকের ভিতরটা একটা উন্মত্ত আবেগে যেন তোলপাড় করিয়া উঠিল। এত নিকটে গৌরী, দশ মিনিটের পথ, একবার তাহার সহিত দেখা করিয়া আসিলে কি হয়, হয়তো জীবনে আর ঘটিবে না! অর্ধসমাপ্ত পত্রখানা ছিঁড়িয়া ফেলিয়া সে জামাটা টানিয়া লইয়া গায়ে দিতে দিতেই নীচে নামিয়া গেল।

গেট বন্ধ। রাত্রি এগারোটায় গেট বন্ধ হইয়া গিয়াছে। মেসটি নামে মেস হইলেও কলেজ-কর্তৃপক্ষের তত্ত্বাবধানে পরিচালিত, মেস-সুপারিণ্টেণ্ডেণ্টের কাছে চাবি থাকে। রুদ্ধ দুয়ারের সম্মুখে কিছুক্ষণ দাঁড়াইয়া থাকিয়া শিবনাথ উপরে আসিয়া আবার চিঠি লিখিতে বসিল। চিঠিখানি শেষ করিয়া বিছানায় সে গড়াইয়া পড়িল শ্রান্ত-ক্লান্তের মতো। কিছুক্ষণ বিশ্রামের পর তাহার মনে হইল, সে করিয়াছে কি? ছি, এতো দুর্বল সে! এ বিদায় লওয়ার কি কোনও প্রয়োজন আছে? কিসের বিদায়, আর কেন এ বিদায় লওয়া? আবার সে উঠিয়া বসিয়া দেশলাই জ্বালিয়া পত্রগুলি নিঃশেষে পুড়াইয়া ফেলিল।

কোথায় কোন্ দূরের টাওয়ার-ক্লকে ঢং ঢং করিয়া তিনটা বাজিয়া গেল। মনকে দৃঢ় করিয়া সে আবার শুইয়া পড়িল। অভ্যাসমত ভোরেই তাহার ঘুম ভাঙিয়া যাইতেই সে অনুভব করিল, সমস্ত শরীর যেন অবসাদে ভাঙিয়া পড়িতেছে। তবু সে আর বিছানায় থাকিল না,

মন এই অল্প বিশ্রামেই বেশ স্থির হইয়াছে, সম্মুখের গুরু দায়িত্বের কথা স্মরণ করিয়া উঠিয়া পড়িল। মনের মধ্যে আর কোনও চিন্তা নাই, আছে শুধু ওই কর্মের চিন্তা। কেমন করিয়া কোন্ অজুহাতে কলেজের মেস পরিত্যাগ করিয়া অন্যত্র যাইবে?

একে একে ছেলেরা উঠিতেছিল। সঞ্জয় উঠিয়া বাহিরে আসিল, সঞ্জয় তাহার অন্তরঙ্গ হইয়া উঠে নাই, কিন্তু দূরত্বের ব্যবধানও আর নাই। সঞ্জয় তাহাকে দেখিয়াই বলিল, হ্যালো শিবনাথ, তোমার ব্যাপার কি বল তো? কলেজেও যাচ্ছ না, এখানেও প্রায় থাক না! এ কি, তোমার চেহারা এমন কেন হে? অসুখ নাকি? ঠাণ্ডা লাগিও না, ঘরে চল, ঘরে চল।

শিবনাথ সঞ্জয়ের সঙ্গে তাহারই ঘরে আসিয়া ঢুকিল। সম্মুখেই দেওয়ালে একখানা প্রকাণ্ড বড় আয়না। পূর্বদিন হইতে অস্নাত অভুক্ত রাত্রিজাগরণক্লিষ্ট শিবনাথ আপন প্রতিবিম্ব দেখিয়া অবাক হইয়া গেল। সত্যই তো, এ কি চেহারা হইয়াছে তাহার! কিন্তু সে তো কোন অসুস্থতা অনুভব করে নাই!

সঞ্জয় বলিল, অনিয়ম করে শরীরটা খারাপ করে ফেললে তুমি শিবনাথ। কি যে কর তুমি, তুমিই জান। সত্যি বলতে কি, তুমি রীতিমত একটা মিস্ট্রি হয়ে উঠেছ। প্রত্যেকের নোটিশ অ্যাট্র্যাক্টেড হয়েছে তোমার ওপর।

শিবনাথ হাসিয়া বলিল, জান, জীবনে আমি এই প্রথম কলকাতায় এসেছি। কলকাতা যেন একটা নেশার মত পেয়ে বসেছে আমাকে। সোজা কথায় পাড়াগাঁয়ের ছেলে কলকাত্তাই হয়ে উঠছি আর কি।

ঘাড় নাড়িয়া সঞ্জয় বলিল, নট অ্যাট অল, বিশ্বাস হল না আমার। হাউএভার, আমি তোমার সিক্রেট জানতে চাই না। কিন্তু আমার একটা কথা তুমি শোনো, তুমি বাড়ি চলে যাও, ইউ রিকোয়্যার রেস্ট, শরীরটা সুস্থ করা প্রয়োজন হয়েছে।

শিবনাথের মন মুহূর্তে উল্লসিত হইয়া উঠিল; শরীর-অসুস্থতার অজুহাতে বাড়ি চলিয়া যাওয়ার ছলেই তো মেস ত্যাগ করা যায়। সঙ্গে সঙ্গে সঙ্কল্প তাহার স্থির হইয়া গেল। সে হাতের আঙুল দিয়া মাথার রুক্ষ চুলগুলি পিছনের দিকে ঠেলিয়া দিতে দিতে বলিল, তাই ঠিক করেছি ভাই, শরীর যেন খুব দুর্বল হয়ে গেছে, আজই আমি বাড়ি চলে যাব। দেখি, আবার সুপার মশায় কি বলেন!

বলবে? কি বলবে? চল, আমি যাচ্ছি তোমার সঙ্গে। আমাদের দেশটাই এমনই, হেলথের দাম এখানে কিছু নয়, ডিগ্রী ইজ এভ্‌রিথিং হিয়ার; ননসেন্স! জান, আমি এইজন্যে ঠিক করে ফেলেছি, অ্যাণ্ড ইট ইজ সার্টেন, এই আই. এ. এগ্‌জামিনেশনের পরই আমি বিলেত যাব। মামা ওয়ারের জন্যে আপত্তি করেছিলেন, কিন্তু টাইম ইজ মানি, পড়ার বয়স চলে গেলে বিলেত গিয়ে কি হবে?

শিবনাথ সঞ্জয়কে শত ধন্যবাদ দিল তাহার সুপরামর্শের জন্য, তাহার সাহায্যের জন্য। সঞ্জয় নিজেই তাহার জিনিসপত্র গুছাইয়া দিল, বিদায়ের সময় বলিল, বেশিদিন বাড়িতে থেকো না যেন। পার্সেন্টেজ কোন রকমে দু বছরে কুলিয়ে যাবে।

শিবনাথ হাসিয়া বলিল, যত শিগগির পারি, ফিরব।

হাসিয়া সঞ্জয় বলিল, তোমার বেটার হাফকে আমার নমস্কার জানিও।

জানাব।

এদিকে অরুণের মেসে সকল বন্দোবস্ত হইয়াই ছিল। অরুণ তাহার কিছুক্ষণ পূর্বেই মেস পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছে। মারাত্মক অস্ত্রের ছোট স্যুটকেসটি ঘরের কোণে কাগজের মধ্যে চাপা ছিল। শিবনাথ সেটিকে তাহার নিজের ট্রাঙ্কের মধ্যে বন্ধ করিয়া ফেলিয়া নিশ্চিন্ত হইয়া আপনার জিনিসপত্র গুছাইতে মনোনিবেশ করিল।

জিনিসপত্র গুছাইয়া সে চাকরকে ডাকিয়া বলিল, ঘরটা একবার পরিষ্কার করে দাও দেখি; বড্ড নোংরা হয়ে রয়েছে।

চাকর বলিল, অরুণবাবু—ওই যে বাবুটি এ ঘরে ছিলেন, তাঁর মশাই ওই এক ধরন ছিল। কিছুতেই ঘর ভাল করে পরিষ্কার করতে দিতেন না। তা দিচ্ছি পরিষ্কার করে।

কিছুক্ষণ পর সে মেসের ঝাড়ুদারনীকে সঙ্গে করিয়া ঘরে আসিয়া তাহাকে বলিল, এক টুকরো কাগজ যেন না পড়ে থাকে! ভাল করে পরিষ্কার করে দাও।

শিবনাথ স্তম্ভিত বিস্ময়ে মেয়েটির দিকে চাহিয়া ছিল। এ কে? এ যে সেই নিরুদ্দিষ্টা ডোমবউ। শরীর তাহার সুস্থ সবল, শহরের জল-হাওয়ায় বর্ণশ্রী উজ্জ্বল, কলিকাতার জমাদারনীদের মত তাহার গায়ে পরিষ্কার জামা, সৌষ্ঠবযুক্ত শাড়িখানি ফের দিয়া আঁটসাট করিয়া পরা, তাহাকে আর সেই ডোমবধূ বলিয়া চেনা যায় না, তবুও শিবনাথের ভুল হইল না, প্রথম দৃষ্টিতেই তাহাকে চিনিয়া ফেলিল।

মেয়েটিও তাহার মুখের দিকে চাহিয়া প্রথমটা বিস্ময়ে যেন হতবাক হইয়া গিয়াছিল। কিন্তু সে মুহূর্তের জন্য, পর-মুহূর্তেই তাহার মুখখানি যেন দীপালোকের মত উদ্ভাসিত হইয়া উঠিল, মুখখানি ভরিয়া হাসিয়া সে পরম ব্যগ্রতাভরে সম্ভাষণ করিল, বাবু! জামাইবাবু! সঙ্গে সঙ্গে হাতের ঝাঁটাটা সেইখানে ফেলিয়া দিয়া সে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল।

একুশ

শিবনাথ বিস্ময় কাটাইয়া তাহাকে প্রশ্ন করিল, তুমি এখানে কোথায়?

মাথার ঘোমটাটি অল্প বাড়াইয়া দিয়া মেয়েটি বলিল, কলকাতাতেই আমি থাকি বাবু, জমাদারনীর কাজ করি।

শিবনাথ একটু অধীরভাবেই প্রশ্ন করিল, কিন্তু কলকাতাতে তুমি এলে কেমন করে?

সলজ্জ হাসি হাসিয়া মেঝের দিকে দৃষ্টি নিবদ্ধ রাখিয়া সে বলিল, আমার নতুন পুরুষের সঙ্গে বাবু।

নূতন পুরুষ অর্থাৎ নূতন স্বামী।

আবার সাঙা করেছ বুঝি ?

আজ্ঞে হ্যাঁ বাবু, শাশুড়ী-ভাশুরের জ্বালায় আমি মাসীর বাড়ি পালিয়ে গিয়েছিলাম, সেইখানেই—

সেইখানেই এই নূতন স্বামীর সহিত বিবাহ হইয়াছে। ইঙ্গিতে অর্থ বুঝিতে শিবনাথের ভুল হইল না। তাহার চিত্ত মেয়েটির উপর বিরূপ হইয়াই ছিল, এ কৈফিয়তে তাহার সেই বিরূপতার এতটুকু লাঘব হইল না। সে রূঢ়স্বরে বলিল, সাঙাই যদি করলে, তবে ভাশুরকে সাঙা করতে কি দোষ ছিল ?

মেয়েটির মুখ মুহূর্তের জন্য উগ্র দীপ্তিতে ভরিয়া উঠিল, পর মুহূর্তেই সে হেঁট হইয়া ঝাঁটা-গাছটা কুড়াইয়া লইয়া ঝাঁট দিতে আরম্ভ করিয়া বলিল, সে কথা আপুনি শুনে কি করবেন বাবু ? মানুষের মন তো মানুষের হুকুমে ওঠে না মাশায় !

শিবনাথ তাহার কথার আর জবাব দিল না বা আর কোন প্রশ্ন করিল না, ক্ষুব্ধচিত্তে নীরবে বসিয়া বাহিরের দিকে চাহিয়া রহিল। নূতন স্থান, জানালার বাহিরেও রাজপথের নূতন রূপ। সেখানে বাহিরের দিকে চাহিলেই নজরে পড়িতে—পান-সিগারেটের দোকান, তাহার পাশে কাচের বাসনের দোকান, হার্মোনিয়ামের দোকান, ট্রাম মোটর ঘোড়ার গাড়ি, গতিশীল মানুষের ভিড়। এক এক সময় মনে হইত, দ্রুতবেগে বুঝি পথই চলিয়াছে সম্মুখের দিকে। আর এটি একটি ছোট চৌরাস্তা, এখানে ট্রাম নাই, চৌরাস্তার পাশে পাশে রিক্‌শর সারি, দোকানের মধ্যে ওদিকের কোণে একটা ফলের দোকান, এদিকের কোণে একটা চায়ের দোকান। বিকিকিনির জাঁকজমক এখানে নাই, জীবনের গতি এখানে অপেক্ষাকৃত মন্থর, এখানে পথের উপর দাঁড়াইয়া মানুষ গল্প করিতে পায় ; শিবনাথের এটা ভালই লাগিল।

বাবু ! জামাইবাবু !

মুখ ফিরাইয়া শিবনাথ তাহার দিকে চাহিল, মেয়েটি বলিল, দেখুন, পরিষ্কার হয়েছে ? শিবনাথ ঘরখানির দিকে চাহিয়া দেখিল, নিপুণ সযত্ন পরিমার্জনায় ঘরখানি তকতক করিতেছে। সে মৌখিক সন্তোষ প্রকাশ করিয়া বলিল, বেশ হয়েছে, চমৎকার হয়েছে।

মেয়েটি খুশি হইয়া উঠিল। হাসিমুখে এবার সে বলিল, মা পিসীমা ভাল আছেন বাবু ?

সংক্ষেপে শিবনাথ উত্তর দিল, হ্যাঁ।

মেয়েটি আবার বলিল, আর গাঁয়ে ব্যামো-স্যামো হয় নাই তো বাবু ?

না।

আর একটা কথা শুধাব, রাগ করবেন না তো জামাইবাবু ?

কি ?—শিবনাথের ভ্রূ কুঞ্চিত হইয়া উঠিল।

গৌরীদিদিমণি কেমন আছেন ?

ভালই আছেন।

কত বড় হয়েছেন এখন ?

শিবনাথ বিরক্ত হইয়া বলিল, সে শুনে আর তুমি কি করবে, বল ? তুমি বরং আপন কাজ করগে যাও।

মেসের চাকরটি এটা ওটা লইয়া যাওয়া-আসা করিতেছিল, এবার সে কুঁজায় জল ভরিয়া লইয়া ঘরের মধ্যে প্রবেশ করিতে করিতে শিবনাথের শেষ কথা কয়টি শুনিয়া রূঢ়স্বরে সেই কথারই প্রতিধ্বনি করিল, যা যা, আপনার কাজ করগে যা। ভদ্দরলোকের ঘরে দাঁড়িয়ে ব্যাড়র ব্যাড়র করে বকতে আরম্ভ করেছে !

মেয়েটি মুহূর্তে সাপিনীর মত ফোঁস করিয়া উঠিয়া বলিল, কি রকম মানুষ তুমি গো। তোমার আবার এমন চ্যাটাং চ্যাটাং কথা কেনে ? আমার দেশের নোক, আমাদের বাবু, বলব না কথা, দেশের খবর নোব না ?—বলিতে বলিতে মেয়েটি ঘর হইতে বাহির হইয়া চলিয়া গেল। মেয়েটির উপর প্রবল বিরূপতা সত্ত্বেও চাকরটির এই অনধিকার মধ্যবর্তিতা শিবনাথের ভাল লাগিল না, বরং মেয়েটির ওই শেষের কথাগুলি বেশ ভালই লাগিল—আমাদের দেশের লোক, আমাদের বাবু।

মেসটি কতকটা হোটেলের মত, নানা শ্রেণীর লোক এখানে থাকে ; ছাত্রের সংখ্যা নাই বলিলেই চলে, চাকুরের সংখ্যাই বেশি। বেলা প্রায় পাঁচটা হইয়া আসিয়াছে, দুই-একজন করিয়া আপিস-ফেরত বাবু আসিয়া মেসে ঢুকিতেছিলেন। সারাদিন মুখ বন্ধ করিয়া খাটুনির পর এতক্ষণে বোলচাল যেন তুবড়ি-বাজির মত ফুটিতে আরম্ভ করিয়াছে। একজন মুক্ত দ্বারপথে শিবনাথের ঘরের দিকে চাহিয়া বলিল, বলিহারি বাবা, ব্ল্যাঙ্ক ফিল্‌ড আপ ! এক রাজা যায়, অন্য রাজা হয়, ভারতের সিংহাসন খালি নাহি রয় ! নিমাইবাবুর কপাল বটে বাবা !

নিমাইবাবু বোর্ডিঙের মালিক। শিবনাথ ওই মেয়েটার কথাই ভাবিতেছিল। মেয়েটা কুগ্রহের মত তাহার অদৃষ্টাকাশে আসিয়া জুটিয়াছে। গ্রামের ঐ রটনার পর, আবার যদি কোনরূপে এই সংবাদটা গ্রামে যায়, তবে কি আর রক্ষা থাকিবে ! মিথ্যা কলঙ্ক অক্ষয় সত্য হইয়া তাহার ললাটে চিরজীবনের মত অঙ্কিত হইয়া রহিবে।

অকস্মাৎ একটা তীব্র ক্রুদ্ধ চিৎকার-ধ্বনিতে মেসটা সচকিত হইয়া উঠিল। নারীকণ্ঠের চিৎকার ও সঙ্গে সঙ্গে কয়েকজন পুরুষের কণ্ঠে সমস্বরে উচ্চারিত প্রশ্নধ্বনি। শিবনাথও কৌতূহলবশে আসিয়া দেখিল, বারান্দার কোণে কয়েকজন বাবু ভিড় করিয়া দাঁড়াইয়া আছেন। ভিড়ের ওপাশে সেই ডোমবধূ প্রদীপ্ত মুখে অকুণ্ঠিত কণ্ঠে চিৎকার করিয়া বলিতেছে, আপনকাদের ওই চাকর মাশায়, আমাকে বলে কি, ওই নতুন বাবুর সঙ্গে তোর এত পিরীত কিসের ? মাশায়, উনি আমাদের দেশের নোক, গাঁয়ের নোক। তা ছাড়া ইনি আমার বাপ বল বাপ, মা বল মা, ভাই বল ভাই, সব। আমার মাশায়, সোয়ামী মল কলেরায়, তারপরে আমার হল কলেরা, কেউ কোথাও নাই, ঘরে শকুনি এসে বসে আছে আমার মরণ তাকিয়ে। আমার ময়লামাখা দেহ মায়ের মতন কোলে করে তুলে উনি যতন করে ওষুধ দিয়ে পথ্যি দিয়ে বাঁচিয়েছেন। একা কি আমাকে মাশায় ? গাঁয়ে যেখানে যার রোগ হয়েছে, সেইখানে উনি গিয়ে দাঁড়িয়েছেন। তাকে দেখে আমার হাসি আসবে না মাশায় ? তাকে দেখে খবর

শুধাব না মাশায় ? বলেন, আপনারাই বলেন ? তাকে পেনাম আমি করব না ?

শিবনাথ আর সেখানে দাঁড়াইল না। প্রশংসার নম্রতায় যশোগৌরবের ভারে তাহার মাথা যেন নুইয়া পড়িতেছিল। মেয়েটি যেন তাহার জয়ধ্বজাই বহন করিয়া অকুণ্ঠিত উচ্চকণ্ঠে সমগ্র পৃথিবীকে তাহার জয়গান শুনাইতেছে। সে তাড়াতাড়ি আসিয়া ঘরে বসিল।

মেয়েটির প্রতি বিরূপতা সে আর অনুভব করিতে পারিল না, তাহার প্রতি পরম স্নেহে তাহার অন্তর তখন পরিপূর্ণ হইয়া গিয়াছে।

কালের অংশ কল্প ; কল্পনায় কল্পলোক রচনা করিয়া তাই মানুষ করিতে চায় কালজয়।

ভবিষ্যতের ইতিহাস রচনা করিবার কল্পনা করিয়া বাংলার যে তরুণের দল ভারতের স্বাধীনতা-লক্ষ্যের সংক্ষিপ্ত পথের সন্ধানে উন্মত্ত অধীর গতিতে নীরন্ধ্র অন্ধকার পথে ছুটিয়াছিল, এই সময়ে তাহাদের গতিবেগ তীব্র হইতে তীব্রতর হইয়া উঠিতেছিল। ভাবীকালের কোন্ মণিকোঠায় স্বাধীনতার দীপশিখা জ্বলিতেছে, কত দীর্ঘ সে দূরত্ব, কালের কালো জটাজালের অন্ধকার কত জটিল ; সে বিবেচনা করিবার অবসর তাদের তখন নাই, পশ্চিমের রণাঙ্গনের রণবাদ্যের ধ্বনি, সৈন্যবাহিনীর পদক্ষেপের শব্দ, মারণাস্ত্রের গর্জনশব্দে উন্মত্ত হইয়া তাহারাও বর্তমানকালকে অতিক্রম করিয়া ভাবীকালকে জয় করিতে যাত্রা শুরু করিয়া দিল।

সুশীলকে দেখাই যায় না। সে নাকি সমগ্র উত্তরাপথ—লাহোর হইতে কলিকাতা পর্যন্ত বিরাট একটা ব্যবস্থার চেষ্টায় ফিরিতেছে। শিবনাথ কথাটার আভাস মাত্র পাইয়াছে, সুস্পষ্ট সংবাদ সে কিছু জানে না। সে জানিবার অধিকারও তাহার হয় নাই। সৈনিকের মত আদেশ পালন করাই তাহার কাজ।

অসুখের ছলনায় বাড়ি যাইবার ভান করিয়া আসিয়াছে, কলেজ যাওয়া চলে না ; পড়িতেও ভাল লাগে না। শিবনাথ বসিয়া বসিয়া কল্পনার জাল বোনে শুধু। অধীর আগ্রহে প্রতীক্ষা করে আদেশের, সংবাদের। আজ কুড়ি দিনের উপর বাড়িতে চিঠি দিতে পর্যন্ত সে ভুলিয়া গিয়াছে। এ কয়দিন তাহার বাড়ির কথা, তাহার মাকে পিসীমাকে মনে করিবার পর্যন্ত অবকাশ হয় নাই। সে কল্পনা করে, আকাশস্পর্শী প্রাসাদ প্রচণ্ড বিস্ফোরণে ধূলার মত গুঁড়া হইয়া আকাশ অন্ধকার করিয়া মিলাইয়া গেল। রেলপথের ব্রিজ ভাঙিয়াছে, টেলিগ্রাফের তার ছিঁড়িয়াছে। ওদিকে ফ্রান্সের রণাঙ্গনে জার্মানবাহিনী দৃঢ় পদক্ষেপে ক্যালের দিকে অগ্রসর হইতেছে।

পাশের ঘরগুলিতেও যুদ্ধের সংবাদের উত্তেজনাপূর্ণ আলোচনা চলে। কয়জনে মিলিয়া সন্ধ্যার পর ম্যাপ খুলিয়া লাইন টানিয়া যুদ্ধের সংবাদ পড়িয়া থাকেন। যুদ্ধনীতির পদ্ধতির সমালোচনা গভীর হইতে গভীরতর হইয়া উঠে, সঙ্গে সঙ্গে তামাক ও সিগারেটের ধোঁয়ায় ঘরখানা ভরিয়া যায়। কোণের ঘরে ফ্রেঞ্চকাট-দাঁড়িওয়ালা ভদ্রলোকটি একাই বাক্স হইতে হুইস্কির বেঁটে বোতল বাহির করিয়া বসেন ; একটি গ্লাস ভরিয়া লইয়া গভীর অভিনিবেশ-সহকারে শেয়ার-মার্কেটের দরের পাতাখানা খুলিয়া নোট করেন, মধ্যে মধ্যে গ্লাসে এক-একটি চুমুক দেন ; বাঁ হাতের আঙুলে জ্বলন্ত সিগারেটের ঘনশুভ্র ধোঁয়া আঁকিয়া বাঁকিয়া উঠিতে থাকে।

ম্যানেজারের সঙ্গে চাকরটার এখন রোজ বচসা হয় যুদ্ধ লইয়া। ম্যানেজার বলেন, যুদ্ধ হচ্ছে বিলেতে, তা এখানে শাকের দরটা বাড়বার মানে কি ?

চাকরটা বলে, সে আপনি শুধান গিয়ে শাকওয়ালাকে। আমি কি করে সে জবাব দোব ? কাল থেকে যাবেন আপনি নিজে বাজার করতে, আমি পারব নি।

সেদিন সকালে তাহাদের দুইজনের এই উত্তেজিত আলোচনাটা শিবু বসিয়া বসিয়া শুনিয়া উপভোগের হাসি হাসিতেছিল। বাহিরের বারান্দায় ডোমবউ ঝাঁট দিতেছিল, শিবনাথের ঘরের সম্মুখে আসিয়া সে আবর্জনার বালতিটা রাখিয়া ঘরে ঢুকিয়া পড়িল।

জামাইবাবু !

শিবনাথ ভ্রূকুঞ্চিত করিয়া বলিল, কি ?

একটি কথা বলব আপনাকে ?

কি ?

ওই নীচে একটি নোক অহরহ দাঁড়িয়ে থাকে, আপনি দেখেছেন ? ওই নোকটি আপনার খবর আমাকে শুধায়।

স্পাইটা ! শিবনাথ চমকিয়া উঠিল। মেয়েটি বলিয়াই গেল, এই যে এখানকার চাকরটি, উ সুদ্ধু ওই নোকটির সঙ্গে ফিসফাস করে। আমাকে বলে কি যে, আপনার ঘরে কি আছে দেখিস, কাগজপত্র কুঁড়ায়ে এনে দিস। দিলে সরকার থেকে নাকি আমাকে বকশিশ দিবে। নোকটি নাকি গোয়েন্দা পুলিস—ওই চাকরটি আমাকে বলেছে।

এতক্ষণে শিবনাথ আপনাকে সংযত করিয়া লইয়াছিল, সে মৃদু হাসিয়া বলিল, রোজ তোমাকে আমি কাগজ বেছে দোব, তুমি নিয়ে গিয়ে ওকে দিও।

মেয়েটি বিচিত্র দৃষ্টিতে শিবনাথের দিকে চাহিয়া বলিল, আমরা ছোটনোক বলে কি আমাদের ধম্মভয়ও নাই বাবু ? আপনার ক্ষেতি যাতে হয়, তাই কি আমি করতে পারি ?

কথার শেষের দিকে আসিয়া তাহার কণ্ঠস্বর যেন ভাঙিয়া পড়িল, চোখ দুইটিও সজল হইয়া উঠিয়াছে।

শিবনাথ বলিল, না না, তাতে আমার ক্ষতি হবে না, বরং ভালই হবে।

মেয়েটা সহসা অত্যন্ত মনোযোগের সহিত ঘরের মেঝে ঝাঁট দিতে ব্যস্ত হইয়া পড়িল, ঝাঁট দিতে দিতেই অতি মৃদুস্বরে বলিল, চাকরটা আসছে বাবু, পায়ের শব্দ উঠছে।

সত্য-সত্যই প্রায় পরক্ষণেই চাকরটা আসিয়া দরজায় দাঁড়াইল ; হাসিয়া শিবনাথের দিকে চাহিয়া বলিল, জমাদারনী আমাদের আপনার ভারি নাম করে বাবু, আপনার ওপর ভারি ভক্তি।

শিবনাথ উত্তরে তাহাকে প্রশ্ন করিল, আমার কোন চিঠিপত্র আসে নি হে ?

আজ্ঞে না, চিঠি এলে আমি তখনই দিয়ে যেতাম।

চিঠির প্রসঙ্গ উত্থাপন করিয়াই শিবনাথ সত্য-সত্যই চিন্তিত হইয়া উঠিল, আজ কয়দিনই বাড়ির চিঠি আসে নাই ; সে নিজেও চিঠি দেয় নাই প্রায় কুড়ি দিন। সপ্তাহখানেক আগে

পিসীমার চিঠি আসিয়াছে, পিসীমার নাম দিয়া লিখিয়াছেন মা। সে চিঠির উত্তর সে দিতে পারে নাই, শুধু তো কুশলবার্তা তাঁহারা চান নাই, চাহিয়াছেন অনেক কিছু জানিতে।

জামাইবাবু! চিঠি হয়তো ওই নোকটাই নিয়ে নিয়েছে। আপনি একটুকু সতর হয়ে থেকেন মাশায়।

শিবনাথ মুখ তুলিয়া দেখিল, চাকরটা কখন চলিয়া গিয়াছে, ডোমবউ তাহাকে ওই কথা বলিয়া সতর্ক করিয়া দিতেছে। তাহার চোখে মুখে অপরিসীম উদ্বেগের কাতরতা। সে বাহির হইয়া গেলে শিবনাথ সেই চিঠিখানা বাহির করিয়া বসিল।

তিনি লিখিয়াছেন, কলেজের মেস ছাড়িয়া তুমি অন্য মেসে কেন গেলে, তাহার কারণ কিছুই বুঝিতে পারিলাম না। তুমি যে কারণ লিখিয়াছ, তাহাতে আমাদের তৃপ্তি হইল না। তোমার সমস্ত চিঠিখানাই যেন কেমন আমাদের ভাল লাগিল না, মন শান্ত হইল না, তোমার জন্য চিন্তা আমাদের বাড়িয়া গেল। তোমার চিন্তায় আমার রাত্রে ঘুম হয় না। আকাশ-পাতাল ভাবনা হয়। তোমার মা কয়দিনই দুঃস্বপ্ন দেখিতেছেন, তোমার সর্বাঙ্গ যেন রক্তমাখা, ঘরের মেঝে রক্তে ভাসিয়া গিয়াছে।

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিল। তাহার জীবনের ভাবী রূপ, তাহারই অন্তরের কল্পলোকে যাহা লুকাইয়া আছে, তাহারই প্রতিবিম্ব এই দীর্ঘ দূরত্ব অতিক্রম করিয়া মায়ের মনোদর্পণে প্রতিফলিত হইল কেমন করিয়া? চিন্তা করিতে করিতে তাহার মনে হইল, তাহার মায়ের অন্তরাত্মার দৃষ্টি ঊর্ধ্বতমলোকে অবস্থিত, পৃথিবীর সহিত সমগতিতে চলমান যুগল জ্যোতিষ্কের মত তাহারই মাথার উপর অহরহ যেন জাগিয়া আছে। সে জ্যোতিষ্কের রশ্মিদৃষ্টি জড়বস্তুর সকল আবরণ—ইট কাঠ পাহাড় বন সমস্ত কিছুর অন্তর ভেদ করিয়া তাহার প্রতিটি কর্মের উপর প্রসারিত হইয়া আছে। চোখ তাহার জলে ভরিয়া উঠিল। মনে মনে বার বার মাকে প্রণাম করিয়া বলিল, তোমার সন্তানগব ক্ষুণ্ণ আমি করি নি মা। সে কাজ আমি কোন দিন করব না, করব না। চোখ বুজিয়া মনে মনে সে তাহার মাকে পিসীমাকে কল্পনা করিবার চেষ্টা করিল। পিসীমা যেন চিন্তায় বাক্যহীন স্পন্দনহীন মাটির পুতুলের মত উদাস দৃষ্টিতে চাহিয়া বসিয়া আছেন। আর তাহার মা আপন চিন্তা উদ্বেগ সমস্ত অন্তরে চাপিয়া রাখিয়া বহ্নিগর্ভা ধরিত্রীর শ্যামল স্নিগ্ধ বাহ্য রূপের মত একটি স্নিগ্ধ হাসি মুখে মাখিয়া তাহাকে সান্ত্বনা দিতেছেন। দুরন্ত কলিক-ব্যথায় শয্যাশায়িনী হইয়াও তাঁহার মুখে যন্ত্রণাকাতর একটি শব্দ কখনও বাহির হয় না, মুখের হাসি নিঃশেষে মিলাইয়া যায় না। বিছানায় রোগশায়িনী মায়ের নীরব স্থির রূপ তাহার চোখের উপর ভাসিয়া উঠিল।

সে তাঁহাকে জিজ্ঞাসা করিত, বড় যন্ত্রণা হচ্ছে মা? ডাকব ডাক্তারকে?

অতি মৃদুস্বরে মা উত্তর দিতেন, না, এই তো মরফিয়া মিক্সচার খেলাম। তুই আমার কাছে আয় বরং—খুব কাছে।

অকস্মাৎ ভাবাবেগের আতিশয্যে সে আকুল হইয়া উঠিল, তাহার কল্পনার পটভূমির উপর পৃথিবীর কোন ছবি আর দেখা যায় না; শুধু রোগশায়িনী মায়ের স্তব্ধ স্থির দেহখানি

অন্ধকারের বুকে নিশ্চল আলোকের একটি শীর্ণ রেখার মত মূর্ছিত হইয়া পড়িয়া আছে।

সমস্ত সকালটা অস্থির হৃদয়ে বিছানায় পড়িয়া থাকিয়া অবশেষে সে স্থির করিল, আজ রাত্রেই অথবা কাল সকালেই সে একবার বাড়ি যাইবে। কিন্তু পরক্ষণেই মন তাহার হতাশায় ভাঙিয়া পড়িল। সে হইবার নয়, তাহার বাক্সের অভ্যন্তরস্থিত বস্তুগুলির কথা মনে পড়িয়া গেল, নীচে স্পাইটাকে মনে পড়িল, মেসের চাকরটাকে মনে পড়িল। ডোমেদের বধূটির কথা তাহার কানের কাছে এখনও যেন ধ্বনিত হইতেছে, "এখানকার এই যে চাকরটি, উ সুদ্ধু ওই নোকটির সঙ্গে ফিসফাস করে।" তাহার অগোচরে যদি দ্বিপ্রহরের জনহীন বাড়িতে তালা খুলিয়া সন্ধান করিয়া দেখে! হতাশার অবসাদে সে যেন শ্রান্ত-ক্লান্তের মত বিছানায় শুইয়া পড়িল।

প্রায়-জনহীন বাড়ি, মেসের অধিবাসীরা যে যাহার কাজে বাহির হইয়া গিয়াছে, রান্না-বান্না খাওয়া-দাওয়ার পর চাকর বামুন সকলেই এ সময় ঘুমাইয়া পড়িয়াছে। সম্মুখের পথটাও এখন জনবিরল; মাত্র দুই-চারিটা লোকের আনাগোনা; স্পাইটাও এ সময় গাছতলায় বসিয়া বসিয়া ঢুলিতে থাকে। মধ্যে মধ্যে দুই-চারিটা ফেরিওয়ালার ডাক আর দুই-একটা ভিক্ষুকের অভিনব ভঙ্গিতে ভিক্ষা-প্রার্থনার বিকট আর্তনাদ শোনা যাইতেছে।

বাহিরের দুয়ারে মৃদু কড়া নাড়িয়া কে ডাকিল, শিবনাথবাবু!

মুহূর্তে শয্যাত্যাগ করিয়া উঠিয়া শিবনাথ দরজা খুলিয়া বলিল, পূর্ণবাবু!

নীরবে ঘরে প্রবেশ করিয়া পূর্ণ দরজা বন্ধ করিয়া বলিল, আমার সঙ্গে আপনাকে কলকাতার বাইরে যেতে হবে—আজ রাত্রেই।

জিজ্ঞাসু দৃষ্টিতে শিবনাথ তাহার মুখের দিকে চাহিয়া নীরবে দাঁড়াইয়া রহিল। পূর্ণ বলিল, আমাদের একজন নেতা এই দারুণ প্রয়োজনের সময়ে আমাদের পরিত্যাগ করতে চাচ্ছেন। অসামান্য ব্যক্তি, সমস্ত জীবনই এই সাধনায় সন্ন্যাসীর মত ব্রতপালন করে এসেছেন। কলকাতার বাইরে একটা আশ্রম করে কর্মী তৈরী করেছেন। অনেক অস্ত্র ও অর্থ তাঁর কাছে গচ্ছিত আছে। কিন্তু কি জানি কেন, তিনি হঠাৎ এখন সমস্ত দলের মতকে উপেক্ষা করে এ মতের বিরোধী হয়ে উঠেছেন। তাঁর কাছে যেতে হবে।

শিবনাথ বলিল, যাব।

পূর্ণের অকম্পিত কণ্ঠ, ধীর মৃদু স্বরের দৃঢ়তা, চোখের দীপ্তি তাহার অন্তরে-বাহিরে ছোঁয়াচ বুলাইয়া দিল। সারা সকালের হৃদয়ের অস্থিরতা মুহূর্তে যেন বিলুপ্ত হইয়া গেল।

পূর্ণ বলিল, আজ রাত্রেই সাড়ে দশটায় হাওড়ার দশ নম্বর প্ল্যাটফর্মে দেখা হবে। টিকিট অন্য লোকে করে রাখবে।

শিবনাথ বলিল, কিন্তু আমগুলো যে এখানে থাকছে, তার কি হবে? এখানকার চাকরটা মনে হচ্ছে স্পাই।

সচকিতের মত পূর্ণ বলিল, তাই তো; ওগুলো যে সরিয়ে ফেলতে হবে। সে আপনি না

**

গেলেও হবে। সমস্ত কলকাতাব্যাপী সার্চ হবে—যে কোন দিন, হয়তো কালই। পুলিস তৈরী হচ্ছে।

শিবনাথ বলিল, কিন্তু বের করে নিয়ে যাব কেমন করে? এখানকার চাকরটা স্পাই। বাইরেও স্পাই অহরহ বসে রয়েছে।

পূর্ণ কিছুক্ষণ চিন্তা করিয়া বলিল, আপনি ভেবে দেখুন, আমিও ভেবে দেখব; সন্ধ্যের সময় খবর পাবেন। আমি চলি এখন, বেলা পড়ে আসছে, রাস্তায় লোক বাড়বে।

সে সন্তর্পণে বাহির হইয়া চলিয়া গেল। শিবনাথ মনে মনে সমস্ত বাড়িটায় সন্ধান করিয়া ফিরিতেছিল একটি নিরাপদ গুপ্ত স্থান। নাঃ, কোন স্থান নাই। বাহির করিয়া লইয়া যাইবারও কোন উপায় নাই। স্পাইটা সতর্ক দৃষ্টি মেলিয়া বসিয়া আছে, কিছুদূরে চারিজন পুলিস আর একজন সার্জেন্ট, এক উপায়, সশস্ত্র হইয়া ওই ব্যূহ ভেদ করিয়া যাওয়া।

কে?

সন্তর্পণে কে দরজা খুলিতেছিল। শিবনাথ চকিত হইয়া প্রশ্ন করিল, কে?

ক্ষিপ্র ভঙ্গিতে ঘরে প্রবেশ করিয়া দরজা বন্ধ করিয়া দিয়া সম্মুখে দাঁড়াইয়া ডোমবধূ। পর-মুহূর্তেই সে শিবনাথের পা দুইটি জড়াইয়া ধরিয়া অতি কাতর মৃদুস্বরে বলিল, তোমার পায়ে পড়ি বাবু, জামাইবাবু, ওসব তুমি কোরো না।

শিবনাথের বুকখানা গুরগুর করিয়া কাঁপিয়া উঠিল। সে কম্পিত কণ্ঠেই প্রশ্ন করিল, কি?

আমি শুনেছি মাশায়। আমাকে বলেছে, ওই চাকরটা বলেছে, বাবুর তোর কি হয় দেখ্! তোমার কাছে নাকি বোমা-পিস্তল আছে। তোমাকে নাকি জেলে দিবে, ফাঁসি দিবে।

শিবনাথ নীরব নিথর হইয়া দাঁড়াইয়া রহিল। তাহার মনের মধ্যে রুদ্ধ রোষ গর্জিয়া গর্জিয়া ফুলিয়া উঠিতেছিল। হতভাগ্য গুপ্তচরটাকে শেষ করিয়া দিলে কি হয়?

তোমার পায়ে পড়ি বাবু। তোমার কাছে কি আছে আমাকে দাও, আমি ময়লা ঢেকে বালতিতে পুরে নিয়ে যাই। এই সময় চাকরটা ঘুমাইছে, দাও মাশায় দাও।

আশায় আনন্দে, একটা অপূর্ব বিস্ময়ে শিবনাথ মুহূর্তের মধ্যে যেন কেমন হইয়া গেল। নিষ্পলক বিচিত্র দৃষ্টিতে সে ওই নীচজাতীয়া অস্পৃশ্য-বৃত্তিধারিণী মেয়েটির দিকে চাহিয়া রহিল। ডোমবউ কাঁদিতেছে, ঊর্ধ্বমুখে তাহারই মুখের দিকে কাতর মিনতিভরা দৃষ্টিতে চাহিয়া কাঁদিতেছে। শিবনাথের চোখও জলে ভরিয়া উঠিল।

মেয়েটি আবার কাতরস্বরে বলিয়া উঠিল, দেরি করেননা জামাইবাবু, উঠে পড়বে সেই মুখপোড়া।

শিবনাথ এবার চেতনা লাভ করিয়া অবহিত হইয়া উঠিল; কিন্তু তবুও তাহার হাত-পা এখনও কাঁপিতেছে। কম্পিত হস্তে সে বাক্স খুলিয়া একে একে সর্বনাশা বস্তুগুলি ডোমবউয়ের আবর্জনা-ফেলা বালতিতে ভরিয়া দিল। মেয়েটি এক রাশ আবর্জনা তাহার উপর সযত্নে চাপাইয়া দিয়া ত্রস্তপদে ঘর হইতে বাহির হইয়া গেল।

শিবনাথ মৃদুস্বরে ডাকিয়া বলিল, সাবধান, বেশি ধাক্কা-টাক্কা লাগে না যেন, ফেটে গেলে খুন হয়ে যাবে তুমি।

মেয়েটির যেন পুলকের সীমা নাই। সে বলিয়া উঠিল, আপুনি পরানটা রেখেছিলেন, না হয় আপনার লেগেই যাবে।

শিবনাথ আবার বলিল, আমার নাম করে লোক যাবে, তাকেই দিয়ে দিও, বুঝলে?

সে বলিল, না। গৌরীদিদির নাম করে পাঠায়ো, তোমার নাম করে তো এরা পাঠাতে পারে গো।—বলিতে বলিতে সে হেলিয়া দুলিয়া যেন রঙ্গ করিতে করিতে চলিয়া গেল। শিবনাথের চোখের সম্মুখে সমস্ত পৃথিবীতে যেন সোনার রঙ ধরিয়া গিয়াছে। এত সুন্দর পৃথিবী!

সে বারান্দায় আসিয়া দাঁড়াইল। সম্মুখেই ওদিকে ফুটপাতের উপর সেই স্পাইটার সহিত ততক্ষণে ডোমবউ রঙ্গ জুড়িয়া দিয়াছে। হাসিয়া ঢলিয়া পড়িতে পড়িতে মেয়েটা তাহার বৃদ্ধাঙ্গুষ্ঠটি লোকটার নাকের সম্মুখে বার বার নাড়িয়া দিয়া ত্বরিত গমনে অপূর্ব এক লীলার হিল্লোল তুলিয়া চলিয়া গেল।

লোকটা একটা আবেশের মোহে হাসির আকারে আকর্ণ দন্তবিস্তার করিয়া তাহারই গমন-পথের দিকে চাহিয়া রহিল।

শিবনাথও হাসিতেছিল। অকস্মাৎ তাহার হাসি স্তব্ধ হইয়া গেল, অকারণেই মনে পড়িয়া গেল গৌরীকে।

বাইশ

গন্তব্য স্থানে তাহারা গিয়া পৌঁছিল পরদিন সন্ধ্যায়। সাঁওতাল পরগনার নিবিড় অভ্যন্তরে সন্ন্যাসীর আশ্রমরূপেই আশ্রমটি সাধারণের নিকট পরিচিত ছিল। রেলওয়ে স্টেশন হইতে পঁচিশ মাইল পাহাড় ও জঙ্গলের মধ্য দিয়া দুর্গম পথ। সমস্ত পথটা হাঁটিয়া আসিয়া শরীর তখন দুই-জনেরই অবসাদে যেন ভাঙিয়া পড়িতেছিল। কিন্তু আশ্রমে প্রবেশ করিয়া শিবনাথ এই দারুণ অবসন্নতার মধ্যেও বিস্ময়ে আনন্দে উৎফুল্ল হইয়া উঠিল। সাঁওতাল পরগনার কঙ্করময় কর্কশ লাল মাটির বুকে এ কি অপূর্ব শস্যশ্রীর সমারোহ! বিস্তীর্ণ ভূমিখণ্ড—দুই শত বিঘারও অধিক জমির চারিদিকে মাটির পগারের উপর বেড়াগাছ দিয়া ঘেরা, তাহারই মধ্যে নানা শস্যের ক্ষেত, মধ্যে মধ্যে জল সেচনের জন্য কুয়া, কুয়ার মাথায় টাঁড়ার বাঁশগুলি ঊর্ধ্বমুখে দাঁড়াইয়া আছে। আশ্রমের প্রবেশ-দ্বার হইতে একটি প্রশস্ত পথ চলিয়া গিয়াছে। পথের পাশে ছোট ছোট মাটির ঘর—দাতব্য ঔষধালয়, নৈশ বিদ্যালয়, সাধারণ বিদ্যালয়, তাঁতশালা, শস্যের গোলা। সেদিনের শারদ-জ্যোৎস্নার পরিস্ফুট স্নিগ্ধ প্রভায় অপরূপ শ্রীমণ্ডিত হইয়া শিবনাথের চোখ দুইটি জুড়াইয়া দিল।

এতবড় আশ্রম, চারিদিকে এত কর্মের চিহ্ন ; কিন্তু জনমানবের অস্তিত্ব কোথাও অনুভূত হয় না, স্থানটা অস্বাভাবিকরূপে নীরব। আগন্তুক দুইজন নীরবে চলিয়াছিল, সে নীরবতা প্রথম ভঙ্গ করিল পূর্ণ ; বলিল, সমস্ত কর্মী এই মতবিরোধের জন্যে আশ্রম ছেড়ে চলে গেছে। পঞ্চাশটি ছেলে অহরহ এখানে থাকত, তাদেরই প্রাণপণ পরিশ্রমে, অক্লান্ত কর্মে এই জিনিসটি গড়ে উঠেছে।

শিবনাথ বলিল, যাঁর কাছে আমরা এসেছি, তিনি কোথায় থাকেন ?

অঙ্গুলি নির্দেশ করিয়া পূর্ণ বলিল, ওই গাছগুলির ভেতরে ছোট একখানি ঘর আছে, ওই যে গাছের ফাঁক দিয়ে আলো দেখা যাচ্ছে।

শিবনাথ দেখিল, দূরে শুভ্র জ্যোৎস্নার মধ্যে পুঞ্জীভূত স্থির অন্ধকারের মত কতকগুলি গাছের পাতার ফাঁকে প্রদীপ্ত রক্তাভ দীর্ঘ ক্ষীণ রেখার মত আলোকের চিহ্ন দেখা যাইতেছে। তাহার বুকের মধ্যে কেমন একটা অনুভূতি জাগিয়া উঠিল, এতবড় যাহার রচনা, বাংলার বিপ্লবীদের একটা বিশিষ্ট অংশ যাহাকে নেতার আসনে বসাইতে চায়, কেমন সে ? মনে মনে সে কল্পনা করিল এক বিরাট পুরুষের।

ঘন বৃক্ষসমাবেশের মধ্যে প্রবেশ করিয়া পাওয়া গেল ছোট একখানি ঘর। ঘরের ভিতরে আলো জ্বলিতেছে, খোলা জানালা দিয়া সে আলোর ধারা গাছগুলির উপর গিয়া পড়িয়াছে। ঘরের দুয়ার ভিতর হইতে বন্ধ। পূর্ণ দরজার উপর আঙুল দিয়া আঘাত করিয়া জানাইয়া দিল, বাহিরে আগন্তুক প্রতীক্ষায় রহিয়াছে।

ঘরের দরজা খুলিয়া দিয়া একটি অত্যন্ত সাধারণ আকৃতির মানুষ প্রসন্ন হৃদ্যকণ্ঠে সম্ভাষণ করিয়া বলিলেন, এস। অনুমান করেছিলাম, তোমরা আসবে, মন যেন বলে দিলে। চায়ের জলও চড়িয়ে রেখেছি, তোমরা মুখ-হাত ধুয়ে ফেল দেখি। চা খেয়ে বরং আবার একবার জল গরম করে দোব, পঁচিশ মাইল হেঁটেছ, ফুটবাথে সত্যিই উপকার হবে।

পূর্ণ দৃঢ়স্বরে বলিল, সকলের আগে কাজটা সেরে নিতে চাই দাদা। কথা আগে শেষ হোক।

হাসিয়া তিনি বলিলেন, ভয় কি রে, চায়ের মধ্যে থাকবে দুধ আর মিষ্টি ; লবণাক্ত কিছু খেতে দোব না তোদের। আর তাই যদিই দিই, তাতেই বা তোদের আপত্তি কি ? লবণের এমন গুণের কথা তো তোদের রসায়নশাস্ত্রে নেই, যাতে মানুষকে আক্রোশ সত্ত্বেও কৃতজ্ঞ করে তোলে।—বলিয়া তিনি জলন্ত স্টোভের উপর হইতে গরম জলের পাত্রটা নামাইয়া ফেলিলেন। পাত্রে চা দিতে দিতে পুনরায় বলিলেন, বাইরে দেখ্, জল গামছা সব রয়েছে। লক্ষ্মী ভাই, হাত-মুখ ধুয়ে ফেল্ তোরা। তোমার নামটি কি ভাই ?

শিবনাথ সশ্রদ্ধ অন্তরে সম্ভ্রমপূর্ণ কণ্ঠে উত্তর দিল, শিবনাথ বন্দ্যোপাধ্যায়।

বাঃ, চমৎকার নাম, মঙ্গলের দেবতা।

মুখ হাত ধুইয়া চায়ের কাপ হাতে লইয়া পূর্ণ বলিল, কিন্তু আপনার এ কি পরিবর্তন দাদা ?

দাদা একটু হাসিলেন ; বলিলেন, বলছি। আগে তোদের জন্যে দুটো ভাতে-ভাত চড়িয়ে দিই, দাঁড়া।

পূর্ণ প্রবল আপত্তি জানাইয়া বলিল, না দাদা, সে হয় না, আজই রাত্রে আমরা ফিরতে চাই। মুহূর্তের মূল্য এখন অনেক।

জানি রে জানি। কিন্তু এটাও তো জানিস, সুজাতার পায়সান্ন গ্রহণের বিলম্বে গৌতমের বুদ্ধত্ব অর্জনে বাধা হয় নি, সহায়ই হয়েছিল। ভারতের স্বাধীনতা যে জীবনের মূল্যে অর্জন করতে চাস, সে জীবনেরও তো একটা মূল্য আছে।

আহারান্তে আলোচনা হইতেছিল। দাদা বলিলেন, অনেক চিন্তা করে আমি দেখেছি পূর্ণ, আমি বুঝেছি, এ পথ ভুল।

পূর্ণ ভ্রূ কুঞ্চিত করিয়া বলিল, ভুল? ইতিহাসকে আপনি অস্বীকার করতে চান? রাজনীতির নির্দেশ আপনি মানতে চান না?

ইতিহাসকে আমি অস্বীকার করি না ভাই, কিন্তু বৈদেশিক ইতিহাসের পুনরাবৃত্তি এ দেশে হবে একই রূপে একই ভঙ্গিতে—এও স্বীকার করতে চাই না। আর রাজনীতি? পাশ্চাত্ত্য রাজনীতি সত্যিই আমি মানতে চাই না ভাই।

কারণ?

কারণ মন্দিরের মধ্যে মিল ফিট করা যায় না ভাই। আর মিলের ওপরেও মন্দিরের কলস বসানো যায় না।

পূর্ণ বিরক্ত হইয়া বলিল, ও-ধারার হেঁয়ালির কথা বলবেন না দাদা, পরিষ্কার সাদা কথায় আমায় যা বলবেন বলুন।

হাসিয়া তিনি বলিলেন, ভাল, তাই বলছি। আমার প্রথম কথা শোন্। আমার ধারণা, ইংরেজ তাড়ানোর নামই স্বাধীনতা নয়। বৈদেশিক শাসন উচ্ছেদ করে সাম্প্রদায়িক শাসন প্রবর্তনের নাম—রাজ্য নিয়ে কাড়াকাড়ি। দেশের সত্যিকার স্বাধীনতা ও থেকে সম্পূর্ণ পৃথক বস্তু।

এ আমাদের মিশনের ওপর কটাক্ষপাত করছেন আপনি।

না, তোদের আমি কি ভুল বুঝতে পারি রে? এ মিশন যে কত বড় পবিত্র নিঃস্বার্থ, সে কি আমি জানি না? ধর্ম নেই, অধর্ম নেই, প্রবৃত্তি নেই, নিবৃত্তি নেই, দেশমাতৃকা তোদের হৃষিকেশ—আদি জননী, তোদের আমি চিনি না?

তবে আপনি এ কথা বলছেন কেন?

ভাল। একটা কথার আমার উত্তর দে। দেশ স্বাধীন হলে শাসনযন্ত্র পরিচালনা করবে কে? উত্তেজিত হোস নি ভাই, ভেবে দেখ্। পরিচালনা করবে এই ভদ্রসম্প্রদায়, এই শিক্ষিত সম্প্রদায়, দেশের উচ্চবর্ণ যারা তারাই। দেশের ধনী যারা তারাই। কিন্তু সে তো স্বাধীনতা নয়। স্বাধীনতা বলতে আমি কি বুঝি জানিস?—এস্ট্যাব্লিশ্‌মেণ্ট অব এ গবর্মেণ্ট

অব দি পিপ্‌ল বাই দি পিপ্‌ল, নট ফর দি সেক অফ দি পিপ্‌ল। অনুগ্রহ নয়, দান নয়, তেত্রিশ কোটির দাবির বস্তু গ্রহণ করতে ছেষট্টি কোটি হাত আপনা হতে এগিয়ে আসা চাই।

পূর্ণ নিষ্পলক স্থির দৃষ্টিতে মাটির দিকে চাহিয়া রহিল, শিবনাথ প্রদীপ্ত নেত্রে তৃষ্ণার্তের মত চাহিয়া ছিল বক্তার দিকে। তিনি আবার বলিলেন, ভারতবর্ষের আদিম জাতি সাঁওতাল এ অঞ্চলের চারিদিকে। ভারতবর্ষের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত আমি ঘুরে এসেছি। দেখলাম, ব্রহ্মণ্যধর্মের জন্মভূমি আর্যসভ্যতার গৌরবময়ী ভারতের বুকে শুধু শূদ্র আর শূদ্র, অনার্য আর অনার্য। হাজার হাজার বছরের পরও এই অবস্থা। এরই জন্যে বার বার—বার বার ভারতবর্ষ পরাজিত হয়েছে বিদেশীর হাতে। এই অবস্থা নিয়ে স্বাধীনতার অভিযানে অগ্রসর হওয়ার নাম উন্মত্ততা ছাড়া আর কিছু নয়।

পূর্ণ এবার বলিল, কিন্তু রাজনৈতিক জটিলতার এ সুযোগ ছাড়লে কি আর আসবে মনে করেন?

হয়তো আসবে না। কিন্তু তেত্রিশ কোটি লোকের দাবি ঠেকিয়ে রাখতে পারে, এমন শক্তিও কারও কোন কালে হবে না পূর্ণ। তা ছাড়া বৈদেশিক রাজনীতির ফল এই অ্যানার্কিজম অনুসরণ করাও আমার মতবিরুদ্ধ ভাই। এ পথ ভুল।

তার অর্থ?

অর্থ? সে বলবার পূর্বে আমি একটি প্রশ্ন করব তোমাকে। স্বাধীনতার প্রয়োজন কেন বলতে পার? ভাবাবেগে বোলো না যেন, স্বাধীনতাব জন্যেই স্বাধীনতার প্রয়োজন।

দেশের এই দুর্দশা দুরবস্থা দেখেও আপনি এই প্রশ্নের উত্তর চান?

অর্থাৎ দেশে অন্নবস্ত্রের প্রাচুর্য ও সম্পদ-বৈভবের জন্য স্বাধীনতার প্রয়োজন।

নিশ্চয়, কৃষি শিল্পে সম্পদে শিক্ষায় দেশের চরম উন্নতি—

কিন্তু আমি আর একটু বেশি চাই। চরম উন্নতির সঙ্গে সঙ্গে চাই পরম উন্নতি। আমার সভ্যতা, আমার জাতীয় ভাবধারা অনুমোদিত পন্থায় পরমপ্রাপ্তির সাধনার অবকাশ, সুযোগ, অধিকার। আমার উপর বিদেশী রাজশক্তির চাপিয়ে-দেওয়া বিদেশী জীবনদর্শনকে আমি অস্বীকার করতে চাই। আমার জীবনের সাধনায় অপরের নির্দেশ আমি মানতে চাই না। পূর্ণ, আজ বৈদেশিক শাসনের ফলে, তাদের জীবনদর্শনের চাপে চরম বস্তু পরমকে ভুলিয়ে দিলে। আমি স্বাধীনতা চাই সেই জন্যে, আর সেই জন্যেই বিদেশীর নির্দিষ্ট অ্যানার্কিজ্‌ম, কি টেররিজ্‌ম আমি গ্রহণ করতে পারি না।

পূর্ণ অদ্ভুত হাসি হাসিয়া বলিল, তার বদলে কোন্ পথ অবলম্বন করা উচিত? তপস্যা অথবা যজ্ঞ?

তা ঠিক আমি জানি না। এখনও ভেবে ঠিক করতে পারি নি। তবে সেটা ওই গুপ্তহত্যা আর গুপ্তষড়যন্ত্রের পথ নয় পূর্ণ, এটা ঠিক। রাস্তবতার দিক দিয়েও ঠিক নয়, আমাদের দেশের বৈশিষ্ট্য, সভ্যতা এবং শাস্ত্রও এটা অনুমোদন করে না। হাসিস নি পূর্ণ, একদিন আমিও এমন কথা শুনে হাসতাম। কিন্তু এ হাসির কথা নয়। পরশুরামের মত বীর্যবান, মাতৃহত্যার পাপও

তার স্খালন হয়েছিল, কিন্তু ব্রাহ্মণ হয়ে কুঠার স্পর্শের অপরাধ কোনও পুণ্যেই ক্ষয় হয় নি, তার জীবনের ঊর্ধ্বগতির পথ চিরদিনের মত রুদ্ধ হয়ে গেল।

পূর্ণ বলিল, তর্ক করে লাভ নেই দাদা; আপনাকে আমি জানি, তর্কে আপনাকে আমি হারাতে পারবও না। কিন্তু একটা কথা বলি, এই আগুন যাঁরা জেলেছেন, তার মধ্যে আপনিও একজন প্রধান। আগুন যখন জ্বেলেছিলেন, তখন যদি সঙ্গে সঙ্গে মেঘের তপস্যাও করে রাখতেন, তা হলে আজ এ কথা বলায় লাভ ছিল।

দীর্ঘনিশ্বাস ফেলিয়া দাদা বলিলেন, জানি। সে ভুলের মাশুলও আমাকে দিতে হবে, সেও আমি জানি।

অকস্মাৎ পূর্ণ ব্যগ্রতাভরে মিনতি করিয়া বলিল, আপনি হতাশ হবেন না দাদা, একবার সেই উৎসাহ নিয়ে দাঁড়ান, দেখবেন, অসম্ভব সম্ভব হয়ে উঠবে। আমরা আমাদের কর্মধারা টেররিজ্‌ম-অ্যানার্কিজ্‌মের মধ্যে আবদ্ধ রাখি নি। আমরা করব সশস্ত্র বিপ্লব। লাহোর থেকে রেঙ্গুন পর্যন্ত ক্যান্টনমেণ্টে ক্যান্টনমেণ্টে আমাদের কর্মী ঘুরে বেড়াচ্ছে। ওদিকে জার্মানিতে আমাদের কর্মী যাচ্ছে, সেখান থেকে আমরা অর্থ পাব, অস্ত্র পাব। একদিন এক মুহূর্তে ভারতের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত বিপ্লবের আগুন জ্বলে উঠবে।

অত্যন্ত ধীরভাবে বারকয়েক ঘাড় নাড়িয়া অস্বীকার করিয়া দাদা বলিলেন, না পূর্ণ, বাস্তবতার দিক দিয়েও এ অসম্ভব, আর আমার ধর্মমতের দিক থেকেও এ মত এবং পথ গ্রহণীয় নয়; সে হয় না।

গম্ভীরভাবে পূর্ণ এবার বলিল, ভাল কথা, আমাদের গচ্ছিত অর্থ আর আর্মস্—এগুলো আমাদের দিয়ে দিন।

স্থিরদৃষ্টিতে পূর্ণের মুখের দিকে চাহিয়া তিনি বলিলেন, একটু অপেক্ষা কর্, তোর কথার উত্তর দিচ্ছি।—বলিয়া দুইখানা কাগজ টানিয়া লইয়া খসখস করিয়া কি লিখিয়া আপনার বিছানার বালিশের তলায় রাখিয়া দিয়া বলিলেন, ওটা থাকল, যাবার সময় দেখে যাস।

পূর্ণ বলিল, রাত্রি অনেক হয়ে গেল দাদা, আমার কথার উত্তর দিন।

উত্তর?

হ্যাঁ।

কি উত্তর দেব রে পূর্ণ? যে মত যে পথ যে কর্ম আমি সমর্থন করি না, যাতে দেখছি নিশ্চিত সর্বনাশ, সে পথে সে কর্মে তোদের যেতেও তো আমি সাহায্য করতে পারি না ভাই।

পূর্ণের চোখে যেন আগুন জ্বলিয়া উঠিল। সে বলিল, সে সাহায্য তো আপনি করছেন না, আপনি বরং গচ্ছিত আর্মস্ এবং অর্থ দিয়ে ফেলে এ পথের সঙ্গে সংস্রবহীন হচ্ছেন। আর গচ্ছিত ধন 'দোব না' বলবার আপনার অধিকার?

সেগুলো আমি নষ্ট করে দিয়েছি পূর্ণ।

কি?

আর্মস্‌গুলো—সেগুলো আমি ভেঙে ফেলে দিয়েছি।

মুহূর্তে একটা বিপর্যয় ঘটিয়া গেল। পকেটের ভিতর হইতে সাপের ফণার মত ক্ষিপ্র ভঙ্গিতে পূর্ণের হাত পিস্তলসহ উদ্যত হইয়া উঠিল। পরক্ষণেই একটা উচ্চ কঠিন শব্দ ধ্বনিত হইল। তারপর বারুদের গন্ধে ধোঁয়ায় স্থানটা ভরিয়া উঠিল। শিবনাথের বিস্ফারিত চোখের সম্মুখে প্রাচীন বিপ্লবপন্থীর রক্তাক্ত দেহ সশব্দে মাটির উপর পড়িয়া গেল। একেবারে হৃৎপিণ্ড ভেদ করিয়া গুলিটা বোধ হয় ওপারে পৌঁছিয়া গিয়াছে।

পূর্ণ এতক্ষণে কঠিন আক্রোশের সহিত বলিল, ট্রেটার!

শিবনাথ বলিল, না, না, এ কি করলেন?

ঠিক করেছি। এমন ধারার কতকগুলো লোকই বাংলার বিপ্লবীদলের সর্বনাশ করেছে। টাকাটা আত্মসাৎ করার প্রলোভন সম্বরণ করতে পারেন নি।—কথাটা শেষ করিয়াই সে বালিশ উলটাইয়া সেই কাগজ দুইখানা টানিয়া বাহির করিল। পড়িতে পড়িতে পূর্ণের উত্তেজিত রক্তোচ্ছ্বাসপরিপূর্ণ মুখ কাগজের মত সাদা হইয়া গেল। তাহার হাত দুইটির সঙ্গে পত্র দুইখানাও থরথর করিয়া কাঁপিতেছিল। পড়া শেষ করিয়া সে বিহ্বল দৃষ্টিতে শিবুর দিকে চাহিয়া চিঠি দুইখানা আগাইয়া দিল।

শিবু দেখিল, একখানাতে লেখা—আমার কৃতকর্মের জন্যই জীবন দুর্বহ হইয়া উঠিয়াছে। তাই আমি আত্মহত্যা করিতেছি।

আর একখানাতে লেখা—তোর চোখে যে আগুন দেখলাম পূর্ণ, তাতে আজই বোধ হয় ভুলের মাশুল আমাকে দিতে হবে। যদি সত্যিই হয়, আমি জানি, দলের হুকুমে তোকে এ কাজ করতে হবে, আর এ নিয়ম যারা করেছিল, তার মধ্যে আমিও একজন। তোর কোনও অপরাধ হবে না। তবে যাবার সময় অন্য চিঠিখানা বালিশের তলায় রেখে যাস, আর তোর পিস্তলটা আমার হাতের কাছে। তাতে তোরা নিরাপদ হতে পারবি। কিন্তু আমার শেষ অনুরোধ রইল ভাই, এ পথে আর অগ্রসর হোস নি।

শিবনাথ স্তম্ভিত হইয়া পূর্ণের দিকে চাহিল। তাহার হাতে তখনও পিস্তল উদ্যত হইয়াই আছে। মুহূর্তে শিবনাথ তাহার হাত হইতে সেটাকে ছিনাইয়া লইয়া মৃতদেহের পায়ের কাছে ফেলিয়া দিল।

শেষ ভাদ্রের কৃষ্ণা দ্বিতীয়ার রাত্রি। প্রায় পূর্ণচন্দ্রের পরিপূর্ণ জ্যোৎস্নায় শরতের নির্মল নীল আকাশ নীল মর্মরের মত ঝলমল করিতেছে। মধ্যে শুভ্র ছায়াপথ একখানি সুদীর্ঘ উত্তরীয়ের মত এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত বিস্তৃত। জ্যোৎস্নার পরিপূর্ণতায় আকাশ নক্ষত্রবিরল। উত্তর দিগন্তে ধ্রুবতারাকে প্রদক্ষিণ করিয়া সপ্তর্ষিমণ্ডল পশ্চিমাভিমুখে ঢলিয়া পড়িয়াছে। চড়াই-উৎরাই পার হইয়া জনহীন পথ, দুই পাশে ঘন বন। বনের মাথায় জ্যোৎস্না ঘুমাইয়া আছে, তাহারই ছায়ায় পথের উপর আলোছায়ার বিচিত্র আলপনা ফুটিয়া উঠিয়াছে। কিন্তু সে সৌন্দর্য দেখিবার মত অবস্থা তখন তাহাদের নয়। শিবনাথের মনের মধ্যে অদ্ভুত একটা আবেগের তরঙ্গ বহিয়া চলিয়াছে। মন যেন পঙ্গু মূক হইয়া গিয়াছে।

মধ্যে মধ্যে এক-একটা গভীর দীর্ঘশ্বাস শুধু ঝরিয়া পড়িতেছিল। পূর্ণ চলিয়াছে মাটির দিকে চোখ রাখিয়া। পথ চলিবার সতর্ককার জন্য নয়, আকাশের দিকে চাহিতে অকারণেই যেন একটা অনিচ্ছা জন্মিয়া গিয়াছে।

চলিতে চলিতে পূর্ণ শিবনাথকে হঠাৎ আকর্ষণ করিয়া বাধা দিল, বলিল, সাপ।

সাপ! শিবনাথ দেখিল, হাত বিশেক দূরে প্রকাণ্ড এক বিষধর দীর্ঘ ফণা তুলিয়া দাঁড়াইয়া আছে, গর্জনের নিশ্বাসে-প্রশ্বাসে ফুলিয়া ফুলিয়া উঠিতেছে। পূর্ণ মৃদুস্বরে বলিল, আপনার পিস্তলটা বের করুন, জলদি, তাড়া করলে বিপদ হবে।

পকেট হইতে পিস্তল বাহির করিয়া শিবনাথ পূর্ণের হাতে সমর্পণ করিল। পূর্ণ একটি দীর্ঘ-নিশ্বাস ফেলিয়া বলিল, আমাকেই দিচ্ছেন?

শিবনাথও একটা দীর্ঘনিশ্বাস ফেলিল, কহিল, কি জানি, আত্মরক্ষার জন্যে ওই সাপটাকে মারতেও মনে আমি দৃঢ়তা পাচ্ছি না পূর্ণবাবু।

উদ্যত পিস্তলটা নামাইয়া পূর্ণ বলিল, চলুন, গাছের আড়াল দিয়ে একটু পাশ কাটিয়ে চলে যাই। নেহাত আক্রমণ করে, তখন যা হয় করা যাবে।

গাছের আড়াল দিয়া একটু পাশ কাটাইয়া যাইতেই সাপটা ফণা নামাইয়া পথের উপরেই আরাম করিয়া শুইয়া পড়িল। শিবনাথ বলিল, শরতের শিশির আর জ্যোৎস্না ওদের ভারি প্রিয়। এমনই করেই ওরা পড়ে থাকে এ সময়।

পূর্ণ উত্তরে বলিয়া উঠিল নিতান্ত অবান্তর কথা, বোধ করি স্তব্ধ নীরবতার মধ্যে বহুক্ষণ ধরিয়া এই কথাটাই তাহার মনের মধ্যে ঘুরিতেছিল, সে বলিল, কি করব, আমার ওপর এই-ই অর্ডার ছিল।

শিবনাথ শুধু একটা দীর্ঘনিশ্বাস ফেলিল, তাহাকে সমর্থনও করিল না, প্রতিবাদও করিল না। পূর্ণ আবার বলিল, সে কথা দাদা বুঝেছিলেন। ভুলের মাশুল দেবার কথাটা মনে আছে আপনার? আর চিঠি দুখানাই তো তার প্রমাণ। আমায় অর্ডার দিলে কি জানেন, যদি টাকা আর আর্মস্ দেন, তা হলে কিছু করবার দরকার নেই, অন্যথায়—

আর সে বলিতে পারিল না, এতক্ষণ পরেই সেই নির্জন বনপথের মধ্যে শিশুর মত ফোঁপাইয়া কাঁদিয়া উঠিল। শিবনাথও কাঁদিতেছিল, কিন্তু সে কান্নায় উচ্ছ্বাস ছিল না, শুধু গাল বাহিয়া বাহিয়া ধারায় ধারায় অশ্রু ঝরিয়া পড়িতেছিল।

বহুক্ষণ পর শান্ত হইয়া পূর্ণ বলিল, জানেন শিবনাথবাবু, বিপ্লবমন্ত্রে দীক্ষা নিয়েছিলাম আমি এই আশ্রমে।

শিবনাথ কোন উত্তর দিল না, সে ভাবিতেছিল ওই মানুষটির কথা। দুই-তিন ঘণ্টার পরিচয়, তাহার সহিত মাত্র দুইটি কথা তিনি বলিয়াছিলেন, কিন্তু অক্ষয় আসন পাতিয়া রহিয়া গেলেন অন্তরের অন্তরে। কত বড় নির্ভীকতা! তাঁহার প্রতিটি কথা তাহার মনের মধ্যে অহরহ ধ্বনিত হইতেছে।

পূর্ণ আবার বলিল, এমন করে আমি আর কখনও কাঁদি নি শিবনাথবাবু। খ্যাতিই বলুন,

আর অখ্যাতিই বলুন, দলের মধ্যে আমারই নাকি সেন্টিমেণ্ট সকলের চেয়ে কম। তাই এই ভার পড়েছিল আমার ওপর। সুশীলের হুকুম—বেনারসে বসে বড বড নেতারা বিচার করে এই হুকুম পাঠিয়েছেন।

শিবনাথের কানে বোধ হয় কথাগুলি প্রবেশই করিল না, সে তন্ময় হইয়া ওই কথাগুলি ভাবিতে ভাবিতেই পথ চলিতেছিল। উত্তর না পাইয়া পূর্ণ তাহার হাত ধরিয়া বলিল, মনে খুবই আঘাত পেয়েছেন, না?

এবার একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া শিবনাথ অতি করুণ হাসি হাসিয়া বলিল, আমার চেয়ে আপনি কি সে আঘাত বেশি পান নি পূর্ণবাবু?

পূর্ণ পিস্তলটা বাহির করিয়া শিবনাথের হাতে দিয়া বলিল, এটা আপনি রেখে দিন শিবনাথবাবু। আমার মন অত্যন্ত কঠিন, কিন্তু আজ যেন ভূমিকম্পে পাথর ফেটে চৌচির হয়ে গেছে।

শিবনাথ চঞ্চল হইয়া ত্রস্তভাবে পিস্তলটা পূর্ণের হাত হইতে লইয়া আপনার পকেটে রাখিয়া দিল। বলিল, ভুল চিরকালই ভুল পূর্ণবাবু।

হাসিয়া পূর্ণ বলিল, কিন্তু দাদা কি বলেছিলেন, মনে আছে? ভুলের মাশুলও দিতে হয়। কিছুক্ষণ নীরব থাকিয়া সে আবার বলিল, তখনই মাশুল দিয়ে ভুলের সংশোধন করতাম শিবনাথ-বাবু, কিন্তু আমার মিশন পাপ-পুণ্য সমস্ত কিছুর উর্ধ্বে, অ্যাবাভ এভ্‌রিথিং, আমাকে তারই জন্যে বেঁচে থাকতে হবে।

পিছনে পশ্চিম-দিগন্তে চাঁদ তখন অস্তাচলের সমীপবর্তী, বন প্রায় শেষ হইয়া আসিয়াছে, শিবনাথের ঊর্ধ্বমুখী দৃষ্টিতে পড়িল, সম্মুখে পূর্বাকাশের ঈষৎ ঊর্ধ্বে শুকতারা দপদপ করিয়া জ্বলিতেছে। সে চঞ্চল হইয়া বলিল, রাত্রি যে শেষ হয়ে এল পূর্ণবাবু! পথ যে এখনও অনেক বাকি!

কটা বাজল, দেখুন তো?

ঘড়ি তো নেই!

কি হল আপনার—? ও, জানি, সুশীল বলেছে আমাকে। কিন্তু চাঁদ তো এখনও অস্ত যায় নি।

হাসিয়া শিবনাথ বলিল, কৃষ্ণপক্ষের চাঁদ অস্ত তো যাবে না, আকাশেই থাকবে, সূর্যের আলোয় ঢাকা পড়ে যাবে। ট্রেন তো নটায়। চলুন, একটু পা চালিয়ে চলুন।

কিন্তু চলিতে যেন পা চাহিতেছিল না। দীর্ঘ পথভ্রমণে পা দুইটা যেন ভাঙিয়া পড়িতেছে। কপালে দুই রগের শিরা দুইটা দপদপ করিয়া লাফাইতেছে। সহসা পথের পাশে গাছের পাশ হইতে কে বলিয়া উঠিল, কে রে? কে বটিস তুরা?

সচকিত হইয়া তীক্ষ্ণ দৃষ্টিতে তাহারা চাহিয়া দেখিল, ওই গাছের কাণ্ডের মত বিশাল কালো এক মূর্তি গাছের তলায় অন্ধকারে মিশিয়া দাঁড়াইয়া আছে।

পূর্ণ প্রশ্ন করিল, তুমি কে?

আমরা মাঝি গো—সাঁওতাল।

শিবনাথ বলিল, একটু জল দিতে পার মাঝি?

কৃতার্থ হইয়া মাঝি বলিল, জল কেনে খাবি? দুধ দিয়ে দিব, গরম দুধ খাবি।

পূর্ণ বলিল, আর একটু গরম জল। পা দুটো ধুয়ে ফেলব।

আয়, তাও দিব। কাছেই বাড়ি বেটে আমাদের। যাবি কুথা তুরা?

রেল-স্টেশন। কত দূর বল তো?

কতটো হবে! এই তুর এক কোশ দু কোশ কি তিন কোশ হবে। ইঃ বাবু, তুর মুখটি কি হয়ে গেইছে রে! কালো ভুঁসার পারা? আ-হা-হা-রে!

পূর্ব-দিগন্তে তখন আলোকের আমেজ ধরিয়াছে, ধূসর আলোক ক্রমশঃ রক্তাভ দীপ্তিতে মুহূর্তে মুহূর্তে উজ্জ্বল হইতে উজ্জ্বলতর হইয়া উঠিতেছে। শিবনাথ পূর্ণের মুখের দিকে চাহিয়া শিহরিয়া উঠিল, এমন করিয়া কালি তাহার মুখে কে মাখাইয়া দিল!

পূর্ণ আপন মনেই বলিল, দাদার কথা মনে পড়ে গেল শিবনাথবাবু। ব্রাহ্মণ্যধর্মের জন্মভূমি আর্যসভ্যতায় গৌরবময়ী ভারতবর্ষের বুকে শুধু শূদ্র—শূদ্র আর শূদ্র, অনার্য আর অনার্য। এরা সেই শূদ্র, অনার্য।

হাওড়ায় নামিবার পূর্বেই পূর্ণ বলিল, আপনি বরং সুশীলের বাড়ি চলে যান। সেখানে একবেলা বিশ্রাম করে সুস্থ হয়ে মেসে যাবেন। নইলে এমন চেহারা দেখে সকলেই সন্দেহ করে বসবে। আমি শ্রীরামপুরে নেমে পড়ব, কাল সকালে কলকাতায় যাব।

পকেটের মধ্যেই রুমালে মুড়িয়া পিস্তলটা সতর্কতার সহিত পূর্ণের পকেটে দিয়া শিবনাথ বলিল, এটা আপনি নিয়ে যান, আর একটা কথা—। বলিয়া সে নীরব হইল।

কিছুক্ষণ প্রতীক্ষা করিয়া পূর্ণ বলিল, বলুন।

সেই জিনিসগুলো আমার কাছে যা ছিল—

হ্যাঁ, বলুন।

সেগুলো আমাদের মেসের জমাদারনী—সেই ডোমবউ, তার কাছে গেলেই পাবেন। বলবেন, গৌরী পাঠিয়েছে। গৌরী নামটা ভুলবেন না।

দরকার কি এত মনে রাখার! আপনিই গিয়ে বরং নিয়ে আসবেন।

আমি বাড়ি চলে যাব পূর্ণবাবু।

আশ্চর্য হইয়া পূর্ণ বলিল, বাড়ি!

হ্যাঁ, আমার মন বড় অস্থির হয়ে পড়েছে।

পূর্ণ একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল, তা হলে তো আমার আত্মহত্যা ছাড়া উপায় থাকে না শিবনাথবাবু। এত সেন্টিমেন্টাল হবেন না। সহসা সে ভ্রূকুঞ্চিত করিয়া বলিল, আপনি কি আমাদের সংস্রব কাটিয়ে ফেলতে চান শিবনাথবাবু?

শিবনাথ জানালার মধ্য দিয়া উদাস দৃষ্টিতে বাহিরের দিকে চাহিয়া বলিল, ঠিক বলতে

পারি না। তবে বাড়ি যেতে চাই আমি অন্য কারণে, আমার মাকে বার বার মনে পড়ছে। তাঁরই জন্যে, কি জানি কেন, মন আমার বড় ব্যাকুল হয়ে উঠেছে, আপনি ট্রেনে ঘুমুচ্ছিলেন, কিন্তু আমি ঘুমোই নি, গাড়ির শব্দের মধ্যে যেন মায়ের ডাক শুনলাম, মনে হল, ট্রেনের সঙ্গে সমান গতিতে মা আমার ছুটে চলেছেন। আমি আজই বাড়ি চলে যাব।

গাড়ি আসিয়া একটা স্টেশনে থামিল। পূর্ণ সচকিত হইয়া বলিল, এ কি, শ্রীরামপুর যে এসে গেল! আমি চলছি, কিন্তু আজ যেন আপনি বাড়ি যাবেন না। এ বেলাটা সুশীলের বাড়িতে বিশ্রাম করে সন্ধ্যের পর বরং মেসে যাবেন।

হাওড়া ব্রিজ পার হইয়া খানিকটা আসিয়াই শিবনাথ একটা চায়ের দোকান পাইয়া দোকানটায় ঢুকিয়া পড়িল। ভিতরে প্রবেশ করিয়াই সে শিহরিয়া উঠিল। সামনের দেওয়ালে ঝুলানো আয়নাখানার মধ্যে এ কি তারই প্রতিবিম্ব! রুক্ষ ধূলিপিঙ্গল চুল, আরক্ত চোখ, চোখের কোলে কালো দাগ, সাঁওতাল পরগণার লাল ধূলায় আচ্ছন্ন পরিচ্ছদ, মুখাকৃতি শুষ্ক হইয়া যেন অস্বাভাবিকরূপে দীর্ঘ হইয়া পড়িয়াছে। পূর্ণের কথাটা মনে পড়িয়া গেল। সত্যই এই বেশে এই মূর্তিতে মেসে যাওয়া তাহার উচিত নয়। সুশীলের বাড়ি যাওয়াই ভাল। তাহার আট বছরের প্রণয়িনী দীপা মহা ব্যস্ত হইয়া উঠিবে, পরিচর্যার জন্য হাকডাক শুরু করিয়া দিবে। সঙ্গে সঙ্গে আর একজনকে মনে পড়িল—গৌরী, নান্তি। সে যদি সেখানেই যায়? নানা কল্পনা তাহার শুষ্ক মনকে অপূর্ব আনন্দে অভিষিক্ত করিয়া তুলিল। কিন্তু—না, সে উচিত নয়, উচিত নয়। সুশীলের বাড়িই সে যাইবে।

এমনই দ্বন্দ্বের মধ্যে দোকান হইতে নামিয়া পথ চলিতে চলিতে অকস্মাৎ সে দেখিল, সিমলা স্ট্রীটের একটা দরজার সম্মুখে আসিয়া দাঁড়াইয়া আছে। সে একটু সচকিত হইয়া উঠিল। এই তো রামকিঙ্করবাবুর বাসা! তাহার বুকখানা লজ্জায় দ্বিধায় আলোড়িত হইয়া উঠিল। সহসা সে একটা প্রচণ্ড চেষ্টা করিয়াই যেন বাড়ির মধ্যে ঢুকিয়া ডাকিল, কমলেশ!

বাড়িখানার প্রতি ঘরেরই দ্বার রুদ্ধ, কাহাকেও দেখা যায় না। শিবনাথ বুঝিল, পুরুষেরা কর্মোপলক্ষে বাহিরে গিয়াছেন, কমলেশও বোধ হয় কলেজে। তবুও সে আবার ডাকিল, কমলেশ!

এবার একটা ঘরের দরজা খুলিতে খুলিতে কে ব্যগ্রস্বরে বলিল, কে? শিবনাথ?

কণ্ঠস্বর শুনিয়া শিবনাথ চমকিয়া উঠিল, কে? কাহার কণ্ঠস্বর? পরমুহূর্তেই বাহির হইয়া আসিলেন তাহার মাস্টার মহাশয় রামরতনবাবু। সে বিস্ময়ে স্তম্ভিত হইয়া মাস্টার মহাশয়ের মুখের দিকে চাহিয়া রহিল।

রামরতনবাবু কিন্তু তাহার এই মূর্তি এই রূপ দেখিয়া এতটুকু বিস্ময় প্রকাশ করিলেন না, সস্নেহে তাহার মাথার রুক্ষ চুলে হাত বুলাইয়া বলিলেন, বড্ড টায়ার্ড হয়েছিস রে। আমি খানিকটা খানিকটা শুনেছি, ডোমেদের মেয়েটি আমাকে সব বলেছে। কাল থেকে আমি এসে তোর জন্যে বসে আছি। মেসে খবর পেয়েই বুঝি ছুটে এসেছিস?

শিবু নির্বাক বিস্ময়ে পূর্বের মতই রামরতনবাবুর মুখের দিকে চাহিয়া রহিল। মাস্টার অভ্যাস-মতই বলিলেন, ইডিয়ট সব। মানুষটা সুস্থ হলেই কথাটা বল্; আমি তো বিকেলে আসব, সে কথাও বলে এসেছিলাম।

সহসা উপরের জানালায় খুট খুট শব্দ শুনিয়া শিবনাথ দৃষ্টি তুলিয়া দেখিল, একটি মেয়ে। চিনিতেও পারিল, গৌরীরই মামাতো বোন।

রামরতন বলিলেন, তোকে আর বউমাকে নিয়ে যাবার জন্যে পিসীমা আমায় পাঠালেন। মায়ের বড় অসুখ রে।

মায়ের অসুখ! শিবনাথের বুকখানায় কে যেন হাতুড়ি দিয়া আঘাত করিল। মুহূর্তে তাহার মনে পড়িয়া গেল, সেদিনের কল্পনার ক্ষীণ আলোক-শিখার মত রোগশয্যাশায়িনী তাহার মায়ের ছবি, আজিকার ট্রেনের শব্দের মধ্যে মায়ের ডাক, ট্রেনের জানালার কাচের ওপাশে ট্রেনের সঙ্গে সমগতিতে ধাবমান মায়ের মুখ। সে কম্পিতকণ্ঠে প্রশ্ন করিল, কেমন আছেন মা?

অসুখেই আছেন। এত বিচলিত হচ্ছিস কেন? বি স্ট্রং মাই বয়, বি স্ট্রং, দুর্বলতা পুরুষের লক্ষণ নয়।

শিবনাথ এবার প্রশ্ন করিল, এঁরা কি বললেন?

সঙ্গে সঙ্গেই তাহার চোখ আবার উপরের জানালার দিকে নিবদ্ধ হইল। এবার সে মেয়েটির পাশে আরও একজন ছিল, সে গৌরী।

মাস্টার বলিলেন, বউমার নাকি অসুখ, তিনি আর যেতে পারছেন কই!

শিবু সঙ্গে সঙ্গে ফিরিয়া পা বাড়াইয়া বলিল, তা হলে এখানে অপেক্ষা করে লাভ কি সার্? আসুন, সব গুছিয়ে-গাছিয়ে নিতে হবে, অনেক কাজ আছে।

তেইশ

জ্যোতির্ময়ী যেন শিবনাথের প্রতীক্ষাতেই জীবনটুকু দেহের মধ্যে ধরিয়া রাখিয়াছিলেন। বিলিয়ারি কলিকের দারুণ যন্ত্রণা উপশমের জন্য মরফিয়া ইন্‌জেকশন দেওয়া হইতেছিল। মরফিয়ার প্রভাবে আচ্ছন্নের মত তিনি পড়িয়া ছিলেন। মধ্যে মধ্যে শ্রান্ত চক্ষুপল্লব অতি কষ্টে ঈষৎ উন্মীলিত করিয়া চারিপাশ একবার দেখিয়া লইয়া বলিতেছিলেন, শিবু আসে নি?

তাঁহার শয্যাপার্শ্বে শৈলজা দেবী পাথরের মূর্তির মত বসিয়াছিলেন। ভ্রাতৃজায়াকে যে তিনি এত ভালবাসিতেন, সে কথা তিনি এতদিনের মধ্যে আজ প্রথম উপলব্ধি করিলেন। তাঁহার মনে হইতেছিল, এই সংসারটিতে, শুধু এই সংসারটিতে কেন, সমগ্র পৃথিবীর মধ্যে তাঁহার সকল দাবি-দাওয়ার মূল দলিলখানি যেন আজ নষ্ট হইতে বসিয়াছে। রোগে সেবা-শুশ্রূষা তিনি কোন কালেই করিতে পারেন না, তবে বিপদ-আপদের দুর্যোগের মধ্যেও দৃঢ় মুষ্টিতে সংসার-তরণীর হালখানি ধরিয়া অটুট ধৈর্যের সহিত বসিয়া থাকিতে তিনি পারেন; কিন্তু আজ যেন সে শক্তিও তাঁহার নিঃশেষে বিলুপ্ত হইয়া গিয়াছে। জ্যোতির্ময়ীর সেবা করিতেছিল

পাচিকা রতন আর নিত্য-ঝি। ডাক্তার দেখানোর ত্রুটি হয় নাই, শৈলজা দেবী সেখানে এতটুকু খেদ রাখেন নাই। শহর হইতে সাহেব ডাক্তার আসিয়া বলিয়া গিয়াছেন, এত মরফিয়া সহ্য করিবার মত শক্তি রোগিণীর নাই।

জ্যোতির্ময়ীর প্রশ্নের উত্তর দিতে গিয়া শৈলজা দেবীর মন অসহনীয় উদ্বেগে পীড়িত হইয়া উঠিল। রামরতন আজ দুই দিন হইল শিবুকে আনিতে গিয়াছেন, তবু শিবু আজও আসিয়া পৌঁছিল না কেন? কোথায় এমন কোন জটিল জালের মধ্যে গিয়া জড়াইয়া পড়িল যে, মায়ের অসুখ শুনিয়াও সে আসিতে পারিল না? সঙ্গে সঙ্গে একটি লাবণ্যময়ী কিশোরীর মূর্তি মনের ছায়াপটে ভাসিয়া উঠিল, সে-ই যেন পথরোধ করিয়া শিবুর বক্ষোলীনা হইবার ভঙ্গিতে দাঁড়াইয়া আছে। এতক্ষণে নিস্পন্দ অসাড় মূর্তিতে স্পন্দন জাগিল, শ্বাসরোধী স্বপ্নের মধ্যে অসহ্য যন্ত্রণায় বহুকষ্টে যেমন মানুষ জাগিয়া উঠে, তেমন ভাবেই শৈলজা দেবী এতক্ষণে একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া উঠিয়া দাঁড়াইলেন। আবার টেলিগ্রাম করিতে হইবে, অন্তত রামরতন ফিরিয়া আসুক। সুকঠিন প্রয়াসে ধৈর্য ও সংযম বজায় রাখিয়া তিনি স্বাভাবিক পদক্ষেপে নীচে নামিয়া আসিয়া ডাকিলেন, সতীশ!

নীচের তলাটা জনশূন্য, কেহ কোথাও নাই। এমন কি ২১৯ নম্বর তৌজির লগ্দী বেহারী বাগদী, যাহাকে অহরহ এ দুঃসময়ে ঘর-দুয়ার আগলাইবার ভার দেওয়া হইয়াছে, সে লোকটা পর্যন্ত নাই। তাঁহার ইচ্ছা হইল চিৎকার করিয়া বাড়িখানার ইট-কাঠের নিরেট দেওয়ালগুলা পর্যন্ত চৌচির করিয়া ফাটাইয়া দেন। কিন্তু কিছু করিবার পূর্বেই সদর-দরজার রাস্তা-ঘরে একেবারে কয়েক জোড়া জুতার শব্দ বাজিয়া উঠিল। বিভিন্ন মানুষের পদশব্দের বিভিন্নতার মধ্যেও তাঁহার অন্তরের শব্দানুভূতি একাগ্র উন্মুখ হইয়া উঠিল। কে? কে? এ কাহার পদশব্দ? পরক্ষণেই তাঁহার সকল সন্দেহের নিরসন করিয়া অন্দরের উঠানে সর্বাগ্রে প্রবেশ করিল শিবু, তাহার পশ্চাতে রামরতনবাবু, সর্বশেষে রাখাল শিং।

দৈহিক কৃশতাহেতু শিবুকে অপেক্ষাকৃত দীর্ঘ বলিয়া মনে হইতেছিল, তৈলহীন রুক্ষ দীর্ঘ চুল, শুভ্র দীপ্ত চোখে ধারাল দৃষ্টি, সে যেন ভবিতব্যতার সকল কঠোরতার সম্মুখীন হইবার জন্য প্রস্তুত হইয়াই আসিয়াছে। বিচিত্র মানুষের প্রকৃতি, শৈলজা দেবীর মুহূর্ত-পূর্বে বজ্রগর্ভ অন্তর পর-মুহূর্তে বর্ষণোন্মুখ হইয়া উঠিল। তাহার ঠোঁট দুইটি কাঁপিয়া উঠিল, তিনি বহুকষ্টে আত্মসম্বরণ করিয়া বলিলেন, আসতে পারলি বাবা?

শিবু স্থিরদৃষ্টিতে পিসীমার দিকে চাহিয়া শান্ত অথচ সকরুণ কণ্ঠে প্রশ্ন করিল, পিসীমা, আমার মা?

ফোঁটা কয়েক অবাধ্য অশ্রু পিসীমার চোখ হইতে টপ টপ করিয়া ঝরিয়া পড়িল, দীর্ঘনিশ্বাস ফেলিয়া সিক্ত চক্ষু মুছিয়া শৈলজা দেবী বলিলেন, আয়, ওপরে আছে তোর মা।

লগ্দী বেহারী সেই মুহূর্তেই রঙিন শাড়ির ঘেরাটোপ-ঢাকা শিবনাথের বাক্সটা মাথায় করিয়া বাড়িতে আসিয়া প্রবেশ করিল। রামরতন বলিলেন, শিবু আজ দুদিন কিছু খায় নি, ওকে একটু শরবত খাওয়ান আগে।

পিসীমা সে কথার উত্তর দিলেন না, বাক্সটার উপরে রঙিন কাপড়ের ঘেরাটোপটার দিকে চাহিয়া তিনি সপ্রশ্ন দৃষ্টিতে মাস্টারকে বলিলেন, বউমা কই মাস্টার ?

রামরতন বলিলেন, বউমার শরীর নাকি খুব খারাপ, তাই তিনি আসতে পারলেন না।

শিবু বলিল, ও-কথাটা তাঁদের অজুহাত পিসীমা ; আসলে তাঁরা তাকে পাঠালেন না।

পাঠালেন না ?

না।

দুর্জয় ক্রোধে শৈলজা দেবীর মুখখানি ভীষণ হইয়া উঠিল, কিন্তু সে ক্রোধ প্রকাশের অবকাশ তাঁহার হইল না ; উপরের বারান্দা হইতে ঝুঁকিয়া নিত্য-ঝি বলিল, দাদাবাবুকে মা ডাকছেন পিসীমা।

শিবু আর অপেক্ষা করিল না, সে দ্রুতপদে উপরে উঠিয়া গেল। শৈলজা দেবীও শিবুর অনুসরণ করিয়া উপরে আসিয়া ভ্রাতৃজায়ার মাথার শিয়রে বসিয়া বলিলেন, তোমার শিবু এসেছে ভাই বউ।

জ্যোতির্ময়ী অর্ধ-নিমীলিত চোখে অলস আচ্ছন্ন দৃষ্টিতে শিবুর মুখের দিকে চাহিয়া ছিলেন, শিবু মায়ের কপালে অতি মৃদু স্পর্শে হাত বুলাইতেছিল। জ্যোতির্ময়ী শৈলজা দেবীর কথার কোন উত্তর দিলেন না, ক্ষীণ ক্লান্ত স্বরে তিনি শিবুকে বলিলেন, কোন অন্যায় করিস নি তো শিবু ?

শিবনাথ অবিচলিত দৃষ্টিতে মায়ের দিকে চাহিয়া বলিল, না মা।

জ্যোতির্ময়ী অতি কষ্টে হাতখানি ছেলের কোলের উপর রাখিয়া প্রশান্ত মুখে চোখ বুজিলেন।

শৈলজা দেবী ডাকিলেন, বউ !

জ্যোতির্ময়ী চোখ না খুলিয়া ভ্রূর ভঙ্গিতে উত্তর দিলেন, উঁ ?

শৈলজা বলিলেন, বল, তোমার কি কষ্ট হচ্ছে শিবুকে বল।

ধীরে ধীরে মাথাটি নাড়িয়া জ্যোতির্ময়ী জানাইলেন, না।

শিবনাথ এবার বলিল, কি হচ্ছে তোমার, বল মা ?

একটা ম্লান হাসি জ্যোতির্ময়ীর অধরে ফুটিয়া উঠিল, তিনি ক্ষীণ কণ্ঠে ধীরে ধীরে বলিলেন, চলে যাচ্ছি, মনে হচ্ছে, অনেক দূরে আমি চলে যাচ্ছি। তোরা যেন কতদূর থেকে কথা বলছিস, সব যেন ঝাপসা হয়ে আসছে।

এই কথা কয়টি বলিতেই তাঁহার ললাটে বিন্দু বিন্দু ঘাম ফুটিয়া উঠিল। শিবু সযত্নে তাহা মুছাইয়া দিয়া বাতাস করিতে আরম্ভ করিল।

অপরাহ্নের দিকে নিঃশেষিত-তৈল প্রদীপের মতই ধীরে ধীরে নিঃশেষে ক্ষয়িত হইয়া জ্যোতির্ময়ী মৃত্যুর মধ্যে যেন বিলীন হইয়া গেলেন।

মায়ের পারলৌকিক ক্রিয়া শেষ করিয়া শিবু এক অদ্ভুত মন লইয়া ফিরিল। চোখের সম্মুখে

উপর্যুপরি দুই-দুইটি মানুষের আকস্মিক মৃত্যু দেখিয়া তাহার মন সমগ্র সৃষ্টির নশ্বরতার কথাই গভীরভাবে উপলব্ধি করিবার চেষ্টা করিতেছিল ; কিন্তু সে উপলব্ধির মধ্যে এক বিন্দু খেদ ছিল না, আক্ষেপজনিত বৈরাগ্য ছিল না, মৃত্যুর প্রতি ভয় ছিল না। যে মানুষ দুইটিকে মৃত্যু আক্রমণ করিল, সে মানুষ দুইটি সহাস্যে মৃত্যুকে আলিঙ্গন করিয়া মৃত্যুর আক্রমণের তীব্রতাকে হতমান করিয়া দিয়াছে। বারান্দায় কম্বল বিছাইয়া তাহারই উপর বসিয়া সে এই কথাটাই ভাবিতেছিল। তখন প্রায় শেষ রাত্রি, শরতের অমলধবল জ্যোৎস্নার মধ্যে মানুষের রাজ্য সুষুপ্ত, কিন্তু মৃত্তিকার রন্ধ্রে রন্ধ্রে অসংখ্য কোটি কীট-পতঙ্গের বিচিত্র সম্মিলিত স্বরধ্বনি ধরণীর মর্মর-সঙ্গীতের মত অবিরাম ধ্বনিত হইতেছে। ইহারই মধ্যে শিবনাথ যেন সমগ্র সৃষ্টির জীবন-স্পন্দন অনুভব করিল, তাহার চোখের সম্মুখের জ্যোৎস্নালোক-প্রতিফলিত অচঞ্চল খণ্ডপ্রকৃতি অসীম-বিস্তার হইয়া ধরা দিল, ইহারই মধ্যে সমগ্র ধরিত্রীকে সে যেন দেখিতে পাইল। জন্ম-মৃত্যুর সমুদ্রমন্থনে উঠিয়া রহস্যময়ী ধরিত্রী এমনই মনোরমা মূর্তিতে যুগযুগান্তর ধরিয়া দাঁড়াইয়া আছেন। কি অপূর্ব আজিকার ধরিত্রীর রূপ! তাহার মা ছিলেন এই জ্যোৎস্নাবর্ণময়ী নিশীথের মত প্রশান্ত স্থৈর্যময়ী, দিবসের কলরবের উন্মত্ততা তাঁহার জীবনে ছিল না, তিনি ছিলেন এমনই নৈশপ্রকৃতির মত অশ্রান্ত মর্মসঙ্গীতময়ী। তাহার মনে পড়িয়া গেল—শুভ্র জ্যোৎস্না-পুলকিত-যামিনীম্, ফুল্লকুসুমিত-দ্রুমদলশোভিনীম্, সুহাসিনীং সুমধুরভাষিণীম্, সুখদাং বরদাং মাতরম্—বন্দে মাতরম্।

মনে মনে কয়টি লাইন আবৃত্তি করিতে করিতে সহসা তাহার মনে হইল, তাহার ওই মায়ের জীবনধারার মধ্যে শারদাকাশের ছায়াপথের মত একটি সাধনার স্রোতের আভাস যেন সে অনুভব করিতেছে। তাহার সেই কয়েক ঘণ্টার পরিচিত মানুষটিকে মনে পড়িয়া গেল, হাসিমুখে যিনি তুলের মাশুল কড়ায়-গণ্ডায় শোধ করিয়া দিলেন।

শিবু!—শৈলজা-ঠাকুরানী শ্মশান-বন্ধুদের বিদায় করিয়া এতক্ষণে আসিয়া উপস্থিত হইলেন।

শিবনাথ এতক্ষণে একটি গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া মুখ তুলিয়া বলিল, পিসীমা?

হ্যাঁ। শুয়ে পড়্ বাবা। রাত্রি যে শেষ হয়ে এল।

এই শুই।—বলিয়া সে কম্বলের উপর ক্লান্ত দেহ প্রসারিত করিয়া দিয়া কহিল, এ রকম রাত্রি কিন্তু বড় দীর্ঘই হয়ে থাকে পিসীমা।

স্নেহভরে শিবনাথের মাথায় হাত বুলাইয়া দিতে দিতে শৈলজা-ঠাকুরানী বলিলেন, দুঃখের রাত্রি শেষ হতে চায় না বাবা, ক্ষণকে মনে হয় যেন একটা যুগ। কিন্তু ধৈর্য যে ধরতেই হবে বাবা। বিপদের পরও যে মানুষের কর্তব্য ফুরোয় না,—কর্তব্য না করলে যে উপায় নেই।

শিবনাথ আবার একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া চোখ বুজিল। শৈলজা-ঠাকুরানী বসিয়া নিস্তব্ধ নৈশপ্রকৃতির দিকে একদৃষ্টে চাহিয়া থাকিতে থাকিতে অবিরল ধারায় নীরবে কাঁদিয়া আকুল হইয়া উঠিলেন। বউ—তাঁহার সকল সুখদুঃখের অংশভাগিনী, সহোদরার মত মমতাময়ী, সখীর মত প্রিয়ভাষিণী—জ্যোতির্ময়ী নাই, কোথায় কোন্ অজানার মধ্যে হারাইয়া গেল!

পরদিন প্রভাতে কিন্তু সদ্যবিয়োগদুঃখে কাতর অবসন্ন শিথিলগতি এই সংসারটির মধ্যে শক্তি সঞ্চয় করিয়া স্বাভাবিক রূপ লইয়া সর্বাগ্রে জাগিয়া উঠিলেন শৈলজা-ঠাকুরানীই। ঘরের দুয়ারে দুয়ারে জল দিয়া তিনি নিত্য ও মানদা ঝি এবং রতন পাচিকাকে ডাকিয়া তুলিলেন, নিত্য, রতন, মানদা, ওঠ মা, আর শুয়ে থেকো না। রাজ্যের কাজ পড়ে রয়েছে, ওঠ সব।

রতন একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল, উঠব বইকি মাসীমা। খেতেও হবে, মাখতেও হবে, পরতেও হবে, করতে হবে যে সবই।

শৈলজা দেবী বলিলেন, মা, পৃথিবীর পানে চেয়ে দেখ, ওঁর তো শোক দুঃখ কিছু মানলে চলে না, ভূমিকম্পই হোক আর ঝড়-বৃষ্টিতে বুক ভেঙে ভেসেই যাক, দিনরাত্রি সেই সমানে হবে, আর সৃষ্টিকেও সেই বুকে করেই ধরে রাখতে হবে। নিত্য, মুখে হাতে জল দে মা। আমার সঙ্গে কাছারি-বাড়ি যেতে হবে।

গোটা কাছারি-বাড়িটাও মুহ্যমানের মত অবসন্ন স্তব্ধ। বারান্দার তক্তাপোশটার উপর রাখাল সিং গালে হাত দিয়া উদাস দৃষ্টিতে চাহিয়া বসিয়া ছিলেন, নীচে দেওয়ালে ঠেস দিয়া বসিয়া কেষ্ট সিং আকাশের দিকে চাহিয়া ছিল, সতীশ চাকর উবু হইয়া দুই হাতে মাথা ধরিয়া বসিয়া আছে, মাস্টার রামরতনবাবু শুধু বারান্দায় পায়চারি করিতে করিতে মোহমুদ্গর আওড়াইতেছেন, শৈলজা-ঠাকুরানী আসিয়া দাঁড়াইলেন, কিন্তু তবুও আজ কাহারও মধ্যে চাঞ্চল্য দেখা গেল না।

শৈলজা দেবী বলিলেন, সিং মশায়, এমন করে বসে থাকলে তো চলবে না। যা হবার সে তো হয়েই গেল, এখন ক্রিয়াকর্মের ব্যবস্থা করতে হবে যে। দশটা দিন সময়, তার মধ্যে একটা দিন তো চলে গেল।

রাখাল সিং যেন একটু লজ্জিত হইয়া পড়িলেন। সত্য কথা, এ কর্তব্যকর্মে সজাগ হইয়া উঠা উচিত ছিল তাঁহারই সর্বাগ্রে। তিনি কেষ্ট সিংকে লক্ষ্য করিয়া বলিলেন, কাঠটা কাটিয়ে ফেলতে হবে সকলের আগে। তেঁতুল কিংবা কয়েতবেলের গাছ দুটো কাটিয়ে ফেল, বুঝলে হে?

কেষ্ট সিং একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া নড়িয়া চড়িয়া বসিয়া বলিল, কোথাকার গাছ কাটব বলুন? কাছে-পিঠেই কাটতে হবে, নইলে এই জল-কাদার দিনে গাছ নিয়ে আসাই হবে মুশকিল।

রামরতনবাবু পদচারণায় ক্ষান্ত দিয়া তক্তাপোশটায় আসিয়া বসিলেন। সম্মুখের এই আসন্ন কর্তব্যকর্মটির দায়িত্বের অংশ যেন তিনি স্বেচ্ছায় গ্রহণ করিয়া বলিলেন, গাছ কোথায় কাটাতে হবে, মাছ কোথায় ধরাতে হবে, ওই আপনার চাল তৈরি করতে কোথায় দিতে হবে, এ ভারগুলো হল কেষ্ট সিংয়ের। ওগুলো ওকেই ছেড়ে দিন। মহলের গোমস্তাদের আনিয়ে তাদের সব কাজ ভাগ করে দিন। ইংরেজীতে একে বলে—ডিভিসন অব লেবার; বড় কাজ করতে হলেই ও না হলে হবে না। আপনি বরং সর্বাগ্রে একটা ফর্দ করে ফেলুন—দি ফার্স্ট

অ্যাণ্ড দি মোস্ট ইম্পর্ট্যাণ্ট থিং।

রাখাল সিং বহুদর্শী ব্যক্তি, তিনি বলিলেন, তা হলে গ্রামের মুরুব্বিদের একবার আহ্বান করে তাঁদের পরামর্শমত ফর্দ করাই উচিত। অবশ্য তাঁরাও সব আপনা হতেই আসবেন।

রামরতনবাবু বলিলেন, ইয়েস। এটা তাঁদেরও একটা সামাজিক কর্তব্য।

রাখাল সিং মাথা চুলকাইয়া বলিলেন, বাবুর মামাশ্বশুরকেও একটা খবর দিতে হয়, তাঁদেরও একটা মতামত—না কি বলেন মাস্টার মশায় ?

শৈলজা-ঠাকুরানী বলিলেন, হাঁ, খবর দিতে হবে বইকি। আর পরামর্শ চাইতেও হবে। কিন্তু সকলের আগে একখানা টেলিগ্রাম করতে হবে বউমাকে পাঠিয়ে দেবার জন্যে, মাস্টার, একখানা টেলিগ্রাম লেখ তো বাবা।

রাখাল সিং বলিলেন, ওঁদের ম্যানেজারকে ডেকে তাঁকে দিয়েও একখানা পত্র বরং—

শৈলজা দেবী বলিলেন, এতটা নামতে পারব না সিং মশাই, আমার বউ আনতে বউয়ের মামার কর্মচারীকে সুপারিশ করবার জন্যে ধরতে পারব না।

এই সময়েই কাছারি-বাড়ির ফটকে কয়েকজন সম্ভ্রান্ত ব্যক্তি প্রবেশ করিলেন, সামাজিক প্রথা অনুযায়ী তাঁহারা তত্ত্বতল্লাস করিতে আসিয়াছেন। শৈলজা দেবী মাথায় স্বল্প একটু অবগুণ্ঠন টানিয়া দিয়া বলিলেন, ভদ্রলোকেরা আসছেন, আমি তা হলে বাড়ির মধ্যে যাই, শিবুকে পাঠিয়ে দিই। মাস্টার, তুমি বাবা টেলিগ্রামখানা লিখে এখুনি পাঠিয়ে দাও।

তিনি একটু দ্রুতপদক্ষেপেই কাছারি-বাড়ি হইতে বাহির হইয়া গেলেন। রাখাল সিং সতীশকে বলিলেন, গড়গড়ায় জল ফিরিয়ে দে সতীশ, কাছারি-ঘরখানাও খুলে দে।

সতীশ কাছারি-ঘর খুলিয়া সমস্ত জানালা-দরজাগুলি খুলিতে আরম্ভ করিল; রাখাল সিং জোড়হাতে কাছারির দাওয়া হইতে নামিয়া বাগানের পথের উপর দাঁড়াইয়া আগন্তুকগণকে অভ্যর্থনা করিলেন।

•

শৈলজা-ঠাকুরানী বাড়ির মধ্যে আসিয়া দেখিলেন, শিবুর কাছে বসিয়া আছেন এ সংসারের সেই সন্ন্যাসী বন্ধুটি—শিবুর গোঁসাই-বাবা—স্থানীয় দেবস্থানের গদিয়ান রামজী সাধু। সন্ন্যাসীকে দেখিয়া একটি দীর্ঘনিশ্বাস ফেলিয়া শৈলজা বলিলেন, আসুন দাদা, থাকল না, ধরে রাখতে পারলাম না।

সন্ন্যাসী নিমেষহীন স্থির দৃষ্টিতে সম্মুখের দিকে চাহিয়া নীরবে বসিয়া রহিলেন। এ সংসারটির সহিত তাহার পরিচয় মৌখিক নয়, গভীর এবং আন্তরিক; আন্তরিকতার মধ্য দিয়া জীবনের সকল মমতা তিনি এইখানে উজাড় করিয়া ঢালিয়া দিয়াছিলেন। চোখ ফাটিয়া জল বাহিরে আসিতে চাহিতেছিল, তাই তিনি নির্নিমেষ দৃষ্টিতে কঠোরতার উত্তাপে সে জল শুষ্ক করিয়া দিবার প্রয়াস করিলেন।

শিবনাথ সন্ন্যাসীর মুখের দিকে চাহিয়া বলিল, মৃত্যু কি, বলতে পার গোঁসাই-বাবা ?

সন্ন্যাসী ম্লান হাসি হাসিয়া অকপটে আপনার অজ্ঞতা স্বীকার করিলেন, হামি জানে না

বাবা ; উ যদি হামি জানবে বাবা, তবে সন্‌সার ছোড়কে ফিন কেনো মায়াজালমে গিরবো হামি ?

শৈলজা দেবী শিবুর এই তীক্ষ্ণ অনুভূতিপ্রবণতা দেখিয়া কাল হইতেই শঙ্কিত হইয়া উঠিয়াছিলেন ; শিবুর মনকে যেন তিনি স্পর্শ করিতে পারিতেছেন না ; তিনি প্রসঙ্গটা বন্ধ করিবার জন্যই তাড়াতাড়ি বলিলেন, ওসব উদ্ভট ভাবনা ভেবো না বাবা। জন্ম মৃত্যু হল বিধাতার কীর্তি, চিরকাল আছে, ওতেই সংসার চলছে। ওর কি আর জবাব আছে ?

বিস্ময়বিমুগ্ধতার একটি মৃদু হাস্যরেখা শিবনাথের মুখে ফুটিয়া উঠিল, সে বলিল, বুদ্ধদেব বলে গেছেন, নির্বাণ ; বিজ্ঞান বলে, দেহের যন্ত্রসমূহের ধ্বংসেই সব শেষ ; সাধারণে বলে, জন্মান্তর।

সন্ন্যাসীও এবার যেন হাঁপাইয়া উঠিলেন, তিনি তাহাকে বাধা দিয়া বলিলেন, ছোড় দে বেটা ; 'কর আপনা কাম ভাই, ভজ ভগবান, মরণকে কেয়া ডর, তুমহারা মতি মান'।

শৈলজা দেবী বলিলেন, ওসব কথা এখন থাক্ দাদা ; আপনি বরং শিবুকে নিয়ে একবার বৈঠকখানায় যান। গ্রামের ভদ্রলোকজন সকলে আসছেন, তাঁদের সঙ্গে কথা বলতে হবে, তাঁদের পাঁচজনের পরামর্শ নিতে হবে, নিয়ে কাজ করতে হবে। কথায় বলে, মাতৃপিতৃদায়।

সন্ন্যাসী বলিলেন, আসিয়েছেন সব ? তবে চল্ বেটা শিবু, বাহারমে চল্ বাবা হামার। উনিলোগ কি মনমে লিবেন ?

শিবু উঠিল, আর বিলম্ব করিল না। উঠিতে উঠিতে তাহার মনে হইল, সমাজে বাস করার এ মাশুল ; এ মাশুল না দিয়া উপায় নাই, দিতেই হইবে।

কাছারিতে তখন আরও কয়েকজন ভদ্রলোক আসিয়া উপস্থিত হইয়াছেন, গড়গড়ায় তামাক দেওয়া হইয়াছে, হুঁকাতেও তামাক চলিতেছে। রাখাল সিং সসম্ভ্রমে দাঁড়াইয়া আছেন, মাস্টার এক পাশে বসিয়া কথাবার্তা শুনিতেছেন।

কথা হইতেছিল নাবালক শিবনাথের অভিভাবকত্ব লইয়া। কৃষ্ণদাসবাবুর মৃত্যুর পর নাবালক শিবনাথের স্বাভাবিক অভিভাবক ছিলেন তাহার মা ; এখনও শিবুর সাবালকত্ব অর্জন করিতে প্রায় তিন বৎসর বিলম্ব আছে।

শিবনাথের পিতৃবন্ধু মানিকবাবু এ গ্রামের বিশিষ্ট ব্যক্তি, তিনিও জমিদার, তিনি বলিতে ছিলেন, অবশ্য শিবনাথের পিসীমাই এখন সত্যকার অভিভাবক। কিন্তু আমার বিবেচনায় আইনে আদালতে দরখাস্ত করে তাঁর অভিভাবক না হওয়াই ভাল।

একজন বলিলেন, কেন, হলেই বা ক্ষতি কি ? আমার বিবেচনায় তাঁরই তো হওয়া উচিত।

মানিকবাবু বলিলেন, 'অর্থম্ অনর্থম্ ভাবয় নিত্যম্'—বুঝলে, বিষয় হল বিষ, অমৃতকেও সে নষ্ট করে। ধর, ভবিষ্যৎ-বনিবনাও আছে, যদিই কোন কারণে তাঁর সঙ্গে বনিবনাও না হয়, তখন এই দায়িত্ব নিয়েই তাঁর নানা ফ্যাসাদ হতে পারে।

রামরতনবাবু বার বার এ কথাটা অস্বীকার করিয়া ঘাড় নাড়িয়া বলিলেন, না না না,

শিবনাথের এমন মতিগতি কখনও হতে পারে না। শিবনাথ কখনও তাঁর কাজে 'না' করতে পারে না।

মানিকবাবু হাসিয়া বলিলেন, আপনি মাস্টার, শিক্ষক মানুষ, সাংসারিক জ্ঞান আপনাদের কিছু কম। অবশ্য অনেক শিক্ষক তেজারতি-মহাজনি করেন, মামলা-মকদ্দমাতেও ওস্তাদ শিক্ষকের নাম শুনতে পাই, কিন্তু আপনি তো সে দলের নন। তাই কথাটা ভেঙে বলতে হচ্ছে। ভাল কথা, শিবনাথ তাঁকে খুবই ভক্তি করে, মান্য করে, মেনে নিলাম। কিন্তু শিবনাথের স্ত্রীর সঙ্গে তাঁর যদি না বনে? তখন শিবনাথ কাকে ফেলবে? পিসীমাকে, না স্ত্রীকে?

কথাটা শুনিয়া সকলেই নিস্তব্ধ হইয়া গেল। এমন করিয়া অন্তর্ভেদী দৃষ্টি হানিয়া কেহ অবস্থাটা দেখিয়া ভবিষ্যতের কথা ভাবে নাই। তাহা ছাড়াও, প্রকাশ্যভাবে কথাটার বহিরাবরণ এমন করিয়া উন্মুক্ত করিয়া দেওয়ার ফলে সকলেই অল্প লজ্জিত না হইয়া পারিল না। সত্য হইলেও কথাটার সহিত লজ্জার যেন একটু সংস্রব আছে, অন্তত পল্লীর প্রাচীন সমাজে আছে। শিবনাথ ঠিক এই নির্বাক্ অবসরটিতেই আসিয়া কাছারি-ঘরে প্রবেশ করিল।

মানিকবাবু সস্নেহে তাহাকে সম্ভাষণ করিয়া বলিলেন, এস বাবা, এস। তোমার অপেক্ষাতেই রয়েছি আমরা।

শিবনাথ অল্প ইতস্তত করিয়া বলিল, প্রণাম তো করতে পাব না আমি এখন?

না। অশৌচকালে প্রণাম নিষেধ। বোসো, তুমি বোসো, এইখানেই কম্বলটা বিছিয়ে বোসো।

ওদিক হইতে একজন প্রসঙ্গটা পুনরুত্থাপিত করিয়া বলিলেন, তা হলে শিবনাথের শ্বশুরদের হাতে ভার দিতে হয়। গ্রামের শ্রেষ্ঠ লোক ওঁরা, বিষয়ও প্রকাণ্ড, তারই সঙ্গে এ এস্টেটও বেশ চলে যাবে।

মানিকবাবু বলিলেন, তা অবশ্য বলতে পারেন, চলেও অবশ্য যাবে, জাহাজের পেছনের জেলে-বোটের মত। কিন্তু কৃষ্ণদাসদাদার ছেলে ঘরজামাই না হয়েও শ্বশুরের মুখাপেক্ষী হয়ে থাকবে, এটা আমার কোনমতেই ভাল লাগছে না।

শিবনাথ কথাটা বুঝিতে পারিল না, কিন্তু মানিকবাবুর কথার বঙ্কিম তীক্ষ্ণাগ্র তাহাকে বিদ্ধ করিল, সে পূর্ণ দৃষ্টিতে মানিকবাবুর মুখের দিকে চাহিয়া বলিল, কথাটা আমি ঠিক বুঝতে পারলাম না কাকা।

মানিকবাবু বলিলেন, তোমারই অভিভাবকত্বের কথা হচ্ছে বাবা। তোমার মা মারা গেলেন, এখন আদালতগ্রাহ্য অভিভাবক হবে কে? সেই নিয়ে কথা হচ্ছে। আমার মতে তোমার পিসীমার হওয়া উচিত নয়; এঁরা তোমার শ্বশুরদের কথা বলছেন, সেও আমি বেশ পছন্দ করতে পারছি না।

শিবনাথ বলিল, পরে সেটা ভেবে দেখলেই হবে কাকা, এখন আমার মায়ের কাজকর্ম কি করে সুশৃঙ্খলে হয়, সেই ব্যবস্থা করে দিন আপনারা।

একটা অপ্রিয় অবাঞ্ছনীয় আলোচনার জটিল জাল হইতে মুক্তি পাইয়া সকলে যেন হাঁপ ছাড়িয়া বাঁচিল। একসঙ্গে কয়েকজনই শিবনাথের কথাতেই সায় দিয়া বলিয়া উঠিল, ঠিক কথা, ও তো হল পরের কথা, এখন মাথার ওপরে যে দায় চেপেছে, তারই ব্যবস্থা করা হোক।

মানিকবাবু গম্ভীরভাবে বলিলেন, বেশ তো, খরচপত্র কি রকম করা হবে, রুতীর সামর্থ্য কতখানি, সে কথা আমাদের জানালেই আমরা সেই মত ব্যবস্থা করে দোব। কি রাখাল সিং, খরচপত্র কি রকম করা যেতে পারে, এস্টেটের সামর্থ্য কতখানি, সে কথা তুমিই বলতে পারবে ভাল, বল তুমি সে কথা।

কথাটার উত্তর দেওয়া সহজ নয়, উত্তর দিতে হইলে এস্টেটের গোপন কথাটি প্রকাশ করিতে হয়, রাখাল সিং বিব্রত হইয়া পড়িলেন। সতীশ চাকর সেই মুহূর্তে সসম্ভ্রমে ঘরে প্রবেশ করিয়া রাখাল সিংকে বলিল, পিসীমা আপনাকে একবার ডাকছেন, এই পাশের ঘরেই আছেন। রাখাল সিং দ্রুতপদেই ঘর হইতে বাহির হইয়া গেলেন।

সতীশ গড়গড়ার কল্কে পাল্টাইয়া নতন কল্কে বসাইয়া দিল, ওপাশ হইতে হুঁকা হাতে করিয়া এক ব্যক্তি বলিলেন, এটাও পালটে দাও হে, শুধু গড়গড়ার মাথাতেই নজর রেখো না, বুঝলে?

সতীশ তাড়াতাড়ি বলিল, আজ্ঞে না, হুঁকোর কল্কেও সেজে এনেছি, এই যে।

বক্তা বলিলেন, কল্কে তো দু রকম, তামাক দু রকম নয় তো?—বলিয়া আপন রসিকতায় তিনি হা-হা করিয়া হাসিয়া আকুল হইয়া উঠিলেন।

সহসা শিবনাথ বলিল, আচ্ছা কাকা, কোন উকিলকে গার্জেন নিযুক্ত করে আমি নিজে তো সম্পত্তি দেখতে পারি?

মানিকবাবু তীক্ষ্ণদৃষ্টিতে ছেলেটির মুখের দিকে চাহিয়া কয়েক মুহূর্ত নীরব হইয়া রহিলেন, এরূপ একটি সমস্যার এমন তীক্ষ্ণবুদ্ধিসম্মত সমাধান শিবনাথের মুখে তিনি শুনিবার প্রত্যাশা করেন নাই। তাহার পরই তিনি অল্প একটু হাসিয়া বলিলেন, হ্যাঁ, সে অবশ্য খুবই ভাল যুক্তি; কিন্তু ব্যয়সাপেক্ষ, মানে—উকিল একটা ফী নেবেন।

শিবনাথ বলিল, তা হলে তাই হবে। এই যুক্তিই আমি স্থির করলাম। এখন আপনারা এই শ্রাদ্ধের একটা ফর্দ করে দিন।

রাখাল সিং শিবনাথের কথার মধ্যস্থলেই আসিয়া দাঁড়াইয়াছিলেন। মানিকবাবু বলিলেন, খরচ কি পরিমাণ করা হবে, সেই কথাই তো জিজ্ঞাসা করলাম তোমার নায়েবকে বাবা। সেইটে জানলেই আমরা ব্যবস্থা করে দোব।

রাখাল সিং এবার জবাব দিলেন, পিসীমাই নিবেদন করিলেন কথাটা। তিনি বলিলেন, মাতৃদায় পিতৃদায়, যেমন করেই হোক সমাধা করতে হবে। তাতে তো মজুত দেখতে গেলে চলবে না। টাকার সংস্থান একরকম করে হয়ে যাবে, আপনি আপনার মাতৃশ্রাদ্ধের ফর্দ অছযায়ী ফর্দ করে দিন দয়া করে।

মানিকবাবু অত্যন্ত গম্ভীরভাবে বলিলেন, তা হলে কাগজ-কলম নিয়ে এস।

শৈলজা-ঠাকুরানী এইবার পাশের ঘর হইতে বাহির হইয়া অন্দরে চলিয়া গেলেন। তাঁহার মুখ বেদনায় যেন বিবর্ণ হইয়া গিয়াছে। নিত্য তাঁহার মুখের দিকে চাহিয়া প্রশ্ন করিল, পিসীমা, শরীরটা কি খারাপ মনে হচ্ছে?

পিসীমা সংক্ষেপে উত্তর দিলেন, না।

দারুণ দুঃখের উপর তিনি মর্মান্তিক আঘাত পাইয়াছিলেন। অভিভাবকত্ব ও বিষয়-পরিচালনার ব্যবস্থা লইয়া শিবনাথের প্রস্তাবটি তিনি কাছারি-ঘরের পাশের ঘরে থাকিয়া স্বকর্ণেই শুনিয়াছিলেন। আশ্চর্য মানুষের মন! কয়েক মাস পূর্বে তিনিই শিবনাথকে কাছারি-ঘরে বসাইয়া সম্পত্তি পরিচালনার সমগ্র ভার তাহার হাতে তুলিয়া দিতে চাহিয়াছিলেন, অথচ আজ শিবনাথের মুখেই সেই সংকল্পের কথা শুনিয়া মর্মান্তিক আঘাত অনুভব করিলেন। তাঁহার বার বার মনে হইল, তাঁহার জীবনের সকল প্রয়োজন ফুরাইয়া গিয়াছে। তিনি বাড়িতে আসিয়া অবসন্নের মত মেঝের উপর শুইয়া পড়িলেন, ভ্রাতৃজায়ার অভাব এই মুহূর্তে যেন সহস্রগুণে অধিক হইয়া উঠিল। বহুক্ষণ কাঁদিয়া তিনি উঠিয়া বসিলেন, বার বার আপন ইষ্টদেবতাকে স্মরণ করিয়া আপনার মনকে লক্ষ সান্ত্বনা দিয়া দৃঢ় করিয়া তুলিলেন। রতন ও নিত্য-ঝি দুয়ারের পাশে দাঁড়াইয়া নীরবে অশ্রুবিসর্জন করিতেছিল, তাহারা ভাবিয়াছিল, শৈলজা দেবী এইবার অবসর পাইয়া জ্যোতির্ময়ীর জন্য কাঁদিতে বসিয়াছেন। মনকে বাঁধিয়া চোখ মুছিয়া শৈলজা দেবী বলিলেন, রান্নাবান্না চড়াও মা রতন। নিত্য, চাকর-বাকরদের জলখাবার বের করে দাও। আমি দেখি, ঠাকুরদের পূজো-ভোগের ব্যবস্থা করে দিই।

ভাষায় সুরে এ যেন সে শৈলজা-ঠাকুরানী নন।

দুই দিনেই শ্রাদ্ধকার্যের বন্দোবস্তের মধ্যে একটি শৃঙ্খলা আসিয়া গেল। মহলের গোমস্তারা সকলে আসিয়া গিয়াছে, তাহাদের সঙ্গে পাইক লগদীও আসিয়া কাজে লাগিয়াছে। সমগ্র কাজটি কয়েক ভাগে ভাগ করিয়া এক-একজনকে ভার দেওয়া হইয়াছে, সকল বন্দোবস্তের কর্তৃত্বভার লইয়াছেন মানিকবাবু, রাখাল সিং ও রামরতন হইয়াছেন তাঁহার সহকারী।

কলিকাতার বাজারের ফর্দ তৈয়ারি হইতেছিল। রামরতন যাইবেন কলিকাতায় বাজার করিতে। শিবনাথ নীরবে কম্বলের উপর বসিয়া ছিল। সহসা সে রামরতনকে লক্ষ্য করিয়া বলিল, একটা কথা আপনাকে বলে দিই মাস্টার মশায়।

কি, বল্?

একবার আপনি সুশীলদার ওখানে যাবেন। তাঁকে আমার এই বিপর্যয়ের কথাটা জানিয়ে আসবেন। তিনি মাকে বড় ভক্তি করতেন।—বলিতে বলিতেই তাহার ঠোঁট দুইটি কাঁপিয়া উঠিল। আশ্চর্যের কথা, সদ্য মাতৃবিয়োগে সে কাঁদে নাই, সেদিন যেন বুকে সে

অসীম ধৈর্য অনুভব করিয়াছিল। কিন্তু যত দিন যাইতেছে, সে যেন ততই দুর্বল হইয়া পড়িতেছে। এ সময়ে পূর্ণ তাহার পাশে থাকিলে বড় ভাল হইত। একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া সে আবার বলিল, পূর্ণ কেমন আছে, এইটে জিজ্ঞেস করতে যেন ভুলবেন না।

রাখাল সিং ফর্দ করিতে করিতেও বোধ হয় কথাটা শুনিয়াছিলেন, তাঁহার আর একটা কথা মনে পড়িয়া গেল। তিনি একটু ইতস্তত করিয়া বলিলেন, আর একবার—মানে, বউমা তো আজও এলেন না, কোন খবরও পাওয়া গেল না—ওঁদের ওখানে একবার গেলে হত না?

শিবনাথ ঘাড় নাড়িয়া অস্বীকার করিয়া বলিল, না।

রামরতন সহসা প্রশ্ন করিলেন, কদিন থেকেই তোকে কথাটা জিজ্ঞেস করব ভাবছিলাম শিবু, তুই কি আর পড়বি না?

কলেজের পড়া আর পড়ব না।

তাই তো রে! একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া রামরতন বলিলেন, ক্ষুদ্র এই বিষয়টুকুর গণ্ডির মধ্যেই বন্ধ করে রাখবি নিজেকে?

শিবনাথ চুপ করিয়া সম্মুখের পানে চিন্তাকুল দৃষ্টিতে চাহিয়া রহিল। কয়টা কুলি প্রচুর মোটঘাট লইয়া কাছারিতে প্রবেশ করিয়া বলিল, আজ্ঞেন, কোথা রাখব জিনিসগুলি?

কার জিনিস? কে এল রে বাপু?—রাখাল সিং সবিস্ময়ে প্রশ্ন করিলেন।

শিবুও সবিস্ময়ে মাথার মোটগুলির দিকে চাহিয়া দেখিয়া চমকিয়া উঠিল, এ বাক্সটা—

কুলিরা উত্তর দিল, আজ্ঞেন এ বাড়ির বউঠাকরুন এলেন, উ বাড়ির দাদাবাবু এলেন।

শিবনাথ, রাখাল সিং সকলেই দেখিল, অন্দরের দরজায় কমলেশের পিছনে পিছনে অবগুণ্ঠনাবৃতা কিশোরী গৌরী বাড়ির মধ্যে প্রবেশ করিতেছে।

শিবনাথ একটা স্বস্তির নিশ্বাস ফেলিয়া চোখ বুজিল, আবার তাহার চোখে জল আসিতেছিল।

চব্বিশ

গৌরী প্রণাম করিতে উদ্যত হইতেই শৈলজা দেবী পা দুইটি সরাইয়া লইয়া বলিলেন, থাক্ মা, অশৌচ হলে প্রণাম করতে নেই। আমি এমনই তোমাকে আশীর্বাদ করছি।

গৌরী সঙ্কুচিত হইয়া উদ্যত হস্ত সম্বরণ করিয়া নীরবে দাঁড়াইয়া রহিল। শৈলজা দেবী বধূর আপাদমস্তক একবার দেখিয়া লইয়া বলিলেন, কি অসুখ করেছিল তোমার, মাস্টার বলছিলেন?

গৌরী এ কথারও কোন জবাব দিতে পারিল না, বরং মাথাটি হেঁট করিয়া আরও যেন একটু সঙ্কুচিত হইয়া পড়িল। কমলেশ গৌরীর হইয়া কৈফিয়ত দিল, বলিল, কাশী থেকে কলকাতায় এসে একবার জ্বর হয়েছিল, তা ছাড়া হজমের গোলমাল, এতেই ওর শরীরটা

অনেকটা খারাপ হয়ে গেছে।

শৈলজা দেবী বলিলেন, অ, আমি ভেবেছিলাম, বোধ হয় শক্ত কিছু। যাকগে, এখন মুখে হাতে জল দাও মা। এই তোমার আপনার ঘর, তোমাকেই সব বুঝে-সুঝে নিতে হবে। আমাকে এইবার খালাস দাও।

এ কথার জবাব কিই বা আছে, আর কেই বা দিবে! কমলেশ ও গৌরী উভয়েই নির্বাক হইয়া দাঁড়াইয়া রহিল। শৈলজা দেবীই আবার বলিলেন, তবে যখন আনতে পাঠানো হয়েছিল, তখনই আসাটা উচিত ছিল, তোমাদেরও পাঠানোই ছিল কর্তব্যকাজ। আমাকে নিয়ে যাই কর আর যাই বল, শাশুড়ীর শেষ সময়টায় না আসা ভাল কাজ হয় নি।

কমলেশ ও গৌরীর এবার মুখ শুকাইয়া গেল, মানুষের অপরাধই অনুশোচনায় রূপান্তরিত হইয়া শাস্তি হইয়া দাঁড়ায়, তাহার উপর তাহা লইয়া অভিযোগ করিলে সে শাস্তি হইয়া উঠে পর্বতের মত গুরুভার। শৈলজা দেবী গৌরীর মনের মধ্যে একটা আতঙ্কের মত হইয়া আছেন, আজ সেই মানুষ অভিযোগের সুযোগ পাইয়া দণ্ডদাতার মত সম্মুখে দাঁড়াইতেই ভয়ে তাহার সর্বশরীর যেন ঝিমঝিম্ করিয়া উঠিল। কিন্তু শৈলজা-ঠাকুরানী আর কোন কঠোর কথা বলিলেন না; নিত্য-ঝিকে ডাকিয়া বলিলেন, নিত্য, শিবুর নতুন রঙ-করা ঘর বউমাকে খুলে দে; বউমার জিনিসপত্র সব ঘরের মধ্যে তুলে দে। শেষে বধূকে আবার বলিলেন, ঘরে চাবি দিয়ে রেখো বাছা, কাজকর্মের বাড়ি, সাবধান থাকা ভাল।

নিত্য সঙ্গে করিয়া লইয়া উপরের—শিবনাথের জন্য শৈলজা দেবীর সাধ করিয়া সাজানো ঘরখানি খুলিয়া দিয়া বলিল, ঝাঁটপাট দিয়ে পরিষ্কার করাই আছে বউদিদি। এই ছোট বেঞ্চিখানার ওপর বাক্সগুলো রেখে দিন। হাত-মুখ ধোবার জল বারান্দাতেই আছে। আর যদি কোন দরকার পড়ে, ডাকবেন আমাকে।

গৌরী ও কমলেশ মুগ্ধ দৃষ্টিতে ঘরখানি দেখিতেছিল, ঘরের বিচিত্রতর শোভা, ইহা হইতেও মূল্যবান আসবাব ও গৃহসজ্জা কলিকাতার ধনীসমাজে তাহারা অনেক দেখিয়াছে, কিন্তু এ ঘরখানির বর্ণবিন্যাস হইতে পারিপাট্যের সূক্ষ্মতম ব্যবস্থাটির মধ্যেও একটি পরম যত্নের আভাস সুপরিস্ফুট। কমলেশ বলিল, বাঃ, শিবনাথের টেস্ট তো ভারি চমৎকার! সুন্দর সাজানো হয়েছে ঘরখানি!

গৌরী এতক্ষণে প্রথম কথা বলিল, সে নিত্যকে প্রশ্ন করিল, নতুন সাজানো হয়েছে, না নিত্য?

হ্যাঁ বউদিদি, পিসীমা নিজে দাঁড়িয়ে থেকে রঙ করিয়েছেন, মা সমস্ত বলে দিয়েছিলেন, পিসীমা মাকে দিয়ে ঘর সাজিয়েছিলেন।—বলিতে বলিতেই বোধ করি জ্যোতির্ময়ীকে তাহার মনে পড়িয়া গেল, একটা সুগভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া সে বলিল, এমন শাশুড়ী নিয়ে আপনি ঘর করতে পেলেন না বউদিদি। আ! যদি দাদাবাবুর সঙ্গেও আসতেন, তা হলে দেখাটা হত।

গৌরীর মুখ মুহূর্তে গম্ভীর হইয়া উঠিল। অন্তরের মধ্যে ভয়ের অন্তরালে বিদ্রোহের ক্ষোভ

এতক্ষণ গুমরিয়া মরিতেছিল, ব্যক্তিত্বের মধ্যে হীনতার সুযোগ পাইয়া সে বিদ্রোহ তাহার মাথা চাড়া দিয়া উঠিল, সে বলিল, সে দোষ-ঘাটের কৈফিয়ত কি তোমার কাছেও দিতে হবে নিত্য? যাও বাপু, তোমার কাজকর্ম থাকে তো করগে যাও। আমাকে একটু হাঁপ ছাড়তে দাও।

নিত্য এবাড়ির পুরানো ঝি, বাড়ির পাঁচজনের একজনের অধিকার লইয়া সে কাজ করিয়া থাকে। নিত্য এ কথায় ক্ষুব্ধ হইয়া উঠিল, এবং উত্তরও সে দিত, কিন্তু কমলেশের উপস্থিতির জন্য বাড়ির মর্যাদা রাখিয়া নীরবেই ঘর হইতে বাহির হইয়া গেল।

কমলেশ যেন বিস্মিত হইয়া বলিল, ঝিটা তো ভারি অসভ্য!

গৌরীর চোখ ছলছল করিয়া উঠিল, সে বলিল, দেখ, তোমরাই দেখ। আমি এখানে থাকতে পারব না।

কমলেশ বলিল, শিবনাথকে আমি খোলাখুলি বলব নাস্তি। শাশুড়ীতে বউকে ধরে মারবার যুগ আর নেই, সে যুগে আর এ যুগে অনেক প্রভেদ।

সে আমি জানি কমলেশ।

কথার শব্দে গৌরী ও কমলেশ উভয়েই চমকিয়া উঠিয়া পিছন ফিরিয়া দেখিল, দরজার মুখেই দাঁড়াইয়া শিবনাথ। তৈলহীন রুক্ষ চুল, অঙ্গে অশৌচের বেশ, খালি পায়ে কখন সে উপরে আসিয়াছে, কেহ জানিতে পারে নাই। শিবনাথ আবার বলিল, তোমার চেয়ে বরং বেশিই একটু জানি, সেটা হল ভবিষ্যতের কথা, বৃদ্ধবয়সে শ্বশুর-শাশুড়ীদের পিঁজরেপোলের জানোয়ারের মত হাসপাতালে মরতে যাবার দিনও আগতপ্রায়।

কমলেশের মুখ-চোখ লাল হইয়া উঠিল, অলগুণ্ঠনের মধ্যে গৌরীর মুখ বিবর্ণ পাংশু হইয়া গেল। আত্মসম্বরণ করিয়া কমলেশ বলিল, অপরাধটা আমাদের—গৌরীর অভিভাবকদের, গৌরীর নয়। এ কথাটা অতি সাধারণ লোকেও বুঝতে পারবে। তেরো-চোদ্দ বছরের মেয়ে নিজে থেকে শ্বশুরবাড়ি যাবার কথা কোনমতেই প্রকাশ করে বলতে পারে না।

শিবনাথ তিক্ততার সহিত হাসিয়া বলিল, আরও কম বয়সের মেয়েতে কিন্তু জনরবের ওপর নির্ভর করে স্বামীর সঙ্গে সম্বন্ধ চুকিয়ে দেবার কথা লিখতে পারে, এইটে আরও আশ্চর্যের কথা।

রুদ্ধ ঘরে জানোয়ারকে পুরিয়া মারিলে সে যেমন মরীয়া হইয়া ক্ষিপ্ত হইয়া উঠে, কমলেশের অবস্থা হইয়া উঠিতেছিল সেইরূপ, সে বলিয়া উঠিল, সে কথা সত্যি হলে সেই ব্যবস্থাই হত। অন্নবস্ত্রের কাঙাল হয়ে আমরা মেয়ের বিয়ে দিই নি। অন্নবস্ত্রের ব্যবস্থা করে দেবার মত অবস্থা আমাদের আছে।

শিবনাথের মাথার মধ্যে দপ্ করিয়া আগুন জলিয়া উঠিল। কিন্তু ক্রোধ ভয় আনন্দ সুখ দুঃখ প্রভৃতি সকল কিছুর বিহ্বলতার ঊর্ধ্বে জাগ্রত থাকিবার মত শিক্ষার চেতনা তাহার আয়ত্ত হইয়া গিয়াছে, বিশেষ করিয়া এ কয় মাসের শিক্ষায় সাহচর্যে, কয়দিন আগে একটি মানুষের হাসিমুখে মৃত্যুবরণের প্রত্যক্ষ দৃষ্টান্তে। সেই চেতনার নির্দেশে সে আপনাকে সম্বরণ করিয়া

সঙ্গে সঙ্গেই কোন উত্তর দিয়া বসিল না, কমলেশের মুখ হইতে দৃষ্টি ফিরাইয়া লইবার জন্যই সে গৌরীর দিকে চাহিল, চোখের জলে তাহার ভয়বিবর্ণ মুখখানি ভাসিয়া গিয়াছে, এই বাদানুবাদের উগ্রতার মধ্যে তাহার মাথার অবগুণ্ঠন প্রায় খসিয়া পড়িয়াছে। শিবনাথের সংযমে আবদ্ধ বিক্ষুব্ধ মনের উপরের উত্তপ্ত বায়ুপ্রবাহ যেন গৌরীর অশ্রুবর্ষণের ধারায় খানিকটা শীতল হইয়া শান্তও হইয়া গেল। সে অল্প একটু হাসিয়া বলিল, তোমরা ধনী, তোমরা হয়তো তা পার। কিন্তু গরীবের স্ত্রী তা পারে কি না, সেটা বরং তার কাছ থেকেই আমি শুনব। তুমি আমার কুটুম্ব, আমার বাড়ির ক্রিয়া-কর্ম উপলক্ষে এসেছ, কটু কথা বললেও সেটা আমার চুপ করে সহ্য করাই উচিত।

কমলেশ এ কথার কোন উত্তর দিল না, অবরুদ্ধ ক্রোধে সে চুপ করিয়া নানা অদ্ভুত কল্পনা করিতে আরম্ভ করিল। শিবনাথকে তাহাদের ব্যবসায়ের মধ্যে একটা চাকরি দিয়া তাহার টেবিলের সম্মুখে দাঁড় করাইয়া কৈফিয়ৎ লইলে কেমন হয়? অথবা টাকা ধার দিয়া ঋণজালে আবদ্ধ করিয়া নির্মম আকর্ষণে টানিলে কেমন হয়?

শিবনাথ বলিল, আচ্ছা, তোমরা এখন বিশ্রাম কর। আমি বাইরে যাই, অনেক কাজ রয়েছে।—বলিয়া সে চলিয়া গেল।

কমলেশ বলিল, তুই স্পষ্ট বলবি নাস্তি, এখানে তুই থাকতে পারবি না। শিবনাথ চলুক কলকাতায়, কয়লার ব্যবসায় এখন লক্ষ লক্ষ টাকা উপার্জন; ও ব্যবসা করুক, টাকা না থাকে আমরা ধার দিচ্ছি। ব্যবসা না পারে, চাকরি করুক, তুইও সেখানে থাকবি। এ সামান্য জমিদারি, ফুঁ দিলে উড়ে যায়, এ নিয়ে পড়ে থাকলে কি হবে? পিসীমা এখানে থাকুন, খান-দান, আর চোখ রাঙান ওই ঝি-চাকরদের ওপর।

গৌরী এতক্ষণে আপনাকে সামলাইয়া লইয়াছিল, আঁচলে চোখ মুছিয়া কি বলিতে গিয়া চুপ করিয়া গেল, শঙ্কিতভাবে মৃদুস্বরে বলিল, সিঁড়িতে পায়ের শব্দ উঠছে।

কমলেশ ঘর হইতে বাহির হইয়া আসিয়া দেখিল, সিঁড়ির বাঁকের মুখে একটা মানুষের ছায়া সিঁড়ি হইতে দেওয়ালের গায়ে উঠিয়া আবার ওদিকে অদৃশ্য হইয়া গেল। কিছুক্ষণ পর রতন আসিয়া গৌরীকে ডাকিয়া বলিল, নেমে এস, ঘাটে যেতে হবে, শিবনাথের হবিষ্যিও তোমাকে চড়িয়ে দিতে হবে।

গৌরী শঙ্কিত অন্তরে নীচে নামিয়া গেল। শৈলজা-ঠাকুরানী অতি মিষ্টস্বরে বলিলেন, স্নান করে ফেল মা, স্নান করে হবিষ্যি চড়াতে হবে। এ ঘরদোর সবই তোমার, শিবুর মাতৃদায়, তোমার কি ওপরে বসে থাকলে চলে?

মিষ্ট কথায় আশ্বস্ত হয়ে গৌরী হৃষ্ট হইয়া উঠিল, সে আনুগত্য স্বীকার করিয়া বলিল, শ্রীপুকুরের ঘাটে নাইতে হবে তো পিসীমা?

হ্যাঁ, রতন যাচ্ছে তোমার সঙ্গে।

শ্রাদ্ধের অনুষ্ঠানটি বৃষোৎসর্গ হইলেও সাধারণ স্তরের ক্রিয়া হয় নাই। মানিকবাবু তাঁহার

মাতৃশ্রাদ্ধের অনুরূপ ফর্দ করিয়াছিলেন—বোধ করি অতি কঠোর নিষ্ঠার সহিতই অনুরূপ ফর্দ করিয়াছিলেন। ব্যয়ে সমারোহে সমগ্র ক্রিয়াকাণ্ডটি আকারে প্রকারে বিপুলকায় হইয়া উঠিল। কিন্তু শৈলজা-ঠাকুরানী একাই যেন দশভুজা হইয়া উঠিলেন। তাঁহার ব্যক্তিত্বের আভিজাত্য কাহারও অজ্ঞাত নয়, বৈষয়িক কর্মে তাঁহার জন্মগত তীক্ষ্ণ বুদ্ধির পরিচয় সকলের সুবিদিত, কিন্তু এমন কঠোর পরিশ্রম-পারগতার পরিচয় সম্পূর্ণ অভিনব, সর্বোপরি ওই দৃপ্ত তেজস্বিনী মেয়েটির এমন নমনীয় শান্তস্নিগ্ধ ব্যবহার দেখিয়া সকলেই বিস্ময়ে অভিভূত হইয়া গেল। শুধু তাহাই নয়, অকস্মাৎ তিনি যেন মমতায় পরম স্নেহময়ী হইয়া উঠিয়াছেন। সেদিন নিত্য-ঝি প্রকাণ্ড বড় গুড়ের জালা হইতে গামলায় গুড় বাহির করিতেছিল, একটা গামলা পরিপূর্ণ হইয়া গেলে সে আসিয়া পিসীমাকে বলিল, এক গামলা গুড় বের করেছি, আরও কি বের করব পিসীমা?

শৈলজা দেবী বলিলেন, না, আর এখন থাক্।—বলিয়াই তিনি বলিলেন, এমন করেই কি বেহুঁশ হয়ে কাজ করে মা? মুখময় যে গুড় লেগেছে রে, মুছে ফেল্।

নিত্য বাঁ হাতের কব্জি ও কনুইয়ের মধ্যবর্তী অংশটা দিয়া মুখটা মুছিয়া লইল। পিসীমা বলিলেন, হল না রে। সরে আয় আমার কাছে; আয় না, তাতে কি দোষ আছে?—বলিয়া নিজেই একখানা গামছা দিয়া কন্যার মতই নিত্যর মুখখানা মুছাইয়া দিলেন।

রতন একান্তে নিত্যকে বলিল, ঠাকরুন আর বেশি দিন নয় নিত্য, এ যে অসম্ভব মতিগতি, সে মানুষই আর নয়। মামীমাই ননদের আশেপাশে ঘুরছে নিত্য, দেখিস তুই, ছ মাসের বেশি ঠাকরুন আর নয়।

নিত্য একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল, ও-কথা বোলো না রতনদি, সংসারটা তা হলে ভেসে যাবে।

শ্রাদ্ধের দিন খাওয়া-দাওয়া যখন শেষ হইল, রাত্রি তখন বারোটা। শৈলজা দেবী তখনও পর্যন্ত অভুক্ত, সে সংবাদ জানিত শুধু নিত্য ও রতন। রতন ব্যস্ত হইয়া বলিল, মাসীমা, এবার আপনি কিছু মুখে দিন, এখনও পর্যন্ত তো কিছু খান নি।

শৈলজা বলিলেন, দে তো মা, এক গেলাস ঠাণ্ডা জল আমায় দে তো। ভেতরটা শুকিয়ে যেন কাঠ হয়ে গিয়েছে।

রতন এক গ্লাস জল আনিয়া তাঁহার হাতে দিয়া বলিল, দুটা ভাতে-ভাত চড়িয়ে দিই মাসীমা, সমস্ত দিন কিছু খান নি।

আলগোছে গ্লাস তুলিয়া ঢকঢক করিয়া জলটা নিঃশেষে পান করিয়া তিনি বলিলেন, না রতন, অনেক খেয়েছি মা, আর মুখে কিছু রুচবে না।

সবিস্ময়ে রতন বলিল, সে কি? কখন কি খেলেন আপনি?

শৈলজা বিচিত্র হাসি হাসিয়া বলিলেন, স্বামী, পুত্র, ভাই, ভাজ, অনেক খেলাম মা বসে বসে! আর ক্ষিদে থাকে, না থাকতে আছে? বউয়ের শ্রাদ্ধের অন্ন আমাকে খেতে হয় রতন?—বলিয়া তিনি ধীরে ধীরে আপন শয়নকক্ষের অভিমুখে সিঁড়ি দিয়া অগ্রসর হইলেন।

এ কথার উত্তর রতন খুঁজিয়া পাইল না। নিত্য বলিল, আজ তো পায়ে তেল নেন নি, পায়ে তেল দিয়ে দিই।

শৈলজা দেবীর এ অভ্যাসটুকু চিরদিনের অভ্যাস। এটুকু না হইলে রাত্রে তাঁহার ঘুম পর্যন্ত হয় না। শৈলজা দেবী আজ বলিলেন, না, থাক্।

নিত্য ব্যস্ত হইয়া বলিল, না পিসীমা, রাত্রে আপনার ঘুম হবে না।

তিনি শান্ততাবে প্রতিবাদ করিয়া বলিলেন, না নিত্য, ভোগের মধ্যে থেকে থেকে ভগবানকে আমি দূরে ফেলেছি মা, নিজে হয়ে উঠেছি দেবতা, ওসব আর নয়, সেবা আর আমি কারও নোব না। আপন শয়ন-ঘরের দরজায় আসিয়া আবার তিনি ফিরিলেন, বারান্দার রেলিঙে ভর দিয়া দাঁড়াইয়া বলিলেন, শিবনাথ শুয়েছে নিত্য? কোথায় শুয়েছে?

তিনি আর বউদির ভাই মায়ের ঘরে শুয়েছেন পিসীমা।

বউমার কাছে তুই শুবি তো?

হ্যাঁ।

কাল থেকে শিবুর বিছানা শিবুর ঘরে করে দিবি, বুঝলি?

নিত্য একটু ইতস্তত করিয়া বলিল, বউদিদি যে বলছিলেন, কলকাতায় যাবেন কাল পরশু।

হাসিয়া শৈলজা বলিলেন, যাব বললেই কি যাওয়া হয় বাছা? তার ঘরদোর কে নেবে, কে চালাবে?

তারপর আবার বলিলেন, কেষ্ট সিং আর বেহারী বাগদী বাড়িতে শুয়েছে তো? ওদের দরজা বন্ধ করে দিতে বল্। একটু সজাগ হয়ে থাকতে বলে দে। রাজ্যের জিনিস বাইরে পড়ে আছে।

সকল কাজ সুশেষ করিয়া তিনি দরজা খুলিয়া শয়নকক্ষে প্রবেশ করিলেন।

পরদিন প্রাতঃকালে উঠিয়াই তিনি রাখাল সিংকে ডাকিয়া বলিলেন, শ্রাদ্ধ-শান্তি তো চুকে গেল সিং মশায়, এখন একটি জিনিস আমাকে বুঝিয়ে দিন দেখি, মোট কত টাকা খরচ হল? আমি একবার সিন্দুক খুলে মজুত টাকা আর খরচের হিসেবটা মিলিয়ে দেখি।

রাখাল সিং বলিলেন, তা কি করে হবে? এখনও যে অনেক খরচ বাকি রয়েছে, তা ছাড়া এতবড় হিসেব একদিনে কি খাড়া করা যায়?

সস্নেহে অনুরোধ করিয়া শৈলজা বলিলেন, যায় বইকি সিং মশায়, ধর্মরাজের দরবারে এতবড় বিশ্বব্রহ্মাণ্ডের হিসেব-নিকেশ যখনই দেখবে, তখনই দেখবে কড়াক্রান্তিতে মিল। আপনারা কায়স্থেরা হলেন চিত্রগুপ্তের বংশধর, আপনারা মনে করলে না পারেন কি? আমার পাপপুণ্যের খতিয়ান করে আমাকে শুনিয়ে ছুটি করে দিন আপনি।

রাখাল সিং বিষম সমস্যায় পড়িলেন, তীক্ষ্ণবুদ্ধি জমিদারের মেয়েটির বিষয়জ্ঞান টনটনে হইলেও হিসাব-নিকাশ যে কি বস্তু, কত জটিল, তাহা তো তিনি বুঝিবেন না! আর মুখের কথায় সে কথা তাঁহাকে বুঝানোই বা যায় কিরূপে! অবশেষে তিনি বলিলেন, আপনি বরং মাস্টারকে

ডেকে জিজ্ঞাসা করুন, তাই কি হয় ?

হাসিয়া শৈলজা বলিলেন, মাস্টারকে ডেকে আর কি করব ? আমি বলছি কি, আমি বাড়ি থেকে দফায় দফায় যত টাকা দিয়েছি, সেগুলো তো গোলমেলে নয়, সেইগুলো যোগ দিয়ে আমাকে বলে দিন আপনি, নিজে হাতে কত টাকা খরচ করেছি। তার বেশি দায়িত্ব তো আমার নয়, সেই খরচে আর মজুতে মিলে গেলেই তো আমি খালাস। তারপর আপনারা আবার সে টাকা নিয়ে যে যেমন খরচ করেছেন, সে হিসেব আপনাদের আলাদা হবে।

শিবনাথ অভ্যাসমত প্রত্যূষে উঠিয়াই বাহিরে গিয়াছিল, সে ফিরিয়া বাড়ির মধ্যে প্রবেশ করিল। পিসীমা তাহাকে ডাকিয়া বলিলেন, শিবু, রাখাল সিংয়ের সঙ্গে বসে একবার হিসেব মিলিয়ে দেখতে হবে। কত টাকা আমি বাড়ি থেকে বের করে দিয়েছি, আর সিন্দুক খুলে দেখ্ মজুতই বা কত আছে, তা হলেই মোটামুটি হিসেবটা ঠিক হবে। এই চাবিটা নে, সিন্দুকটা খুলেই আগে দেখ্ মজুত কত।

সিন্দুকের চাবিটা তিনি শিবুর হাতেই তুলিয়া দিলেন। তারপর টাকাকড়ি গুনিয়া দেখিয়া একটা নিশ্বাস ফেলিয়া বলিলেন, একটা বোঝা নামল বাবা। এইবার বাসনপত্রগুলো। ওরে নিতা, বউমাকে একবার ডাক্ তো।

গৌরী আসিয়া দাঁড়াইতেই পিসীমা বলিলেন, বাসনগুলো দেখে তুমি মিলিয়ে নাও দেখি। এই নাও, চাবি নাও, বাসনের ঘরের দরজা খোল। বলিয়া তাহার হাতে এক গোছা চাবি তুলিয়া দিলেন।

হিসাব-নিকাশ করিতে করিতে বার বার শিবনাথের ভুল হইতেছিল। এসব কিছুই তাহার ভাল লাগিতেছিল না। শ্রাদ্ধের কয়দিন কর্মব্যস্ত মুহূর্তগুলি ঝটিকার বেগে বহিয়া চলিয়া গিয়াছে, তাহার নিজের সকল শক্তিও এই কর্মসমারোহের মধ্যে পরিব্যাপ্ত ছিল ; চিন্তার অবসর ছিল না, প্রবৃত্তি অপ্রবৃত্তি সমস্ত যেন কোথায় আত্মগোপন করিয়া ছিল। আজ অবসর পাইয়া মন তাহার জাগিয়া উঠিয়াছে। মনে মনে সে একটা গভীর উদাসীনতা অনুভব করিল। কিছুই যেন তাহার ভাল লাগিতেছিল না।

রামরতনবাবু বলিলেন, এখন থাক্ শিবনাথ, শরীর মন দুই তোর দুর্বল হয়ে পড়েছে। ইউ রিকোয়্যার রেস্ট—অ্যাবসলিউট রেস্ট।

আপনার মুণ্ডিত মস্তকে হাত বুলাইয়া শিবনাথ বলিল, আসলে যেন কোন কিছুতে প্রবৃত্তি হচ্ছে না মাস্টার মশায়, ভাল লাগছে না কিছু।

রাখাল সিং বলিলেন, থাক্ তা হলে এখন। আমি বরং যোগ দিয়ে ঠিক করে রাখি, আপনি এর পরে একবার চোখ বুলিয়ে নেবেন।

শিবনাথ উঠিয়া গিয়া একটা ডেক-চেয়ারের উপর আপনাকে এলাইয়া দিয়া বলিল, তাই হবে।

রামতনবাবু মৃদুস্বরে বলিলেন, শিবু, একটা কথা তোকে না বলে আমি পারছি না। আমার মনে হচ্ছে, এজন্যে আমিই হয়তো রেস্‌পন্সিব্‌ল।

নিতান্ত অন্যমনস্কভাবে শিবু বলল, বলুন।

আমার মনে হচ্ছে আমার শিক্ষার দোষেই জীবনে তুই এমন ডেঞ্জারাস পথ বেছে নিয়েছিস। আমি বিশেষ কিছুই জানি না, তবু সেই মেয়েটির কাছে শুনে, সুশীলবাবুর বাড়ির আবহাওয়া দেখে আমি অনুমান করেছি। ইউ মাস্ট লীভ ইট, মাই বয়।

শিবনাথের চোখ মুহূর্তে প্রদীপ্ত স্থির দৃষ্টিতে সম্মুখের আকাশের নীলিমায় নিবদ্ধ হইল, সে চোখের দৃষ্টি অতলস্পর্শী গভীর। তাহার অঙ্গপ্রত্যঙ্গের স্পন্দনের অস্থিরতাটুকু পর্যন্ত গভীরতার গাম্ভীর্যে স্তব্ধ প্রশান্ত।

রামরতন ডাকিলেন, শিবু!

সার্?

ইউ মাস্ট গিভ মি ইওর ওয়ার্ড অব অনার, আমায় কথা দে তুই।

পারি না সার্। আজও ভেবে আমি ঠিক করতে পারি নি, তবে আমি পথ খুঁজছি।

আমার কথাতেও তুই নিবৃত্ত হতে পারিস না শিবু?

অতি ক্ষীণ হাস্যরেখা শিবুর অধরে ফুটিয়া উঠিল, সে বলিল, একজন মহামানব—অতিমানব আমাকে বলেছেন, এ পথ ভ্রান্ত। কিন্তু অন্য পথের সন্ধান তিনি দিতে পারেন নি। আমি সেই পথ খুঁজছি।

রামরতন একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া নীরব হইয়া গেলেন, তাঁহার অন্তরটা যেন অসহ দুঃখে ভরিয়া উঠিল। অতিমানব, মহামানব! কে সে? কেমন ব্যক্তি সে? বার বার সেই প্রশ্ন তাঁহার অন্তরে ঘুরিয়া মরিতেছিল, কিন্তু তবু তিনি মুখ ফুটিয়া সে কথা জানিতে চাহিলেন না। তিনি বেশ জানেন, শিবু বলিবে না। পৃথিবীর কোন শক্তি ওই ছেলেটির কাছে তাহা আদায় করিয়া লইতে পারিবে না।

কিছুক্ষণের মধ্যেই শিবনাথ সে প্রশান্ত গভীর চিন্তা হইতে জাগিয়া উঠিল। মনের মধ্যে সেই কিছু-ভাল-না-লাগার অস্থিরতা। ডেক-চেয়ারটা ছাড়িয়া সে উঠিয়া পড়িল; দীর্ঘদিন পর আস্তাবলে আসিয়া ঘোড়াটার সম্মুখে দাঁড়াইল। গাঢ় কৃষ্ণবর্ণ মসৃণ শরীরে সূর্যের আলো যেন ঠিকরাইয়া পড়িতেছে। দুরন্ত অস্থিরতায় চঞ্চল পায়ের ক্ষুরের আস্ফালনে আস্তাবলটা ধূলায় ভরিয়া উঠিয়াছে। এমন সুন্দর বাহনটিও তাহাকে আজ আকর্ষণ করিতে পারিল না। সে অন্যমনস্কভাবেই ঘুরিয়া ঘুরিয়া বাড়িটার সর্বস্থান যেন সন্ধান করিয়া ফিরিতে আরম্ভ করিল, কোথায় কোন্‌খানে এ অস্থিরতার সান্ত্বনা লুকাইয়া আছে!

মালতীলতাটা সাদা ফুলে ভরিয়া উঠিয়াছে। খামার-বাড়িটা ঘাসে ঘাসে পুরু সবুজ গালিচার মত নরম। ঘাস মাড়াইয়া মাড়াইয়া সে শ্রীপুকুরের ঘাটে আসিয়া উঠিল। আশ্বিনের প্রারম্ভে পুকুর-ভরা কালো জল টলমল করিতেছে।

সে আসিয়া বাড়ির মধ্যে প্রবেশ করিল। পিসীমা আহ্নিকে বসিয়াছেন। বাসনের ঘরের

দরজায় গৌরী দাঁড়াইয়া রহিয়াছে। সে উপরে উঠিয়া গেল। সাজানো ঘরখানার দরজাটা খোলা, ঘরের মধ্যে নিত্য-ঝি রাজ্যের বিছানা স্তূপীকৃত করিয়া ঝাড়া-মোছা করিতেছিল। শিবনাথ ঘরের মধ্যে প্রবেশ করিল। ঘরখানার চারদিক একবার দেখিয়া মেঝের উপর জড়ো-করা বিছানাগুলির দিকে চাহিয়া সে বলিল, এগুলো নামালি কেন?

নিত্য পুলকিত হাসি হাসিয়া বলিল, নতুন করে বিছানা হবে, আপনি শোবেন এ ঘরে।

শিবনাথ তীক্ষ্ণ স্থির দৃষ্টিতে নিত্যর দিকে চাহিয়া রহিল, নিত্যর হাসিতে কথায় একটা ইঙ্গিত রহিয়াছে। অকস্মাৎ এক মুহূর্তে তাহার মনের সকল অস্থিরতা দেহের প্রতি শোণিত-বিন্দুতে সঞ্চারিত হইয়া গেল, শোণিত কণিকাগুলি যেন উত্তাপে উত্তেজনায় কুঙ্কুমের মত ফাটিয়া পড়িতেছে।

নিত্য আবার হাসিয়া বলিল, আমায় কিন্তু শয্যে-তুলুনি দিতে হবে দাদাবাবু।

শিবনাথ অস্থিরতর পদক্ষেপে দ্রুত ঘর হইতে বাহির হইয়া নামিয়া চলিয়া আসিল। কাছারিতে আসিয়া আবার সে ঘোড়াটার সম্মুখে গিয়া দাঁড়াইল। ঘোড়াটার কপালে মৃদু চাপড় মারিয়া তাহাকে আদর জানাইয়া বারান্দায় আসিয়া ডেক-চেয়ারটায় বসিল।

রাখাল সিং বলিলেন, আমার যোগ দেওয়া হয়ে গেল। মজুতে খরচে তহবিল ঠিক মিলই আছে। দেখুন একবার আপনি।

গভীর অনিচ্ছা জানাইয়া ঘাড় নাড়িয়া সে বলিল, না না, ও থাক্। মিলে যখন গেছে, তখন আর দেখব কি?

মাস্টার গভীরভাবে পদচারণা করিতেছিলেন। শিবনাথ হিসাবের প্রসঙ্গ ত্যাগ করিয়া চুপ করিয়া বসিয়া রহিল। কিছুক্ষণ পর অকস্মাৎ সে ডাকিল, নিতাই!

সহিস নিতাই আসিয়া দাঁড়াইতেই সে বলিল, ঘোড়ার সাজ পরিষ্কার করে রাখ্। চারটের সময় ঘোড়ার পিঠে সাজ দিবি।

সতীশ আসিয়া বলিল, চান করুন, অনেক বেলা হয়েছে।

শিবনাথ বলিল, তেল গামছা নিয়ে আয়, আজ শ্রীপুকুরে নাইব, সাঁতার কাটব খানিকটা।

সাঁতার কাটিয়া একেবারে ক্লান্ত হইয়া তবে সে উঠিল, চোখে তখন যেন ঘুম ধরিয়া আসিয়াছে।

দুরন্ত গতিতে সে ঘোড়াটাকে ছাড়িয়াছিল; বলিষ্ঠ দৃঢ় দীর্ঘদেহ বাহনটির দুরন্ত গতিবেগের সঙ্গে সঙ্গে তাহার মন উচ্ছ্বসিত আনন্দে ভরিয়া উঠিতেছিল। দেহের পেশীগুলি সবল আন্দোলনের দোলায় দোলায় কঠিন পরিপুষ্টিতে জাগিয়া উঠল। বাড়ি যখন ফিরিল, তখন তাহার সর্বাঙ্গ ঘামে ভিজিয়া গিয়াছে। সহিসের হাতে ঘোড়াটাকে ছাড়িয়া দিয়া কাছারির বারান্দায় আসিয়া ডেক-চেয়ারটায় বসিয়া বলিল, ঘোড়াটার চাল হয়েছে চমৎকার!

রাখাল সিং চিন্তাকুল হইয়া বসিয়া ছিলেন, ওদিকে একখানা চেয়ারে মাস্টার বসিয়া ছিলেন, তাঁহার মুখেও অস্বাভাবিক গাম্ভীর্য। শিবনাথের কথায় কেহ কোন উত্তর দিল না। শিবনাথ এদিক ওদিক চাহিয়া ডাকিল, সতীশ!

সতীশের এ সময়টি মৌতাতের সময়। সে একটি নির্জন আড়ালে বসিয়া গাঁজা টিপিতেছিল। শিবনাথের ডাক শুনিবামাত্র তাহার গঞ্জিকা-মর্দনচঞ্চল হাত দুইখানি স্তব্ধ হইয়া গেল। কিন্তু সে মুহূর্তের জন্য, মুহূর্ত পরেই আবার তাহার হাত চলিতে লাগিল, কোন উত্তর সে দিল না।

শিবনাথ কোন উত্তর না পাইয়া নিজেই উঠিল। রাখাল সিং বলিলেন, একবার বাড়ির দিকে যান আপনি। পিসীমা—

শিবনাথ তাঁহার কথার মধ্যপথেই বাধা দিয়া বলিল, বাড়িতেই যাচ্ছি আমি।

বাড়ির দরদালানে পিসীমা বসিয়া গৌরীকে কিছু বলিতেছিল, শিবনাথ বাড়িতে প্রবেশ করিতেই তিনি বলিলেন, শিবু, তোর জন্যেই আমি পথ চেয়ে রয়েছি বাবা, তোর সঙ্গে আমার কথা আছে।

শিবনাথের মনের উত্তেজনা তখনও শান্ত হয় নাই, সে অল্প উচ্ছ্বাসের সহিত বলিল, আসছি পিসীমা, কাপড়-জামাগুলো পালটে আসি, ঘামে একেবারে ভিজে গিয়েছে। আজ ঘোড়ায় চড়েছিলাম পিসীমা, ওঃ ঘোড়াটা যা চমৎকার হয়েছে!—বলিতে বলিতেই সে দ্রুতপদে উপরে উঠিয়া গেল। পা-হাত ধুইয়া সাবান দিয়া সে মুখ ধুইয়া ফেলিল, ঘর্মাক্ত কাপড়-জামা ছাড়িয়া পরিল জরিপাড় একখানি মিহি ধুতি ও একটি চুড়িদার পাঞ্জাবি। নীচে নামিয়া সে পিসীমার কোল ঘেঁষিয়া ছোট ছেলের মতই বসিয়া পড়িল, বলিল, বলো।

পিসীমা তাহাকে ভাল করিয়া দেখিয়া একটু হাসিলেন, সস্নেহে তাহার গায়ে হাত বুলাইয়া বলিলেন, তোর কাছে আমি একটি জিনিস চাইব শিবু। বল্, দিবি।

শিবনাথ হাসিয়া ফেলিল। পিসীমার পাশেই বসিয়া গৌরী; মুহূর্তে শিবনাথ বুঝিয়া লইল, পিসীমা কি চাহেন,—গৌরীর দোষের জন্য ক্ষমা। গৌরীর ঘোমটার ফাঁক দিয়া একটি পুলকিত চকিত কটাক্ষ হানিয়া সে বলিল, প্রতিজ্ঞা করতে হবে? বেশ, তাই করলাম, বলো, কি দিতে হবে?

নিত্য সহসা বলিয়া উঠিল, না দাদাবাবু।

শৈলজা ডাকিয়া বলিলেন, নিত্য!

নিত্য স্তব্ধ হইয়া গেল। শিবু একটু বিস্মিত হইল, সে ভাল করিয়া কিছু বুঝিবার পূর্বেই পিসীমা বলিলেন, আমায় ছুটি দে বাবা।

শিবনাথের মুখ বিবর্ণ হইয়া উঠিতেছিল, সে সবিস্ময়ে শুধু দুইটি অক্ষরে একটি প্রশ্ন করিল, ছুটি?

হ্যাঁ, ছুটি। আমার ডাক এসেছে বাবা, আমায় যেতে হবে; আমায় এইবার মুক্তি দাও তোমরা।

এক ঝলক হিমতীক্ষ্ণ বাতাস আসিয়া যেন শিবুকে মুহূর্তে অসাড় করিয়া দিল। পিসীমা বলিলেন, আমি কাশী যাব বাবা। আজ কদিন থেকেই আমার গুরু যেন স্বপ্নে আমাকে বলছেন, আর কতদিন আমায় ভুলে থাকবি? আয়, তুই কাশী আয়।

ধীরে ধীরে আত্মসম্বরণ করিয়া আত্মস্থ হওয়ার সঙ্গে সঙ্গে শিবুর মনে সমস্ত দিনের উষ্ণ আবেগ

বিদ্রোহের শিখা তুলিয়া জ্বলিয়া উঠিল। তাহার মনে হইল, গুরুর আহ্বান নয়, গৌরীর আগমনই তাঁহার এই বৈরাগ্যের হেতু। চোখ-মুখ তাহার রক্তোচ্ছ্বাসে থমথমে হইয়া উঠিল। কিন্তু উত্তেজনার মুখে আত্মসমর্পণ করা তাহার স্বভাব নয়, সে কঠোর সংযমের সহিত আপনাকে শান্ত করিয়া স্তব্ধ হইয়া বসিয়া রহিল। তারপর বলিল, আমাদের বন্ধন কি তোমাকে পীড়া দিচ্ছে পিসীমা? না, ওপরের আকর্ষণে এ বন্ধন আর সত্যিই রাখা যায় না?

পিসীমা চমকিয়া উঠিলেন, তীক্ষ্ণ দৃষ্টিতে শিবুর মুখের দিকে চাহিয়া বলিলেন, এতকাল পরে আমার কথা তোর মিথ্যে বলে মনে হল শিবু? সঙ্গে সঙ্গে তিনি একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলিলেন।

শিবু ধীর স্বরেই বলিল, স্বপ্ন মনের বিকার পিসীমা, সত্যি হয় না কখনও, তাই বলছি।

মনের জটিল রহস্যময় গহনে যে কামনা গুরু-মূর্তিতে শৈলজা দেবীকে আহ্বান জানাইয়াছে, তাহাই তাঁহার মনকে করিয়া তুলিয়াছে শান্ত, দৃঢ়তায় অনমনীয় কঠিন, কোনরূপেই তাহার পরিবর্তন সম্ভবপর নয়। তিনি অবিচলিত দৃঢ়তার সহিত বলিলেন, ও কথা বোলো না বাবা শিবু। তুমি বিশ্বাস না কর, আমি বিশ্বাস করি। তাঁকে আমি প্রত্যক্ষ দেখেছি, তাঁর আদেশ আমি অবহেলা করতে পারি না। আমি যাব, তুমি বাধা দিও না।

শিবু বহুক্ষণ নীরবে বসিয়া রহিল, মনের আকাশের কোন্ অদৃশ্য কোণে মেঘ জমিয়া আছে, সেখান হইতে বিদ্যুৎ-চমকের আভা মুহুর্মুহু বিচ্ছুরিত হইতেছিল, শিক্ষা-দীক্ষা সমস্ত কিছুর চোখ যেন সে আভায় ধাঁধিয়া যাইতেছে। তবুও সে ধীরভাবে বিচার করিতে চেষ্টা করিল। সে যেন ভাল করিয়াই অনুভব করিল, গৌরী ও পিসীমার একত্রে বাস অসম্ভব। কেহ কাহাকেও সহ্য করিতে পারিবে না।

পিসীমা আবার বলিলেন, শিবু!

পিসীমা!

তুমি আমায় মুক্তি দিতে প্রতিশ্রুতি দিয়েছ।

শিবুর অন্তর একটা প্রদীপ্ততর বিদ্যুৎ-চমকে ঝলকিয়া উঠিল, এবার সুদূরশ্রুত মেঘগর্জনের ধ্বনিও যেন শোনা গেল; গম্ভীর স্বরে শিবু বলিল, বেশ তাই হবে। যাবে তুমি।

গলাটা এবার পরিষ্কার করিয়া লইয়া শৈলজা বলিলেন, আজ ভোরেই আমি যাব বাবা। আমি মাস্টারকে বলে রেখেছি, সে-ই রেখে আসবে।

উত্তরে শিবু কেবল বলিল, আজই!

হ্যাঁ, আজই। কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া শৈলজা দেবী আবার বলিলেন, ওপরের আকর্ষণ যদি না হয় শিবু, বিশ্বনাথ আমাকে স্থান দেবেন কেন। মরতেও আবার আমাকে ফিরে আসতে হবে।

শিবু বলিল, বেশ, তাই হবে, আজই যাবে। সঙ্গে সঙ্গেই সে নিত্যকে ডাকিয়া বলিল, নিত্য, মাস্টার মশায়কে ডাক্ তো। রতনদি, তুমি একবার আলোটা ধরো তো ভাই, আয়রন-চেস্টটা খুলতে হবে।

টেবিলের উপর রেশমী নীলাভ শেড দেওয়া একটি টেবিল-ল্যাম্প জ্বলিতেছিল। শিবনাথ স্তব্ধ হইয়া বসিয়া পিসীমার কথাই ভাবিতেছিল। কিন্তু চিন্তার মধ্যে একটি ধারাবাহিকতা ছিল না। থাকিয়া থাকিয়া চঞ্চল হইয়া ব্যগ্র চকিত দৃষ্টিতে সম্মুখের দুয়ারের দিকে চাহিয়া দেখিতেছিল।—গৌরী আসিবে। কথাটা মনে করিবামাত্র দেহের শিরায় শিরায় এক শিহরণ ছুটিয়া চলিতেছে।

ঝুনঝুন, খসখস—একটা শব্দ সিঁড়ির উপর বাজিয়া উঠিতেই অস্থির উত্তেজনায় শিবনাথ উঠিয়া দাঁড়াইল। সকল স্মৃতি যেন বিস্মৃতির অন্ধকারের মধ্যে বিলুপ্ত হইয়া যাইতেছে। সমস্ত দৃষ্টির মধ্যে গৌরী এবং সে ছাড়া আর কাহারও যেন অস্তিত্ব পর্যন্ত নাই। পায়ের তলায় ধরিত্রী যেন দুলিতেছে, গৌরী এবং তাহাকে দোলা দেবার জন্যই যেন দুলিতেছে। অস্ফুট কণ্ঠে সে আবৃত্তি করিল,—"দে দোল—দোল, প্রিয়ারে আমার পেয়েছি আজিকে, ভরেছে কোল্! দে দোল—দোল!"

সেই মুহূর্তটিতেই শঙ্কিত সন্তর্পিত পদক্ষেপে গৌরী ঘরে প্রবেশ করিল, তাহার কাপড়ের মৃদু সেণ্টের গন্ধে শিবনাথের বুক ভরিয়া গেল, চুড়ির মৃদু শব্দে তাহার মনে সুর জাগিয়া উঠিল। টেবিল-ল্যাম্পের শিখাটা আরও বাড়াইয়া দিয়া সে গৌরীর দিকে চাহিল। সেই নীলাভ আলো মুখে মাখিয়া কিশোরী গৌরী শিবনাথের সম্মুখে দাঁড়াইল। তাহার পরনে নীলাম্বরী শাড়ি, গৌর-বর্ণ মসৃণ ললাটে একটি গাঢ় সবুজ মণিখণ্ডের মত কাচপোকার টিপ, চোখের কালো তারায় বিচিত্র দৃষ্টি। গৌরীর সব-অবয়বের মধ্যে এইটুকু শিবুর চোখে পড়িল।

গৌরীর ক্ষুদ্র বৃহৎ ত্রুটি-বিচ্যুতির গুরুতর অপরাধের কৈফিয়ত লইবার জন্য যে জাগ্রত কর্তব্য-জ্ঞান কঠোর তপস্বীর মত বিনিদ্র তপস্যায় মগ্ন ছিল, তাহার ধ্যান ভাঙিয়া গেল, মোহগ্রস্তের মত আত্মহারা হইয়া ঢলিয়া পড়িল। শিবনাথ অভিযোগ করিল না, সম্ভাষণ করিল না, নীরবে উঠিয়া দাঁড়াইয়া গৌরীকে বুকের মধ্যে টানিয়া লইল।

কতক্ষণ কাটিয়া গেল। পরস্পরের বাহুপাশে আবদ্ধ হইয়াই দুইজনে সোফাটার উপর ঘুমাইয়া পড়িয়াছিল। এক সময় হাতে একটা যন্ত্রণা অনুভব করিয়া শিবনাথ জাগিয়া উঠিল, গৌরীর খোঁপার একটি কাঁটা তাহার হাতের উপর বিঁধিবার উপক্রম করিয়াছে। ধীরে ধীরে গৌরীর মাথাটি সরাইয়া দিয়া সে হাতটা টানিয়া লইয়া আপন মনেই মৃদু হাসিল। সহসা তাহার মনে হইল বারান্দায় কে ঘুরিয়া বেড়াইতেছে!

আপন অভ্যাসমত ভ্রূকুঞ্চিত করিয়া সে প্রশ্ন করিল, কে?

বারান্দা হইতে শৈলজা-ঠাকুরানীর কণ্ঠস্বর শুনিয়া শিবু চমকিত হইয়া উঠিল, তিনি প্রশ্ন করিলেন, দেখ্ তো বাবা, কটা বাজল? রাত তিনটে কি বাজে নি এখনও?

শিবু ঘড়িতে দেখিল, সবে বারোটা বাজিতেছে। সে বলিল, এই সবে বারোটা, এখনও অনেক দেরি, শোও গিয়ে এখন।

শৈলজা দেবী গিয়া বিছানায় শুইলেন। কিন্তু আবার কি মনে করিয়া উঠিয়া বসিয়া জপ করিতে আরম্ভ করিলেন।

রাত্রি তিনটার গাড়িতে শৈলজা-ঠাকুরানী কাশী রওনা হইয়া গেলেন। শিবনাথ সঙ্গে সঙ্গে স্টেশন পর্যন্ত গিয়া তাঁহাকে ট্রেনে তুলিয়া দিল।

শেষরাত্রির অন্ধকারে কাহারও মুখ স্পষ্ট দেখা যাইতেছিল না, তবু প্রণাম করিয়াও শিবু নত মাথা তুলিল না, বলিল, পিসীমা!

পিসীমা তাহার চিবুক স্পর্শ করিয়া বলিলেন, অন্যায়-অধর্মকে কখনও আশ্রয় করো না বাবা।

গাড়ির বাঁশি বাজিল।

পঁচিশ

কয়দিন পর। বেলা তখন প্রায় আটটা। শিবনাথ কাছারির বারান্দায় চিন্তান্বিত মুখে বসিয়া ছিল। সে ভাবিতেছিল পিসীমার কথা। কাজটা কি ভাল হইল? পরদিন প্রভাত হইতেই সে কথাটা ভাবিতেছে। এ চিন্তার হাত হইতে কোনক্রমেই যেন নিস্তার নাই। পিসীমার অভাব যে আজ চারিদিকে পরিস্ফুট হইয়া উঠিয়াছে। সমস্ত বাড়িখানার গতিধারাই যেন পালটাইয়া গিয়াছে। আর তাহার মনে এ কি কঠিন আত্মগ্লানি! তাঁহার মাথা হেঁট হইয়া পড়ে। গৌরী ও পিসীমার মধ্যে এমন নির্লজ্জ অকৃতজ্ঞতার সহিত গৌরীকে বড় করিয়া তুলিল কি করিয়া? কিন্তু পিসীমাও যে গৌরীকে কোনমতেই সহ্য করিতে পারিলেন না। গৌরীকেই বা বিসর্জন দিবে সে কোন্ ধর্ম, কোন্ নীতি অনুসারে?

রাখাল সিং আসিয়া তাহার এই চিন্তায় বাধা দিয়া বলিলেন, একটা যে মুশকিল হয়েছে বাবু।

মুশকিল!—বিস্মিত হইয়া শিবনাথ রাখাল সিংয়ের মুখের দিকে চাহিয়া প্রশ্ন করিল, কি মুশকিল?

মাথা চুলকাইয়া রাখাল সিং বলিলেন, মানে, এই একটা অস্থাবর—বাকি সেসের সার্টিপিট এসে গিয়েছে।

সেসের সার্টিফিকেট? সেস কি আমাদের দাখিল করা হয় নি?

আমাদের, আজ্ঞে, সেই সমস্ত পাই-পয়সা মিটিয়ে দেওয়া আছে।

তবে?

মানে, এ আপনার শরিকান মহলের সেস, অন্য কোন শরিক বাকি ফেলেছে আর কি। আর সার্টিপিট আপিসের ব্যাপার তো, দিয়েছে উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে চাপিয়ে।

হুঁ। কত টাকা লাগবে? দিয়ে দিন তা হলে।

আবার রাখাল সিং মাথা চুলকাইতে চুলকাইতে বলিলেন, মানে, সেই তো হয়েছে মুশকিল। লাগবে আপনার একশো বারো টাকা পাঁচ আনা তিন পাই। তা, মজুত তো এত হবে না।

শিবনাথ চমকিয়া উঠিল, সে কি, সামান্য একশত বারো টাকা পাঁচ আনা তিন পাইও তাহার ঘরে জমা নাই? এমন কথা তো স্বপ্নেও সে ভাবিতে পারে নাই।

রাখাল সিং বলিলেন, মানে, এস্টেটে টাকা দাঁড়াতে সময় পেলে কই? এই ধরুন আপনার বিয়েতে মোটা টাকা খরচ গেল, তারপর আপনার মায়ের শ্রাদ্ধে তিন হাজারের ওপর খরচ। আর যুদ্ধের বাজার, এক টাকার জিনিসের দাম তিন টাকা হয়েছে। খরচ বেড়েছে তিন গুণ, আয় আপনার সেই একই। আবার সেদিন পিসীমা গেলেন, তাঁর জন্যে দেওয়া হয়েছে একশো টাকা।

হুঁ, তা হলে উপায়?

গোটা পাঁচেক টাকা ঘুষ দিয়ে ফিরিয়ে দিই আজকে।

চকিতের মধ্যে শিবনাথের একটা পরিবর্তন ঘটিয়া গেল, মুহূর্তে তাহার চিন্তান্বিত বিমর্ষতা কোথায় চলিয়া গেল, আত্মচেতনার গাম্ভীর্যে তাহার সর্বাঙ্গ যেন জাগ্রত হইয়া উঠিল, মাথা তুলিয়া রাখাল সিংয়ের মুখের দিকে উষ্ণ দৃপ্ত দৃষ্টিতে চাহিয়া বলিল, না।

সে দৃষ্টিতে রাখাল সিং সঙ্কুচিত হইয়া চুপ করিয়া গেলেন। শিবনাথ আবার চিন্তান্বিতভাবে সম্মুখের দিকে দৃষ্টি ফিরাইল। সহসা খামার-বাড়ির ধানের মরাইগুলি তাহার চোখে আজ এক বিশিষ্ট রূপ লইয়া যেন ধরা দিল। ওই তো! ওই তো স্তূপীকৃত সম্পদ খড়ের আবরণের তলে সঞ্চিত হইয়া রহিয়াছে। সে স্বস্তির নিশ্বাস ফেলিয়া বলিল, ধান বেচে ফেলুন দেড়শো—দেড়শো কেন, দুশো টাকার।

মাথা চুলকাইয়া রাখাল সিং বলিলেন, ধান!

হ্যাঁ।

কিন্তু এ বছরের গতিক তো বেশ ভাল্ল নয়, ওদিকেও দু বছর ধান তেমন সুবিধে হয় নি। মানে, এখন কার্তিক মাসে জল না হলে আবার—। সঙ্কোচে তিনি কথা শেষ করিতে পারিলেন না।

শিবনাথ এবার বিরক্ত হইয়া উঠিল, সকাল অবধি পর পর বিমর্ষ বিষণ্ণ চিন্তার ভারে তাহার মন ভারাক্রান্ত হইয়া উঠিয়াছে, এ ভারের লাঘব হইলে সে বাঁচে। তাই ভবিষ্যতের ভাবনায় সদ্য-উদ্ভাবিত উপায়টিকে নাকচ করার প্রস্তাবে সে বিরক্ত না হইয়া পারিল না, তবুও যথাসাধ্য সে ভাব গোপন করিয়া বলিল, যদিগুলো এখন বাদ দিন সিং মশায়; ভবিষ্যতে কি হবে, না হবে, সে ভাবনা এখন থাক। এখন যা বলছি, তাই করুন।

রাখাল সিং আর প্রতিবাদ না করিয়া চলিয়া গেলেন। সদ্য এই উদ্বেগকর চিন্তাটা হইতে নিস্তার পাইয়া শিবনাথ আবার পিসীমার কথা ভাবিতে বসিল। পিসীমার অভিমান-ত্রুটি বৈশাখের অপরাহ্ণের মেঘের মত পরিধিতে ধীরে ধীরে তাহার মানসলোকে বাড়িয়া উঠিতেছিল। কিন্তু তবুও কেমন একটি বিমর্ষ উদাস ভাবের আচ্ছন্নতা হইতে সে কোন রূপেই আপনাকে মুক্ত করিতে পারিল না। সংক্রামক রোগের ছোঁয়াচ লাগিলে গঙ্গাস্নানে শুচি হইয়াও যেমন তাহার প্রভাব অতিক্রম করা যায় না, তেমনই ভাবেই ওই চিন্তার বীজ তাহার

অন্তরে সংক্রামিত হইয়া বাসিয়াছিল, উদাসীন বিমর্ষতা তাহার প্রভাব, কোনরূপেই সে প্রভাবকে কাটানো যায় না।

কিছুক্ষণ পরেই রাখাল সিং আবার আসিয়া দাঁড়াইলেন, তাঁহার পিছনে গ্রামেরই একজন ধান-চালের কারবারী। লোকটি হেঁট হইয়া শিবনাথকে একটি নকস্কার বা প্রণাম জানাইল। রাখাল সিং বলিলেন, তা হলে—

শিবনাথ তাঁহার অসমাপ্ত কথা বুঝিয়া লইয়া বলিল, হ্যাঁ, দিয়ে দিন ধান।

মাথা চুলকাইয়া রাখাল সিং বলিলেন, মানে, দর ঠিক হল তিন টাকা।

বেশ।

ব্যবসায়ী বলিল, সে আপনি বাজার যাচাই করে দেখুন কেনে। এক পয়সা কম বলে থাকি তু পয়সা বেশি দোব আমি। সে জুয়োচ্চুরি কেষ্টগতির কুষ্টিতে লেখে নাই। কেউ যদি সে কথা প্রমাণ করতে পারে তো পঞ্চাশ জুতো খাব আমি।

ঈষৎ হাসিয়া শিবনাথ বলিল, তুমি খেতে চাইলেও আমি সে মারতে পারব না দত্ত। আর যাচাই করবার দরকার নেই। কাজ সেরে নাও।

দত্ত তৎক্ষণাৎ বসিয়া পড়িয়া কাপড়ের খুঁট খুলিতে খুলিতে বলিল, টাকাটা গুনে নিন, টাকা আমি নিয়েই এসেছি। এদিকের কাজ আপনার মিটে যাক, তারপর ধান নোব আমি। গাড়ি বস্তা নিয়ে আমি আসছি।

রাখাল সিং টাকাগুলি গুনিয়া বাজাইয়া লইতে আরম্ভ করিলেন। দত্ত বলিল, আমার বাবু, ঝাড়া-ঝাপটা কাজ; টাকা আমার আগাম, জিনিস বরং তু দিন পরে হয়, তাও আচ্ছা। কেউ যে বলবে, ওই ব্যাটা কেষ্টগতির কাছে একটা পয়সা পাব, সে কাজ করা আমার কুষ্টিতে লেখে নাই। তা হলে পেনাম। আমি আসছি লোকজন বস্তা গাড়ি নিয়ে। আবার তেমনই একটি প্রণাম করিয়া দত্ত চলিয়া গেল।

অস্থাবরের টাকা মিটাইয়া দেওয়া হইল, রসিদ লওয়া হইল। মিটিয়া গেলে সার্টিফিকেট-বাহী পিয়নটা লম্বা সেলাম করিয়া বলিল, হুজুর, আমার পাওনাটা হুকুম করে ছান।

সবিস্ময়ে শিবনাথ বলিল, তোমার পাওনা?

আবার একটা সেলাম করিয়া সে বলিল, হুজুরের দরবারে আমার বকশিশ থোড়াথুড়ি পেয়ে থাকি।

শিবনাথ সবিস্ময়ে লোকটাকে দেখিতেছিল, লোকটার এক চোখ কানা, লোকটা যেমন বিনীত, তেমনই যেন ক্রুর। অদ্ভুত লোক! তবুও সে তাহার নিবেদন অগ্রাহ্য করিল না, বলিল, ওকে একটা টাকা দেবেন সিং মশায়।

ধান বিক্রয় শেষ হইতে বেলা প্রায় একটা বাজিয়া গেল। শিবনাথ বাড়ির মধ্যে আসিয়া জামা খুলিবার জন্য উপরের ঘরে প্রবেশ করিল। জামা খুলিয়া উদাস ভাবেই সে দোতলার খোলা জানালা দিয়া বাহিরের দিকে চাহিয়া দাঁড়াইয়া রহিল, তাহার জীবনের গতিবেগ ওই

বিমর্ষ উদাসীনতার মধ্যে সমাহিত হইয়া পড়িয়াছে। শেষ শরতের আকাশ গাঢ় নীল, কোথাও এক ফোঁটা মেঘের চিহ্ন নাই। সাধারণ শরৎ-রৌদ্রের চেয়ে রৌদ্র যেন প্রখরতর হইয়া উঠিয়াছে। কচি কচি গাছগুলির পাতা ম্লান শিথিল হইয়া ভাঙিয়া পড়িয়াছে। গৌরী এক গ্লাস শরবত লইয়া ঘরে প্রবেশ করিল। শরবতের গ্লাসটি শিবনাথের দিকে অগ্রসর করিয়া দিয়া বলিল, হ্যাঁগা, ধান বিক্রি করলে কেন বল তো? ছি, ধান বিক্রি করে তো চাষাতে!

কথাটা তীরের মত শিবনাথের অন্তরে গিয়া বিদ্ধ হইল। সচকিত হইয়া সে গৌরীর মুখের দিকে চাহিয়া দেখিল, অবজ্ঞার সুস্পষ্ট অভিব্যক্তি রেখায় রেখায় তাহার মুখে ফুটিয়া উঠিয়াছে। তবুও সে আত্মসম্বরণ করিয়া বলিল, হঠাৎ টাকার কিছু দরকার হয়ে পড়ল; একটা সেসের সার্টিফিকেট এসে পড়েছিল।

সবিস্ময়ে গৌরী প্রশ্ন করিল, সে আবার কি?

গবর্মেণ্টকে জমিদারির খাজনার সঙ্গে সেস দিতে হয়। সেই সেস বাকি পড়লে গবর্মেণ্ট অস্থাবর করে টাকা আদায় করে।

অস্থাবর? যাতে ঘটি-বাটি বিক্রি করে নিয়ে যায়?

হ্যাঁ। কিন্তু টাকা দিলে আর নিয়ে যায় না।

তোমাদের নামে অস্থাবর এসেছিল? ঘটি-বাটি নিলেম করতে এসেছিল?—গৌরীর কণ্ঠস্বরের ভঙ্গিমায় হতাশা, অবজ্ঞা, ক্রোধের সে এক বিচিত্র সংমিশ্রণ! পরমুহূর্তেই গৌরী কাঁদিয়া ফেলিল। শিবনাথ লজ্জায় মাথা হেঁট না করিয়া পারিল না। শুধু লজ্জাই নয়, গৌরীর মুখের দিকে চাহিয়া সে শিহরিয়া উঠিল।

মানব-জীবনের মজ্জাগত জীবনধর্মের প্রেরণায়, শিরায় শিরায় ফাটিয়া-পড়া শোণিতকণার উষ্ণ আবেগে, যৌবন-স্বপ্নের মোহময় দৃষ্টিতে, নীলাভ আলোর প্রভায় গৌরীকে মনে হইয়াছিল ফুলের মত কোমল সুন্দর, কিন্তু আজ দিনের পরিপূর্ণ আলোকে শিবনাথ গৌরীকে দেখিয়া শঙ্কিত বিস্ময়ে চকিত হইয়া উঠিল। গৌরীর মুখে চোখে, শিবনাথের মনে হইল, তাহার সর্বাঙ্গে দন্তের উগ্রতা ক্ষুরের ধারের নিষ্ঠুর হাসির মত বিচ্ছুরিত হইতেছে। রাত্রিতে তাহার যে মসৃণ ললাটে আলোর প্রতিবিম্ব ঝলমল করিতেছিল, দিবালোকে শিবনাথ দেখিল, বিরক্তির কুঞ্চনরেখা সেখানে আত্মপ্রকাশ করিয়াছে। রাত্রিতে তাহার যে অধরকোণে আবেগময় হাসি দেখিয়া পৃথিবী ভুলিয়াছিল, প্রভাতে শিবনাথ সেই অধরপ্রান্তে তীক্ষ্ণ শ্লেষের বাঁকানো হাসির মধ্যে ছুরির ধারের শাণিত দীপ্তি দেখিয়া শিহরিয়া উঠিল।

খাওয়া-দাওয়ার পর গৌরী বলিল, দেখ, এক কাজ কর। দাদা আমাকে বলে গেছে, মামাদের আপিসে তুমি চাকরি কর, তুমি লিখলেই দেবে। আপিসে চাকরি করে ব্যবসা শিখে পরে তুমি নিজে ব্যবসা করবে। কিন্তু এখনই যদি ব্যবসা কর, মামারা টাকা দেবে, তারপর তুমি শোধ দিও।

শিবনাথ চুপ করিয়া রহিল; সে নীরবে ভাবিতেছিল কমলেশ ও রামকিঙ্করবাবুর কথা।

তাহার মনে পড়িয়া গেল, তাহারই বাড়িতে দাঁড়াইয়া রামকিঙ্করবাবুর ক্রোধের রক্তবর্ণ মুখচ্ছবি-কলিকাতার ফুটপাথে দাঁড়াইয়া তাঁদের সে ক্রুদ্ধ ভঙ্গিমা, কমলেশের সেদিনের গল্প—কয়লার ব্যবসায়ে লক্ষ লক্ষ টাকা উপার্জন হইবে। প্রত্যেকটি স্মৃতি তাহার মনে কাঁটার মত বিঁধিতেছিল।

গৌরী আবার বলিল, কথা কইছ না যে?

ম্লান হাসিয়া শিবনাথ বলিল, ভেবে দেখি।

এর আবার ভাববে কি? চাকরি করবে, রোজগার হবে, এতে ভাববার কি আছে?

শিবনাথ রক্তিমমুখে এবার বলিল, দাসখত লেখবার আগে ভেবে দেখতে হবে বইকি। অন্তত যার পায়ে লিখতে হবে, তার সম্বন্ধেও তো বিবেচনা করতে হবে।

গৌরীর মুখ-চোখও লাল হইয়া উঠিল। সে বলিল, কেন তুমি আমার আত্মীয়স্বজনদের হেয় কর বল দেখি?

শিবু দৃঢ়স্বরে বলিল, না, হেয় আমি করি নি। তা ছাড়া আরও একটা কথা তুমি জেনে রাখ, আমার জীবনে অর্থ উপার্জনটাই সবচেয়ে বড জিনিস নয়। তার চেয়ে বড কাজ আমি করতে চাই।

গৌরী আশ্চর্য হইয়া গেল, কথাটা সম্পূর্ণ সে বুঝিতেও পারিল না, কিন্তু উত্তপ্ত অন্তর লইয়া নিরুত্তর হইয়াও সে থাকিতে পারিল না, বলিল, তাই বলে, তোমার হাতে পড়ে আমাকে সুদ্ধু পথে পথে ভিক্ষে করতে হবে নাকি?

শিবনাথ গম্ভীরভাবে বলিল, ভিক্ষে করতে হলে আমিই করে নিয়ে এসে তোমাকে খাওয়াব। ভয় নেই, তোমাকে ভিক্ষে করতে হবে না।

ক্রুদ্ধা গৌরী মুখ বাঁকাইয়া উঠিল, থাক, আমার জন্য তোমায় ভাবতে হবে না। আমার ব্যবস্থা আমার মা-বাপেই করে গেছেন। তোমার নিজের কথা তুমি ভাব।

শিবনাথ নির্বাক হইয়া ক্রুদ্ধ বিস্ময়ে গৌরীর দিকে পলকহীন দৃষ্টিতে চাহিয়া রহিল।

দুর্জয় ক্রোধে সে অধীর হইয়া উঠিতেছিল, কিন্তু আপনাকে হারাইয়া ফেলিবার পূর্বে সে স্থান ত্যাগ করিয়া বাহিরে চলিয়া গেল।

কাছারি-বাড়িতে আসিয়া সে অসুস্থের মত বসিয়া পড়িল। অবরুদ্ধ ক্রোধ তাহার মাথার মধ্যে যেন আগুনের মত জ্বলিতেছে। সতীশ চাকর আসিয়া সেই মুহূর্তে ঘরে প্রবেশ করিল; শিবনাথ ক্রোধে জ্বলিয়া উঠিল, অত্যন্ত রূঢ় কঠোর স্বরে সে বলিল, কি? কে তোকে ঘরে আসতে বললে?

সতীশ সভয়ে খান দুই চিঠি ও খবরের কাগজ প্রভুর সম্মুখে রাখিয়া দিয়া বলিল, আজ্ঞে, ডাক এসেছে।

ডাক! আত্মসম্বরণ করিয়া শিবনাথ চিঠি ও কাগজখানা তুলিয়া লইল; সতীশ পলাইয়া বাঁচিল। চিঠি দুইখানা সদর হইতে উকিল দিয়াছেন। সেগুলো একপাশে সরাইয়া রাখিয়া

সে কাগজখানা খুলিয়া বসিল।

উঃ, পশ্চিম-সীমান্তে নিউপোর্ট ইপ্রেস মার্নে বেল্‌ফোর্ট ভার্দুন হইয়া ছয় শত মাইলব্যাপী যুদ্ধ চলিয়াছে। প্যারিসের অনতিদূরে জার্মান সৈন্য খুঁটি গাড়িয়া বসিয়াছে। ওদিকে পূর্ব-সীমান্তে প্রায় শত শত মাইল বিস্তৃত যুদ্ধক্ষেত্র। লক্ষ-লক্ষ মানুষের প্রাণ, প্রত্যেক জাতির সমগ্র ধনভাণ্ডার জাতীয় গৌরব-রক্ষার্থে নিয়োজিত হইয়াছে। ভারতবর্ষ হইতে ভারতীয় সৈন্য প্রেরণের পরিপূর্ণ আয়োজন চলিতেছে।

শিবনাথ কাগজ হইতে মুখ তুলিয়া আকাশের দিকে চাহিল। জাতীয় গৌরব! জাতি—দেশ, জন্মভূমি! অকস্মাৎ জীবনে যেন একটা পটপরিবর্তন হইয়া গেল। জীবনের আকাশে কামনার কালবৈশাখীর কালো মেঘে সমস্ত আবৃত হইয়া গিয়াছিল, সে ধেঘ কাটিয়া যাইতেই আবার দেখা দিল সেই আকাশ, তাহার সকল জ্যোতিষ্কমণ্ডলী। মনের মধ্যে সুপ্ত বিস্মৃতপ্রায় কামনা আবার তাহার জাগিয়া উঠিল, দেশের স্বাধীনতা।

কিন্তু পথ? পথ কই? রক্তাক্ত পথের কথা মনে জাগিয়া উঠিতেই সে শিহরিয়া উঠিল। তাহার মনে পড়িয়া গেল, সেইদিনের সেই ঘটনার কথা, অতি সাধারণ আকৃতির এক মহাপুরুষের কথা; সঙ্গে সঙ্গে তাহার মনে পড়িয়া গেল মাকে। গভীর চিন্তায় আচ্ছন্নের মত বসিয়া থাকিতে থাকিতে সে বাহির হইয়া পড়িল। গ্রাম ছাড়াইয়া মাঠের মধ্য দিয়া সে সেই কালীমায়ের আশ্রমের দিকে চলিয়াছিল। সরু আল-পথের দুই দিকে ধানের জমি; প্রায় কোমর পর্যন্ত উঁচু ধানগাছে মাঠ ভরিয়া উঠিয়াছে। সহসা একটানা একটা সোঁ সোঁ শব্দে আকৃষ্ট হইয়া সে থমকিয়া দাঁড়াইল। কোথায় এ শব্দ উঠিতেছে? কিসের শব্দ? তীক্ষ্ণ দৃষ্টিতে গভীর মনঃসংযোগ করিয়া সে আবিষ্কার করিল, শব্দ উঠিতেছে জমিতে, অনাবৃষ্টিতে রৌদ্রের প্রখর উত্তাপে জমির জল শুকাইয়া যাইতেছে, মাটি ফাটিতেছে।

উঃ, তৃষ্ণার্ত মাটি হাহাকার করিতেছে! মাটি কথা কহিতেছে! মাটি—মা—দেশ—জন্মভূমি কথা কহিতেছেন! চোখ তাহার জলে ভরিয়া উঠিল। হ্যাঁ, কথাই তো কহিতেছেন। সে যেন সত্যই প্রত্যক্ষ করিল মৃত্তিকার আবরণের তলে জাগ্রত ধরিত্রী-দেবতাকে। চোখের সম্মুখে সূতার মত ফাটলের দাগগুলি ক্রমশ মোটা হইয়া সুদীর্ঘ রেখায় অগ্রসর হইয়া চলিয়াছে। শস্যগর্ভা ধানের গাছের দীর্ঘ পাতাগুলি ম্লান হইয়া মধ্যস্থলে যেন ভাঙিয়া পড়িয়াছে। লক্ষ্মী দেহত্যাগ করিতেছেন।

এ ধ্যানও তাহার ভাঙিয়া গেল একটা আকস্মিক কোলাহলে। দৃষ্টি তুলিয়া সে দেখিল, সম্মুখেই কিছু দূরে দুইটা লোকের মধ্যে ক্রুদ্ধ বাক্যবিনিময় হইতেছে। সহসা একজন অপরের গালে সজোরে একটা চড় মারিয়া বসিল। সঙ্গে সঙ্গে প্রহৃত লোকটা কি একটা উদ্যত করিল। শিবনাথ দূর হইতেও বেশ বুঝিল, সেটা কোদালি। সে চিৎকার করিয়া উঠিল, এই এই এই! সঙ্গে সঙ্গে নিজেও ছুটিয়া সেই দিকে অগ্রসর হইল। তাহার চিৎকারে ফল হইল, বিবদমান লোক দুইটি তাহাকে চিনিয়া পরস্পরের দিকে আক্রোশভরা দৃষ্টিতে চাহিয়া নিরস্ত হইয়া দাঁড়াইয়া রহিল।

শিবনাথ আসিয়াই বলিল, সর্বনাশ! করছ কি? খুন হয়ে যেত যে এখুনি।

লোক দুইটি উভয়েই চাষী; শিবনাথকে দেখিয়া তাহারা দুই জনেই ঈষৎ সরিয়া দাঁড়াইল; প্রহৃত ব্যক্তিটি বলিয়া উঠিল, আপনি তো দেখলেন বাবু, ওই তো আমাকে আগুতে চড়িয়ে দিলে! ব্যাটার বাড় দেখেন দেখি!

অপরজন বলিয়া উঠিল, মারব না? আমার জল চুরি করে ঘুরিয়ে নিলি কেনে?

জল তোর বাবার? আমার ধান মরে যাবে, আর লালার জল ও একলা লেবে!

পাশেই একটি নালায় ঝরনার জল অতি ক্ষীণ ধারায় বহিয়া চলিয়াছে, সেই জল লইয়া ঝগড়া। লোকটা তখনও বলিতেছিল, আমার গদগদে থোড়ওয়ালা ধান শুকিয়ে মরে যাবে, আর ওর ধান একা শিষ দুলিয়ে পেকে ঢলে পড়বে! লোকটি অকস্মাৎ কাঁদিয়া ফেলিল।

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল, আচ্ছা, মাঠে জল দেবার কি কোনও উপায় নেই?

চোখ মুছিতে মুছিতে লোকটি বলিল, আজ্ঞে, দেবতার জল না হলে কি পৃথিবীর শোষ মেটে? তবে আপনকারা দয়া করলে কিছু কিছু বাঁচে। পুকুরের জল যদি ছেড়ে দ্যান আপনকারা।

আমাদের পুকুর?

আজ্ঞে না। এ মাঠে আপনকাদের পুকুরের জল আসবে না; তবে সব বাবুরাই আপন আপন পুকুরের জল ছেড়ে দ্যান তো সব মাঠই কিছু কিছু বাঁচবে।

শিবনাথ তাহাদের আশ্বাস দিয়া কলহ করিতে নিরস্ত করিয়া বাড়ির দিকে ফিরিল। পথের দুই ধারের জমি হইতে একটা সোঁ-সোঁ শব্দ নির্জন প্রান্তরের বায়ুস্তরের মধ্যে মিলাইয়া যাইতেছে। মাঠ শেষ হইল, শুষ্ক শস্যহীন পতিত ডাঙাটায় ধূলা উড়িতে আরম্ভ করিয়াছে। প্রান্তরের পর গ্রাম আরম্ভ হইল, মানুষের বসতির কলরব ছাড়া আর কিছু শোনা যায় না। কিন্তু শিবনাথের কানে তখনও যেন ধ্বনিত হইতেছিল ওই সোঁ-সোঁ শব্দ; জল চাহিতেছেন, মৃত্তিকাময়ী মা—সুজলা সুফলা মলয়জশীতলা তৃষ্ণায় চৌচির হইয়া ফাটিয়া যাইতেছেন।

কাছারি-বাড়িতে আসিয়া সে ডাকিল, সিং মশায়!

সেরেস্তা-ঘরে বসিয়া রাখাল সিং কাগজ লিখিতেছিলেন, শিবনাথের ডাক শুনিয়া চশমাটা নাকের ডগায় টানিয়া দিয়া ভ্রূ ও চশমার ফাঁকের মধ্যে দিয়া দৃষ্টি প্রসারিত করিয়া আসিয়া দাঁড়াইলেন, আমাকে বলছেন?

হ্যাঁ। কেষ্ট সিংকে ডাকুন, এখানকার মহলে ঢোল দিয়ে দিন, আমাদের যত পুকুর আছে, সমস্ত পুকুরের জল আমরা ছেড়ে দোব। কিন্তু তারা মারামারি করতে পারবে না, একটা করে পঞ্চায়েত করে দিন, তারাই জল ভাগ করে দেবে।

রাখাল সিং বিস্ময়ে চোখ দুইটা বিস্ফারিত করিয়া বলিলেন, সে কি!

হ্যাঁ, মাটি ফাটছে, চৌচির হয়ে গেল। ধান বাঁচবে না।

কিন্তু বহু টাকার মাছ নষ্ট হবে যে!

উপায় নেই। মাছ মরে, আবার হবে। মাটি ফেটে যাচ্ছে। ধান মরে গেলে মানুষ বাঁচবে না।

কত টাকার মাছ নষ্ট হবে, জানেন?

জানি না। কিন্তু জল দিতেই হবে। অন্যান্য মহলেও লোক পাঠিয়ে দিন; যেখানে যত পুকুর আছে আমার, মহল বে-মহল যেখানে হোক জল ছেড়ে দেওয়া হবে।

শিবনাথ বাড়ির মধ্যে চলিয়া গেল। দ্বিপ্রহরের মনের গ্লানি নিঃশেষে মুছিয়া গিয়াছে। রাখাল সিং আপন মনেই ঘাড় নাড়িয়া বলিলেন, উঁহু, বে-মহলে ছেড়ে দোব কেন? কিসের গরজ আমাদের? মহলে বরং —তাও প্রজারা সব কড়ার করুক যে, খাজনাটি ঠিক দেবে, তবে দোব। দেওয়া উচিতও বটে, রাজধর্মও বটে। কি বল হে কেষ্ট?

কেষ্ট বলিল, কি বলব, মশায়? হুকুম তো শুনলেন? সহসা সে দারুণ আক্ষেপভরে বলিয়া উঠিল, সায়েবের এক-একটা মাছ বারো সের চোদ্দ সের—আধ মণ পর্যন্ত কাতল দু-চারটে আছে।

রাখাল সিং বলিলেন, ক্ষেপেছ তুমি, সায়েবের মাছের জল না রেখে আমি জল দোব! সে করতে গেলে চাকরি আমি ছেড়ে দোব।

গৌরী বিছানায় চুপ করিয়া শুইয়া ছিল। শিবনাথ ঘরে ঢুকিয়া হাসিয়া বলিল, কি রকম, এখনও শুয়ে রয়েছ যে?

নির্লিপ্তভাবে গৌরী উত্তর দিল, আছি।

একটু চা করে দেবে?

বল না বামুন ঠাকুরুনকে, কি নিত্যকে।

তুমিই বলে দাও। আমি আর পারি না, যেন স্নান করে উঠেছি।

বিছানা ছাড়িয়া গৌরী বলিল, যাওয়া হয়েছিল কোথায় এই রোদের মধ্যে?

মাঠে—বলিতে বলিতেই আবেগে শিবনাথের বুক ভরিয়া উঠিল, সে বলিল, জানো গৌরী, মাঠে গিয়ে আশ্চর্য হয়ে গেলাম, মনে হল, মাটি যেন কথা কইছে, জল শুকিয়ে মাঠের জমি ফেটে চৌচির হয়ে যাচ্ছে। মানুষ যেমন তেষ্টায় হা-হা করে, মাঠের মাটির মধ্যে তেমনই শব্দ অবিরাম উঠছে!

গৌরী বলিল, আমরা তো আমরা, আমাদের চৌদ্দপুরুষে এমন কথা কখনও শোনে নি।—বলিয়া সে বাহিরে যাইবার উপক্রম করিল। শিবনাথ ক্ষুণ্ণ হইলেও বুঝিল, এটুকু গৌরীর অভিমান। সে খপ করিয়া তাহার হাত ধরিয়া বলিল, রাগ হয়েছে? শোনো শোনো।

না। আমরা সব ছোটলোক, ওসব বড় কথা আমরা বুঝি না। ছাড়ো, ছাড়ো, চা করে আনি। বলিয়া হাতটা সজোরে টানিয়া লইয়া চলিয়া গেল।

কিছুক্ষণ পর চায়ের কাপ লইয়া ফিরিয়া আসিয়া বলিল, আবার এ কি হুকুম হয়েছে?

সবিস্ময়ে শিবনাথ বলিল, কি ?

সমস্ত পুকুরের জল ছেড়ে দেবে নাকি ?

হ্যাঁ, বলেছি। তুমি মাঠের অবস্থা দেখ নি গৌরী—

মুখের কথা কাড়িয়া লইয়া অসহিষ্ণু গৌরী বলিল, দরকার নেই আমার দেখে। কিন্তু পুকুরের মাছ কি হবে শুনি ?

আবেগময় কণ্ঠে শিবনাথ বলিল, মানুষ মরে যাবে গৌরী, ধান না হলে মানুষ মরে যাবে।

কিন্তু মাছের যে টাকাটা লোকসান হবে, সে কে দেবে ?

লোকসান স্বীকার করতে হবে, না করে উপায় নেই। ধান না হলে দুর্ভিক্ষ হবে, আমরাও হয়তো খেতে পাব না।

বাবাঃ, তোমার ধানের চরণেও প্রণাম, তোমার জমিদারির চরণেও প্রণাম।

শিবনাথ চুপ করিয়া রহিল, এ কথার কোনও উত্তর দিল না। কিন্তু আবার তাহার মন ধীরে ধীরে অস্থির হইয়া উঠিতেছিল ; এইটুকু কিশোর বয়সে স্বার্থের এমন লোলুপতা দেখিয়া তাহার সমস্ত অন্তর দুঃসহ ক্ষুব্ধতার গ্লানিতে ভরিয়া উঠিল।

গৌরী আবার বলিল, এইজন্যে বলেছিলাম, চাকরি কর। চাকরি করলে কলকাতায় সুখে-স্বচ্ছন্দে আরামে থাকবে। আজ না জল নেই, কাল না ধান নেই, পরশু না অমুক নেই—এ ঝঞ্ঝাট পোয়াতে হবে না, এখানকার টাকা জমবে, অবস্থার উন্নতি হবে।

শিবনাথ দৃঢ়স্বরে বলিল, সে হবে না গৌরী, সে আশা তুমি ত্যাগ করো। এ মাটি ছেড়ে আমি কোথাও যেতে পারব না।

শিবনাথ নিজে দাঁড়াইয়া তাহার নিজের সমস্ত পুকুরের মুখ কাটাইয়া দিল। প্রত্যহ প্রভাতে ঘোড়ায় চড়িয়া গ্রামান্তরে ঘুরিয়া নিজের প্রত্যেকটি পুকুরের জল নিঃশেষে মাটির তৃষ্ণা নিবারণের জন্য ছাড়িয়া দিল। মাছ কিছু বিক্রয় হইল, অধিকাংশই নষ্ট হইয়া গেল। রাখাল সিং, কেষ্ট সিং চোখের জল না ফেলিয়া পারিল না। রাখাল সিং অনেক বিবেচনা করিয়া পিসীমাকে চিঠি লিখিলেন ; কিন্তু সে পত্রের জবাব আসিল না। শেষে তিনি চণ্ডীদেবীর গদিয়ান গোঁসাই-বাবাকে গিয়া ধরিলেন। গোঁসাই-বাবা বলিলেন, উ তো হামি পারবে না ভাই রাখাল সিং, দান-ধরমমে হামি বাধা কেমন করিয়ে দিবে দাদা ?

মাস্টার রতনবাবু আসিয়া মহা উৎসাহে শিঙ্গের সহিত কোমর বাঁধিয়া লাগিয়া গেলেন। বললেন, গ্রেট, গ্রেট, দিস ইজ রিয়েলি গ্রেট, আই অ্যাম প্রাউড অব হিম, আই অ্যাম হিজ টীচার !

রাখাল সিং বলিলেন, বাংলা করে বলুন মশায়, ইংরিজী-ফিংরিজী আমি বুঝি না।

রতনবাবু বলিলেন, এই হল বড় মানুষ, সত্যিকারের বড় মানুষ। আমি শিবুর শিক্ষক, আমার অহঙ্কার হচ্ছে।

রাখাল সিং কিছুক্ষণ তাঁহার মুখের দিকে চাহিয়া থাকিয়া বলিলেন, তবে তো আপনি খুব

বললেন, মশায়! কাপড় ফাটল আর ফুটল, ধোপার কি? সেই বিভ্রান্ত।—বলিয়া তিনি রাগ করিয়া স্থানত্যাগ করিয়া চলিয়া গেলেন।

শিবনাথের দৃষ্টান্তে আরও অনেকেই জল ছাড়িয়া দিলেন। কিন্তু ক্রোশ-ক্রোশব্যাপী শস্য-ক্ষেত্রের অনুপাতে সে জল কতটুকু! ঐরাবতের বুক-ফাটা তৃষ্ণার সম্মুখে গোষ্পদের জল কতটুকু!

সেদিন গ্রামান্তরে পুকুর কাটাইয়া দিয়া সে ফিরিতেছিল, বেলা তখন প্রায় আড়াইটা বাজিয়া গিয়াছে। শরীরের অপেক্ষা মন তাহার অধিক ক্লান্ত; হতাশার ভারে মন যেন মাটিতে লুটাইয়া পড়িতে চায়। ঘোড়াটাও মন্থর গমনে চলিয়াছিল, ক্ষুধায় তৃষ্ণায় শক্তিমান বাহনটিও ক্লান্ত হইয়া পড়িয়াছে। শিবনাথ শুনিল, দুই পাশের জমি হইতেই আবার সেই বোঁ-সোঁ শব্দ উঠিতেছে। সে আশ্চর্য হইয়া গেল, কাল এই সব জমিতে জল দেওয়া হইয়াছে! ইহার মধ্যে আবার তৃষ্ণা জাগিয়া উঠিয়াছে! সে দ্রুতবেগে ঘোড়াটা চালাইয়া দিল। বাড়িতে আসিয়া ঘোড়াটা ছাড়িয়া দিল ও কাছারির ভিতর দিয়া অন্দরের দিকে অগ্রসর হইল। সতীশ চাকর খানকয়েক চিঠি তাহার হাতে দিল, ডাকে আসিয়াছে।

একখানা তাহার মামার বাড়ির চিঠি। দ্বিতীয়খানা খুলিয়া দেখিল, লিখিয়াছেন গৌরীর দিদিমা। লিখিয়াছেন, গৌরী অনেকদিন গিয়াছে, তাহাকে একবার লইয়া আসিতে চাই। গৌরী লিখিয়াছে—তাহার শরীর নাকি খারাপ। অতএব ভায়াজীবন, গৌরীকে লইয়া অতি সত্বর তুমি এখানে আসিবে।

তাহার ভ্রূ কুঞ্চিত হইয়া উঠিল, গৌরী লিখিয়াছে, তাহার শরীর খারাপ! মনশ্চক্ষে সে গৌরীকে আপাদমস্তক তীক্ষ্ণ দৃষ্টিতে দেখিয়া লইল, গৌরীর রঙ অবশ্য একটু ময়লা হইয়াছে, কিন্তু স্বাস্থ্য যে পরিপূর্ণ নদীর মত ভরিয়া উঠিয়াছে! সে বাড়ির ভিতরে আসিয়া চিঠিখানি গৌরীর হাতে দিয়া বলিল, তোমার নাকি শরীর খারাপ?

উত্তপ্ত পরিশ্রান্ত শিবনাথের কথার সুরের মধ্যে জ্বালা যেন ফুটিয়া বাহির হইতেছিল। গৌরী এক মুহূর্ত নীরব থাকিয়া মাথা তুলিয়া বলিল, শরীর খারাপ লিখব না তো কি লিখব যে, এ রকম মহাপুরুষের কাছে আমি থাকতে পারছি না, তোমরা আমায় নিয়ে যাও?

কেন?—দুরন্ত ক্রোধে শিবনাথের মাথাটা যেন ফাটিয়া পড়িবার উপক্রম হইল।

কেন আবার কি? মহাপুরুষেরা আবার কোন্ কালে স্ত্রী নিয়ে ঘর-সংসার করে? তার চেয়ে আমার সরে যাওয়াই ভাল; তুমি কেন সংসার ছাড়বে?

বেশ। তা হলে কালই যাবে, মাস্টারমশায় তোমাকে রেখে আসবেন।—বলিয়া সে মাথায় তেল না দিয়াই স্নানের ঘরে ঢুকিল, রুক্ষ মাথার উপরে হুড়হুড় করিয়া ঠাণ্ডা জল ঢালিয়া ঢালিয়া সে আপন মনেই বলিল, আঃ!

পরদিন প্রাতঃকালের ট্রেনেই গৌরী রামরতনবাবুর সঙ্গে রওনা হইয়া গেল। শিবনাথ ট্রেনে তুলিয়া দিয়া আসিল, কিন্তু একটি কথাও বলিল না। গৌরীও ট্রেনের বিপরীত দিকে জানালা

দিয়া চাহিয়া রহিল, অবগুণ্ঠনের অন্তরাল হইতে একবারও শিবনাথের দিকে ফিরিয়া চাহিল না।

বাড়ি ফিরিয়াই শিবনাথ ঘোড়ায় চড়িয়া রওনা হইল।

কার্তিকের প্রারম্ভ, শেষরাত্রে শীতের আমেজ দেখা দিয়াছে, প্রভাতে শিশিরকণায় সমস্ত যেন ভিজা হইয়া থাকে। সূর্য দক্ষিণায়নে ক্রমশ দূর হইতে দূরান্তরে চলিয়াছেন, তবুও এবার রৌদ্রের প্রখরতা এখনও কমে নাই। প্রাতঃকাল অতিক্রান্ত হইতে না হইতেই রৌদ্রের মধ্যে যেন একটা জ্বালা ফুটিয়া উঠে, সে জ্বালার শোষণে মাটির বুকের রস নিঃশেষিত হইয়া শুষ্ক হইতে চলিয়াছে। দিগন্তপ্রসারী শস্যক্ষেত্রে শস্যশীর্ষগর্ভা ধান্যলক্ষ্মী নীরস ধরণীর বুকের উপর তৃষ্ণায় মৃতপ্রায় কিশোরী কন্যার মত এলাইয়া পড়িয়াছে। ধীরে ধীরে মৃত্যুর বিবর্ণতা কিশোরীর সর্বাঙ্গে সঞ্চারিত হইতেছে। মাঠ-জোড়া ধানগাছগুলির পাতার প্রান্তভাগ হলুদ হইয়াছে। তবুও উদ্গমোন্মুখ ধান্যশীষের একটি ক্ষীণ হৃদ্য গন্ধে প্রান্তরটা ভরিয়া উঠিয়াছে—ধান্যলক্ষ্মীর অঙ্গসৌরভ। আর কানে বাজিতেছে, মাঠজোড়া সোঁ-সোঁ শব্দ। তৃষ্ণায় মরণোন্মুখ কিশোরী কন্যার জন্য, আপন তৃষ্ণার জন্য ধরিত্রী জল চাহিয়া কাঁদিতেছেন।

গৌরীর এ শুনিবার কান নাই, এ দেখিবার চোখ নাই, এ বুঝিবার মন নাই। শিবনাথ সজল চক্ষে একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া অগ্রসর হইল।

ছাব্বিশ

ফাল্গুনের প্রথম।

মাঘ মাস না যাইতেই দেশ জুড়িয়া হাহাকার উঠিল। লক্ষ্মীর অপমৃত্যু ঘটিয়াছে, ধরিত্রীর বুক শুকাইয়া ফাটিয়া চৌচির হইয়া গিয়াছে। গত ভাদ্রের মাঝামাঝি বৃষ্টি হইয়াছিল, তাহার পর আজও পর্যন্ত একফোঁটা বৃষ্টি নাই, পুকুরের জল কার্তিক মাসে ধান সেচিতে নিঃশেষিত হইয়া গিয়াছে। পানীয় জলের পুষ্করিণী হিসাবে যে পুকুরগুলির জল ছাড়া হয় নাই, মানুষের সকল প্রয়োজনে তাহাই খরচ করিয়া করিয়া সে ভাণ্ডারও প্রায় ফুরাইয়া আসিল। মাঠ ইহার মধ্যে ধূ-ধূ করিতেছে, কোথাও সবুজের চিহ্ন নাই। জলের অভাবে রবি ফসল বোনা হয় নাই, ঘাস শুকাইয়া গিয়াছে, মাটির শুষ্কতায় গাছের পাতাও এবার মাঘ মাসেই ঝরিয়া গেল।

শিবনাথ ঘরের মধ্যে বসিয়া পড়িতেছিল। চারিদিকে রাশীকৃত বই, খাটের উপর রাত্রির বিছানা এখনও অপরিচ্ছন্ন অবস্থায় পড়িয়া আছে। ঘরখানার কোণে ঝুল, খাটের তলায় তলায় ধূলার একটা জমাট স্তর।

সে নিবিষ্টমনে পড়িতেছিল, The French people were divided into three classes or 'Estates', of which two, the clergy and the nobility, comprised fewer than 300,000 souls and were "privileged", while one, the

'Third Estate' comprised more than 20,000,000 and was, 'unprivileged.'

মাঠে মাঠে ঘুরিয়া সে দেশের ব্যবস্থা দেখিয়াছে, অসংখ্য পঙ্গপালের মত দীনদরিদ্র মানুষকে সে দেখিয়াছে, সর্বোপরি মাটির অন্তরাল হইতে ধরিত্রীদেবতার শুষ্ক কণ্ঠের তৃষিত হাহাকার সে শুনিয়াছে। এই দুঃখের প্রতিকার খুঁজিয়া সে সারা হইয়া গেল, দেশদেশান্তরের ইতিহাসের মধ্য হইতে প্রতিকারের উপায় খুঁজিতেছিল। বার বার সে এই ফরাসী-বিপ্লবের ইতিহাস পড়িয়া থাকে। নিরুপায় হতাশার মধ্যে মনে যেন সান্ত্বনা পায়। আরও একটু অগ্রসর হইয়া সে পড়িল, **It has been estimated that in the eighteenth century a French peasant could count on less than one fifth of his income for the use of himself and family ; four fifth went in taxes to the king, in tithes to the clergy, and in rents and dues to the noblility.**

পাড়ায় কোথায় একটা সোরগোল উঠিতেছে, খুব ব্যস্ত কর্মতৎপরতার সাড়ার মত। অভ্যাসবশে বাহিরের কোলাহলে আর শিবনাথের মনোযোগ ভ্রষ্ট হয় না। একটা ধ্যানযোগ তাহার যেন অভ্যাস হইয়া গিয়াছে। তবুও ওই সোরগোলটা আজ তাহার মনোযোগ আকৃষ্ট করিল, চকিতের মত একখানা নিমন্ত্রণ-পত্রের কথা গতকল্যকার স্মৃতি হইতে জাগিয়া উঠিল। সম্মুখেই দোল-পূর্ণিমা, দোল-পূর্ণিমায় রামকিঙ্করবাবুদের বাৎসরিক উৎসব—তাঁহাদের রাধা-গোবিন্দ বিগ্রহের দোলপর্ব মহাসমারোহের সহিত অনুষ্ঠিত হইয়া থাকে। সেই উপলক্ষ্যে জামাতা হিসাবে নিমন্ত্রণ-পত্র কাল সে পাইয়াছে। এই সময় সপরিবারে তাঁহারা কলিকাতা হইতে দেশে আসেন। আজই তাঁহাদের আসিবার কথা। বোধ হয় বাড়ি ঝাড়া-মোছা সারা হইতেছে, গৌরীও আসিবে। আজ এই কয়েক মাস ধরিয়া গৌরী সেখানে ; পত্র নিয়মিত সে দিয়াছে, গৌরীও উত্তর দিয়াছে ; কিন্তু সে পত্রে আনন্দ নাই, আগ্রহ নাই। শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া ডাকিল, নিত্য ! নিত্য !

উত্তর দিল পাচিকা রতন—শিবনাথের রতনদিদি, নিত্য বউকে দেখতে গেল ভাই। বড়বাবু-দের বাড়ির সব এল কিনা, তাই নিত্য গেল ; বলে, একবার বউদিকে দেখে আসি। কেন, কিছু বলছ ?

শিবনাথ নীরব হইয়া দাঁড়াইয়া রহিল। গৌরী আসিয়াছে সংবাদ শুনিবামাত্র তাহার মন কি এক গভীর আবিষ্টতার মধ্যে নিমগ্ন হইয়া গেল। গৌরী আসিয়াছে ! বুকের মধ্যে হৃদযন্ত্র দ্রুততর গতিতে চলিতে আরম্ভ করিল।

রতনদিদি আবার জিজ্ঞাসা করিল, শিবু, নিত্যকে কিছু বলছিলে ভাই ? নিত্য তো নাই, আমি করে দিই। কি বলছ বল ?

শিবু এবার আত্মস্থ হইয়া বলিল, একবার চা খেতাম রতনদি।

রতন বলিল, কবার চা খেলে, আবার চা খাবে ? নাক দিয়ে যে রক্ত পড়বে। বরং একটু দুধ গরম করে দিই।

শিবনাথ বলিল, দূর, দুধ বাছুরে খায়।

রতন হাসিয়া ফেলিল, হাসিতে হাসিতে বলিল, তবে একটু শরবৎ দিই নেবু দিয়ে ?

শিবনাথ ঘাড় নাড়িয়া বলল, উঁহু শরবৎ খায় ভটচাজ্জি মশায়রা।

রতন এবার উনান হইতে কড়া নামাইয়া ফেলিয়া বলিল, আচ্ছা বড়সাহেব, চায়ের জলই আমি চড়িয়ে দিলাম।

শিবনাথ আবার গিয়া চেয়ারের উপর বসিল। ইতিহাসখানা খুলিয়া চোখের সম্মুখে ধরিল বটে, কিন্তু একবর্ণ আর পড়া হইল না। বই হইতে মুখ তুলিয়া সে আপনার ঘরের জানালা দিয়া রামকিঙ্করবাবুদের জানালার দিকে চাহিয়া রহিল। দীর্ঘকাল পরে আবার তাহার দেহ-মন এক পুলকিত অস্থিরতায় অধীর হইয়া উঠিতেছে।

একমুখ হাসি লইয়া চায়ের কাপ হাতে নিত্য ঘরে প্রবেশ করিয়া বলিল, বউদিদি এসেছেন, দাদাবাবু। দেখা করে এলাম আমি।

হুঁ। শত প্রশ্ন মনের মধ্যে গুঞ্জরিত হইতেছিল। কিন্তু নিত্যর কাছে শিবনাথ কেমন লজ্জাবোধ করিল ; নিত্য এ-বাড়ির পুরানো ঝি, তাহার সম্মুখে সে সঙ্কোচ কাটাইতে পারিল না, নিস্পৃহতার ভান করিয়া শুধু বলিল, হুঁ।

নিত্য বলিল, বউদিদি এবার বেশ সেরেছেন, রঙ ফরসা হয়েছে, যাকে বলে, টকটকে রঙ, মাথায়ও খানিকটা বেড়েছেন। তা, তিন-চার আঙুল লম্বা হয়েছেন মাথায়।

হাসিয়া শিবনাথ বলিল, ভাল। কিন্তু মনের অস্থিরতা তাহার মুহূর্তে মুহূর্তে বাড়িতেছিল।

নিত্য আপন উৎসাহেই বলিতেছিল, আমি বলে এলাম বউদিদিকে পাঠিয়ে দেবার কথা। বললাম, আমরা আর পারব না বাপু বউদিদির ঘর-সংসার চালাতে, পাঠিয়ে স্থান আমাদের বউদিদিকে। তা, বউদিদির দিদিমায়ের যে রাগ। বললেন, তা বলে আপনা থেকে আমায় নাতিন যাবে নাকি লো হারামজাদী ? পাঠিয়ে দিগে তোদের দাদাবাবুকে, এসে পায়ে ধরে নিয়ে যাবে।

শিবনাথের বুকে দ্রুত-ধাবমান রক্তস্রোতের বেগ স্তিমিত হইয়া গেল, সে গম্ভীরভাবে চায়ের কাপে চুমুক দিয়া কহিল, তারপর ?

নিত্য বলিল, বউদিদির গায়ে এবার অনেক নতুন গয়না দেখলাম দাদাবাবু। এক গা গয়না, গয়নায় সর্বাঙ্গ ঢাকা যাকে বলে।

হুঁ। শিবনাথ আবার কাপে চুমুক দিল।

আপনি বাপু একবার যান, গিয়ে বউদিদিকে নিয়ে আসুন। নইলে ভাল লাগছে না বাপু !

শিবনাথ কোন উত্তর দিল না, তার মন বিদ্বেষে ক্ষোভে ভরিয়া উঠিল ; সে আবার বইখানায় মনঃসংযোগ করিল—**Louis XV wasted millions on idle personal pleasure and at the same time encouraged the upper classes to imitate his shameful and prodigal manner of living, with the result that the**

"privileged" orders vied with their worthless master in exacting more and more money from the "unprivileged".

নিত্য কিন্তু নাছোড়বান্দা ; সে বলিল, বউদিদিকে নিয়ে আসুন, পিসীমাকে নিয়ে আসুন, নিয়ে সাজিয়ে ঘরকন্না করুন বাপু। পিসীমারই আর সেখানে থাকলে চলবে কেন? দু'দিন পরে নাতি হবে।

শিবনাথ অসহিষ্ণু হইয়া বলিয়া উঠিল, বকিস নি নিত্য কানের কাছে এমন করে। যা এখান থেকে তুই।

নিত্য এ কথায় মনে মনে আহত না হইয়া পারিল না, সে বলিল, আমরা চাকর-বাকর লোক, এমন করে দায়িত্ব নিয়ে সংসার চালাতে পারব না বাপু ; আমাদের বলা সেইজন্যে।—বলিয়া সে হন হন করিয়া নীচে নামিয়া গেল।

শিবনাথ চায়ের কাপ ও বই—দুই-ই ফেলিয়া উঠিয়া পড়িল। পিসীমার কথা উঠিলেই সে এমনই অস্থির হইয়া পড়ে, দারুণ একটা অস্বস্তির গ্লানিতে তাহার অন্তর পীড়িত হইয়া উঠে, সংসারের সকল কিছুর উপরেই বিতৃষ্ণা জন্মিয়া যায়, বিতৃষ্ণা হয় গৌরীর উপর বেশি। গৌরীকেই এ অপরাধের একমাত্র হেতু না ভাবিয়া সে পারে না। মনের উত্তাপে সে রুক্ষ হইয়া উঠে ; তারপর ধীরে ধীরে সে এক রহস্যময় গভীরতার মধ্যে ডুব দেয়। তখন সে অতিমাত্রায় সংযত, মিতভাষী, চিন্তাশীল, তারপরই আসে একটা কর্মমুখর অধ্যায়। কর্মক্লান্ত হইয়া তবে আবার সে একদিন ঘরে ফেরে। শ্রান্ত হইয়া আবার স্বাভাবিক জীবনে ফিরিয়া আসে। কিন্তু এমনই করিতে করিতে তাহার স্বাভাবিক রূপেরও একটা পরিবর্তন ঘটিতে চলিয়াছে। পৃথিবীর সর্বত্র-ব্যাপী একটা দুঃখময় অবস্থার আভাস সে অনুভব করিতেছে। কল্পনার সহিত বাস্তবের সাদৃশ্য খুঁজিতে সে পল্লীতে পল্লীতে ঘুরিয়া তাহাদের দুঃখ-দারিদ্র্যের কথা প্রত্যক্ষ করিয়া আসে। সম্মুখে অন্নহীনতার একটা ভীষণ অবস্থা কল্পনা করিয়া এক-একটি গ্রামের কাহার কতদিনের খাদ্য আছে সন্ধান করিতে গিয়া এমনই একটা ভাবময় অনুভূতি তাহার মনে জাগিয়া উঠিয়াছে। এই অনুভূতির সহিত তাহার অন্তরেরও যেন একটা সহজ সহানুভূতি আছে।

আজও সে ঘর হইতে বাহির হইয়া ওয়াটার-বট্‌লটা জলে পূর্ণ করিয়া লইল, রতনকে বলিল, আমার জলখাবার তৈরী করেছ রতনদি?

রতন তাহার দিকে চাহিয়া বলিল, ও কি, পিঠে আবার চামড়ার দড়ি ঝোলালে যে?

একবার বেরুব।

কোথায়?

রামপুরের খবর অর্ধেক নেওয়া হয়েছে, তারপর বাকি পড়ে আছে। ওটা আজ শেষ করে আসব। দাও, খাবারগুলো এই ব্যাগের মধ্যে পুরে দাও।—বলিয়া সে বাইসিক্লটা ঠেলিয়া বাহির করিয়া আনিল। ঘোড়ায় এখন আর সে যায় না, ঘোড়ায় গেলে ঘোড়াটার খাওয়া-দাওয়ার একটু অসুবিধা হয়, বাড়ি ফিরিবার জন্য তাগিদ থাকে। রতন জানে, প্রতিবাদে ফল হইবে না ; প্রতিবাদ করিতে গেলে মধ্যে মধ্যে রুক্ষ দৃষ্টি, কখনও বা রূঢ় কথা সহিতে হয়, তাই সে বিনা

প্রতিবাদে ব্যাগে খাবার পুরিয়া দিল। শিবনাথ মাথায় একটা হ্যাট চড়াইয়া বাইসিক্ল লইয়া বাহির হইয়া গেল।

রতন আজ ছানা কিনিয়া ডালনা রাঁধিতেছিল, শিবু ছানার ডালনা ভালবাসে। শিবু চলিয়া যাইতেই সে অর্ধসমাপ্ত ডালনাটা ছুঁড়িয়া উঠানে ফেলিয়া দিল এবং উচ্ছিষ্টপ্রত্যাশী কুকুরটা কুকুরকে কহিল, নে খা, তোরাই খা।

তারপর সে শূন্য কড়াটা লইয়া সশব্দে রান্নাঘরে নামাইয়া রাখিল।

অপরাহ্নে রামকিঙ্করবাবুর বাড়ি হইতে নিমন্ত্রণ আসিল। তাহাদের বাড়ির এক পোষ্য আত্মীয়া আসিয়া রতনকে দেখিয়া বলিল, কই গো, তোমাদের দাদাবাবু কই?

রতন সম্ভাষণ জানাইয়া বলিল, এস ভাই, এস। আজই এলে বুঝি সব? বস।

হ্যাঁ। বসবার কি জো আছে ভাই, এখুনি ডাক পড়বে। তোমাদের দাদাবাবুকে নেমন্তন্ন করতে এসেছি, রাতে খাবে, ওখানেই থাকবে, বুঝলে?—বলিয়া একটু হাসিল।

রতন বলিল, তিনি তো বাড়িতে নাই।

ওই নাও! কোথায় গেলেন আবার?

কোথা কোন্ পাড়াগাঁয়ে গিয়েছেন, সে ভাই তিনিই জানেন। বেরিয়েছেন সেই সকালে—স্নানও নাই, খাওয়াও নাই, আবার কখন যে ফিরবেন, তারও কিছু ঠিক-ঠিকেনা নাই।

বেশ। আমি তাই বলিগা তবে।

সন্ধ্যার প্রাক্কালে আবার লোক আসিল, রতন জবাব দিল, এখনও তিনি ফেরেন নাই। কিছুক্ষণ পরে গৌরীর দিদিমা আসিয়া হাজির হইলেন, রতন শশব্যস্ত হইয়া আসন পাতিয়া দিয়া সসম্ভ্রমে দাঁড়াইয়া রহিল।

গৌরীর দিদিমা বলিলেন, আমরা নেমন্তন্ন করব, যেতে হবে, এই ভয়েই সে বুঝি পালিয়েছে?

সবিনয়ে রতন বলিল, আজ্ঞে না গিন্নীমা, আজকাল তাঁর কাজই হয়েছে ওই। কোন দিন খান, কোন দিন খান না, অর্দ্ধেক রাত তো ঘুমোনই না; ফিরতে কোন দিন বারোটা-একটা হয়, আবার ঘরে থাকলে বই নিয়েই বসে থাকেন অর্দ্ধেক রাত।

গৌরীর দিদিমা কিছুক্ষণ চিন্তা করিয়া বলিলেন, হ্যাঁলো রতন, বলি স্বভাবচরিত্তির খারাপ-টারাপ হয় নি তো?

শিহরিয়া উঠিয়া রতন বলিল, আমরা সে কথা বলতে পারব না গিন্নীমা; মুখ দিয়ে তা হলে পোকা পড়বে আমাদের।

নিত্য বলিল, ই কিন্তু স্বভাবচরিত্তির খারাপের চেয়েও খারাপ গিন্নীমা, মানুষ এই করেই বিবেগী হয়।

গৌরীর দিদিমা চিন্তিত মুখে উঠিয়া দাঁড়াইলেন। নিত্য আবার বলিল, সেদিন আবার

মাস্টারকে বলছিলেন, যুদ্ধে গেলে বেশ হয়। ওই মাস্টারটি কিন্তু একটি নষ্টগুড়ের খাজা। ওই তো বাহবা দিয়ে পুকুর মেরে দেশের লোককে জল দিয়ে রাজ্যের মাছগুলোকে লণ্ডভণ্ড করে দিলে।

গৌরীর দিদিমা অত্যন্ত চিন্তিত হইয়া বলিলেন, এ আমি কি করলাম মা, দুয়োরের কাছে ফুলবাগান করে সাধ করে ফাঁস গলায় পরলাম! চোখের সামনে কুটুম করে এ কি বিপদ করলাম আমি! তা যখনই আসুক, পাঠিয়ে দিও, বুঝলে? দীর্ঘনিশ্বাস ফেলিয়া তিনি বাহির হইয়া গেলেন।

শিবনাথ ফিরিল রাত্রি বারোটায়। পথে বাইসিক্লটার টিউব ফাটিয়া যাওয়ায় বাইসিক্ল ঠেলিতে ঠেলিতে সে বারো মাইল রাস্তা হাঁটিয়া আসিয়াছে। ধুলায় সর্বাঙ্গ ভরা, শ্রান্ত অবসন্নদেহ শিবুকে দেখিয়া সকলে ত্রস্ত হইয়া উঠিল। শিবনাথ বলিল, এক হাঁড়ি জল গরম করতে দে তো সতীশ, স্নান করতে হবে।

রতন সবিস্ময়ে বলিল, এই রাত্রে স্নান করবে কি?

হ্যাঁ, ধুলোয় সমস্ত শরীর কিচকিচ করছে। সমস্ত পথটা হেঁটে আসছি।

হেঁটে!

হ্যাঁ, গাড়িটা অচল হয়ে গেল যে। জলদি কর্ সতীশ, আর বসে থাকতে পারছি না আমি।

রতন বলিল, তোমায় আবার নেমন্তন্ন করে গেছেন তোমার দিদিশাশুড়ী।

ভ্রূকুঞ্চিত করিয়া শিবনাথ বলিল, কি বিপদ! নেমন্তন্ন নিলে কেন তোমরা? এই এত রাত্রে কি নেমন্তন্ন খেতে যায় কোথাও?

এত রাত্রি হবে, তা কি করে আমরা জানব বল? আর বলে গেছেন তিনি, যত রাত্রিই হোক, এলে পাঠিয়ে দিও। আমরা কি বলব, বল?

হুঁ।—বলিয়া সে ইজি-চেয়ারের উপর শ্রান্তভাবে এলাইয়া পড়িল। তাহার মনের সে এক বিচিত্র অবস্থা, গৌরীর আকর্ষণ নাই, পিসীমার স্মৃতি সমাহিত হইয়া পড়িয়াছে, চোখের পাতায় ঘুম নামিয়া আসিতেছে মায়ের স্পর্শের মত; নিস্তব্ধ রাত্রের অসংখ্য কোটি কীটপতঙ্গের সঙ্গীত ঘুমপাড়ানি গানের মত অবোধ্য অথচ মধুর ঝঙ্কারে ক্ষীণ হইতে ক্ষীণতর হইয়া মিলাইয়া আসিতেছে।

সতীশ জল গরম করিয়া আসিয়া ডাকিল, কিন্তু সাড়া মিলিল না। রতন আসিয়া দেখিয়া নিত্যর সহিত পরামর্শ করিয়া কিছু খাবার টেবিলের উপর ঢাকা দিয়া রাখিয়া দিল। নিত্য বিছানাটা ঝাড়িতে ঝাড়িতে বলিল, ডাক না রতনদিদি, কিছু খেয়ে বিছানায় ওপর শুয়ে পড়ুন।

রতন দক্ষিণের খোলা জানালাটার দিকে আঙুল দেখাইয়া বলিল, ওদের বাড়ির জানালায় দাঁড়িয়ে আমাদের বউ, নয় নিত্য?

নিত্য চাহিয়া দেখিয়া বলিল, হ্যাঁ।

দিদিমার বাড়ি খোলা জানালায় দাঁড়াইয়া গৌরী এই ঘরের দিকেই চাহিয়া ছিল, পরমুহূর্তেই সে সরিয়া গেল, রতন ও নিত্যর ইঙ্গিতে ভঙ্গিতে তাহাকে দেখিতে পাওয়াটা সে বোধ হয় বুঝিতে পারিয়াছিল।

রতন বলিল, আর গতিক ভাল নয় নিত্য, এ বাড়ির আর ভাল বুঝছি না ভাই ; এখন মানে মানে আমরা সরতে পারলে বাঁচি।

নিত্য বলিল, আমার সব্বনাশ যে আমি নিজে করেছি ভাই। আমার মাইনেপত্তর সবই যে এখানেই জমা আছে, যাব বললেই বা যাই কি করে, বল্?

তাহারা বাহির হইয়া গেল। সতীশ ঘরের বাতিটা কমাইয়া দিয়া এদিক-ওদিক চাহিয়া খাবারের থালা হইতে একটি রসগোল্লা তুলিয়া লইয়া চলিয়া গেল।

প্রাতঃকালে জন তিনেক লোক ঝুড়িতে করিয়া ফল মিষ্টি ও দুইটা বাক্স মাথায় আসিয়া উপস্থিত হইল। নিত্য পুলকিত হইয়া বলিল, বউদিদির বাক্স।

সঙ্গে সঙ্গেই প্রায় গৌরীর দিদিমা গৌরীকে সঙ্গে লইয়া বাড়িতে প্রবেশ করিয়া ডাকিলেন, কই, নাতজামাই কই?

রতন সসম্ভ্রমে বলিল, এখনও ওঠেন নাই গিন্নীমা। কাল ফিরেছেন সেই শেষ রাত্রে, গাড়ি খারাপ হয়ে গিয়ে ছ' কোশ রাস্তা হেঁটে এসে বললেন, চান করব ; আমি নেমন্তন্নের কথা বললাম। তা, জল গরম হতে হতে চেয়ারে পড়ে সেই যে ঘুমোলেন, উঠলেনও না, চানও না, খাওয়াও না, সেই চেয়ারে পড়ে পড়ে এখনও ঘুমোচ্ছেন।

গৌরীর দিদিমা নাতনীকে বলিলেন, যা কেন লো হারামজাদী, দেখ্, উঠল কিনা! না উঠেছে তো ডাক্!

গৌরী বলিল, এই দেখ, তোমাকে ফাজলামি করতে হবে না, আমি ডাকতে পারব না।

পারবি না? পারবি না তো তোর সোয়ামীকে আমি ডাকতে যাব নাকি? যা বলছি, যা।

গৌরী মুখে 'না' বলিলেও কাজে অগ্রসর হইয়াছিল। দিদিমার কথা শেষ না হইতেই সে সিঁড়িতে উঠিয়াছে। গৌরীর দিদিমা বলিলেন, পারবি না বলে চললি যে হারামজাদী! লজ্জাবতী লতা আমার!

গৌরী আসিয়া ঘরের দরজায় দাঁড়াইয়া দেখিল, শিবনাথ তখনও নিদ্রামগ্ন ; তাহার সর্বাঙ্গে ধূলা, মাথার চুলে ধূলায় ও ঘামে যেন জট পড়িয়া গিয়াছে। তাহার শরীর যেন অনেক শীর্ণ হইয়া পড়িয়াছে, দেহবর্ণ রৌদ্রে রৌদ্রে যেন পুড়িয়া গিয়াছে। টেবিলের উপর স্তূপীকৃত বই, টেবিল-ল্যাম্পটা এখনও নিবানো হয় নাই। পাশে খাবার তেমনই চাপা দেওয়া আছে। সে একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া ডাকিল, শুনছ!

কিন্তু সে মৃদু স্বর নিদ্রিতের চেতনা পর্যন্ত পৌঁছিল না। সে আবার ডাকিল, শুনছ! তারপর অগ্রসর হইয়া সলজ্জভাবে শিবনাথকে স্পর্শ করিয়া ডাকিল; শুনছ!

এবার নিদ্রারক্ত চোখ মেলিয়া শিবনাথ বলিল, অ্যাঁ! চোখের সম্মুখে গৌরীকে তখনও তাহার মূর্তিমতী স্বপ্নের মত বোধ হইতেছিল। কিন্তু গৌরী সাড়া দিয়া বাস্তবকে প্রকট করিয়া বলিল, ওঠ। মুখ হাত ধোও। কাল সমস্ত দিনরাত্রি কিছু খাও নি, কিছু খাও।

শিবনাথ চোখ মুছিয়া প্রত্যক্ষ বাস্তবকে যেন অনুভব করিয়া বলিল, কখন এলে তুমি?

গৌরী অভিমানভরে বলিল, তুমি তো গেলে না, আমি নিজেই যেচে এলাম।

সেই মুহূর্তে উচ্চ হাস্তরোলে সিঁড়িটা যেন ভাঙিয়া পড়িল। শিবনাথ সচকিত হইয়া উঠিল, গৌরী মাথার অবগুণ্ঠন টানিয়া দিয়া বলিল, মরণ তোমার!

শিবনাথ সবিস্ময়ে প্রশ্ন করিল, কে?

আমি হে আমি. বড়াই বুড়ী, তোমাদের দূতীগিরি করতে এসেছি।—বলিয়া দিদিমা ঘরে প্রবেশ করিলেন।

শিবনাথ ত্রস্ত হইয়া উঠিয়া তাঁহাকে প্রণাম করিল।

দিদিমা নাতনীকে বলিলেন, বেশ তো এখুনি ছেদ্দা হচ্ছিল, সোহাগ হচ্ছিল, আমাকে দেখে যে আবার সামুবুড়ী হয়ে গেলি! যা না তাই, মুখ-হাত ধোবার জল দিতে বল্, চা করে নিয়ে আয়। দাঁড়িয়ে রইলি যে?

শিবনাথ ব্যস্ত হইয়া বলিল, না না, আমাকে আগে স্নান করে ফেলতে হবে।

দিদিমা বলিলেন, বেশ তো, তা হলে তেল আনুক, গামছা আনুক, পিঠে তেল দিয়ে দিক। আমাকে দেখে আবার লজ্জা! আমি বুড়ী, চোখে ভাল দেখতে পাই না, তার ওপর দিদিমা, আমাকে দেখে আবার লজ্জা!

শিবনাথ স্নান করিয়া আসিয়া দেখিল, দিদিমা চলিয়া গিয়াছেন, গৌরী চা ও খাবার টেবিলের উপর রাখিয়া অপেক্ষা করিয়া দাঁড়াইয়া আছে, নিত্য ঘর পরিষ্কার করিতে আরম্ভ করিয়াছে। শিবনাথকে দেখিয়া গৌরী বলিল, মাগো, ঘরের যেমন ছিরি, তেমনই মানুষের ছিরি! তোমার রঙ কি কালো হয়েছে বল তো!

শিবনাথ একটু হাসিল শুধু, কোন উত্তর দিল না। ঘর অপরিষ্কারের কথায় নিত্যর একটা কথা মনে পড়িয়া গেল, ঝুল ঝাড়িতে গিয়া গৌরী একদিন ছবি ভাঙিয়াছিল; চুরি-করা পানের পিচকে রক্ত ভাবিয়া সকলে 'হায় হায়' করিয়া উঠিয়াছিল; সে হাসিয়া বলিল, আপনি একদিন ঘর পরিষ্কার করতে গিয়ে ছবি ভেঙেছিলেন বউদিদি, মনে আছে আপনার?

গৌরীও হাসিয়া উত্তর দিল, মনে নেই আবার! বাবাঃ. পিসীমার যে বকুনি!

শিবনাথ চায়ের কাপ হাতে লইয়া হঠাৎ যেন অন্যমনস্ক হইয়া গেল। নীরবে বাহিরের দিকে চাহিয়া বসিয়া রহিল। গৌরী শিবনাথের এই আকস্মিক উদাসীনতায় বিস্মিত না হইয়া পারিল না, তাহার ভ্রূ কুঞ্চিত হইয়া উঠিল। এদিকে নিত্য আপন মনে প্রশ্নের পর প্রশ্ন, প্রসঙ্গের পর প্রসঙ্গ উত্থাপন করিয়া চলিয়াছে। সে বলিল, এবার আপনার কি কি গয়না হল বউদিদি?

শিবনাথের উদাসীনতায় ক্ষুণ্ণ গৌরী উত্তর দিল, নাম আর কত করব নিত্য, এর পর বরং দেখাব তোমাদের।

দাদাবাবুকে দেখিয়েছেন ?

তোমাদের দাদাবাবুর চোখে ওসব ঠেকে না, সাধু মানুষকে ওসব দেখতে নেই।

শিবনাথ ম্লান হাসি হাসিয়া বলিল, না না, দেখব বইকি, কিন্তু না দেখালে কি করে দেখব, বল ?

না দেখালে ? খুব মানুষ তুমি যা হোক। এই তো পাঁচ-সাতখানা নতুন গয়না আমি পরে রয়েছি।

কই, দেখি দেখি ! বাঃ গলার ওই কণ্ঠিটা কিন্তু ভারি ভাল হয়েছে।

নিত্য প্রশ্ন করিল, এসব আপনার দিদিমা দিলেন, নয় বউদিদি ?

গৌরী বলিল, হ্যাঁ, ভারি গরজ দিদিমার, আমাকে গয়না গড়িয়ে দেবে ! এ আমার মায়ের উইলের দরুন টাকা। আমার মামা বের করে ব্যাঙ্কে দিয়ে দিয়েছেন। তা থেকে এই কতক গয়না গড়ালাম।

ব্যগ্র কৌতূহলভরে নিত্য বলিল, কত টাকা দিয়েছেন আপনার মা ?

চোদ্দ হাজার হয়েছে সুদে আসলে।

সব অঙ্গে তা হলে তোমার দুখানা করে হল, না কি বউদিদি ?

দুখানা, তিনখানা, নামো-হাতে চারখানা হয়েছে—রুলি, দু রকম চুড়ি, ব্রেসলেট। কেবল কোমরে আছে একখানা,—বিছে হয়েছে, চন্দ্রহার গড়াব এইবার।

বিষণ্ণতার মধ্যেও শিবনাথ কৌতুক অনুভব না করিয়া পারিল না, অদ্ভুত স্বর্ণতৃষা ! সে ভাবিতেছিল, এ তৃষা কি নারীর জীবনের সহজাত ! সঙ্গে সঙ্গে তাহার মায়ের কথা মনে পড়িয়া গেল, তাঁহার সধবা-জীবনের চিত্র দেখিলেও তাহার মনে নাই, কিন্তু শুনিয়াছে। তাঁহার বৈধব্য-জীবন সে, স্বচক্ষে দেখিয়াছে, কোন দিন তিনি তাঁহার আভরণ স্পর্শ করিয়া দেখেন নাই, এমন কি এই বিষয়ের একটা টাকাও তিনি প্রয়োজন আছে বলিয়া গ্রহণ করেন নাই।

গৌরী সহসা শিবনাথকে বলিল, আমি কিন্তু এবার মায়ের গয়না ভেঙে চন্দ্রহার গড়াব।

ম্লান হাসি হাসিয়া শিবনাথ বলিল, বেশ।

বেশ নয়, আজই দিতে হবে বের করে, আজই গড়াতে দোব আমি।

আজ হবে না, দিনকতক পরে দোব। এত ব্যস্ত কেন ?

না, সে হবে না। আজ হতে বাধাটা কি, শুনি ?

কয়েক মুহূর্ত নীরব থাকিয়া শিবনাথ বলিল, সেগুলো অন্য জায়গায় আছে, নিয়ে আসতে হবে।

তার মানে ? অন্য জায়গায় গেল কেন ? শাশুড়ীর গয়না তো বউ পায়। সে তো আমার জিনিস।

শিবনাথ ধীরে ধীরে বলিল, পৌষ মাসের লাটের টাকা হয় নি এবার ; সেইজন্যে সেগুলো বাঁধা দিয়ে টাকা নেওয়া হয়েছে।

মুহূর্তে গৌরীর মুখে এক বিচিত্র অভিব্যক্তি ব্যক্ত হইয়া উঠিল—বিস্ময়, ঘৃণা, ক্রোধ, হতাশার সে এক সম্মিলিত অভিব্যক্তি। শিবনাথ সে মুখ দেখিয়া শিহরিয়া উঠিল। থাকিতে থাকিতে গৌরীর চোখে জল দেখা দিল। শিবনাথ আত্মসম্বরণ করিয়া হাসিমুখে সান্ত্বনা দিয়া বলিল, কাঁদছ কেন এর জন্যে ?

গৌরী বলিল, কেন বাপু, মিছে আমাকে ভোলাচ্ছ ? কাঁদতে হবেই আমাকে দু'দিন পরে।

বাধা দিয়া শিবনাথ বলিল, ছি গৌরী !

উত্তেজিত হইয়া গৌরী উত্তর দিল, কেন, 'ছি' কেন ? ভাগ্য মন্দ হলে লোকে কাঁদে না ? আমি আমার ভাগ্যের জন্য কাঁদছি।—বলিতে বলিতে তাহার আবেগ আরও বাড়িয়া উঠিল, বলিল, দিদিমা আমাকে জলে ভাসিয়ে দিয়েছেন। ছি ! ছি !—অস্থির হইয়া সে দ্রুত সেখান হইতে চলিয়া গেল। শিবনাথ একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া নীরবে দাঁড়াইয়া রহিল। গৌরী যেন অশান্তির উত্তাপ ছড়াইতে ছড়াইতে এখানে আসে, সে উত্তাপে বায়ুস্তর উত্তপ্ত হইয়া তাহার পক্ষে যেন শ্বাসরোধী হইয়া উঠিতেছে। কয় মাস পূর্বে গৌরী ঠিক এমনই ভয়ঙ্করী রূপের আভাস দিয়া চলিয়া গিয়াছিল, ঠিক সেই মূর্তি লইয়াই আবার সে ফিরিয়া আসিয়াছে।

দূরে হোলি-পর্বের উৎসবে রামকিঙ্করবাবুদের ঠাকুর বাড়িতে নহবৎ বাজিতেছিল। কিন্তু সে তাহার ভাল লাগিল না। অশান্তির মধ্যে সান্ত্বনা পাইবার জন্য সে বই খুলিয়া বসিল, সেও ভাল লাগিল না। বই হইতে মুখ তুলিয়া বাহিরের দিকে চাহিল, ইহারই মধ্যে একটা শুষ্ক উতলা বাতাস উঠিতে আরম্ভ করিয়াছে, নীরস মৃত্তিকাস্তর গুঁড়া হইয়া হইয়া ধূলা হইয়া সে বাতাসের বেগে উড়িতে আরম্ভ করিয়াছে। এই ধূলায় ধূসর প্রকৃতির রুক্ষ মূর্তি কল্পনা করিতে গিয়া তাহার মনশ্চক্ষে ভাসিয়া উঠিল—গৌরীর ক্ষণপূর্বের মুখচ্ছবি।

নিত্য এতক্ষণ স্তব্ধ হইয়া ঝাঁটা হাতে বসিয়া ছিল, সে আবার ঘর পরিষ্কার করিতে আরম্ভ করিল।

সাতাশ

মাস চারেক পরের কথা। আষাঢ়ের প্রথম। দ্বিপ্রহরের প্রারম্ভেই সমস্ত সৃষ্টিটা যেন ভয়ে নিস্তব্ধ হইয়া ঘরে লুকাইয়া বসিয়া আছে। আকাশে দ্বাদশ সূর্যের যেন একসঙ্গে উদয় হইয়াছে ; নির্মেঘ রুক্ষ আকাশ, পৃথিবীর বুক হইতে বহুদূর পর্যন্ত ঊর্ধ্বলোক ধূলিকণায় সমাচ্ছন্ন, চোখের সম্মুখে ক্ষীণ কুয়াশার আস্তরণের মত সে ধূলিস্তরটা ভাসিয়া রহিয়াছে,

দিক্‌চক্রবাল দৃষ্টিপথ হইতে বিলুপ্ত হইয়া গিয়াছে বলিয়া মনে হয়, সেখানে দেখা যায় গাঢ় ধূমপুঞ্জের মত জমাট ধূলার রাশি। পৃথিবীর বুকের মাটি স্তরের পর স্তর গুঁড়া হইয়া উড়িয়া গেল। বৈশাখে দুই-এক পশলা বৃষ্টি হইয়া আবার মেঘ মুখ লুকাইয়াছে; আষাঢ়ের প্রথম সপ্তাহ হইয়া গেল, এখনও বৃষ্টি নাই; এখনও মাঠে বীজধান বোনা হয় নাই, ঘাস একবার দেখা দিয়া আবার শুকাইয়া গিয়াছে, পৃথিবীর সুশ্যাম লাবণ্যময়ী রূপের কথা ভাবিয়া আজ মাঠের দিকে চাহিলে মনে হয়, কেহ যেন তাহার চর্মোৎপাটিত করিয়া লইয়াছে। দেশ জুড়িয়া হাহাকার, ভিক্ষুকে ভিক্ষুকে গ্রামখানা ছাইয়া গিয়াছে; দেশে দুর্ভিক্ষ দেখা দিয়াছে।

এই উত্তপ্ত নিস্তব্ধ দ্বিপ্রহরেও সেদিন শিবনাথ একা কাছারিতে বসিয়া ছিল। মুখে গভীর উদ্বেগ ও চিন্তার ছায়া, মাথার চুলগুলি বিপর্যস্ত, চিন্তিতভাবে ক্রমাগত চুলের মধ্যে আঙুল চালাইয়া চালাইয়া নিজেই সে এমনই করিয়া তুলিয়াছে। এতবড় কাছারি-বাড়িতে সে একা, সে ছাড়া জনমানব নাই। সময় নির্ণয়ের জন্য পিছনের দেওয়ালের দিকে সে অভ্যাসমত চাহিয়া দেখিল, কিন্তু ব্র্যাকেটের উপর ঘড়িটা নিস্তব্ধ, কখন থামিয়া গিয়াছে। অয়েল করানোর অভাবে ঘড়িটা মাঝে মাঝে বন্ধ হইয়া যাইতেছে। ইজি-চেয়ারের বেতের ছাউনিটা ছিঁড়িয়াছে, সদর হইতে বেত ও কারিগর আনাইয়া ওটাকে মেরামত করা প্রয়োজন, কিন্তু সেও হয় নাই। ওসব পরের কথা, এখন সম্পত্তি থাকিলে হয়। আগামী সরকারী নিলামে বাকি রাজস্বের দায়ে সম্পত্তি নিলামে উঠিয়াছে। পাঁচ শত টাকা লাগিবে; না দিতে পারিলে সমস্ত নিলাম হইয়া যাইবে। নায়েব গোমস্তা চাপরাসী, এমন কি চাকর ও মাহিন্দার পর্যন্ত বাহিরে গিয়াছে, মহলে মহলে টাকার জন্য তাহারা ঘুরিয়া বেড়াইতেছে। শিবনাথ নীরব উৎকণ্ঠা বহন করিয়া এখানে একা বসিয়া তিলে তিলে সে উৎকণ্ঠার যন্ত্রণা সহ্য করিতেছে। চেষ্টার ফল যাহা হইবে, সে জানে; তবুও চেষ্টা না করিয়া উপায় কি? রাখাল সিং, কেষ্ট সিং পাগলের মত ঘুরিয়া বেড়াইতেছে। আজ কয়েকজন প্রজা আসিয়া কাঁদিয়া পড়িয়াছে। কোনরূপে যেন সম্পত্তি রক্ষা করা হয়, পুরুষানুক্রমে তাহারা এই বাড়ির ছত্রচ্ছায়াতলে বাস করিয়া আসিতেছে, আজ যেন তাহাদের ভাসাইয়া দেওয়া না হয়—এই ছিল তাহাদের বক্তব্য। জমিদার তাহারা চায়, অথচ নতুন জমিদার তাহারা চায় না কেন—এই কথা খতাইয়া দেখিতে গিয়া দেখিতে পাইল, প্রজাদের অফুরন্ত মমতা আর তাহার পিতৃপুরুষের উদার মহত্ত্ব।

অথচ কয়েকদিন আগেই সে পড়িয়াছে Joseph Prudhone এর বাণী; পড়িয়াছে—**Property is theft, because it enables him, who has not produced, to consume the fruits of other people's toil.** জমিদারী-ব্যবস্থা অক্ষরে অক্ষরে তাই। গভীর বিস্ময় এবং ঐকান্তিক শ্রদ্ধার সহিত এ সত্যকে স্বীকার করিয়া লইয়াও আজ কিন্তু প্রজাগুলির এই অনুরাগ-আসক্তি এবং নূতন জমিদারের অধীনে তাহাদের ভবিষ্যতের শঙ্কার কথা বিবেচনা করিয়া সে বিচলিত হইয়া উঠিয়াছে; বাঁচাইতেই হইবে, যেমন করিয়া হউক, সম্পত্তি রাখিতেই হইবে। এই উৎকণ্ঠার সময় মাস্টার মহাশয় থাকিলে বড় ভাল হইত।

সকল দুঃখ, সকল সংঘাতের মধ্যে ওই মানুষটি তাহাকে সুস্থ করিয়া তোলেন। রামরতনবাবুও আজ সকালে টাকার সন্ধানে গিয়াছেন। সকালেই তিনি বলিলেন, তাই তো শিবু, উপায় কি করবি, বল্ দেখি ?

শিবু অভ্যাসমত ম্লান হাসি হাসিয়া উত্তর দিল, কি আর করব !

অনেকক্ষণ চিন্তা করিয়া তিনি বলিলেন, বউমা তো তাঁর মায়ের উইলের দরুন টাকা পেয়েছেন ; তাঁকে বললেই তো হয়। তুই একটা ডফ্কি।

শিবনাথ বিচলিতভাবে ঘাড় নাড়িয়া বলিল, না সার্, সে হয় না। ওকথা আমাকে বলবেন না।

অত্যন্ত আশ্চর্য হইয়া রামরতনবাবু বলিলেন, কেন, বল্ দেখি ?

শিবনাথ কোন উত্তর দিল না।

রামরতনবাবু আপন মনে ঘাড় নাড়িয়া বলিলেন, দিস ইজ ভেরি ব্যাড। ইট মিন্‌স—

শিবনাথ বাধা দিয়া বলিল, টাকা তো তার হাতে নেই মাস্টার মশায়, টাকা আছে কলকাতায়, ওর মামার ব্যবসায় খাটছে। সেখানে আমার অভাব বলে টাকা চাইতে যাওয়া কি যায় ?

হুঁ, তা বটে। সেটা তুই ঠিক বলেছিস। আমি ভাবলাম অন্য রকম ; ভাবলাম নট ইন গুড টার্মস উইথ বউমা।

শিবনাথ সহসা ব্যগ্র হইয়া উঠিল, বলিল, বোলপুরে তো অনেক মহাজন আছে, আপনার সঙ্গে আলাপও আছে অনেকের, আপনি পাঁচশো টাকা আমাকে দেওয়ার ব্যবস্থা করতে পারেন না ?

কিছুক্ষণ চিন্তা করিয়া রামরতন উঠিয়া পড়িলেন, আপনার ছাতা ও বাঁশের লাঠি লইয়া বলিলেন, অল্ রাইট, চললাম আমি, দেখি কি হয় ! সেই তিনি রওনা হইয়া গিয়াছেন।

রাখাল সিং কিন্তু শুনিয়া বলিলেন, ধারের উপায় থাকলে কি সে উপায় আমি না করতাম বাবু ? সে উপায় নেই। মানে, সাবালক হন নি যে এখনও আপনি। একুশ বছর না হলে তো আর সাবালক হয় না জমিদারের ছেলে।

রামরতনবাবু রওনা হওয়ার সঙ্গে সঙ্গে শিবনাথের অন্তরে একটি ক্ষীণ আশার সঞ্চার হইয়াছিল, রাখাল সিংয়ের কথায় সে আশা নির্মূল হইয়া গেল। ইহার চেয়ে তিনি এখানে থাকিলে ভাল হইত, সান্ত্বনা দিবার একজন থাকিত। আরও একজনকে মনে পড়িল—পিসীমাকে, তিনি এখানে থাকিলে এ দুশ্চিন্তাই বোধ হয় তাহাকে ভোগ করিতে হইত না।

রাখাল সিং, কেষ্ট সিং, গোমস্তা কুড়ারাম মিশ্র প্রজাদের সকলকে এখানে হাজির করিবার জন্য মহলে গিয়াছে। তাহাদের অনুরোধের বিনিময়ে সেও অনুরোধ জানাইবে, চার আনা, আট আনা, এক টাকা, যে যেমন পার, যাহা পার তাহাই দাও। হাজার প্রজায় চারি আনা করিয়া দিলেও আড়াই শত টাকা হইবে, আর আট আনা করিয়া দিলে পাঁচ শত টাকা। সতীশ, শম্ভু, মতিলাল—ইহারাও গিয়াছে অন্য একখানা গ্রামে।

একা বসিয়া চিন্তা করিতে করিতে উদ্বেগে শিবনাথের যেন হাঁপ ধরিয়া উঠিল। প্রপার্টি ইজ থেফ্‌ট—জানিয়াও ক্রমশ সে বিচলিত হইয়া পড়িতেছে, সম্পত্তির মমতায় সে ব্যাকুল হইয়া উঠিতেছে। প্রজাদের অনুরোধ, পিতৃপুরুষের সম্পত্তি, এই দুইটা কথা মনে পড়িলে চোখে জল আসে। গৌরীর কথা মনে করিয়া সে শিহরিয়া উঠে। সম্পত্তি গেলে গৌরী যে রূপ গ্রহণ করিবে, সে বিক্ষুব্ধ ক্রুদ্ধ রূপ কল্পনা করিয়া সে আত্মহত্যা করা ছাড়া আর অন্য উপায় খুঁজিয়া পায় না।

শিবনাথ কাছারি-বাড়ি হইতে বাহির হইয়া আসিয়া পথের উপর দাঁড়াইল। রৌদ্রের উত্তাপে পৃথিবী যেন দগ্ধ হইতেছে ; জনহীন পথ, একটা পাখির ডাক পর্যন্ত শোনা যায় না। পথের উপর ব্যগ্র প্রত্যাশায় চাহিয়া সে দাঁড়াইয়া রহিল। ওই দিক হইতে রাখাল সিং, কেষ্ট সিংয়ের প্রজাদের লইয়া ফিরিবার কথা। কিন্তু কেহ কোথাও নাই। সে পিছনের দিকে ফিরিল, এদিক হইতে গোমস্তা কুড়ারাম মিশ্র, সতীশ চাকর ও মাহিন্দারদের ফিরিবার কথা। যতদূর দৃষ্টি চলে কোথাও কোন মানুষের দেখা নাই। সে আবার ফিরিল। এবার সে দেখিল, এদিক হইতে টলিতে টলিতে একটা কঙ্কাল যেন চলিয়া আসিতেছে।

একটা জীর্ণ কঙ্কালসার মেয়ে। সে আসিয়া অনুনাসিক সুরে কহিল, বাঁবু মাশাঁয়!

তাহার দিকে চাহিয়া শিবনাথের সর্বশরীর যেন কুঞ্চিত হইয়া উঠিল। আঠারো-উনিশ বছরের মেয়ে, কিন্তু সর্ব অবয়বের মধ্যে কোথাও একবিন্দু তারুণ্যের লেশ নাই ; যেন একটা চর্মাবৃত কঙ্কাল ; করকরে জিভ দিয়া কোন শ্বাপদ যেন মেয়েটার সর্বাঙ্গ লেহন করিয়া লইয়াছে।

বাঁবু মাশাঁয়, চাঁরটি ভাঁত।

মেয়েটির গায়ের দুর্গন্ধে শিবনাথের কষ্ট হইতেছিল, সে মুখ ফিরাইয়া লইয়া বলিল, বাড়ির মধ্যে যাও বাপু, দেখ, যদি থাকে তো পাবে। কিন্তু আর কি আছে?—বলিতে বলিতেই তাহার মনে পড়িয়া গেল, এই মেয়েটাই কাল অপরাহ্ণে মেথরের কাজ করিয়া চারিটা পয়সা লইয়া গিয়াছে, সন্ধ্যায় খাইয়া কিছু উচ্ছিষ্টও লইয়া গিয়াছে। ইহারই মধ্যে সে আবার অন্ন অন্ন করিয়া ফিরিতেছে! তবে এ উহার স্বভাব, না, সত্যই অভাব?

মেয়েটি চলিয়া গেল ; তাহার পদক্ষেপের মধ্যেও সমতা নাই, পায়ে পায়ে টোক্কর খাইতে খাইতে সে চলিয়াছে। শিবনাথ সহসা ক্ষণপূর্বের মনোভাবের জন্য লজ্জিত হইয়া পড়িল, নিজের কাছেই নিজে অপরাধ বোধ করিল। তাহার মনে হইল, লক্ষ লক্ষ যুগের ক্ষুধা ওই মেয়েটির উদরে জ্বলিতেছে। সে ক্ষুধার অন্ন তাহারাই পুরুষানুক্রমে কাড়িয়া খাইয়া আসিয়াছে, সে নিজেও খাইতেছে। নতমস্তকে সে সম্মুখের পথেই অগ্রসর হইয়া চলিল, সম্মুখের ওই বাঁকটায় দাঁড়ালেই আরও অনেকটা দেখা যাইবে। খানিকটা অগ্রসর হইতেই একটা কলরবের আভাস পাওয়া গেল ; —রামকিঙ্করবাবুদের ঠাকুরবাড়ির দরজায় ভিক্ষুকদলের কলরব উঠিতেছে। উচ্ছিষ্ট অন্নের জন্য পঙ্গপালের মত বসিয়া বসিয়া সব চিৎকার করিতেছে।

ঠাকুরবাড়ির সম্মুখে যেখানে যেটুকু ছায়া পড়িয়াছে, উচ্ছিষ্টপ্রত্যাশী ভিক্ষুকের দল সেই

সেই স্থানটুকুর মধ্যে জটলা বাঁধিয়া বসিয়া আছে। কেহ কাহারও উকুন বাছিতেছে, কোথাও গল্প চলিতেছে, ঝগড়াও চলিয়াছে। একটা খেজুরগাছের সঙ্কীর্ণ একটুখানি ছায়াকে আশ্রয় করিয়া বসিয়া প্রায়-অন্ধ এক বুড়ী আপন মনেই বকিতেছিল, ভদ্দরনোকের ছেলের ওই করণ! ওইগুলা আবার কথা নাকি? আমি দেখতে পাই চোখে? মিছে করে আবার কানা সেজে কেউ থাকে নাকি? না, তাই থাকতে পারে? দেখতে পেলে কেউ দিনে একশো বার করে পড়ে মরে নাকি?

এত উৎকণ্ঠার মধ্যেও শিবনাথ না হাসিয়া পারিল না। সে বুঝিতে পারিল, কেহ বুড়ীকে অন্ধত্বের ভান করার অভিযোগে অভিযুক্ত করিয়াছে, তাই বুড়ী এমন ক্ষিপ্ত হইয়া উঠিয়াছে। এ সংসারে এখন উহার বাঁচিয়া থাকার মূলধন ওই অন্ধত্ব। ঈষৎ হাসিয়া শিবনাথ বলিল, হ্যাঁ রে বুড়ী, কে কি বললে তোকে? বকছিস কেন?

বুড়ী অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অঙ্গভঙ্গী সহকারে বলিয়া উঠিল, অ্যাঃ, বকছি কেনে! আবার লক্ষ্যা করা দেখ ছেলের! তুমি বললে না, বুড়ী বেশ দেখতে পায় চোখে, কানা সেজে থাকে—

একজন চক্ষুষ্মান ভিক্ষুক তাহার কথায় বাধা দিয়া বলিল, এই বুড়ী, এই, কাকে কি বলছিস? উনি যে আমাদের উ বাড়ির বাবু। সে নোক তোর চলে গিয়েছে।

সঙ্গে সঙ্গে বুড়ী সেইখানে একটি প্রণাম করিয়া কাতরস্বরে বলিল, বাবু মাশায়, আপনকাকে আমি বলি নাই মাশায়। আমি কানা মানুষ, মানুষ চিনতে লারি বাবা। ওই সাদা কাপড় শুধু চোখের ছামুতে ফটফট করে। তাতেই আমি বলি, বুঝি—

শিবনাথ বলিল, না রে বুড়ী, আমি কিছু মনে করি নি।

বুড়ী সঙ্গে সঙ্গে হাতজোড় করিয়া বলিল, তবে একখানি তেনা দিও মাশায় এই কানাকে। ধম্ম হবে আপনার।

শিবনাথ হাসিয়া বলিল, আচ্ছা।

মুহূর্তে চারিদিক হইতে রব উঠিল, আমাকে মাশায়, আমাকে মাশায়, বাবু মাশায়। যাহারা বসিয়া ছিল, তাহারা উঠিয়া দাঁড়াইল। সেদিকে চাহিয়া শিবনাথ শিহরিয়া উঠিল, মুহূর্তে তাহার মনে পড়িয়া গেল—'মা যাহা হইয়াছেন'।

মেয়েরা প্রায় বিবস্ত্রা, মাত্র কটিতটটুকু জীর্ণ শতচ্ছিন্ন বস্ত্রে কোনরূপে ঢাকা, বস্ত্রহীন নগ্ন বক্ষে সন্তানের অক্ষয় অমৃতভাণ্ডার পয়োধর শুষ্ক। চর্মাবৃত পঞ্জরশ্রেণী একটি একটি করিয়া গোনা যায়, সে চর্মাবৃত পঞ্জরের নীচে হৃৎপিণ্ডস্পন্দন পর্যন্ত বাহির হইতেও যেন দেখা যাইতেছে। তৈল-হীন রুক্ষ বিশৃঙ্খল চুল মৃতের চুলের মত বিবর্ণ; দ্বিপ্রহরের উত্তপ্ত বাতাসে সেগুলা বিভীষিকা-ময়ীর ধ্বজা-পতাকার মত উড়িতেছে। চোখে ক্ষুধার্ত লোলুপ দৃষ্টি। সারি সারি নারীর দল কলরব করিয়া উঠিল, আমাকে মাশায়, আমাকে মাশায়। ওদিকে কতকগুলি কঙ্কালসার পুরুষ, দীর্ঘ দেহ জীর্ণ হইয়া কুব্জ হইয়া পড়িয়াছে। শিবনাথ বিভ্রান্ত হইয়া গেল। পরনে কেবলমাত্র কৌপীন। তাহারাও সকলে শীর্ণ বাহু বাড়াইয়া চিৎকার করিয়া উঠিল, আমাকে

মাশায়, আমাকে মাশায়। মাথার উপরে দগ্ধ বিবর্ণ আকাশ, মধ্যে ধূলিমাখা অগ্নিতপ্ত বায়ুস্তর, নিম্নে মরুভূমির মত তৃষিত ধূসর ধরিত্রী, তাহার মধ্যে মানুষের এই রূপ—মুহূর্তে তাহার চোখের উপর যেন মূর্ত হইয়া উঠিল 'আনন্দমঠে'র সেই মূর্তি—'মা যাহা হইয়াছেন'।

শিবনাথ নতমস্তকে ভাবিতে ভাবিতে সেখান হইতে ফিরিল, কেমন করিয়া, কোন্ সাধনায় মাকে আত্মস্থ করিয়া, 'মা যাহা হইবেন'—সেই মূর্তিতে প্রকটিত করা যায়! কোন্ সে মন্ত্র!

তাহার ইতিহাস মনে পড়িল, **A long line of the poorest women of Paris, riotous with hunger and rage, screaming "Bread! bread! bread!" proceeded on—!** কিন্তু ইহারা চিৎকার করিতেও পারে না। চিন্তা করিতে করিতে সে বোধ করি আপনার অজ্ঞাতসারেই বাড়ির ভিতর আসিয়া উপস্থিত হইল। দুরন্ত উত্তপ্ত দ্বিপ্রহরে গৌরী ঘুমাইতেছে, রতন নিত্য—তাহারাও ঘরের ভিতর আশ্রয় লইয়াছে। শুধু কয়টা কাক উচ্ছিষ্ট পাত্রগুলি লইয়া কলকল করিতেছে। শিবনাথ বারান্দায় বসিয়া রৌদ্রদগ্ধ আকাশের দিকে চাহিয়া ওই কথাই ভাবিতেছিল। গভর্মেণ্টের কাছে আবেদন করা বৃথা। যুদ্ধের জন্য সরকার হইতেই 'ওয়ার লোন' ঘোষিত হইয়াছে। "তোমা সবাকার ঘরে ঘরে' আমার ভাণ্ডার আছে ভ'রে"—এই একমাত্র পথ।

আচ্ছা, দেশের লোক এই রোদে গরমে ঘরের মধ্যে দরজা-জানলা বন্ধ করে বসে রয়েছে, আর তোমার এ কি ধারা বল তো? ভাল মানুষ কিন্তু তুমি! সারাটা দুপুর এই রোদে এ-বাড়ি আর ও-বাড়ি! আর দরজা নিয়ে হুট আর হাট!

শিবনাথ মুখ ফিরাইয়া চাহিয়া দেখিল, দোতলায় সিঁড়ির মুখে দাঁড়াইয়া গৌরী। তাহার আবেশ ভাঙিয়া গেল, আত্মস্থ হইয়া গৌরীর মুখের দিকে চাহিয়া সে একটু হাসিল মাত্র, কোনও উত্তর দিল না। গৌরী এ নীরবতায় আহত না হইয়া পারিল না। শিবনাথ না বলিলেও সম্মুখের সঙ্কটের কথা সে জানে, শুনিয়াছে। প্রতিদিন সে প্রত্যাশা করে, শিবনাথ তাহাকে টাকার জন্য বলিবে। তাহার টাকা তো রহিয়াছে। শিবনাথের অবস্থার অনটনের আভাস পাইয়া তাহার কান্না আসে; আপনার পিতৃকুলের অবস্থার সঙ্গে, অন্যান্য বোনদের শ্বশুরবাড়ির অবস্থার সঙ্গে তাহার স্বামীর অবস্থার তুলনা করিয়া তাহার লজ্জা হয়। উপায় থাকিলেও শিবনাথ সে উপায় প্রত্যাখ্যান করে, সেজন্য তাহার ক্রোধ হয়। এও তো সে কোনদিন বলে নাই যে, আমার টাকায় তোমার কোনও অধিকার নাই! আর তাহাকে এমন করিয়া গোপন করারই বা প্রয়োজন কি? শিবনাথের নীরবতায় তাই সে আহত না হইয়া পারিল না, বলিল, কথার একটা জবাবই দেন দেবতা। তাতে মান্যি ক্ষয় হবে না।

কি বলব, বল? শিবনাথ আবার একটু হাসিল।

কি বলবে? কেন, কি হল তোমার, তাই বলবে।

হয় নি তো কিছু। কাজেই জিজ্ঞেস করছি, কি বলব?

উঃ, খুব কথা ঢাকতে শিখেছ যা হোক! কিন্তু মুখের চেহারাটা এমন হল কেন, শুনি?

ওটা রোদে ঘুরে ঘুরে হয়েছে।

গৌরী একটু নীরব থাকিয়া বলিল, শাক দিয়ে কখনও মাছ ঢাকা যায় না, চেহারা চাপা দিলেও গন্ধে টের পাওয়া যায়, বুঝলে? শেষ পর্যন্ত সেই আমাকেই বলতে হবে সে আমি বেশ বুঝতে পারছি। তবে সময়ে বললে দোষ কি?

শিবনাথ অপলক দৃষ্টিতে গৌরীর মুখের দিকে চাহিয়া রহিল। তাহার দৃষ্টিতে, কথায়, মুখের রেখায় কোথাও কি এতটুকু স্নেহ লুকাইয়া নাই? গৌরী সে দৃষ্টির সম্মুখে অস্বস্তি বোধ করিল, বলিল, অমন করে তুমি চেয়ে থেকো না বাপু। ওই এক কি ধারার চাউনি তোমার! আমি জানি, চৈত্র মাসে লাটের টাকা দেওয়া হয় নি বলে মহাল সব নিলেমে উঠেছে। আমার কাছে কিন্তু সেই শেষ সময়ে গয়না কি টাকা চেয়ো না যেন; আমি দোব না, বলে রাখছি।

শিবনাথ উত্তপ্ত হইয়া উঠিতেছিল, সে গম্ভীরভাবে বলিল, আমি তো তোমার কাছে চাই নি গৌরী।

চাও নি, কিন্তু টাকা না হলেই চাইতে হবে তো?

না।

আহা, সে তো খুব সুখের কথা।—বলিয়া সে নিজের মনেই বোধ করি বলিল, মাগো, একেই বুঝি জমিদারি বলে! এ জমিদারি করার চেয়ে মুটেমজুর খেটে খাওয়া ভাল; জমিদারি, না জমাদারি!

শিবনাথের আর সহ্য হইল না, সে কঠোর স্বরে বলিল, গৌরী!

সমান তেজে গৌরী উত্তর দিল, কেন ধরে মারবে নাকি?

শিবনাথ কঠোর সংযমে আত্মসম্বরণ করিয়া কাঠের মত দাঁড়াইয়া রহিল। গৌরী সহসা ফোঁপাইয়া ফোঁপাইয়া কাঁদিতে আরম্ভ করিল।

ঠাঁকরুন!

শিবনাথ দেখিল, দুয়ারের সম্মুখে দুর্ভিক্ষের প্রকটমূর্তি সেই খোনা মেয়েটা দাঁড়াইয়া ডাকিতেছে, ঠাঁকরুন!

নিত্য, রতন বোধ করি জাগিয়াও ঘরের মধ্যে বসিয়া ছিল, স্বামী-স্ত্রীর এই দ্বন্দ্বের মধ্যে বাহিরে আসিতে পারে নাই; এবার ওই মেয়েটার ডাকটাকেই উপলক্ষ্য করিয়া নিত্য দরজা খুলিয়া ঝঙ্কার দিয়া বলিল, কি, কি বটে কি তোর? দুপুরবেলাতেও রেহাই নাই বাবা? যত মড়া কি উদ্ধারণপুরের ঘাটে জড়ো, যত ভিখিরী কি এখানেই এসে জুটেছে!

মেয়েটা ইহাতেও লজ্জা পাইল না, ভয় পাইল না, অনুনয় করিয়া বলিল, টুঁকচে আঁচার দাঁও ঠাঁকরুন, পাঁয়ে পঁড়ি।

রতন বলিয়া উঠিল, ছেঁকা নিগে জিভে, ছেঁকা নিগে। পায় না দড়িমুড়ি, চায় মেঠাই মণ্ডা ছড়াছড়ি।

সকলের আবির্ভাবে গৌরী চোখ মুছিয়া আত্মসম্বরণ করিয়াছিল, সে বলিল, আহা একটু

দাও রতন-ঠাকুরঝি ; আহা, জিভ তো ওদেরও আছে।

শিবনাথ বাহির হইয়া গেল।

অন্দর হইতে বাহির হইয়া একটা বড় রাস্তা-ঘর অতিক্রম করিতে হয়, শিবনাথকে সেখানে থমকিয়া দাঁড়াইতে হইল। দরজার মুখেই কতকগুলি বোরকা-পরা মেয়ে দাঁড়াইয়া রহিয়াছে। মর্যাদাশালী মুসলমান-ঘরের স্ত্রীলোক, তাহাতে সন্দেহ নাই। এখানকার সাধারণ চাষী-মুসলমানদের মেয়েরা তো বোরকা পরিয়া বাহির হয় না! কিন্তু এই ভয়ঙ্কর দ্বিপ্রহরে ইঁহারা কোথায় আসিয়াছেন, এখানেই বা দাঁড়াইয়া আছেন কেন? শিবনাথ ফিরিয়া বাড়ির মধ্যে প্রবেশ করিবে অথবা নিত্যকে ডাকিবে ভাবিতেছিল, এমন সময় একটি মহিলা বোরকার একাংশ মোচন করিয়া বলিল, বাপ!

শিবনাথ সসম্ভ্রমে বলিল, বলুন মা, আমাকে বলছেন? এই দুপুরে আপনারা কোথায় এসেছেন?

বৃদ্ধা ঈষৎ হাসিয়া বলিল, এ ধূপের চেয়েও জ্বালায় জ্বলছি যে বেটা, আর এ সময় ভিন্ন পথঘাট দিয়ে চলবারও যে জো নাই।---বলিয়া একটা পোঁটলা খুলিয়া কতকগুলি রূপার অলঙ্কার ও খানকয়েক সেকেলের জীর্ণ শাল বাহির করিয়া বলিল, জান বাঁচাও বেটা, খোদা তোমার মঙ্গল করবেন। কচি বাচ্চারা না খেয়ে মরে যাবে বেটা, আর আমাদের দুশমনও বাগ মানছে না, পেট জ্বলে খাক হয়ে গেল বাপ। এ রেখে কিছু টাকা---দশটা টাকা আমাদের দাও বেটা।

শিবনাথ স্তম্ভিত হইয়া গেল, চোখে তাহার জল আসিতেছিল। এই সময়ে খোনা মেয়েটা একটা পাতায় মুড়িয়া আচার লইয়া বাহির হইয়া গেল। চোখে তাহার লালসাব্যগ্র জ্বলজ্বলে দৃষ্টি। দৃষ্টি দিয়া লেহন করিতে করিতে সে চলিয়াছে, খাইলে যে ফুরাইয়া যাইবে!

বৃদ্ধা মুসলমানী বলিল, বাপ!

শিবনাথ বলিল, মা!

জান বাঁচাতে পারবি বেটা? ভুখের ভাত দিতে পারবি মানিক?

শিবনাথ বলিল, এগুলো আপনারা নিয়ে যান মা, আমি দশটা টাকা আপনাদের দিচ্ছি।

মাত্র বারোটি টাকা আজ তাহার মজুত আছে, কিন্তু সে না বলিতে পারিল না।

বৃদ্ধা বলিল, বাপ, খোদা তোমার উপর খোশ থাকবেন ; কিন্তু ওই শাল আমরা একদিন গায়ে দিতাম ; ভিখ তো মাগতে পারব না মানিক।

বেশ তো, আপনাদের হলে আমাকে দিয়ে যাবেন ফের।

না বেটা ; এমন বছরে কে বাঁচবে কে থাকবে, ঠিক তো কিছু নাই বাপ। দেনদার হয়ে গিয়ে খোদার দরবারে কি জবাব দিব বেটা? এগুলো তুমি রেখে দাও।

শিবনাথ তাহাদের আহ্বান করিয়া অন্দরে লইয়া গিয়া সসম্ভ্রমে বসাইল।

নিত্য বলিল, দাদাবাবু, বউদিদি বলছেন, উনি টাকা দিচ্ছেন এগুলো রেখে।

শিবনাথ কোনও উত্তর দিল না, কিন্তু মুখে তাহার বিচিত্র হাসি খেলিয়া গেল ; গৌরী শুধু

টাকাই বোঝে না, সুদও বোঝে, লাভ লোকসানে তাহার জ্ঞান টনটনে! সে টাকা দশটি বৃদ্ধার হাতে দিয়া বলিল, সুদ আমি নেব না মা, সুদ আপনাদের শাস্ত্রে নিষেধ, আমাদেরও পূর্বপুরুষদের নিষেধ আছে।

বৃদ্ধার মুখে এতক্ষণে হাসি দেখা দিল, সে হাসিয়া বলিল, আচ্ছা বেটা, আচ্ছা। মঙ্গল হবে তোমার বাপ। আচ্ছা বাপ, তুমি বাহিরে চল থোড়া, আমরা বহুমার সঙ্গে একটু আলাপ করে নিই।

শিবনাথ বাহিরে চলিয়া গেল। পথের উপর আবার আসিয়া দেখিল, ঠাকুর-বাড়ির সম্মুখে ক্ষুধার্তের দল এখনও তেমনই গোলমাল করিতেছে। রাখাল সিং, কেষ্ট সিং, কুড়ারাম, সতীশ কেহ এখনও ফিরে নাই, পথেও যতদূর দৃষ্টি যায় কাহাকেও দেখা যায় না।

আটাশ

রাখাল সিং, কেষ্ট সিং ফিরিল প্রায় অপরাহ্ণে। তাহারা দুইজনেই শুধু ফিরিয়া আসিল, সঙ্গে প্রজাদের কেহ ছিল না। শিবনাথ বুঝিল, প্রজারা আসে নাই। সম্পত্তি রক্ষার জন্য কাঁদিয়া অনুরোধ জানাইতে যাহারা আসিয়াছিল, টাকা দিবার সময় তাহারা পর্যন্ত আসে নাই। কি করিবে তাহারা, পাইবে কোথায়? কি হইল, এ সংবাদ জিজ্ঞাসা করিতে শিবনাথের সাহস হইল না, সংবাদ জানাই আছে, তবু প্রত্যক্ষভাবে সে সংবাদ শুনিতে যেন তাহার ভয় হইতেছিল। সে অন্য দিকে দৃষ্টি নিবদ্ধ করিয়া নীরবে বসিয়া রহিল।

রাখাল সিং একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিলেন, প্রজাদের কাছে কোন আশাই নেই বাবু, মানে—দেখাই করলে না কেউ।

কেষ্ট সিং বলিল, দেখা যে এক বেটারও পেলাম না নায়েববাবু, নইলে দেখতাম সব কেমন হাজির না হয়!

রাখাল সিং বলিলেন, তাদেরও তো ইজ্জতের ভয় আছে কেষ্ট। মানে—ভয়ে তারা দেখা করলে না।

শিবনাথ এতক্ষণে বলিল, প্রজাদের তা হলে দেখাই পান নি?

না, খবর পেতেই সব লুকিয়ে পড়ল। সামান্যক্ষণ নীরব থাকিয়া রাখাল সিং আবার বলিলেন, অবিশ্যি লুকিয়ে পড়া ভুল, মানে—এর পরে তো আছে। তবে আজ এক হিসেবে তারা ভালই করেছে, মানে—দেখা হলেই ধরুন, দুটো কড়া কথা শুনত; কেউ জবাবই যদি করত, তা হলে আবার আমাদের জেদও চাপত।

শিবনাথ বলিল, তা হলে তো দেখছি নিরুপায়। একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া সে নীরব হইল। তাহার দীর্ঘনিশ্বাসটা প্রচণ্ডভাবে আঘাত করিল রাখাল সিংকে। তিনি মাথা হেঁট করিয়া মাটির দিকে দৃষ্টি নিবদ্ধ করিলেন, চোখ হইতে ফোঁটা ফোঁটা জল টপটপ করিয়া মাটিতে

ঝরিয়া পড়িতে আরম্ভ করিল। কেষ্ট একলা থামের গায়ে মুখ লুকাইয়া দাঁড়াইয়া ছিল, তাহার দীর্ঘ দেহখানা লইয়া সে যেন ওই থামের সঙ্গে মিশিয়া যাইতে চায়। এই সময়ে অন্য একটি গ্রাম হইতে গোমস্তা কুড়ারাম, চাকর সতীশ ও মাহিন্দার দুইজন ফিরিয়া আসিল। কুড়ারাম বলিল, নাঃ, একটি পয়সার ভরসা নেই বাবু।

এ কথায় কেহ কোনও জবাব দিল না, ওই একটি কথার পর পূর্বের মতই সকলে নিরুত্তর হইয়া বসিয়া রহিল। সে স্তব্ধতা ভঙ্গ করিল নিত্য-ঝি; সে বলিল, এই যে নায়েববাবু, মিশ্রি মাশায়, সতীশ, সবাই এসে বসে আছেন। বেশ মানুষ মাশায় আপনারা, বলি, আর খাবেন কখন গো?

অন্য কেহ এ কথার জবাব দিল না, জবাব দিল সতীশ, সে বলিল, হুঁ, তা খেতে হবে বইকি, তা নায়েববাবু, গোমস্তা মাশায় এঁরা না গেলে আমরা যাই কি করে?

রাখাল সিং বলিলেন, এ অবেলায় আমি আর খাব না নিত্য, একেবারে—

বাধা দিয়া নিত্য বলিল, অবেলা তো বটে, কিন্তু বউদিদি যে এখনও খান নি গো!

কেন?

কেনে আবার কি গো! ছেলেমানুষ হলেও তিনি তো বাড়ির গিন্নী; বললেন এতগুনো নোক খায় নি, আমি কি করে খাব? রতন-দিদিও খান নি, আমিও না। কেবল দাদাবাবু, তাও সে নামমাত্র খেতে বসা।

কেষ্ট সিং তাড়াতাড়ি আপনার জামা পাগড়ি খুলিয়া ফেলিয়া বলিল, দেখ দেখি বউদিদির কাণ্ড! এ কষ্ট করবার তাঁর কি দরকার? হুঁ!

নিত্য বলিল, আর বোলো না বাপু, কচি বউ, তার সাধ্যি এই সংসার চালানো? সারা হয়ে গেল বেচারী, কাল একবার বমি করেছেন, আজ একবার করেছেন।

শিবনাথ বিস্মিত হইয়া প্রশ্ন করিল, কই, আমি তো কিছু শুনি নি?

নিত্য বলিল, আপনি পাগলের মত ঘুরছেন, এর মধ্যে আর আপনাকে সে কথা বলে কি করব? নিত্য এ বাড়িতে উপোস, আজ এ পালন, কাল ও পর্ব; পিত্তি পড়ছে, অম্বল হচ্ছে, তার আর বলব কি বলুন?

নিত্যর কথা শেষ হইতেই সতীশ বলিল, তা হলে উঠুন নায়েববাবু, তেলটেল দেন গায়ে। বউদিদি বসে আছেন, খান নি এখনও।

নায়েব বলিলেন, চল নিত্য, আমরা এই গেলাম বলে।

নিত্য চলিয়া গেল। রাখাল সিং অত্যন্ত সঙ্কোচভরে বলিলেন, একটা কথা বলব বাবু, মনে কিছু করবেন না। মানে—সম্পত্তি আপনার মানেই বউমায়ের, আবার বউমায়ের টাকা সেও আপনারই—

বাধা দিয়া শিবনাথ বলিল, মানে সংসারে অনেক রকমই হয় সিং মশায়, কিন্তু সব মানে সব ক্ষেত্রে খাটে না। সে হয় না, সে হবে না। আর সে যে একটা দারুণ লজ্জার কথা, ছিঃ, ও কথা ছেড়ে দিন।

রাখাল সিং একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া তেল মাখিতে বসিলেন। কুড়ারাম মিশ্র এবার সঙ্কোচভরে বলিল, কিন্তু একটা উপায়ও তো করতে হবে। সম্পত্তি তো এভাবে ছেড়ে দেওয়া যায় না!

শিবনাথ অনেকক্ষণ চিন্তা করিয়া বলিল, আপনারা স্নান করে খেয়ে নিন, সন্ধ্যার পর আমি নিজে একবার প্রজাদের কাছে যাব। দেখি, কিছু হয় কি না।

রাখাল সিং বলিলেন, কিছু টাকা হলেও আপনাকে নিয়ে কালেক্টর সাহেবের কাছে দাঁড়িয়ে নাবালক বলে সময় করে নেব আমি।

শিবনাথ বলিল, চলুন, একবার নিজে গিয়ে দেখব, প্রজারা কি বলে।

কেষ্ট সিং দুই হাতে আপনার মাথা সজোরে চাপিয়া ধরিয়া বলিয়া উঠিল, না না না। সে হবে না দাদাবাবু।

শিবনাথ তাহার দিকে চাহিয়া দেখিল, সে কাঁদিতেছে। একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া ম্লান হাসি হাসিয়া শিবনাথ বলিল, কাঁদছ কেন কেষ্ট সিং? সময়ে মানুষকে সবই করতে হয়।

কেষ্ট সিং এবার হাউমাউ করিয়া কাঁদিয়া উঠিল, আপনি যাবেন বাবু প্রজাদের কাছে ভিক্ষে চাইতে?

শিবনাথ বলিল, জোর-জুলুম করে টাকা আদায় করার চেয়ে মিষ্টি কথায় নিজে হাত পেতে টাকা আদায় অনেক ভাল কেষ্ট সিং। ওকে ভিক্ষে করা বলে না।

সন্ধ্যা হইতে আর বিশেষ বিলম্ব ছিল না।

শিবনাথ একটা অপেক্ষাকৃত নির্জন রাস্তা ধরিয়া গ্রাম হইতে বাহির হইয়া মাঠে আসিয়া পড়িল। সদর রাস্তা দিয়া কিছুতেই তাহাকে আসিতে দেওয়া হয় নাই, রাখাল সিং ও কেষ্ট সিং ঘোর আপত্তি তুলিয়াছিল।

তৃণচিহ্নহীন ধূলিধূসর মাঠ, যতদূর দৃষ্টি যায় ধূধূ করিতেছে। শিবনাথের পিছনে রাখাল সিং ও কেষ্ট সিং মাথা হেঁট করিয়া চলিতেছিল; শিবনাথের এই যাওয়াটাকে কিছুতেই তাহারা সহজভাবে গ্রহণ করিতে পারে নাই। লজ্জায় যেন তাহাদের মাথা কাটা যাইতেছে। রাখাল সিং সবই বোঝেন, কিন্তু সমস্ত বুঝিয়াও তিনি স্বচ্ছন্দে মাথা তুলিতে পারিতেছেন না। প্রজারা চারি আনা করিয়া দিলেও তো দুই শত আড়াই শত টাকা হইবে। কিছুদূর আসিয়া শিবনাথ দেখিল, মাঠের মধ্যে এক পুকুরের পাশে একটা জনতা জমিয়া আছে। কেষ্ট সিং থমকিয়া দাঁড়াইয়া বলিল, একটু ঘুরে চলুন বাবু।

শিবনাথ ভ্রূকুঞ্চিত করিয়া প্রশ্ন করিল, কেন?

অনেক লোক রয়েছে, ওই দেখুন।

কেন, কি হয়েছে ওখানে?

বাবুরা পুকুর কাটাচ্ছেন।

বাঃ, একটা ভাল কাজ হচ্ছে।

আজ্ঞে হ্যাঁ ; একটু ঘুরে চলুন।

কেন, ঘুরে যাবার দরকার কি ?

আজ্ঞে, ওরা দেখবে, কথাটা জানাজানি হবে বাবু।

হাসিয়া শিবনাথ বলিল, হোক। এগুলো মিথ্যে লজ্জা কেষ্ট সিং।

রাখাল সিং মৃদুস্বরে বলিলেন, মানে—একটু ঘুরে গেলেই বা ক্ষেতি কি বাবু ?

শিবনাথ দৃঢ়স্বরে বলিল, প্রয়োজন নেই সিং মশায়, আসুন, এতে কোনও লজ্জা আমি দেখছি না। গ্রামে গ্রামে তো আমি অনেক ঘুরে বেড়িয়েছি।

আজ্ঞে বাবু, সে এক আর এ এক। সে যেতেন আপনি তাদের বাঁচাতে, আর—রাখাল সিং কথাটা শেষ করিতে পারিলেন না, তাঁহার মুখে যেন বাধিয়া গেল। কয়জন মজুর এই দিকেই আসিতেছিল, তাহারা শিবনাথকে দেখিয়া লজ্জায় মাথা হেঁট করিয়া দ্রুতপদে স্থানটা অতিক্রম করিয়া চলিয়া গেল। শিবনাথ তবুও তাহাদের চিনিতে পারিল, ইহারা এই গ্রামেরই চাষী-গৃহস্থ। মধ্যে মধ্যে নিজেদের শক্তিতে না কুলাইলে ইহারা মজুর খাটাইয়া আসিয়াছে, নিজেরা কখনও জনমজুর খাটে নাই। শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিল। আর একদল মজুর তাহাদের পিছনে আসিয়া পড়িয়াছিল ; তাহাদের কয়টা কথা কানে আসিয়া পৌঁছিল। একজন বলিতেছিল, সারাদিন খেটে মোটে ছয়টা পয়সা, একসের চাল হবে না, কি যে করব !

আর একজন বলিল, মজাতে আছে বাবুরা, খেছে-দেছে, জামা ফট-ফটিয়ে বেড়াইছে। গাঁ ডুবলে একহাঁটু জল—আমরা বানে ডুবে মলাম, ওরা ডাঙায় দাঁড়িয়ে বান দেখছে।

কেষ্ট সিং ক্রুদ্ধ হইয়া উঠিল, সে ফিরিয়া দাঁড়াইল। শিবনাথ কঠিন দৃষ্টিতে তাহাকে তিরস্কার করিয়া নিরস্ত করিল, বলিল, চুপ করে থাক। ওসব শোনে না, শুনতে নেই।

কিছুদূর আসিয়া দেখিল, একটা বটগাছের তলায় কয়েকটি সাঁওতালদের উলঙ্গ ছেলে কি কুড়াইয়া কুড়াইয়া খাইতেছে। শিবনাথ লক্ষ্য করিল, খাইতেছে তাহারা বটের ফল। উপরের দিকে চাহিয়া দেখিল, গুটি-দুয়েক সাঁওতালের মেয়ে গাছে চড়িয়া বটফল সংগ্রহ করিতেছে।

কেষ্ট বলিল, আজকাল সাঁওতালেরা বট-বিচি খেতে আরম্ভ করেছে। পাকুড়-বিচি মায় পাকুড়-পাতা খেয়ে সব শেষ হয়ে গেল। ওই দেখুন কেনে ! অদূরেই একটা প্রকাণ্ড গাছ পত্রহীন শাখাপ্রশাখা মেলিয়া কঙ্কালের মত দাঁড়াইয়া ছিল, কেষ্ট আঙুল দেখাইয়া সেই দিকে দৃষ্টি আকর্ষণ করিল।

শিবনাথ থমকিয়া দাঁড়াইল। সত্যই প্রায় নিঃশেষ করিয়া অশ্বত্থ-গাছটার পাতাগুলা খাইয়া ফেলিয়াছে, একেবারে মাথার উপরে কয়েকটি হালকা সরু ডালের মাথায় দুই-চারিটা পাতা গরম বাতাসে থরথর করিয়া কাঁপিতেছে। মানুষের ওখানে ওঠা চলে না।

রাখাল সিং বলিলেন, একটু বসবেন ? অনেকটা পথ—

শিবনাথ বলিল, না, চলুন। চলিতে চলিতেই সে দেখিতেছিল, মাঠের মধ্যে গত বৎসরের

ধানের গোড়ার চিহ্ন পর্যন্ত নাই, ঘাস নাই, জল নাই। যতদূর দৃষ্টি চলে মাঠ যেন ধুধু করিতেছে, মাটির বুক ফাটলে ভরিয়া উঠিয়াছে, অসংখ্য ফাটল। ফাটলে ফাটলে পৃথিবীর বুকের চেহারা হইয়াছে ঠিক সবুজ-সারাংশ নিঃশেষিত জীর্ণ তন্তুসার পাতার মত। সম্মুখেই একটা প্রশস্ত দীর্ঘ ফাটল, সেটা পার হইতে হইতে শিবনাথ অনুভব করিল, ফাটলের ভিতরটা গরম বাষ্পের মত উত্তপ্ত বাতাসে ভরিয়া উঠিয়াছে; ধীরে ধীরে সে উত্তপ্ত বাতাস বিকিরিত হইতেছে জ্বরোত্তপ্তের উষ্ণ নিশ্বাসের মত।

গন্তব্য গ্রামখানি বেশী দূর নয়; দূরত্ব দুই মাইলের কমই, বেশী হইবে না। সন্ধ্যার মুখেই তাহারা গ্রামের প্রান্তে আসিয়া পৌছিল। অদূরেই গ্রাম, তবুও কোন সাড়াশব্দ পাওয়া যায় না, অস্বাভাবিক একটা স্তব্ধতায় সমস্ত যেন মুহ্যমান হইয়া রহিয়াছে। কিছুদূর আসিয়া একটা অন্ধকার নিস্তব্ধ পল্লীর মধ্যে প্রবেশ করিয়া শিবনাথ বলিল, লোকজনের তো কোনও সাড়া পাওয়া যাচ্ছে না!

কেষ্ট সিং বলিল, আজ্ঞে এটা বাউরীপাড়া।

সে জানি। কিন্তু বাউরীরা সব গেল কোথায়?

পেটের জ্বালায় সব পালিয়েছে বাবু। কোথাকার কলে সব খাটতে গিয়েছে।

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া অগ্রসর হইল। বাউরীপাড়ার পর খানিকটা পতিত জায়গার ব্যবধান পার হইয়া সদ্‌গোপপল্লীতে আসিয়া তাহারা প্রবেশ করিল।

আকাশে চাঁদ উঠিয়াছে, কিন্তু গাছের ছায়ায় পল্লীপথের উপর জ্যোৎস্না ফুটিতে পায় নাই, অন্ধকার পল্লীপথ জনহীন, নিস্তব্ধ। পথের দুই পাশে চাষী-গৃহস্থের বাড়ি, কিন্তু বাড়িগুলিও প্রায় অন্ধকার, কোথাও কোথাও এক-আধটা কেরোসিনের ডিবার আলোর ক্ষীণ শিখার আভাস পাওয়া যায় মাত্র; দুই-একটা বাড়িতে দুই-চারিটা কথা বা ছেলের কান্না জল-বুদ্বুদের মত অকস্মাৎ পর পর কতকগুলি উঠিয়া আবার স্তব্ধ হইয়া যাইতেছে। মধ্যে মধ্যে দুই-একটা কুকুর এক-আধ বার চিৎকার করিয়া ভয়ে আশেপাশের গলির মধ্যে ছুটিয়া পলাইতেছিল। একখানি বাড়ির সম্মুখে আসিয়া কেষ্ট সিং হাঁক দিল, মোড়ল, বড় মোড়ল!

উত্তর আসিল, কে?

আমি কেষ্ট সিং; জলদি একবার বেরিয়ে এস দেখি—জলদি! দেরি কোরো না।

বড় মোড়লের নাম পঞ্চানন মণ্ডল, সে এ গ্রামের শ্রেষ্ঠ ব্যক্তি, জমিদারের পুণ্যাহ-পাত্র, সম্পত্তিবান গৃহস্থ, সম্মানিত ব্যক্তি। প্রৌঢ় পঞ্চানন বাহিরে আসিয়া শিবনাথকে সম্মুখে দেখিয়া স্তম্ভিত হইয়া গেল। সসম্ভ্রমে প্রণাম করিয়া সে সবিস্ময়ে সশঙ্ক ভঙ্গিতে বলিল, বাবু, হুজুর, আপনি—এমন পায়ে হেঁটে—এই সন্ধ্যাবেলা! সে যেন মনের শত প্রশ্নকে ভাষায় প্রকাশ করিতে পারিতেছিল না।

শিবনাথও একটু বিচলিত হইয়া পড়িল, যে উদ্দেশ্য লইয়া সে এমন ভাবে এতদূর আসিয়াছে, সে কথা প্রকাশ করিবার সময় লজ্জায় কণ্ঠস্বর যেন রুদ্ধ হইয়া গেল। কঠিন চেষ্টায়

আত্মসম্বরণ করিয়া কিছুক্ষণ পরে সে বলিল, তোমাদের কাছেই এসেছি পঞ্চানন। তোমরা আমার কাছে গিয়েছিলে, আমার জমিদারি বজায় রাখবার জন্য তোমরা বলে এসেছ। আমি বলতে এলাম, তোমাদের সে কথা রাখবার ক্ষমতা আমার হচ্ছে না। তোমরাও যদি কিছু কিছু সাহায্য কর, তবেই তোমাদের জমিদার বাড়ি থাকবে, নইলে এই শেষ।

প্রৌঢ় পঞ্চানন কাঁদিয়া ফেলিল। চোখ মুছিয়া শিবনাথকে বসিবার আসন দিয়া সে নীরবে নতশিরে বসিয়া রহিল। শিবনাথও নীরব। রাখাল সিং, কেষ্ট সিংও নীরব। সে নীরবতার মধ্যে একটা লজ্জার পীড়ন প্রত্যেকেই অনুভব করিতেছিল। কেষ্ট সিং হাঁপাইয়া উঠিল, সে-ই প্রথম এ নীরবতা ভঙ্গ করিয়া বলিল, মোড়ল!

পঞ্চানন নীরবেই বসিয়া রহিল, উত্তর সে খুঁজিয়া পাইল না। কেষ্ট সিংয়ের অনুসরণ করিয়া এবার নায়েব বলিলেন, পঞ্চানন!

পঞ্চানন এবার যেন একটা সঙ্কল্প লইয়া উঠিয়া দাঁড়াইল, কাহাকেও কোন কিছু না বলিয়া সে বাড়ির ভিতর চলিয়া গেল। কেষ্ট সিং এবার হাসিয়া বলিল, মি লইলে কি মাড়ন হয় নায়েববাবু? এইবার দেখুন, বেরোয় কি না!

শিবনাথ নীরব হইয়া বসিয়া রহিল। তাহার মনের মধ্যে একটা কঠিন দ্বন্দ্ব জাগিয়া উঠিয়াছিল, এখানে এমন সঙ্কল্প লইয়া আসার জন্য বার বার সে আপনাকে তিরস্কার করিতেছিল, ইহার মধ্যে নির্জলা স্বার্থপরতা ভিন্ন আর কিছু সে দেখিতে পায় না। মনে হইল, ওই বৃদ্ধ চাষীর এই দীর্ঘ জীবনে তাহাকে এমন কঠিনভাবে পীড়ন কেহ কখনও করে নাই। এই সমস্তের জন্য যে দায়ী একমাত্র গৌরাই। গৌরী যদি তাহার জীবনের অংশভাগিনী না হইত তবে নিঃসঙ্কোচে এই সম্পত্তি সম্পদ আজ সে ছাড়িয়া দিত; গৌরী যদি হাসিমুখে দারিদ্র্যের ভাগ লইতে চাহিত, তবে সে এই সম্পত্তি পাপ বলিয়া পরিত্যাগ করিত।

পঞ্চানন ফিরিয়া আসিল। শিবনাথের সম্মুখে সে কয়েকখানি সোনার গহনা নামাইয়া দিয়া নায়েবকে সম্বোধন করিয়া বলিল, এই নিয়ে যান, এ ছাড়া আমার আর কিছু নাই।

শিবনাথ সবিস্ময়ে বলিল, এ যে গয়না পঞ্চানন!

আজ্ঞে হ্যাঁ। আর কোনও উপায় আমার নাই। এই বছরই বউমাকে নতুন নিয়ে এসেছি ঘরে। তাই এ কখানা আর নিতে পারি নাই লজ্জায়। অন্য সকলের যা কিছু সবই পেটে ভরেছি হুজুর।

ফোঁটা দুয়েক জল শিবনাথের চোখ হইতে ঝরিয়া পড়িল। সে বলিল, না পঞ্চানন, ও তুমি নিয়ে যাও।

হাতজোড় করিয়া পঞ্চানন বলিল, হুজুর, ভগবান মুখ তুলে চাইলে আপনার আশীর্বাদে আবার হবে আমার বউমার গয়না; আমার কাছে যা পাওনা আপনার, তা এতেও শোধ হবে না হুজুর। পঞ্চানন বিনয় করিল না, সত্য সত্যই গহনা কয়খানি নামে গহনা হইলেও মূল্য তাহার পঞ্চাশ ষাট টাকার বেশী হইবে না।

শিবনাথ উঠিয়া দাঁড়াইল, দৃঢ়স্বরে বলিল, সে হোক পঞ্চানন, ও আমি নিতে পারব না।

বউমাকে গয়না তুমি ফিরিয়ে দিও। চলুন সিং মশায়, চল কেষ্ট সিং। সে পঞ্চাননের ঘরের দাওয়া হইতে পথের উপর নামিয়া পড়িল। রাখাল সিং, কেষ্ট সিং শত ইচ্ছা সত্ত্বেও প্রভুর এ দৃঢ়তার সম্মুখে ক্ষীণ প্রতিবাদ করিতেও সাহস করিল না। পঞ্চানন স্তব্ধ হইয়া গহনা কয়খানির সম্মুখে পশুর মত বসিয়া রহিল।

গ্রাম ত্যাগ করিয়া আবার নির্জন প্রান্তরের উপর দিয়া তিনজনে ফিরিতেছিল। চিন্তায় নতশির নিস্তব্ধ তিনটি মূর্তি, চন্দ্রালোকে প্রতিফলিত তিনটি ছায়া তির্যগ্‌ভাবে মাটির উপর সঙ্গে সঙ্গে চলিয়াছে। প্রাণ-স্পন্দন ভিন্ন ছায়ায় ও কায়ায় কোনও প্রভেদ নাই। সহসা মনে হইল, পিছন হইতে কে যেন কাহাকে ডাকিতেছে।

কেষ্ট সং স্থির হইয়া দাঁড়াইয়া বলিল, পেছুতে কে হাঁকছে মনে হচ্ছে!

তিনজনেই স্থির হইয়া দাঁড়াইল। হাঁ, সত্যই কে কাহাকে ডাকিতেছে। কেষ্ট সিং উচ্চ-কণ্ঠে হাঁকিয়া প্রশ্ন করিল, কে?

অস্পষ্ট সাড়ায় যেন ভাসিয়া আসিল, আমি পঞ্চানন।

কেষ্ট আবার হাঁকিল, কে?

এবার পিছনের কণ্ঠস্বর স্পষ্ট হইয়া উঠিল, এবার স্পষ্ট সাড়া আসিল, আমি পঞ্চানন। অল্পক্ষণ পরেই পঞ্চানন হাঁপাইতে হাঁপাইতে আসিয়া উপস্থিত হইল। শিবনাথ সবিস্ময়ে প্রশ্ন করিল, কি পঞ্চানন?

পঞ্চানন মাথা তুলিল না, বরং আরও একটু হেঁট করিয়া একখানি মুষ্টিবদ্ধ হাত প্রসারিত করিয়া বলিল, হুজুর, আপনি পায়ের ধূলো দিলেন, আর শুধু শুধু—, দয়া করে এই—, সামান্য পাঁচ টাকাও ভরাতে পারলাম না হুজুর, সমস্ত গাঁ ঝেঁটিয়ে দু পয়সা চার পয়সা করে আপনার নজর—

অসম্বদ্ধ অসমাপ্ত কথা, কিন্তু শিবনাথ বুঝিল অনেক। সে আর দ্বিধা করিল না, পঞ্চাননের হাত হইতে পয়সা, আনি, দুয়ানির মুঠি আপন হাতে তুলিয়া লইল।

এই যাওয়ার কথাটা শিবনাথ বাড়িতে বলিয়া না গেলেও কথাটা গোপন ছিল না। শুনিয়া গৌরীর সর্বাঙ্গ যেন শাণিত দীপ্তিতে ঝলকাইয়া উঠিল। নগণ্য চাষী-প্রজার কাছে স্বয়ং গিয়া খাজনা দিতে বলাটা তাহার কাছে ভিক্ষা করা ছাড়া আর কিছু মনে হইল না। সে মনে মনে 'ছি ছি' করিয়া সারা হইল, শিবনাথের এই উঞ্ছ-প্রবৃত্তিতে তাহার প্রতি ঘৃণায় তাহার অন্তরটা ভরিয়া উঠিল। সঙ্গে সঙ্গে রাগেও সে হইয়া উঠিল প্রখর। ওই নগণ্য তুচ্ছ চাষী-প্রজার চেয়েও সে হেয়, তাহাদের চেয়েও সে শিবনাথের পর? কই, একবারও তো মিষ্ট কথায় অনুনয় করিয়া সে তাহাকে বলিল না, গৌরী, এ বিপদে তুমি মুখ তুলিয়া না চাহিলে যে আর উপায় নাই। ঘৃণায় ক্রোধে জর্জর হইয়া গৌরী নীরবে শিবনাথের প্রতীক্ষায় বসিয়া ছিল। শিবনাথ ফিরিতেই সে বলিল, হ্যাগা, তুমি নাকি প্রজাদের কাছে ভিক্ষে চাইতে গিয়েছিলে?

মুহূর্তে শিবনাথের মস্তিষ্ক উত্তপ্ত হইয়া উঠিল, সে কঠিনভাবেই জবাব দিল, হ্যাঁ।

বাঁকানো ছুরির মত ঠোঁট বাঁকাইয়া হাসিয়া গৌরী বলিল, কত টাকা নিয়ে এলে, দাও, আমি আঁচল পেতে বসে আছি।

শিবনাথ রূঢ় দৃষ্টিতে গৌরীর দিকে চাহিয়া রহিল, এ কথার কোন জবাব দিল না।

উত্তর না পাইয়া গৌরী আবার বলিল, কি ভাবছ? হাজার দরুনে টাকা এ শাড়ির আঁচলে মানাবে না, না কি? বল তো বেনারসী শাড়িখানাই না হয় পরি।

শিবনাথ এবার বলিল, শাড়ির কথা ভাবছি না গৌরী, ভাবছি তোমার পুণ্যের কথা। যে ধন আমি এনেছি, সে ধন গ্রহণ করবার মত পুণ্যবল তোমার এখনও হয় নি। হলে দিতাম।

গৌরী বলিল, কেন, তোমার পুণ্যের অর্দ্ধেক তো আমার পাবার কথা গো; তবে কুলুবে না কেন শুনি?

পাবার কথাও বটে, আমি দিতেও চেয়েছি, কিন্তু তুমি নিতে পারলে কই গৌরী? সে হলে তোমায় বলতে হত না, আমি এসেই তোমাকে সব ঢেলে দিতাম।

গৌরী এবার জ্বলিয়া উঠিল, অন্তরের জ্বালায় উপরের ভদ্রতার আবরণটুকুও খসাইয়া দিয়া সে নির্মমভাবে বলিয়া উঠিল, ছি ছি, তুমি এত হীন হয়েছ, ছি! আমি যে 'ছি ছি' করে মরে গেলাম!

শিবনাথ আর সহ্য করিতে পারিতেছিল না, সেও এ কথার উত্তরে নির্মমভাবেই গৌরীকে আঘাত করিত, কিন্তু নায়েব রাখাল সিংয়ের আকস্মিক আবির্ভাবে সেটুকু আর ঘটিতে পারিল না। রাখাল সিং ব্যস্ত হইয়া আসিয়া বলিলেন, সদর থেকে সায়েব-সুবো, উকিল-মোক্তার সব দুর্ভিক্ষের জন্যে ভিক্ষে করতে এসেছেন। আমাদের কাছারির দোরে এসে দাঁড়িয়েছেন, শিগগির আসুন।

অন্দর হইতে কাছারি-বাড়ি যাইবার অর্ধপথে আসিয়াই শিবনাথ অনুভব করিল, মূল্যবান সিগারেটের ধোঁয়ার গন্ধে বায়ুস্তর যেন মোহময় হইয়া উঠিয়াছে। কাছারিতে আসিয়া দেখিল, গোটা বাড়িটাই উজ্জ্বল আলোয় আলোময় হইয়া গিয়াছে। একটা লোকের মাথায় একটা পেট্রোম্যাক্স আলো জ্বলিতেছে, তাহার পিছনে ভিক্ষার্থী বিশিষ্ট ব্যক্তির দল। ভিক্ষার কাপড়টার এক প্রান্ত ধরিয়াছেন জেলার উচ্চপদস্থ এক রাজকর্মচারী, অন্য প্রান্ত ধরিয়াছেন জেলার এক লক্ষপতি ধনী; তাঁহাদের পশ্চাতে উকিল মোক্তার ও অন্যান্য সরকারী কর্মচারীর দল। হাতে হাতে প্রায় দশ-বারোটা সিগারেট হইতে ধোঁয়ার কুণ্ডলী পাক খাইয়া খাইয়া বাতাসে মিশিয়া যাইতেছে।

পঞ্চাননকে মনে মনে শত শত ধন্যবাদ দিয়া শিবনাথ সেই পয়সা, আনি, দুয়ানির মুষ্টি ভিক্ষাপাত্রে ঢালিয়া দিয়া বাড়ি ফিরিল। গভীর চিন্তায় আচ্ছন্নের মত সে বাড়িতে প্রবেশ করিল। কিন্তু গৌরীর তীক্ষ্ণ কঠোর কণ্ঠস্বরে তাহার সে চিন্তার একাগ্রতা ভাঙিয়া গেল। গৌরী নিত্যকে বলিতেছিল, খবরদার, ওকে আর বাড়ি ঢুকতে দিবি না। বলছি, বসে খা;

তা না, আঁচলে বেঁধে নিয়ে যাবে, ঘুগিয়ে রাখবে! নিত্যি দুবেলা ওকে আচার দিতে হবে!

শিবনাথ দেখিল, ওদিকের দুয়ারে দাঁড়াইয়া সেই খোনা মেয়েটা। মেয়েটা আবার মুড়ি ও আচার চাহিতে আসিয়াছে! ধমক খাইয়াও মেয়েটা কিন্তু নড়িল না, তেমনি ভাবেই দাঁড়াইয়া রহিল, না লইয়া সে এক পা নড়িবে না। মধ্যে মধ্যে আপনার দাবিটা সে মনে পড়াইয়া দিতেছিল, এঁই এঁতটুকুন আঙুলের ডগায় করে দাও ঠাকরুন। এঁকটুঁকুন।

শিবনাথ উপরে উঠিয়া গেল। কোনও উপায় আর নাই। পৈতৃক সম্পত্তি চলিয়াই যাইবে।

উনত্রিশ

গভীর রাত্রিতেও শিবনাথ বিনিদ্র হইয়া বসিয়া ওই কথাই ভাবিতেছিল। ওদিকে খাটের উপর গৌরী ঘুমাইয়া পড়িয়াছে। প্রথম কিছুক্ষণ সেও জাগিয়া ছিল, তাহারই মধ্যে কয়েকটা বাঁকা কথাও হইয়া গিয়াছে। শিবনাথ বরাবর নিরুত্তর থাকিবারই চেষ্টা করিয়াছে, ফলে অল্পেই পালাটা শেষ হইয়াছে। তারপর কখন গৌরী ঘুমাইয়া পড়িয়াছে। গৌরীর ঘুমটা একটু বেশী, সেজন্য শিবনাথ ভাগ্য-দেবতার নিকট কৃতজ্ঞ। ঘুম কম হইলে—শিবনাথ রাত্রির কথা ভাবিয়া শিহরিয়া উঠে।

অনেক চিন্তা করিয়া করিয়া সে যেন ক্রমে নিশ্চিন্ত হইয়া আসিতেছে। উপায় যেখানে নাই, সেখানে চিন্তা করিয়া কি করিবে? উপায় ছিল—গৌরী যদি তাহার জীবনে নিজের জীবন দুইটি নদীর জলধারার মত মিইশায়া দিতে পারিত, তবে উপায় ছিল। গৌরীর টাকার কথা মনে করিয়াই শুধু এ কথা সে ভাবে নাই। সে যদি শিবনাথের আদর্শকে গ্রহণ করিতে পারিত, তবে যে সে প্রপার্টি ইজ থেফ্‌ট—এ কথা উচ্চ কণ্ঠে ঘোষণা করিয়া গৌরীর হাত ধরিয়া এ সমস্ত বর্জন করিতে পারিত। জীবিকা? এতবড় বিস্তীর্ণ দেশ—মা-ধরত্রীর প্রসারিত বক্ষ, তাহারই মধ্যে তাহারা স্বামী-স্ত্রীতে স্তন্যপায়ী শিশুর মত মায়ের বুক হইতে রস সংগ্রহ করিত। গৌরীর দিকে চাহিয়া সে একটা দীর্ঘনিশ্বাস ফেলিল। এ কি! গৌরীর গায়ের গহনা কি হইল? এ যে হাতে কয়গাছা চুড়ি ও গলায় সরু একগাছি বিছাহার ভিন্ন আর কিছুই নাই! গহনাগুলি গৌরী খুলিয়া রাখিয়াছে। বোধ করি তাহার দৃষ্টিপথ হইতে সরাইবার জন্যই খুলিয়া রাখিয়াছে, হয়তো বা নিরাপদ করিবার জন্য মামাদের বাড়িতে ম্যানেজারের জিম্মায় রাখিয়া আসিয়াছে।

সহসা সে চমকিয়া উঠিল। নীচে কোথায় যেন একটা শব্দ উঠিতেছে—পাখির পাখা ঝটপট করার মত শব্দ। একটা দুইটা নয়, অনেকগুলা পাখি যেন একসঙ্গে অন্ধকারের মধ্যে অসহায়ভাবে উড়িবার চেষ্টা করিতেছে বলিয়া বোধ হইল। বাড়ির সংলগ্ন ঠাকুরবাড়ির আটচালায় অনেকগুলি পায়রা থাকে, বোধহয় কোন কিছুর তাড়া খাইয়া এমন ভাবে আত্মরক্ষা

করিবার চেষ্টা করিতেছে। ঘর হইতে বাহিরের বারান্দায় আসিয়া সে ঠাকুরবাড়ির দিকে চাহিয়া দাঁড়াইয়া রহিল। আটচালার ভিতর গাঢ়তর অন্ধকারের মধ্যে যেন একটা সচল ছায়ামূর্তি সে দেখিতে পাইল। মানুষের মত দীর্ঘ সচল ছায়ামূর্তি। অন্ধকারে যেন একটা প্রেত নাচিয়া নাচিয়া ছুটিয়া বেড়াইতেছে। শিবনাথ ঘরে প্রবেশ করিয়া টেবিলের উপর হইতে টর্চ ও দেওয়ালের গায়ে ঝুলানো তলোয়ারখানা খুলিয়া লইয়া নিঃশব্দে নীচে নামিয়া গেল। ঠাকুরবাড়ি ও অন্দরের মধ্যে একটি মাত্র দরজা। দরজাটি সন্তর্পণে খুলিয়া সতর্ক পদক্ষেপে আটচালার একটা থামের আড়ালে আসিয়া দাঁড়াইল। মূর্তিটার কিন্তু ভ্রূক্ষেপ নাই, কোন দিকে লক্ষ্য করিবার যেন তাহার অবসর নাই। একটা লম্বা লাঠি হাতে সে উন্মত্তের মত ওই পায়রাগুলোকে তাড়া দিয়া দিয়া ফিরিতেছে, বার বার আঘাত করিবার চেষ্টা করিতেছে। ক্রমশই যেন শিবনাথের বিস্ময় বাড়িতেছিল। মূর্তিটা স্ত্রীলোকের। অপটু হাতে লাঠি-চালনা, নতুবা এতক্ষণে দুই-চারিটা পায়রা আঘাত পাইত। মূর্তিটা এবার এদিক হইতে পিছন ফিরিতেই শিবনাথ টর্চটা জ্বালিয়া তলোয়ারখানা উদ্যত করিয়া তাহাকে আহ্বান করিল, কে?

আলোকের দীপ্তি এবং মানুষের কণ্ঠস্বরের রূঢ় প্রশ্নে মূর্তিটা মুখ ফিরাইল, এবং সভয়ে একটা অনুনাসিক আর্তনাদ করিয়া উঠিল, অঁা--!

শিবনাথ এবার বিস্ময়ে স্তম্ভিত হইয়া গেল। এ কি, এ যে সেই জীর্ণ খোনা মেয়েটা! পর-মুহূর্তেই মেয়েটা মাটিতে সশব্দে পড়িয়া গেল; শিবনাথের মনে হইল, মেয়েটা বোধ হয় মূর্ছিত হইয়া পড়িয়াছে। টর্চ জ্বালিয়া তাহার মুখের উপর ঝুঁকিয়া পড়িয়া দেখিল, তাই বটে, সে নিথর হইয়া পড়িয়া আছে। সে ছুটিয়া বাড়ির মধ্যে প্রবেশ করিয়া একটা ঘটি হাতে আবার ফিরিয়া গেল, এ কি! মূর্ছিত মেয়েটার মুখের উপর ঝুঁকিয়া পড়িয়া একটা কঙ্কালসার পুরুষ চাপা গলায় তাহাকে বার বার ডাকিয়া সচেতন করিয়া তুলিবার চেষ্টা করিতেছে। ও কে? শিবনাথ বুঝিল, এই মেয়েটার সঙ্গী এই লোকটা, বোধ হয় কোথাও লুকাইয়া ছিল। তাহাকে গ্রাহ্য না করিয়াই শিবনাথ মেয়েটার মুখে জলের ছিটা দিতে আরম্ভ করিল। দুই-এক বার ছিটা দিতেই সে চোখ মেলিয়া সভয়ে কাঁদিয়া উঠিল, মেরেন না বাবু মাশায়।

পুরুষটাও কাঁদিয়া ফেলিল, মেরেন না মাশায় ওকে।

শিবনাথ প্রশ্ন করিল, কি করছিলি তুই এখানে?

মেয়েটি জোড়হাত করিয়া বলিল, এঁকটি পাঁয়রা--

পায়রা! মানুষের লোভ দেখিয়া শিবনাথ স্তম্ভিত হইয়া গেল, এই অবস্থাতেও এমন ভাবে মাংস খাইবার প্রবৃত্তি!

মেয়েটি আবার বলিল, ডাক্তার উয়োকে মাংসের ঝোল দিঁতে বলেছে মাশায়, লঁইলে, উ বাঁচবে না।

ও তোর কে?

মেয়েটা চুপ করিয়া রহিল, পুরুষটা এতক্ষণ বসিয়া কামারের হাপরের মত হাঁপাইতেছিল, সে এবার বলিল, আজ্ঞেন, আমার পরিবার মাশায়।

শিবনাথ সবিস্ময়ে প্রশ্ন করিল মেয়েটাকে, ও তোর স্বামী ?

আজ্ঞে হ্যাঁ। মরতে বসেছে মাশায়, ডাক্তার বললে, মাংসের ঝোল—মুরগীর, নয় তো পায়রার ঝোল একটুকুন করে না দিলে উ বাঁচবে না।

পুরুষটা বলিল, পঞ্চাশ বার বারণ করলাম, মাশায়, তা শুনলে না। আমাকে বাইরে রেখে ওই জলের নালা দিয়ে ঢুকে—। সে আবার হাঁপাইতে লাগিল। হাঁপাইতে হাঁপাইতে বলিল, মাগী আমাকে নিশ্চিন্দি হয়ে মরতেও দেবে না বাবু।

মেয়েটা মুহূর্তে যেন স্থান কাল সব ভুলিয়া গেল, সে তিরস্কার করিয়া স্বামীকে বলিল, এই দেখ, দিনরাত তু মরণ মরণ করিস না বলছি, ভাল হবে না। সে স্বামীর বুকে হাত বুলাইতে আরম্ভ করিল।

পুরুষটা দম লইয়া আবার বলিল, বাবুদের পায়খানা সাফ করে পয়সা নিয়ে ওষুধ এনে আমার আর লাঞ্ছনার বাকি রাখছে না বাবু। ওষুধ না খেলে আমাকে ধরে মারে। ভিখ করে যা আনবে—ভাত, আচার, মুড়ি সব আমাকে খাওয়াবে। না খেয়ে খেয়ে মাগীর দশা দেখেন কেনে!

শিবনাথ নির্বাক হইয়া দাঁড়াইয়া ছিল। তাহার সমস্ত অন্তর বিপুল তৃপ্তিতে ভরিয়া উঠিয়াছে। কুৎসিত জীর্ণ দেহের মধ্যে জীবনের এমন সুমধুর প্রকাশ দেখিয়া তাহার সকল ক্ষোভ যেন মিটিয়া গিয়াছে। সে বলিল, তোমরা এই মন্দিরের বারান্দায় শুয়ে থাক। কাল থেকে আমার বাড়িতেই থাকবে। ওষুধ-পথ্যির সব ব্যবস্থা আমি করে দোব, বুঝলে ?

মনে মনে বিগ্রহের মতই সমাদর করিয়া তাহাদের শোয়াইয়া শিবনাথ বাড়িতে আসিয়া আবার চেয়ারের উপর বসিল। চোখের ঘুম যেন আজ ফুরাইয়া গিয়াছে। সহসা তাহার মনে হইল, দুঃখ, দারিদ্র্য, স্বার্থপরতা, লোভ, মোহের ভার হিমালয়ের ভারের মত মনুষ্যত্বের বুকের উপর চাপিয়া বসিয়া আছে, সেই ভার ঠেলিয়াই মনুষ্যত্বের আত্মবিকাশ অহরহ চলিয়াছে। কঠিন মাটির তলদেশ হইতে মাটি ফাটাইয়া যেমন বীজ অঙ্কুরিত হয়, তেমনই ভাবেই সে যুগে যুগে ঊর্ধ্বলোকে চলিয়াছে, এই ভার ঠেলিয়া ফেলিয়া দিয়াই চলিয়াছে। জানালা দিয়া আকাশের দিকে সে চাহিয়া দেখিল, গাঢ় নীল আকাশ, পুঞ্জ পুঞ্জ জ্যোতির্লোকের সমারোহে রহস্যময়। সে সেই রহস্যলোকের দিকে চাহিয়া বসিয়া রহিল। পশ্চিম-দক্ষিণ কোণটা কেবল গাঢ় অন্ধকার ; সহসা দীপ্তির একটা চকিত আভাসও যেন সেখানে খেলিয়া গেল। মেঘ! মেঘ দেখা দিয়াছে দক্ষিণ-পশ্চিম কোণে! শিবনাথ পুলকিত হইয়া জানালায় আসিয়া দাঁড়াইল। দক্ষিণ-পশ্চিম কোণের মেঘ! মেঘ যেন পরিধিতে বাড়িতেছে, বিদ্যুতের প্রকাশ ঘন ঘন হইতে আরম্ভ করিয়াছে। আঃ, দেশ বাঁচিবে ; চৌচির মাটি আবার শান্ত স্নিগ্ধ অখণ্ড হইয়া উঠিবে। সেই কোমল স্নিগ্ধ মাটির বুকে মানুষ আবার বুক দিয়া ঝাঁপাইয়া পড়িবে স্তন্যপায়ী শিশুর মত। আবার মা হইবেন সুজলা সুফলা মলয়জশীতলা শস্যশ্যামলা কমলা কমলদলবিহারিণী। এ রূপ মায়ের অক্ষয় রূপ, এ রূপের ক্ষয় নাই ; শত শোষণে, পরাধীনতার

অসহ বেদনাতেও এ রূপের জীর্ণতা আসিল না।

সহসা তাহার মনে হইল, কাছারি-বাড়ির দরজা হইতে কে যেন ডাকিতেছে! সে বাড়ির ভিতরের দিকের বারান্দায় আসিয়া সাড়া দিয়া জিজ্ঞাসা করিল, কে?

আজ্ঞে, আমি কেষ্ট সিং।

কি বলছ?

আমি এসেছি শিবু, তাই তোকে খবরটা দিচ্ছি। তুই নিশ্চিন্ত হয়ে ঘুমো, আমি উপায় করেছি।

মাস্টার মহাশয়ের কণ্ঠস্বর। শিবনাথ দ্রুতপদে নীচে নামিয়া গেল।

রামরতনবাবু বলিলেন, দিজ মহাজনস্, শুধু মহাজন কেন, বিষয়ী ক্লাসই একটা অদ্ভুত ক্লাস। বিশ্বাস এরা কাউকে করবে না। এত করে বললাম, তাও না; বলে, নাবালককে টাকা কেমন করে দোব? তখন বললাম, অল্ রাইট, আমাকে জান তোমরা, আমার সম্পত্তিও তোমরা জান, আমাকে দাও টাকা আমার সম্পত্তি মরগেজ নিয়ে! তাই নিয়ে এলাম।

শিবনাথ বাকাহীন হইয়া বসিয়া রহিল। আজিকার দিনটা তাহার জীবনের একটি অমূল্য সম্পদ। এমন দিন আর বোধ হয় কখনও আসিবে না। তাহাকে কেন্দ্র করিয়া আজ যেন মানুষের জাগরণের সাড়া পড়িয়া গিয়াছে; আকাশে মেঘ দেখা দিয়াছে।

মাস্টার বলিলেন, আমি সব নোটই এনেছি। সিং মশায় সব শুনে নিচ্ছেন। কিন্তু তুই এমন চুপ করে রয়েছিস কেন? আবার 'নোব না' বলবি না তো? তোকে আমার এক-এক সময় ভয় করে; এমন সেন্টিমেণ্টাল ফুলের মত কথা বলিস! কি বলছিস?

শিবনাথ এবারও কোন উত্তর দিতে পারিল না, নির্বাক হইয়াই সে বসিয়া রহিল। মাস্টার বলিলেন, তোর ঘুম পাচ্ছে, যা তুই, শুগে যা। আমরা সব চালান-টালান লিখে ঠিক করে রাখছি, কাল সকালেই সিং মশায় সদরে চলে যাবেন।

এতক্ষণে শিবু ধীরে ধীরে বলিল, আপনি আমার শিক্ষক—গুরু, আপনার কাছে অনেক পেয়েছি, আজ এই টাকাও আমি নিলাম মাস্টার মশায়।—বলিয়া সে বাড়ির দিকে চলিয়া গেল। বাড়িতে তখন নিতা, রতন উঠিয়াছে; উঠানে কেষ্ট সিং মাস্টার মহাশয়ের সঙ্গী লোকটিকে লইয়া দাঁড়াইয়া ছিল, তাহাকে জলখাবার দিতে হইবে। শিবনাথ উপরে উঠিয়া গেল। এত সাড়া-শব্দের মধ্যেও গৌরী অগাধ ঘুমে আচ্ছন্ন। বিছানার উপর শুইতে গিয়া গৌরীর ঘুমে ব্যাঘাত দিতে তাহার ইচ্ছা হইল না, তাহার উপর এই গরমে এক বিছানায় দুইজনে শোয়াটাও তাহার বড় অস্বস্তিকর বোধ হইল; ঈজিচেয়ারটার উপরেই শুইয়া সে শ্রান্তভাবে চোখ বুজিল।

ত্রিশ

পরদিন প্রভাতে সে উঠিল পরম নিশ্চিন্ত, প্রশান্ত মন লইয়া। বিগত রাত্রির স্মৃতিটা তাহার কাছে স্বপ্নের মত বোধ হইতেছিল। সে চায়ের জন্য তখনও শুইবার ঘরেই বসিয়া ছিল ; গৌরী চা লইয়া আসিবে। চায়ের অপেক্ষা গৌরীর প্রতীক্ষাই সে যেন অধিক ব্যগ্রতার সহিত করিতেছিল। গৌরীর উপর বিরূপতাও আজ শান্ত হইয়া আসিয়াছে। কেবলই মনে পড়িতেছে সেই দুইটি জীর্ণ কদাকার নরনারীর কথা। সকাল হইতে আকাশ মেঘে ছাইয়া গিয়াছে, এলোমেলো বাতাসও বহিতে আরম্ভ করিয়াছে। বৃষ্টি নামিবে এইবার। চারিদিক হইতেই এ দিনটিকে তাহার মধুর মনে হইতেছিল।

গৌরী চা লইয়া আসিতেই শিবনাথ স্মিত হাসিমুখে তাহাকে যেন সম্বর্ধনা করিয়াই বলিল, বোসো, অনেক কথা আছে।

ক্রোধে অভিমানে গৌরীর অন্তর ভরিয়া উঠিল। কেন, অনেক কথা তাহাকে কেন ? অনেক কথা কি, সে তাহা জানে, নিজে সে তাহা যাচিয়া শুনিতেও চাহিয়াছে, দিবার জন্য সে তাহার গহনাগুলিও খুলিয়া গুছাইয়া রাখিয়াছে। মুখ-চোখ লাল করিয়া তাহাকে প্রত্যাখ্যানের কথাও তাহার মনে আছে। আজ কোন্ লজ্জায় এমন স্মিত হাসিমুখে শিবনাথ অনেক কথা বলিতে চাহিতেছে, সে ভাবিয়া পাইল না। তবুও সে যথাসম্ভব আত্মদমন করিয়া বলিল, অনেক কথা শুনে আমি আর কি করব ? আর তোমারও উচিত নয়, ঘরের মানসম্মানের কথা পাঁচজনের কাছে বলা।

শিবনাথ ইহাতে রাগ করিল না, বরং আরও খানিকটা হাসিয়াই সে বলিল, তুমি ভয়ানক রাগ করে আছ দেখছি, বসো বসো।

গৌরী স্বামীর দিকে কঠিন দৃষ্টি নিক্ষেপ করিয়া বলিল, স্ত্রীর কাছে টাকা চাইতে তোমার লজ্জা করছে না ? আর কি করে তুমি এমন হাসিমুখে তোষামোদ করছ, তাও যে আমি ভেবে পাচ্ছি না !

শিবনাথ চমকিয়া উঠিল, গৌরীর মনের গতিপথের দিক্‌নির্ণয় সে এতক্ষণ করিতে পারে নাই; তাহার নিশ্চিন্ত প্রশান্ত মনশ্চক্ষুর দৃষ্টি সোজা সরল পথেই প্রসারিত ছিল ; অকস্মাৎ আশপাশের বাঁকা গলিপথ হইতে গৌরীর বাক্যবাণে আহত হইয়া সে চমকিয়া উঠিল। কিন্তু আঘাতের বেদনা সম্বরণ করিয়াই বলিল, তুমি জান না, টাকা আমার হয়ে গেছে গৌরী, তোমার টাকা আমি চাই নি।

কথাটা শুনিবামাত্র গৌরীর মুখ বিবর্ণ হইয়া গেল, অকারণে তাহার চোখে জল আসিবার উপক্রম করিল। গৌরীর মুখের এ পরিবর্তনে শিবনাথ যেন উৎসাহিত হইয়া উঠিল, সে হাসিতে হাসিতেই বলিল, তোমার টাকা সুদে আসলে দিন দিন গোকুলের কৃষ্ণচন্দ্রের মত বেড়ে উঠুক। আমি সেখানে পুতনা বা দন্তবক্রের মত হানা দিতে চাই না ; তোমার শঙ্কিত হবার কোন কারণ নেই।

গৌরীর চিবুক থরথর করিয়া কাঁপিয়া উঠিল, পর-মুহূর্তে মুখ ফিরাইয়া লইয়া দ্রুতপদে ঘর হইতে যেন ছুটিয়াই পলাইয়া গেল। শিবনাথ নীরবে কিছুক্ষণ তাহার গমনপথের দিকে চাহিয়া থাকিয়া একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া কাছারি-বাড়ি যাইবার জন্য উঠিল। গতরাত্রির সুখস্মৃতির আনন্দ প্রভাতেই গৌরীর উষ্ণ নিশ্বাসে ঝলসিয়া ম্লান হইয়া গেল।

কাছারিতে লোকজন বড় কেহ ছিল না, রাখাল সিং টাকা দাখিলের জন্য সদরে গিয়াছেন, কেষ্ট সিং কাজে বাহির হইয়াছে; থাকিবার মধ্যে আছে সতীশ, কিন্তু সেও এখন অনুপস্থিত, প্রভাতী গঞ্জিকাসেবনের জন্য কোথাও সরিয়া পড়িয়াছে। মাস্টার আপন মনে ইংরাজী কবিতা আবৃত্তি করিতেছিলেন—

"Of Man's First Disobedience, and the Fruit
Of that Forbidden Tree, whose mortal taste
Brought Death into the World, and all our woe,
With loss of Eden, till one greater Man
Restore us,—"

শিবু আসিয়া দাঁড়াইল. ঈষৎ হাসিয়া আবৃত্তি বন্ধ করিয়া মাস্টার বলিলেন, বল্ তো শিবু, এ কিসের থেকে আমি আবৃত্তি করছি? আবার তিনি আরম্ভ করিলেন—

"Sing Heav'nly Muse, that on the secret top
Of Oreb or of Sinai,—"

আবৃত্তির ফাঁকে মুহূর্তের অবসর পাইয়া শিবু বলিল, মিল্টন'স 'প্যারাডাইস লস্ট্'।

মাস্টার খুব খুশি হইলেন, বলিলেন, ইয়েস। মিল্টন ইজ এ গ্রে--ট পোয়েট। পড়েছিস তুই 'প্যারাডাইস লস্ট্'? আবৃত্তি করতে পারিস? তোর যেখানটা ভাল লাগে আবৃত্তি কর্, আমি শুনি।

শিবনাথ মৃদু হাসিয়া খানিকটা ভাবিয়া লইয়া আবৃত্তি করিল—

"So saying, she embrac'd him, and for joy
Tenderly wept, much won that he his love
Had so ennobl'd, as of choice to incurr
Divine displeasure for her sake, or Death
... ... from the bough
She gave him of that fair enticing Fruit
With liberal hand".

শিবনাথ চুপ করিল, মাস্টার তাহার মুখের দিকে একদৃষ্টে চাহিয়া ছিলেন, একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া তিনি বলিলেন, ইউ ডোণ্ট লাভ আওয়ার বউমা, আই অ্যাম সিওর।

শিবনাথ এই আকস্মিক প্রসঙ্গে লজ্জিত এবং বিস্মিত দুইই হইল। মাস্টার বলিলেন, রাখাল সিং আমাকে বলেছিলেন, আমি বিশ্বাস করি নি। কিন্তু দিস ইজ ব্যাড, ভে—রি ব্যাড, মাই বয়। না না, লজ্জা করিস নি আমাকে। তুই বড় হয়েছিস, লজ্জা কিসের তোর?

শিবনাথের মুখ রাঙা হইয়া উঠিল, তবুও সে বলিল, নো। আই লাভ হার; অ্যাডাম যেমন ইভকে ভালবাসত, তেমনিই ভালবাসি। জানেন, তারই জন্যে আমি পিসীমাকে হারিয়েছি?

মাস্টার বহুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিলেন, যাক্। কিন্তু তোকে এমন শুকনো শুকনো ঠেকছে কেন, বল্ দেখি?

ম্লান হাসি হাসিয়া শিবনাথ বলিল, কয়েকদিন তো অনেক দুশ্চিন্তাই গেল, কাল রাত্রেও ভাল ঘুম হয় নি, বোধ হয় সেইজন্যেই।

মাস্টার বলিলেন, সকাল সকাল স্নান কর্, খেয়ে নে, তারপর এ ল—ং শ্লীপ, ল—ম্বা একটা ঘুম দিয়ে দে। অল্ রাইট হয়ে যাবে।

উদাসীনের মতই শিবনাথ বলিল, তাই করব।

হ্যাঁ! তারপর যা বলছিলাম বলি, শোন। ইউ মাস্ট ডু সামথিং, মাই বয়। একটা কিছু তোকে করতে হবে, এই জমিদারির মধ্যে নিজেকে আবদ্ধ রাখা চলবে না। নিজেকে কিছু উপার্জন করতে হবে। যা আছে, সেটাকে বাড়াতে হবে, সেটাকে ক্ষয় করলে চলবে না।

শিবনাথ একটু চিন্তা করিয়া বলিল, করব মাস্টার মশায়, কিন্তু দেশ ছেড়ে আমি যেতে চাই না। শহরে আমি যেন হাঁপিয়ে উঠি।—বলিতে বলিতেই সাঁওতাল পরগনার একটি আশ্রমের কথা তাহার মনে পড়িয়া গেল। চন্দ্রালোকিত প্রান্তরের মধ্যে সব্জী ও ফসলের ক্ষেত, ক্ষেতের মাথায় মাথায় কুয়া হইতে জল তুলিবার টাঁড়ার ঊর্ধ্ববাহু বাশগুলি, পথের পাশে পাশে ছোট ছোট ঘর, আর সে সমস্তের মধ্যে হাস্যময় নির্ভীক একটি মানুষ,—সব মনে পড়িয়া গেল। তাহার চোখ-মুখ উজ্জ্বল হইয়া উঠিল; সেখানে গৌরী থাকিবে না, জমিদারির চিন্তা থাকিবে না, মিথ্যা মর্যাদা-রক্ষার বালাই থাকিবে না; সেখানে থাকিবে শুধু সে আর মাটি—যে মাটি কথা কয়, জলের জন্য তৃষ্ণায় হা-হা করে, জ্বরজর্জরের মত উত্তপ্ত নিশ্বাস ফেলে। সে উৎফুল্ল হইয়া বলিল, আমি প্রকাণ্ড একটা প্লট জমি নিয়ে চাষ করব মাস্টার মশায়!

চাষ? গুড আইডিয়া! তাই কর্, তুই তাই কর্, শিবু। তবে নদীর ধারে জমি নিতে হবে। তোদের বিল্বগ্রাম মহালে কিন্তু ময়ূরাক্ষীর ধারে অনেক জমি আছে। ওইখানেই তুই চাষ আরম্ভ করে দে। প্লেন লিভিং অ্যাণ্ড হাই থিঙ্কিং! গুড আইডিয়া, ভেরি গুড আইডিয়া। মাস্টার কাগজ-কলম টানিয়া লইয়া বলিলেন, লাভ-লোকসান খতিয়ে একটা দেখি, দাঁড়া। কিন্তু লাভ বা লোকসান দুইটার কোনটাতেই উপনীত হইতে দিল না নিত্য-ঝি। উৎকণ্ঠিত মুখে সে আসিয়া তিরস্কারের সুরেই বলিল, এ আপনার কি রকম কাজ দাদাবাবু?

সবিস্ময়ে তাহার মুখের দিকে চাহিয়া শিবনাথ বলিল, কেন, হল কি?

হল কি! বউদিদি আজ আবার সকাল থেকে দুবার বমি করলেন। কাল বলেছি

আপনাকে, কাল পরশু দুদিনই বমি করেছেন। তা ডাক্তার-টাক্তারকে তো একবার ডাকতে হয়!

আবার আজ বমি করছে? শিবনাথের ভ্রূ কুঞ্চিত হইয়া উঠিল। চিন্তায় অসন্তোষে তাহার মন ভরিয়া উঠিল। সে আবার বলিল, ডাক্তার আমি ডাকাচ্ছি এখুনি, কিন্তু এমন করে কোন দিন তিনটে, কোন দিন চারটের সময় খেতে কে বলেছিল শুনি?

নিত্য বলিল, সে আর আমরা কি বলব, বলুন? অল্প বয়সে গিন্নী সাজতে গেলেই এমনই হয়। তা ছাড়া বাড়িতেই যে আপনার বারো মাসে তেরো পার্বন, সে উপোসগুলো কে করবে?

শিবনাথ ডাকিল, সতীশ! সতীশ!

সদ্য গাঁজা টানিয়া সতীশ আসিয়া সম্মুখে স্বপ্নাচ্ছন্নের মত স্থির হইয়া দাড়াইল। শিবনাথ বলিল, একবার ডাক্তারের ওখানে যা, তাঁকে সঙ্গে করে নিয়ে আসবি, বুঝলি?

বুঝিল কি বুঝিল না, সে উত্তর সতীশ দিল না, বিনা বাক্যব্যয়ে সে কাছারি হইতে বাহির হইয়া গেল। গঞ্জিকাসেবনের পর প্রথম কিছুক্ষণ সতীশ এমনই মৌনব্রত অবলম্বন করিয়া থাকে।

ডাক্তার প্রবীণ লোক, গৌরীকে দেখিয়া শুনিয়া তিনি বলিলেন, তাই তো হে শিবনাথবাবু, সায়েরের মাছগুলো কত বড় বড় হল, বল দেখি?

শিবনাথ হাসিয়া বলিল, ধরবেন একদিন ছিপে?

ডাক্তার ঘাড় নাড়িয়া বলিলেন, ছিপে ধরতে পারব না, তবে খেতে হবে একদিন।

বেশ তো!

অসহিষ্ণু হইয়া মাস্টার জিজ্ঞাসা করিলেন, বউমাকে কেমন দেখলেন?

ভালই দেখলাম। চলুন, বাইরে চলুন। কাছারিতে আসিয়া তিনি বলিলেন, নিত্যকে একবার ডাক তো সতীশ, করেকটা কথা আবার জিজ্ঞেস করতে ভুলে গেলাম।

মাস্টার আবার প্রশ্ন করিলেন, বউমার অসুখ সিরিয়াস কিছু নয় তো? মানে—ডিস্-পেপ্‌সিয়াও একটা সিরিয়াস ডিজিজ বলে আমি মনে করি।

ডাক্তার বলিলেন, না না। তবে শিবনাথবাবুর একটা ভোজ লাগবে মনে হচ্ছে। তাই তো জিজ্ঞেস করলাম, সায়েরের মাছগুলো কত বড় বড় হল?

নিত্য-ঝি আসিয়া দাঁড়াইল, বলিল, আমাকে ডাকছিলেন?

ডাক্তার বলিলেন, হ্যাঁ, তুমি একবার—। বলিতে বলিতেই উঠিয়া গিয়া কয়েকটা কথা নিম্নস্বরে বলিলেন, চট করে জেনে এস দেখি।

মাস্টার বলিলেন, এ যে একটা হেঁয়ালি আরম্ভ করে দিলেন আপনি!

ডাক্তার হাসিয়া উঠিলেন, বলিলেন, বাড়িতে প্রবীণ মেয়ে থাকলে এজন্যে আমাদের ডাকতে হয় না।

মাস্টার বলিলেন, পিসীমা যে চলে গেলেন। কিছুতে যে ধরে রাখা গেল না।

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিল ; মনে মনে বার বার বলিল, না, তিনি গিয়াছেন ভালই হইয়াছে ; তিনি পারিলেও গৌরী তাঁহাকে সহ্য করিত না। তাঁহার মত সে এবার নিজেকেও নির্বাসিত করিবে, শান্তির জন্য তাহার মন ব্যাকুল হইয়া উঠিয়াছে।

নিত্য ফিরিয়া আসিয়া হাসিমুখে বলিল, আজ্ঞে হ্যাঁ, তাই বটে।—বলিয়াই সে চলিয়া গেল।

ডাক্তার হাসিতে হাসিতে বলিলেন, ভোজ তা হলে একটা লাগল শিবনাথবাবু। বউমা আমাদের অন্তঃসত্ত্বা।

মাস্টার বিপুল বিস্ময়ে প্রশ্ন করিলেন, হোয়াট ?

শিবনাথবাবুর রাঙা খোকা হবে গো।

মাস্টার কাগজ-কলম ফেলিয়া দিয়া উঠিয়া পাশের ঘরে চলিয়া গেলেন, সেই সেদিনের ছোট ছেলেটি শিবনাথ, সে সন্তানের পিতা হইবে ! তিনি আপন মনেই নির্জন ঘরে হাসিয়া সারা হইয়া গেলেন।

ডাক্তার শিবনাথকে যেন একটা অদ্ভুত বার্তা দিলেন। একটা উত্তেজনাই তাহার মনে শুধু সঞ্চারিত হইল না, তাহার কল্পনার ভাবী জীবনচিত্রের উপর দিয়াও যেন একটা বিপ্লব বহিয়া গেল। লজ্জিত আনন্দে তাহার মনখানি পরিপূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে সে অনুভব করিল, গৌরী যেন বিপুল শক্তিশালিনী হইয়া উঠিয়াছে, যে শক্তির বলে গৌরীর ইচ্ছা-অনিচ্ছার কাছে তাহার মাথা নত না করিয়া উপায় নাই, ভাবী সন্তান মাতৃগর্ভ হইতেই যেন তাহার মায়ের শক্তির সঙ্গে আপন শক্তি মিলিত করিয়া তাহাকে খর্ব করিবার চেষ্টা করিতেছে।

ডাক্তার বলিলেন, শিবনাথবাবু, পিসীমাকে চিঠি লেখ। আর তিনি না এলে চলবে না বাপু। নাতিকে আদর করবে কে ? মানুষ করবে কে ?

ডাক্তার চলিয়া গেলেন।

মাস্টার হাসি সংবরণ করিয়া বাহিরে আসিয়া বলিলেন, ইমিডিয়েটলি, এখুনি পত্র লিখতে হবে। শি মাস্ট কাম।

শিবনাথ আবার ভাবিল, তাহার এই সন্তান হয়তো দেশের মধ্যে এক মহাশক্তিশালী পুরুষ হইবে, রূপে গুণে বিদ্যায় প্রতিভায় সমগ্র দেশ উজ্জ্বল হইয়া উঠিবে। তাহাকে শিক্ষা দিবে সে নিজে, আপন আদর্শে তাহাকে দীক্ষিত করিবে। তাহার অসম্পূর্ণ কর্ম সম্পূর্ণ করিবে তাহার ওই সন্তান।

মাস্টার আবার বলিলেন, চিঠির চেয়েও আমি বলি, তুই কাশী চলে যা শিবু, পিসীমাকে ধরে নিয়ে আয়।

হ্যাঁ, তাই সে যাইবে। এই প্রসঙ্গে পিসীমার স্মৃতি মনে পড়িয়া গেল, পিসীমা বলিতেন, শিবুর ছেলে হইবে, সে ট্যাঁ-ট্যাঁ করিয়া কাঁদিবে ; শিবু বিরক্ত হইয়া বউকে বলিবে, যাও, পিসীমার কোলে ফেলিয়া দিয়া এস ; তাহাকে আমি সোনায় মুড়িয়া রাখিব, আকাশের চাঁদ

পাড়িয়া দিব। রূপকথার রাজপুত্রের মতই তাহাকে তিনি কল্পনা করিতেন। তিনি নিশ্চয়ই আসিবেন। কিন্তু গৌরী—গৌরী কি তাহা সহ্য করিবে?

নিত্য-ঝি আবার আসিয়া দাঁড়াইল।

মাস্টার বলিলেন, কি, আবার কি?

নিত্য বলিল, দাদাবাবু একবার বাড়িতে আসুন।

কেন?

বউদিদি কি বলছেন।

শিবনাথ বাড়ির দিকে অগ্রসর হইল। মাস্টার নিত্যকে ডাকিয়া বলিলেন, এই দেখ নিত্য, আজ সব ঠাকুরবাড়িতে পূজো দিতে হয়, রতনকে গিয়ে বল, যা যা করতে হয়, সব যেন নিখুঁত-ভাবে করা হয়।

শিবু ও নিত্য চলিয়া গেলে মাস্টার আবার মৃদু মৃদু হাসিতে আরম্ভ করিলেন; শিবুকে তিনি বলিলেন, নটি বয়—দুষ্টু ছেলে। সেই দুষ্টু ছেলে সন্তানের পিতা হইতে চলিয়াছে! কিমাশ্চর্যম্ অতঃপরম্!

গৌরী আপন বক্তব্য যেন জিহ্বাগ্রে লইয়া বসিয়া ছিল, শিবনাথ ঘরে ঢুকিবামাত্র বলিল, দেখ, পিসীমার সঙ্গে একসঙ্গে ঘর আমি করতে পারব না।

কথাগুলি প্রচণ্ড বেগে গিয়া শিবনাথকে আঘাত করিল। কিছুক্ষণ পূর্বেই তাহার মনে নানা চিন্তা, নানা কল্পনা, নানা সঙ্কল্পের ফলে যে একটি আনন্দময় অনুভূতির সৃষ্টি হইয়াছিল, এই আঘাতে মুহূর্তে সব যেন বিপর্যস্ত হইয়া গেল। একটি মাত্র প্রশ্ন তাহার মুখ হইতে বাহির হইল, মানে?

গৌরী বলিল, মানে, আমি বসে বসেই শুনছি, সকলেই বলছে, এইবার পিসীমাকে আনতে হবে। বাইরেও নাকি সেই কথা হচ্ছে, নিত্য আমাকে বললে। সেইজন্যে আমি বলছি, সময় থাকতে বলে রাখছি, সে আমি পারব না।

ভাল। কিন্তু তিনি আসবেন, এমন ধারণা করাটা তোমার ঠিক হয় নি। আর আমি আনতে যাব, এ ধারণাটাও ভুল। তুমি আসার সঙ্গে সঙ্গে তার গৃহত্যাগের প্রয়োজন তিনিও বুঝেছিলেন, আমিও বুঝেছিলাম, সেইজন্যেই আমি বাধা দিই নি, বুঝলে? ভয় নেই তোমার, তিনি আসবেন না।

ভাল, কথাটা জেনে রাখলাম। কিন্তু ধারণা করা আমার ভুল হয় নি। সংসারে আগে কথা হয়, পরে কাজ হয়; কথা শুনলাম, পাচজনে বলছে, কাজেই সময় থাকতে আমি বলে রাখাটাই ভাল মনে করলাম। এতে আমার এমন কিছু অপরাধ হয় নি। অপরাধ হয়ে থাকলে, যারা কথা তুলেছে, তাদেরই হয়েছে।

না, তাদেরও হয় নি। তারা আমাদের হিতকামনা করেই কথাটা তুলেছে। তোমার এ অবস্থায় সংসারে প্রবীণা অভিভাবকের দরকার, যিনি যত্ন করবেন।

এবার অসহিষ্ণু হইয়া গৌরী শিবনাথের মুখের কথা কাড়িয়া লইয়া বলিল, সেজন্য আমার

দিদিমা আছেন, আরও পাঁচজন আছেন, তাঁরা সংবাদ পেলেই আমাকে নিয়ে যাবেন, তোমাকে বা অন্য কাউকে তার জন্যে দুশ্চিন্তা করতে হবে না।

শিবনাথ বলিল, বেশ, সে সংবাদ আজ আমি তাঁদের জানিয়ে দিচ্ছি।

গৌরী সঙ্গে সঙ্গে জবাব দিল, আমার মহা উপকার করা হবে তা হলে, আমি নিশ্চিন্ত হয়ে হেসে খেলে বাঁচব। এমন কি, যদি আর আমাকে না টানাটানি কর, তবে চিরদিন কৃতজ্ঞ থাকব তোমার কাছে। এত দুশ্চিন্তা আমি সইতে পারছি না।

শিবনাথ এ কথার জবাব দিতে পারিল না, তাহার মনে হইল, বুকের মধ্যে একটা দুঃসহ দুঃখের আবেগে তাহার শ্বাস রুদ্ধ হইয়া গেল। সে উত্তর না দিয়াই কাছারিতে আসিয়া উঠিল। সেরেস্তা-ঘরে গিয়া চিঠির কাগজ টানিয়া লইয়া সে কমলেশকে চিঠি লিখিয়া ফেলিল। এই সংবাদটা জানাইয়া সে লিখিল, আমার বাড়ির কথা তুমি জান, প্রবীণা অভিভাবিকা কেহ নাই। এই অবস্থায় তাহাকে কে দেখিবে? সুতরাং একটি দিন স্থির করিয়া গৌরীকে ওখানে লইয়া যাওয়াটাই আমি নিরাপদ মনে করি।

দিনকয়েক পরেই কমলেশ আসিয়া গৌরীকে লইয়া গেল।

গৌরী প্রণাম করিয়া সম্মুখে দাঁড়াইয়া বলিল, কেউ তোমাকে আর অশান্তিতে পুড়িয়ে মারবে না। আমি চললাম।

শিবনাথ তাহার মুখের দিকে চাহিয়া বলিল, তুমিও নিশ্চয় নিশ্চিন্ত হয়ে হেসে খেলে বাঁচবে।

গৌরী বিস্মিত হইয়া গেল, শিবনাথ তাহার সে কথাটা এমন অক্ষরে অক্ষরে মনে রাখিয়াছে! বাকিটুকু সে নিজেই বলিয়া পরিপূর্ণ করিয়া দিল, হ্যাঁ, এমন কি, আর যদি আমাকে টানাটানি না কর, তবে চিরদিন কৃতজ্ঞ থাকব তোমার কাছে।

শিবনাথ উঠিয়া পড়িল, সে যেন চঞ্চল হইয়া উঠিয়াছিল, চেষ্টা করিয়া আত্মসম্বরণ করিয়া সে বলিল, বেশ, তাই হবে।

ইহার কয়দিন পর শিবনাথ আপনার জীবনের অতি প্রয়োজনীয় জিনিসগুলি গুছাইয়া লইয়া বিল্বগ্রামের চরের উপর বাসা বাঁধিবার জন্য রওনা হইল। জিনিসের মধ্যে বইয়ের সংখ্যাই বেশি।

ময়ূরাক্ষী-গর্ভের ধুধু-করা বালুরাশির মধ্যস্থলে স্বল্প জলস্রোত বহিয়া চলিয়াছে; বর্ষায় কয়েক পসলা বৃষ্টি হইয়াছে মাত্র, ইহার মধ্যে জলে লাল রঙের ঘোর ধরিয়াছে। বালুচরের কোলে গাঢ় সবুজ ঘাসে ঢাকা নদীর চর, এখানে ওখানে চারিদিকে শরবন বাতাসের প্রবাহে সর সর শব্দ তুলিয়াছে। চরের অদূরে ছোট্ট গ্রামখানি। শিবনাথ ঘাসের উপর শুইয়া ধরিত্রীর কোলে দেহ এলাইয়া দিল। তাহার মন শান্তিতে ভরিয়া উঠিয়াছে, আনন্দে সে পরিতৃপ্ত হইয়া গিয়াছে।

একত্রিশ

আড়াই বৎসর পর।

সাত-আনির বাঁড়ুজ্জেদের বাড়িখানার অবস্থা হইয়াছে নির্বাসিত-শিখা প্রদীপের মত। প্রদীপের ধাতুময় অঙ্গের মত তাহার অঙ্গরাগের দীপ্তি এক বিন্দু কমে নাই, তাহাতে আলো জ্বলে না। বাড়িখানা প্রায় নিস্তব্ধ নিঝুম শূন্যপুরীর মত হইয়া গিয়াছে। প্রাণের কোলাহল আর শোনা যায় না। পিসীমা সেই কাশী গিয়াছেন, ফিরিয়া আসা দূরে থাক, চিঠি দিলেও তাহার উত্তর পর্যন্ত আসে না। গৌরীও কলিকাতায় গিয়া আর আসিবার নাম করে নাই। তাহার কোল জুড়িয়া এখন একটি শিশুপুত্র, তাহাকে লইয়াই গৌরী এ বাড়ির স্মৃতি ভুলিয়াছে। শিবনাথ ময়ূরাক্ষীর তীরে চরভূমির উপর একটি কৃষিক্ষেত্র লইয়া মাতিয়া আছে। মাটির বুকে ধূলিধূসরিত মানুষের সহিত সে কারবার খুলিয়াছে। রাত্রিশেষে বাউল টহলদারের মত সে তাহাদের ডাক দিয়া দিয়া ফেরে। চরের ওই কৃষিক্ষেত্রটিকে কেন্দ্র করিয়া একে একে পাঁচ-সাতখানি গ্রামে তাহার কর্মধারাকে প্রবাহিত করিয়া দিয়াছে। নাইট-স্কুল, জনতিনেক হাতুড়ে ডাক্তার লইয়া তিনটি ডাক্তারখানা, দুইখানা গ্রামে বহু চেষ্টায় দুটি ধর্মগোলাও প্রতিষ্ঠিত হইয়াছে। চারিদিকে শূদ্র—শূদ্র আর শূদ্র। বশিষ্ঠের মত আত্মাহুতি দিয়াও বিশ্বামিত্রের গলায় উপবীত দিবার তাহার সঙ্কল্প। সম্প্রতি সে চরকা ও তাঁত প্রবর্তন করিতে আরম্ভ করিয়াছে। সমগ্র ভারতের বুকে কালের রথের চূড়ায় ১৯২১-এর ধ্বজা দেখা দিয়াছে।

সন্ধ্যার মুখে শিবনাথ ময়ূরাক্ষীর বালুকাগর্ভের উপর দাঁড়াইয়া ছিল।

তাহার কৃষিক্ষেত্রের কোলেই ময়ূরাক্ষী নদী। এখানে ময়ূরাক্ষী প্রায় মাইলখানেক ধরিয়া একেবারে সরলরেখার মত সোজা বহিয়া গিয়াছে। নদীর বুকের বালির উপর দাঁড়াইয়া ময়ূরাক্ষীর গতিপথের দিকে চাহিয়া দেখিলে মনে হয়, ময়ূরাক্ষী চক্রবাল সীমায় অবনমিত আকাশের বুক হইতে নামিয়া আসিতেছে—আকাশগঙ্গার মত।

সন্ধ্যার অন্ধকারও আকাশ হইতে কালিমার বন্যার মত নামিয়া ময়ূরাক্ষীর ধূসর বালুগর্ভ বিলুপ্ত করিয়া দিয়া শিবনাথের দিকে আগাইয়া আসিতেছিল। শিবনাথ প্রতি সন্ধ্যায় ময়ূরাক্ষী-গর্ভের উপর এমনই করিয়া দাঁড়াইয়া থাকে।

দিগন্তের কোলে ঘনায়িত অন্ধকার; কিন্তু নিকটে আশেপাশে চারিদিকে অন্ধকারের মধ্যেও এখনও অস্পষ্ট আলোর রেশ একটা আবছায়ার মত জাগিয়া আছে। অস্পষ্টতার মধ্যে একটা রহস্য আছে, সন্ধ্যার ছায়ান্ধকারে সব যেন রহস্যময় হইয়া উঠিয়াছে। এখানকার প্রতিটি চেনাজানা বস্তুও এই রহস্যের আবরণের মধ্যে অজানা অচেনা হইয়া উঠিতেছে। চিনিতে ভুল হয় না কেবল আকাশস্পর্শী শিমুলগাছটিকে, সকলের ঊর্ধ্বে তাহার মাথা জাগিয়া থাকে, তাহার উন্নত মহিমা যেন রহস্যেরও উপরে প্রতিষ্ঠা পাইয়াছে। এক-একটা মানুষ

এমনই করিয়া অতীতকালের বিস্মৃতির অন্ধকারের মধ্যেও মাথা তুলিয়া দাঁড়াইয়া থাকে ; বিগত কাল যত দীর্ঘ হউক, বিস্মৃতি যত প্রগাঢ় হউক, সে মিলাইয়া যায় না। তাহার মনের মধ্যেও এমনই কয়েকটি মানুষ সকল বিস্মৃতিকে ছাপাইয়া মহিমান্বিত মূর্তিতে দাঁড়াইয়া আছে। সহসা তাহার এ চিন্তাধারা বাধা পাইয়া ছিন্ন হইয়া গেল। তাহার চাষ-বাড়ি হইতে কে একজন তাহারই দিকে অগ্রসর হইয়া আসিতেছে। আলো-অন্ধকারের সংযোগ-রহস্যের মধ্যে মানুষটির গতিশীলতাই শুধু তাহাকে মানুষ বলিয়া চিনাইয়া দিতেছিল, নহিলে চারিপাশের গাছপালা হইতে মানুষের অবয়বের পার্থক্য ওই আবছায়ার মধ্যেই বিলুপ্ত হইয়া গিয়াছে। শিবনাথ বুঝিল, কোন সংবাদ আছে, নতুবা এ সময়ে তাহার লোকজনেরা কেহ সাধারণত তাহার কাছে আসিয়া বিরক্ত করে না। হয়তো কোনো গরু-মহিষের অসুখ করিয়াছে, নয়তো চাষের কোন যন্ত্রপাতি ভাঙিয়াছে, অথবা গ্রামের কোন লোকের গরু-ছাগলে আসিয়া ফসল খাইয়াছে, কিংবা বাড়ি হইতে লোক আসিয়াছে। কোন জরুরী কাজের জন্য রাখাল সিং নিজেও আসিয়া থাকিতে পারেন। মধ্যে মধ্যে তিনি আসেন। আজ আড়াই বৎসর এমনিই চলিয়াছে, আড়াই বৎসর সে বাড়ি যায় নাই। পিসীমা কাশীতে, গৌরী সন্তান লইয়া কলিকাতায়, সে এখানে নির্জনে নদীতীরে একমাত্র মাটিকে অবলম্বন করিয়া দিন কাটাইয়া চলিয়াছে।

মাটির ভিতর সে মাকে প্রত্যক্ষভাবে দেখিতে চাহিয়াছিল। দেখিতেও পাইয়াছে, কিন্তু যে মূর্তিতে সে মাকে দেখিতে চাহিয়াছিল, এ মূর্তি সে মূর্তি নয়। মায়ের এ মূর্তি যেন গৃহস্থ-বধূর মূর্তি, ক্ষুদ্র গণ্ডি ঘেরা একখানি বাড়ির ভিতর এ মা সন্তান পালন করেন, স্নেহে বিগলিত শান্ত সলজ্জভাবে পরম মমতায় সন্তানকে বুকে আঁকড়াইয়া শুধু ধরিয়া রাখেন। তাহার মনে পড়িয়া যায়—'সাত কোটি সন্তানেরে হে বঙ্গজননী, রেখেছ বাঙালী ক'রে মানুষ কর নি।' এ মা, সেই মা। বিরাট মহিমায় যে মা সমস্ত পৃথিবীর মধ্যে আপন মহিমার দীপ্তিতে আকাশ-বাতাস জল-স্থল ঝলমল করিয়া দাঁড়াইবেন, সে মূর্তিতে মা কবে দেখা দিবেন? সে একটা দীর্ঘনিশ্বাস ফেলিল।

দ্রুততম গতিতে পৃথিবীর সকল দেশে বিপ্লব ঘটিয়া চলিয়াছে, রাশিয়ার স্বৈরাচারতন্ত্র নিশ্চিহ্ন হইয়া গেল গণবিপ্লবের কালবৈশাখীর ঝঞ্ঝাতাড়নায়, তুর্কীতে বিপ্লবের কালো মেঘ দেখা দিয়াছে ; সারা ইউরোপে সামাজিক জীবনে একটা বিপ্লব বহিয়া চলিয়াছে। ভারতবর্ষে জালিয়ানওয়ালাবাগের মাটি রক্তাক্ত হইয়া গেল। কলিকাতায় কংগ্রেসের বিশেষ অধিবেশন, তারপর নাগপুর কংগ্রেসের ফলে চৈত্র মাসের উত্তপ্ত দ্বিপ্রহরের ক্ষীণ ঘূর্ণির মত জাগিয়া উঠিয়াছে অসহযোগ-আন্দোলন। অহিংসা ও সত্য তাহার মূলমন্ত্র। শিবনাথ গ্রামের মধ্যে চরকা তাঁত লইয়া কাজ আরম্ভ করিয়া দিয়াছে। কিন্তু চারিদিকে শুধু শূদ্র—শূদ্র আর শূদ্র। সমগ্র জাতিটাই যেন শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। মাতৃদেবতার পূজাবেদীর সম্মুখেও তাহাদের পূজার অধিকার আছে, এ কথা মনে মনে স্বীকার করিতেও পারে না, ভয়ে আসিতেও চায় না। সে আপন মনেই ভাবাবেগকম্পিত কণ্ঠে সেই রহস্যময় অন্ধকারের মধ্যে আবৃত্তি করিল—

"বীরের এ রক্তস্রোত মাতার এ অশ্রুধারা
এর যত মূল্য সে কি ধরার ধূলায় হবে হারা ?
স্বর্গ কি হবে না কেনা
বিশ্বের ভাণ্ডারী শুধিবে না
এত ঋণ ?
রাত্রির তপস্যা সে কি আনিবে না দিন ?"

যে লোকটি তাহার দিকে আসিতেছিল, সে নিকটে আসিয়া পড়িল, তবু শিবনাথ তাহাকে চিনিতে পারিল না, সে আবৃত্তি বন্ধ করিল। চারিদিকে ঘনায়মান অন্ধকারের আবরণের উপরেও আগন্তুকের সর্বাঙ্গে আচ্ছাদনের বাধা তাহাকে চিনিতে দিল না। লোকটির আপাদমস্তক একখানা জীর্ণ মলিন চাদরে ঢাকা। মাথার উপর হইতে কপালের আধখানা পর্যন্ত অবগুণ্ঠনের ভঙ্গীতে আবৃত। শিবনাথ তাহার মুখের দিকে ঈষৎ ঝুঁকিয়া তীক্ষ্ণ দৃষ্টিতে দেখিতে দেখিতে প্রশ্ন করিল, কে ?

মাথার আবরণ টানিয়া খুলিয়া ফেলিয়া আগন্তুক বলিল, আমি সুশীল।

সুশীলদা ! শিবনাথ চমকিয়া উঠিল, আরও খানিকটা তাহার মুখের উপর ঝুঁকিয়া পড়িয়া তাহাকে ভাল করিয়া দেখিয়া বলিল, উঃ। এ কি চেহারা হয়েছে আপনার সুশীলদা ?

সত্যই সুশীলের শীর্ণ শরীর, দাড়ি-গোঁফে মুখ ভরিয়া উঠিয়াছে, দীর্ঘ রুক্ষ চুলে মাথা বেমানান রকমের বড় মনে হইতেছে।

অন্ধকারের মধ্যে অস্পষ্ট হইলেও শিবনাথ দেখিল, সুশীলের মুখে হাসির রেখা। হাসিয়া সুশীল বলিল, আজ ছ মাস পুলিসের চোখে ধুলো দিয়ে ফিরছি। আমি এখন অ্যাব্‌স্কন্‌ডার, উপস্থিত দেড় শো মাইল হেঁটে আসছি। চেহারার আর দোষ কি, বল ?

দেড় শো মাইল ! শিবনাথ শিহরিয়া উঠিল।

মৃদুস্বরে নিতান্ত নিরুচ্ছ্বসিতভাবেই সুশীল বলিল, হবে বই কি। বেশি হবে, তবু কম হবে না। কলকাতা থেকে এখানকার নিয়ারেস্ট স্টেশন হল বোধ হয় এক শো পঁয়ত্রিশ মাইল। তাও রেল লাইন এসেছে সোজা। আমি নিবিড় পল্লীগ্রাম দিয়ে ঘুরতে ঘুরতে আসছি। দেড় শো মাইলের অনেক বেশি হবে। চল, এখন তোমার আস্তানায় চল তো। ভয়ঙ্কর ক্ষিদে পেয়েছে, আর চায়ের তৃষ্ণায় প্রায় মরে যাচ্ছি।

শিবনাথ ব্যস্ত হইয়া উঠিল, বলিল, আসুন। পথে চলিতে চলিতে শিবনাথ ব্যগ্রভাবে প্রশ্ন করিল, পূর্ণবাবু কোথায় ?

পূর্ণ নেই।

নেই ! আর্তস্বরে শিবনাথ বলিয়া উঠিল, নেই, পূর্ণ নেই ?

সুশীল সংযত মৃদুস্বরে বলিল, এমন চিৎকার করে নয় শিবনাথ, আর বিচলিত হলেও চলবে না। পূর্ণ ডায়েড এ গ্লোরিয়াস ডেথ—গৌরবের মৃত্যু, সে যুদ্ধ করে মরেছে। পুলিসের সঙ্গে ওপেন ফাইট।

শিবনাথ একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলিল। তাহার মনে শত প্রশ্ন উদ্‌গ্রীব হইয়া উঠিতেছিল, কিন্তু সে প্রশ্ন উত্থাপন করিতে তাহার সঙ্কোচ হইল। এ কাহিনী জানিবার তাহার অধিকার নাই। সে স্বেচ্ছায় এ অধিকার ত্যাগ করিয়াছে।

সুশীল বলিল, গুলি খেয়েও পূর্ণ তিন দিন বেঁচে ছিল। হাসপাতালে যখন তার জ্ঞান হল, পুলিস এসে তাকে জিজ্ঞেস করলে, তোমার নাম কি? উত্তর সে দিলে না; বার বার প্রশ্ন করাতে সে বললে; আমাকে বিরক্ত কোরো না, শান্তিতে মরতে দাও, ডোণ্ট ডিস্টার্ব মি প্লিজ, লেট মি ডাই ইন পীস। বলে নি নাম। পুলিস তাকে এও বলেছিল, দেখ, আমরাও ভারতবাসী, আমরাও কামনা করি যে, ভারত একদিন স্বাধীন হবে। সেদিন যখন স্বাধীন ভারতের ইতিহাস লেখা হবে, তখন উজ্জ্বল অক্ষরে তোমার নাম লেখা থাকবে। বল, তোমার নাম বল। কিন্তু তার সেই এক উত্তর, ডোণ্ট ডিস্টার্ব মি প্লীজ, লেট মি ডাই ইন পীস। আন্‌সাঙ, আন্‌ল্যামেণ্টেড, আন্‌রেকগ্‌নাইজ্‌ড সে চলে গেল।

ছোট একখানি মেটে খোড়ো বাংলোয় শিবনাথের থাকিবার স্থান। মাত্র দুইখানি কুঠরি; কুঠরি দুইটির সম্মুখে টানা একটি প্রশস্ত বারান্দা। সুশীল একেবারে শিবনাথের বিছানার উপর গড়াইয়া পড়িয়া বলিল, নরম বিছানায় শুয়ে ভারি আরাম লাগছে শিবনাথ।

শিবনাথ বলিল, এখন যেন তা বলে ঘুমিয়ে পড়বেন না। আগে স্নান করে ফেলুন, তারপর গরম জলে পা ডুবিয়ে বসুন কিছুক্ষণ। তারপর খেয়ে-দেয়ে শোবেন।

খানিকটা চা খাওয়াও দেখি আগে।

দাঁড়ান, আমি নিজেই চা করে নিয়ে আসি। এখানকার লোকজনের চা খাওয়া তো জানেন না। খায় না তো খায়ই না, সর্দি-টর্দি হলে চা যেদিন খাবে, সেদিন জলের বদলে দুধ ফুটিয়ে তাতে চা দেবে, এতখানি গুড় বা চিনি দেবে, তারপর দেড়-সের দু-সেরী একটা বাটিতে চা নিয়ে বসবে।

শিবনাথ বাহির হইয়া গেল, সুশীল একে একে গায়ের আবরণগুলি খুলিয়া ফেলিতে আরম্ভ করিল। চাদর ও জামা খুলিয়া ফেলিয়া কোমর হইতে একটা বেল্ট খুলিয়া সযত্নে বিছানার উপর রাখিল। বেল্টটার দুই পাশে দুইটা রিভলবার।

কিছুক্ষণ পর চায়ের কাপ লইয়া শিবনাথ ঘরে প্রবেশ করিয়া বলিল, স্নানের জল রেডি। ফুটবাথের জল চড়িয়ে দিয়েছি। চা খেয়ে আপনি সর্বাগ্রে কামিয়ে ফেলুন সুশীলদা, বলেন তো গ্রাম থেকে নাপিতটাকে ডেকে পাঠাই, চুলগুলোও কেটে ফেলুন।

চায়ের কাপে চুমুক দিতে দিতে সুশীল বলিল, উঁহু।

বেশ, তবে কাল সকালেই হবে।

উঁহু।

কেন?

বাউল বৈরাগী, কি মুসলমান ফকির, কি শিখ—এদের কি চুল-দাড়ি-গোঁফ না থাকলে চলে?

শিবনাথ এবার হাসিয়া বলিল, ও।

খাওয়া-দাওয়া শেষ করিয়াই সুশীল বিছানায় গড়াইয়া পড়িল এবং কয়েক মুহূর্তের মধ্যেই অগাধ ঘুমে ডুবিয়া গেল। শিবনাথ তাহাকে ডাকিল না, একখানা মাদুর টানিয়া লইয়া মেঝের উপর বিছাইয়া শুইয়া পড়িল। পরদিন প্রভাতে উঠিয়া দেখিল সুশীল তখনও ঘুমাইতেছে। চা তৈয়ারি করিয়া লইয়া আসিয়া দেখিল, সুশীলের ঘুম তখনও ভাঙে নাই। এবার বাধ্য হইয়া সে ডাকিল, সুশীলদা, উঠুন। চা হয়ে গেছে।

বিছানার উপর উঠিয়া বসিয়া সুশীল বলিল, ঘুম যেন এখনও শেষ হয় নি ভাই শিবনাথ। এখনও ঘুমুতে ইচ্ছে করছে।

বেশ তো, চা খেয়ে আবার শুয়ে পড়ুন।

চা খাইয়া সুশীল সত্য-সত্যই আবার শুইয়া পড়িল। শিবনাথ কাজকর্মের অজুহাতে বাহির হইয়া গেল। সমস্ত কাজ আজ তাহার বিস্বাদ তিক্ত বোধ হইতেছিল। সুশীলের এই দুর্দান্ত অভিযানের তুলনায় এ তাহার কি, কতটুকু? পৈতৃক সম্পত্তি হইতে এক পয়সা সে গ্রহণ করে না, সে অর্থে প্রয়োজনমত প্রজার সাহায্য হয়, বাকি জমিতেছে। জমিয়া প্রচুর হইলে তাহা হইতে একটা বড় কাজ হয়তো হইবে, প্রজাদের গ্রামে গ্রামে সমবায়-ব্যাঙ্ক স্থাপন করিতে পারিবে। সেই বা কতটুকু? আর এই চাষীদের মধ্যে কর্মপ্রচেষ্টার ফলে তাহার কল্পনার গণ-আন্দোলন, গণ-বিপ্লব, সে কি কোন দিন সত্য হইবে? চিন্তা করিতে করিতে তাহার মনে পড়িল, রাওলাট রিপোর্ট, রাওলাট আইন, জালিয়ানওয়ালাবাগ, কলিকাতায় কংগ্রেসের বিশেষ অধিবেশন নাগপুর কংগ্রেস অসহযোগ-আন্দোলনে পরিণত হইতে চলিয়াছে। ধীরে ধীরে মন আবার আশায় ভরিয়া উঠিল। সে কল্পনা করিল, এই গ্রাম হইতে একদিন ভাবী পুরুষের দল সারি বাঁধিয়া অভিযান করিয়া চলিয়াছে গণ-আন্দোলনকে পুষ্ট করিতে; অহিংসা তাহার মূল মন্ত্র। শিবনাথ উৎসাহিত হইয়া একজন তদ্বিরকারক চাষীকে ডাকিয়া বলিল, তুমি একবার যাও দেখি, যেসব লোক চরকা নিয়েছে, তাদের বলে এস যে, সুতো বড্ড কম হচ্ছে। আরও বেশি সুতো হওয়া দরকার।

লোকটি চলিয়া গেল, সে নিজে বাহির হইল তাঁতীদের বাড়ির দিকে, কাপড়ের কাজ বড় কম হইতেছে। রাশি রাশি কাপড় চাই—রাশি রাশি কাপড় চাই।

তাঁতীদের বাড়ি বাড়ি ঘুরিয়া যখন সে ফিরিল, তখন বেলা প্রায় দুইটা। সুশীল তখনও ঘুমাইতেছে। ঠাকুর বলিল, বাবু উঠেছিলেন একবার,—স্নান করে খেয়ে আবার শুয়েছেন।

স্নান-আহার শেষ করিয়া শিবনাথ ডেক-চেয়ারখানা বারান্দায় বাহির করিয়া তাহারই উপর শুইয়া পড়িল। তাহারও চোখে ঘুম ধরিয়া আসিয়াছিল, কিন্তু কাহার ভারী পদশব্দে চোখ মেলিয়া সে দেখিল, সুশীল আসিয়া বাহিরে দাঁড়াইয়াছে। শিবনাথ ঈষৎ হাসিয়া বলিল, ঘুম ভাঙল সুশীলদা?

সুশীল হাসিয়া বলিল, ভাঙল।

শরীর সুস্থ হয়েছে?

তাজা রেস-হর্সের মত। আরও এক শো মাইল আবার কভার করতে পারব। কিন্তু চা বানাও ভাই। তারপর চল, একটু বেড়িয়ে আসি নদীর ধারে ধারে।

সেই রহস্যময় প্রদোষালোকের মধ্যে নদীর বালুকাগর্ভের উপর বসিয়া সুশীল এই কয় বৎসরের উন্মাদনাময় বিপ্লবপ্রচেষ্টার কথা বলিয়া কহিল, আরব্য উপন্যাসের একাধিক সহস্র রজনীর গল্পের মত রাত্রির পর রাত্রি বলে গেলেও এ ইতিহাস নিখুঁত করে বলে শেষ হবে না শিবনাথ। দেশের লোক জানলে না, কিন্তু বিদেশী গভর্নমেণ্ট জেনেছে, তারা লিখে রেখেছে। রাওলাট রিপোর্টে এর ইতিহাস রয়ে গেল। যথাসাধ্য বিকৃত করেছে, কিন্তু ভাবীকালের ঐতিহাসিকের সায়েণ্টিফিক মনের কাছে তার সত্য স্বরূপ লুকোনো থাকবে না।

শিবনাথ নীরবে অন্ধকারের দিকে চাহিয়া বসিয়া ছিল। সে শুধু একটা দীর্ঘনিশ্বাস ফেলিল। সুশীলের আবেগ তখনও শেষ হয় নাই, সে আবার বলিল, একটা বিরাট উদ্যম, পাঞ্জাব থেকে বাংলা পর্যন্ত বিপ্লবের একটা ধারা ব্যর্থ হয়ে গেল!

শিবনাথের মনে পড়িয়া গেল অতি সাধারণ আকৃতির অসাধারণ মানুষটির কথা, 'না পূর্ণ, বাস্তবতার দিক দিয়েও এ অসম্ভব, এ হয় না।' সে এবার বলিল, এ কথা একজন জানতে পেরেছিলেন, বুঝতে পেরেছিলেন সুশীলদা।

বাধা দিয়া সুশীল বলিল, হত শিবনাথ, হত। সামান্য ভুলের জন্যে সব পণ্ড হয়ে গেল। দেশের লোক একটু সাহায্য করলে না।

শিবনাথ সুশীলের কথার প্রতিবাদ করিল না। সে তাহাকে জানে, তাহার মত তাহার পথ তাহার কাছে অভ্রান্ত। তাহাতে এতটুকু আঘাত সে সহ্য করিতে পারে না। সে মনে মনে সেই দিনের আরও কয়েকটা কথা স্মরণ করিল, 'ব্রহ্মণ্যধর্মের জন্মভূমি ভারতবর্ষের বুকে চারিদিকে শূদ্র আর শূদ্র--অনার্য আর অনার্য।' সে নিজেও একথা প্রত্যক্ষ করিয়াছে, তাহাদের মধ্যে আসিয়া তাহাদের অন্তরলোক পর্যন্ত তন্ন তন্ন করিয়া দেখিয়াছে, স্বাধীনতা তাহাদের কাছে একটা দুর্বোধ্য শব্দ ছাড়া কিছু নয়। সাহায্য তাহারা করিবে কোন্ প্রেরণায়?

সুশীল আবার বলিল, কিন্তু তুমি এ কি করছ শিবনাথ? এতে কি হবে?

শিবনাথ বলিল, তেত্রিশ কোটি লোকের স্বাধীনতার জন্যে ছেষট্টি কোটি হাত উদ্যত করবার সাধনা আমার সুশীলদা, গণ-বিপ্লব।

সুশীল একটু চিন্তা করিয়া বলিল, সে কি কোন কালে হবে?

গভীর বিশ্বাসের সহিত শিবনাথ বলিল, হবে—দি ডে ইজ ডনিং, এই নন্-কো-অপারেশনের মত আন্দোলন পাঁচ বছর আগেও কি কেউ কল্পনা করতে পেরেছিল সুশীলদা? এই শুকনো বালির মরুভূমির ওপর আমরা বসে আছি, ওই কোথায় একধারে খানিকটা জল ঝিরঝির করে বয়ে চলেছে। একদিন এরই বন্যায় দিক্‌দিগন্তর একেবারে ভেসে যায়,

ডুবে যায়। কিন্তু সে বন্যা একেবারে আসে না, প্রথমে এই বালি ঢাকে, তারপর কূল পর্যন্ত ভরে, তারপর কূল ভাসায়।

সুশীল বলিল, তোমার কল্পনা বাস্তবে পরিণত হোক শিবনাথ, কিন্তু আমি ওতে বিশ্বাস করতে পারলাম না।

শিবনাথ মুহূর্তে প্রদীপ্ত হইয়া উঠিল, বলিল, তুমি বিশ্বাস কর না সুশীলদা, আমি বিশ্বাস করি। আমি জানি, আমার সাধনা আমার জীবনেই হয়তো সিদ্ধ হবে না, কিন্তু সাধনার সঞ্চয় হারাবে না, সে থাকে, আবার একজন এসে তাকে পরিপুষ্ট করে। অহিংসায় আমি বিশ্বাস করি, গণ-আন্দোলন আমি প্রত্যাশা করি, বিশ্বাস করি আমি মানুষকে। ক্ষুদ্র হোক, হীন হোক, দীন হোক, তাদের ক্ষুদ্রতা হীনতা দীনতা সমস্ত কিছুর মধ্য দিয়েই, তুমিও যেখানে যেতে চাও, তারাও চায় সেইখানে যেতে—এক পরম লক্ষ্যে। সৃষ্টির আদিকাল থেকে জীবনের এই বিশৃঙ্খল উন্মত্ত যাত্রায় মানুষ দিগ্‌ভ্রান্তের মত ছুটছে, অপমৃত্যুর সংখ্যা নেই। তাদের ঘোষণা দেবার কণ্ঠস্বর চাই সুশীলদা, জীবনকে যাত্রাপথে আহ্বান জানাবার ভাষা চাই, মানুষের চিরন্তন সাধনাই তো এই। স্বাধীনতা লাভ করলেই কি সব পেয়ে যাবে তুমি, সুশীলদা? জীবনের সকল দ্বন্দ্বেরই কি অবসান হবে?

সুশীল স্থির দৃষ্টিতে শিবনাথের মুখের দিকে চাহিয়া রহিল, কোনও উত্তর দিল না। শিবনাথ কিছুক্ষণ পর আবার বলিল, উত্তর দিলে না তুমি। কিন্তু আমি বলছি, সব পাবে না। দ্বন্দ্বের অবসান হবে না। ওতে তুমি চরম প্রাপ্তি পাবে, পরম প্রাপ্তি নয়। চরমের মধ্যে প্রাচুর্য আছে, কিন্তু সে অফুরন্ত নয়, তার ক্ষয় আছে, ওটা সাময়িক, পরম হল অফুরন্ত, অক্ষয়, চিরন্তন।

সুশীল এবার হাসিয়া বলিল, তা হলে তো সন্ন্যাসী হলেই পারতে, গুহার মধ্যেই তো পরম তত্ত্বের সন্ধান মেলে বলে শুনেছি।

হাসিয়া শিবনাথ উত্তর দিল, রাগাতে আমায় পারবে না সুশীলদা। তুমি যা বললে, সেও আমি বিশ্বাস করি, কিন্তু ওই গুহাটির সন্ধান করতেও যে আলোর সাহায্য চাই। স্বাধীনতা চাই আগে, তবে তো মুক্তি।

কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া সুশীল বলিল, যাক, তোমার কাজ তুমি কর, আমার পথে আমি চলে যাব। আজ রাত্রেই আমি রওনা হব শিবনাথ।

আজ রাত্রেই? কোথায়?

সুশীল হাসিয়া বলিল, প্রথম প্রশ্নের উত্তর, হ্যাঁ, আজ রাত্রেই। দ্বিতীয় প্রশ্নের উত্তর আমিও নির্দিষ্টরূপে জানি না। তবে চলেছি পেশোয়ারের পথে, চেষ্টা করব ভারতবর্ষের বাইরে চলে যেতে। এখন আর দেশে থেকে কাজ করা সম্ভব নয়, দেশের বাইরে থেকে কাজ করতে হবে।

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল, আপনার মা, দীপা—এঁরা?

বেশ তো 'তুমি তুমি হচ্ছিল, আবার 'আপনি' কেন?

শিবনাথ হাসিয়া বলিল, সহজ অবস্থায় কেমন বাধছে। যাক, এখন কথার উত্তর দিন।

বাড়িতে রইলেন।

কিন্তু তাঁদের দেখবেন কে ?

নিজেরাই দেখবেন। ভগবান থাকলে ভগবান দেখবেন।

কিন্তু—

বাধা দিয়া এবার সুশীল বলিল, থাক্ ও কথা শিবনাথ। এখন তোমার কাছে কেন এসেছি শোন। কিছু অর্থসাহায্য করতে পার ?

বেশি টাকা তো আমার কাছে নেই, এক শো টাকা মাত্র হতে পারে।

যথেষ্ট, যথেষ্ট। তাই দাও তুমি।

রাত্রি তখন প্রায় দ্বিপ্রহর। চারদিক স্তব্ধতায় যেন নিথর হইয়া পড়িয়াছে। কৃষ্ণপক্ষের রাত্রি, আকাশে আকাশ-ভরা তারা, পৃথিবীর বুকের উপর জমাট অন্ধকার।

সুশীল ও শিবনাথ ঘর হইতে বাহির হইয়া আসিল। সুশীলের গায়ে একটা আলখাল্লা, গলায় একবোঝা ফকির-কাঠি অর্থাৎ রঙিন পাথরের মালা, কাঁধে একটা ঝোলা, মাথায় মুসলমানী টুপি। সে হাসিয়া বলিল, ছালাম বাবুছাহেব, হজ করতি চললাম।

শিবনাথ কিন্তু কথার উত্তর দিতে পারিল না, টপটপ করিয়া কয় ফোঁটা জল তাহার চোখ হইতে ঝরিয়া পড়িল। সুশীল আবার বলিল, আমার কাপড়-চোপড় যা পড়ে রইল, সেগুলো পুড়িয়ে নষ্ট করে দিও। তারপর আকাশের দিকে চাহিয়া দেখিয়া বলিল, ঠিক আছে।

শিবনাথ এতক্ষণে প্রশ্ন করিল, কি ?

বৃশ্চিক রাশিটাকে দেখে নিলাম, ওই দেখ। ওই আমার দিক-নির্ণয় যন্ত্র।

শিবনাথ আকাশের দিকে চাহিয়া দেখিল, আকাশের প্রায় একাংশ জুড়িয়া বৃশ্চিকের দীর্ঘ বঙ্কিম পুচ্ছরেখা জলজ্বল করিতেছে।

সুশীল বলিল, চলি তা হলে। 'একলা চল রে'।

শিবনাথ কথা বলিল না, হেঁট হইয়া সুশীলের পা ছুঁইয়া প্রণাম করিল। মাথা তুলিয়া উঠিয়া সে দেখিল, সুশীল দ্রুতপদে আগাইয়া চলিয়াছে। কয়েক মুহূর্ত পরেই আর তাহাকে দেখা গেল না, গভীর অন্ধকারের মধ্যে বৃশ্চিকের বঙ্কিমপুচ্ছনির্দিষ্ট পথে দূর-দূরান্তরে যেন মিলাইয়া গিয়াছে।

সমস্ত রাত্রি শিবনাথের ঘুম হইল না। রক্তের ধারায় ধারায় উত্তেজনার প্রবাহ বহিয়া চলিয়াছে। মনের মধ্যে একটা গ্লানি যেন তীক্ষ্ণমুখ সূচের মত তাহাকে বিদ্ধ করিতেছিল। আন্দোলনের নির্যাতনময় ঘনীভূত যুদ্ধক্ষেত্রের আহ্বান যেন তাহার কানে আসিয়া পৌঁছিতেছে। সংবাদপত্রের সংবাদগুলি তাহার চোখের উপর প্রত্যক্ষ হইয়া ফুটিয়া উঠিতেছে। দলের পর

দলে স্বেচ্ছাসেবকেরা চলিয়াছে, পুলিস গ্রেপ্তার করিতেছে। কারাপ্রাচীরের অন্তরাল হইতে তাহাদের কণ্ঠধ্বনি ভাসিয়া আসিতেছে। পুলিসের বেটনের আঘাতে অহিংস-যুদ্ধের সৈনিকের মুখ রক্তে ভাসিয়া গেল। দেশের মাটির বুকে সেই রক্ত ঝরঝর করিয়া ঝরিয়া পড়িতেছে, মাটি শুষিয়া লইতেছে।

সে বিছানা হইতে উঠিয়া পড়িল।

আবার বারান্দায় বাহির হইয়া আসিয়া সে দাঁড়াইল। পৃথিবীর বুকজোড়া নিরন্ধ্র অন্ধকারের মধ্যে বহু বহু ঊর্ধ্বলোকে নক্ষত্রখচিত আকাশ। মাটির বুকে অসংখ্য কোটি কীট-পতঙ্গের সম্মিলিত সঙ্গীতধ্বনি। সহসা তাহার যেন মনে হইল, ওই সঙ্গীতের ভাষা স্পষ্ট বুঝিতে পারিতেছে। নক্ষত্রের আলোক-সঙ্কেতের মধ্যেও যেন ওই একই ভাষা রূপায়িত হইতেছে।—

"যাত্রা কর, যাত্রা কর, যাত্রীদল
এসেছে আদেশ—
বন্দরের কাল হ'ল শেষ!"

সত্যই তো, এই যাত্রার আদেশই তো মহাকালের চিরন্তন আদেশ! যে যাত্রা করিয়াছে, সে-ই পরমকে পাইয়াছে, যে মধ্যপথে থামিয়াছে, সে পায় নাই; কিন্তু চলা যাহার থামে নাই, সে কবে বঞ্চিত হইয়াছে! যাত্রার সঙ্কল্প সে স্থির করিয়া ফেলিল। আর নয়, বন্দরের কাল শেষ হইয়াছে।

পাশের ঘরে প্রবেশ করিয়া হ্যারিকেনের শিখাটা সে বাড়াইয়া দিল। এক দিকে তাহার বই, অন্য দিকে সুতা ও খদ্দর কাঠের শেল্‌ফের মধ্যে থাকে থাকে সাজানো রহিয়াছে। সম্মুখের দেওয়ালের গায়ে একখানি ত্রিবর্ণরঞ্জিত জাতীয় পতাকা, অতি সযত্নে চারিদিকে আলপিন দিয়া আবদ্ধ করিয়া টাঙানো। সে সসম্ভ্রমে পতাকাটিকে অভিবাদন করিয়া দেওয়াল হইতে খুলিয়া লইয়া মাথার উপর তুলিয়া ধরিল।

কালই সে কলিকাতায় রওনা হইবে, স্বেচ্ছাসেবকের দলে সেবকরূপে সে প্রত্যক্ষ যুদ্ধে ঝাঁপ দিয়া পড়িবে। সহসা তাহার মনে পড়িল আপন গ্রামের কথা। দেশের সর্বত্র যখন জীবনের ধ্বনিতে মুখর হইয়া উঠিতেছে, তখন কি তাহার জন্মভূমিই নীরবে মাথা হেঁট করিয়া থাকিবেন? সে সঙ্কল্প দৃঢ় করিয়া ফেলিল, কলিকাতা নয়, তাহার আপন গ্রামে—যেখানে সে জন্মগ্রহণ করিয়াছে, সেইখানে তাহার সকল শক্তি নিঃশেষ করিয়া যুদ্ধ করিবে। উত্তেজনার আবেগে সর্বাঙ্গ তাহার থরথর করিয়া কাঁপিতে আরম্ভ করিল।

বত্রিশ

পরদিন সকালেই গরুর গাড়িতে অতি প্রয়োজনীয় জিনিসগুলি বোঝাই করিয়া লইয়া দীর্ঘ আড়াই বৎসর পর আবার আপনার গ্রামের দিকে রওনা হইল। বাকি জিনিসপত্র পড়িয়া রহিল, কৃষিক্ষেত্র পড়িয়া থাকিল। ক্ষেত্রের নানা স্থানে ফসল ফলিয়াছিল, ঘনসন্নিবিষ্ট গাঢ় সবুজ ফসলের সমারোহ সকালের বাতাসে দুলিয়া দুলিয়া নাচিতেছিল, সেদিকে সে ফিরিয়াও চাহিল না। এখানে আসিবার সময় সে আসিয়াছিল ঘোড়ায়, ফিরিবার সময় চলিল গরুর গাড়িতে। সে ঘোড়া আর নাই, এখানে আসিয়া প্রথমেই ঘোড়াটাকে বেচিয়া দিয়াছে। ধনগত আভিজাত্যের সমস্ত কিছু সে বর্জন করিয়াছে।

মাঠের মাঝখান দিয়া কাঁচা সড়ক, তাহারই উপর মন্থর গমনে গাড়িখানা চলিয়াছিল। শিবনাথ নিবিষ্টচিত্তে ভাবিতেছিল ভবিষ্যৎ-কর্মপদ্ধতির কথা। গাড়িখানার ঝাঁকানিতে, দোলায় তাহার সমস্ত দেহ নড়িতেছে দুলিতেছে, তবু তাহার চিন্তাধারা খরস্রোতা নদীর মত বহিয়া চলিয়াছে।

গ্রামের কেহ কি সাড়া দিবে? ডাক শুনিয়া কেহ কি আসিবে? সঙ্গে সঙ্গে তাহার ঠোঁটের কোণে হাসি ফুটিয়া উঠিল। গত রাত্রের সুশীলের কথা মনে পড়িল, সে যাইবার সময় মহাকবির গানের তিনটি শব্দ উচ্চারণ করিয়াছিল, সেই শব্দ তিনটি মনে পড়িল, 'একলা চল রে'। চলিতে হইবে, সে একলাই চলিবে, লোকে তাহার ডাক শুনিয়া ঘরের দুয়ার বন্ধ করুক, অন্ধকার দুর্যোগে কেহ আলো না ধরুক, তাহার আপন বুকের পঞ্জরাস্থি জ্বালাইয়া লইতে কণ্টকাকীর্ণ পথ ক্ষত-বিক্ষত রক্তাক্ত পদে দলিয়া দলিয়া চলিতে হইবে।

বাধা দিবে রাখাল সিং, কেষ্ট সিং। তাহারা প্রবল আপত্তি তুলিবে। মাস্টার মহাশয়। না, মাস্টার মহাশয় বোধ হয় বাধা দিবেন না, তিনি বাধা দিতে পারেন না, গোঁসাই-বাবা কোনও কথা বলিলেন না, নির্বাক হইয়া দেখিবেন। সহসা নদীর বন্যার উপর যেমন কখনও কখনও নূতন উচ্ছ্বসিত জলরাশি ছুটিয়া আসিয়া নীচের জলকে ঢাকিয়া দিয়া চলিয়া যায়, তেমনই ভাবে আর একজনের স্মৃতি সকলের কথা আবৃত করিয়া শিবনাথের মনে পড়িয়া গেল, পিসীমা—তাহার পিসীমার কথা। আজ দীর্ঘ চার বৎসর পর পিসীমার কথায় তাহার অন্তর উদ্বেল আকুল হইয়া উঠিল। পিসীমার মূর্তির পাশেই আর একজনের মূর্তি ভাসিয়া উঠিল—গৌরীর মূর্তি, গৌরীর কোলে একটি শিশু। শিবনাথের চোখ জলে ভরিয়া উঠিল। আজও সে তাহার সন্তানকে দেখে নাই। জীবনের অশান্তি, দুর্ভাগ্যের স্মৃতি তাহাকে বিচলিত করিয়া তুলিল। এ দুর্ভাগ্য হইতে তাহাকে রক্ষা করিতে পারিতেন একজন, সে তাহার মহিমময়ী মা। পিসীমা ও গৌরীর মাঝখানে তাহার মা যেন এবার হাসিমুখে আসিয়া দাঁড়াইলেন। অগ্নি-শিখার মত দীপ্তিময়ী, ধরিত্রীর মত প্রশান্ত ধৈর্যময়ী তাহার মা—জীবনের অশান্তির দুর্বার স্রোতকে ঘুরাইয়া দিতে পারিতেন। আজ তিনি থাকিলে তাহাকে আশীর্বাদ করিয়া পাঠাইয়া দিতেন জাতির জীবন-যুদ্ধে। তিনি থাকিলে পিসীমাও যদি আজ তাহার সম্মুখে বাধার সৃষ্টি

করিয়া দাঁড়াইতেন, তবে সে বাধাও শিবনাথ জয় করিতে পারিত। মায়ের মধ্য দিয়া পিসীমার বুকে সে আজ প্রেরণার সৃষ্টি করিত, বলিত, এ তোমারই শিক্ষা, এ শক্তি যে তোমারই দান! তুমিই যে শিখাইয়াছিলে, 'না খাব উচ্ছিষ্ট ভাত, না দিব চরণে হাত'! আজ চাহিয়া দেখ, সমগ্র জাতিটাই উচ্ছিষ্টভোজী, সে কি উদরের ক্ষুধায়, না, মনের ক্ষুধায়! আর পায়ে হাত! মাথাই যে সমগ্র জাতির পদানত। তোমার দুঃখমোচনের মতই যে সমান গুরুভার দায়িত্ব আমার দেশের দুঃখমোচনের। মায়ের গর্ভ হইতে যখন আসিলাম, তখন প্রথম ধরিয়াছিল এই দেশ—মা-ধরিত্রী আর তুমি। পিসীমার মুখ উজ্জ্বল হইয়া উঠিত। মায়ের মুখে বরাভয়ের মত প্রদীপ্ত হাসি। সে বরাভয়ের স্পর্শে গৌরীও আজ গৌরবদীপ্ত মুখে নির্ভীক দৃঢ়তার সহিত বলিত, তোমার পাশেই যে আমার স্থান, আমাকে ফেলিয়া কোথায় যাইবে? তাহার মা তাহাদের সন্তানকে দেখাইয়া বলিতেন, না, শিবনাথের ভবিষ্যৎ তোমার হাতে, তুমি গেলে তাহাকে বাঁচাইবে কে?

তাহার শরীর রোমাঞ্চিত হইয়া উঠিল, আপাদমস্তক শিরায় শিরায় রক্তস্রোত দ্রুততর গতিতে বহিয়া গেল।

গাড়োয়ানটা বলিল, গাঁ এসে গেইছি বাবু।

এতক্ষণে শিবনাথের চিন্তাধারা ব্যাহত হইল। ওই যে গ্রামের প্রথমেই পুরানো হাটতলায় বড় আমগাছটা, তাহার পরই সরকার-দীঘি, দীঘির পাড়ের উপর পচুইয়ের দোকান।

ইহারই মধ্যে পচুইয়ের দোকানে লোক আসিতে শুরু করিয়াছে। জন কয়েক সাঁওতাল দুইটা মরা গোসাপ লাঠির ডগায় ঝুলাইয়া লইয়া চলিয়াছে; চামড়াটা বেচিবে, মাংসটা পুড়াইয়া খাইবে। ওদিক হইতে আসিতেছে জন চারেক জেলে, শিবনাথ তাহাদের চিনিল—বিপিন, নবীন, কুঞ্জ আর হরি। শিবনাথ জাতীয় পতাকা হাতে করিয়া গাড়ি হইতে নামিয়া পড়িল। বন্দরের কাল শেষ হইয়াছে। যাত্রা করিবার আদেশ আসিয়াছে, সে শুনিয়াছে, প্রত্যক্ষ শুনিয়াছে। মুহূর্ত সময় অপব্যয় করিবার অবসর নাই।

সে গাড়োয়ানটাকে বলিল, গাড়ি নিয়ে তুই বাড়িতে চলে যা। আমি যাচ্ছি, কিছুক্ষণ হয়তো দেরি হবে।

গাড়োয়ান গাড়ি হাঁকাইয়া চলিয়া গেল, শিবনাথ হাতজোড় করিয়া আসিয়া ওই জেলে ও সাঁওতাল কয়টির সম্মুখে পথরোধ করিয়া দাঁড়াইল। সাঁওতালেরা অবাক হইয়া দাঁড়াইয়া গেল, জেলে কয়টি সসম্ভ্রমে ও সভয়ে শিহরিয়া উঠিয়া প্রণাম করিয়া বলিল, হেই মা রে! বাবু মাশায়, আপুনি ই কি করছেন হুজুর? আমাদের মাথায় যে বজ্রাঘাত হবে, নরকেও ঠাঁই হবে না দেবতা।

পচুইয়ের দোকানের ভেণ্ডার ত্রিলোচন সাহা অল্প নীচু হইয়া প্রণাম করিয়া বলিল, এ আপুনি কি করছেন বাবু?

শিবনাথ মিষ্ট হাসি হাসিয়া বলিল, এদের মদ খেতে বারণ করছি ত্রিলোচন।

ত্রিলোচন জোড়হাত করিয়া বলিল, আজ্ঞে, আমরা কি অপরাধ করলাম বাবু ?

অপরাধ নয় ত্রিলোচন। এই হল কংগ্রেসের হুকুম, আমি সেই হুকুমমত কাজ করতে এসেছি।

ত্রিলোচন শিহরিয়া উঠিল, বলিল, আপুনি পিকেটিং করতে এসেছেন বাবু?

হাঁ।

আজ্ঞে, আপুনি বাড়ি যান বাবু, আপুনি বাড়ি যান। পুলিসে খবর পেলে এখুনি ধরে নিয়ে যাবে।

হাসিয়া শিবনাথ বলিল, জানি।

চারিদিকে জনতা জমিতে শুরু করিয়াছিল, সকলেই গ্রামের লোক। প্রত্যেকেই শিবনাথকে চেনে, তাহারা ত্রিলোচনের কথা ও শিবনাথের কথা শুনিয়া চঞ্চল হইয়া উঠিল। নিশি চৌধুরী আগাইয়া আসিয়া বলিল, বাবু, বাড়ি চলুন। শিবনাথ তাহার মুখের দিকে চাহিয়া বলিল, তোমরা ভয় করছ কেন? তোমরা জান না, আজ দেশের—সমস্ত ভারতবর্ষের দিকে দিকে—চারিদিকে হাজার হাজার জোয়ান ছেলে জেলে চলেছে, সমাজের দেশের যাঁরা মাথার মণি, তাঁরা হাসিমুখে যাচ্ছেন জেলে। কেন? দেশের মুক্তির জন্যে, জাতির মুক্তির জন্যে, তোমাদের মুক্তির জন্যে। সোনার দেশ শ্মশান হয়ে গেল, আজও কি মদ খেয়ে বিভোর হয়ে পড়ে থাকবার সময় আছে, না, ভয় করে স্ত্রীলোকের মত ঘরের কোণে বসে থাকবার সময় আছে! আমাকে তোমরা ডাকছ, বলছ, পালিয়ে এস, ফিরে এস। কিন্তু আমি তোমাদের ডাকছি, তোমরা আর ঘরের মধ্যে লুকিয়ে বসে থেকো না; বেরিয়ে এস, দেশের কাজে স্বরাজের যুদ্ধে ঝাঁপিয়ে পড়। বিলিতী কাপড়, বিলিতী জিনিস পোরো না, মদ খেয়ো না, সরকারের সঙ্গে সহযোগিতা কোরো না।

এবার জনতা স্তব্ধ হইয়া তাহার মুখের দিকে চাহিয়া রহিল। শিবনাথ আবেগভরে আবার বলিল, বল—বন্দে মাতরম্।

তবুও জনতা স্তব্ধ। বরং পিছন হইতে দুই-চারিজন সরিয়া পড়িল। শিবনাথ আবার বলিয়া উঠিল, বল—বন্দে মাতরম্।

এবার জনতার পিছন হইতে সতেজ কিশোর কণ্ঠে কে বলিয়া উঠিল, বন্দে মাতরম্। সমগ্র জনতা সবিস্ময়ে পিছনের দিকে দৃষ্টি ফিরাইল,—একটি শ্যামবর্ণের কিশোর জনতার মধ্য দিয়া পথ করিয়া লইয়া চলিয়া আসিতেছে। শিবনাথ তাহাকে দেখিয়া পুলকিত হইয়া বলিয়া উঠিল, শ্যাম, তুই?

আমি এসেছি শিবনাথদা।

শ্যাম, কলেরায় সেবাকার্যের সেই সর্বকনিষ্ঠ ছেলেটি—সে আজ কিশোর হইয়া উঠিয়াছে, সে আসিয়া শিবনাথের পাশে দাঁড়াইল।

তুই কি করে খবর পেলি যে, আমি এখানে এসেছি?

শ্যাম বিপুল উৎসাহের সহিত বলিল, সমস্ত গ্রামে খবর ছড়িয়ে পড়েছে শিবনাথদা। আমি

ছুটে বেরিয়ে এলাম।

অকস্মাৎ পিছন হইতে জনতা অতি দ্রুতবেগে চারিদিকে ছড়াইয়া পড়িতে আরম্ভ করিল। কয়েক মুহূর্ত পরেই সমগ্র জনতা অপসারিত হইয়া গেলে শিবনাথ দেখিল, থানার অ্যাসিস্ট্যাণ্ট সাব্ ইন্সপেক্টর ও একজন কন্‌স্টেবল তাহার দিকে অগ্রসর হইয়া আসিতেছে। এ. এস, আই. মুখ বাঁকাইয়া হাসিয়া বলিল, এই যে এসেছেন আপনি। আমরা ভাবছিলাম, বলি, এ হুজুগে শিবনাথবাবুটি রইলেন কোথায় ?

শিবনাথ হাসিয়া তাহারই মুখের দিকে চাহিয়া দাঁড়াইয়া রহিল। এ. এস. আই. বলিল, আসুন, আমার সঙ্গে আসুন।

শিবনাথ তাহার অনুসরণ করিয়া বলিল, চলুন। শ্যামু, তুই বাড়ি যা, রাখাল সিংকে খবরটা দিস।

এ. এস. আই. বলিল, হুঁ, এটিও এসে জুটেছে দেখছি। তারপর রূঢ়স্বরে বলিল, এই ছোঁড়া, ডেঁপোমি করতে হবে না, যা, বাড়ি যা।

শ্যাম ঘুরিয়া দাঁড়াইল। শিবনাথ দেখিল, উত্তেজনায় তাহার মুখ আরক্ত, প্রদীপ্ত দৃষ্টি, দাঁড়াইবার ভঙ্গীর মধ্যে সুকঠিন দৃঢ়তা—প্রতি অঙ্গের ভঙ্গীগুলি মিলিয়া একটা আবেচল সঙ্কল্প যেন তাহার সর্বাঙ্গ হইতে শাণিত দীপ্তির মত ঠিকরিয়া পড়িতেছে। আনন্দে গৌরবে প্রেরণায় শিবনাথের অন্তর ভরিয়া উঠিল, তবু সে শ্যামুকে বাধা দিল, বলিল, আমি বলছি, তুই আজ বাড়ি যা শ্যামু। আজ যদি আমি যাই, তবে তোর যাবার দিন হবে কাল। তোর জায়গায় আর একজনকে দাঁড় করিয়ে তুই তবে যেতে পাবি। বাড়ি যা।

শ্যামুর মুখ ছলছল করিয়া উঠিল, কিন্তু সে আর প্রতিবাদ করিল না, ফিরিল। শিবনাথ একটা স্বস্তির নিশ্বাস ফেলিয়া এ. এস. আই.-কে বলিল, চলুন।

এ. এস. আই. বলিল, থানায় নয়, আপনার বাড়িতে চলুন।

শিবনাথ বুঝিল, বাড়ি সার্চ হইবে। এক মুহূর্তে সে মনে মনে বাড়ির প্রতিটি কোণ তীক্ষ্ণ দৃষ্টিতে সন্ধান করিয়া দেখিয়া লইল, তারপর হাসিমুখে বলিল, চলুন।

বাড়িতে আসিয়া কিন্তু এ. এস. আই. বলিল, কেন মিথ্যে মিথ্যে হাঙ্গামা করছেন শিবনাথ-বাবু ? আপনি বুদ্ধিমান পরোপকারী, যাকে বলে—মহাশয় লোক, তার ওপর আপনি জমিদারের ছেলে। আপনার দেশের সত্যিকার কাজ করুন, গভর্মেণ্ট আপনাকে অনারারি ম্যাজিস্ট্রেট করে দেবে, খেতাব দেবে। ওসব আপনি করবেন না।

শিবনাথ সবিস্ময়ে তাহার মুখের দিকে চাহিয়া বলিল, এই বলবার জন্যই আপনি আমাকে এখানে নিয়ে এলেন বুঝি ?

এ. এস. আই. হাসিয়া বলিল, আপনি স্নান করুন, খাওয়া-দাওয়া করুন, তারপর ভেবেচিন্তে যা হয় করবেন। আচ্ছা, আসি তা হলে। নমস্কার।

শিবনাথ বুঝিল, পুলিস সুকৌশলে তাহাকে উপস্থিত প্রতিনিবৃত্ত করিয়া গেল, খানিকটা কৌতুকও অনুভব করিল, কৌতুকে খানিকটা না হাসিয়া সে পারিল না। দাবাখেলার মত

এ যেন কিস্তি সামলাইয়া কিস্তি দিয়া গেল। মুহূর্তে সে আপনার সঙ্কল্প ঠিক করিয়া লইল; পুনরায় সে পতাকা হাতে করিয়া পথে নামিবার জন্য অগ্রসর হইল। কিন্তু পথে নামিবার পূর্বেই পিছন হইতে রাখাল সিং ডাকিলেন, বাবু!

বাধা পাইয়া শিবনাথের ললাট কুঞ্চিত হইয়া উঠিল, সে ফিরিয়া দাঁড়াইয়া প্রশ্ন করিল, কিছু বলছেন?

হাতজোড় করিয়া রাখাল সিং বলিলেন, আজ্ঞে বাবু, আমাকে আপনি রেহাই দিয়ে যান।

শিবনাথ দেখিল, একা রাখাল সিং নয়, রাখাল সিংয়ের পিছনে কেষ্ট সিংও মাথা নিচু করিয়া দাঁড়াইয়া আছে। রাখাল সিংয়ের কথা শেষ হইবামাত্র সেও বলিয়া উঠিল, আমিও ছুটি চাইছি দাদাবাবু, এ আমরা চোখে দেখতে পারব না।

শিবনাথ একটা দীর্ঘনিশ্বাস না ফেলিয়া পারিল না। ওই পরমহিতৈষী ভৃত্য দুইজনের আকুল মমতার আবেদন অকস্মাৎ তাহাকে ব্যাকুল করিয়া তুলিল। রাখাল সিং অত্যন্ত কাতরভাবে তাহার পায়ের কাছে বসিয়া পড়িয়া পা দুইটি ধরিয়া বলিলেন, আপনার পায়ে ধরছি বাবু, এমন করে সর্বনাশ আপনি করবেন না। পিসীমার কথা একবার ভাবুন, বউমার কথা একবার ভাবুন, খোকাবাবুর কথা একবার মনে করুন।

শিবনাথ ধীরে ধীরে আপনাকে সংযত করিয়া তুলিতেছিল, পিসীমা ও গৌরীর উল্লেখে অকস্মাৎ মুহূর্তের মধ্যে অবিচল দৃঢ়তায় তাহার মন ভরিয়া উঠিল, তাহার অন্তরের শক্তি ও সঙ্কল্প একটা প্রেরণার আবেগে যেন উচ্ছ্বসিত হইয়া উঠিল। শিবনাথ বলিল, রেহাই আপনাদের আমি দিলাম সিং মশায়, আপনি পা ছাড়ুন, আমাকে বাধা দেবেন না।

রাখাল সিং একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া উঠিয়া বলিলেন, তা হলে হিসেব-নিকেশ—

সমস্তই আমি মঞ্জুর করে দিলাম সিং মশায়।

একবার দেখে শুনে—

দরকার নেই। সে বিশ্বাস আপনার উপর আমার আছে।

তা হলেও একটা ফারখত—

চলুন, আমি লিখে দিচ্ছি। শিবনাথ ফিরিয়া আসিয়া কাছারিতে বসিয়া বলিল, কাগজ কলম নিয়ে আসুন।

কাগজ-কলম দিবার পূর্বেই রাখাল সিং কোমর হইতে চাবির থোলো খুলিয়া সম্মুখে নামাইয়া দিয়া বলিল, চাবি।

চাবির গোছাটা অতর্কিতে একটা শৃঙ্খলবন্ধনের মত তাহাকে জড়াইয়া ধরিল। বিব্রতভাবে মাথা নীচু করিয়া ভাবিতে বসিল। রাখাল সিং একটা থামের গায়ে ঠেস দিয়া আকাশের দিকে চাহিয়া নিস্পন্দের মত দাঁড়াইয়া ছিলেন, শুধু অতি মৃদু স্পন্দনে তাঁহার ঠোঁট দুইটি কাঁপিতেছিল ঘাসের পাতার মত। আড়ালে বসিয়া কেষ্ট সিং ফুলিয়া ফুলিয়া কাঁদিতেছিল। সতীশ গাঁজা টানিয়া বিভোর উদাসীনের মত বসিয়াছিল।

এই বিচিত্র স্তব্ধতা ভঙ্গ হইল কাহার প্রচণ্ড সবল পদক্ষেপের শব্দে। শুধু শব্দই নয়,

আগন্তুকের বিপুল শক্তি ও গতিবেগের মিলিত আবেগে কাছারি-বাড়ির শান-বাঁধানো মেঝের প্রান্তদেশ পর্যন্ত একটা স্পন্দন সঞ্চারিত করিয়া তুলিয়াছিল। শিবনাথের চিনিতে ভুল হইল না, সে উঠিয়া দাঁড়াইয়া আহ্বান করিল, গোঁসাই-বাবা!

অস্বাভাবিক দ্রুত গতিতে উত্তেজিত আরক্ত মুখে রামজী গোস্বামী আসিয়া দাঁড়াইলেন। চকিতের মধ্যে শিবনাথের এই আকস্মিক বন্ধন যেন শিথিল হইয়া আসিল, তাহার সঙ্কল্প স্থির হইয়া গেল, সে চাবির গোছাটি সন্ন্যাসীর দিকে বাড়াইয়া দিয়া বলিল, এই চাবিগুলো তুমি রাখ গোঁসাই-বাবা।

সন্ন্যাসী যে প্রচণ্ড গতিতে প্রবেশ করিয়াছিলেন, সে তাঁহার মনের প্রচণ্ড আক্ষেপের প্রতিধ্বনি ছাড়া আর কিছু নয়। সমস্ত গ্রামেই ইহারই মধ্যে সংবাদটা রটিয়া গিয়াছে। কিশোর যুবক সন্তানের মা-বাপেরা শিহরিয়া উঠিয়া শিবনাথকে অভিসম্পাত দিতে শুরু করিয়াছে, ব্যবসায়ীরা বিরক্তিতে ভয়ে চঞ্চল হইয়া উঠিয়াছে, শিক্ষিত একদল প্রশংসার গুঞ্জনে গৃহকোণ ভরিয়া তুলিয়াছে। শুধু জনকয়েক কিশোর ছেলে আকাশ-অভিসারী উদ্গত-পক্ষ পতঙ্গের মত খুঁজিতেছে—ঘর হইতে বাহির হইবার পথ ও সাহস।

সন্ন্যাসী আসিয়াছিলেন শিবনাথকে তিরস্কার করিতে, তাহাকে প্রতিনিবৃত্ত করিতে। কিন্তু শিবনাথের সহিত মুখামুখি দাঁড়াইয়া আজ অকস্মাৎ তিনি অনুভব করিলেন, এ তো সেই শিশুটি নয়, যে তাঁহার বুকের উপর ঝাঁপ দিয়া পড়িত, যাহাকে তিনি, 'বাবা হামার, হামার বাবা' বলিয়া বুকে জড়াইয়া আনন্দের আবেগে অধীর হইয়া উঠিতেন, এ তো সে নয়! সঙ্গে সঙ্গে এক মুহূর্তে তাঁহার অন্তরলোকে সর্বধ্বংসী ভূমিকম্পের কম্পনের মত একটা কম্পনে সব যেন ভাঙিয়া চুরিয়া একাকার হইয়া গেল। তাঁহার মনে পড়িয়া গেল একদিনের কথা। তিনিই বলিয়াছিলেন দিদিকে—শৈলজা-ঠাকুরানীকে, মৃগশিশু তো ভাগবে, উ হামি জানি। মৃগশিশু পলাইয়াছে।

শিবনাথ সন্ন্যাসীকে প্রণাম করিয়া বলিল, আমি যুদ্ধে যাচ্ছি গোঁসাই-বাবা, তুমি আশীর্বাদ কর।

সন্ন্যাসী শিবনাথের মুখের দিকে চাহিয়া রহিলেন; তিরস্কার করিবার অধিকার নাই; ইচ্ছা হইল, শিবুর হাত দুইটি ধরিয়া অনুরোধ করেন, মৎ যাও বেটা, মৎ যাও। তুমি জানে না বেটা, হামি জানে, ধর্মুতি জয় করতে পারে আংরেজ। তাঁহার মনে পড়িয়া গেল যুদ্ধের কথা, কামানের কথা, বন্দুকের কথা, কাতারে কাতারে সুসজ্জিত সৈন্যদলের কথা। কিন্তু সেও তিনি পারিলেন না।

শিবনাথের চোখ-মুখ দীপশিখার মত উজ্জ্বল, সে মুখের সম্মুখে এমন কথা তিনি বলিবেন কি করিয়া?

শিবনাথ হাসিয়া বলিল, এমন যুদ্ধ তোমরা কখনও কর নি গোঁসাই-বাবা। এতে শুধু মরতে হয়, মারতে হয় না। অহিংস যুদ্ধ। নিরস্ত্র হয়ে বীরের মত বন্দুকের সামনে দাঁড়াতে হবে।

সন্ন্যাসী শিবনাথের মাথায় হাত দিয়া বলিলেন, দীরঘ জীবন তুমার হোক বেটা, শও বরিষ তুমার প্রমায়ু হোক। আর তিনি দাঁড়াইলেন না, চলিয়া যাইবার জন্য ফিরিলেন।

শিবু বলিল, চাবিটা তুমি রাখ গোঁসাই-বাবা, আমার মাস্টার মশায়কে বরং দিয়ে দিও তুমি। দু-এক দিনেই তিনি এখানে নিশ্চয় আসবেন।

এ অনুরোধে সন্ন্যাসী আর 'না' বলিতে পারিলেন না, মিনিটখানেক চিন্তা করিয়া নীরবে দীর্ঘ হাতখানি প্রসারিত করিয়া দিলেন।

শিবনাথ পতাকা লইয়া আবার অগ্রসর হইল আপনার পথে।

তেত্রিশ

কলিকাতার অবস্থা তখন বিক্ষুব্ধ সমুদ্রের মত। সভা-সমিতি, শোভাযাত্রায় জাতির জীবনোচ্ছ্বাস বিক্ষুব্ধ সমুদ্রের উচ্ছ্বসিত তরঙ্গের মত ফুলিয়া ফুলিয়া উঠিতেছিল। স্বেচ্ছাসেবকের দল—দলের পর দল, শাসনতন্ত্রের দুর্গপ্রাচীরমূলে আঘাত করিতে দুর্বার স্রোতের মত ছুটিয়া চলিয়াছে। মহানগরীর ঘরে ঘরে প্রতিটি নরনারীর সর্বাঙ্গে, প্রতিটি রোমকূপে তীব্র শিহরণ বহিয়া চলিয়াছে। তবুও আনুপাতিক সংখ্যায় অধিকাংশ গৃহদ্বার রুদ্ধ, সমুদ্রগর্জনের মত আহ্বান সত্ত্বেও অধিকাংশ মানুষই সভয়ে মূক হইয়া আছে।

ইহারই মধ্যে আবার একদল আছেন, যাঁহারা এই জীবনোচ্ছ্বাসকে অভিসম্পাত দেন, ঘরের মধ্যে সমধর্মী কয়েকজনে মিলিয়া তীব্র সমালোচনা করিয়া এই আন্দোলনকে আত্মঘাতী প্রতিপন্ন করিয়া তোলেন। ইহাদের সকলেই ধনী, অনেকে জমিদার, প্রত্যেকেই সমাজে জীবনে সুপ্রতিষ্ঠিত। বিপ্লবের কলরোলে ইহাদের স্নায়ুমণ্ডলী সূক্ষ্ম ধাতব তারের মত ঝনঝন করিয়া উঠে। বিপ্লবের ভাবী রূপ কল্পনা করিয়া ইহারা শিহরিয়া উঠেন, মনশ্চক্ষে প্রত্যক্ষ যেন দেখিতে পান, বিপ্লবের প্রলয় তাণ্ডবে এই বর্তমান অতীতের মধ্যে বুদ্বুদের মত মিলাইয়া যাইতেছে, সেই বর্তমানের সঙ্গে সঙ্গে তাঁহাদের জীবনের সব কিছুও যেন হারাইয়া যায়।

রামকিঙ্করবাবুরা এই দলের লোক। একাধারে তাঁহারা ধনী এবং জমিদার, তাহার উপর জেলার উচ্চপদস্থ সরকারী কর্মচারী-মহলে সুপরিচিত এবং সমাদৃত ব্যক্তি। ভাবীকালে প্রচুর মান-সম্মানের প্রত্যাশা তাঁহাদের অলীক নয়, ইহা সর্ববাদিসম্মত; সুতরাং তাঁহাদের মতবাদ এমন হওয়াই স্বাভাবিক। পথে শোভাযাত্রার কলরবে ধ্বনিতে রামকিঙ্করবাবুর ললাটে কুঞ্চনরেখা দেখা দেয়। সেই বিরক্তির সংস্পর্শ ক্রমে ক্রমে সমগ্র বাড়িতে ছড়াইয়া পড়িয়াছে, বাড়ির মেয়েরা পর্যন্ত বিরক্তিভরে বলে, মরণ হতভাগাদের, যত সব 'মায়ে খেদানো বাপে তাড়ানো'র দল। কাজ নেই, কম্ম নেই, চেঁচিয়ে চেঁচিয়ে গেলেন।

একজন হাসিয়া বলে, না চেঁচালে ধরবে না যে পুলিসে। বাইরে খেতে পায় না, জেলে গেলে তবু কিছুদিন খেয়ে-দেয়ে বাঁচবে।

অন্য একজন বলে, দেবে যেদিন গুলি করে মেরে, সেইদিন হবে।

এ সমস্তই তাহাদের শোনা কথা, শেখা বুলি।

কিন্তু তবু পথে ধ্বনি উঠিলেই বারান্দায় তাহাদের ছুটিয়া যাওয়া চাই। বাড়ির সম্মুখেই বড় একটা পার্ক, সেখানে সভা হইলেই ছাদে উঠিয়া আরম্ভ হইতে শেষ পর্যন্ত না দেখিয়া তাহারা নীচে কিছুতেই নামে না। বক্তৃতার কতক তাহারা শুনিতে পায়, কতক পায় না, কিন্তু বাতাসের স্তরে স্তরে বক্তার এবং আবেগস্পন্দিত জনতার ক্ষুব্ধ জীবনের সংস্পর্শ তাহারা অনুভব করে। সভয়ে নির্বাক হইয়া তাহারা তখন মাটির পুতুলের মত দাঁড়াইয়া থাকে, ছোট ছোট ছেলেরা ছাদের আলিসার ফাঁকে মুখ রাখিয়া উঁকি মারিয়া দেখে, জনতার সঙ্গে সঙ্গে তাহারাও চিৎকার করে, বন্দে মাতরম্।

গৌরীর আড়াই বছরের শিশুটি অপটু জিহ্বায় বলে, বণ্ডে মাটরম্। মাঝে মাঝে শব্দটা সে ভুলিয়া যায়, তখন সে ছুটিয়া মায়ের কাছে আসিয়া বলে, বণ্ডে—, বল।

গৌরী বলে, ও বলতে নেই, ছি!

ছেলে কাঁদে, বলে, না, বল।

অগত্যা গৌরী বলে, বন্দে মাতরম্।

খুশি হইয়া শিশু আপন মনেই মুখস্থ করে, বণ্ডে মাটরম্, বণ্ডে মাটরম্।

সেদিন কমলেশ হঠাৎ শিশুর চিৎকার শুনিয়া ঠোঁট বাঁকাইয়া হাসিয়া বলিল, বাঃ! এই যে, 'বাপকা বেটা সিপাইকা ঘোড়া', বেশ বুলি বলছে!

গৌরী ক্ষুব্ধ হইয়া উঠিল, কমলেশের কথাটা তাহাকে অত্যন্ত তীক্ষ্ণভাবে আঘাত করিল, সে বলিল, ছোট ছেলেতে যা শোনে, তাই শেখে, তাই বলে। তাতে আবার দোষ আছে নাকি? এই তো বাড়ির সকল ছেলেতে বলছে, দোষ হল আমার ছেলের?

কমলেশ হাসিতে হাসিতেই বলিল, অন্য ছেলের বলা আর তোর ছেলের বলায় তফাত আছে গৌরী। কেমন বাপের বেটা! ওর বাপ হল স্বদেশপ্রাণ, মহাপ্রাণ, মহাপুরুষ ব্যক্তি। তোর ছেলেও দেখবি, ঠিক তাই হবে। এও একটা গ্রেটম্যান-ট্রেটম্যান কিছু হবে আর কি। দেখিস নি, ছেলের গোঁ কেমন?

গৌরীর আঁচল ধরিয়া নাচিতে নাচিতে ছেলেটা তখনও চিৎকার করিতেছিল, বণ্ডে মাটরম্। গৌরী সজোরে তাহার পিঠে একটা চড় কশাইয়া দিয়া বলিল, কাপড় ধরে টানছিস, কাপড় ছিঁড়ে যাবে যে! হতভাগা ছেলে মলে যে খালাস পাই।

কমলেশ অপ্রস্তুত হইয়া একরকম পলাইয়া গেল। ছেলের কান্নার শব্দ পাইয়া ও-ঘর হইতে গৌরীর দিদিমা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া গৌরীকে তিরস্কার করিয়া উঠিলেন, এই হারামজাদী নাস্তি, ছেলেকে মারছিস কেন, শুনি? কেন তুই ছেলেটাকে এমন যখন-তখন মারিস?
হারামজাদী পাজি মেয়ে কোথাকার! মা-গিরি ফলানো হচ্ছে, না কি?

প্রথম প্রথম গৌরী শঙ্কিত হইয়া ক্ষান্ত হইত। তাহাকে তিরস্কারের অন্তরালে তাহার সন্তানের প্রতি দিদিমার স্নেহ অনুভব করিয়া সান্ত্বনা পাইত, শান্ত হইত। কিন্তু আজকাল

আর সে শঙ্কিতও হয় না, সান্ত্বনাও পায় না, বরং সে আরও উগ্র হইয়া সমানে ঝগড়া শুরু করিয়া দেয়। আজও সে উগ্রভাবে বলিয়া উঠিল, বেশ করব মারব, আমাকে জ্বালাচ্ছে, আমি মারছি, শাসন করছি। আদর দিয়ে ছেলের মাথা খাওয়ার মত অবস্থা তো আমার নয়। ছেলেকে আমাকে মানুষ করতে হবে।

ঝগড়া এমন ক্ষেত্রে প্রায়ই প্রচণ্ড হইয়া উঠে, শেষ পর্যন্ত গৌরীর দুরন্ত অভিমান ভাঙাইতে আসিতে হয় রামকিঙ্করবাবুকে। তাঁহার কথায় গৌরী আজও সান্ত্বনা পায়, শান্ত হয়। রামকিঙ্কর-বাবু ঘটা করিয়া সেদিন মেয়েদের থিয়েটারে পাঠাইয়া দেন, কিংবা আপিসের ফেরত কতকগুলা ভাল কাপড় চোপড়, কোনদিন বা একখানা গহনা আনিয়া গৌরীকে দেন। সেদিন সমস্ত রাত্রি গৌরীর বিনিদ্র শয়নে কাটিয়া যায়, নানাভাবে ঘুরিয়া ফিরিয়া একটি কল্পনাই তাহার মনোলোকে ভাসিয়া উঠে, সে কল্পনা করে—আপনার মৃত্যুশয্যার, সে যেন মৃত্যুশয্যায় শায়িতা, আর তাহার শয্যায় বসিয়া আছে সে। তাহার বুক ভাসাইয়া চোখের জল ঝরিয়া পড়িতেছে, বলিতেছে, আমাকে ক্ষমা কর। কখনও সে ভাবে সে তাহাকে হাসিমুখে ক্ষমা করিল; কখনও ভাবে, সে বিরক্তিভরে পাশ ফিরিয়া শুইল, তাহার আগমন সংবাদ শুনিবামাত্র সে বলিল, না না না, তাহাকে আমি দেখিব না, দেখিতে চাই না। কল্পনার সঙ্গে সঙ্গে দারুণ উত্তেজনায় সে বিছানার মধ্যে রোগ-গ্রস্তার মত চঞ্চল অস্থির হইয়া উঠে, তাহার নড়া-চড়ায় ছেলেটি জাগিয়া কাঁদিতে আরম্ভ করে। গৌরী দুর্দান্ত ক্রোধে আবার ছেলেকে পিটিয়া চিৎকার করিয়া হাট বাধাইয়া বসে, কোন দিন বা ব্যাকুল স্নেহে ছেলেকে বুকে চাপিয়া ধরিয়া অঝোরে কাঁদিতে আরম্ভ করে।

আজিকার কলহও ঠিক সেই খাতের মধ্য দিয়া প্রবাহিত হইয়া সেই অবশ্যম্ভাবী পরিণতির দিকেই চলিয়াছিল, কিন্তু আকস্মিক একটা বিপরীতমুখী জলোচ্ছ্বাস আসিয়া সে স্রোতোবেগের গতি রুদ্ধ করিয়া দিল। গৌরীর দিদিমা গৌরীর কথার একটা উত্তর দিতে উদ্যত হইয়াছিলেন, সে মুহূর্তটিতেই গৌরীর এগারো-বারো বৎসরের মামাতো ভাই ছুটিয়া আসিয়া বলিল, ঠাকুমা, গৌরী-দিদির বরকে পুলিসে ধরে নিয়ে গেছে।

তড়িতাহতের মত মুহূর্তে গৌরী যেন পঙ্গু মূক হইয়া গেল। কয়েক মিনিটের জন্য গৌরীর দিদিমার মুখেও কথা ফুটিল না। কয়েক মিনিট পরে তিনি সরবে কাঁদিয়া উঠিলেন, এ কি হল আমার, মাগো! এ আমি কি করেছি গো!

ছেলেটি বলিল, তার আর কাঁদলে কি হবে? যেমন কর্ম তেমনই ফল, গভর্ণমেণ্টের সঙ্গে চালাকি!

রাখাল সিং-ই সংবাদটা লইয়া ছুটিয়া আসিয়াছিলেন। শিবনাথের উপর অভিমান করিয়া তিনি সেই দিনই বাড়ি চলিয়া গিয়াছিলেন, কিন্তু একটা দিনও বাড়িতে স্থির হইয়া থাকিতে পারেন নাই। তৃতীয় দিনের দিন স্থির করিলেন, বউমাকে লইয়া আসিবেন। সেই দিনই রওনা হইয়া কলিকাতায় আসিয়া রামকিঙ্করবাবুর নিকট—যাহাকে বলে 'গড়াইয়া পড়া'—সেই গড়াইয়া পড়িলেন। রামকিঙ্করবাবুর পা দুইটি জড়াইয়া ধরিয়া বলিলেন, রক্ষে করুন বাবু,

বউমাকে পাঠিয়ে দেন, নইলে সর্বনাশ হল।

রামকিঙ্করবাবু চমকিয়া উঠিলেন, তিনি ভাবিলেন, শিবনাথের বোধ হয় অসুখ-বিসুখ কিছু করিয়াছে, তিনি সভয়ে প্রশ্ন করিলেন, কি হয়েছে রাখাল সিং? শিবনাথ—

সর্বনাশ হয়েছে বাবু, শিবনাথবাবুকে পুলিসে ধরেছে।

পুলিসে?

হ্যাঁ বাবু। ধরেছিল, একবার ছেড়ে দিয়েছে, কিন্তু আর ছাড়বে না। আর বাবুও কিছুতে কারও মানা শুনবেন না। সে যেন একেবারে ধনুকভাঙা পণ।

রামকিঙ্কর বুঝিয়াও বুঝিতে চাহিতেছিলেন না। বিশ্বাস করিতে মন পীড়িত হইতেছিল। তাই তিনি প্রশ্ন করিলেন, ফৌজদারি কার সঙ্গে?

আজ্ঞে না, ফৌজদারি নয়, স্বদেশী হাঙ্গামা।

হুঁ। দীর্ঘ সুরে 'হুঁ' বলিবার সঙ্গে সঙ্গেই তিনি একটা দীর্ঘনিশ্বাস ফেলিলেন।

বউমাকে পাঠিয়ে দেন বাবু, তিনি গিয়ে পড়লে হয়তো ক্ষান্ত হবেন। তিনি বললে, তিনি কাঁদলে, বাবু কখনও স্থির থাকতে পারবেন না।

আপনার কৃতকর্মের জন্য অনুশোচনায়, এই তরলমস্তিষ্ক অবাধ্য জামাতাটির প্রতি ক্রোধে রামকিঙ্করবাবুর সমস্ত অন্তর তিক্ততায় ভরিয়া উঠিল। ইচ্ছা হইল, একবার তাহার সহিত মুখামুখি দাঁড়াইতে, অগ্নিবর্ষী আরক্ত দৃষ্টি হানিয়া তাহাকে মাটির সঙ্গে মিশাইয়া দিতে। অকস্মাৎ তাহার মনে পড়িয়া গেল আর একদিনের কথা। হ্যারিসন রোডের ফুটপাথের উপর তিনি এমনই দৃষ্টিই হানিয়াছিলেন শিবনাথের উপর, কিন্তু তরুণ কিশোর ছেলেটি অনায়াসে সে দৃষ্টিকে তুচ্ছ বস্তুর মত উপেক্ষা করিয়া তাঁহাকে অতিক্রম করিয়া চলিয়া গিয়াছিল। ক্রোধ তাঁহার বাড়িয়া উঠিল, রাখাল সিংকেও তিনি যেন আর সহ্য করিতে পারিতেছিলেন না। ঠিক এই সময়টিতেই উপরে তাঁহার মা—গৌরীর দিদিমা কাঁদিয়া উঠিলেন। কান্না শুনিয়া তিনি দ্রুতপদে উপরে উঠিয়া গেলেন, তাঁহাকে দেখিবামাত্র গৌরীর দিদিমা কাঁদিতে কাঁদিতে বলিয়া উঠিলেন, নাস্তিকে আমার জলে ভাসিয়া দিলি বাবা! তার কপালে কি শেষে এই ছিল বাবা!

রামকিঙ্করবাবু একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিলেন, কই, নাস্তি কই?

রামকিঙ্করবাবুর ভাইপো, সেই সংবাদদাতা ছেলেটি বলিল, ছাদে উঠে গেল এখুনি।

গৌরীর জীবনে এমন একটা অবস্থা কখনও আসে নাই। এক দিক দিয়া তাহার প্রচণ্ড অভিমান আহত হইল এই ভাবিয়া যে, শিবনাথ তাহাকে উপেক্ষা করিয়া, তাহার সহিত সম্বন্ধ একেবারে শেষ করিয়া দিবার জন্যই, এমন করিয়া অন্ধকূপের মধ্যে পচিয়া বোধ করি, নিজেকে নিঃশেষ শেষ করিতে চলিয়া গেল। আর এক দিক দিয়া হইল তাহার প্রচণ্ড লজ্জা। এই পরিবারের সংস্কৃতি ও রুচির সংস্পর্শে গঠিত মনের বিচারবুদ্ধিতে জেলে যাওয়ার মত লজ্জা যে আর হয় না! একেই তো জীবনে তাহার লজ্জার অবধি নাই। যখন তাহার ভাই এবং ভগ্নীপতির দল হাজার হাজার লক্ষ লক্ষ টাকা উপার্জনের পথে সগৌরবে সদম্ভে অগ্রসর হইয়া চলিয়াছে, তখন তাহার স্বামী কোন্ অখ্যাত নিবিড় পল্লীর মধ্যে চাষীর মত চাষ করিতেছে!

এই সুসজ্জিতা মহানগরীর রাজপথে মহার্ঘ পরিচ্ছদ পরিয়া যে মানুষের দল শোভাযাত্রা করিয়া চলিয়াছে, তাহাদের তুলনায় হতশ্রী পল্লীর মধ্যে রৌদ্রদগ্ধমুখ তাহার স্বামীকে কল্পনা করিয়া লজ্জায় তাহার মাথা হেঁট হইয়া পড়ে। সে লজ্জার উপরে এই লজ্জার বোঝা সে সহিবে কেমন করিয়া ?

সম্মুখেই রাজপথের উপর জনস্রোত চলিয়াছে। সহসা তাহার কাছে সেসব যেন অর্থহীন বলিয়া মনে হইল, পার্কের গাছপালা, চারিপাশের বাড়িঘর সব যেন আজ নিরর্থক হইয়া গেল। এমন কি, আকাশ হইতে মাটি পর্যন্ত দৃশ্যমান প্রকৃতিরও কোন আবেদন তাহার মনের দুয়ারে আসিতেছে না। কিছুক্ষণ পর সহসা একটা গানের সুর তাহার কানে আসিয়া পৌঁছিল, কোন দূর-দূরান্তরের ডাকের মত। ধীরে ধীরে দৃষ্টি শব্দধ্বনি অনুসরণ করিয়া ফিরিল, গৌরী দেখিল, একদল স্বেচ্ছাসেবক শোভাযাত্রা করিয়া আসিতেছে, তাহারাই গান গাহিতেছে। ধীর পদক্ষেপে সারি সারি তাহারা অগ্রসর হইয়া আসিতেছে। এদিকে রাস্তার মোড়ের উপর একদল পুলিস আসিয়া দাঁড়াইয়াছে।

আবার অদ্ভুত একটা অনুভূতি গৌরী এই মুহূর্তে অনুভব করিল। কেমন করিয়া জানি না, তাহার দৃষ্টি এতদিন যাহা দেখিয়াছে, সহসা তাহার বিপরীত দেখিল। আজ আর সে এই স্বেচ্ছাসেবকগুলির মুখে উচ্ছৃঙ্খলতার ছাপ দেখিতে পাইল না, দস্যুর মত কঠোর নিষ্ঠুরতা দেখিতে পাইল না, সে যেন স্পষ্ট দেখিল, বীর্যে সাহসে মহিমায় কিশোর দেবতাদলের মতই ইহারা মহিমান্বিত। কোটি কোটি নরনারীর বিস্ময়বিমুগ্ধ শ্রদ্ধান্বিত দৃষ্টি তাহাদের আরতি করিয়া ফিরিতেছে।

তাহার মামাতো ভাইটি আসিয়া তাহার এই অভিনব বিচিত্র অনুভূতির ধ্যান ভাঙিয়া দিল, বলিল, জ্যাঠামশাই ডাকছে তোমাকে গৌরীদি।

গৌরী সচেতন হইয়া অনুভব করিল, তাহার অন্তর যেন কত লঘু হইয়া গিয়াছে, এক বিন্দু লজ্জার প্রভাবও আর নাই। সে মাথা উঁচু করিয়াই হাসিমুখে নীচে নামিয়া আসিল। রামকিঙ্কর-বাবু চিন্তাকুল মুখেই মায়ের সঙ্গে পরামর্শ করিতেছিলেন, গৌরী আসিয়া কাছে দাঁড়াইয়া অকুণ্ঠিত অথচ কন্যাসুলভ লজ্জার সহিতই বলিল, বড়মামা, আমি বন্দর শ্যামপুর যাব।

তাহার মুখের দিকে চাহিয়া সবিস্ময়ে রামকিঙ্করবাবু বলিলেন, শ্যামপুর !

হ্যাঁ।

রামকিঙ্করবাবু বলিলেন, তাই যাও। কমলেশ সঙ্গে যাক তোমার, তুমি শিবনাথকে রাজী করিও, কমলেশ ম্যাজিস্ট্রেট সাহেবকে ধরে সব ঠিক করে দেবে। কিছু ভেবো না তুমি।

ট্রেনে উঠিয়া গৌরী যেন বাঁচিয়া গেল। ইণ্টার-ক্লাস ফিমেল কম্পার্টমেণ্টে সে খোকাকে লইয়া একা। কমলেশ আপত্তি করিল, কিন্তু গৌরী বলিল, না, এতেই আমি ভাল যাব। বেটা-ছেলেদের সঙ্গে সমস্ত রাস্তা ঘোমটা দিয়ে প্রাণ আমার হাঁপিয়ে উঠবে।

নির্জন কামরাটার ভিতর সে যেন পরম সান্ত্বনা অনুভব করিল। এমনই একটি নির্জনতার মধ্যে আপনাকে অধিষ্ঠিত করার যেন তাহার প্রয়োজন ছিল। অকস্মাৎ সমস্ত সংসারের রঙ বদলাইয়া গিয়াছে। দৃশ্যমান প্রকৃতির খণ্ডাংশ হইতে আপনার অদৃশ্য মর্মলোক পর্যন্ত সমস্ত কিছু আজ যেন নূতন কথা কহিতেছে। হু-হু করিয়া ট্রেন ছুটিয়া চলিয়াছে, জানালার বাহিরে দিগন্ত-প্রসারী সবুজ শস্যসমৃদ্ধ মাঠ পিছনের দিকে ছুটিয়াছে। এই মাঠ তাহার বরাবরই ভাল লাগে, কিন্তু আজিকার ভাল লাগার আস্বাদনের অর্থ সম্পূর্ণ বিভিন্ন। সবুজ শস্যের গাছগুলির মধ্যে সে আজ জীবনকে যেন স্পষ্ট অনুভব করিল। উহাদেরও জীবন আছে, হেলিয়া দুলিয়া উহারাও যেন কথা কয়। আবার এই শস্যসম্ভারের অন্তরালে আছে মাটি। মাটিও আজ তাহার কাছে নূতন রূপে ধরা দিল। সে মাটি ধূলা নয়, কাদা নয়, যাহাকে মানুষ ঝাড়িয়া ফেলে, ধুইয়া দেয়। যে মাটির বুকে ফসল ফলিয়া উঠে, যে মাটির বুকে প্রাণফাটা দুঃখে পড়িয়া পড়িয়া কাঁদিতে ভাল লাগে, এ মাটি সেই মাটি। যে মাটির বুকে মানুষ ঘর গড়িয়া তুলিয়াছে, এ মাটি সেই মাটি। সঙ্গে সঙ্গে তাহার মনে পড়িয়া গেল আপনার ঘর। কমলেশের ঘর নয়, শিবনাথের ঘর। সে ঘরের প্রতি প্রগাঢ় মমতা সে আজ অনুভব করিল। কেমন করিয়া এমন হইল, সে ভাবিবার তাহার অবসর ছিল না, ব্যগ্রতা ছিল না, এই হওয়াটাই সে যেন কতদিন হইতে চাহিয়াছে, এই সংঘটন না ঘটাতেই, এই পাওয়া না পাওয়াতেই সে অস্থিরতায় অশান্তিতে জ্বলিয়াছে। ঘর ছাড়িয়া বাহিরে ঘুরিয়া মরিয়াছে, আপন ছাড়িয়া পরের আশ্রয়ে আপনাকে অপমানিত করিয়াছে। গাড়ির গতির চেয়েও বহুগুণ দ্রুততর গতিতে মন তাহার ছুটিয়া চলিয়াছিল, শিবনাথকে সে সর্বাগ্রে প্রণাম করিবে। ক্ষমা চাহিবার প্রয়োজনও তাহার মনে হইল না। প্রণামের পরই সে তাহার কণ্ঠলীনা হইয়া বুকে মুখ লুকাইবে। খোকাকে তাহার কোলে তুলিয়া দিবে। ঘুমন্ত খোকাকে তুলিয়া লইয়া সে বুকে জড়াইয়া ধরিল। খোকা জাগিয়া উঠিল।

গভীর ধ্যানমগ্নার মতই সে গাড়ি হইতে নামিয়া গাড়ি বদল করিল।

প্রায় সন্ধ্যার মুখে গাড়ি আসিয়া দাঁড়াইল বন্দর শ্যামপুরে। কমলেশ তাড়াতাড়ি গৌরীকে নামাইয়া জিনিসপত্র প্ল্যাটফর্মের উপর নামাইয়া ফেলিল। জিনিসপত্র নামানো শেষ করিয়া সে চারিদিকে চাহিয়া বিস্মিত না হইয়া পারিল না, একদল কিশোর ইহারই মধ্যে গৌরীকে ঘিরিয়া ফেলিয়াছে, তাহারা প্রত্যেকে গৌরীর পায়ের ধূলা লইয়া প্রণাম করিতেছে। স্টেশনের বাহির হইতেও কয়েকজন ছুটিয়া আসিতেছে। একজনকে কমলেশ চিনিল, সে শ্যামু। সে ভিড় ঠেলিয়া গৌরীর দিকে অগ্রসর হইল।

কমলেশ বিরক্ত হইয়া বলিয়া উঠিল, এ কি, ব্যাপার কি ?

শ্যামু অহঙ্কৃত কণ্ঠেই উত্তর দিল, কাল শিবনাথদা গ্রেপ্তার হয়েছেন। আমরা এবার পাঁচজন তৈরী হয়েছি গ্রেপ্তার হবার জন্যে।

কমলেশ শঙ্কিত হইয়া ব্যস্তভাবে গৌরীর হাত ধরিয়া বলিল, গৌরী, আয় আয়, বাইরে আয়। ভিড় ছাড় তোমরা, ভিড় ছাড়।

মৃদুস্বরে গৌরী উত্তর দিল, হাত ছাড়, আমি যাচ্ছি।

কমলেশ বলিল, সিং মশায়, জিনিসপত্র আমাদের বাড়িতেই পাঠিয়ে দিন তা হলে!

গৌরী বলিল, না। এ বাড়িতেই যাব আমি।

চৌত্রিশ

একটি শোকাতুর মৌনতার মধ্যে আপন ঘরে গৌরীর আবাহন হইল। নিত্য ও রতন গৌরীকে দেখিয়া কাঁদিল, কিন্তু নীরবে কাঁদিল। পাছে গৌরী দুঃখ পায়, লজ্জা পায়, তাই তাহারা চোখের জল আসিতে আসিতে আঁচল দিয়া মুছিয়া ফেলিতে চাহিল। কেষ্ট সিং তাড়াতাড়ি খোকাকে বুকে তুলিয়া লইয়া চোখের জল ফেলিতে ফেলিতে বাহিরে চলিয়া গেল। রাখাল সিং গম্ভীরভাবে বলিলেন, এই দেখ নিত্য, আপনাকেও বলছি রতন-ঠাকরুন, ওসব চোখের জল-টল ফেলো না বাপু। অকল্যেণ কোরো না কেউ। কালই বাবুকে নিয়ে আসছি ফিরিয়ে।—বলিয়া ব্যস্তভাবে বাহিরে চলিয়া গেলেন। কমলেশের সহিত পরামর্শ করিয়া একটা উপায় স্থির করিতে হইবে। মরিবার মত অবসরও তাঁহার নাই।

নিত্য বলিল, বউদিদি, আপনি ওপরে গিয়ে বসুন। এখুনি পাড়ার যত মেয়েতে দল বেঁধে মজা দেখতে আসবে।

রতন বলিল, হ্যাঁ, সেই কথাই ভাল। কারও ঘরে কিছু একটা ভাল-মন্দ হলে হয়, সব আসবে, যেন ঠাকুর উঠেছে ঘরে। তুমি ওপরে যাও, আমরা বলব বরং, বউয়ের মাথা ধরেছে, সে শুয়েছে।

গৌরী কথাটা মানিয়া লইল। উপরে গিয়াই সে বসিল। নিত্য বলিল, আপনার ঘরই খুলে দিই বউদিদি। ঝাড়া-মোছাই সব আছে, একবার বরং ঝাঁট দিয়ে দিই, বিছানাটার চাদরও পালটে দিই। শুতেও তো হবে আপনাকে!

এতক্ষণে গৌরী কথা বলিল। কহিল, না নিত্য, এই দরদালানেই বিছানা কর। তুমি, রতন-ঠাকুরঝি, আমি—সব একসঙ্গেই শোব।

নিত্যর চোখে জল আসিল, তাড়াতাড়ি চোখ মুছিয়া বলিল, সেই আপনি যেদিন গেলেন বউদিদি, সেই দিন শুধু দাদাবাবু এ ঘরে শুয়েছিলেন, তারপর আজ এই আড়াই বছর তিন বছর এ ঘরে কেউ শোয় নাই। তার পরের দিনই তো দাদাবাবু চলে গেলেন বেলগাঁয়ে।

গৌরী এ কথার কোন উত্তর দিল না, নীরবে সে খোলা জানালা দিয়া আকাশের দিকে চাহিয়া রহিল। এখানে যাত্রা করিবার অব্যবহিত পূর্বে আকস্মিক যে আলোক আসিয়া তাহার জীবনকে গ্লানিহীন শুভ্রতায় উজ্জ্বল করিয়া তুলিয়াছিল, তাহার উপর একখানি মেঘের বিষণ্ণ ছায়া যেন আসিয়া পড়িতেছে। শিবনাথের উপর অভিমান তাহাকে বিচলিত করিয়া তুলিল। কিন্তু তবুও এ অভিমান পূর্বেকার অভিমান হইতে স্বতন্ত্র। ইহার মধ্যে ক্রোধ নাই,

আক্রোশ নাই, বরং একটা আত্ম-অপরাধবোধ আছে। কিন্তু শত অপরাধ সে করিলেও যাইবার পূর্বে একবার দেখা করাও কি তাহার উচিত ছিল না, অন্তত একখানি পত্র লিখিলেও কি ক্ষতি ছিল!

নিত্য গৌরীর মনের কথা অনুমান করিয়া অনুশোচনা না করিয়া পারিল না, কথাটা বলা তাহার উচিত হয় নাই। কথাটা চাপা দিবার জন্য সে অকস্মাৎ ব্যস্ত হইয়া বলিল, আ আমার মনের মাথা খাই, আপনার জন্যে চা করে নিয়ে আসি। ভুলেই গিয়েছি সে কথা।

গৌরী বলিল, এ আড়াই বছরের মধ্যে তিনি কি একেবারেই আসেন নি নিত্য?

একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া নিত্য বলিল, এক দিনের জন্যে না বউদিদি। ঘর-সংসার, বিষয়-সম্পত্তি একদিন চেয়েও দেখেন নাই। যা করেছেন সিং মশায়। বলব কি বউদিদি, একটা পয়সাও নাকি তিনি এস্টেট থেকে নেন নাই।

সেখানে রান্নাবান্না কে করত?

এই একজন ঠাকুর ছিল,—সেই বামুন, সেই চাকর, সেই সব। কাপড় কাচতেন নিজে, ঘর ঝাঁট দিতেন নিজে, জুতো তো পরতেনই না, তা কালি বুরুশ! তার উপর—বলিতে বলিতে আবার তাহার মনে হইল, এ কি করিতেছে সে! নিজেকে গঞ্জনা দিয়াই সে নীরব হইল। তারপর আবার বলিল, সে সব রাত্রে শুয়ে শুয়ে বলব বউদিদি, এখন আপনার জন্যে চা আনি।

সমস্ত রাত্রিটাই প্রায় জাগিয়া কাটিয়া গেল। নিত্য ও রতন এই দীর্ঘ আড়াই বৎসরের কথা বলিয়া গেল, গৌরী শুনিল। নিত্য যে কথা বলিতে ভুলিল, সেটি রতন বলিয়া দিল; আবার রতন বলিতে যে কথা বিস্মৃত হইল, সে কথা স্মরণ করাইয়া দিল নিত্য। বলিতে বলিতে রতন আপনাকে সম্বরণ করিতে পারিল না, আবেগভরে সে বলিয়া উঠিল, রাগ করো না ভাই বউ, তোমাতে আর মাসীমাতেই শিবনাথকে এত দুঃখ দিলে। তোমরা রাগ করে যদি দুজনে দুদিকে চলে না যেতে, তবে শিবু এমন হত না।

নিত্যও আর থাকিতে পারিল না, সেও এবার বলিল, পিসীমা গিয়েছিলেন অনেকদিন, তুমি যদি থাকতে বউদিদি, তবে দাদাবাবুর সাধ্যি কি যে, এমন সন্ন্যেসী হয়ে বেড়ায়, যা খুশি তাই করে!

গৌরী রাগ করিল না, ক্ষুণ্ণ হইল না, ম্লান হাসি হাসিয়া বলিল, দোষ আমার স্বীকার করছি রতন-ঠাকুরঝি। কিন্তু কই, বেশ ভেবে বল দেখি, আমি থাকলেই কি তোমাদের ভাই এসব করত না?

রতন কথাটা একেবারে অস্বীকার করিতে পারিল না, কিন্তু তবু বলিল, করত, কিন্তু এতটা করতে পারত না।

গৌরী হাসিয়া বলিল, যারা করে ঠাকুরঝি, তারা মাপ করে বিচার করে করে না। কলকাতায় যদি দেখতে, তবে বুঝতে; অহরহ এই কাণ্ড চলছে। সি. আর. দাশ—চিত্তরঞ্জন দাশ, বছরে লক্ষ লক্ষ টাকা রোজগার করতেন, তিনি সব ছেড়ে-ছুড়ে জেলে গেলেন। তাঁর

স্ত্রী বাসন্তী দেবী—তিনিও গেলেন জেলে; তাঁর ছেলে—তিনিও গেলেন জেলে। গান্ধী—তিনি জেলে গিয়েছেন। কিছুক্ষণ নীরবে থাকিয়া গৌরী আবার বলিল, জান ঠাকুরঝি, দেশে আবার এমন লোকও আছে, যারা এই সব লোকের নিন্দে করে। বলে, দেশের সর্বনাশ করছে! ভলেণ্টিয়ারদের বলে, খেতে পায় না, তাই জেলে যাচ্ছে পেট ভরে খেতে। তোমার ভাই কি খাবারের অভাবে জেলে গেল ভাই?

রতন সবিস্ময়ে বলিল, তাই বলে লোকে?

নিত্য অহঙ্কার করিয়া বলিল, এখানে কিন্তু তা কেউ বলে না বউদিদি। দাদাবাবুর নাম আজ ঘরে ঘরে, লোকের মুখে মুখে।

অকস্মাৎ যেন নদীর বাঁধ ভাঙিয়া গেল, গৌরীর দুই চোখ বাহিয়া জল ঝরিতে আরম্ভ করিল, সে আর আপনাকে সম্বরণ করিতে পারিল না। খোকাকে কাছে টানিয়া লইয়া নীরবে সে কাঁদিতে লাগিল।

অন্ধকারের মধ্যে নিত্য ও রতন আপন মনেই বকিয়া চলিয়াছিল, এক সময় তাহাদের খেয়াল হইল, গৌরীর সাড়াশব্দ আর পাওয়া যায় না। রতন মৃদুস্বরে ডাকিল, বউ!

কোন উত্তর আসিল না।

নিত্য বলিল, ঘুম এসেছে, চুপ কর রতনদিদি।

তাহারাও পাশ ফিরিয়া শুইল।

ভোরের দিকে গৌরী ঘুমাইয়াছিল। সকাল হইয়া গেলেও সে ঘুম তাহার ভাঙে নাই। কলিকাতাতেও তাহার সকালে উঠা অভ্যাস ছিল না, তাহার উপর প্রায় সারারাত্রি জাগরণের পর ঘুম। নিত্য তাহাকে ডাকিয়া বলিল, আপনার দাদা ডাকছেন বউদিদি।

গৌরী নীচে আসিয়া দেখিল, একা কমলেশ নয়, কমলেশের সঙ্গে এ বাড়ির সকল হিতৈষী আপনার জনই আসিয়াছেন, রাখাল সিং, কেষ্ট সিং, এ বাড়ির ভাগিনেয়-গোষ্ঠীর কয়েকজন, এমন কি রামরতনবাবু মাস্টারও আসিয়াছেন। গৌরী মাথায় ঘোমটা খানিকটা বাড়াইয়া দিয়া একপাশে দাঁড়াইল।

কমলেশ বলিল, দশটার সময় আমাদের বেরুতে হবে গৌরী, তাড়াতাড়ি স্নান করে খেয়ে নাও।

গৌরী ঘাড় নাড়িয়া সম্মতি জানাইল। কমলেশ বলিল, খালাস শিবনাথ এখুনি হয়ে যাবে। কিন্তু খালাস নেওয়াটা হল তার হাত। তোমাকে যেমন করে হোক সেইটি করতে হবে, তাকে রাজী করাতে হবে।

রামরতনবাবু বলিলেন, ইম্‌পসিব্‌ল, শিবনাথ কাণ্ট ডু ইট, তার মন অন্য ধাতুতে গড়া।

রাখাল সিং অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন, বলিলেন, দেখুন মাস্টার মশায়, আপনি হলেন এই সবের মূল। কিন্তু আর আপনি বাধা-বিঘ্ন দেবেন না বলছি, আপনার সঙ্গে আমার ভাল হবে না।

এ বাড়ির ভাগিনেয় গোষ্ঠীর একজন, সম্পর্কে তিনি শিবনাথের দাদা, বলিলেন, না না, সে করতে গেলে চলবে কেন শিবনাথের? এ আপনি অন্যায় বলছেন মাস্টার মশায়। এই বালিকা বউ, শিশু ছেলে, বিষয় সম্পত্তি—এ ভাসিয়ে দিয়ে 'যাব' বললেই যাওয়া হয়? আপনিও বরং যান, আপনার কথা যখন সে শোনে, আপনিও তাকে বুঝিয়ে বলুন।

মাস্টার দৃঢ়ভাবে অস্বীকার করিয়া ঘাড় নাড়িয়া বলিলেন, সে আমি পারি না, পারব না। তাতে শিবনাথ খালাস পাবে বটে, কিন্তু সে কত ছোট হয়ে যাবে, জানেন?

কমলেশ এবার তিক্তস্বরে বলিল, বেশ মশায়, আপনাকে যেতেও হবে না, বলতেও হবে না। আপনি দয়া করে আর বাধা দেবেন না, পাক মারবেন না। হুঁঃ, জেল খাটলেই বড় হয়, আর না খাটলেই মানসম্মান ধুলোয় লুটোয়! অদ্ভুত যুক্তি! লুডিক্রাস! আপনি বাইরে যান দেখি।

গৌরীর মন—তাহার নূতন মন কমলেশের কথায় সায় দিল না। কিন্তু সে তাহার প্রতিবাদ করিতে পারিল না। এতগুলি লোকের সম্মুখে শিবনাথ-সম্পর্কিত কথায় অভিমত প্রকাশ করিতে বধূ-জীবনের লজ্জা তাহাকে আড়ষ্ট করিয়া দিল। কিন্তু তাহার মন বার বার বলিতেছিল, তাঁহাকে হেয় হইতে, ছোট হইতে বলিতে সে পারিবে না—পারিবে না। আর তাঁহাকে ছোট হইতে অনুরোধ করিতে গিয়া তাঁহার কাছে সে নিজেও হেয় হইতে পারিবে না।

রামরতনবাবু কমলেশের কথায় বলিলেন, অল রাইট, চললাম আমি!—বলিয়া বাড়ি হইতে বাহির হইবার জন্য অগ্রসর হইলেন। কিন্তু দরজার সম্মুখে গিয়াই থমকিয়া দাঁড়াইয়া বিস্ময়ে আনন্দে অভিভূতের মত উচ্ছ্বসিত স্বরে বলিয়া উঠিলেন, পিসীমা!

মুহূর্তে সমস্ত লোকগুলির দৃষ্টি দরজার দিকে নিবদ্ধ হইল, পর-মুহূর্তেই বাড়িতে প্রবেশ করিলেন শৈলজা-ঠাকুরানী। কিন্তু কত পরিবর্তন হইয়াছে তাঁহার! তপস্বিনীর মতই শীর্ণ দেহ, তপস্যার দীপ্তির মতই তাঁহার দেহবর্ণ ঈষৎ উজ্জ্বল, মুখে তাহারই উপযুক্ত কঠোর দৃঢ়তা, মাথার চুলগুলি ছোট করিয়া ছাঁটা,—তাঁহাকে দেখিয়া বিস্ময়ে সম্ভ্রমে সকলে যেন নির্বাক হইয়া গেল।

তিনিই প্রথম প্রশ্ন করিলেন, শিবুকে আমার ধরে নিয়ে গেছে?

এবার হাউমাউ করিয়া রাখাল সিং কাঁদিয়া উঠিলেন। কেষ্ট সিংও কাঁদিতে আরম্ভ করিল। মাস্টার আপন মনেই বলিলেন, ইডিয়টস!

শৈলজা দেবী বলিলেন, কেঁদো না বাবা রাখাল সিং, কাঁদছ কেন?

রাখাল সিং বলিলেন, আমাকে রেহাই দেন মা, এ ভার আমি বইতে পারছি না।

অদ্ভুত হাসি হাসিয়া শৈলজা দেবী বলিলেন, যে ভার যার বইবার, সে যে তাকেই বইতে হবে বাবা। রেহাই নোব বললেই কি মানুষ রেহাই পায়, না, রেহাই দেবার মানুষই মালিক! নাও, তোমার চাবি নাও। রামজীদাদাকে দিয়েছিল শিবু, তিনি দিয়ে গেলেন আমাকে।

ভাগিনেয়-বাড়ির একজন বলিলেন, হ্যাঁ হ্যাঁ, তিনি যে আজ চার দিন হল এখান থেকে চলে গেছেন। পুরোহিতকে সব বুঝিয়ে-সুঝিয়ে দিয়ে তীর্থে যাচ্ছি বলে গেছেন বটে।

নিত্য এবার আসন পাতিয়া দিয়া বলিল, বসুন পিসীমা।

বসিয়া পিসীমা বলিলেন, তিনিই আমাকে খবর দিয়ে বললেন, তুমি যাও ভাই দিদি, আমার কথা তো শিবু শুনলে না। শুনে আর থাকতে পারলাম না, ছুটে আসতে হল।

রামরতনবাবু বলিলেন, তাঁরই সঙ্গে এলেন বুঝি ?

না। তিনি আমায় চাবি দিয়ে কেদারমঠে চলে গেলেন। বললেন, মৃগশিশু পালন করে মমতায় কেঁদে মরছি, চোখ যাবার আগে আমি গুরুর কাছে চললাম। আর আমার অদৃষ্ট দেখ বাবা, ভগবানের কাছে গিয়েও আমি থাকতে পারলাম না। শিবুকে দেখবার জন্যে বুক যেন তোলপাড় করে উঠল, আমি ছুটে চলে এলাম—একলাই এলাম। শিবুকে আমার কবে ধরে নিয়ে গেল ?

রাখাল সিং বলিলেন, সোমবার সন্ধ্যেবেলায়। কিন্তু কোনও ভাবনা নাই, চলুন, আজই যাব সদরে, খালাস করে নিয়ে আসব।

সবিস্ময়ে শৈলজা-ঠাকুরানী বলিলেন, খালাস !

হ্যাঁ। কমলেশবাবু ম্যাজিস্ট্রেট সাহেবকে বলে রাজী করাবেন। আপনি চলুন, বউমা চলুন, আপনারা বাবুকে ধরে রাজী করান, একটা এগ্রিমেণ্ট লিখে দিলেই খালাস হয়ে যাবে।

বউমা এসেছেন ?

নিত্য বলিল, কাল এসেছেন। লোকজনের ভিড়ে তিনি যে আসতে পারছেন না।

শৈলজা দেবী নিত্যর কথার উত্তর না দিয়া রাখাল সিংকে বলিলেন, তোমরা বউমাকে নিয়ে যাও বাবা, এগ্রিমেণ্ট লিখে দিয়ে আমি তাকে খালাস হতে বলতে পারব না।

রামরতনবাবু উচ্ছ্বসিত হইয়া বলিয়া উঠিলেন, দ্যাট্‌স লাইক পিসীমা।

শৈলজা দেবী বলিয়াই গেলেন, আমার বাবা বলতেন, আমার দাদা বলতেন, 'না খাব উচ্ছিষ্ট ভাত, না দিব চরণে হাত'। আমি তো ঘাট মানতে বলতে পারব না বাবা। যদি সে অন্যায় করত, কথা ছিল। কিন্তু এ তো অন্যায় নয়। আজ চার বছর কাশীতে থেকে আমি দেখলাম, কাঁচা বয়েসের ছেলে—কচি কচি মুখ—হাসিমুখে জেলে গেল, দ্বীপান্তরে গেল, ফাঁসি গেল। আর আজ ছ মাস ধরে দলে দলে ছেলে যুবা বুড়ো জেলে চলেছে দেশের জন্যে। আগে শিবু 'দেশ দেশ' করত, বুঝতাম না ; কিন্তু কাশীতে থেকে বুঝে এলাম, এ কত বড় মহৎ কাজ। এর জন্যে ঘাট মানতে বলতে তো আমি পারব না বাবা।

গৌরী আর থাকিতে পারিল না, সে আসিয়া শৈলজা দেবীর পায়ে প্রণাম করিয়া উঠিয়া মৃদুস্বরে বলিল, আমিও পারব না পিসীমা, আপনি ওদের বারণ করুন।

নিত্য বলিল, আপনারা সব বাইরে যান কেনে গো ! শাশুড়ী-বউকে একটু দুঃখের কথা কইতে অবসর দেবেন না আপনারা ?

সর্বাগ্রে উঠিল কমলেশ, সে গম্ভীর মুখে বাড়ি হইতে বাহির হইয়া গেল।

বধূর দিকে চাহিয়া শৈলজা দেবী কঠিন স্বরেই বলিলেন, আসতে পারলে মা?

গৌরী চুপ করিয়া অপরাধিনীর মত দাঁড়াইয়া রহিল, চোখ তাহার জলে ভরিয়া উঠিয়াছে। রতন শঙ্কিত হইয়া উঠিল, নিত্য একরূপ ছুটিয়াই বাহির হইয়া গেল।

শৈলজা দেবী আবার বলিলেন, নাও, চাবিটা তুমিই নাও। রাখাল সিংকে দিতে ভুলে গেলাম, ভালই হয়েছে।

এবার গৌরীর চোখ হইতে টপটপ করিয়া জল মাটিতে ঝরিয়া পড়িল।

নিত্য খোকাকে কোলে করিয়া ছুটিয়া আসিয়া সম্মুখে দাঁড়াইয়া বলিল, কে বলুন দেখি পিসীমা?

শিশুর দিকে চাহিয়াই শৈলজা দেবী ঝরঝর করিয়া কাঁদিয়া ফেলিলেন, এ যে তাঁহার শিবু ছোট হইয়া ফিরিয়া আসিয়াছে। সেই শৈশবের শিবু, এতটুকু তফাত নাই। নিত্য তাঁহার কোলে খোকাকে ফেলিয়া দিয়া বলিল, নেন, কোলে নেন।

শৈলজা দেবী তাহাকে বুকে চাপিয়া ধরিলেন, তারপর আবার তাহাকে ভাল করিয়া দেখিয়া বলিলেন, ঠিক ছোটবেলার শিবু।

শিশুও অবাক হইয়া তাঁহাকে দেখিতেছিল, নিত্য তাহাকে বলিল, খোকন, তোমার দাদু। বল দাদু।

শৈলজা দেবী তাহাকে বুকে চাপিয়া ধরিয়া এবার বধূকে বলিলেন, কাঁদছ কেন বউমা? ছি, এতে কি কাঁদে? বোসো, আমার কাছে বোসো। কাঁদছ কেন? শিবু তো আমার ছোট কাজ করে জেলে যায় নি। বরং ভগবানের কাছে তার মঙ্গল কামনা কর। দু বছর, দশ বছর—এই জীবনেই যেন জয় নিয়ে সে ফিরে আসে।

খোকা তাঁহার হাতের কবচ রুদ্রাক্ষ লইয়া নাড়িতেছিল, তিনি হাসিয়া বলিলেন, কি দাদু, দাদুর ধন-সম্পত্তি নিয়ে টানাটানি করছ? দেখ বউমা, তোমার ছেলের কাণ্ড দেখ, ছেলে কেমন চালাক দেখ!

বধূ এবার হাসিল।

নিত্য বলিল, দাদাবাবুকে কিন্তু খালাস করে আনুন বাপু।

কঠোর চক্ষে চাহিয়া শৈলজা দেবী বলিলেন, না, তাতে আমার শিবুর মাথা হেঁট হবে। ও কথা কেউ বোলো না আমাকে।

রতন বলিল, তা না আন, তার সঙ্গে দেখা করে এস।

শৈলজা দেবীর কণ্ঠস্বর মুহূর্তে আর্দ্র হইয়া উঠিল, বলিলেন, যাব বইকি মা, আজই যাব। নিত্য, তুই ডাক্ রাখাল সিংকে।

পঁয়ত্রিশ

এই জেলখানাটির ঘর-দুয়ারের বন্দোবস্ত তেমন ভাল নয়। কয়েদীদের সহিত দেখা-সাক্ষাতের জন্য ঘরের কোনও ব্যবস্থা নাই। দেখা-সাক্ষাৎ হয় আপিসঘরে কিন্তু সেও এত সঙ্কীর্ণ যে দুই-জনের বেশি তিনজন হইলে আর স্থান সঙ্কুলান হয় না। শৈলজা দেবী বলিলেন, আমরা বাইরে থেকেই দেখা করব। সঙ্গে রাখাল সিং ও রামরতনবাবু গিয়াছিলেন ; খোকাকে কোলে লইয়া গৌরীর সঙ্গে ছিল নিত্য।

জেলখানার ভিতর দিকের ফটক খুলিয়া শিবনাথকে আনিয়া আপিস-ঘরের জানালায় দাঁড় করাইয়া দিল। শিবনাথ বাহিরের দিকে চাহিয়াই বিস্ময়ে আনন্দে হতবাক হইয়া দাঁড়াইয়া রহিল। পিসীমা, গৌরী! কে দেখা করিতে আসিয়াছে জানিতে চাওয়ায় তাহাকে বলিয়াছিল, বহুৎ আদমি আছে মশা, জেনানা-লোকভি আছে। সে ভাবিয়াছিল, রাখাল সিংয়ের সঙ্গে নিত্য ও রতনদিদি আসিয়াছে। তাহারা তো আপনার জনের চেয়ে কম আপনার নয়।

পিসীমা রুদ্ধকণ্ঠে ডাকিলেন, শিবু!

স্বপ্নাচ্ছন্নের মতই শিবু উত্তর দিল, পিসীমা!

পিসীমারও কথা যেন হারাইয়া যাইতেছে। অনেক ভাবিয়াই যেন তিনি বলিলেন, বউমা এসেছেন, আমি এসেছি, খোকা এসেছে, এরা সব এসেছে তোকে দেখতে।

শিবনাথের বুক মুহূর্তের জন্য কাঁপিয়া উঠিল, তাহাকে কি 'বণ্ড' দিয়া ফিরিয়া যাইবার জন্য অনুরোধ করিতে আসিয়াছে? সে আত্মসম্বরণ করিয়া দৃঢ় হইয়া নীরবে দাঁড়াইয়া রহিল।

পিসীমাও ধীরে ধীরে আত্মসম্বরণ করিতেছিলেন, তিনি বলিলেন, আমি তোকে আশীর্বাদ করতে এসেছি, বউমা প্রণাম করতে এসেছেন, খোকা বাপকে দেখতে এসেছে, চিনতে এসেছে, তুই ওকে আশীর্বাদ কর্, যেন তোর মত বড় হতে পারে ও।

শিবনাথের মুখ উজ্জ্বল হইয়া উঠিল, বুক ভরিয়া উঠিল, তাহার মনে হইল, এত বড় পাওয়া সে আর জীবনে পায় নাই, তাহার সকল অভাব মিটিয়া গিয়াছে, সকল দুঃখ দূর হইয়াছে, তাহার শক্তি শত সহস্রগুণে বাড়িয়া গিয়াছে। সে এতক্ষণে গৌরীর দিকে ফিরিয়া চাহিল। অর্ধ-অবগুণ্ঠনের মধ্যে গৌরীর মুখখানি স্পষ্ট দেখা যাইতেছে,—তাহার মুখে হাসি, চোখে জল। ইঙ্গিতে-ভঙ্গীতে সারাটি মুখ ভরিয়া কত ভাষা, কত কথা, সোনার আখরে লেখা কোন্ মহাকবির কাব্যের মত ঝলমল করিতেছে! শিবনাথের মুখেও বোধ করি অনুরূপ লেখা ফুটিয়া উঠিয়াছিল। দুইজনেই মুগ্ধ হইল, কত কথার বিনিময় হইয়া গেল, তাহাদের তৃপ্তির সীমা রহিল না। যে কথা, যে বোঝাপড়া এই ক্ষণিকের দৃষ্টিবিনিময়ের মধ্যে হইল, সে কথা, সে বোঝাপড়া দিনের পর দিন একত্রে কাটাইয়াও হইত না।

পিসীমা খোকাকে জানালার ধারে দাঁড় করাইয়া দিয়া বলিলেন, দাদুভাই, বাবা।

শিবনাথ তাহার চিবুকে হাত দিয়া আদর করিয়া বলিল, তুমি ওকে যেন আমার মত করেই মানুষ কোরো পিসীমা, ওদের ভার তোমার ওপরই আমি দিয়ে যাচ্ছি।

পিসীমা আর্তস্বরে বলিলেন, ও কথা আর বলিস নি শিবু। ওরে, এ ভার নিতে আর পারব না।

শিবনাথের অধররেখায় একটি মৃদু হাসি ফুটিয়া উঠিল; সেই হাসি হাসিয়া সে শুধু দুইটি কথা বলিল প্রশ্নের ভঙ্গীতে, বলিল, পারবে না? তারপর আর সে অনুরোধ করিল না, সকলের দিক হইতে দৃষ্টি ফিরাইয়া লইয়া মুহূর্তের জন্য আকাশের দিকে চাহিল। পর-মুহূর্তেই দৃষ্টি নামাইয়া জানালা দিয়া সম্মুখের মুক্ত ধরিত্রীর দিকে দৃষ্টি প্রসারিত করিল। জেলখানার ফটক হইতে দুই পাশের বড় বড় গাছের মধ্য দিয়া সোজা একটা রাস্তা জেলখানার সীমানার পর অবাধ প্রান্তরে গিয়া পড়িয়াছে। সেই প্রান্তরে দৃষ্টি নিবদ্ধ করিয়া সে নীরবে দাঁড়াইয়া রহিল। সে আপনার মনকে দৃঢ় করিয়া তুলিতেছিল, সম্মুখের ওই দিগন্তে মিশিয়া-যাওয়া পথটার মত সুদীর্ঘ পথে সে যাত্রা করিয়া চলিয়াছে, পিছন ফিরিয়া চাহিবার তাহার অবসর কোথায়? অনাদি-কালের ধরিত্রী-জননীর বুকে শিশু-সৃষ্টি ধীরে ধীরে লালিত হইয়া বাড়িয়া চলিয়াছে, তাহারই হাতে সব কিছু সঁপিয়া নিশ্চিন্ত নির্ভরতায় মানুষ অনন্তকাল অগ্রসর হইয়া চলিয়াছে, মানুষের হাতে ভার দিয়া রাখিয়া যাওয়ার সকল মিথ্যার মধ্যে ওই রাখিয়া যাওয়াই তো আসল সত্য।

তাহার মনের চিন্তা চোখের দৃষ্টির মধ্যে রূপ লইয়া ফুটিয়া উঠিতেছিল। পিসীমা তাহার মুখের দিকেই চাহিয়া ছিলেন। শিবনাথের দৃষ্টি দেখিয়া তিনি শিহরিয়া উঠিলেন, মমতায় হৃদয় আচ্ছন্ন হইয়া গেল, তিনি বোধ হয় পরকাল ভুলিয়া গেলেন, ইষ্ট ভুলিয়া গেলেন, সব ভুলিয়া গেলেন; শিবুই হইয়া উঠিল সব, তাঁহার ইষ্টদেবতা—গোপাল আর শিবু মিশিয়া যেন একাকার হইয়া গেল।

পিসীমা বলিলেন, আমি ভার নিলাম শিবু, তুই ভাবিস নি। ওরা আমার বুকেই রইল। ঝরঝর করিয়া চোখের জল ঝরিয়া তাঁহার বুক ভাসিয়া গেল। পিছন হইতে রাখাল সিং ব্যস্ত হইয়া বলিয়া উঠিলেন, পড়ে গেল, খোকা পড়ে গেল।

মুহূর্তে আত্মসম্বরণ করিয়া খোকাকে ধরিয়া পিসীমা বলিলেন, না, আমি ধরে আছি।

পিছন হইতে জেলার বলিল, সময় হয়ে গেছে শিবনাথবাবু।

জানালার চৌকাঠে মাথা ঠেকাইয়া প্রণাম করিয়া শিবু বলিল, এখান থেকেই প্রণাম করছি পিসীমা। মনে মনে সে বলিল, সমস্ত জীবের ধাত্রী যিনি ধরিত্রী, জাতির মধ্যে তিনিই তো দেশ, মানুষের কাছে তিনি বাস্তু; সেই বাস্তুর মূর্তিমতী দেবতা তুমি, তোমাকে যে সে বাস্তুর বংশের কল্যাণ করতেই হবে। এই তো তোমার ধর্ম। তুমিই তো আমায় বাস্তুকে চিনিয়েছ, তাতেই চিনেছি দেশকে। আশীর্বাদ কর, ধরিত্রীকে চিনে যেন তোমায় চেনা শেষ করতে পারি।

প্রদীপ্ত হাসিমুখে পরিপূর্ণ অন্তরে শিবনাথ ফিরিল। গৌরীর অবগুণ্ঠন তখন খসিয়া গিয়াছে, অনাবৃত মুখে, পরিপূর্ণ দৃষ্টিতে সে ওই দিকে চাহিয়া ছিল। পিসীমা তাহার মাথার অবগুণ্ঠন টানিয়া দিয়া ডাকিলেন, বউমা, খোকা ডাকছে তোমাকে।

ওদিকে লোহার দরজাটা সশব্দে বন্ধ হইয়া গেল।

না

ভোর বেলা।

অন্ধকার ঘর। পূর্বদিকের কাচের দরজার ভিতর দিয়ে এক ফালি আলো এসে পড়েছে। পশ্চিমের দেওয়াল ঘেঁষে একটি দেরাজ। পুরানো কালের গড়ন। দেরাজের উপর একটি টাইমপিস। উপরে দেওয়ালের গায়ে একখানা ছবি ঝুলছে। বাকী ঘরটা আব্ছা অন্ধকারে ঢাকা। পূর্ব দিকের কাচের জানালায় সিলুয়েৎ ছবির মত দেখা যাচ্ছে। দরজার ওপাশে ঘরের বারান্দায় একজন পেশী-সবল মানুষ মুগুর ভাঁজছে বা বারবেল নিয়ে ব্যায়াম করছে।

ভোরের নিস্তব্ধ পৃথিবী। মধ্যে মধ্যে শোনা যাচ্ছে কল কল শব্দে পাখীর ডাক।

তারই সঙ্গে একসময় সুর মিলিয়ে দেরাজের উপরের টাইমপিসটার এলার্ম বেজে উঠল। প্রায় সঙ্গে সঙ্গেই ও-ঘরের কাচের দরজায় দেখা গেল ব্যায়াম-রত মানুষটি ব্যায়াম রেখে স্থির হয়ে দাঁড়াল। তারপর দরজা খুলে এ-ঘরে ঢুকল। উনিশ-কুড়ি বছরের একটি স্বাস্থ্যবান যুবক। ব্যায়ামের ফলে শরীরের পেশীগুলি প্রকট হয়ে উঠেছে। দরজা খোলার জন্য ঘরে আলো এসে ঢুকল। যুবকটি আর একটি জানালা খুলে দিলে। ঘরখানি পুরনো আমলের বড়লোকের বাড়ির ঘর। একেলে নয়। আসবাবপত্রও তাই। বিশেষত্ব একটু আছে—দেওয়ালে কুমীরের চামড়া, বাঘের চামড়া এবং বাঘের চামড়ায় মোড়া নকল বাঘ এক কোণে হাঁ করে দাঁড়িয়ে আছে। আর এক কোণে এমনি একটা ভালুক একটা শুকনো ডাল ধরে দাঁড়িয়ে আছে। অন্যদিকে বন্দুক-রাখা র‍্যাকে দু-তিনটি বন্দুক বল্লম তলোয়ার ঢাল ইত্যাদি।

ছেলেটি এসে দাঁড়াল দেরাজের সামনে। উপরের দেওয়ালে দুখানা ছবি। একখানা বিবেকানন্দের আর একখানা নেতাজী সুভাষচন্দ্রের।

তাঁদের প্রণাম করে চলে গেল আর একটা ঘরে।

এবার একটা বড় ক্লক-ঘড়িতে বাজতে লাগল ঘণ্টার ঘড়ি। বাজল ছটা। ঘড়িটার ঘণ্টা ঘোষণার শব্দের মধ্যে বিচিত্র সঙ্গীত-ধ্বনি বাজে।

খোলা জানালা দিয়ে কয়েকটা পায়রা এসে ঘরে ঢুকল, পোষা পায়রা। তারা ঘুরে বেড়াতে লাগল।

ছেলেটি বেরিয়ে এলো পোশাক বদল করে। র‍্যাক থেকে বেছে একটা বন্দুক তুলে নিলে। নলটা খুলে দেখলে আলোর দিকে ধরে। তারপর পরে নিলে কার্টিজের বেল্ট। এক কাঁধে একটা ঝোলা। তারপর বেরিয়ে গেল। আবার ঘড়িতে বাজল পনের মিনিটের গান।

বাড়ি থেকে বেরিয়ে ভোরের জনবিরল পথে হেঁটে চলল। পথে দেখা হল মাত্র জন চার-পাঁচ লোকের সঙ্গে। দুটি বৃদ্ধা জল দিচ্ছিলেন মন্দিরের দরজায়, এক বৃদ্ধ বসে তামাক খাচ্ছিলেন দাওয়ায়, আর একজন তার কাঁধে তরকারি বয়ে নিয়ে যাচ্ছিল।

এক গৃহস্থবাড়ির দরজায় এসে ছেলেটি দাঁড়াল। কড়া নাড়তে লাগল।

বাড়িটি যুবকের পিসতুতো ভাই কালীনাথের।

কড়া নাড়ায় সাড়া না পেয়ে ধাক্কা দিয়ে এবার অনন্ত ডাকলে, কালীদা! ও কালীদা! কালীদা!

পিসতুতো ভাই কালীনাথ তখনও নিদ্রামগ্ন।

বন্ধ দরজা-জানালা ঘরে টেবিলের উপর একটা আলো তখনও জ্বলছে।

খোলা বই একখানা পড়ে রয়েছে পাশেই।

ডাকের সাড়ায় কালীনাথ বার-দুই আড়া-মোড়া ছেড়ে উঠে বসল বিছানার উপর। বসেই রইল।

বাইরের দরজায় ধাক্কা শোনা যাচ্ছে। কালীনাথ সাড়া দিয়ে বলল, কে, অনু? এত ভোরে এসেছিস? বলে উঠে চলে গেল। দরজা খুলে, বাইরের আলো দেখে বললে, আরে, এ যে বেলা হয়ে গেছে!

দরজা খুলতেই অনন্ত বাড়িতে ঢুকে বললে, সাড়ে ছটা বেজে গেছে কালীদা।

—কাঁটা পিছিয়ে দিয়ে সাড়ে পাঁচটা করে দে না!

—তাতে তো বেলা পেছুবে না। কিন্তু এত ঘুমোও কি করে?

—কাল রাত্রি তিনটে পর্যন্ত পড়েছি।

—এত পড় কি করে? কি মধু পাও?

কালীনাথ বললে, ওইটাই ঠিক বুঝতে পারি না।

ও হাসল। হাসতে হাসতেই ঘরে এসে ঢুকল।

অনন্ত গিয়ে টেবিলের বইখানা উল্টে দেখতে লাগল। ঘরের দেওয়াল ঘেঁষে সস্তা দামের আলমারিতে অনেক বই। সবই প্রায় ইংরিজী। পেঙ্গুইন সিরিজ জাতীয় সস্তা সংস্করণের অনেক বই।

অনন্ত একখানা উল্টোতে লাগল। কালীনাথ আলোটা নিভিয়ে দিয়ে বললে, ও তুই বুঝবি নে। বোস্, আমি পাঁচ মিনিটের মধ্যে আসছি। সে চলে গেল মুখ-হাত ধুতে।

অনন্ত ঘরের জানালা খুলে দিল। অগোছালো ঘর। এখানে ওখানে বই পড়ে আছে, কাগজ পড়ে আছে। সিগারেটের কুটি ছড়ানো। অনন্ত এক এক করে বইগুলো তুলতে লাগল। খুলে দেখে বন্ধ করে গুছিয়ে রাখলে। মধ্যে মধ্যে হাসতে লাগল।

কালীনাথ প্রস্তুত হয়ে ঘরে ঢুকল, বললে, ছাখ কাণ্ড, ছাখ। ওসব কি হচ্ছে?

—এইভাবে থাকতে তোমার ভালো লাগে? পার?

—পারি কি না পারি সে তো দেখতেই পাস্। এর থেকে চা তৈরী করলে কাজ হত।

—দেরী হবে কালীদা, চা স্টেশনের স্টলে খাবো চলো। গরম নিম্‌কি সিঙ্গাড়া চা মিষ্টি…

—মিষ্টি তুই খাবি, আমি স্রেফ সিঙ্গাড়া।

টেবিলের উপরের বইখানা তুলে অনন্তের ঝোলায় পুরে দিলে, বললে, চল্!

দুজনেই বেরিয়ে রাস্তায় এসে পড়ল। অনন্ত বললে, আজ কিন্তু শুধু চাঁদমারি না, আজ বধ-পর্ব আছে।

—অর্থাৎ শিকার করবি? পাখী মারবি? উল্লসিত হয়ে উঠল কালীনাথ, সত্যি?

—না, পাখী না। হাসলে অনন্ত, আজ একটা পাগলা কুকুর মারতে হবে। কাল বামুনপাড়া থেকে লোকেরা এসেছিল। একটা কুকুর খেপেছে। কাল সাতজনকে কামড়েছে, তিন-চারটে গরুকে কামড়েছে। সেটাকে না মারলে উপায় নেই।

—ওরে বাবা!

—ভয় কি? আমি তো সঙ্গে রয়েছি।

—হ্যাঁ, ওইটেই যা ভরসা। তুই যতক্ষণ আছিস্ ততক্ষণ যমও আমাকে ছুঁতে পারবে না।

—এত ভয় কেন তোমার বল তো? মৃত্যু অদৃষ্টে যেদিন আছে···

—বকিস নে অনন্ত। অদৃষ্ট-ফদৃষ্ট বাজে কথা, ও আমি মানি না। ঈশ্বরই মানি না তা অদৃষ্ট।

—কেন মানো না বল তো?

—ওই বইগুলো পড়লে তুইও মানতিস না। পাপ-পুণ্য ঈশ্বর-ফিশ্বর স্বর্গ-নরক সব মিথ্যে —বাজে বোগাস্। আঃ, তুই যদি এইগুলো ছাড়তিস অনন্ত, কি ফাইন কাণ্ডটাই করা যেত বল্ তো।

—ফাইন কাণ্ড! পাখী শিকার?

—নিশ্চয়, নিত্য পক্ষীমাংস সহযোগে ভোজনটা কি আরামেই না হত!

—না কালীদা, পাপ হবে বলে পাখী মারি না তা নয়, পাখী মারতে মায়া লাগে। মারো না—বাঘ মারো, ভালুক মারো। দুর্দান্ত জানোয়ার মারতে আমার সে চেহারা দেখলে বুঝতে। এই কুকুরটা মারতে হবে পাগলা হয়েছে বলে, নইলে এসবে আনন্দ নেই।

অনন্তের হাতখানা টিপে কালীনাথ বললে, তুই একটা দৈত্য, দানব!

—'নায়ম্ আত্মা বলহীনেন লভ্য' কালীদা, গীতায় আছে।

—বাজে, নায়মাত্মা বুদ্ধিহীনেন লভ্য, বুঝলি?

সম্মুখেই রেললাইনের বাঁধ। লাইনের উপর দিয়ে সিধু অর্থাৎ সিদ্ধেশ্বর ঘটক আসছে। সে প্রায় আকাশের দিকেই যেন তাকিয়ে আসছে। আধুনিক কালের ঘটক। দিব্য ছিমছাম চেহারা। হাতে একটি ব্যাগ।

এরা দুজনে লোকটির দিকে একবার তাকিয়ে চলে যাচ্ছিল।

ঘটক তাদের দিকে তাকিয়ে দেখে বললে, স্যার, শুনছেন স্যার?

কালী ঘুরে দাঁড়িয়ে বললে, ইয়েস?

অনন্ত বললে, আমাদের বলছেন?

কালী বললে, আমাদের দুজনে ছাড়া আর কেউ থাকলে আছেন পরমাত্মা অনন্ত, উনি পরমাত্মাকে নিশ্চয় ডাকছেন না স্যার বলে!

ঘটক হেসে বললে, নমস্কার স্যার, নমস্কার। ওআণ্ডারফুল বলেছেন স্যার। একেবারে টু দি পয়েন্ট। পরমাত্মাকে আমি ডাকি নি, আপনাদেরই বলছিলাম।

অনন্ত। বলুন কি বলছেন ?

—ওই চিলের ছাদ দেখা যাচ্ছে, আঙুল দিয়ে দেখিয়ে দিলে আকাশের গায়ে সাদা চিলে-কোঠা, ও কার বাড়ি স্যার ?

কালীনাথ বললে, কোথায় বাড়ি আপনার ?

—বাড়ি আমার কলকাতায়।

—এখানে ? জ্যোতিষ-বিদ্যা না ভগ্নীদায় ? পিতৃমাতৃদায় হলে তো গলায় কাছা থাকত।

সিধু ঘটক হেসে ফেললে, আপনার বাক্যবাণ ষটচক্র ভেদ করে লক্ষ্যভেদ করে স্যার। একেবারে অর্জুনের মত তাক্। ধরেছেন ঠিক, তবে ভগ্নীদায় আমার নয়, পরের। আপনি তা হলে কালীনাথবাবু, আর উনি অনন্তবাবু ?

অনন্ত। আপনি আমাদের কি করে চিনলেন ?

কালী। উনি অন্তর্যামী ঘটক-ভগবান, অনন্ত। প্রভু চিন্তাহরণ পরের কন্যা-ভগ্নীদায়ের চিন্তা করে বেড়ান, শুনলে না ? ভোরে স্টেশনে নেমেই আমাদের বিবরণ সংগ্রহ করেছেন, বুঝছ না ? স্টলে নিশ্চয় বলেছে যে, পথেই তাদের দেখা পাবেন—একজন বন্দুক কাঁধে আর একজন এমনি—নাকি চিন্তাহরণবাবু ?

—আমি স্যার সিদ্ধেশ্বর ঘটক, কিন্তু আপনার অনুমান একেবারে টু দি পয়েন্ট !

—তা হলে অনন্ত, তোমার বিয়ে অনিবার্য। স্বয়ং সিদ্ধেশ্বর যেখানে ঘটকালি করছেন, সেখানে বিঘ্নরাজের বাপের সাধ্য হবে না ঠেকাতে।

ঘটক হেসে বললে, আমি স্যার দুজনের বিয়ের সম্বন্ধ নিয়েই এসেছি।

অনন্ত। কালীদার লেখা-পড়া জানা মেয়ে চাই মশাই, মুখ্যু হলে চলবে না, মডার্ন মেয়ে —বুঝেছেন ?

ঘটক। একেবারে টু দি পয়েন্ট মিলিয়ে নেবেন স্যার। চমৎকার মেয়ে। দেখে নেবেন, বাজিয়ে নেবেন। টং করে বেজে উঠবে রাণী-মার্কা টাকার মত। একালের ঢ্যাবা টাকা নয়, খাঁটি চাঁদি।

দূরে ট্রেনের বাঁশী বেজে উঠল।

অনন্ত। ট্রেন ছাড়ল কালীদা, লাইন থেকে নামো।

কালী। যান, তা হলে আপনি কর্তার সঙ্গে দেখা করুন গিয়ে, ওই এক জায়গাতেই দুজনের উচ্ছুগ্যু হবে।

ঘটক। সব জানি স্যার, সব জানি। আপনার গার্জেন ওই মামাই, সব জানি। বি. এ -তে ফিলজফিতে অনার্স, সেকেণ্ড ক্লাস। আর অনন্তবাবু দুটো বাঘ মেরেছেন, শিকারী, ফুটবল চ্যাম্পিয়ান, সব জানি, টু দি পয়েন্ট জানা আছে আমার। আচ্ছা স্যার, নমস্কার।

বলতে বলতেই ট্রেনখানা চলে এলো এবং দু পক্ষের মাঝখান দিয়ে বেরিয়ে গেল। ধোঁয়ার কুণ্ডলী আকাশে পাক খেয়ে ছড়িয়ে পড়ল।

আকাশে ধোঁয়ার কুণ্ডলীর মত কালো বেলে হাঁসের ঝাঁক পাক খাচ্ছিল।

একটা গাছে ঠেস দিয়ে কালীনাথ সেইদিকে তাকিয়ে দেখছিল।

অনন্ত শুয়ে বন্দুক ধরে দূরে একটা মরা গাছের গুঁড়িতে গোল দাগ-দেওয়া জায়গায় লক্ষ্য করছিল।

কালীনাথ ডাকলে, অনন্ত, দেখ্ দেখ্!

—দেখেছি কালীদা!

সে বন্দুকে টোটা পুরতে লাগল। উইনচেস্টার রিপীটার।

—মার্ ভাই ঝাঁকে একটা গুলি। ওই এক গুলিতে যা হয়। কুকুরটা মারতে এলি, তা সেটা তো অন্য লোকেই মেরেছে।

—দূর! চলো, তোমাকে আজ মাংস খাওয়াব। কালীতলা থেকে আনাব।

—ধ্যেৎ!

—কেন?

—পাঁঠার মাংস আর পাখীর মাংস!

অনন্ত আবার বন্দুক ধরে গুলি করতে গেল।

কালীনাথ বললে, মারতেই হবে তোকে, আজ বিয়ের ঘটক এসেছে, তার অনারেও আজ মারতে হবে। না মারবি তো আমাকে দে।

অনন্ত সকৌতুকে বন্দুকটা তার হাতে দিল, নাও।

কালীনাথ বন্দুক তুলে আওয়াজ করলে। একটা পাখীও পড়ল না। অনন্ত হো হো করে হাসতে লাগল।

কালীনাথ বন্দুকটা ফেলে দিলে।

অনন্ত বললে, আরে, ও যে বুলেট।

—বুলেট!

বন্দুকটা তুলে নিলে, তুই বললি নে?

—কি বলব? তুমি তো জানো, ছররার কার্টিজ আমার বেল্টে থাকে না। দাও, বন্দুকটা দাও। চলো, বাড়ি চলো, ওই দেখ, পেয়াদা আসছে।

—মামীমা পাঠিয়েছেন বোধ হয়। হাতের ঘড়ি দেখে সবিস্ময়ে বললে, কিন্তু আজ তো দেরি হয় নি। কি রে প্রহ্লাদ, তুই এত সকাল সকাল আজ?

প্রহ্লাদ পাইক এসে বললে, কর্তা পাঠালেন। বাড়ি চলেন, ঘটক এসেছে, কনে দেখতে যেতে হবে। গিন্নী-মা বলেছেন, আজকালকার ছেলে, নিজেরা দেখে করুক বিয়ে।

কালীনাথ বন্দুক টেনে নিলে অনন্তর হাত থেকে, দে বন্দুকটা দে। মারব, আজ একটা কিছু মারব। কি মারব? ওই পেয়েছি, ওই বেটার কুকুর মার—

অনন্ত। কালীদা!

কালী ততক্ষণে ফায়ার করে দিয়েছে।

দূরে পড়ল একটা কুকুর। সে যাচ্ছিল সামনে দিয়ে।

—করলে কি কালীদা?

কালী আর একটা ফায়ার করে বললে, দেখলি না? একেই বলে কুকুর মারা!

—আমি মুখ্যু, তুমি বিদ্বান—তুমি এত মমতাহীন কেন বল তো?

—মমতা-ফমতা জয় করেছি রে। নইলে লেখাপড়া শিখলাম কেন? ও মিথ্যা মায়া আমার নেই। বিয়ের সম্বন্ধ এসেছে, কনে দেখতে যাব, সেলিব্রেট করে দিলাম, চল্।

দুজনেই উঠে পড়ল। খানিকটা এগিয়ে এসে রেলের লাইনে উঠল। সিগন্যাল ডাউন হয়ে আছে। ট্রেন চলেছে। কামরা থেকে ঘটক মুখ বাড়িয়ে দাঁত মেলে হেসে বললে, অল পাকা স্যারস!

ট্রেন চলে গেল।

ট্রেন এসে থামল একটা স্টেশনে। নামল ঘটক। স্টেশন থেকে বেরিয়ে এসে চড়ল একখানা সাইকেল-রিকশায়।

একটা ফটকওয়ালা বাড়িতে এসে ঢুকল রিকশা।

সামনে বাগান, পুকুর; বড় বাড়ি। বারান্দায় বসে আছেন কর্তা। প্রৌঢ়, পরনে পাজামা-পাঞ্জাবি।

একটা অ্যালসেসিয়ান শুয়ে আছে। সেটা চিৎকার করে উঠল। কর্তা কাগজ পড়ছিলেন, তিনি কাগজ থেকে মুখ তুললেন, চুপ করতে বললেন, ডাকলেন, বেয়ারা! বেয়ারা! আরে এই কে আছিস?

বেরিয়ে এল বই হাতে মীনা, কি বলছ বাপি?

—বেয়ারা গেল কোথায়? কুকুরটাকে নিয়ে যাক। সিধু ঘটক এসেছে, চিৎকার করে জ্বালিয়ে মারবে, ওকে দু চক্ষে দেখতে পারে না।

মীনা এসে কুকুরটার চেন ধরে বললে, আমি নিয়ে যাচ্ছি বাপি!

—বড্ড পাজী হচ্ছে ওটা দিন দিন।

—না বাবা, জ্যাকি দুষ্টু নয়, দুষ্টু তোমার ঘটকটা। জ্যাকি আনকালচার্ড লোক দেখতে পারে না। ঘটকটা যা অসভ্য! আমার কিন্তু বইগুলো আজও এলো না বাবা।

—বই কেনা হয়ে গেছে মামি, আনতে ভুলে গেছি, আপিসে পড়ে আছে।

—সবগুলো পাওয়া গেছে? রবীন্দ্র-রচনাবলীর যে খণ্ডগুলো ছাপা ছিল না, পাওয়া যাচ্ছিল না? 'নূতন-যুগের নারীর প্রশ্ন'খানা?

—সব সব। তিনখানা বেশী বই কেনা হয়েছে!

—কি বই বাবা? নতুন বেরিয়েছে বুঝি? কার লেখা?

—পাকপ্রণালী, গৃহস্থালি, পরিচর্যা।

—কেন, রান্না জানি না বুঝি, না ঘরকন্নার কাজ পারি নে? পড়ি, পড়তে ভালবাসি বলে,

তুমি ভাব আমি ওসব শিখি নি, ভালবাসি নে!

—তবু একবার পড়ে নাও। তোমায় তো দেখতে আসছে। ছেলেটির যখন মা-বাপ নেই, তখন নিজেই আসবে বোধ হয়। হঠাৎ যদি জিজ্ঞাসা করে বসে, সামি-কাবাব, কি মুরগ-মসল্লাম, কি ইলিশ-ভাতে রাঁধতে জানেন? ঠকে যাবে তো!

—আমার পরীক্ষা নেবে নাকি? সেসব উত্তর আমি দেব না।

—তুমিও তাকে জিজ্ঞাসা করবে পাল্টা কোশ্চেন, মোটর চালাতে জানো? ঘোড়ায় চড়তে জানো? সে ঠকে ঠকুক, তুমি ঠকবে কেন?

হাসতে লাগলেন কর্তা পৃথ্বীশবাবু। মীনা চলে গেল কুকুর নিয়ে। কর্তা বললেন, আরে ঘটক এসো, ঝোপের ভেতর থেকে বেরিয়ে এসো, ভয় নেই, কুকুর চলে গেছে।

হাসতে লাগলেন। বাগানের একটা ঝোপ থেকে ঘটক বেরিয়ে এলো।

ঘটক এসে উঠল বারান্দায়।

—ভেরি ফীয়ার্স ডগ স্যার! আর ভারী বদ অভ্যেস, একেবারে বুকে পা দিয়ে দাঁড়াবে। প্রথম দিন তো আমি একদম ধরাশায়ী। ভাগ্যে মা-লক্ষ্মী ছিল, তা নইলে একেবারে কাটথোট। হার্টের প্যালপিটেশন কমতে আমার এক ঘণ্টা লেগেছিল।

—বসো। কি ঠিক করে এলে বল?

—সব ঠিক স্যার, একেবারে টু দি পয়েন্ট!

—বাড়ি-ঘর ভাল?

—খুব ভাল। তবে কি স্যার আপনাদের মত?

—সে তো আমি চাই নে হে। আমার মেয়েরও তা মত নয়। আমি চাই মধ্যবিত্ত ঘর, ভাল ছেলে, পড়াতে অনুরাগ, পণ্ডিত মানুষ। সে নিজের চেষ্টায় বড় হয়ে উঠবে। সঙ্গে সঙ্গে বাড়িও বড় হবে। পুরনো বড় ঘরের দুঃখে আমি সারা জীবন ভুগছি। অনেক কষ্টে পুরনো বাড়ির দরজা ভেঙে আমি নতুন হাওয়া ঢুকিয়েছি।

—এদিকে স্যার টু দি পয়েন্ট মিলে যাবে।

—কিন্তু ছেলের য়্যারিস্টোক্র্যাটিক ম্যানার্স চাই, উচ্চবংশের সহবৎ চাই।

—সেও আপনি ফ্র্যাক্‌শনে ফ্র্যাক্‌শনে, মানে ভগ্নাংশে ভগ্নাংশে মিলিয়ে নেবেন। বিরাট বড় বাড়ির ভাগ্নে যে, সেই বাড়িতেই মানুষ। কথা-বার্তা কি, ঝকমকে তলোয়ার ঘুরছে যেন। এম. এ. পাস, বি. এ.-তে অনার্স। তা ওঁরা কনে দেখতে আসছেন আগামী সপ্তাহে বুধবারে।

—ওঁরা? কে কে? কজন আসছেন?

—দুজন। ছেলের দুই মামাতো ভাই। একজন দাদা আর একজন ভাইও বটে, বন্ধুও বটে—যাকে বলে হরিহর আত্মা। মতে রুচিতে পছন্দে পয়েন্টে পয়েন্টে মিল।

—সে কি, ছেলে? ছেলেকে আসবার জন্যে বলেছিলাম তোমাকে। ছেলে-মেয়ে দুজনেই দুজনকে দেখত।

—কি করব স্যার, টু দি পয়েন্টের এই একটি পয়েন্ট কিছুতেই মেলাতে পারলাম না। ছেলের গার্জেন মামা, প্রকাণ্ড জমিদার, রাশভারী মানুষ। তিনি বললেন, সে কি করে হয়? আমি বেঁচে থাকতে সে কেমন করে হবে? গিন্নী মানে ছেলের মামী, তিনি রাজী ছিলেন, জেদ ধরেছিলেন, আপন আপন কনে দেখে আসুক। তা—ঘাড় নেড়ে দিল্ল ঘটক, তেরি হেভী জেন্টল্‌ম্যান স্যার, নড়ানো যাবে না।

—ভাল, তুমি হাত-মুখ ধোও। আমাকে বেরুতে হবে এখুনি। ও-বেলা ঠিক করা যাবে যা হয়।

—আমার স্যার শিরে সংক্রান্তি, বেলা বলতে হাতে আর আধঘণ্টা সময়। ট্রেন ধরতে হবে।

—ট্রেন ধরতে হবে!

—আজ্ঞে হ্যাঁ, যেতে হবে বর্ধমান। বর্ধমানের বড় উকিল হরদাসবাবুর বাড়ি। ভদ্রলোকের ভগ্নীদায়। ওই জমিদারবাবুর ছোট ছেলে, মানে যে এখানে মা-লক্ষ্মীকে দেখতে আসছে, তার সঙ্গে সম্বন্ধ হচ্ছে। একেবারে টু দি পয়েন্ট মিল! ওঁরা চান বনেদী বাড়ির ছেলে। সেই মেয়ে দেখতে যাচ্ছে আমাদের এই পাত্র। দুজনে হরিহর আত্মা মিল তো! তাই কর্তার ব্যবস্থা, ছেলেরাই যদি মেয়ে দেখে তো, এ ওর কনে দেখে আসুক, ও এর কনে দেখে আসুক। হাতে সময় নেই, আজই ছুটতে হবে আমাকে, এক্ষুনি।

—কিন্তু···

—সে হবে স্যার, সে হবে। এর পরই আমি ছেলেকে, বুঝেছেন না, কলকাতায়-টলকাতায় নিয়ে আসব, বুঝেছেন না! তারপর সেখানে কোন বাড়িতে নেমন্তন্ন-টেমন্তন্ন করে দেখা করিয়ে দেব। এ-ও জানবে না, ও-ও জানবে না, আলাপ করবে, বুঝেছেন না। তারপর মেয়েকে বলবেন, মত নেবেন। সে একটা চমৎকার ব্যাপার হবে না স্যার?

—হ্যাঁ, সে কথা মন্দ নয়।

—তা হলে আমি চলি স্যার, এই কথাই রইল। আসছে বুধবার আমি ওদের নিয়ে আসছি।

ঘটক চলে গেল।

কর্তা পৃথ্বীশবাবু নিজের মনেই বললেন, বুধবার। দেওয়ালে টাঙানো ক্যালেণ্ডারে বুধবারে দাগ দিলে।

একখানা গাড়ি এসে দাঁড়াল বারান্দার সামনে। ড্রাইভার একটা বইয়ের প্যাকেট নিয়ে এসে টেবিলে নামিয়ে দিলে।

পৃথ্বীশবাবু প্যাকেটটা দেখেই ডাকলেন, মীনা!

উত্তর এলো না। পৃথ্বীশবাবু নিজেই প্যাকেটটা নিয়ে ঘরে ঢুকলেন। দুটো ঘর পার হয়ে একটা ঘরে এসে ঢুকলেন।

ঘরটা লাইব্রেরী। মীনা অগোছালো বইগুলিকে সাজিয়ে রাখছে।

পৃথ্বীশবাবু বললেন, এই তোমার বই।

মীনা খুশী হয়ে এসে বইগুলি খুলতে শুরু করলে। পৃথ্বীশবাবু বললেন, বুধবার ওরা আসছে, তুমি কিন্তু আমার কথা শুনবে, পাকপ্রণালীটা পড়বে।

চলে গেলেন। মীনা একটু হাসলে। বইগুলি দেখতে লাগল। উপরের বইখানিই পাকপ্রণালী।

অনন্ত ও কালীনাথের গ্রামের স্টেশন-প্ল্যাটফর্ম।

অনন্ত আর কালীনাথ আত্মীয়-প্রবীণদের সঙ্গে পাত্রী দেখতে যাচ্ছে।

প্রবীণ আত্মীয়েরা বসে আছেন বেঞ্চের উপর। দুজন তক্‌মাধারী বেয়ারা আছে। দু তরফে সঙ্গে যাবে। প্রবীণেরা গড়গড়ায় তামাক খাচ্ছেন।

অনন্ত ও কালীনাথ একটু দূরে প্ল্যাটফর্মের ফেন্সিংয়ের গায়ে একটা গাছের তলায় দাঁড়িয়ে আছে। একটা খাতায় কালীনাথ কিছু লিখছে। অনন্ত দাঁড়িয়ে আছে, একটু দূরে এক বৈরাগী বাউল গান গাইছে, তাই শুনছে।

বৈরাগী গাইছে—

ও-আমার মনের রাধায় খুঁজে বেড়াই তিন ভুবনে
তিন-মহলা গোলক-ধাঁধায় লুকায় রাধা কোন্ গহনে ?

গান শেষ হল। অনন্ত এগিয়ে গিয়ে বৈরাগীকে ভিক্ষে দিয়ে এলো। কালীনাথ লেখা থামিয়ে ভুরু কুঁচকে বললে, ওকে পয়সা দিলি কেন ?

—দোষ কি হল ? তুমি কিন্তু অদ্ভুত কালীদা।

—হ্যাঁ, আর তুই হলি একটা আস্ত ভূত !

—কেন, কেমন গান গাইলে বল তো ? রাধা খুঁজতে যাচ্ছি না আমরা ?

—যাচ্ছি ? গাধা কোথাকার ! তুই যাচ্ছিস আমার রাধা খুঁজতে, আমি যাচ্ছি তোর রাধা খুঁজতে। ও বেটা খুঁজছে নিজের রাধা। ওকে পয়সা আমরা দেব কেন ?

অনন্ত হাসতে লাগল।

কালীনাথ বললে, এখন নে, খাতাটা ভাল করে পড়ে নে। সব পরিষ্কার করে লিখে দিয়েছি। ট্রেনে মুখস্থ করে নিবি। একটি একটি করে জিজ্ঞেস করবি।

অনন্ত খাতাটা নিয়ে চোখ বুলিয়ে বললে, কি, এটা কি ? দস্তয়েভস্‌কি ?

—হ্যাঁ, দস্তয়েভস্‌কি। রাশিয়ান লেখক একজন।

—বাব্বাঃ ! এর চেয়ে হিরণ্যগর্ভ যে সোজা কালীদা ! ও-রকম বিদ্‌কুটে নাম বাদ দাও তুমি। বিয়ে করে বউ আনবে, মাস্টার আনবে না। তার জন্যে কি বলে—কি এটা, দ-স্ত-য়ে-ভস্‌কির দরকার কি বল তো ? ও আমি পারব না। হয়তো আমার মুখেই আটকে যাবে। তার থেকে আমি শুক্‌তো রাঁধতে পারে কিনা জিজ্ঞাসা করব। বড় জোর জলধর-চলধর গোছের সোজা নাম থাকে তো বল।

—আচ্ছা আচ্ছা, মোপাসাঁ তো মনে থাকবে, জিজ্ঞেস করবি, মোপাসাঁর লেখা পড়েছেন? যদি বলে পড়েছে, তবে শুধুবি, মোপাসাঁর কোন্ গল্পটা সব থেকে ভাল লাগে, নেকলেস না বল অফ ফ্যাট? ও দুটোই শুই জানিস, ট্রানস্লেশান করে পড়ে শুনিয়েছি তোকে।

—তা শুনিয়েছ। কিন্তু তার চেয়ে বঙ্কিমবাবু শরৎবাবু কতটা পড়েছে জিজ্ঞেস করলে হত না?

—না। আর জিজ্ঞেস করবি, এলিয়ট বড় কবি না রবীন্দ্রনাথ বড় কবি? লিখে দিয়েছি খাতায়, ভুলবি নে!

ওদিকে ট্রেনের ঘণ্টা পড়ল। একজন বেয়ারা ছুটে এলো, গাড়ি আসছে ছোটবাবু!

অনন্ত ছুটে চলে গেল।

*

হরদাসবাবুর বাড়ি। সাজানো ঘর। কনে দেখবার জন্যে একটু বিশেষ পরিচ্ছন্নতা লক্ষ্য করবার মত।

হরদাসবাবু সিগারেট খাচ্ছিলেন এবং একটা ফুলদানিতে কিছু ফুল গুছিয়ে রাখছিলেন। এমন সময় এলেন হরদাসবাবুর মা নিস্তারিণী দেবী। হরদাসবাবু সিগারেটটা পিছনে লুকিয়ে ফেললেন।

নিস্তারিণী দেবী বললেন, ট্রেন তো চলে গেল হরদাস, এঁরা তো এখনও এলেন না!

ঘড়ির দিকে তাকিয়ে হরদাস বললেন, এই তো সাড়ে চারটে মা, চারটে কুড়িতে ট্রেন এসেছে, স্টেশন থেকে আসতেও তো সময় লাগবে।

—বড়ঘরের ব্যাপার বাবা, তাই মনে সন্দেহ হচ্ছে।

—ওইটেই বড়ঘরের বিশেষত্ব মা, কথার খেলাপ করে না। তাছাড়া আমরা বনেদী না হই, আজ তো তোমার আশীর্বাদে তোমার ছেলের কোন অভাব নেই মা। সেদিক দিয়ে তো আমরাও কম যাই না। আমাদের উপেক্ষা—

বাইরে মোটরের হর্ন বাজল।

—ওই, ওঁরা এসে পড়েছেন, যাও, তুমি ভিতরে যাও।

নিস্তারিণী দেবী ঢুকে গেলেন ঘরের দরজা খুলে।

ঘরের মধ্যে সামনে ঠাকুরের সিংহাসনে পটে-আঁকা যুগলমূর্তি, তার সম্মুখে প্রণতা হয়ে রয়েছে ব্রজরাণী। পিছনটা দেখা যাচ্ছে সামনে থেকে। চুল এলো হয়ে সারা পিঠে ছড়িয়ে পড়েছে। নিস্তারিণী দেবী এসে সস্নেহে পিঠে হাত রাখলেন, এবার ওঠ্, ওঁরা যে এসে গেছেন।

বাইরের ঘরে তখন কালীনাথ এবং আত্মীয়েরা এসে বসেছেন। ব্রজরাণী ধীর পদক্ষেপে এসে প্রণাম করলে।

গলা শোনা গেল ঘটকের, মুখ তোল মা, মুখ তোল। ওই প্রণাম ঢের হয়েছে মা। এইবার টু দি পয়েন্ট মিলিয়ে নেবেন স্যার!

ব্রজরাণী ধীরে ধীরে মুখ তুললে।

প্রসন্ন সরল প্রশান্ত একখানা মুখ।

কালীনাথের দৃষ্টি বিমুগ্ধ বিস্ময়ে নিষ্পলক হয়ে গেল।

ঘটক বললে, জিজ্ঞেস-টিজ্ঞেস করুন স্যার!

কালীনাথ। এঁ্যা? হ্যাঁ, আপনার নামটি কি বলুন তো?

নতমুখে ব্রজরাণী বললে, শ্রীব্রজরাণী দেবী।

—ব্রজরাণী দেবী। চমৎকার নাম।

—শুধু তাই নয় স্যার, দেবীতে পর্যন্ত টু দি পয়েন্ট মিল, সাক্ষাৎ দেবী!

—আচ্ছা, রামায়ণ পড়েছেন তো, কাকে সব চেয়ে আপনার ভাল লাগে?

—রামকে।

—রামকে? রাম সীতার অগ্নিপরীক্ষা নিয়েছিলেন, আবার পরীক্ষা নিতে গিয়ে বনবাসে দিলেন, তবু রামকে ভাল লাগে আপনার?

ব্রজরাণী বিব্রত হয়ে চেয়ে রইল। তারপরে বললে, কিন্তু রাম তো সীতাকে প্রাণের চেয়েও ভালবাসতেন। তিনি তো নিজের ইচ্ছায় দুঃখ দেন নি। আর তিনি নিজেও তো কম দুঃখ পান নি। আর—

—বলুন, কি বলছেন?

—রামায়ণে রাম ছাড়া আর কাকে ভাল লাগবে?

ঘটক তাড়াতাড়ি বলে উঠল, কেন মা-লক্ষী—হনুমানকে?

ব্রজরাণী হেসে ফেললে।

ঘটক বললে, দেখুন স্যার, হাসি দেখুন। দেখুন, এ হাসিতে মুক্তো ঝরে স্যার। দেখে নিন।

ব্রজরাণী লজ্জিত হয়ে মাথা নামালে।

কালীনাথ বললে, চমৎকার বলেছেন, রামায়ণে রাম ছাড়া আর কাকে ভাল লাগবে! তবে আমার ভাল লাগে সীতাকে।

ঘটক বলে উঠল, এ মা-লক্ষ্মীটি সাক্ষাৎ সীতা কালীনাথবাবু! তফাৎ শুধু, এ সীতাকে পেতে বরকে ধনুক ভাঙতে হবে না। নাকি স্যার?

কালীনাথ তার মুখের দিকে তাকিয়ে মৃদু হেসে যেন অন্যমনস্ক হয়ে গেল। বললে, তা বটে, ধনুক ভাঙতে হবে না।

এর পরই দেখা গেল, টেবিলের উপর খাতায় কালীনাথ লিখছে, এ সীতাকে পেতে ধনুক ভাঙতে হবে না।

মুহূর্তখানেক পরে কালীনাথ কলম তুলে নিয়ে 'এ' এবং 'না' এই দুটো শব্দ কেটে দিলে।

সে নিজের লেখা ভাল করে পড়লে। মুখে চিন্তাকুল দৃষ্টি। আবার কলম নিয়ে লিখলে, ভাঙতে হবে।

একটু বাইরের জানালার দিকে তাকিয়ে থেকে হঠাৎ একখানা চিঠির কাগজ টেনে নিলে, তারপর লিখলে :

"মহাশয়েষু,

শ্রীযুক্ত হরদাসবাবু, আমি আপনার একজন মক্কেল। আপনি আমাকে একসময়ে জেল হইতে বাঁচাইয়াছেন। সে উপকার আমি ভুলিব না। সেই কারণেই আজ স্বতঃপ্রবৃত্ত হইয়া মহাশয়কে বেনামী পত্রের দ্বারা কিঞ্চিৎ উপকার করিতে চেষ্টা করিতেছি। নাম প্রকাশিত হইলে এখানকার জমিদার হরিহর চট্টোপাধ্যায় আমার ভিটামাটি উচ্ছন্ন দিবেন। হরিহরবাবুর পুত্র অনন্তের সঙ্গে আপনার সীতার মত সুন্দর ভগ্নীটির বিবাহের স্থির করিতেছেন, এ আপনি বানরের গলায় মুক্তাহার পরাইতে উদ্যত হইয়াছেন। অনন্ত বড়ঘরের ছেলে হইলেও ইতর চরিত্র, নেশাখোর, দুর্দান্ত গোঁয়ার এবং বড়লোকের মূর্খ ছেলের সকল দোষেরই আকর। তাহার উপর তাহাদের বাড়িরও এখন পড়ো-পড়ো অবস্থা। মহাশয় বুঝিয়া কাজ করিবেন এই আমার অনুরোধ। ইতি···আপনার জনৈক উপকৃত ব্যক্তি।"

কালীনাথ চিঠিখানা পড়লে।

চিঠিখানা রেখে আর একখানা কাগজ নিয়ে লিখতে আরম্ভ করলে :

"নমস্কারপূর্বক নিবেদন মিদং,

মহাশয়, জনপরম্পরায় জ্ঞাত হইলাম···

বাইরে থেকে ডাকলে অনন্ত, কালীদা!

কালীনাথ চমকে উঠল। তাড়াতাড়ি কলম রেখে, লেখা চিঠি ও খাতা গুটিয়ে তুলে টেবিলের ড্রয়ার খুলে ঢুকিয়ে দিতে দিতে বললে, অনু!

—হ্যাঁ, তোমার কনে চমৎকার কালীদা!

কালীনাথ তার মুখের দিকে স্থিরদৃষ্টিতে চেয়ে রইল, বললে, চমৎকার! সত্যি বলছিস অনু?

—সত্যি বলছি, কালীদা, খাসা মেয়ে!

—তোর পছন্দ হয়েছে?

—হ্যাঁ, তা হয়েছে। চমৎকার লেগেছে আমার।

—তুই আমাকে বাঁচালি অনু!

—ওঃ, তোমার বুঝি উদ্বেগে ঘুম হচ্ছিল না?

হেসে ফেললে কালীনাথ। বললে, বললাম যে, তুই আমাকে বাঁচালি! কিন্তু তোর পায়ে ব্যাণ্ডেজ কেন রে?

—ওঃ, সে এক কাণ্ড কালীদা। তোমার হবু বউকে রক্ষা করতে গিয়ে এই কাণ্ড। পায়ে চোট লেগে গেল সামান্য।

—সে আবার কি?

—সে আর বলো না। ওদের বাড়িতে গিয়ে পৌঁছে দেখি, বাড়িতে হুলুস্থুল কাণ্ড।

কি ব্যাপার, না ঘরের মধ্যে তোমার হবু বউকে সাপে আগলেছে।

—সাপে ?

—হ্যাঁ গো, পুরনো বাড়ি, সামনে পিছনে মস্ত বাগান। গাছের ডাল বেয়ে জানালা দিয়ে এক প্রকাণ্ড গোখরা ঢুকেছিল ঘরে।. ঘরটা লাইব্রেরী ঘর, আলমারিতে বোঝাই। তোমার কনে লাইব্রেরীতে ঢুকে একটা আলমারির দরজা খুলতে গেছে, অমনি শব্দ পেয়ে তিনি গর্জন করে নির্গত হয়েছেন। মেয়েটি লাফিয়ে উঠে পড়েছে টেবিলের উপর। এদিকে ঠিক সাপটা দরজার মুখে, কেউ ঢুকতে পারছে না, চেঁচামেচি করছে। আসল কথা কি জান, ভয়েই অস্থির সকলে। বন্দুক, লাঠি—কিন্তু ঢোকে কে ? আমি দেখে-শুনে বন্দুকটা হাত থেকে নিয়ে চলে গেলাম পিছন দিকের জানালায়। একটা শিক টেনে ছাড়িয়ে—

ঘটনাটা শুনতে শুনতে যেন কালীনাথের চোখের সামনে ভেসে উঠল সবটা ছবির মত :

পৃথ্বীশবাবুর বাড়ির লাইব্রেরী ঘর, দরজার মুখে অনেক লোক ভিড় করে রয়েছে। ভিতরে টেবিলের উপর মীনা দাঁড়িয়ে আছে। টেবিল ও দরজার মধ্যে মেঝের উপর একটা সাপ ফণা তুলে দাঁড়িয়ে দুলছে, গর্জন করছে।

ওদিকে পিছনের জানালার শিক বেঁকিয়ে বন্দুক হাতে অনন্ত ঢুকে ঘরের মধ্যে লাফিয়ে পড়ল। বললে, দরজার মুখ থেকে সকলে সরে যান, আমি গুলি করব, ছর্‌রা ছুটে যেতে পারে।

সঙ্গে সঙ্গে দরজার মুখ খালি হয়ে গেল।

অনন্ত গুলি করলে। সাপটা পড়ে গেল।

অনন্ত হেসে মীনাকে বললে, এবার নামুন টেবিল থেকে, ধরব ?

মীনা সলজ্জভাবে বল্‌লে, না, নিজেই নামছি আমি। কিন্তু ওটা যে এখনও নড়ছে।

—নড়ুক। ফণাটা ভেঙে গেছে।

বলেই এগিয়ে এসে লেজ ধরে সাপটাকে তুলে নিয়ে বেরিয়ে এলো।

বারান্দায় পৃথ্বীশবাবু প্রমুখ লোকজন সবিস্ময়ে দেখলেন। পৃথ্বীশবাবু এগিয়ে এসে বললেন, ফেলে দাও, ওটা ফেলে দাও বাবা, হাত ধোও। বেয়ারা, জল সাবান নিয়ে আয়। ওঃ, ইউ আর এ ব্রেভ ল্যাড, সত্যকার সাহসী ছেলে তুমি! আমি খুব খুশী হয়েছি।

অনন্ত নিজেই সাপটাকে দেখছিল। সে ফেলে দিলে সাপটা সামনের মাঠে ছুঁড়ে।

এই সময় বেরিয়ে এলো মীনা।

বললে, এঃ, আপনার পা কেটে গেল কি করে ?

অনন্ত তার দিকে ফিরে তাকিয়ে হেসে নিজের পায়ের দিকে তাকিয়ে দেখলে, গোড়ালির কাছে খানিকটা কেটে গেছে, রক্ত ঝরছে।

দেখে বললে, বোধ হয় জানালা দিয়ে ঢুকবার সময় কেটে গেছে।

পৃথ্বীশবাবু ব্যস্ত হয়ে বললেন, ইস, এ যে বেশ কেটেছে!

অনন্ত। না সামান্য, ও কিছু না।

—না-না-না, সামান্য নয়। মীনা, টিঞ্চার-আইডিন নিয়ে এসো, পরিষ্কার ন্যাকড়া নিয়ে এসো। যাও যাও।

গল্পটা শেষ করে অনন্ত হাসি-হাসি মুখে কালীনাথের দিকে চাইলে।

কালীনাথ হেসে বললে, তাহলে তো তুই রামের মত ধনুক ভেঙে এসেছিস রে!

—হ্যাঁ, তোমার হয়ে। লক্ষ্মণ রামের হয়ে ধনুক ভেঙেছে বলতে পার।

—আমি কিন্তু তোমার কনে দেখে খুব খুশী হই নি অনু।

—কেন, মেয়ে তো শুনলাম দেখতে ভাল!

—সে তো মাটির পুতুলও দেখতে ভাল, মানুষের চেয়ে অনেক সুন্দর।

—আমিও তো কালীদা ওই কাদা-মাটির মতই মানুষ, সোনা তো নই, সে তুমি।

—না অনু, তুই সোনার চেয়েও দামী রে, তুই হীরে, মানিক। রুপোতে বসালেও তোর দাম কমে না, সোনাতে বসালেও তোর দাম বাড়ে না। তোর মধ্যে খাদ নেই। আমার খাদ আছে।

চুপ করে বিষণ্ণ দৃষ্টিতে তাকিয়ে থাকল কালীনাথ।

অনন্ত বললে, তুমি যে মুষড়ে গেছ কালীদা!

—একটু গেছি।

—কিন্তু এতে আর তুমি কি করবে বল?

—তোকে ঠকাব অনু?

—যার উপরে তোমার হাত নেই, সেখানে তোমার দোষ কি বল?

দীর্ঘনিশ্বাস ফেলে কালীনাথ বললে, ঠিক বলেছিস, যার উপর আমার হাত নেই, তার জন্য আমার দোষ কি! নাঃ, দোষ নেই।

চুপ করে আবার বসে রইল বাইরের দিকে তাকিয়ে।

অনন্ত বললে, চললাম এখন কালীদা। তুমি কেমন হয়ে রয়েছ!

—শরীরটা ভাল নেই রে।

—খুব খেয়েছ বুঝি?

কালীনাথ আবার হাসলে; বললে, ও-বেলা আবার আসিস।

—আসব। বলে অনন্ত চলে গেল।

কালীনাথ একটু চুপ করে বসে থেকে, আবার কাগজ বের করে লিখতে বসল। চিঠি লিখে গেল।

চিঠি শেষ করে পড়ে দেখল একবার। চিঠিতে লেখা আছে:

"নমস্কারপূর্বক নিবেদন মিদং.

মহাশয়, জনপরম্পরায় জ্ঞাত হইলাম যে, মহাশয় অত্র গ্রামের জমিদার বাটীর ভাগিনেয় কালীনাথ চট্টোপাধ্যায়ের সহিত নিজ কন্যার বিবাহের সম্বন্ধ স্থির করিতেছেন। মহাশয়দের বংশ-পরিচয় এবং খ্যাতি আমার সুবিদিত বলিয়া জানাইতেছি যে, কালীনাথ শিক্ষিত অর্থাৎ

এম. এ. পাস করিলেও শিক্ষার কোন গুণ তাহার মধ্যে নাই। নিতান্তই হা-ঘরে স্বভাব, ঘরের অবস্থাও হীন, চরিত্রের দিকও তাই। বাল্যকাল হইতেই চুরি অভ্যাস আছে। স্কুলে সহপাঠীদের বই চুরি করিত। এখনও বন্ধুদের কাছে টাকা ধার করিয়া পরিশোধ করে না। কোন ধর্ম মানে না। নাস্তিক। জ্ঞাতার্থে মহাশয়কে নিবেদন করিলাম। যাহা বিবেচনা হয় করিবেন। ইতি—

জনৈক শুভার্থী"

এই চিঠি যথাসময়ে পৃথ্বীশবাবুর হাতে পৌঁছিল। তিনি চিঠিখানা পড়া শেষ হলে আবার একবার চোখ বুলিয়ে গেলেন। তারপর পকেটে রাখলেন, উঠলেন, গম্ভীরভাবে পায়চারি করতে লাগলেন।

হঠাৎ অ্যালসেসিয়ানটা ডেকে উঠল।

পৃথ্বীশবাবু ধমক দিলেন, এই চুপ, চুপ!

তারপর সামনে তাকিয়ে দেখলেন ঘটক আসছে। ডাকলেন, রামলাল!

রামলাল আসতেই বললেন, নিয়ে যা ওটাকে।

রামলাল নিয়ে গেল। ঘটক এসে নমস্কার করে বললে, তা হলে স্যার, সবই যখন টু দি পয়েণ্ট মিলে গেল, তখন···

—না।

সবিস্ময়ে ঘটক বললে, স্যার!

—পড়, এই চিঠি পড়।

ঘটক চিঠি পড়লে। তারপর বললে, সব বাজে স্যার, সব বাজে।

—বাজে! কেন লোকে বাজে চিঠি লিখতে যাবে?

—যায় স্যার, যায়। হরদাসবাবুর বাড়িতে ঠিক এমনি পত্র!

—তুমি চুপ কর, সন্দেহ যখন হয়েছে, তখন বিয়ে আমি দেব না!

—বেশ তো চলুন, পাত্র দেখে এনকোয়ারী করে পয়েণ্ট বাই পয়েণ্ট মিলিয়ে নেন।

—তার থেকে···

—বলুন স্যার!

—শোন, তার থেকে তুমি—দাঁড়াও, অবনীশ! অবনীশ!

—বাবা! বলে পৃথ্বীশবাবুর বড় ছেলে বেরিয়ে এলো।

—আচ্ছা, অনন্ত ছেলেটি, যে দেখতে এসেছিল মীনাকে, তাকে কেমন লাগল তোমার?

—সুন্দর ছেলে! ব্রেভ, স্ট্রং, ভদ্র—শুধু এর মুখেই যা শুনলুম, লেখাপড়া করে নি···

ঘটক বলে উঠল, করেছে স্যার, করেছে। পাস না করলে কি হবে, বাড়িতে পড়েছে। বুঝেছেন না, পাড়াগাঁয়ের জমিদার-বাড়ি তো, সেকেলে ঢঙ্। ইংরেজী সংস্কৃত অঢেল পড়েছে। বিনয় দেখলেন না? বিদ্যা দদাতি বিনয়ং। টু দি পয়েণ্ট মিলিয়ে নেন।

অবনীশ বললে, তা হতে পারে, বিচিত্র কিছু নয়। মীনাকে যা প্রশ্ন করলে সব, মোপাসাঁর নাম করলে, এলিয়টের কথা জিজ্ঞাসা করলে···

পৃথ্বীশবাবু বললেন, হুঁ, পড়, চিঠি পড়।

অবনীশের হাতে দিলেন, দিয়ে বললেন, বল কি করব?

অবনীশ। চিঠিখানা পাত্রের অভিভাবকের কাছে পাঠিয়ে দিন না।

—না, যে লিখেছে সে বিপদে পড়বে। তারা সেখানকার জমিদার। তার থেকে যদি অনন্তর সঙ্গে বিয়ের সম্বন্ধ করি?

ঘটক। খুব ভাল হবে স্যার, খুব ভাল হবে। বড় দীঘির মাছ বড় দীঘিতে গিয়ে পড়বে। সত্যি বলতে কি কালীনাথের অবস্থা এদের বা আপনাদের তুলনায় তো দীঘির কাছে গোষ্পদ। টু দি পয়েন্ট মিলে যাবে।

—তাই কর ঘটক। ছেলে দেখেছি, ছেলে-মেয়ে পরস্পরকে দেখেছে, তাই কর অবনীশ, তাই আয়োজন কর।

বিয়ের শানাই বেজে উঠল।

আলোকোজ্জ্বল বিয়েবাড়ি। পাত্রের অন্দর। উলু পড়েছে।

কয়েকজন কুটুম্বিনী কথা বলছেন, কি কাণ্ড মা, কনে বদল হয়ে বিয়ে!

—ভবিতব্য ভাই, একেই বলে যে যার হাঁড়িতে চাল দিয়েছে।

—ঠিক বলেছ, তা নইলে এরা চাইলে পাসকরা পাত্র, ওরা চাইলে বনেদী বাড়ি, শেষে মত বদলে এরা দিলে একটাও পাস-না-করা অনন্তর সঙ্গে বিয়ে, ওরা দিলে মামার বাড়ির ভাগ্নে কালীর সঙ্গে বিয়ে!

—না হে না, আসল কথা হাল-আমলের কাণ্ড!

—তাহলে ভাণ্ডটা ভাঙি হাটের মাঝখানে? কনেরা পছন্দ করেছে! এ কি ভাই আমরা যে চোখ বুজে শুভদৃষ্টি? এ মেয়ে অনন্তকে দেখে ভুলেছে, ও মেয়ে কালীকে দেখে ভুলেছে, তারপর গোসা-ঘরে খিল দিয়েছে। কি? না, ওই যে দেখতে এসেছিল, তাকে ছাড়া বিয়ে করবে না।

একটি মেয়ে ছুটে এলো।

—ওগো, অনন্তদার বউ কি চমৎকার গান গাইছে গো!

—তাই নাকি?

—এসো, এসো, শুনবে এসো।

—আমরা যাব? লজ্জা করবে না তো?

—লজ্জা? অনন্তদার বউ একেবারে মডার্ন মেয়ে। সে তোমার কালীদার বউ, একেবারে চুপ করে বসে আছে। যেন একরাশ সাদা পদ্মফুলের গোছা, কথা নেই, শুধু একটু মিষ্টি গন্ধ উঠছে।

—চুপ কর্ ছুঁড়ি, এখুনি গিন্নী শুনবে।

—সত্যি বলছি তো, মিথ্যে তো বলছি না।

—বললে কি হবে, অনন্তর বউ বেটার বউ না ?

—বেশ চুপ করলাম। এখন এসো, গান শুনবে এসো।

একটি সাজানো ঘরে দুই বউ বসে আছে। চারিদিকে তরুণীদের ভিড়।

মীনা গান গাইছে :

সুন্দর মম গৃহে আজি পরমোৎসব রাতি !

ব্রজরাণী একপাশে বসে মুগ্ধ হয়ে শুনছে। মধ্যে মধ্যে ঘোমটা খসে পড়ছে। সে তুলে নিচ্ছে।

আর একখানা ঘরে কালীনাথ এবং অনন্ত বসে ছিল।

গানের সুর ভেসে আসছিল।

কালীনাথ বললে, তুই ভাই জিতে গেলি অনু। ওঃ, তোকে যদি দেখতে না পাঠাতাম রে !

অনন্ত হেসে বললে, দোহাই কালীদা, আমাকে দোষ দিও না। তারপর হঠাৎ গম্ভীর হয়ে বললে, আর বউদিকে তো দেখলাম কালীদা, উনি স্বর্গের দেবী। ওঁকে পেয়েছ, তোমার ভাগ্যের আর সীমা নেই। তুমি যদি নিজেকে···

—না না অনু, ওটা তোকে আমি ঠাট্টা করে বলছিলাম। আমি সুখী হয়েছি, আমি সুখী হয়েছি।

ওদিকে গান থামল। বাইরে শানাইয়ের বাজনা শোনা যেতে লাগল শুধু।

এ ঘরে তখন ভিড় কমেছে।

মীনা এবং ব্রজরাণী বসে আছে। মেয়েরা ফুলের মালা পরিয়ে দিচ্ছে।

ওদিকে শাঁখ বেজে উঠল। একটি মেয়ে এসে বললে, এসো গো বউদিরা, এসো, ফুলশয্যার সময় হয়েছে।

বাইরে তখনও বাজনা বাজছে।

পথে পড়ল অনন্তর সেই ঘর—শিকারের জন্ত সাজানো, বন্দুক ইত্যাদি সাজানো।

ব্রজরাণী থমকে দাঁড়াল।

—উঃ, বাঘটা যেন সত্যি জ্যান্ত বাঘ !

সঙ্গিনী বললে, আমাদের ছোট দাদাবাবু মেরেছে ওই বাঘটা, ওই ভালুকটা।

মীনা প্রশ্ন করলে, লাইব্রেরী কোন্‌টা ?

—লাইব্রেরী ?

—হ্যাঁ, পড়বার ঘর ?

মেয়েটি সবিস্ময়ে তার দিকে তাকিয়ে রইল, তা আমি জানি না।

বাইরে উলু পড়ল।

একজন প্রবীণা এলেন, এসো এসো নাত-বউয়েরা, এমন ঠাণ্ডা পায়ে হাঁটলে কি চলে ? ক্ষণ চলে যাবে যে, এসো।

সুসজ্জিত ফুলসজ্জার বাসরে অনন্ত দাঁড়িয়ে আছে।

প্রবীণা মীনাকে নিয়ে ঘরে ঢুকে বললেন, এই নাও ভাই, মহাবীর অর্জুন, তোমার সুভদ্রা নাও। যা কাণ্ড হ'ল—কনে বদল ! এ একরকম সুভদ্রাহরণ। নে ভাই, একবার বাঁয়ে নিয়ে দাঁড়া, দেখি।

মীনা ঘুরে দাঁড়াল।

অনন্ত হেসে বললে, ও-সব এ যুগে চলে না ঠাকুমা।

—তবে আর কি করব ভাই, চলি, দরজা বন্ধ কর্ তুই। বাড়ির ফচকে মেয়েগুলো যা ছিঁচকে, একটু সাবধানে কথা ক'স ভাই।

প্রবীণা চলে গেলেন। অনন্ত দরজা বন্ধ করে ঘুরে দাঁড়াল।

মীনা বললে, তোমাদের এখানকার মেয়েরা কি সেকেলে, কি যে সব যা-তা বলে, বিচ্ছিরি !

অনন্ত হাসলে, কেন, কি বললে ?

—এই তো, এই ঠাকুমা না কে বললেন, সুভদ্রাহরণ, শুনলে না ? হরণ কি ? ছিঃ।

—ও তো আমাদের পুরাণের কথা।

—পুরাণে থাকলেই বুঝি হরণ কথাটা ভাল ?

—আচ্ছা, এবার শিখিয়ে দেব, রূপকথার রাজপুত্রের মত অজগর বধ করে রাজকন্যা জিতে এনেছি।

মীমা এবার হাসল, বললে, চমৎকার, উঃ, বাঘটা যা দেখলাম !

—এক গুলিতে মেরেছিলাম।

—কিন্তু তোমার লাইব্রেরী কোথায় ?

—লাইব্রেরী ?

—হ্যাঁ, বাইরে বুঝি ? কিন্তু সে তো আর চলবে না, ঘরে আনতে হবে।

অনন্ত স্তব্ধ হয়ে গেল।

—তুমি পড়বে, আর আমি পড়ব না বুঝি ? আমি অনেক পড়তে চাই। তুমি জানো না, মূর্খতাকে আমি ঘৃণা করি।

অনন্ত বিবর্ণ হয়ে গেল এবার। বললে, কিন্তু লাইব্রেরী তো আমার নেই।

—নেই ? চুপ করে গেল মীনা। আকস্মিক আঘাতে যেন স্তব্ধ হয়ে গেল।

—না, পড়াশোনা বেশী করি নি আমি। সে তো তোমরা জানো। পড়তে আমার ভালই লাগে না।

মীনা চিৎকার করে উঠল, তাহলে তুমি আমাদের ঠকালে কেন ?

—মীনা, কি বলছ ?

—ঠিকই বলছি। ঘটক বললে…(সে ছুটে গিয়ে বিছানায় মুখ গুঁজে পড়ল।)

অনন্ত স্তব্ধ হয়ে রইল কিছুক্ষণ।

স্তব্ধ ঘরের খোলা জানালায় এসে দাঁড়াল। এবার শুনতে পেলে, কালীনাথ ও ব্রজরাণীর মৃদু কথাবার্তার শব্দ।

কালীনাথ বলছে, মনে থাকবে তো তোমার নিজের কথা, রামায়ণে রাম ছাড়া আর কাকে ভাল লাগবে, সীতাকে প্রাণের চেয়ে ভালবাসতেন বলেই তিনি তাকে দুঃখ দিতে পেরেছিলেন !

ব্রজরাণীর কথা শোনা গেল, এ কথা কি ভোলা যায় ?

—জানো তো, এটা আমার নিজের বাড়ি নয় ? আমার বাড়ি গরীবের বাড়ি, ভাল লাগবে তো ?

—সেই তো আমার বাড়ি। শিব শ্মশানে থাকেন, গৌরীর সেই হ'ল রাজ-অট্টালিকা।

মধ্যে মধ্যে বাইরে একটা গাছের মাথায় একটা প্যাঁচা ডেকে মৃদুস্বরের কথা ঢেকে দিচ্ছিল। অনন্ত সেই দিকে রূঢ় দৃষ্টিতে তাকিয়ে হঠাৎ বন্দুকটা নিয়ে শব্দ করে গুলি ছুঁড়লে।

বাইরে বাজনা থেমে গেল।

কালীনাথ চিৎকার করে বললে, কি হ'ল ?

মীনা চমকে উঠে বসল।

বাইরের দরজায় ধাক্কা পড়ল।

অনন্ত দরজাটা খুললে। সামনে দাঁড়িয়ে মা, কালীনাথ, আরও কজন।

—কি হ'ল অনু ?

—একটা কাল-পেঁচা, চিৎকার করছিল, গুলি করে মেরেছি। সর, পথ দাও।

—কোথা যাবি ?

—মাথার ভিতরে অসহ্য যন্ত্রণা। মাথাটা ধোব।

বিছানায় বসে রইল মীনা। মুখ যেন তার বিবর্ণ শীর্ণ হয়ে গেছে।

মীনা পিত্রালয়ে ফিরে এসেছে।

ফুলশয্যার রাত্রের সেই মুখ, সেই দৃষ্টি।

কেউ যেন প্রশ্ন করলে তাকে, ইস্, এ কি তোর চেহারা হয়েছে মীনা ?

তার মুখ দেখে তাকে প্রশ্ন করলেন তার মা।

মীনা ঘরের মধ্যে দাঁড়িয়ে আছে। পাশে তার বাক্স ইত্যাদি নামানো রয়েছে। আরও বয়ে আনা হচ্ছে।

কুটুম্বিনীরা দাঁড়িয়ে আছে। মীনা মায়ের প্রশ্নের কোন জবাব দিল না।

মা এগিয়ে এসে কপালে হাত দিয়ে প্রশ্ন করলেন, অসুখ-বিসুখ করে নি তো ?

মীনা মায়ের বুকে মুখ গুঁজে দিলে।

—মীনা

মীনা কাঁদতে লাগল।

মা বললেন, যাও, যাও, তোমরা একটু সরে যাও সব, শুনছ?

একজন বললে, আগে অষ্টমঙ্গলার করণগুলো সারুন।

মা ধমক দিয়ে বললেন, সে হবে। তোমাদের যেতে বলছি, যাও এখন। যাও।

সকলে এবার চলে গেল।

—মীনা!

মুখ লুকিয়ে রেখেই মীনা জবাব দিলে, তোমরা আমাকে শেষে একজন মূর্খ বড়লোকের ছেলের হাতে সঁপে দিলে মা!

—কি বলছিস মীনা?

—হ্যাঁ, মা।

মা এবার দু' হাতে ঠেলে মীনাকে সামনে সোজা করে দাঁড় করালেন, বললেন, মীনা!

—ক্লাস নাইন পর্যন্ত পড়ে পড়া ছেড়েছে। শিকার করে, বাঘ-ভালুক মেরে বেড়ায়, নিত্য সকালে উঠে চাঁদমারি করে। বাড়িতে শুধু বন্দুক তলোয়ার ঢাল বারবেল মুগুর। একখানা বইয়ের সঙ্গে সম্বন্ধ নেই।

—কিন্তু ঘটক যে বললে···

—মিথ্যে, মিথ্যে, সব মিথ্যে!

—ঘটক নয় মিথ্যে বললে, কিন্তু তোকে দেখতে এসে···

—সে সব ওর পিসতুতো ভাই খাতায় লিখে দিয়েছিল, ও মুখস্থ করে এসেছিল।

আবার সে মায়ের বুকে মুখ লুকিয়ে কাঁদতে লাগল।

মা তার পিঠে হাত বুলিয়ে ডাকলেন, রামলাল!

রামলাল এসে দাঁড়াল।

—বাবুকে ডেকে দাও। বলো যেন এক্ষুনি আসেন।···আয়, এখন হাত-মুখ ধুবি চল্। তা এর জন্যে কি, অনন্ত নতুন করে পড়াশুনা করুক, ভাল মাস্টার রেখে পড়ুক।

অনন্ত বাইরে চুপ করে বসে রয়েছে। তার বড় শালা অবনীশ রয়েছে। গুটিদুয়েক ছোট ছেলে-মেয়ে ঘুর ঘুর করছে।

অবনীশ বকে যাচ্ছে। অনন্ত বিষণ্ণতার মধ্যে স্তব্ধ।

অবনীশ বলছে, আমার একজন বন্ধু আছেন, বেশ বড় শিকারী। প্রতি বছর শীতে হাজারিবাগ কিংবা তরাই, কি আসামে শিকারে যাবেনই। মোটর-টোটর নিয়ে বেশ আয়োজন করে যান। আপনার সঙ্গে আলাপ করিয়ে দেব, মিলবে ভাল আপনাদের। ভদ্রলোক মাচায় বসে বাঘ মারেন, তাঁবুতে এসে বই পড়েন। বিজনেসম্যান তো, এমনিতে

পড়াশুনা করার সময় হয় না, ওই শিকারে গিয়ে পড়ে ফেলেন একগাদা বই।

হেসে হাতের সিগারেটটা ঝাড়তে লাগল।

ঠিক এই মুহূর্তে একটি ছেলে এসে একখানা বই অনন্তর হাতে দিলে, পড়ুন জামাইবাবু।

অনন্ত বইখানার দিকে তাকালে—তারপর তাকালে ছেলেটির দিকে।

অবনীশ বইখানা নিয়ে দেখে বললে, শর্ট স্টোরিজ অফ্ মোপাসাঁ। মোপাসাঁ তো আপনার ফেবারিট, এ্যাঁ?

অনন্ত সোজা হয়ে বসল। বললে, মোপাসাঁর গল্প দু-তিনটে বাংলায় আমি পড়েছি অবনীশ-বাবু, কিন্তু ইংরিজী আমি পড়ি নি। ইংরিজী আমি ভাল জানি না।

—জানেন না? সে কি?

—হ্যাঁ এবং তার জন্যে আমি লজ্জাবোধও করি না। ছেলেটির দিকে চেয়ে বললে, বইটা তুমি নিয়ে যাও। হাসলে সে—তিক্ত হাসি।

ঠিক এই সময়ে প্রবেশ করলেন পৃথ্বীশবাবু এবং তাঁর স্ত্রী।

অবনীশ উঠে দাঁড়াল, অনন্তও দাঁড়াল। দুজনকেই প্রণাম করলে—আগে শাশুড়ীকে।

পৃথ্বীশবাবু বললেন, আবার কেন, একবার তো করেছ!

অনন্ত। কিন্তু এই তো নিয়ম আমাদের।

পৃথ্বীশবাবু। নিয়ম-টিয়মের বাহুল্যগুলোকে ছেঁটে দাও। একালে একালের মানুষ হও। এখন শোন, আমি কলকাতায় যাচ্ছি। কলকাতার বাসায় তোমার থাকবার ব্যবস্থা করছি আমি। তোমার বাবাকেও লিখছি। আমার ইচ্ছে কলকাতায় থেকে তুমি ভাল করে পড়াশুনা কর। অবশ্য লেখাপড়া তুমি জানো না এ বলছি না আমি, কিন্তু আরও শেখো, আরও পড়।

অনন্ত হঠাৎ উদ্ধতের মত মাথাটা তুলে দাঁড়াল।

মীনার মা তার হাতখানি ধরে বললেন, এসো বাবা, ভেতরে এসো, ও-সব কথা পরে হবে।

একখানি ঘরের মধ্যে তাকে বসালেন। টেবিলের উপর জলখাবার সাজানো রয়েছে। শাশুড়ী বললেন, বসো, জল খাও।

ওদিকে নজর পড়তেই জলের গ্লাসটি তুলে নিয়ে বললেন, কি কাজ এদের, জলটা আঢাকা দিয়েছে। বেয়িয়ে গেলেন।

বাইরে মেয়ের হাতে জলের গ্লাস দিয়ে বললেন, ভাল করে হাসিমুখে কথা বলবি, অনুরোধ করবি, মিনতি করবি। বলবি, আমার উপর তুমি রাগ করো না, আমার দুঃখটা তুমি বোঝ, আমার অন্য জামাইবাবুরা কত বিদ্বান, তাদের কাছে আমার লজ্জা ঘোচাতে হবে। বুঝলি? ছি, জল মোছ্। যা।

মীনার চোখ থেকে জল গড়িয়ে পড়েছিল। মা মুছিয়ে দিলেন, ঘরের দরজায় এগিয়ে দিলেন।

মীনা ঘরের মধ্যে ঢুকে গেল। মা অপেক্ষা করে রইলেন। একটা কিছু পড়ে গেল, শব্দ হ'ল। মা বললেন, ফেললি তো জলের গ্লাসটা ?

ঘরে ঢুকলেন। দেখলেন, মীনা দাঁড়িয়ে আছে বিবর্ণমুখে। হাতের গ্লাসটা পড়ে গেছে। ঘর শূন্য অর্থাৎ অনন্ত নেই। শুধু খাবার পড়ে আছে।

কালীনাথের বাড়িতে বাড়িঘর সাজানো হয়েছে।

সংসার পেতেছে তারা। অর্থাৎ কালীনাথ ও ব্রজরাণী।

শোবার ঘরে কালীনাথ দাঁড়িয়ে মাথা আঁচড়াচ্ছে।

বাইরে থেকে ব্রজরাণীর মৃদু কণ্ঠস্বরে গানের সুর ভেসে আসছে—

সুন্দর মম গৃহে আজি পরমোৎসব রাতি !

কালীনাথ কান পেতে শুনে হাসলে।

তারপর চিরুনি রেখে পাশের ঘরের দরজা খুলে বেরিয়ে পড়ল, টেবিলের উপর ফুলের মালা ছিল, একগাছি তুলে নিলে। বেরোল গাইতে গাইতে—

তব কণ্ঠে দিব মালা—দিব চরণে ফুল-ডালা
আমি সকল কুঞ্জ কানন ফিরি এসেছি যুথী জাতি—

পাশের ঘরটি তার পড়ার ঘর।

এখানিও চমৎকার পরিচ্ছন্ন। জানালায় দরজায় পর্দা। আসবাব দামী নয় কিন্তু সুন্দর। তারও চেয়ে সযত্ন পরিচ্ছন্নতার পরিচয় বড়।

গাইতে গাইতেই কালীনাথ ঘরখানি অতিক্রম করে গেল। এবারে এলো উঠানে।

একদিকে রান্নাঘর ভাঁড়ারঘর—ওদিকে কুয়া বাথরুম ইত্যাদি। কুয়াটিকে ঘিরে সুন্দর ফুলের গাছ। পরিচ্ছন্ন তকতকে উঠান।

ভাঁড়ারঘরের দাওয়ায় বসে ব্রজরাণী ফল কাটছিল।

সে সহাস্যে কালীনাথের দিকে তাকিয়ে মুখ নিচু করলে।

কালীনাথ এসে মালাটি গানের লাইনের সঙ্গে ব্রজরাণীর গলায় পরিয়ে দিলে।

ব্রজরাণী লজ্জায় মুখ ফেরাতে গিয়ে বঁটিতে হাত কাটলে। যন্ত্রণায় বলে উঠল, উঃ !

—কাটলে তো হাত ?

—একটু কেটে গেল।

—দেখি, দেখি, এই বুঝি একটু ?

আঙুলটি মুখে পুরতে গেল।

—ছাড়ো ছাড়ো···

—তুমি জানো না, মুখে অমৃত আছে। বলে পকেটের রুমাল বের করে ছিঁড়ে বাঁধতে লাগল কালীনাথ।

বাইরে কেউ ডাকলেন, বউমা !

ব্রজরাণী বললে, ছাড়ো ছাড়ো, মামীমা এসেছেন। তুমি পালাও, ঘরে যাও।

সে বঁটির উপর থেকে উঠে দাঁড়াল।

কালীনাথ পালাতে পালাতে ইশারা করে বললে, মালা—মালাটা!

ব্রজরাণী মালাখানি খুলে তার দিকে ছুঁড়ে দিয়ে এগিয়ে গেল বাইরের দরজার দিকে।

দরজা খুলতেই ঢুকল অনন্তর মা।

—ও-বেলা খবর পাঠাও নি, ভাল আছ তো?

—ভুলে গেছি মামীমা। আমার ওই দোষ, বড্ড ভুলে যাই।

—এ বয়সের ঐ ধর্ম মা। তোমরা সুখে থাকো। সেইটুকু শুনলেই আমরা খুশী।

—ঠাকুরপো কদিন আসছেন না কেন মামীমা?

—কি জানি মা, কিছু বুঝতে পারছি না। হঠাৎ শ্বশুরবাড়ি থেকে চলে এলো, বললে, এমন শরীর খারাপ হ'ল যে থাকতে ভরসা হ'ল না। তাছাড়া তোমাদের জন্য মনটাও কেমন করে উঠল। সেখানে না বলে চলে এসেছি, একটা চিঠি লিখে দাও। ···সেই থেকে কেমন হয়ে গেছে। কি রয় করে ঘরে বসে!

—মীনাকে আনছেন না কেন?

—সে আবার ওঁরা বলেন, এখন কিছুদিন এখানে থাকে। কর্তা বলেন থাক্, দ্বিরাগমন এক বছর পরেই তো হয় চিরকাল। কালীনাথের নয় সংসারে লোক নেই, অনন্তর তো তা নয়। আসল কথা বুঝতে পারছি না মা, কত্তায়-কত্তায় চিঠি চলছে। কি চিঠি তা জানি না।

—ঠাকুরপোকে পাঠিয়ে দেবেন, বলবেন, আমি বলেছি।

—বলব।

অনন্ত তার ঘরের মধ্যে স্তব্ধ হয়ে দাঁড়িয়ে আছে। খাটের উপর কয়েকখানা খোলা বই। ওদিকে দেওয়ালে অস্ত্র-শস্ত্র। একটা দ্বন্দ্বের মধ্যে পড়েছে। অকস্মাৎ বইগুলিকে বন্ধ করে দিল এবং বন্দুক তুলে নিয়ে কার্টিজ বেল্ট পরে বেরিয়ে পড়ল।

বাইরে এসে পড়তেই শুনতে পেল বাবার কণ্ঠস্বর, ক্রুদ্ধ কণ্ঠস্বর তাঁর, এ আমি ক্ষমা করব না, কখনও না।

মায়ের কণ্ঠস্বর শোনা গেল, চুপ কর, ঘরের কেলেঙ্কারি—ছি!

বাবার শয়নঘরে কথাবার্তা হচ্ছিল। কর্তা পায়চারি করতে করতে বললেন, অনন্ত লেখাপড়া শেখে নি কিন্তু সে অমানুষ নয়, কেলেঙ্কারি কিসের?

—কিন্তু পুত্রবধূও তো তোমারই পুত্রবধূ!

—ভুল করেছি। নিজে না দেখে না বুঝে ওখানে বিবাহ দিয়ে ভুল করেছি। নতুন পাখা গজালে এমনি হয়, আকাশে উঠে মাটিকে মাটির মানুষকে তুচ্ছই ভাবে। আস্পর্ধা দেখ, লিখেছে অনন্ত অপদার্থ। শুধু তাই নয়, পড়ে দেখ কি লিখেছে—আমাকে লিখেছে প্রতারক।

—সে কি, কি বলছ তুমি ?

—পড়ে দেখ। পত্র দিলেন।—পড়ো, আমরা নাকি মূর্খ ছেলের বিবাহ দেবার জন্য কালীনাথের নামে অপবাদ দিয়ে বেনামী চিঠি দিয়েছি। আমি বেনামী চিঠি লিখেছি ? আমি এ চিঠির উত্তর দেব না। তুমি বেয়ানকে চিঠির জবাব লিখে দাও, কন্যাকে যেন সেখানেই রাখেন তাঁরা।

তিনি ঘর থেকে চলে গেলেন বেরিয়ে। অন্য দরজা দিয়ে ঘরে ঢুকল অনন্ত।

—মা ?

—অনন্ত !

—দেখি পত্রখানা।

মা তার হাতে দিলেন পত্র। অনন্ত পড়লে।

শেষাংশে লেখা : 'প্রমাণস্বরূপ বেনামী পত্রখানিও এই সঙ্গে পাঠালাম। আমার দৃঢ় বিশ্বাস, এ বেনামী পত্র আপনার ইঙ্গিতক্রমেই লেখা হয়েছিল। ইতি—

পৃথ্বীশ চট্টোপাধ্যায়

মা বললেন, তোর আমি আবার বিয়ে দেব বাবা।

অনন্ত কথার উত্তর না দিয়ে তাড়াতাড়ি খামখানার ভিতর হাত পুরলে, বের করে আনলে সেই বেনামী পত্রখানা।

মা প্রশ্ন করলেন, ওখানা ?

বেনামী চিঠিখানা।

—দেখি !

পত্রখানা খুলেই অনন্ত চমকে উঠল।

—অনন্ত ?

অনন্ত পত্রখানা মুড়ে পকেটে পুরলে।

—দেখি পত্রখানা, দে।

না। সে বাইরের দিকে অগ্রসর হ'ল।

—অনন্ত !

—না-না-না। হঠাৎ ঘুরে দাঁড়িয়ে বললে, পত্রখানা আমিই লিখিয়েছিলাম মা, ওদের দোষ নেই।

—তুই লিখিয়েছিলি !

—হ্যাঁ মা, আমিই লিখিয়েছিলাম।

সে বেরিয়ে চলে গেল। গ্রামের পথ ধরে হেঁটে চলল।

নিস্তব্ধ দ্বিপ্রহর। পথের ধারে গাছতলায় একটি সাঁওতাল মেয়ে শুয়ে আছে। মাথার শিয়রে বসে একটি সাঁওতাল যুবক নিজের মাথায় গোঁজা কৃষ্ণচূড়ার ফুল খুলে তার মাথায়

পরিয়ে দিচ্ছে।

অনন্ত থমকে দাঁড়াল।

মেয়েটা হেসে বললে, কি দেখছিস বাবু? উ আমার বর বটে!

অনন্ত হাসল। আবার চলল।

পুরুষটি ডাকলে, বাবু!

—কি বলছিস?

—ফুল লিবি বাবু?

—কি করব নিয়ে?

—তুর বউকে দিবি। চুলে পরায়ে দিবি।

—না, আমার বউ নেই।

মেয়েটি উঠে বসে বললে, হ, সি দিন যি তুর বিয়া হ'ল।

—বউ বাপের বাড়ি আছে।

—তবে, তবে এগুলো তু নিজে লে, আমাদিগে চারটে পোয়সা দে, না হয় এখুনি আমাদিগে পোয়সা দে!

—তাই নে! হেসে সে পয়সা দিলে। তারপর চলতে গিয়ে হঠাৎ দাঁড়িয়ে বললে, দে, ফুলটা দে।

ফুল নিলে হাতে করে; এসে উঠল কালীনাথের দরজায়। কড়ায় হাত দিয়ে থমকে দাঁড়াল।

মৃদু গানের সুর কানে এলো:

সুন্দর মম গৃহে

ঘরের ভিতরে কালীনাথ বিছানায় শুয়েছিল। তার মাথায় চুলে আস্তে আস্তে আঙুল চালাচ্ছিল ব্রজরাণী এবং ওই গান গাইছিল:

সুন্দর মম গৃহে

হঠাৎ থেমে ব্রজরাণী বললে, এপ পরটা কেমন হবে দেখিয়ে দাও না, কিছুতেই ঠিক হয় না আমার—

হেসে কালীনাথ দ্বিতীয় কলি ধরলে। কালীনাথ বউকে রবীন্দ্র-সঙ্গীত শেখাচ্ছিল।

কালীনাথের অনেক কল্পনা, অনেক স্বপ্ন—বউকে লেখাপড়া শেখাবে, গান শেখাবে। আরও কত! জীবনের সুখকে সে মধুর থেকে মধুরতর করে তুলবে। মনে মনে গুন্‌গুন্ করে, "মধুর তোমার শেষ যে না পাই!" তৃতীয় কলি দুজনে গাইলে।

ঠিক এই সময়ে দুপুরের বাতাসে হঠাৎ জানালাটা খুলে গেল। সামনের ব্রাকেট থেকে একটা ফুলদানি গেল পড়ে।

ব্রজরাণী বলে উঠল, ওই যা! সে উঠতে গেল।

ভ্রূ কুঞ্চিত করে কালীনাথ প্রথমটা চমকে উঠল। কোথা থেকে যেন বাধা পড়ে, কে

যেন এই স্বপ্ন দেখার মধ্যে চকিত করে দেয়। মুহূর্তে আত্মসম্বরণ করে ব্রজরাণীর আঁচল চেপে ধরলে কালীনাথ, না। মানবে না সে এই বাধাকে। সে নিরীশ্বরবাদী। তার তো অট্টহাস্য করা উচিত। কপালে তার ভ্রূকুটি দেখা দিল।

—দেখছ না জানালা খুলে গেছে?

—যাক্।

বাইরে কড়া নড়ে উঠল।

কালীনাথ ভ্রূ কুঞ্চিত করে বললে, এই দেখ, এই দুপুরে কে এলো আবার, রূঢ়স্বরে হাঁকলে, কে?কে? কে?

অনন্তর গলা শোনা গেল, কালীদা!

—অনু!

কালীনাথ যেন কেমন হয়ে গেল। স্তিমিত, অবসন্ন, অনড়। মুখ তার পাংশু হয়ে গেল। বার বার সে মাথা নেড়ে বলে উঠল, না-না-না!

ব্রজরাণী বিস্মিত হ'ল, কি? কি না? কি বলছ? ঠাকুরপো এসেছেন,-যাও, দরজা খুলে দাও।

সে তাড়াতাড়ি বাইরে চলে গেল।

হ্যাঁ, সম্বিৎ ফিরে এলো কালীনাথের, বললে, তুই যে আর এদিক মাড়াসই না অনু, আয় আয়।

বেরিয়ে গিয়ে দরজা খুলে দাঁড়াল।

অনন্ত হেসে বললে, এলে খুশী হও কিনা সত্যি বল দেখি!

কালীনাথ হেসে উঠল। হাত ধরলে তার।

অনন্ত বললে, তোমাদের আনন্দ-কূজনে ব্যাঘাত করব?

—তোর বউদি কত নায করে তোর। বলে, আমাদের নতুন সংসারে ঠাকুরপো এলেন না! আমারও মনে হয়, অনুর হয়তো ভাল লাগে না আমাদের সংসার, হয়তো—

চুপ করে গেল সে।

ব্যস্ত হয়ে অনন্ত বললে, দোহাই কালীদা, তোমায় হিংসে আমি করি না!

দীর্ঘনিশ্বাস ফেলে কালীনাথ বললে, সে আমি জানি।

—মায়ের মুখে শুনেছি বউদির গুণের কথা। বউদি আসবার জন্যে বলেছিলেন, কিন্তু···

—ওঃ, তাই এসেছিস, দাদার টানে নয়?

—না, সত্যিই তোমার টানে। একটা জিনিস দিতে এসেছি তোমাকে।

—কি?

অনন্ত পকেটে হাত দিয়ে কি ভাবলে, তারপর বের করলে কৃষ্ণচূড়া ফুলের স্তবকটি, নাও, বউদির খোঁপায় পরিয়ে দিও। আর···

হঠাৎ পত্রখানা বের করে হাতে দিয়ে বললে, এই চিঠিখানা!

—কি চিঠি ?

—একখানা বেনামী চিঠি। বিয়ের আগে আমার শ্বশুরকে কে এখান থেকে লিখেছিল, তিনি আবার বাবাকে পাঠিয়ে দিয়েছেন, দেখো তো, একটু খোঁজ করো তো কে লিখেছে।

বলেই সে ফিরল।

কালীনাথ বিবর্ণ মুখে দাঁড়িয়ে রইল।

ঠিক সেই মুহূর্তেই ব্রজরাণী পিছন থেকে বললে, ঠাকুরপো !

ব্রজরাণীর হাতে জলখাবারের থালা। কালীনাথ তার দিকে তাকালে। দরজার মুখে অনন্তও ফিরে তাকালে।

ব্রজরাণী কণ্ঠস্বর উচ্চ করে ডাকলে, না-না, না খেয়ে যেতে পাবেন না ঠাকুরপো।

অনন্ত বললে, বউদি, তুমি স্বর্গের দেবী, তোমার হাতের খাবার যে অমৃত, কি বল কালীদা ?

কালীনাথ বললে, আমার মাথাটা কেমন করছে অনু, আমি শোব গিয়ে; কিন্তু তুই না খেয়ে যাস নে ভাই।

অনন্ত ঘরে বসে খাচ্ছিল। কালীনাথ শুয়ে আছে জানালার দিকে মুখ ফিরিয়ে।

ব্রজরাণী জলের গ্লাস এনে রাখলে টেবিলের উপর।

একটি রেকাবীতে রাখলে পান। বললে, আমার একটি কথা রাখতে হবে ঠাকুরপো ?

—বলুন।

—আমি এবার ব্রত নেব। সাবিত্রী ব্রত। আপনাকে আমার ব্রাহ্মণ হতে হবে।

—ওরে বাপরে ! না বউদি, মুখ্যু বামুন বামুনই নয়। আমি পারব না।

—না ঠাকুরপো, আমি স্বপ্নে দেখেছি, আপনাকে ব্রাহ্মণ করেছি।

—কি সর্বনাশ, গায়ত্রী-টায়ত্রী সব ভুলে গেছি যে ! (জল খেয়ে গ্লাস নামিয়ে বলল) আর এক গ্লাস জল আনুন বউদি।

ব্রজরাণী চলে গেল।

অনন্ত বললে, কালীদা ?

—অনু !

—শরীর কি তোমার এখনো খারাপ করছে ? ওঠো ওঠো, ও কিছু না। তোমার মন এত দুর্বল ? দূর, ওঠো ওঠো।

ব্রজরাণী এলো জল এবং কাঁধে তোয়ালে নিয়ে।

জল নামিয়ে দিয়ে বললে, আর একটা কথা ঠাকুরপো…

—বলুন। গায়ত্রী আমি করি, সেদিকে আমি বামুন, কিন্তু পৈতে ময়লা। তা পৈতেতেও নিত্য সাবান দিয়ে ধবধবে রাখব। আর কি করতে হবে বলুন ?

—মীনাকে নিয়ে আসুন।

কালীনাথ হঠাৎ উঠে বসল। বললে, আমি তোকে একটা কথা বলব ?

—বল্।

—তুই রোজ সকালে আমার কাছে এক ঘণ্টা করে পড়্ অনু।

অনন্ত উঠে দাঁড়াল, না কালীদা, ও পারব না।

বেরিয়ে এলো ঘর থেকে।

—অনু! অনু!

অনন্ত ফিরে দাঁড়িয়ে বললে, তোমার মত হতে আমি পারব না কালীদা। মরে গেলেও পারব না। ও তুমি আমায় বলো না। ঈশ্বর-না-মানা পণ্ডিত হওয়া কি সোজা কালীদা? ও আমি পারব না। বাংলা লেখাপড়া তো জানি, বঙ্কিম-রবীন্দ্রনাথ পড়েছি, নাই পড়লাম ইংরেজীর মোটা বইগুলো, থাক্!

বলেই চলে গেল সে!

অনন্ত বেরিয়ে যেতেই ব্রজরাণী সরল ভাবেই বললে, ঠাকুরপো, ঠাকুরপো, বাঃ বেশ লোক তো আপনি, পড়ার ভয়ে পাঠশালা-পালানো ছেলের মত পালিয়ে যাচ্ছেন যে ঠাকুরপো?

সে অনন্তর পিছনে পিছনে বেরিয়ে গেল বাড়ির বাইরের দরজা পর্যন্ত।

ঘরের মধ্যে একা কালীনাথ তারই লেখা সেই চিঠিখানি খুললে। তারপর মাথা হেঁট করলে।

একটি বিচিত্র শব্দ উঠল, টক্-টক্-টক্।

কালীনাথ মাথা তুলে তাকালে, খুঁজলে শব্দের উৎসস্থান।

আবার শব্দ উঠল, টক্-টক্-টক্।

এবার চোখে পড়ল একখানা ফটোগ্রাফ, তার ও ব্রজরাণীর। সেইটের পাশে দেওয়ালে বসে আছে একটা বড় টিকটিকি!

সে দেওয়ালের কোণ থেকে টেনে নিলে একটা চাবুক। তুললে চাবুক। মারলে। ঝন ঝন শব্দে ছবিখানা ভেঙে পড়ে গেল। টিকটিকিটা কিন্তু মুহূর্তে দেওয়াল বয়ে উঠে কোন্ বরগার ফাঁকে অদৃশ্য হয়ে গেল।

ঠিক এই সময়ে বাইরে অনন্ত চিৎকার করে উঠল, শয়তান! বদমাশ!

ব্রজরাণী চিৎকার করে কালীনাথকে ডাকলে, ওগো!

ছুটে এলো ব্রজরাণী, ওগো, ঠাকুরপো একজন কাবুলিওলার সঙ্গে মারামারি করছে গো, শিগগির এসো!

কালীনাথ ছবিখানার দিকে তাকিয়ে ছিল, সে বললে, ছবিখানা ভেঙে গেল, আমি নিজেই ভাঙলাম।

ব্রজরাণী বললে, ও তো কাচ লাগালেই হবে। এখন শিগগির এসো, এই লম্বা-চওড়া জোয়ান কাবুলীওলা—

দীর্ঘনিশ্বাস ফেলে আত্মসম্বরণ করে কালীনাথ বললে, আঃ, অনুর ওই দোষ, রাগলে জ্ঞান থাকে না!

ব্রজরাণী বিবর্ণ মুখে বললে, উঃ, সে যে কী মূর্তি হয়েছে ঠাকুরপোর, সে তোমাকে কি বলব? আমার সমস্ত শরীরটা ভয়ে থর থর করে কেঁপে উঠল। উঃ বাপ রে, এমন ভাল মিষ্টি মানুষ কি করে যে এমন হয়ে গেলেন!

তখন বাইরে রাস্তার উপরে চারিপাশে লোক জমেছে।

ভিড়ের মধ্যে থেকে কেউ বললে, ছোটবাবু উঠুন, ছাড়ুন ছাড়ুন, আর না।

—ছোটবাবু!

কালীনাথ ছুটে এলো, ডাকলে, অনু, অনু!

সকলে তাকে পথ ছেড়ে দিলে।

ভিতরে দেখা গেল, অনন্ত একজন কাবুলীওয়ালার বুকের উপর বসে রয়েছে, তার গায়ের জামা ছিঁড়ে গেছে, তার দেহের প্রতিটি পেশী যেন ফুলে উঠেছে, মাথার চুল এলোমেলো হয়ে গেছে, গায়ের কয়েকটা জায়গা ছড়ে গেছে।

পথ খালি হতেই কালীনাথ ভিতরে ঢুকতে গিয়ে থমকে দাঁড়াল। সে যেন শঙ্কিত হ'ল, একটা আতঙ্ক তাকে আচ্ছন্ন করে দিল। কি ভীষণ—কি ভয়ঙ্কর অনু!

অনন্ত উঠে দাঁড়াল। কাবুলীটাকে বললে, আর কখনও এমন কাজ করতে যেও না, তোমাকে সাবধান করে দিলাম।

কাবুলীটা উঠে দাঁড়াল। সে বেশ মার খেয়েছে। সে বললে, হামারা রূপীয়াকো ক্যা হোগা বাবু?

—পাবে তুমি। দেবে ও। কই সে? নীলমণি!

একজন বললে, নালমণি? নীলু গ্যাঁজাল? সে তো ছুটে পালিয়েছে ছোটবাবু! অনেকক্ষণ।

অনন্ত। পালিয়েছে? হতভাগা কোথাকার, নির্লজ্জ বেহায়া, টাকা ধার করবার জায়গা পায় না! আচ্ছা, এসো তুমি, আমি তোমায় টাকা দেব।

কালী। অনু, দাঁড়া।

অনন্ত। কালীদা!

হাসলে একটু।

কালী। ছি-ছি-ছি, আয়, ভিতরে আয়। ছড়ে রক্ত পড়ছে, গায়ে ধুলো লেগেছে, জামা ছিঁড়ে গেছে।

অনন্ত। নাঃ, বাড়ি চললাম, ওকে টাকা দিতে হবে। নীলুর গলায় গামছা বেঁধে নিয়ে যাচ্ছিল, আমি ছেড়ে দিতে বললাম তো আমাকে বললে, তুমকো ভি মারেগা ডাণ্ডা। রাগ হয়ে গেল। এখন ওর টাকাটা দিতে হবে বৈকি।

আবার ও হাসলে।

কালী। আমি দিচ্ছি টাকা, আয়, এমন করে যায় না। তোর বৌদি ডাকছে। তারপর তার একটা হাত ধরে বললে, ছি, এমন রাগ, তা হলে—। স্তব্ধ হয়ে গেল কালীনাথ।

উঃ, কি প্রচণ্ড রাগ তোর !

অনন্ত মাথা নেড়ে বললে, উঃ, মাথার মধ্যে একটা আগুনের শিখা যেন এখনও ঘুরপাক খাচ্ছে। কি জানি—হঠাৎ—এক মুহূর্তে—চলো, মাথাটা ধুয়ে ফেলবো।

অনন্ত কালীনাথের বারান্দায় বসে মাথা ধুচ্ছিল।

ব্রজরাণী তোয়ালে নিয়ে দাঁড়িয়ে ছিল। অনন্ত উঠে দাঁড়ালে ব্রজরাণী তোয়ালে হাতে দিল। সে মাথা মুছলে। ব্রজরাণী বললে, একটু হাওয়া করব ঠাকুরপো ?

অনন্ত। না-না বউদি, কোন দরকার নেই, রাগ আমার চলে গেছে।

ব্রজ। উঃ, কি জোর আপনার গায়ে, আর কি রাগ ! ভয়ে যে আমার কি হচ্ছিল, সে…

অনন্ত। আমাকে মাফ করবেন বউদি, আমাকে আপনি মাফ করবেন। বলেই সে প্রায় ছুটে পালিয়ে গেল।

কালীনাথ ঘরের ভিতর থেকে ডাকলে, অনু !

ব্রজরাণী ঘরের ভিতরে এসে বললে, ঠাকুরপো ছুটে পালিয়ে গেল।

কালীনাথ চুপ করে দাঁড়িয়ে রইল।

ব্রজরাণী বললে, আমি কিছু বুঝতে পারছি না, আমার আজ বড় ভয় লেগেছে বাপু !

কালীনাথ একটু চুপ করে থেকে হঠাৎ বললে, তুমি মীনাকে একটা চিঠি লিখবে রাণী ? সে আসুক। এখানে আসুক। লিখবে ?

ওদিকে মীনা নতুন করে জীবন আরম্ভ করবার সংকল্প নিয়ে পড়া শুরু করেছে, গান শিখছে। বাপ তাকে সমর্থন করেছেন। কিন্তু তবু যেন জীবনের সব সুর একটি সূক্ষ্ম বেসুরের সঙ্গে মিশে সব গোলমাল করে দিচ্ছে।

সেদিন তার সঙ্গীত-শিক্ষয়িত্রী তাকে গান শেখাচ্ছিলেন। হঠাৎ মীনা থেমে গেল।

শিক্ষয়িত্রী বললেন, এমন ভাবে কি করে গান শেখাব আপনাকে ? আপনি তো একটুও মন দিচ্ছেন না !

মীনা চমকে উঠে অপ্রস্তুত হয়ে বললে, আমার শরীরটা কেমন ভাল নেই।

—তবে আমি আজ যাই ?

—না-না, আমি এবার মন দিচ্ছি। আপনি শুরু করুন। শিক্ষয়িত্রী একটি গান ধরলেন। মীনা অর্গানের ধারে দাঁড়াল। কিছুক্ষণ পরে আবার জানালার কাছে এসে দাঁড়াল।

শিক্ষয়িত্রী তাঁর গান শেষ করলেন।

মীনার মা এসে ঘরে ঢুকলেন। একখানা পত্র তার হাতে দিয়ে বললেন, তোর চিঠি।

মীনা চিঠিখানা নিয়ে তাকিয়ে রইল। মীনার মা শিক্ষয়িত্রীকে বললেন, আজ আর থাক,

ওর শরীরটা কদিন থেকে ভাল নেই।

মীনা পত্রখানা নিয়ে চলে গেল অন্য ঘরে।

পত্রখানা খুললে সে। ব্রজরাণীর পত্র।

মীনা ভাই,

আমি তোমার দিদি ব্রজরাণী। চিনেছ তো! তুমি ভাই অবিলম্বে এখানে চলে এসো, দেরি করো না। নইলে বোধ হয় ঠাকুরপো পাগল হয়ে যাবে। আশীর্বাদ ভালবাসা রইল।

ইতি—

ব্রজরাণী

বাইরে শোনা গেল মীনার বাবার কণ্ঠস্বর, সিধু ঘটককে পেলে আমি চাবুক মেরে পিঠের চামড়া তুলে দেব। দেখ, মীনার শ্বশুর কি চিঠি লিখেছে দেখ, অনন্ত রাজী হইলে আমি আবার তাহার বিবাহ দিতাম। তাহাই হইত আপনার পত্রের প্রত্যুত্তর। যাহা হউক, বধূমাতাকে অবিলম্বে এখানে পাঠাইয়া দিবেন। ইহাই আমার শেষ পত্র।

মা বললেন, জামাইকে তুমি আসতে লেখো। বেয়াইকে ক্ষমা চেয়ে চিঠি দাও।

বাবা বললেন, না, মীনাকে আমি পাঠাব না। শিখুক, ও লেখাপড়া শিখুক।

—না, তা হয় না।

বাবা বললেন, ছেলেকে তিনি পাঠাবেন না বলে লিখেছেন।

মা বললেন, তবু মীনাকে যেতে হবে। যাবে সে। মীনা!

তিনি ও-ঘরে গিয়ে ঢুকলেন।

—মীনা!

পত্র হাতে মীনা মায়ের দিকে তাকাল।

মা কাছে এসে পত্রখানা টেনে নিতে নিতে বললেন, কার চিঠি? অনন্তর?

মীনা ঘাড় নেড়ে জানালে, না।

মা পড়তে লাগলেন।

মীনা বললে, আমি যাব না। আমাকে তোমরা পাঠিও না।

মা তার দিকে তাকিয়ে বললেন, তোকে যেতে হবে মীনা।

মীনার পিত্রালয়ে মীনা ঘরে বসে পড়ছিল।

বেশভূষার পারিপাট্য নেই। মুখে একটি বিষণ্ণতার ছাপ, কিন্তু তার সঙ্গে রয়েছে একটা নিষ্করুণ কাঠিন্য।

সামনে টেবিলের উপর একখানা পত্র পড়ে রয়েছে। বই পড়ার মধ্যে কয়েকবার সেই পত্রের দিকে তাকিয়ে বই রেখে পত্রখানা নিয়ে খুলে ফেললে। পত্রখানি অনন্তর।

"আমি মূর্খ বলিয়া তোমার মনের দুঃখ এবং রাগ আমি জানি। তোমার মাকে তুমি যে বলিয়াছিলে, তোমাকে জলে ফেলিয়া দেওয়া হইয়াছে, সে আমি সেদিন নিজের কানেই শুনিয়া

আসিয়াছি। কিন্তু তোমাকে বিবাহ করিবার জন্য আমরা তোমাদের প্রতারণা করিয়াছি, এ কথা সত্য নহে। মা-কালীর শপথ করিয়া বলিতে পারি—"

পত্রখানা সে আর না পড়ে হাতের মধ্যে মুঠো করে ধরে রইল। চেয়ে রইল সামনের দিকে।

এমন সময় মীনার এক ভাই এলো ছুটে। এসেই তার হাত চেপে ধরলে, ওঠো, ওঠো দিদি।

—আঃ, রণ্টু!

—জামাইবাবুরা দিদিরা সবাই লনে বসে আছেন। তোমাকে ধরে নিয়ে যাবার হুকুম আমার উপর—জীবিত অথবা মৃত!

—ছাড় বলছি, ছাড় রণ্টু!

এমন সময় দরজার ওপাশ হতে কণ্ঠস্বর শোনা গেল, Hey—who's that? Who's that brute! নারী-কণ্ঠে আর্তধ্বনি? কে বর্বর করে নিপীড়ন?

ঘরে প্রবেশ করল মীনার এক ভগ্নীপতি। নিখুঁত সাহেবী পোশাক-পরা ভদ্রলোক, আরে, আরে, ভাই-বোনে লেগেছে লড়াই, মাই গড! বিচিত্র ভঙ্গি করে দাঁড়ালেন।

মীনা হেসে ফেললে, বললে, দেখুন না রণ্টুর পেজোমি!

—আমি কি করব? জামাইবাবুই তো বললেন ধরে নিয়ে এসো—জীবিত কি মৃত! হাত ছেড়ে দিয়ে সরে দাঁড়াল সে।

এরই মধ্যে কখন মীনার হাত থেকে পত্রখানা পড়ে গিয়েছিল। মীনার ভাই সেই চিঠিখানার দিকে লোলুপ দৃষ্টিতে তাকালো।

জামাইবাবু বললেন, আমি যদি তোমাকে লাঙ্গুলে অগ্নিসংযোগ করে ঘরে লাগাতে বলি, মূর্খ, তাই করবে তুমি?

—Then sir, you are a traitor!

—ইয়েস স্যার, ভগ্নীপতিরা চিরকালই তাই। আই মিন শ্যালকদের কাছে। কিন্তু শ্যালিকাদের কাছে আমরা অনুগত বংশবদ না-কি বশংবদ কি বলে না—সেই রকম ভক্ত। দেবী, ভক্তের কথা রাখো, এসো, আমরা সকলেই তোমার জন্য প্রতীক্ষা করছি।

মীনা হাসলে। বললে, চলুন।

—এই তো! তোমার কণ্ঠের সঙ্গীত ভিন্ন চায়ের আসরটি আমাদের সাজানো বাগান শুকিয়ে যাওয়ার মত হয়েছে।

এই অবসরে ছেলেটি পত্রখানা কুড়িয়ে নিয়ে অন্য দরজা দিয়ে ছুটে পালিয়ে গেল।

সে ছুটতে ছুটতে এলো লনে, চায়ের আসরে।

লনে মীনার দুই দিদি, অপর ভগ্নীপতি, বউদিদি বসে ছিলেন।

গান গাইছিলেন এক দিদি। কেউ ঘাড় নাড়ছিলেন, কেউ কেউ নিজেদের মধ্যে কথা বলছিলেন।

ছেলেটি দিদির কানে কানে কথা বলে পত্রখানা হাতে দিল। দিদি বউদিদি ঝুঁকে পড়ল পত্র পড়তে।

পড়া শেষ করে মুখে রুমাল দিয়ে হাসতে লাগল।

অন্য জামাইবাবুর হাতে দিল পত্রখানা।

এই সময়েই গান শেষ হ'ল।

জামাইবাবুটি পড়তে পড়তে বলে উঠলেন, ওরে বাপ রে, এ যে দেখি নিগমানন্দ স্বামী। মাই গড্! মা কালী জানেন, আমি ইংরাজী লেখাপড়া শিখি নাই, কিন্তু অধার্মিক নই, আমার প্রবৃত্তি হীন নয়, চরিত্র নীচ নয়। ইংরাজী না শিখিলেই অশিক্ষিত হয় না। আমি বাংলা জানি। বাংলা পড়ি। ঈশ্বরে বিশ্বাস রাখি। কিন্তু তোমরা তাহা পছন্দ কর না—

এই সময় দেখা গেল মীনা ও সেই জামাইবাবু আসছেন।

দিদি বললে, চুপ করো, মীনা আসছে।

মীনা এসে বসল। বসেই বললে, কি, আমায় দেখে আলোচনা বন্ধ হ'ল কেন তোমাদের?

ভাইটা বলে উঠল, মা কালীর শপথ করিয়া বলিতে পারি, তোমার পত্রখানি আমি দিয়াছি বটে কিন্তু পড়িতে বলি নাই!

মীনা চমকে উঠল। পরমুহূর্তেই বললে, দাও, আমার চিঠি দাও।

দিদি পত্রখানা হাতে এগিয়ে দিল। মীনা তার সঙ্গের জামাইবাবুর হাতে পত্রখানা দিয়ে বললে, পড়ুন জামাইবাবু, আমার লাভ-লেটার পড়ুন। ভাগ্য, কোষ্ঠী-গণনা এ তো এতদিন মানতাম না, এবার বলুন তো মানব কিনা?

জামাইবাবুটি পত্রখানা নিয়ে বললেন, কি বলব বুঝতে পারছি না, কিন্তু তোমাকে শক্ত হতে হবে, অনন্তকে লেখাপড়া শিখতে বাধ্য কর তুমি।

হাসল মীনা। বললে; মাফ করুন জামাইবাবু, এতটা পারব না। তবে আমি পরীক্ষা দেব, আপনাকে সাহায্য করতে হবে।

ঠিক সেই সময়ে অনন্তর ঘরে অনন্ত বসে ছিল। তার ঘরে দেওয়ালে একখানা নতুন ছবি, কালীমূর্তি। ছবিখানিতে টাটকা ফুলের মালা ঝুলছিল।

সামনে পড়ে ছিল একখানা খোলা পত্র।

এমন সময় এলেন তার বাবা, অনন্ত!

উঠে দাঁড়াল সে, বাবা!

দাঁড়াবার সময় পত্রখানা কুড়িয়ে পকেটে পুরলে।

—তোর শ্বশুর চিঠি লিখেছেন, বউমা এবার এগজামিন দেবেন, এখন এখানে আসা চলবে না।

অনন্ত চুপ করে রইল।

বাবা বললেন, তোর মাকে তুই বলেছিস, সেই বেনামী চিঠি তুই লিখিয়েছিলি—বউমাকে দেখে মুগ্ধ হয়ে ?

অনন্ত চুপ করে রইল।

—তুইআমার মুখে কালি দিয়েছিস।

এবার অনন্ত বললে, না। তা আমি দিই নি, আমার ইষ্টদেবীর শপথ করে বলছি।

বলেই সে দেওয়াল থেকে বন্দুকটা পেড়ে হাতে নিয়ে বেরিয়ে গেল।

—অনন্ত !

দূরে গিয়ে সে দাঁড়াল।

—বন্দুক হাতে যাবি কোথায় এই সন্ধ্যের মুখে ?

—নদীর ধারে জঙ্গলটায় কদিন ধরে একটা চিতাবাঘ উপদ্রব করছে, সেটার সন্ধানে যাব।

যেতে যেতে কালীনাথের বাড়ির দরজার সামনে সে একবার থমকে দাঁড়াল।

কালীনাথ কাকে ডাকছিল, রাণী, রাণী, রাণী।

অনন্ত চলে গেল। কাকে ডাকছে বুঝতে বাকী রইল না।

ঘরের মধ্যে কালীনাথ বসে ডাকছিল, রাণী, রাণী।

কারুর সাড়া না পেয়ে 'রাণী' 'রাণী' বলে ডাকতে ডাকতে বেরিয়ে এলো উঠানের বাগানটিতে।

একটি গাছ থেকে রজনীগন্ধা ফুল তুলছিল ব্রজরাণী। কালীনাথ আবার ডাকলে, রাণী।

সবিস্ময়ে ব্রজরাণী মুখ ফেরাল তার দিকে।

কালীনাথ বললে, সাড়া দাও না কেন ?

—আমাকে ডাকছ ? রাণী কে ? আমি কি রাণী ?

কালীনাথ হেসে উঠল। বললে, হা হতোস্মি !

—কেন ?

—সিংহাসনে বসে রাজদণ্ড ধরে বলছ, আমি কি রাণী ?

—সিংহাসন ! রাজদণ্ড ! কোথায় ? ওই রান্নাশালার টুলটা আর হাতাবেড়ি ? ভাল, রাজ্যটার নাম কি শুনি ?

—আমার হৃদয়-রাজ্য সখি ! প্রথম দিন থেকেই সেখানে তুমি রাণী। আজ ঘোষণা করলাম, বুঝলে ? আজ থেকে তুমি ব্রজরাণী নও—শুধু রাণী !

—না-না, সে আমার লজ্জা করবে।

—এত সরল বলেই তুমি এত সুন্দর !

ব্রজরাণী লজ্জিত হ'ল।

—এখন সুখবর শোন, হয়তো কলকাতায় একটা চাকরি পাব।

—তাহলে আমি কোথায় থাকব ?

—আমার সঙ্গে যাবে।

—কলকাতায় ? কলকাতা কিন্তু আমার ভাল লাগে না। এই চাষ-টাষ ছেড়ে কেনই বা যেতে চাও তো বুঝি না আমি !

—না রাণী, এখানটা আমার অসহ্য হয়ে উঠেছে। আমি আর থাকতে পারছি না। তুমি বুঝবে না, অন—। চুপ করে গেল কালীনাথ। তারপর হঠাৎ আবার বললে, তুমি বুঝবে না।

ব্রজরাণী বললে, ঠাকুরপোকে দেখলে কিন্তু আমার ভয় করে আজকাল।

—আঃ, এই বিয়েটা যদি না হ'ত ! ছি-ছি-ছি, ছি ! আঃ !

—মানা চিঠি লিখেছে, বলতে তোমাকে ভুলে গেছি। সে লিখেছে, সে পরীক্ষা দেবে, এখন আসতে পারবে না। আর আমি তাকে লিখেছিলাম যে, ঠাকুরপো সন্ন্যাসীর মত হয়ে গেছে। তাই লিখেছে, সন্ন্যাসী হতে সে পারবে না। চিঠিখানা দেখাই, দাঁড়াও।

—না-না, আমি আর দেখব না। আমি দেখতে চাই নে। ওদের কথা বাদ দাও। আগে আমি অদৃষ্ট মানতাম না, এখন আমি অদৃষ্ট মানি। যার যা অদৃষ্ট, আমিই বা কি করব ? তুমিই বা কি করবে ? অনন্তর অদৃষ্ট !

অনন্ত তখন একটি গাছতলায় বন্দুক হাতে বসে আছে।

সকালবেলা অনন্তর মা বারান্দায় দাঁড়িয়ে আছেন উৎকণ্ঠিতভাবে। সামনে পথ। সেইদিকেই চেয়ে আছেন তিনি। ভোরবেলা মানুষজন বড় নেই। একটি ব্রাহ্মণ স্নানান্তে কমণ্ডলুতে জল নিয়ে চলে গেলেন। একটি গাছের তলায় একটি মেয়ে ফুল কুড়ুচ্ছে। একটি দরিদ্র মেয়ে একটা ঘুঁটের বোঝা মাথায় নিয়ে চলেছে।

পিছন দিকে ঘরের ভিতর থেকে বেরিয়ে এলেন অনন্তর বাবা।

—রাণীবউ !

চমকে উঠলেন মা।

—কাল রাত্রে অনন্ত তাহলে ফেরে নি ?

মা উত্তর দিতে পারলেন না।

বাবা বললেন, আমারই বোঝা উচিত ছিল, তুমি তিনবার উঠে বাইরে গেলে।

এবার মা বললেন, কাউকে পাঠাব দেখতে ?

—না, পাঠাবে না।

—সে তো অন্যায় কিছু করে নি।

—না, খুব অন্যায় করেছে। দিনরাত্রি ব্যাধের মত বন্দুক হাতে ঘুরে বেড়াচ্ছে, চেহারা হয়েছে বাউণ্ডুলের মত।

—তুমি বাপ হয়ে ওর মনের অবস্থাটা ভেবে দেখছ না, বউমা—

—নিজে সে পছন্দ করে জাল চিঠি লিখে প্রতারণা করে আমার মাথা হেঁট করে দিয়ে বিয়ে করেছে। এতে আমি কি করব ?

তিনি উত্তেজনা-ভরেই পিছন ফিরলেন।

সঙ্গে সঙ্গে অনন্তর মাও পিছন ফিরে তাঁর অনুসরণ করে বললেন, না-না, একথা তোমার মুখে সাজে না। তুমি তার বাপ।

ফিরলেন অনন্তর বাবা। ফিরতেই তাঁর দৃষ্টি পড়ল সামনের রাস্তার দিকে, বললেন, ওই, ওই আসছেন তোমার শ্রীমান, ওই !

মা ফিরলেন, দেখলেন—দূরে অনন্ত আসছে। সঙ্গে কতকগুলি লোক। কী একটা বয়ে নিয়ে আসছে।

অনন্তর বাবা বললেন, বোধ করি চিতাবাঘটা মেরেছে। কোন্ দিন অপঘাতেই জীবনটা ওর যাবে।

মা বললেন, তুমি বেয়াইকে চিঠি লেখ, আমিও লিখছি, বউমাকে পরীক্ষা দিতে হবে না, তাকে পাঠিয়ে দিক, না হলে ছেলের বিয়ে দেব।

অনন্তর বাবা পকেট থেকে একখানা পত্র বের করে তাঁর হাতে দিয়ে বললেন, দিও ওকে। ছেলে তোমার সেপাই হতে চলেছে, রাইফেল শুটিং কম্পিটিশনে নাম দিয়েছে। এই নাও।

বলতে বলতে তিনি চলে গেলেন।

অনন্তর মা তাঁর অনুসরণ করলেন, শোন, শোন !

অনন্ত সত্যিই চিতাবাঘ শিকার করেছিল। নদীর ধারে সারা রাত্রি বসে ছিল একটা গাছের উপর। ওখানেই গোচারণ-ভূমি। নদীর ধারে প্রচুর ঘাস, কয়েকখানা গ্রামেরই চাষীদের গরু চরে। কাজেই খানিকটা জঙ্গল। বাঘটা সেইখানেই আশ্রয় নিয়েছিল এবং কয়েকদিনে কয়েকটা গরু-ছাগল মেরেছে। অনন্ত বাঘটাকে মেরে লোকের কাঁধে চাপিয়ে নিয়ে আসবার পথে উঠল কালীনাথের বাড়ি, বাঘ মেরেছি কালীদা, কই তুমি ?

কালীনাথের বাড়ির উঠানে এসে মরা চিতাটা নামিয়েছিল, চিতাটার উপর পা দিয়ে দাঁড়াল সে। কালীনাথ বেরিয়ে এসে সবিস্ময়ে বললে, তাই তো রে, এ যে সত্যিই বাঘ ! কই আমাকে তো কিছু বলিস নি কাল !

হেসে সে বললে, কি বলব ? তুমি তো বলো, জ্যান্ত বাঘ এক চিড়িয়াখানা আর সার্কাস ছাড়া দেখতে নেই। তাছাড়া বউদি একলা, ভেবে সারা হবেন।

কালীনাথ হঠাৎ ঘরের মধ্যে চলে গেল, বলে গেল, আসছি, দাঁড়া।

সে ক্যামেরাটা নিয়ে ফিরে এসে বললে, দাঁড়া, যেমন আছিস।

দূরে ভীত দৃষ্টিতে চেয়ে দাঁড়িয়ে ছিল ব্রজরাণী।

কালীনাথ ছবি তোলা শেষ করলে, আর একটা, দাঁড়া।

আবার একটা তুলে বললে, ব্যাস্।

অনন্ত চিতাটার উপর বন্দুকের বাঁট দিয়ে আঘাত করে বললে, সাক্ষাৎ শয়তান ছিল বেটা। আট-দশটা বাছুর হত্যা করেছে। শুধু বুকটা খেয়ে ফেলে রেখে যেত।

ব্রজরাণী বললে, আহা, এমন করে কুঁদো দিয়ে ঠুকবেন না ঠাকুরপো। নাঃ, আপনি বড় নিষ্ঠুর কিন্তু।

—ওটা মরা, বউদি।

ব্রজ। তাইতেই তো বলছি ঠাকুরপো, মরা যে, তাকে মেরে কি হবে?

কালীনাথ হো হো করে হেসে উঠল, হেসে বললে, রাণী আমার আশ্চর্য।

ব্রজ লজ্জিত হল।

অনন্ত। এটা তাহলে রইল কালীদা। চামড়াটা চেয়েছিলে তুমি।

অনন্ত যখন বাড়ি ফিরল, তার মা তখন ঘরে বসে পত্র লিখছিলেন।

অনন্ত সামনের দরদালান পার হয়ে চলে গেল।

—অনন্ত?

—মা!

—তোর চিঠি।

সে এসে দাঁড়াল। মা চিঠি হাতে দিলেন।

—এসব তুই ছাড়্ বাবা।

অনন্ত রাইফেল ক্লাবের পত্র পেয়ে পড়তে পড়তে বললে, কেন মা?

—পড়াশুনো কর্ তুই। তোকে পড়তে হবে। আমি চিঠি লিখছি বেয়ানকে বউমাকে পাঠিয়ে দিতে। তুইও একখানা বউমাকে চিঠি লেখ্।

অনন্ত শুধু বললে, না মা! চলে গেল সে।

মা চিঠি লিখতে লাগলেন আবার।

অনন্তর বাবা এসে ঢুকলেন ঘরে। স্ত্রীকে বললেন, চিঠি আমি লিখে দিলাম। মেয়ে না পাঠালে, মেয়ে যেন চিরকাল ঘরেই রাখেন তাঁরা। এ বাড়িতে ঢুকতে তিনি আর পাবেন না!

দুখানা চিঠি যথাসময়েই মীনার পিত্রালয়ে পৌঁছল।

মীনার মার হাতে পড়ল অনন্তর মার পত্রখানা। সেখানা তিনি তাঁকেই লিখেছেন। তিনি সে পত্র পড়ছেন এমন সময় মীনার বাবা এসে ঢুকলেন, বললেন, মীনার শ্বশুর চিঠি লিখেছেন বড় বউ।

তাঁর মুখ থমথম করছে।

মীনার মা মুখ তুলে তাঁর দিকে চাইলেন।

মীনার বাবা বললেন, সিধু ঘটককে পেলে আমি চাবুক মেরে পিঠের চামড়া তুলে দিতাম,

জোচ্চোরি করে মেয়েটাকে আমার—। কথাটা শেষ করতে পারলেন না। চলে যেতে উদ্যত হলেন।

হঠাৎ ঘুরে বললেন, মীনাকে আমি জলে ফেলে দিয়েছি, হাত-পা বেঁধে জলে ফেলে দিয়েছি।

মা বললেন, ছি, কি বলছ তুমি?

—ঠিক বলছি। মূর্খতায় আর লোনা জলে কোন তফাৎ নেই, মুখে দেওয়া যায় না।

মা বললেন, তোমরা অবিচার করছ।

—অবিচার করছি?

—হ্যাঁ, লেখাপড়া লেখাপড়া লেখাপড়া! ওটা বাতিক হলে ওর মানে হয় ইংরেজী বুলির অহঙ্কারে দুনিয়াকে ছোট ভাবা। লেখাপড়া শেখে মানুষ মানুষ হতে, অনন্ত তো অমানুষ নয়!

—তাহলে দোষ আমাদের?

—দোষ না হোক, ভুল বোঝা বটে।

—তুমি এ কথা বলবে সে আমি জানি। চিরকালটাই এই করে এলে তুমি।

—হ্যাঁ, আজও করব, তাই বলব। মেয়েকে পাঠিয়ে দাও। ভেবে দেখ, মীনার সামনে সমস্ত জীবন পড়ে আছে।

বেরিয়ে গেলেন তিনি।

এঘর-ওঘর মীনাকে খুঁজে বেড়ালেন তিনি।

ওদিকের দরজা খুলে এসে ঢুকল মীনা।

—তোর শাশুড়ী চিঠি লিখেছেন। তোকে পাঠিয়ে দিতে অনুরোধ করেছেন। লিখেছেন —"বেয়ান, আপনার কাছে মিনতিপূর্ণ অনুরোধ বউমাকে পাঠাইয়া দিবেন। অনন্ত হয়তো আমার পাগল হইয়া যাইবে। অথবা কোন্‌দিন জন্তু-জানোয়ারের হাতে প্রাণ হারাইবে। দিবা-রাত্রি সে পাগলের মতই হিংস্রক জানোয়ারের সন্ধানে ফিরিতেছে।"—তুই শ্বশুরবাড়ি যাবি, তৈরী হয়ে নে। আদেশের সুরে বললেন মা।

—না, আমি যাব না।

—যাবি, তোকে যেতে হবে।

তিনি চলে গেলেন। মীনা দাঁড়িয়ে রইল। মীনার মা সেই কথাই লিখে দিলেন।

অনন্তর মা খুশী হয়ে ছুটে গেলেন স্বামীর কাছে।

অনন্ত তার ঘরে স্তব্ধ হয়ে দাঁড়িয়ে ছিল। কি যেন ভাবছিল। কি হয়ে গেল তার জীবনটা! অথচ তার অপরাধটা কোথায়? অপরাধ কার? হঠাৎ তার কানে এলো মায়ের কথা।

পাশের ঘরে কথা হচ্ছে। বলছেন তার মা। সে কান পেতে সে-কথা শুনতে চেষ্টা করলে।

মা বলছিলেন, এই তো তুমি মিথ্যে রাগ করছিলে, এই দেখ বেয়ান চিঠি লিখেছেন, বউমা আসছেন। বেয়ান লিখেছেন, মেয়ে আমার একটু অভিমানী, আপনি একটু সয়ে নেবেন। দু পক্ষেই ভুল হয়ে গেছে। এ বাড়ির লেখাপড়ার উপর ঝোঁক বেশী। অনন্ত বাবাজীবনের কি এমন বয়স, এখনও যদি লেখাপড়া করে তবে কত সুখের হয়!

অনন্তর বাবা বললেন, ভালই লিখেছেন। খারাপ কিছু লেখেন নি। ও লেখাপড়া শিখলে না, সে কি আমাদের ভাল লাগে!

—তুমি ছেলেকে বল।

অনন্ত আর শুনলে না, বেরিয়ে চলে গেল। বিদ্রোহী হয়ে উঠল তার চিত্ত। না, সে পড়বে না, পড়বে না।

উঠল এসে কালীনাথের বাড়ি।

ব্রজরাণী আর কালীনাথ তখন বেরুবার উদ্যোগ করছে।

ব্রজরাণীর ব্রতচারিণীর বেশ। হাতে থালা। তাতে ডাব পৈতে কড়ি ইত্যাদি।

—অনন্ত থমকে দাঁড়াল, কি ব্যাপার?

কালীনাথ বললে, ব্রত। তুমি যে ব্রাহ্মণ, তোমার বাড়িই তো যাচ্ছিলাম আমরা। তা রাণীর আমার পূজোর জোর আছে, ব্রাহ্মণ নিজেই এসে হাজির।

ব্রজরাণী সলজ্জ হেসে এসে থালাখানি হাতে দিয়ে বললে, দাঁড়ান, প্রণাম করি।

—সে কি? না, আপনার প্রণাম নেব কি?

—না নয়, প্রণাম যে করতে হয়। বলতে বলতেই সে প্রণাম করলে, আশীর্বাদ করুন।

হেসে মুখ তুলে অনন্ত বললে, করেছি।

—না, আমাকে শুনিয়ে বলুন, সিঁথির সিঁদুর নিয়ে নোয়া পরে যেন যেতে পারি।

—না, তা পারব না বউদি। ও তো ঘুরিয়ে বলা, আপনি মরে যান।

—বেশ, তবে বলুন, ওঁর কল্যাণ হোক।

—হ্যাঁ, কালীনাথদা গৌরীনাথ হয়ে উঠুন। আপনি তো কালী নন, আপনি সাক্ষাৎ গৌরী। কালীদার সব কালি ঘুচে যাক—মুছে যাক।

—বাঃ, বেশ বলেছেন। ভারী সুন্দর কথাগুলি। তারপর স্বামীর দিকে তাকিয়ে বললে, দেখ, তুমি দুঃখ কর, ঠাকুরপোর নাম করে বল, সে লেখাপড়া শিখলে না। কেমন কথাটি বললেন, দেখ তো!

অনন্ত বললে, কালীদা, তুমি আমাকে লেখাপড়া শেখাবে? আমি শিখব।

অকস্মাৎ তার চিত্তের সকল বহ্নি যেন শান্তিবারি-বর্ষণে নিভে গেছে, শান্ত হয়ে গেছে। শান্ত আগ্নেয়গিরির মাথার তুষার জমে গলে জলধারা নেমে এলো!

কালীনাথ বললে, আমি এখান থেকে চলে যাচ্ছি ভাই। একটা চাকরি পেয়েছি, কলেজে লেকচারারের চাকরি। গ্রীষ্মের ছুটির পরই কাজে যোগ দেব।

—তুমি পালাচ্ছ কালীদা? তুমি সুখে ঘরকন্না করছ, আর আমি বাউণ্ডুলের মত ঘুরে

বেড়াচ্ছি, তাই? হেসে বললে, আমারও বউ আসছে কালীদা!

ব্রজরাণী উচ্ছ্বসিত হয়ে বলে উঠল, আসছে মীনা? সত্যি?

—সত্যি বউদি! আমি সত্যিই এবার লেখাপড়া শিখব। তারপর বিলেত যাব। মনে মনে ঠিক করে ফেলেছি। বল কালীদা, কি কি বই কিনতে হবে? বই কিনে আনব আমি।

ব্রজরাণী বললে, মীনাকে এবার আমি বকব ঠাকুরপো, আপনি লেখাপড়া জানেন না এই কথা সে বলে কি করে?

বাইরে শোনা গেল গান।

স্টেশন প্ল্যাটফর্মের সেই বাউলটি গান গাইছে গাঁয়ের পথে।

বাউল গান গাইছিল রাস্তার ধারে গাছতলায়।

অনন্ত বেরিয়ে এসে দাঁড়িয়ে খানিক শুনলে:

বহুদিন পরে বঁধুয়া এলে, দেখা তো হ'ত না পরাণ গেলে।

দিন কয়েক পরে মীনা সত্যই এলো। সেদিনও অনন্ত কালীনাথের বাড়ির দরজাতেই দাঁড়িয়ে ছিল। ভেবেছিল স্টেশনে নিজে যাবে মীনাকে আনতে। কিন্তু পথে বেরিয়েও যেতে পারে নি। কে যেন তার পথ আটকেছে। যদি মীনা না আসে! যদি স্টেশনেই কটু কথা বলে? সে পথেই কালীদার বাড়িতে ঢুকে পড়েছিল। কালীনাথদের বলে নি যে মীনা আজ আসছে। হঠাৎ জুড়ির শব্দ পেয়ে সে বেরিয়ে এসেছিল। সুমুখের রাস্তা দিয়ে চলে গেল জুড়ি গাড়িখানা।

ভিতরে দেখা গেল মীনাকে।

সে ফিরল বাড়ির দিকে। পথে কজন ভিখিরী যাচ্ছিল, তাদের সে ডাকলে, পকেট থেকে পয়সা বের করে তাদের দিলে। পথে দেবমন্দিরে প্রণাম করলে।

সে এসে বাড়িতে ঢুকল।

বারান্দায় জিনিসপত্র নামানো রয়েছে।

দাঁড়িয়ে আছে মেয়েরা-ঝিয়েরা। অনন্ত পার হয়ে গেল। মীনার বাপের বাড়ির ঝি তাকে অনুসরণ করলে।

একখানা জনশূন্য ঘর। অনন্ত সেই ঘরে গিয়ে ঢুকল।

ঝিটা পিছনে পিছনে ঢুকে ডাকলে, জামাইবাবু?

অনন্ত থমকে দাঁড়াল, আমাকে বলছ?

—হ্যাঁ। মা, আপনার শাশুড়ী-ঠাকরুন আপনাকে এই চিঠিখানি দিয়েছেন।

অনন্ত হাত বাড়িয়ে পত্রখানা হাতে নিয়ে বেরিয়ে গেল।

এলো আর একটা বারান্দায়।

দ্বিধার মধ্যে খুললে পত্রখানা। পড়লে:—

কল্যাণীয়েষু,

বাবা অনন্ত, আমার আশীর্বাদ লইবে। মীনাকে তোমার হাতে দিয়েছি বাবা, তাহাকে সুখী করিবার ভার তোমার। তোমার উপর ভরসা করিয়া তাহাকে আমি পাঠাইলাম।...

পত্রখানা পড়ে সে হাসলে, পকেটে পুরলে, তারপর দরজা খুলে ঘরে ঢুকল। তার কানের মধ্যে সেই দিনের বাউলের গান মৃদুস্বরে বেজে চলেছে :

বহুদিন পরে বঁধুয়া এলে
দেখা তো হ'ত না, পরাণ গেলে।

ঢুকলো আপনার ঘরে। মীনা ঘরেই রয়েছে। ঘরের মধ্যে মীনা একখানা চেয়ারে বসে টেবিলের উপর মাথা রেখেছে।

অনন্ত থমকে দাঁড়াল।

তারপর আবার হেসেই এগিয়ে গেল। মীনার কাঁধে হাত রাখলে।

মীনা চমকে উঠল, কে ?

—আমি! হাসলে অনন্ত।

মীনা সরে গেল, তিক্ত দৃষ্টিতেই তাকিয়ে বললে, আমাকে কেন তোমরা এভাবে টেনে আনলে বল তো ? তার হাতের ধাক্কায় টেবিলের উপর থেকে সশব্দে একটা ফুলদানি পড়ে গেল, মেঝের ওপর তারই ঝনঝন শব্দে যেন অনন্তর কানের মধ্যেকার সেই গানের সুর কেটে গেল। তবু সে এগিয়ে এসে তার হাত ধরে বললে, আমি যে তোমাকে চাই মীনা। আমি যে তোমাকে ভালবাসি। তোমাকে নইলে আমি ঘরে যে থাকতে পারছি না।

মীনা তার মুখের দিকে তাকিয়ে থেকে বললে, ছাড়ো, হাত ছাড়ো।

অনন্ত বললে, না, শোন।

—কি শুনব ? আমি তোমাকে তো বলেছিলাম, মূর্খতাকে আমি ঘৃণা করি।

অনন্ত তার মুখের দিকে তাকিয়ে রইল, মীনা, আমি লেখাপড়া করব, তোমাকে সুখী করতে চেষ্টা করব।

মীনা হাসলে—তীব্র হাসি,—কোন্ ক্লাসে ভর্তি হবে ?

—মীনা ?

—কেন তোমরা আমাকে এভাবে জোর করে নিয়ে এলে ? কেন ভাবলে না আমি মরে গিয়েছি ?

—সেটা ভাবা যায় না মীনা। এবং আর একটা কথা, তোমাকে আমরা জোর করে আনি নি।

—জোর করে আনো নি ? আমি সেধে এসেছি ? বাবাকে মাকে শাসিয়ে পত্র লেখো নি তোমরা ? পত্র না লিখে তুমি তো বিয়ে করে তারপর জানাতে পারতে, তুমি আবার বিয়ে করেছ ; যে তোমাকে মূর্খ জেনেও ভাবত তুমি স্বামী, তুমি দেবতা, তুমি—। আর বলতে পারলে না সে—ছুটে গিয়ে বিছানায় পড়ে মুখ গুঁজে কাঁদতে লাগল।

অনন্ত চলে যাচ্ছিল, সেও আর সহ্য করতে পারছিল না। কিন্তু চলে যেতে গিয়ে দরজার মুখে থমকে দাঁড়াল, মাথার চুল মুঠোয় চেপে ধরে কিছুক্ষণ ভাবলে, তারপর ফিরে এলো। এবার গতি দ্রুত। তার ধৈর্যের বাঁধ ভাঙছে।

সে কাছে এসে তার পিঠে হাত দিয়ে একটু আকর্ষণ করেই বললে, আমার একটা কথার জবাব দিতে পারো, মীনা?

মীনা মুখ তুললে।

—তুমি এমন কেন?

মীনা তার মূর্তি দেখে থমকে গেল।

অনন্ত ক্ষোভের সঙ্গে বলে গেল, কই, কালীদার বউ তো এমন নয়। কত সুখী তারা। কালীদা গরীব, তবু···

এবার মীনা বলে উঠল, ওই—ওই। তিনি গরীব, তুমি বড়লোক; ওইটেই শিখেছ, বুঝতেও পারছ না তুমি, কার সঙ্গে কার তুলনা করছ! চাঁদে আর বাঁদরে।

অনন্ত অসহ্য ক্ষোভে বলে উঠল, মীনা, কি বলছ? মীনা!

—যা ঠিক তাই বলছি, মিথ্যে করে তাঁর নামে অপবাদ দিয়ে বেনামী চিঠি দিয়ে তুমি আমার জীবনে আগুন ধরিয়ে দিয়েছ।

অনন্ত চিৎকার করে উঠল, না!

মীনা বললে, পশুর মত ব্যবহার করেছ তুমি, চিৎকারও করছ ঠিক তেমনি।

অনন্ত ছুটে বেরিয়ে গেল। বারান্দায় থমকে দাঁড়াল।

কথাটা যেন তাকে তাড়া করেছে, পশুর মত ব্যবহার করেছ তুমি, চিৎকারও করছ ঠিক তেমনি।

আবার ছুটল সে।

সে সিঁড়ি বেয়ে নেমে গেল।

বেরিয়ে সে চলে যাচ্ছিল। কোথায় জানে না, তবে অনেক দূর।

আস্তাবলের ওখানে হঠাৎ থমকে দাঁড়াল, মাথার চুল টানতে লাগল। বন্দুকটার কথা মনে হ'ল—নিরুদ্দেশ যাত্রায় এমন বিশ্বস্ত সহচর আর হয় না, হুকুম করলে মুহূর্তে প্রভুকেই পরপারে পাঠিয়ে দেবে। হুকুম করলেই হল।

ডাকলে, নেত্য?

নেত্য সহিস বেরিয়ে এলো। সে টলছিল, বললে, দাদাবাবু!

—আমার বন্দুকটা আন্ তো। হঠাৎ একটা তীব্র গন্ধ তার নাকে এসে ঢুকল। মদের গন্ধ। বিস্ফারিত দৃষ্টিতে নেত্যর দিকে চেয়ে সে প্রশ্ন করলে, তুই মদ খাচ্ছিলি নেত্য?

—আজ্ঞে···

—কই তোর মদের বোতল? এগিয়ে গেল সে। কই, কই বোতল?

সামনেই পেলে মদের বোতল। বোতলটা তুলে নিলে মুখে। তারপর মাথা এবং বুক

চেপে ধরে বসে গেল।

নেত্য ডাকলে, দাদাবাবু, দাদাবাবু!

দাঁড়িয়ে উঠল অনন্ত। মাথাটা ঝনঝন করছে। উঁহু—হু-হু করছে। আগুনের শিখা জ্বলছে যেন। সেই কাবুলীওয়ালার কথায় যেমন সেদিন রাগ হয়েছিল ঠিক তেমনি। বার দুই মাথা ঝাঁকি দিয়ে পা বাড়ালে সে। চোখে পড়ল জুড়ি গাড়ির চাবুকদানিতে চাবুকটা দুলছে। মাথায় হিংসা উঠল সাপের মত ফণা তুলে। সে নেত্যকে বললে, চাবুকটা নেত্য, চাবুক!

বলতে বলতে নিজেই এগিয়ে গিয়ে টেনে পেড়ে নিলে।

মীনা ঘরে বসে হাঁপাচ্ছিল রাগে। বাপের বাড়ির ঝি তার সামনে দাঁড়িয়ে।

ঝি বলছিল, এ তুমি কি বললে দিদিমণি! না-না-না, মাথা তোমাকে ঠাণ্ডা করতে হবে। না—

মীনা বললে, ঠিক বলেছি আমি। চুপ কর্ তুই।

ঘরের বাইরে অনন্তর কথা শোনা গেল, কি বলছিলে, কই আর একবার বল!

ঘরে ঢুকল সে। হাতে তার চাবুক।

ঝিটা তার আগেই পাশের দরজা দিয়ে পালিয়েছিল।

মীনা কিন্তু চাবুক দেখে ভয় পেলে না, সেও উগ্র হয়েই দাঁড়াল। অনন্ত ঘরে ঢুকতেই বলে উঠল, উঃ, তুমি মদ খেয়েছ! তুমি মদ খাও?

অনন্ত বললে, হ্যাঁ খেয়েছি। বিষ পেলে তাও খাই আজ এই মুহূর্তে। কিন্তু কি বলছিলে আর একবার বল।

চাবুকটা সে সপাং সপাং শব্দে বিছানায় মারতে লাগল।

মীনা বলে উঠল, তুমি মূর্খ, তুমি পশু, তুমি জানোয়ার।

অনন্ত সঙ্গে সঙ্গে চাবুক মারলে, হ্যাঁ, আমি মূর্খ, আমি পশু, আমি জানোয়ার।

তিনবার চাবুক মেরে সে বন্দুক হাতে একটা স্যুটকেশ টেনে নিয়ে হন হন করে বেরিয়ে চলে গেল।

সে বেরিয়ে যাবার পরই ঘর থেকে বেরিয়ে এলো মীনা। সে চলে যাবে—সে চলে যাবে।

পিছনে পিছনে এলেন অনন্তর মা। তিনি বুঝতে পারেন নি কি হয়েছে, ডাকলেন, বউমা, বউমা!

—না-না, কারও সঙ্গে আমার কোন সম্পর্ক নেই। না, আমি চলে যাব। ঝি, ঝি!

চলে গেল মীনা। গ্রামের পথে বের হয়ে স্টেশনে গিয়ে উঠল।

মা ডাকলেন, অনন্ত, অনন্ত, অনন্ত!

এপাশ থেকে এসে দাঁড়িয়ে পথরোধ করে দাঁড়ালেন বাবা, তার মৃত্যুকামনা কর গিন্নী, সে মরে যাক্!

মা বললেন, কি বলছ তুমি? বউমা যে চলে গেলেন, ফেরাও।

—কোন্ মুখে ফেরাব ? ছি ! যান উনি, ওঁকে যেতে দাও। আমি বরং সঙ্গে লোক দিচ্ছি, সরকার, সরকার !

চলে গেলেন অনন্তর বাবা। মা দাঁড়িয়ে রইলেন।

অনন্ত বাড়ি থেকে বেরিয়ে চলে গেল। তার সদর শহরে রাইফেল শুটিংয়ে যাবার কথা ছিল। সে সেখানে গিয়ে উঠল হোটেলে। ব্রজরাণীর দাদা হরদাসবাবু শুটিং গ্রাউণ্ডে তাকে দেখে ধরে নিয়ে গেলেন নিজের বাড়িতে। ক্লান্ত, অবসন্ন, মনে মনে ক্ষত-বিক্ষত অনন্তর নিদ্রা নেই। সেদিন সন্ধ্যায় শহরে হরদাসবাবুর বাড়ির বাইরের ঘরে সে মাথার চুল দুই হাতে খামচে ধরে বসে আছে, ক্লান্ত—বিভ্রান্ত ! বার-দুই আক্ষেপ অনুশোচনায় ঘাড় নাড়লে।

হঠাৎ অস্ফুট-কণ্ঠে বলে উঠল, আঃ, ছি-ছি-ছি ! অধীর হয়ে দাঁড়াল সে।

তার মনের মধ্যে স্মৃতির গ্লানি অহরহ তাকে তাড়না করছিল, মনে পড়ছিল নিজের আচরণের কথা। ছি ছি, সে নিতাইয়ের উচ্ছিষ্ট মদ খেয়েছে ! মদের জ্বালায় বুক জ্বলে গেছে —মাথার ভিতর আগুন জ্বলেছে। তারই জ্বালায় অধীর হয়ে কাণ্ডজ্ঞান হারিয়ে মীনাকে সে চাবুক মেরেছে। বার বার মনে করতে চেষ্টা করেছে সে যে মেরেছে বেশ করেছে। অন্যায় তার নয়। তবু তার মন মানে নি। এক-একসময় ভাবতে ভাবতে সে এইভাবেই হঠাৎ 'ছি ছি' বলে উঠছে। আঃ, কেন সে মাথা ঠাণ্ডা করে মীনাকে বোঝালে না ? অপরাধ তো তার আছে। সে কেন মোপাসাঁ নিয়ে আলোচনা করেছিল ? কেন সে নিজের ইংরিজী-না-জানা স্বরূপের পরিচয় অকপটে প্রথম দিনই ব্যক্ত করে নি ? সব থেকে পীড়া দিচ্ছিল মীনাকে চাবুক মারার স্মৃতি। মীনার গৌরবর্ণ বাহুতে চাবুক কেটে বসে গিয়েছে। রক্ত ফেটে বেরিয়েছে। ছি ছি ছি !

ঠিক এই সময় বাইরে পদশব্দ উঠল। সে চমকে উঠে নিঃশব্দ পদক্ষেপে বিছানায় এসে শুয়ে পড়ল। তার কথা বলবার শক্তি নাই। হু-হু করছে তার অন্তর। ঘুমের ভান করে উপুড় হয়ে পড়ে রইল।

দরজার বাইরে ব্রজরাণীর মা জলখাবারের থালা হাতে দাঁড়িয়ে ডাকলেন, অনন্ত ? সাড়া না পেয়ে পায়ে ঠেলে দরজা খুলে দিলেন, দেখলেন, সে উপুড় হয়ে শুয়ে আছে। ডাকলেন, অনন্ত, অনন্ত !

চটির শব্দ তুলে হরদাসবাবু ঢুকলেন, কই !

মা বললেন, ঘুমিয়ে গেছে।

হরদাসবাবু ডাকলেন, অনন্তবাবু !

মা। ডাকিস নে, বড় ক্লান্ত মনে হচ্ছে।

হরদাসবাবু বললেন, কি জানি, বুঝতে পারলাম না। কিছু যেন হয়েছে ওঁর। যেন কোন অসুখ-টসুখে ভুগছেন। প্রথম তো ওঁকে দেখে আমি চিনতেই পারি নি। কেমন রোগা চেহারা ! যেমন চোখের দৃষ্টি, উস্কখুস্ক চুল, তেমনি জামা-কাপড়, বন্দুক হাতে রাইফেল

শুটিং গ্রাউণ্ডে এসে দাঁড়ালেন—এক হাতে মাথার চুল ধরে, অন্য হাতে বন্দুক।

আমি গিয়ে ডাকলাম, চমকে উঠলেন, বললুম, এ কি, এ কি চেহারা হয়েছে আপনার?

বললেন, শরীরটা আমার ভাল নেই, আমার—

জিজ্ঞাসা করলাম, জ্বর-টর হয়েছে নাকি? এ দেহ নিয়ে এলেন কেন?

বললেন, না, জ্বর নয়। কি জানি—! কি বলবেন যেন ভেবে পেলেন না।

হরদাসবাবু এবং তাঁর মা কথা বলতে বলতে বেরিয়ে এলেন ঘর থেকে। বাইরে থেকে দরজাটা ভেজিয়ে দিলেন। বারান্দার মুখে রাস্তার ধারে দাঁড়িয়ে কথা বলতে লাগলেন তাঁরা।

হরদাসবাবু বললেন, হেসে সপ্রশংসকণ্ঠেই বললেন, নেশার বাতিকে অসুস্থ শরীরেই চলে এসেছেন। হ্যাঁ, তবে বাতিক ওঁর সাজে। অদ্ভুত হাতের এইম, যাকে বলে অবলীলাক্রমে টারগেট হিট করলেন। বেস্টম্যানস্ য়্যাওয়ার্ড নিয়ে বেরিয়ে এলেন। মিনিস্টার খুব খুশী হয়ে আলাপ করলেন। মিনিস্টারকে বললেন, আমাকে মিলিটারী ডিপার্টমেণ্টে ঢুকিয়ে দিন। এই টিমিড লাইফ আমার ভাল লাগে না। কাশ্মীরের লড়াইয়ে পাঠিয়ে দিন। দেবেন? মিনিস্টার হাসতে লাগলেন। ছেলেটি বড় ভাল ছেলে। আমার তো খুব ভাল লাগল। তেমনি মিষ্টি কথাবার্তা। বড় ঘরের ছেলে!

মা বললেন, অথচ এই ছেলে, এই ঘর নিয়ে, সেই চিঠিখানা কে লিখলে বল্ তো—উদ্ধত, গোঁয়ার, নেশাখোর, বাড়িতে এত দেনা—কত কথা!

হরদাসবাবু হেসে উঠলেন হো হো করে।

মা বললেন, তুই হাসছিস কেন? হ্যাসির কি আছে এতে?

হরদাসবাবু হেসে বললেন, তা নেই, কিন্তু ওসব কথা থাক না মা। সে সব তো হয়ে গেছে। ব্রজ তো সুখী হয়েছে। কাজ কি ও চিঠির কথা কয়ে? আবার হাসতে লাগলেন হরদাসবাবু।

মা বললেন, কিন্তু বার বার হাসছিস কেন তুই?

—হাসির কথা বলেই হাসছি। চিঠিখানা তোমার জামাইয়ের লেখা।

—কালীনাথের?

—হ্যাঁ। কালীনাথের পরের চিঠিগুলোর লেখার সঙ্গে মিলিয়ে দেখেছি আমি। খুব চেষ্টা করেছে বাঁ-দিকে বেঁকিয়ে লিখতে, কিন্তু আমাদের চোখ তো উকিলের চোখ! আমি এখানকার হ্যাণ্ডরাইটিং এক্সপার্টকেও দেখিয়েছি। ও কালীনাথের লেখা!

আবারও হাসতে লাগলেন।

মা গালে হাত দিয়ে বললেন, দেখ দেখি কাণ্ড!

—ব্রজকে দেখে খুব ভাল লেগেছে আর কি। এখন আপনা-আপনির ক্ষেত্রে কি ক'রে কি করে? ছেলেমানুষি বুদ্ধি—শেষে ওই বেনামী চিঠি! তা তোমার জামাইয়ের মাথা আছে, প্রেমও আছে, দোষ নেই। নাথিং ইজ আনফেয়ার ইন লাভ য়্যাণ্ড ওআর।

ঘরের মধ্যে অনন্ত মাথা তুলে শুনছিল ; তার চোখ দুটো বিস্ফারিত হয়ে উঠল।

সে উঠে বসল, বার দুই মাথার চুল টানলে।

হরদাসবাবুর ঘরের দেওয়ালে কালীনাথের একখানা ছবি টাঙানো ছিল। কালীনাথের ছবির কাছে এলো সে।

বললে, তুমি সুখী হও কালীদা। তুমি সুখী হও।

ফিরে এসে আবার বসল।

আবার উঠে গেল।

ছবির কাছে গিয়ে বললে, আমিও চেষ্টা করব, লেখাপড়া শিখব আমি, মীনার কাছে ক্ষমা চাইব।

এবার দরজা খুলে বাইরে এলো। বন্দুকটা কাঁধে নিলে।

ডাকলে, হরদাসবাবু?

—অনন্তবাবু! ঘুম ভাঙল?

এসে দাঁড়ালেন হরদাসবাবু।

—আমি এই ট্রেনেই বাড়ি যাব হরদাসবাবু।

—সে কি!

—হ্যাঁ, আমাকে এই ট্রেনেই যেতে হবে। আমাকে মাফ করবেন, এইমাত্র বড় দুঃস্বপ্ন দেখেছি আমি। এই রাত্রেই বাড়ি যাব আমি। আমার মন বড় অস্থির হয়েছে। মাফ করবেন আমাকে। আবার অন্য সময় আসব। মাকে বলবেন, বলবেন ধন্য কন্যা তাঁর, দেবী তিনি, তিনি রাজ রাজেশ্বরীর মত সুখী হয়েছেন।

সে বেরিয়ে পড়ল।

হরদাস ডাকলেন, অনন্তবাবু?

—না, পিছন ডাকবেন না হরদাসবাবু। আমার মন অত্যন্ত চঞ্চল হয়েছে।

বাড়ি এসে ঢুকতেই দেখা হয়ে গেল বাবার সঙ্গে। দেখা হওয়া মাত্র বাবা বললেন, তুই ফুলাঙ্গার, তোর মত সন্তান থাকার চেয়ে নিঃসন্তান থাকাও সংসারে সৌভাগ্য। তুই আমার মাথা হেঁট করে দিলি। বউ ঘরের লক্ষ্মী, তাকে তুই চাবুক মেরে তাড়িয়ে দিলি? ছি, ছি, ছি!

চলে গেলেন তিনি।

অনন্ত স্তব্ধভাবে দাঁড়িয়ে রইল।

মা এসে দাঁড়ালেন, অনন্ত?

—মা?

মা তার মুখের দিকে তাকালেন। তিনিও ভেবেছিলেন, তাকে তিনি তিরস্কার করবেন, কঠিন তিরস্কার করবেন, কিন্তু তার মুখ দেখে তা তিনি পারলেন না, শুধু বললেন, এ তুই কি করলি অনন্ত!

—এর প্রায়শ্চিত্ত আমি করব মা! আমি শ্রীরামপুরে যাচ্ছি।

—অনন্ত! শঙ্কা ফুটে উঠল মায়ের কণ্ঠে।

—কিছু ভেবো না মা। মীনার কাছে অপরাধ স্বীকার করব। ক্ষমা চাইব। শ্বশুরমশায়ের পায়ে ধরব। আর আমি লেখাপড়া করব, আমি বিলেত যাব। বলে আসব তাঁদের। তুমি ভেবো না। অপরাধ আমি করেছি, তার প্রায়শ্চিত্ত আমাকে করতেই হবে।

মায়ের পায়ে প্রণাম করলে। উঠে দাঁড়িয়ে বললে, কাল দুপুরের ট্রেনে আমি নিশ্চয় মীনাকে নিয়ে ফিরব মা। এই ট্রেনেই আমি যাব।

অনন্ত মীনার পিত্রালয়ে পৌঁছল। বাড়ি ঢুকতেই দেখা হল শ্বশুরের সঙ্গে। বারান্দায় দাঁড়িয়ে ছিলেন শ্বশুর।

সে এসেই নতজানু হয়ে বসে শ্বশুরের পায়ে ধরে বললে, আমাকে মাফ করুন, আমাকে ক্ষমা করুন। আমি···

পৃথ্বীশবাবু চিৎকার করে উঠলেন, না-না-না, তুমি···তুমি···

রাগে তাঁর কথা বন্ধ হয়ে গেল।

সে ধীরভাবে বললে, আমি অপরাধী, আমি অপরাধ স্বীকার করছি।

পৃথ্বীশবাবু পা টেনে নিয়ে আবার চিৎকার করে বললেন, মূর্খ, প্রতারক তুমি···তুমি···

—কোন কথার প্রতিবাদ করব না আমি। যে অপরাধ বলবেন, তাই করেছি আমি। আমাকে এইবারের মত ক্ষমা করুন। মীনাকে···

সে কথা শেষ করতে পারলে না।

পৃথ্বীশবাবু এবার উন্মাদের মত চিৎকার করে বললেন, মীনাকে তুমি চাবুক মেরেছ! মাতাল, মূর্খ, তোমাকে আমি···

কথা শেষ না করেই দ্রুত ঘরে চলে গেলেন।

সে অনুসরণ করতে গিয়ে থমকে দাঁড়াল। দীর্ঘনিশ্বাস ফেললে।

ক্ষমা নাই? তবে? একবার মনে হল ফিরে যায়। হ্যাঁ, সেই ভাল। ঘুরে দাঁড়াল সে। কিন্তু কয়েক পা এসে আবার থমকে দাঁড়াল, না, পালিয়ে গেলে হবে না, প্রায়শ্চিত্ত তাকে করতেই হবে।

এরই মধ্যে ঘর থেকে পৃথ্বীশবাবু বেরিয়ে এলেন চাবুক হাতে এবং পিছন ফিরে দাঁড়ানো অনন্তর পিঠে সজোরে মারলেন সেই চাবুক।

—এই তার শোধ!

সে তীব্র যন্ত্রণায় অধীর হয়ে ঘুরে দাঁড়াল। অকস্মাৎ আগুনের দড়ির মত কি একটা তার পিঠটাকে পুড়িয়ে দিলে। কি? ও চাবুক! মুহূর্তে চাবুকটা চেপে ধরলে।

পৃথ্বীশবাবু। ছাড়ো চাবুক!

সে ছেড়ে দিলে। বললে, মারুন আপনি। তাই হোক।

সে স্থির হয়ে দাঁড়াল। মীনাকেও এমনি লেগেছিল।

পৃথ্বীশবাবু চাবুক মারতে লাগলেন, এই তার শোধ। এই, এই, এই—

তারপর চাবুকটা ছুঁড়ে ফেলে দিয়ে বললেন, তোমাকে ক্ষমা করব, যদি তুমি মরতে পার!

অনন্ত তাঁর দিকে একবার ফিরে তাকিয়ে হন হন করে চলে গেল ফটকের দিকে।

পৃথ্বীশবাবু পিছন থেকে ডেকে বললেন, তোমার যে বন্দুক দিয়ে জানোয়ার মারো, সেই বন্দুকের গুলিতে নিজের জানোয়ারের জীবনটাকে শেষ করো, ক্ষমা করব তোমাকে।

মীনা উপরের জানালার গরাদটা শক্ত মুঠোয় ধরে দাঁড়িয়ে ছিল।

সেখান থেকে দেখা যাচ্ছিল ফটক। দেখলে সে, অনন্ত চলে গেল। দাঁড়িয়ে রইল মীনা। সমস্ত যেন কেমন গোলমাল হয়ে যাচ্ছে। কি হল? অদূরে স্টেশনটাও দেখা যায়। ওই ট্রেন ছাড়ল। ট্রেনের ধোঁয়া দেখা যাচ্ছে। ধোঁয়ায় সব যেন ঢেকে গেল।

মীনার মা এসে ঘরে ঢুকলেন, মীনা!

মীনা পাথর হয়ে গেছে। কি হ'ল? এও তো সে চায় নি!

ট্রেনের হুইসিলের শব্দ উঠল।

মীনার মা ছুটে বেরিয়ে গেলেন, ওরে, ছি ছি, ছি ছি ছি!

গ্রামের স্টেশন।

স্টেশনের বাইরে পালকি এবং কর্মচারী এসেছে। অনন্ত তার বউ নিয়ে নামবে।

স্টেশনে ট্রেন এসেছে। ফটক থেকে লোকজন বের হচ্ছে। চারিদিকে হৈ-চৈ। ফেরিওয়ালা হাঁকছে। তারই মধ্যে একতারা বাজিয়ে সেই বাউলটা গাইছিল।

দুখের কথা বলিসনেকো কারও কাছে,—নাই বলিতে।
সুখের মেলায় দুখের ঠাঁই সে বার-কানাচে; হায় বলিতে।
(ও) হায় বলিসনেকো।

ভিড়ের সঙ্গে অনন্ত বেরিয়ে এলো।

মাথায় চাদর দিয়ে নিজের মাথা-মুখ ঢেকে রেখেছিল সে।

কর্মচারী তাতেও চিনতে পারলে এবং সবিস্ময়ে সজোরেই ডেকে উঠল, দাদাবাবু?

সে দাঁড়াল না। এগিয়ে গেল। কর্মচারীও অনুসরণ করে এগিয়ে গেল, দাদাবাবু, বউদি?

—আসে নি।

বলেই সে হন হন করে চলল—চলল সে মাঠের পথে, গ্রামের বাইরে বাইরে। মুখে কপালের উপরে চাবুকের দাগ। অস্নাত—বিভ্রান্ত। তারও চেয়ে শোচনীয় তার অন্তরের

অবস্থা! ক্ষত-বিক্ষত হয়ে গেছে ভিতরটা।

খিড়কির দরজা দিয়ে ঢুকল।

ছুটে সোজা নিজের ঘরে এসে ঢুকল।

টেবিলের উপর ভর দিয়ে দাঁড়াল।

সামনে বড় আয়না।

ধীরে ধীরে চাদরখানা খুললে। কপালে নাকে গালে লম্বা হয়ে বসেছে চাবুকের দাগ, জামা ছেঁড়া, অবিন্যস্ত রুক্ষ চুল। সে চোখ বুজলে।

কানের কাছে শব্দ ধ্বনিত হয়ে উঠল, ক্ষমা করব যদি মরতে পার। পৃথ্বীশবাবুর কথা কানের কাছে এখনও বাজছে।

সে ফিরে তাকালে বন্দুকের র‍্যাকের দিকে।

ধীরে ধীরে এসে দাঁড়াল সেখানে।—ধরলে বন্দুকটা।

কানের পাশে বেজে চলেছে শ্বশুরের কথা, তোমায় ক্ষমা করব, যে বন্দুক দিয়ে তুমি জানোয়ার মার, সেই বন্দুক দিয়ে···

তুলে নিলে বন্দুকটা। খুলে দেখলে টোটা আছে কিনা।

বন্দুকটি উইনচেস্টার রিপীটার। একসঙ্গে ছটি কার্টিজ থাকতে পারে।

দেখলে কার্টিজ আছে।

বন্ধ করে বন্দুকটার বাঁট মাটিতে রেখে নলটার উপরে নিজের থুতনি রাখলে। তারপরে একটা পা ট্রিগারের উপর তুলে দিলে।

যাক্, শেষ হয়ে যাক্ তার জীবন।

কানের পাশে বাজছিল, জানোয়ারের জীবনটাকে শেষ করো।

থমকে গেল অনন্ত। নামিয়ে নিলে পা ট্রিগার থেকে।

চোখে তার উন্মত্তের দৃষ্টি তখন।

বলে উঠল, জানোয়ার, আমি একা? তুমি? এমনি করে তুমি আমাকে ক্ষত-বিক্ষত করলে? ছুটে গেল আয়নার সম্মুখে টেবিলের ধারে। নিজের ক্ষত-বিক্ষত মূর্তি দেখলে। দেখতে দেখতে হঠাৎ চোখে পড়ল টেবিলের উপর একখানা চিঠি।

কালীনাথের লেখা।

"অনু, আজ তোর বউদিদির ব্রত উদ্‌যাপনের দিন। তুই না বলে শ্বশুরবাড়ি চলে গেছিস, কি বিপদ বল্ তো! ভগবান রক্ষে করেছেন যে তুই ফিরে আসছিস। এসেই যেন এ-বাড়ি আসিস। তোর বউদি না খেয়ে বসে থাকবে।"

অনন্তর চোখ জলে উঠল; বললে, জানোয়ার! হ্যাঁ, ওই এক জানোয়ার।

সঙ্গে সঙ্গে সে বেরিয়ে পড়ল। খিড়কির দরজা দিয়ে বেরিয়ে এলো।

গ্রীষ্মকালের দ্বিপ্রহর। আকাশে সূর্য অগ্নিবর্ষী। অনন্তর মাথায় আগুন জ্বলছে!

সম্মুখের জনহীন পথ অতিক্রম করে চলল সে।

কালীনাথের বাড়ির সম্মুখে তখন জানালায় দাঁড়িয়ে আছে ব্রজরাণী। সে ব্রত করে রয়েছে। উৎকণ্ঠিত তার দৃষ্টি।

ঘরের ভিতরে ইজিচেয়ারে বসে কালীনাথ বই পড়ছে।

ব্রজরাণী এসে বললে, ঠাকুরপো আসছেন বোধ হয়।

কালীনাথ উঠল, আসছে?

বাইরে ডাক শোনা গেল ভাঙা গলায়, কালীদা!

—অনু!

বেরিয়ে গেল কালীনাথ। ব্রজরাণী চলে গেল ভিতরে।

কালীনাথ দরজা খুললে।

সামনে অনন্ত। ক্ষত-বিক্ষত দেহ। পিছনে পিঠে বন্দুকটা ঝুলছে।

কালীনাথ শিউরে উঠল, বললে, এ কি অনু? এ কি চেহারা তোর? অনু!

—জানোয়ার, জানোয়ারে ক্ষত-বিক্ষত করে দিয়েছে।

—কোথায়? বুঝতে পারলে না কিছু কালীনাথ। সবিস্ময়ে বললে, তাই বুঝি বন্দুক নিয়ে···

—হ্যাঁ, মারতে বেরিয়েছি। শোধ নেব কালীদা।

—অনু কি বলছিস? অনু?

—আর একটা জানোয়ার, আমার ভিতরটা—গোটা জীবনটা এর চেয়েও ক্ষত-বিক্ষত করে দিয়েছে। এরপর তাকে মারব! তারপর নিজেকে। তার আগে···

এবার তার চোখের দিকে তাকিয়ে শিউরে উঠল কালীনাথ। অনন্ত তার দিকেই তাকিয়ে আছে। তার দৃষ্টি যেন কি বলছে, কিছু ভয়ঙ্কর কঠিন। সভয়ে বললে, ওরে অনু, অনু!

সভয়ে পিছিয়ে গেল কালীনাথ। ঘরে ঢুকল। সে বুঝেছে, বুঝতে পেরেছে।

অনুসরণ করে অনন্ত ঘরে এসে ঢুকে বন্দুক তুলে ধরে বললে, এই ঘরে তুমি একটা কুকুর মেরেছিলে মনে পড়ছে? তার দোষ সে তোমার বিছানায় শুয়েছিল। মনে পড়ে? আর তুমি আমার জীবনটাকে···

—অনু ক্ষমা···অনু ক্ষমা! আর্তস্বরে চিৎকার করে উঠল কালীনাথ। হাত জোড় করলে।

—না-না, জানোয়ার আমি রাখব না কালীদা—

বন্দুক তুলতেই কালীনাথ বন্দুকের নলের মুখ চেপে ধরলে। অনন্ত সেই অবস্থাতেই ফায়ার করলে। সে উন্মত্ত! ক্ষমা নেই—নেই!

কালীনাথের হাতটা ভেঙে গেল।

অনন্ত রিপীটার ভেঙে কার্টিজটা বের করে আবার বন্দুক তৈরী করতে করতে কালীনাথ আহত হাত নিয়েই ভিতরের দিকে ছুটল।

ওদিক থেকে অজানিত আশঙ্কায় ব্রজরাণী চিৎকার করে উঠল, ঠাকুরপো! তার কানে গেছে কালীনাথের আর্ত কণ্ঠস্বর, অনু ক্ষমা—ক্ষমা!

অনন্ত আবার বন্দুক তুললে।

ব্রজরাণী ছুটে এসে তার সেই রুদ্রমূর্তি দেখে চিৎকার করে উঠল, না-না-না। মুহূর্তে আছাড় খেয়ে সে পড়ে গেল। মূর্ছিত হয়ে গেছে সে। অনন্ত সঙ্গে সঙ্গে গুলি ছুঁড়লে। এবার কালীনাথ পড়ে গেল।

অনন্ত বাইরের দরজায় এসে থমকে দাঁড়াল।

পিছন ফিরে তাকিয়ে দেখলে।

মূর্ছিতা ব্রজরাণীকে দেখা যাচ্ছিল—ভিতরের বারান্দায় পড়ে রয়েছে।

সে অকস্মাৎ একটা পশুর মত দুর্বোধ্য বিচিত্র চিৎকার করে উঠল, আঃ!

তার পরই বন্দুক মুখে লাগিয়ে পা দিয়ে ট্রিগার টিপল।

শব্দ উঠল, ক্লিক! আওয়াজ হল না। প্রচণ্ড একটা আঘাত এলো না।

কি হল? সঙ্গে সঙ্গে বন্দুকটা খুলে ভেঙে দেখলে, চেম্বার শূন্য!

চিৎকার করে অনন্ত বলে উঠল, নেই, কার্টিজ নেই? হেসে উঠল হা-হা করে! কেন তা সে নিজেও জানে না। কালীনাথ মরেছে বলে? অথবা গুলি নেই বলে? হায় রে তার কপাল বলে? কে জানে?

পরমুহূর্তে স্তব্ধ হয়ে গেল। আতঙ্কে বিস্ফারিত হয়ে উঠল তার চোখ। মুখ কেমন হয়ে গেল। ভয়ার্তের মত সে ছুঁড়ে ফেলে দিলে বন্দুকটা, ফেলে দিয়েই ছুটল।

প্রান্তরের মধ্যে দিয়ে সে ছুটতে লাগল। পিছনে কি রক্তাক্ত দেহ কালীনাথ তাড়া করে আসছে, না কেউ ফাঁসির দড়ি হাতে ছুটছে তার পিছনে?

তখন ঝড় উঠেছে অপরাহ্ণের। প্রান্তরের বুকে ধুলোর ঝড়ের মধ্যে সে ঢাকা পড়ে গেল।

চার বছর পর।

চারটে বছর কেটে গেছে। যেন সেই ধূলোর ঝড়ে উড়িয়ে নিয়ে গেছে চারটে বছর।

ব্রজরাণীর পিত্রালয়ে ব্রজরাণী বসে ছিল।

মাথায় তৈলহীন রুক্ষ চুল। পরনে থান কাপড়। চোখে বিচিত্র দৃষ্টি। স্থির শূন্য। তার সামনে থেকে ঘরের দেওয়ালটাও যেন মিলিয়ে গেল।

সেখানে সে দেখতে পাচ্ছে অনন্তর সেই রুদ্র মূর্তি, পেশীসবল দেহ, বিপর্যস্ত রুক্ষ চুল, চোখে উদ্‌ভ্রান্ত দৃষ্টি।

আর তার পায়ের কাছে পড়ে আছে কালীনাথের শবদেহ। মুখখানা শুধু দেখা যাচ্ছে।

আতঙ্কে শিউরে উঠে সে আঙুল দেখিয়ে 'উঃ' বলে আর্তনাদ করে উঠল।

বাইরে থেকে ছুটে এলেন তার মা।

—ব্রজ, ব্রজ!

ব্রজরাণীর সম্মুখে তখন সে দৃশ্য মিলিয়ে গেছে। ফুটে উঠেছে ঘরখানির সাধারণ প্রত্যক্ষ দৃশ্য।

মা আবার ডাকলেন, ব্রজ ?

ব্রজ বার দুই চোখ বন্ধ করে আত্মস্থ হয়ে ক্লান্ত স্বরে সাড়া দিলে, মা !

—ভয় পেয়েছিস বুঝি ?

দীর্ঘনিশ্বাস ফেলে ব্রজ বললে, হ্যাঁ মা, হঠাৎ মনে হল···

চুপ করে গেল সে।

মা কাছে বসলেন, বললেন, কতবার তোকে বলি ব্রজ, তুই অন্য কিছুতে একটু মন দে, ভগবানকে পূজো কর্—একটু আধটু বই-টই পড়্।

—না !

—কিন্তু অহরহ সেই এক স্মৃতি নিয়ে ধ্যান করলে তুই যে পাগল হয়ে যাবি !

—হবো না মা, আজ চার বছরে তো পাগল হই নি, আর কটা দিনে পাগল হবো না।

—চার বছর তোর চোখে ঘুম নেই !

—চোখ বুজলেই সেই অসুর মূর্তি আমার সামনে দাঁড়ায়। সে অসুর মা, সে অসুর !···ওঃ মা, সে হাত জোড় করে বলেছিল, অনু ক্ষমা, অনু ক্ষমা ! কিন্তু উন্মত্ত দৈত্যের মত···

ফুঁপিয়ে কেঁদে উঠল ব্রজরাণী, কাপড় দিয়ে মুখ ঢাকলে।

দেখতে পেলে সেই ছবি—অনন্ত গুলি করছে কালীনাথকে।

সঙ্গে সঙ্গে মুখের কাপড় খুলে ফেলে তীক্ষ্ণ আক্রোশ-ভরা কণ্ঠে বলে উঠল, আমি তাকে ক্ষমা করব না মা, না-না-না ! তুমি ওঁদের বলে দাও, বলে দাও ওঁদের। বলতে বলতে উঠে চলে গেল।

মা ডাকলেন, ব্রজ ?

এপাশ থেকে সেই মুহূর্তেই ডাকলেন হরদাস, মা ?

মা থমকে দাঁড়ালেন। মুখ ফেরালেন।

হরদাস ঘরে ঢুকে বললেন, ইনি যে একবার···

—ওঁদের তুমি ফিরিয়ে দাও হরদাস, ব্রজরাণী ক্ষমা করতে পারবে না। সে হয় না।

—বলেছি মা, বার বার বলেছি, কিন্তু অনন্তর বাবা হাত জোড় করে বলছেন, তিনি একবার শুধু দেখা করতে চান।

—দেখা করতে ? কার সঙ্গে ? ব্রজর সঙ্গে ?

—হ্যাঁ।

—হরদাস !

—মা, এ আমি তাঁর কাছে প্রতিজ্ঞাবদ্ধ। তাঁর কথাগুলি ব্রজকে বলব বলে আমি প্রতিশ্রুতি দিয়েছি। কথাগুলি তুমি শোন। কিন্তু দোহাই, আমার কোন অভিসন্ধি আছে ভেবো না।

—তার আগে আমার কয়েকটা কথার জবাব দাও হরদাস।

হরদাস তাঁর মুখের দিকে তাকালেন।

মা বললেন, তুমি কি তাঁদের বলেছ যে, স্বামী-হন্তার শাস্তির দিন গুনে গুনে ব্রজরাণী আজ চার বছর মাথায় তেল দেয় নি, চোখে তার ঘুম নেই, চার বছর সে ঘুমোয় নি, মাটি ছাড়া বিছানায় সে শোয় নি ?

—বলেছি মা, সব বলেছি।

—তবু তিনি দেখা করতে চান ?

—লোকটিকে তোমরা ভুল বুঝছ মা। চার বছর আগে, যখন খুনের সাতদিন পর পুলিস অনন্তকে ধরে নিয়ে এলো, তখন সে উন্মাদ পাগল। কোর্ট তার অবস্থা দেখে ডাক্তারের রিপোর্ট নিয়ে রাঁচি পাঠালে চিকিৎসার জন্যে। আমার মনে আছে মা, তার বাবা তার গায়ে হাত বুলিয়ে বলেছিলেন, আমি আশীর্বাদ করি তুমি সেরে ওঠো—এসে তোমার দণ্ড নিয়ে মহাপাপ থেকে মুক্ত হও। তখন কালীনাথের মৃত্যুর আক্রোশ আমার মনেও দগ্‌দগ্‌ করছিল, আমিও সেদিন তাঁকে ভুল বুঝেছিলাম, কিন্তু আজ···

ঘাড় নেড়ে 'না'-এর ভঙ্গিতে হরদাসবাবু জানালেন, না, আজ তাঁকে বুঝতে ভুল হয় নি। এ মানুষকে তিনি বুঝেছেন। তিনি সন্তানকে বাঁচাবার জন্যে আসেন নি, এসেছেন ক্ষমা চাইতে। এখানকার বিচারের চেয়েও বড় বিচারের জন্য তাঁর প্রয়োজন আছে, আর প্রয়োজন আছে···

মা বললেন, বুঝলাম হরদাস তিনি ভাল লোক, কিন্তু ব্রজর কাছে তিনি চান কি ? ক্ষমা তো ?

—হাঁ, কিন্তু সে ছেলের জন্যে নয় ; চান বংশের জন্যে। বললেন, তাঁর বাপ, অনন্তর পিতামহ আর কালীনাথের মাতামহ একই ব্যক্তি—তাঁর জন্য, আর ব্রজর ছেলে যখন হয়েছে, তখন তার ভবিষ্যতের জন্য, তিনি কিছু সম্পত্তি দিতে চান।

—ঘুষ ?

—না মা, ও-কথা বলো না। তাঁর সঙ্গে দেখা করলে ও-কথা বলতে পারবে না। তিনি বললেন, হরদাস, অনন্ত যদি কালীনাথকে হত্যা না করে আত্মহত্যা করত, তবে আমার সম্পত্তির উত্তরাধিকারী হত কালীনাথ। কালীনাথ নেই, তার ছেলেকে যে সম্পত্তি দিতে চাচ্ছি তাতে তার অধিকার আছে। আর একজনের কথা বলি মা, তাহলেই কথাটা পরিষ্কার হবে। অনন্তর শ্বশুরও এসেছেন। তিনি আগেও এসেছিলেন—চার বছর আগে সে যখন প্রথম ধরা পড়ে, এসে বলেছিলেন, আমি পঁচিশ হাজার টাকা দেব কালীনাথের ছেলের জন্যে। আমি ঘেন্নার সঙ্গে বলেছিলাম, না !

—তিনিই তো জামাইয়ের জন্যে এখন লড়ছেন ?

—হাঁ, কলকাতা থেকে ব্যারিস্টার আনিয়েছেন।

—এখন আপসোস হয়েছে ! হাসলেন, তারপর বললেন, তুমি ওঁদের যেতে বলে দাও হরদাস। ব্রজকে এ অনুরোধ করতে আমি পারব না।

পাশের ঘরেই ব্রজরাণী তখন বসে নীরবে আপন মনে ঘাড় নাড়ছিল ধীরে ধীরে দৃঢ়ভঙ্গিতে,

না-না-না। চোখের দৃষ্টিতে তার বিচিত্র একাগ্রতা অথবা শূন্যতা।

পাশে বসে ছিল তার ভ্রাতৃবধূ। সে বুঝতে না পেরে বললে, ঠাকুরঝি!

ব্রজ তার দিকে তাকালে।

—এমন করে ঘাড় নাড়ছ কেন?

ম্লান হাসলে ব্রজ। বললে, বলছি, না-না-না, ক্ষমা করতে আমি পারব না। দাদার কথা শুনতে পাচ্ছ না? একটু চুপ করে থেকে আবার বললে, আর ভাবছি, মনের সঙ্গে কথা বলছি, আদালতে সাক্ষী দিতে হবে, জেরা করবে তো, তাই সব ঠিক করে নিচ্ছি। যদি বলে চার বছর আগের ঘটনা, আপনার ভুল হচ্ছে, অনেক কথা মনে নেই আপনার। আমি বলব, না-না-না। কথা বলার সঙ্গে তার সর্বাঙ্গ দুলে উঠল, সেও যেন বলে উঠল, না-না-না। ব্রজরাণী বলে গেল, ভুলি নি, ভুলবার নয়। আমি ভিতরে ভাঁড়ারঘরের দাওয়ায় বসে, ওই অসুরকে ব্রাহ্মণ বলে তার খাওয়ার উদ্যোগ করছিলাম। আর···

চোখ দিয়ে জল গড়াল। হাসলে। একটু চুপ করে রইল।

হাসিটি ফুটেই রইল। হাসি নিয়েই বললে, বউদিদি, গুন গুন করে মনের আনন্দে গান গাইছিলাম। আমার কত সুখ—কত সুখের ঘর। গাইছিলাম—

সুন্দর মম গৃহে আজি পরমোৎসব রাতি।

এ গানটা শিখেছিলাম ওরই বউ মীনার কাছে। আমাদের ফুলশয্যার রাত্রে ওই গান সে গেয়েছিল। তার কথায় বাধা পড়ল—ঢং শব্দ করে ঘড়িতে একটা বাজল।

কথা বলতে বলতে চমকে উঠল ব্রজরাণী, বলে উঠল, বউদি! ও কি বউদি? বন্দুকের শব্দ?

বউদি বললে, ও একটা বাজল ভাই!

ব্রজ চুপ করে বসে রইল।

হঠাৎ আবার বললে, কাল থেকে তো দায়রা শুরু?

চার বছর কেটে গেছে। ঝড়ের ধুলোর মধ্যে কটি জীবন যেন কুটোর মত পাক খেয়েছে।

অনন্ত ছুটে পালিয়েছিল। সে কি ছোটা! পৃথিবীর এক প্রান্তে যেন ছুটে পালাতে চেয়েছিল। উন্মাদ হয়ে গিয়েছিল। নইলে সে যে মানুষ তাতে সে সহজেই আত্মহত্যা করতে পারত। রেলের তলায় ঝাঁপিয়ে পড়তে পারত। জলে ডুবতে পারত। গাছের ডালে ফাঁস লাগিয়ে ঝুলতে তার ভয় হবার কথা নয়। পাহাড় থেকে ঝাঁপ খেতেও সে পারত। কিন্তু তা পারে নি। তার মনে হয়েছিল, গুলিতে দুই হাত ভাঙা কালীনাথ দুই ভাঙা হাত বাড়িয়ে তাকে ধরবার জন্য পিছনে পিছনে ছুটে আসছে, তাকে ধরে নিতে আসছে, কালীনাথের সঙ্গে ছুটে আসছে ব্রজরাণী। কিছুতেই সে দাঁড়াতে পারে নি। ছুটেছিল, ছুটেছিল—হেঁটে, ট্রেনে, কি করে, কেমন করে, কোন্ পথে—তা নিজেও সে বলতে পারে না। জানে না। সাতদিন

পর ধরা পড়েছিল বাংলা দেশ পার হয়ে—আসামের পার্বত্য প্রদেশে। পুলিস তার রক্তাক্ত চোখ, ভীতার্ত চাহনি, ছিন্নভিন্ন পরিচ্ছদ, ছুটন্ত গতি দেখে তাকে ধরেছিল। ভেবেছিল পুলিস দেখেই ছুটে পালাচ্ছে! পুলিস তাকে অনুসরণ করে ধরতেই সে হা-হা করে হেসে উঠেছিল।

—হা-হা-হা! হা-হা-হা! হা-হা-হা! সে নিরাপদ, আর কি করবে কালীনাথ? নিশ্চিন্ত নিরাপদ। হা-হা-হা!

তার পকেটে পত্র ছিল। মীনার পত্র। সেই পত্র দেখে তাকে পাঠিয়েছিল তার জেলায়। মীনার ঠিকানায় একটা খবরও পাঠিয়েছিল।

মীনা পত্রখানা পেয়ে থর থর করে কেঁপে উঠেছিল। কালীনাথের হত্যার সংবাদ তার অনেক আগেই পৌঁছে গেছে। কালীনাথের হত্যার দ্বিতীয় দিন সন্ধ্যায় পুলিস এসেছিল তাদের বাড়ি।—অনন্তবাবু আসেন নি? আপনার জামাই?

—না তো! কেন? পুলিস দেখে চমকে উঠেছিলেন পৃথ্বীশবাবু।

স্থানীয় পুলিস কর্মচারী সংবাদটা গোপন করেন নি। আপনার জামাই তার পিসতুতো ভাইকে গুলি করে হত্যা করেছেন।

—গুলি করে খুন করেছে?

—হ্যাঁ, পরশু দুটোর সময়। তার পর থেকে নিরুদ্দেশ!

পৃথ্বীশবাবু পাথর হয়ে গিয়েছিলেন। তিনি হিসেব করেছিলেন, পরশু সকালে সে এখানে এসেছিল, তিনি চাবুক মেরেছিলেন, সে চলে গিয়েছিল। তখন বেলা আটটা। এখান থেকে সওয়া-আটটার ট্রেনে রওনা হলে মীনার শ্বশুরবাড়ি পৌঁছানো যায় বেলা দেড়টা-দুটোর সময়।

আরও একজন পাথর হয়ে গিয়েছিল—সে মীনা। সে ছিল পাশেই—লাইব্রেরী ঘরে। সে তাকিয়ে ছিল সেই বাগানের দিকের জানালাটার দিকে, যে জানালাটায় উঠে অনন্ত বন্দুক হাতে ঘরের মধ্যে এসে লাফিয়ে পড়েছিল—সাপটাকে মেরেছিল; তাকে প্রথম দেখার ছবিটা তার মনে পড়ে গেল।

তারপর এই চার বছর সেও যেন এই ধুলোর ঝড়ে পাক খেয়েছে।

এই চার বছরে আরও একটা কথা সে জানতে পেরেছে। তার বাবা জেনেছেন। সেই বেনামী পত্রখানার কথা। বেনামী পত্রখানা কালীনাথের হাতের লেখা। পুলিসই বের করেছে। কালীনাথের বাড়িতে তদন্ত করতে গিয়ে পেয়েছিল পত্রখানা। প্রথম তারা কালীনাথের বিরুদ্ধে লেখা পত্রখানা অনন্তর লেখা মনে করে তার বিরুদ্ধে প্রমাণ হিসাবে সংগ্রহ করেছিল। কিন্তু হাতের লেখা পরীক্ষায় জানা গেছে, ওখানা তার লেখা নয়—কালীনাথের লেখা!

সব গোলমাল হয়ে গেছে। তবে তো সে দায়ী নয়!

পৃথ্বীশবাবু দীর্ঘনিশ্বাস ফেলে বলেছিলেন, এ কি মারাত্মক ভুল করলাম আমি!

তিনি দীর্ঘক্ষণ পায়চারি করে মীনার কাছে এসে তার মাথায় হাত দিয়ে বলেছিলেন, ভাবিস নে তুই, আমি তাকে বাঁচাব, আমার সর্বস্ব খরচ করেও বাঁচাব।

মীনা কোন কথা বলে নি—স্থির নির্বাক হয়ে বসে ছিল। মুখরা মেয়েটি মূক হয়ে গেল সেইদিন থেকে। চার বছর সেই মূক হয়ে আছে। হোক, বিচার শেষ হোক, আর সে পারছে না।

সেদিনও মীনা বসে ছিল স্তব্ধ হয়ে মাটির পুতুলের মত।

তার চুলে আঙুল চালিয়ে দিচ্ছিলেন ওর মা।

মা বললেন, কালীনাথের বউ কারও সঙ্গে দেখা করে নি, ফিরিয়ে দিয়েছে, ক্ষমা সে করবে না।

মীনা উদাস দৃষ্টিতে চেয়ে রইল।

মা বললেন, তুই একবার যাবি?

মীনা নীরবে ব্রজরাণীর মতই ঘাড় নাড়লে, না।

মা বললেন, কিন্তু এর জন্যে দায়ী তো···

—আমি। কিছুক্ষণ চুপ করে থেকে আজ সে বললে, তোমরা আমাকে ছেড়ে দাও, আমি আদালতে গিয়ে সব কথা বলে বলি দায়ী আমি!

—সে তো আদালত শুনবে না মীনা। অনন্ত খুন করেছে, ব্রজরাণী তার সাক্ষী।

একটু চুপ করে থেকে মীনা বললে, তবে শুধু তার কাছেই ক্ষমা চাইব আমি। সেদিন—

স্তব্ধ হয়ে গেল সে।

সে মনশ্চক্ষে দেখলে, অনন্তর চাবুক-খাওয়া বিপর্যস্ত মূর্তি।

অনন্ত চলে যেতে যেতে একবার থমকে দাঁড়িয়েছিল।

স্থির দৃষ্টিতে সে চেয়েই রইল। পৃথিবীর আকাশ মাটি ঘর বাড়ি কে যেন ঘষে মুছে দিচ্ছে, ঝাপসা হয়ে যাচ্ছে।

মা বললেন, এখন থেকে কাঁদিস নে, কাঁদবিই তো, জীবনটাই তো পড়ে থাকবে। তার চেয়ে যদি ব্রজরাণীর কাছে—যাবি?

মীনা কেঁদেই চলল।

ঠিক সেই সময়।

তখন জেলখানার একটা সেলের গরাদেতে মাথা রেখে দাঁড়িয়ে অনন্ত।

বিশীর্ণ মুখ, বিষণ্ণ বেদনাতুর দৃষ্টি; সর্বদেহে ক্লান্তি; ভগ্ন-স্বাস্থ্য—বিশ্বের দরবারে সে যেন একজন ভিক্ষুক।

সেলটার সামনে অনতিদূরে ফাঁসির মঞ্চটা।

সেই দিকে সে তাকিয়ে দাঁড়িয়ে ছিল।

মাথার মধ্যে বিচিত্র ভবিষ্যৎ-কল্পনা তার ঘুরছিল। ক্লান্ত অর্ধোন্মাদ মস্তিষ্কে সে ভবিষ্যতের ছবি আঁকছিল।

তার মনে হল, মঞ্চের উপরে সাদা কাপড়ে মুখ ঢেকে সমস্তটা আবৃত করে একটি মূর্তি যেন এসে দাঁড়াল। তার হাতে ফাঁসির ফাঁস। সে মূর্তি একবার মনে হল ব্রজরাণীর—আবার মনে হল মীনার।

সে গরাদের ফাঁক দিয়ে দু হাত সাগ্রহে বাড়িয়ে দিলে।

ওদিকে একটা পুলিস-হুইসিলের শব্দ হল।

কয়েক মিনিট পরেই এসে দাঁড়াল ওয়ার্ডার তিনজন।

একজন দরজার তালা খুললে। বললে, চলিয়ে।

সপ্রশ্ন দৃষ্টিতে সে তাকালে।

ওয়ার্ডার বললে, আদালত—আদালতে নিয়ে যাবার গাড়ি এসেছে।

সে হেসে বিভ্রান্তের মতই বললে, যেন প্রশ্ন করলে, মুক্তি হবে আমার তা হলে? খালাস পাব?

আদালতের সামনের খোলা জায়গা। কয়েকটা গাছের ছায়ায় লোকজন দাঁড়িয়ে রয়েছে। ঘুরছে। মামলা করতে এসেছে সব।

একটি গাছতলায় দাঁড়িয়ে ছিলেন অনন্তর বাবা। মাথা হেঁট করে পায়চারি করছিলেন। আরও দু-একজন কর্মচারী দাঁড়িয়ে ছিল। আর একপাশে দাঁড়িয়ে ছিল একখানা মোটর, মোটরের ভিতরে বসে ছিল মীনা। তার বাবা ভিতরে আছেন, ব্যারিস্টারের সঙ্গে কথা বলছেন।

পুলিসের গাড়ি আদালতের সামনে দাঁড়াল। শীর্ণ অনন্তকে নামিয়ে পুলিস নিয়ে গেল ভিতরে। শীর্ণ-দেহ অনন্তকে দেখে মীনা শিউরে উঠল।

আদালত-কক্ষ সেদিন সরকারী উকিলের তীব্র তীক্ষ্ণ কণ্ঠস্বরে, ওজস্বিনী ভাষায় মুখরিত হয়ে উঠল:

মহামান্য বিচারক, ন্যায় ও ধর্মের নামে অতি নিষ্ঠুর এবং নৃশংস হত্যাকাণ্ডের বিচার প্রার্থনা করে এই মামলা ধর্মাধিকরণে উপস্থিত করছি। চার বছর আগে ২৮শে বৈশাখ কালীনাথ ঘোষাল নিহত হন। বন্দুকের গুলিতে তাঁকে হত্যা করা হয়।

সরকারী উকিলের কণ্ঠস্বর আবেগে রম্ রম্ করে উঠল, সত্য কথা বলতে কি, এই নিষ্ঠুর হত্যাকাণ্ড এখানকার সকল মানুষের মর্মমূল ধরে নাড়া দিয়েছিল। ব্রজরাণীর সঙ্গে যেন সকলেই আজ চার বছর ধরে এ হত্যার বিচার প্রার্থনা করে এসেছে। প্রতিশোধ চেয়ে এসেছে। সাবিত্রী ব্রতের দিন উপবাসধারিণী স্ত্রীর চোখের সম্মুখে তার সকরুণ আর্ত মিনতি

উপেক্ষা করে বরণ-করা ব্রাহ্মণ অসুরের মত হত্যা করেছে তার স্বামীকে। এ কি নিষ্ঠুরতা—এ কি পৈশাচিকতা!

উকিল বলে গেলেন: অভিযুক্ত আসামী অনন্ত চট্টোপাধ্যায় তাকে গুলি করে হত্যা করেছে। তার জীবনের অতি প্রিয় বন্দুক, বারো বোরের উইনচেস্টার রিপীটার, এই বন্দুক দিয়েই সে তাকে পর পর গুলি করেছিল। চেম্বারে দুটি মাত্র কার্টিজই ছিল। গুলি করে হত্যাকাণ্ড শেষ করে সে বন্দুকটি সেইখানেই ফেলে দিয়ে পালিয়ে যায়। খালি বন্দুকটি কালীনাথের শবদেহের অনতিদূরেই পাওয়া গিয়েছে।

স্তব্ধ হয়ে শুনছিল লোকে। লোকে লোকারণ্য হয়ে গেছে দায়রা আদালতের ঘরখানি। উকিল মোক্তারেরাও নীরব। মধ্যে মধ্যে পোশাকের খস্ খস্ আওয়াজ শোনা যাচ্ছিল শুধু। কখনও কাগজ ওল্টানোর খরখরে শব্দ। অভিব্যক্তিহীন মুখে বিচারক চেয়ে রয়েছেন সম্মুখের পানে।

সরকারী উকিল বলে চললেন:

এই আসামী অনন্ত, কালীনাথের নিকট-আত্মীয়, সম্পর্কে ভাই, কালীনাথের বন্ধুও ছিল সে। কিন্তু কালীনাথ ছিল শিক্ষিত, আসামী অনন্ত অশিক্ষিত, মূর্খ, দুরন্ত ক্রোধী এবং শিকার করার নামে হত্যাকাণ্ডের উপর তার একটা নেশা ছিল। সে বাইরে কালীনাথের বন্ধু হলেও তার প্রতি ঈর্ষান্বিত ছিল। কারণ কালীনাথ ছিলেন বিদ্বান, সকলের প্রশংসাভাজন, সমাজে সমাদৃত; আর ধনীপুত্র আসামী মূর্খ, দুর্দান্ত, ক্রোধী। সেই হেতু ধনীর পুত্র হয়েও সমাজে উপেক্ষিত ছিল সে। কথায় কথায় মারপিট করাই আসামীর চিরদিনের অভ্যাস। বিপুলদেহ বলবান কাবুলীওলাদের সঙ্গেও মারপিট করার নজীর আছে।

সরকারী উকিলের উচ্চ গম্ভীর কণ্ঠস্বর আদালতের বাইরে থেকে স্পষ্ট শোনা যাচ্ছিল। বাইরের বারান্দায়, সামনের গাছতলায়, নানা কর্ম-ব্যস্ততার মধ্যেও লোকে অবসর পেলেই দাঁড়িয়ে শুনছিল। তাদের সঙ্গে শুনছিলেন অনন্তর বাবা। আর শুনছিল মীনা। সে গাড়ির মধ্যে বসে সামনের সিটের ঠেস দেবার জায়গাটার উপর হাত রেখে তার মধ্যে মুখ গুঁজে নিস্পন্দের মত পড়ে ছিল।

পৃথ্বীশবাবু আদালত থেকে বেরিয়ে এলেন। সেখানে যেন তাঁর দম বন্ধ হয়ে আসছিল। মীনাকে বললেন, একবার তুই কালীনাথের স্ত্রীর সঙ্গে দেখা কর্ মীনা।

মীনা ঘাড় নাড়লে, না।

কিছুতে সে তা পারবে না। সে একান্তে বসে বার বার এ সংকল্প করতে চেয়েছে। গিয়ে ব্রজরাণীর দুটি পায়ের উপর আছাড় খেয়ে, দিদি, অপরাধ আমার, তুমি আমাকে সাজা দাও, নিরপরাধকে ক্ষমা করো—বলবার সংকল্প করতে চেয়েছে, কিন্তু কিছুতেই পারে নি—কে যেন তার গলা টিপে ধরেছে, কে যেন বলেছে, এই তো তার সাজা—এই তো তার প্রাপ্য।

ওদিকে আদালতের ঘড়িতে ঢং ঢং করে চারটে বেজে গেল। আদালত শেষ হল সেদিনের মত।

সন্ধ্যার পর অন্ধকার আকাশের দিকে তাকিয়ে বারান্দায় রেলিং ধরে দাঁড়িয়ে ছিল ব্রজরাণী।

শহরের বাড়িগুলির মধ্যে তখন অন্ধকার গাঢ় হয়ে এসেছে।

অন্ধকারের মধ্যে শুধু ব্রজরাণীর সাদা কাপড়-পরা মূর্তিটা দেখা যাচ্ছে।

নিস্তব্ধ পরিবেশ।

নিস্তব্ধতা ভঙ্গ করে ব্রজরাণীর মায়ের কণ্ঠস্বর শোনা গেল, ব্রজ!

তিনি বারান্দায় বেরিয়ে এলেন।

—একটু বাইরে গিয়েছি আর তুই উঠে চলে এসেছিস? আয়, ঘরে আয়!

অস্ফুট কণ্ঠে সে বললে, না। কথার সঙ্গে সেই ভঙ্গিতে ঘাড় নাড়লে, ঘুম আসছে না, পারব না ঘুমুতে, না।

—কাল যে তোকে সাক্ষী দিতে হবে।

—কাল ঘুমোব, আজ নয়।

বাকি রাতটা জেগেই কাটালে সে। অন্ধকারের মধ্যে স্থির দৃষ্টিতে তাকিয়ে সে বসে রইল। সে যেন দেখতে পাচ্ছিল, নিষ্ঠুর বন্ধনে সেই অসুরটাকে বেঁধে নিয়ে এসেছে বিচারালয়ে। সে উদ্ধত দৃষ্টিতে দৃপ্ত ভঙ্গিতে তাকিয়ে রয়েছে। সে তো মৃত্যুকে ভয় করে না। বাঘের মত ভয়ঙ্করকে হত্যা করে সে তার উপর পা রেখে দাঁড়িয়েছিল। সে মূর্তি তার চোখের উপর ভাসছে।

হঠাৎ একটা কর্কশ শব্দে সে চমকে উঠল। কি? কিসের শব্দ? সঙ্গে সঙ্গে মনে পড়ে গেল তাদের বাসরঘরের স্মৃতি। এমনি ডাক, তার পরেই অতি নিষ্ঠুর উচ্চ শব্দ—বন্দুকের শব্দ! মনে পড়ে গেল, জানালার ধারে বন্দুক হাতে দাঁড়িয়ে অনন্ত।

ওঃ, এটা পেঁচার ডাক! রাত্রির প্রহর অতিক্রান্ত হল। সঙ্গে সঙ্গে কালেক্টরীর টাওয়ার ক্লক বাজতে শুরু করল—ঢং ঢং ঢং। তিনটে বাজল। আর সাত ঘণ্টা। কাল দশটায় আবার বিচার আরম্ভ হবে। সাক্ষী দিতে হবে তাকে। আষ্টেপৃষ্ঠে বাঁধা সেই অসুরের মত বলশালী হন্তারকের দিকে তাকিয়ে তাকে বলতে হবে, হ্যাঁ, এই। হ্যাঁ, এই সেই অসুর, তার স্বামীকে হত্যা করেছে। বলতে হবে, সে সাবিত্রী-ব্রত করেছিল, সে ভুল করে এই অসুরকে ব্রাহ্মণ বলে বরণ করেছিল, সে প্রতারিত হয়েছিল। তার স্বামী তাকে ভালবাসতেন। সে···

আঃ, গোলমাল হয়ে যাচ্ছে তার। হ্যাঁ, না-না, ঐ অসুর তার স্বামীকে ভালবাসত না, ভালবাসার ভান করত।

আঃ, গোলমাল হয়ে যাচ্ছে।

অধীর হয়ে উঠল সে। উঠে কুঁজো থেকে জল ঢেলে মাথা ধুয়ে ফেললে।

ঢং ঢং ঢং ঢং শব্দে টাওয়ার ক্লক বাজল। ব্রজরাণী বাইরে এসে বারান্দায় দাঁড়াল। এ কি যন্ত্রণা! এ কি উদ্বেগ! সে আর সহ্য করতে পারছে না। নিস্তব্ধ রাত্রির শেষ প্রহরে একা

সে প্রতিহিংসার জ্বালায় অধীর হয়ে জেগে রয়েছে। ওঃ, ভোর হবে কখন? চোখ বুজতে পারছে না সে। মনে পড়েছে স্বামীর রক্তাক্ত দেহ। আজও পর্যন্ত সে সুস্থদেহ স্বামীকে চোখ বুজে মনে করতে পারে না।

ওদিকে দিক্‌চক্রবালে উষার পাণ্ডুরাভা প্রকাশ পাচ্ছিল। একসময় বিহঙ্গ-কলরবে স্তব্ধ পৃথিবী বারেকের জন্য চকিত হল। আবার, আবার, আবার পূর্বাকাশ লাল হচ্ছে।

আঃ! রাত্রি শেষ! আজ তার ব্রত উদ্‌যাপনের শেষ দিন।

দিগন্তে সূর্যোদয় হল।

দূরে টাওয়ার ক্লকে বাজল ছটা।

ঘড়ির কাঁটা সরতে লাগল, সাতটা-আটটা-নটা-দশটা।

দশটা বাজতেই হরদাসবাবুর বাড়ির বাইরে দরজায় এসে দাঁড়াল তাঁর গাড়ি।

গাড়ির দরজা খুলে দাঁড়ালেন হরদাসবাবু।

বাড়ি থেকে বেরিয়ে এলো ব্রজরাণী।

হরদাসবাবু বললেন—শরীর ঠিক আছে তো?

—হ্যাঁ।

—ওঠো।

পিছন দিক থেকে মা এগিয়ে এসে সামনে দাঁড়ালেন।

মা তার মাথার উপর ঘোমটা তুলে দিলেন। তার ঘোমটা খসে পড়েছে; সেদিকে তার ভ্রূক্ষেপ নেই। সে যেন ধ্যানস্থ।

পিছন দিক থেকে ভ্রাতৃবধূ একখানা চাদর এনে তার গায়ে জড়িয়ে দিলেন।

সে স্থির অবিচলভাবেই গাড়িতে উঠল।

কোর্টের বারান্দার সামনে এসে দাঁড়াল গাড়ি।

সে থাকল গাড়িতে। তাকে স্পষ্ট দেখা যাচ্ছে না। সাদা আভাস দেখা যাচ্ছে। তার মাথা সিটের ব্যাকে হেলে রয়েছে।

হরদাসবাবু নেমে গেলেন গাড়ি থেকে।

আদালতের ভিতর থেকে সরকারী উকিলের কণ্ঠস্বর ভেসে আসছিল।

উকিল তখন বলছিলেন: এই মামলায় প্রধান সাক্ষী হলেন মৃত কালীনাথের স্ত্রী শ্রীমতী ব্রজরাণী দেবী। তার চোখের সামনে হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে। ঘটনা ঘটেছে চার বছর পূর্বে। চার বছর মস্তিষ্ক-বিকৃতির জন্য আসামী উন্মাদাগারে ছিল। আজ সুস্থ হয়েছে। কিন্তু চার বছরে ব্রজরাণী দেবীর স্মৃতি এতটুকু ম্লান হয় নি। তিনি চার বছর ধরে এই স্মৃতিকে উজ্জ্বল করে রেখেছেন—তাঁর স্বামীর হত্যার বিচার পাবার প্রত্যাশায়। আর যাঁরা সাক্ষী আছেন, তাঁরা প্রত্যেকেই বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞ। শব ব্যবচ্ছেদ করেছেন ডাক্তার, অস্ত্র বিষয়ে বিশেষজ্ঞ—যে বন্দুক দিয়ে হত্যাকাণ্ড সাধিত হয়েছে পরীক্ষা করেছেন তিনি। তাঁদের

সেই সময়ের রিপোর্ট আছে। তদন্তকারী দারোগার ডায়েরী আছে। সেও পুরনো হয় নি। সে সমস্তই দাখিল করা হয়েছে মাননীয় বিচারপতির কাছে। মাননীয় বিচারপতির নিকট, ভারতীয় দণ্ডবিধির ধারামতে আক্রোশবশত ইচ্ছাপূর্বক নর-হত্যার দায়ে আসামীকে অভিযুক্ত করে, ন্যায় ও ধর্মের নামে আমি বিচার প্রার্থনা করি।

বিচারক কাগজপত্র ওল্টাতে লাগলেন। কলম তুলে নিলেন।

দর্শকদের মধ্যে গুঞ্জন; উকিলদের কানাকানি; এরই মধ্যে হরদাসবাবু এসে সরকারী উকিলকে কানে কানে কি বললেন। পিছন দিক থেকে একজন কেউ বলে উঠল, রাস্তায় দাঁড় করিয়ে ওকেও গুলি করে মারা হোক!

একজন পুলিস কর্মচারী।—চুপ, চুপ।

ভিড়ের ভিতর থেকে একজন ভিড় ঠেলে উত্তেজিত ভাবে বেরিয়ে গেল, না, চুপ করে থাকতে পারছি নে। উঃ, এত বড় নৃশংস হত্যা…

উকিলদের আসন থেকে উঠে হরদাসবাবু বেরিয়ে চলে গেলেন। ব্রজরাণীকে আনতে হবে।

ঢং ঢং শব্দ করে টাওয়ার ক্লকে দুটো বাজল।

কোর্ট পিওন বারান্দায় বেরিয়ে এসে হাঁকলে, শ্রীমতী ব্রজরাণী দেবী!

আবার হাঁকলে, সাক্ষী শ্রীমতী ব্রজরাণী দেবী!

গাড়ির দিকে এগিয়ে গেলেন হরদাসবাবু। ব্রজরাণী অকম্পিত পদেই নামল। চোখে তার বিচিত্র দৃষ্টি, মুখের ভাবরূপ অপূর্ব, তার ব্যাখ্যা করা চলে না। মাথার অবগুণ্ঠন খসে পড়েছে। রুক্ষ কেশভার এলিয়ে যাচ্ছে। সে যেন এক তপস্বিনী—সে যেন জলন্ত বহ্নিশিখা। কোর্টের বারান্দা দিয়ে উঠে এলো হরদাসবাবুর পিছনে পিছনে।

কোর্টের ভিতর জজ-জুরী ব্যগ্র দৃষ্টিতে তাকিয়ে আছেন। দর্শকও অগণিত। শুধু আসামী মাথা নুইয়ে কাঠগড়ার উপর রেখে কোন মতে দাঁড়িয়ে আছে। সে এই ভাবেই রয়েছে প্রথম থেকে। দর্শকেরাও তাকে ভাল করে দেখে নি।

কোর্ট ইন্সপেক্টার বললেন, পথ ছাড়ুন, পথ ছাড়ুন।

দর্শকেরা দু ভাগ হয়ে পথ করে দিল।

দরজার মুখে শ্বেত-বস্ত্রাবৃতা মূর্তি।

মাথার ঘোমটা ও চাদরখানা মুখখানিকে নাকের প্রান্তভাগ পর্যন্ত ঢেকে ফেলেছে।

ইন্সপেক্টার বললেন, সাক্ষী শ্রীমতী ব্রজরাণী দেবী!

ঠিক যেন অনন্তর দেখা ফাঁসির মঞ্চের উপরের মূর্তি ধীর পদক্ষেপে এগিয়ে আসছে।

ইন্সপেক্টার তাকে পথ দেখিয়ে সাক্ষীর ডকের পথ দেখিয়ে দিলেন।

পেশকার উঠে তাকে হলফ নেওয়ালে, ধরুন, এই গীতা ধরে বলুন—। হলফ পাঠ করিয়ে গেলেন তিনি। কি নাম আপনার?

—ব্রজরাণী দেবী।

আসামী এতক্ষণে মুখ তুললে।

চমকে উঠল সে। এ কে? এ কে? আঃ, হায় রে! এ কি সেই? আঃ, ছি ছি ছি! তার সামনে ধীরে ধীরে কোর্টের পারিপার্শ্বিক মুছে গেল। শুধু রইল মূর্তিটি! চোখের জলে তার মুখ ভেসে গেল। কাঁদতে কাঁদতে মাথা রাখলে কাঠগড়ার উপর।

উকিল প্রশ্ন করলেন, আপনিই শ্রীমতী ব্রজরাণী দেবী?

—হ্যাঁ।

—কালীনাথ ঘোষাল আপনার কে হতেন? স্বামী?

—হ্যাঁ, আমার স্বামী।

—আপনার স্বামী খুন হয়ে মারা গেছেন, এ কথা কি সত্য?

—হ্যাঁ, বন্দুকের গুলিতে। বন্দুক করে—। দৃষ্টি তার বিস্ফারিত হয়ে উঠল। সরকারী উকিলের দিকে তাকিয়ে কথার উত্তর দিচ্ছিল সে। সরকারী উকিলও সে দৃষ্টি দেখে শিউরে উঠলেন।

আত্মসম্বরণ করে উকিল আবার প্রশ্ন করলেন, কে খুন করেছে, আপনি জানেন?

—হ্যাঁ, জানি। আমার চোখের উপর, আমার সামনে, বন্দুকের গুলিতে। অসুরের মত —অসুর সে।

—তাকে চিনতে পারবেন?

ব্রজরাণীর মনশ্চক্ষে ভেসে উঠল অনন্তর রুদ্র মূর্তি। স্মরণ করে সে শিউরে উঠল।

উকিল প্রশ্ন করলেন, ওই কাঠগড়ায় যে আসামী দাঁড়িয়ে আছে দেখুন তো! আঙুল বাড়িয়ে দেখালেন তিনি। সে ভাঙা বনস্পতির মত কাঠগড়ার হাতলের উপর মাথা রেখে ভেঙে পড়ে গেছে যেন। মুখ তার দেখা যাচ্ছে না। উকিল তাকে বললেন, এই মুখ তোল, তুমি মুখ তোল।

সে অতি কষ্টে সোজা হয়ে দাঁড়াল, মুখ তুললে।

সে মুখের ঘোমটা টেনে তুললে কপাল পর্যন্ত। কই সে? কই? কোথায়?

অনন্তকে দেখে দৃষ্টি বিস্ফারিত হয়ে উঠল।

তার দিক থেকে দৃষ্টি ফিরিয়ে চারিদিকে সে খুঁজলে।

উকিল বুঝতে পারলেন, সে চিনতে পারছে না। তিনি আবার আঙুল দিয়ে দেখালেন, এই যে, এই যে আসামী—এই!

তার বিস্ফারিত বিস্মিত দৃষ্টি আবার নিবদ্ধ হল অনন্তর দিকে।

কিছুক্ষণ চেয়ে দেখে কি যেন হয়ে গেল তার। সে সজোরে চোখ বুজলে।

এই রুদ্রমূর্তি অনন্ত! ঝাপ্‌সা হয়ে যেতে লাগল। দুনিয়া যেন গলে মিলিয়ে যাচ্ছে।

এ কে? এই শীর্ণ দেহ, ভেঙে বেঁকে গেছে যে দেহখানা, দুর্বল, থর থর করে কাঁপছে, চোখে বিভ্রান্ত বিহ্বল কাঙালের দৃষ্টি; মাথার চুল উঠে গেছে, যে কটি আছে তার বর্ণ—স্বাস্থ্যের বার্ধক্যের জীর্ণতায় সাদা হয়ে গেছে অধিকাংশ; উঃ, সর্বাঙ্গে কি নিদারুণ প্রহারের

চিহ্ন! যেন কেউ মানুষটাকে নিষ্ঠুর প্রহারে জর্জরিত করে দুমড়ে ভেঙে দিয়েছে। দীপ্তিহীন নিষ্প্রভ চোখ, সর্বদেহে নিদারুণ ক্লান্তি, দাঁড়াবার ভঙ্গিতে সকরুণ অসহায় দুর্বলতা। নিস্তেজ স্তিমিত-প্রাণ অসহায় আত্মীয়হীন স্বজনহীন বান্ধবহীন নিঃশেষে কাঙাল একটি; বিশ্ব-ব্রহ্মাণ্ডের কাছে উদাস, নীরব যাচঞায় করুণা প্রার্থনা করে দাঁড়িয়ে আছে। হায় রে, একেই এরা বেঁধে এনেছে হত্যাকারী বলে! একেই ফাঁসিকাঠে ঝুলিয়ে দেবার জন্যে এত আয়োজন এত আড়ম্বর! সারা আদালতে শত শত প্রতিশোধ-কঠিন দৃষ্টি হতভাগ্যকে লেহন করছে; কি রুক্ষ-কঠিন দৃষ্টি সব! দর্শক উকিল পুলিস সব—সব নিষ্ঠুর দৃষ্টিতে ওর দিকে চেয়ে রয়েছে। জজের দিকে চাইলে সে একবার। তাঁর দৃষ্টি, তাঁর মুখ অভিব্যক্তিহীন, হাতে কলমটি উদ্যত করে বসে রয়েছেন। প্রতীক্ষা করে রয়েছেন তার কথার। হতভাগ্যের চোখ দিয়ে জল গড়িয়ে আসছে। দুটি নিটোল মুক্তা নেমে আসছে চোখের দুটি কোণ থেকে। তার সমস্ত অন্তর যেন হাহাকার করে উঠল। কাকে শাস্তি দেবে সে? এ কে? এই সর্বরিক্ত ভিক্ষুক কে? কে তাকে এমন করলে? সে আবার চোখ বুজলে।

অনন্তও থর থর করে কাঁপছিল, কাঠগড়ার হাতল ধরে দাঁড়িয়ে নিষ্পলক দৃষ্টিতে তাকিয়ে ছিল তার দিকে। আঃ রে, এই রাজলক্ষ্মীকে, সোনার প্রতিমাকে এমন করে কে সর্বরিক্ত করে দিলে রে! কত চেনা, তবু যেন ঠিক চিনতে পারছে না সে! কে? কে? ঠোঁট দুটি তার থর থর করে কাঁপছিল। নাঃ, এ তো গুলি-খাওয়া কালীনাথের সঙ্গে তার হাত ধরে ফাঁসির দড়ি হাতে পিছনে পিছনে তাড়া করে নি!

আদালত স্তব্ধ, দর্শকেরা স্তব্ধ, উকিলেরা স্তব্ধ, রুদ্ধশ্বাসে প্রতীক্ষা করছে সকলে। সূচীভেদ্য স্তব্ধতা। মাথার উপর কড়িকাঠের কাছে একটা ভ্রমর শুধু পাখার আওয়াজে একটানা গুঞ্জন-ধ্বনি তুলে চলেছে। সমস্ত পৃথিবীর অক্ষদণ্ড যেন আজ এই আদালত ঘরখানি, সমস্ত পৃথিবী এই অক্ষদণ্ডকে আশ্রয় করে এই মুহূর্তে স্থির হয়ে দাঁড়িয়ে আছে। তার রুদ্ধ ঘূর্ণন-শক্তি মৃদুগুঞ্জনে নিজেকে প্রকাশ করছে। সে কথা বলবামাত্র যেন তা মহাবেগে ঘুরতে শুরু করবে।

অধীর হয়ে সরকারী উকিল প্রশ্ন করলেন, প্রশ্নের ছলে উত্তর ধরিয়ে দিলেন, দেখুন, ভাল করে দেখুন!

সে চোখ খুললে। আবার তাকালে অনন্তর দিকে। চিৎকার করে উঠল, না—না—এ নয়। না-না-না।

উকিল বললেন, ওর চেহারার অনেক পরিবর্তন হয়েছে। তবুও নিশ্চয় আপনি চিনতে পারবেন। এই কি আপনার স্বামীকে খুন করেছে?

সে মুখ ফিরিয়ে সামনের খোলা জানালার দিকে তাকালে। যেখানে নীল আকাশ নিঃসীম উদাসীনতায় সম্প্রসারিত। প্রসন্ন শান্ত। সেদিকে তাকিয়ে রইল সে কিছুক্ষণ, তারপর ঘাড় নাড়লে ধীরে ধীরে। ইঙ্গিতে জানালে—না—এ সে নয়।

উকিল বিভ্রান্ত হয়ে ভুরু কুঁচকে প্রশ্ন করলেন, কি বলছেন মুখে বলুন?

—না।

চমকে উঠলেন উকিল, কি বলছেন? না মানে কি? এ সে নয়?

—না।

—দেখুন, দেখুন, ভাল করে দেখুন। আপনার স্বামীহন্তাকে চিনতে পারছেন না আপনি? ভাল করে ভেবে বলুন কি বলছেন?

—না।

এবার সে চোখ বন্ধ করে ভাল করে আপন অন্তর সন্ধান করে নিজেকে নিজে প্রশ্ন করে বুঝে ধীরে ধীরে ঘাড় নাড়লে। চোখ খুলে স্পষ্ট কম্পিত কণ্ঠে বললে, না।

সমস্ত আদালতে একটা সবিস্ময় গুঞ্জন-ধ্বনি উঠল, না? না? না? না? না?

আদালত ঘর থেকে বাইরের বারান্দায় সে বিস্মিত গুঞ্জন সম্প্রসারিত হল—না? না?

না? বারান্দা থেকে নীচে গাছতলায় জনতার মধ্যে—না? না? না?

কিছুক্ষণ পর সিঁড়ি বেয়ে নেমে এলেন হরদাসবাবু। তাঁর পাশে অনবগুণ্ঠিতা ব্রজরাণী। শান্ত ধীর প্রসন্ন মুখে কোমল স্নিগ্ধতা।

একটুক্ষণের জন্য সে দাঁড়াল। চারিদিকে একবার চেয়ে দেখলে।

শুষ্ক পৃথিবী সরস সুন্দর কোমল হয়ে উঠেছে।

চোখ নিবদ্ধ হল আদালত-প্রাঙ্গণে একটি ফুলে-ভরা গাছের দিকে। বিমুগ্ধ হয়ে সে সেইদিকে তাকিয়ে রইল। ওঃ, কতদিন এমন সুন্দর ফুল সে চোখে দেখে নি! কত দিন! আঃ, কি সুন্দর!

হরদাসবাবু তাকে হাতে ধরে গাড়িতে ওঠালেন। গাড়িটা চলে গেল। ওদিকে আর একখানা গাড়ি দাঁড়িয়ে ছিল। সেই গাড়ি থেকে নেমে এলো আর একটি মেয়ে। তারও মাথায় ঘোমটা নেই, সঙ্কোচ নেই। সে এসে ব্রজরাণী যেখানে দাঁড়িয়ে ছিল সেখানকার এক মুঠো ধুলো তুলে নিয়ে মাথায় বুলিয়ে ধূলি-ধূসরিত করে তুললে নিজেকে।

ব্রজরাণী বাড়ি ফিরে সোজা এসে কালীনাথের ছবির সামনে দাঁড়াল।

হাত দুখানি ছবির পায়ের দিকে বাড়িয়ে দিলে। তারপর শুয়ে পড়ল সেইখানে। আঃ, কত ঘুম নেমে আসছে তার চোখে!

বিবিধ

রসকলি

পাল-পুকুরের ঘাটের উপরেই প্রকাণ্ড বটগাছটার একটা শিকড় বিশাল অজগরের মত কুণ্ডলী পাকাইয়া গর্তের ভিতর মুখ সেঁধাইয়া যেন পিঠে রোদ পোহাইতেছে। পুলিন দাস তাহার উপর হাঁটুভাঙা দয়ের মত উবু হইয়া বসিয়া জলে খোলামকুচি ছুঁড়িয়া 'ব্যাং ছুড়ছুড়ি' খেলিতেছিল; তাহার কাঁধে গামছা, কানে একটা পোড়া বিড়ি।

মিতে বলাই দাস আসিয়া ডাকিল, এই যে পেলা, উঠে আয়, ওরে ও খেপাচণ্ডী, উঠে আয়! খুড়ো যে—

পুলিন হাতের খোলামকুচিটা জলের পরিবর্তে মাটিতে আছড়াইয়া কহিল, টেঁসেছে বেটা বুড়ো?

বলাই সোৎসাহে কহিল, আর দেরি নাই, উঠে আয়।

উভয়েই গ্রামের পথ ধরিল, বলাই আগে, পুলিন পিছনে।

পুলিন সহসা কহিল, বউটা খুব কাঁদছে, নয় রে বলা?

বলা কহিল, খু-উ-ব, আছাড়-বিছেড় করছে।

মাথাটা তাহার প্রায় ঘাড়ের নিকট হেলিয়া পড়িল, ঠোঁট দুইটা চিবুক পর্যন্ত বাঁকিয়া গেল।

আবার উভয়েই নীরব, রাস্তা ধরিয়া চলিয়াছে। একটা গাই রাস্তার ধারে পতিত জমিতে লম্বা দড়িতে বাঁধা, ঘাস খাইতেছিল। জানি না, পুলিন কোন্ কৌতুকে চট করিয়া বাঁ হাতের দুইটা আঙুলে গাইটার পিঠটা টিপিয়া ঘড়-ড়-ঘোঁৎ শব্দে নাসিকা গর্জন করিয়া উঠিল, সঙ্গে সঙ্গে গাইটাও মাথা নাড়িয়া লাফাইয়া উঠিল।

পুলিন সলজ্জে হাত দুই সরিয়া আসিয়া কহিল, মাইরি, কি ত্যাজ রে! আমার বউটাও ঠিক এমনই, মাথা নেড়েই আছে।

পুলিনচন্দ্রের এক দেহশ্রী ভিন্ন আর কিছুই প্রশংসা করিবার মত ছিল না।

তাহার দেহখানি সুন্দর, দীর্ঘ আকার, সবল দেহ, বর্ণ গৌর, কোঁকড়া চুল, আর সর্বাঙ্গ বেড়িয়া বেশ একটি মিষ্টি লাবণ্য। এ ছাড়া আর কোন গুণই ছিল না। বুদ্ধির খ্যাতি তো কোন কালেই নাই, বাল্যকালেই পাঠশালায় গুরুমহাশয়, 'এক পয়সায় তিনটে আম, তা তিনটে আমের কত দাম' ঝাড়া তিনটে ঘণ্টাতেও বুঝাইতে না পারিয়া নিজেই তাহার বই-দপ্তর গুছাইয়া বগলে পুরিয়া দিয়া কহিয়াছিলেন, বাবা, শুভঙ্কর যে এ জন্মে বৈরাগী-কুলে জন্ম নিয়ে হিসেবে পর্যন্ত বৈরাগ্য করেছেন, তা জানতাম না! তোমায় পড়ানো আমার কর্ম নয়।

ইহার উপর সে ছিল যেন মূর্তিমান বে-তাল।

মজলিসে হয়তো লঙ্কাকাণ্ডের মত ভীষণ গম্ভীর আলোচনা চলিতেছে, বুড়া জাম্বুবান হয়তো মন্ত্রণা দিতেছে, মজলিসসুদ্ধ লোক স্তম্ভিত, নিস্তব্ধ, সহসা সেখানে পুলিনচন্দ্র যেন কৌতুকের কাতুকুতুতে গুলগুল করিয়া হাসিয়া উঠে—হেঁ হেঁ হেঁ হেঁ, এ মাইরি আমার খুড়োকে

লিখেছে, তেমুণ্ডে বুড়ো—ইয়া চুল, ইয়া দাড়ি, ঠিক ঠিক, জাম্বুবান, জাম্বুবান—হেঁ হেঁ হেঁ হেঁ!

আবার হয়তো হনু-ভানুর মিতালির রঙ্গে মজলিস তো মজলিস, দেবগণ পর্যন্ত হাসিয়া আকুল, সেখানে পুলিন বিস্ময়ে হতবাক, চক্ষু দুইটা ছানাবড়ার মত বিস্ফারিত, পাশের লোককে বলে, কি মাইরি যে হাসিস,'তার ঠিক নেই। তারপর সোৎসাহে বাহবা দেয়, বলিহারি বাপ হনু, বাবুদের প্যায়দার চেয়েও তুমি জিন্দে পালোয়ান।

গ্রন্থকারও বাদ যান না, পুলিন কহে, বইটার কিন্তু ভারী চহট মাইরি, এ একেবারে অবাক-জলপান লাগিয়ে দিয়েছে!

আবার রাবণ-বধে সীতা উদ্ধারে আনন্দিত শ্রোতৃমণ্ডলী আবেগে জয়ধ্বনি করিয়া উঠে। বিচিত্র পুলিন, বিচিত্র তাহার রসবোধ, সে সজল চক্ষে বলে, আহা-হা, এতগুলা বেধবা হ'ল, আহা-হা!

আবার সঙ্গে সঙ্গেই ব্যগ্র অনুসন্ধানে কহে, আচ্ছা, লঙ্কায় তা হ'লে মাছের সের কত ক'রে হ'ল? এক পয়সা, না দু পয়সা?—তা লেখে নাই?

লোকে তাই বুদ্ধিহীনের উপর রং চড়াইয়া কহে, ক্ষ্যাপা।

পুলিন রাগে না, হাস্যমুখে উত্তর দেয়, এঁ্যা!

রাগে একজন, আর লজ্জায় দুঃখে মরিয়া যায় আর একজন। দুই জনের প্রথমটি পুলিনের স্ত্রী, বয়স আঠারো-উনিশ, গোলগাল আঁটসাঁট দেহ, নাম গোপিনী।

কিন্তু পুলিন কহে, সাপিনী। পুলিনের নির্বুদ্ধিতার লজ্জায়, খোঁচায় গোপিনী রাগে, সাপিনীর মতই গর্জায়; কথাগুলিও বাহির হয় সাপিনীর জিহ্বার মতই, লকলকে তীক্ষ্ণ ভয়াবহ। নির্বোধ, সর্বজনের হাস্যাস্পদ স্বামীর ঘরে শত লজ্জার মধ্যেও সান্ত্বনার একটি আশ্রয় গোপিনীর মিলিয়াছিল, সে ওই দ্বিতীয় ব্যক্তিটি, যে পুলিনের জন্য লজ্জায় দুঃখে মরমে মরিয়া থাকিত; সে পুলিনের বৃদ্ধ খুড়ো রামদাস মোহান্ত, যাহার সহিত পুলিন জাম্বুবানের সাদৃশ্য দেখিতে পায়।

রামদাসের অবস্থা বেশ ভালই, মোটা জোতজমা, উঠানে বড় বড় মরাই, ঘরে দুগ্ধবতী গাভী, গ্রামে দু-দশ টাকার তেজারতি।

তবে তাহার চেহারাটা আজ শুধু চুল-দাড়ির জন্যই নয়, চিরকালই কেমন বেয়াড়া বিশ্রী, তাই যৌবনে যখন সে শ্রীমতীকে লইয়া পরম আগ্রহে সংসার পাতিয়াছিল, তখন শ্রীমতী রামদাসের ওই বদ চেহারার জন্যই নাকি তাহার পাতানো সংসারে লাথি মারিয়া কোথায় একদিন উধাও হইয়া গিয়াছিল।

গৃহী-বৈরাগীর বংশধর রামদাস শ্রীমতীর সন্ধানে হরেক রকম তালি দেওয়া আলখাল্লা পরিয়া ঝোলা কাঁধে ভবঘুরে ভিখারী বৈরাগী সাজিল, শোকে সংসারকে ঝাড়িয়া ফেলিয়া দিল, কিন্তু সংসার তাহাকে ছাড়িল না।

শ্রীমতীর সন্ধান মিলিল না, কিন্তু তাহার ভিক্ষার ঝুলির মধ্যে কোন্ দিন শ্রী আসিয়া প্রবেশ

করিয়া তাহাকে সংসারের দিকে ফিরাইল ; তখন ভিক্ষার সঞ্চয়েই তাহার তিনশো টাকার পুঁজি, আর বাড়ির জোতজমার ধান ঠিকাদার-ভাগদারের কাছে বেশ মোটা হইয়াই জমিয়াছিল। শ্রীমতীর অভাবে রামদাস শ্রীকে লইয়া বেশ আঁটালো করিয়া সংসার বাঁধিল।

পাঁচজনে কহিল, মোহান্ত, এইবার ভাল ক'রে সংসার পাত, একটি ভাল দেখে বোষ্টমী।

রামদাস কহিল, রাধে রাধে, ও কথা ছাড়ান দাও দাদা। রাধারাণী আমার মনেই ভাল, ধ্যানেই সোজা, বাইরে বেজায় বাঁকা। বাঁকা রায়ের লাঞ্ছনাটাই দেখ না! জয় রাধে, শ্রীমতী শ্রীমতী!

কে একজন স্ত্রী-জাতির কি একটা নিন্দা করিল, মোহান্ত মাথা নাড়িয়া জিভ কাটিয়া সবিনয়ে প্রতিবাদ করিল, জয় রাধে, ও কথা ব'ল না, বলতে নাই। শ্রীমতীর জাত, ওরা সবাই ভাল।

একজন ঠোঁটকাটা কঠোর রসিকতা করিয়া ফেলিল, তা তোমার শ্রীমতী—

মোহান্ত হাসিয়া কহিল, বললাম যে দাদা, শ্রীমতীর জাত ওরা, সুন্দর নিয়েই যে কারবার ওদের। অসুন্দরকে কে কবে পছন্দ করে দাদা?

এই সময় রামদাসের বড় ভাই শ্যামদাস বছর আষ্টেকের ফুটফুটে মাতৃহীন পুলিনকে রাখিয়া মারা গেল। রামদাস পুলিনকে বুকে করিয়া 'না বিইয়াই শ্যামের মা' হইয়া উঠিল।

সুন্দর পুলিন বড় হইল। বৈষ্ণবের ছেলে, কীর্তনের আখড়ায় খোল করতাল ছাড়িয়া লাঠির আখড়ায় লাঠি ধরিতে শিখিল। বলা সঙ্গী হইল, গাঁজা ধরিল। রামদাস শাসন করিতে পারিল না, শুধু দুঃখই করিল, তবু মনে মনে নিজেই সান্ত্বনা খুঁজিয়া লইল, বেশ একটি গোছালো বউ আসিলেই পুলিন মানুষ হইবে, বোকা বুদ্ধিমান হইবে, ঘর বুঝিবে, না বুঝে ঘর ঘাড়ে চাপিয়া পরিচয় করিয়া লইবে।

রামদাস পুলিনের জন্য পাত্রী খুঁজিতে লাগিল।

সৌরভী বৈষ্ণবী আসিয়া কহিল, মোহান্ত, তা আমার মঞ্জরীর সঙ্গে পুলিনের বিয়ে দাও না কেন? ছেলেবেলার সাথী দুটি, ভাবও খুব—

রামদাস কহিল, রাধে রাধে, তা যে হয় না সৌরভী, আমরা হলাম জাত-বোষ্টম, আর তোমরা ভেকধারী।

সৌরভী ছিল ধোপার মেয়ে, ভেক লইয়া বৈষ্ণব হইয়াছে। তাহার মেয়ের সঙ্গে ভাইপোর বিবাহ দিতে রামদাসের রুচি হইল না। না হইলে সৌরভীর মেয়ে মঞ্জরী বেশ সুশ্রী, বেশ নজরে-ধরা মেয়ে। তবে একটু রসোচ্ছলা, যাকে বলে 'ডগমগ' ভাব, সেই ভাবে সে চঞ্চল। চলিতে তাহার দেহে হিল্লোল খেলিয়া যায়, কথা বলিতে হাসি উপচিয়া পড়ে। হাসিতে নিটোল গালে টোল পড়ে, সে গ্রীবাটি ঈষৎ বাঁকাইয়া দাঁড়ায়। নাকে রসকলি কাটে, চূড়া বাঁধিয়া চুল বাঁধে, কথার ধরনটাও তাহার কেমন বাঁকা! লোকে কত কি বলে, কিন্তু তাহাতে তাহার কিছু আসে যায় না। নদীর বুকে লোহার চিরেও দাগ আঁকে না, স্রোতও বন্ধ হয় না।

মঞ্জরী পুলিনের চেয়ে বছর চারেকের ছোট, বাল্যসাথী, দুইজনের ভাবও খুব। পুলিন

সময়ে অসময়ে মঞ্জরীদের বাড়ি যায়, মঞ্জরী সাদরে অভ্যর্থনা করে, মুখে দীপ্তি ফুটিয়া উঠে, রসোচ্ছলা আরও উচ্ছল হইয়া উঠে।

পুলিন বলে, কি হে রসকলি, করছ কি ?

দুইজনে 'রসকলি' পাতাইয়াছে।

মঞ্জরী মুচকি হাসিয়া সুরে বলে—

"তোমায় আঁকছি হে অঙ্গে যতন করে।"

পুলিন এ কথার উত্তর খুঁজিয়া পায় না।

অভাব-অভিযোগে কত দিন মঞ্জরীর মা সৌরভী আসিয়া কহে, দেখ্ লো মঞ্জরী, দুটো টাকা কারু কাছে পাওয়া যায় কি না, নইলে তোর খাড়ুটা বাঁধা দিতে হবে।

মঞ্জরী বলে, খাড়ু আমি বাঁধা দেব না রসকলি। তুমি টাকা এনে দ্যাও।

পুলিন শশব্যস্তে বলে, সে কি রসকলির মা, খাড়ু বাঁধা দেবে কি ? আমি টাকা এনে দিই।

সৌরভী আপত্তি করিলে মঞ্জরী কহে, কেন, রসকলি কি আমার পর ?

খুড়ার তহবিল সন্ধান করিয়া না পাইলে চাউল বিক্রয় করিয়া সে টাকা আনিয়া দেয়।

আবার মঞ্জরী কখনও কখনও পুলিনের হাত চাপিয়া ধরিয়া বলে, না, তুমি দিতে পাবে না, ও মায়ের চালাকি।

মায়ে-ঝিয়ে ঝগড়া হয়, পুলিন ব্যস্ত হইয়া উঠে, কিন্তু মঞ্জরী কহে, খবরদার, আড়ি করব।

দশ বছর বয়সেই মঞ্জরীর একবার বিবাহ হইয়াছিল, কিন্তু পাত্রটিকে মঞ্জরীর পছন্দ হয় নাই, তাই তাহাকে সে নাকচ করিয়া দিয়াছে। সে বেচারী বহুবার মঞ্জরীর জন্য হাঁটাহাঁটি করিয়া শেষে অন্যত্র বিবাহ করিয়া সংসার পাতিয়াছে। মঞ্জরীকে ছাড়পত্র করিয়াছে।

নানা কারণে রামদাস সৌরভীকে প্রত্যাখ্যান করিল।

রামদাস সৌরভীকে ফিরাইয়া দিল ; সৌরভীও ঘরে গিয়া পুলিনকে ফিরাইয়া দিল, কহিল, বাবা, মেয়ের আমার সোমত্ত বয়েস, তুমি আর এস না। একেই তো পাঁচজনে পাঁচ কথা বলে। মনে ভেবেছিলাম, তোমরা দুটি ছেলেবয়সের সাথী, দু হাত এক ক'রে দিয়ে দেখে চোখ জুড়োব, তোমার কাকা তা দেবে না। আমাকে তো আমার মেয়ের বিয়ে দিতে হবে!

কথাটা পুলিনের বড় বাজিল, সে দুই দিন খাইল না, শুইল না, মাঠে মাঠে ঘুরিয়া বেড়াইল।

রামদাস শেষে রাজী হইল, বেশ, মঞ্জরীর সঙ্গেই পুলিনের বিবাহ হোক।

সময়টা হোলির, রামদাস শ্রীধাম বৃন্দাবন যাইবে। তাই স্থির হইল যে, রামদাস ফিরিলে বিবাহ হইবে।

কিন্তু উপরওয়ালার অভিপ্রায় অন্যরূপ।

শ্রীধামে সহসা একদিন রামদাসের সঙ্গে হারানো শ্রীমতীর দেখা হইয়া গেল। শ্রীমতী

তখন গাছতলায় কলেরায় ছট্‌ফট করিতেছে, পাশে বারো-তেরো বছরের মেয়ে গোপিনী বসিয়া বসিয়া অঝোর-ঝরে কাঁদিতেছিল।

স্ত্রীলোকটির কাতরানিতে আর বালিকাটির কান্নায় দয়াপরবশ হইয়া রামদাস সাহায্যে অগ্রসর হইয়া রোগিণীর পাশে বসিল, ক্ষণেক তাহার মুখপানে চাহিয়া সাগ্রহে ডাকিল, শ্রীমতী!

রোগযন্ত্রণায় কাতর শ্রীমতী রামদাসের মুখপানে চাহিয়া ফোঁপাইয়া কাঁদিয়া উঠিল, রামদাস উত্তরীয়-প্রান্ত দিয়া চোখ মুছাইয়া দিল। শ্রীমতী তাহার পা দুইটা চাপিয়া ধরিয়া কহিল, আমার যাবার সময় পায়ের ধুলো দাও। আর এই মেয়েটাকে নাও। বড় ভাল মেয়ে, মায়ের মত নয়, পার তো পুলিনের সঙ্গে বিয়ে দিও। ভয় নেই, অজাতের মেয়ে নয়। সেই যে, বাউল প্রেমদাসকে মনে পড়ে, সেও জাত-বোষ্টম, তারই মেয়ে।

রামদাস কাতর কণ্ঠে কহিল, শ্রীমতী, রাধারাণী, আমি যে তোমার তরে আজও শূন্য ঘর বেঁধে ব'সে আছি।

শ্রীমতী সে কথার কোন উত্তর দিল না, শুধু কন্যা গোপিনীকে কহিল, মা, এই তোর বাপ, এঁর সঙ্গে যা, আমার চেয়েও আদরে রাখবে। আর একটা কথা গোপিনী, কখনও যেন স্বামী ছাড়িস নি, তুই বোষ্টম, থাকুক নিয়ম, তবু ওতে সুখ নেই।

শ্রীমতীকে বৃন্দাবনে বিসর্জন দিয়া গোপিনীকে লইয়া রামদাস বাড়ি ফিরিল।

সৌরভীকে ডাকিয়া পঞ্চাশ, একশো, শেষে দুইশোটি টাকা হাতে দিয়া কহিল, সৌরভী, আমায় বাকি থেকে খালাস দাও।

একমুঠা টাকা খুঁটে বাঁধিয়া সৌরভী হাসিমুখেই বাড়ি ফিরিল।

সৌরভী মঞ্জরীর জন্য পাত্র ঠিক করিল, কিন্তু মঞ্জরী কহিল, না।

মা শেষে রাগ করিয়া রামদাসের টাকা লইয়া বৃন্দাবনে চলিয়া গেল।

মঞ্জরী দুই দিন কাঁদিল; তারপর আবার উঠিল, ক্রমে হাসিল, রসকলি কাটিল, কিন্তু বিবাহ করিল না।

এদিকে পুলিনের সঙ্গে গোপিনীর বিবাহ হইয়া গেল। পুলিন যেন মঞ্জরীর নেশা ভুলিল। সে দিন-রাত্রি ঘরেই থাকে, বাড়ির বাহির হয় না, দেখিয়া রামদাস সুখে হাসিল। মঞ্জরী দুই-চারি দিন পুলিনের অপেক্ষা করিয়া শেষে একদিন চূড়া করিয়া চুল বাঁধিয়া, নাকে রসকলি কাটিয়া, পান চিবাইতে চিবাইতে রামদাসের বাড়িতে আসিয়া উঠিল। রামদাস তখন বাড়িতে ছিল না; উঠানে দাঁড়াইয়া মঞ্জরী মুচকি হাসিয়া ঘরের রুদ্ধ দ্বারকে উদ্দেশ করিয়াই বলিল, কই হে রসকলি, বউ দেখাও হে!

পুলিন ঘরের ভিতর গোপিনীর সহিত কথা কহিতেছিল, মঞ্জরীর আওয়াজ পাইয়া অন্য দুয়ার দিয়া সে ছুটিয়া পলাইয়া গেল। গোপিনী নতমুখে ঘরের মধ্যেই দাঁড়াইয়া রহিল। মঞ্জরী ঘরে ঢুকিয়া গোপিনীর ঘোমটা তুলিয়া দেখিয়া ঠোঁটের আগায় পিচ কাটিয়া কহিল, তুমি বউ?

গোপিনী মুখ তুলিয়া চাহিল।

মঞ্জরী আবার কহিল, তা হ্যাঁ বউ, রসকলির তোমাকে পছন্দ হয়েছে?

গোপিনী এবার কথা কহিল, যেন চিমটি কাটিয়া কহিল, না।

মঞ্জরী বলিল, বাঃ, এই যে পাখী পড়ে বেশ! তা হ্যাঁ বউ, কেন পছন্দ হয় নি, কিছু জেনেছ?

গোপিনী সেই চিমটি কাটার মতই কহিল, রসকলি কাটতে জানি না কিনা, তাই।

মঞ্জরী সব বুঝিল, এবার সে হাসিয়া বিস্ময়ের ভঙ্গিতে গালে হাত দিয়া কহিল, ওমা, তাই নাকি? তা আমার কাছে রসকলি কাটা শিখবে বউ?

গোপিনী কহিল, শেখাবে? দেখো, ঠিক তোমার মতনটি হওয়া চাই।

মঞ্জরী কহিল, তাই শেখাব। কিন্তু ধৈরয ধ'রে থাকা চাই। পারবে তো?

গোপিনী কহিল, পারব, কিন্তু তোমার সময় হবে তো? বলি, আসবে কখন? রসময়রা ছাড়বে তো?

মঞ্জরী এবার ঠেকার দিয়া কহিল, আমার রসময়রা নয় অসময়ে এসে সময় দেবে। তোমার রসময় যে একদণ্ড ছাড়ে না দেখি!

গোপিনী কহিল, ও দুদিন, এখন নতুন নতুন নালতের শাক হে। তারপর বুড়ো গরু ঠিক দামে গিয়ে পড়বে, ভয় নাই।

মঞ্জরী একটু ঝঙ্কার দিয়া কহিল, তা ভাই, বুড়ো গরু বেঁধে রাখলেই হয়! যার দড়ি নাই, তার আবার গরু পোষার শখ কেন?

গোপিনীও এবার একটু ঝঙ্কার দিয়া কহিল, ঘোড়া হ'লে কি চাবুকের অভাব হয় হে, তা হয় না। যখন গরু পুষেছি, তখন দড়ি কি না জুটবে? বলি, পরনের কাপড়ে আঁচল তো আছে, তাতেই বাঁধব।

মঞ্জরী হাসিয়া কহিল, যদি ছিঁড়ে পালিয়ে যায়?

গোপিনী কহিল, ইস, সাধ্যি কি!

মঞ্জরী কহিল, দেখো।

গোপিনী সেই দম্ভভরেই কহিল, তখন না হয় ছেঁড়া আঁচল গলায় দিয়ে ঝুলব হে, তা ব'লে জ্যান্তে তো আর ভাগাড়ে দিতে পারি না।

ইহার পর মঞ্জরী আর কথা কহিল না, আচমকাই যেন বাড়ি ফিরিল, তখন মুখখানায় হাসি ছিল না, যেন থমথমে জলভরা মেঘ।

পরদিন হইতে রসকলির বাড়িতে পুলিনের আদর যেন বাড়িয়া গেল। লোক পাঠাইয়া পুলিনকে আনাইল, তাহার লজ্জা ভাঙিয়া দিল। এখন আর পুলিনের গাঁজার আড্ডায় মঞ্জরী ঝঙ্কার দেয় না। সঙ্গী বলাকে দেখিয়া বিরক্ত হয় না। এখন কথায় কথায় মঞ্জরী যেন ঢলিয়া পড়ে। পান দেয়। পুলিন আবার বাড়ি ছাড়িল, পূর্বের চেয়ে যেন বেশি শক্ত করিয়া মঞ্জরীর

বাড়িতে আড্ডা গাড়িল।

মঞ্জরী মাঝে মাঝে আবার এও বলে, রসকলি, এ তো ভাল কাজ হচ্ছে না!

পুলিন হোঁতকার মত কহে, কি?

মঞ্জরী মুচকি হাসিয়া বলে, এই—আমার বাড়িতে এমন ক'রে চব্বিশ ঘণ্টা প'ড়ে থাকা!

পুলিন তেমনই ভাবেই বলে, কেন?

মঞ্জরী সুর করিয়া গান ধরে—

"পাঁচ সিকের বোষ্টুমি তোমার,
ওহে গোসা করেছে, গোসা করেছে।"

পুলিন কহে, ধ্যেৎ।

গোপিনী সত্য সত্যই রাগ করিল, কিন্তু ভাঙায় কে? যাহার উপর মান, সে-ই যে মানের মুখে ছাই দিয়া দিল। সে খাবার সময় আসে, দুইটা খায়, দেশের দশের হাস্যাস্পদ হইয়া ফেরে, মঞ্জরীর বাড়ি আড্ডা জমায়, ঘরের পয়সা পর্যন্ত মঞ্জরীর ঘরে তুলিয়া দিয়া আসে। মঞ্জরীর নাকি সোনার নথ হইতেছে, গোপিনী জ্বলিয়া গেল। পুলিন যা দুই-চারিটা কথা গোপিনীর সহিত কয়, তা পর্যন্ত মঞ্জরী-বিশোভিত। সেদিন রাত্রে কথায় কথায় নির্বোধ কহিল, রসকলি তোমার কি নাম দিয়েছে জান গা? গোপিনী নয়, সাপিনী। তা সত্যি, সবেতেই তোমার ফোঁস।

গোপিনী একটা জ্বলন্ত অগ্নিবর্ষী কটাক্ষ হানিয়া ছুটিয়া পলাইল। রাত্রি দ্বিপ্রহর পর্যন্ত বাহিরে কাঁদিতে কাঁদিতে মনে পড়িল, সে বলিয়াছিল, যদি আঁচল ছেঁড়ে, তবে ছেঁড়া আঁচল গলায় দিয়া ঝুলিবে। উদ্‌ভ্রান্ত ব্যথাহত নারী সত্যই আঁচল ছিঁড়িয়া দড়ি পাকাইতে বসিল। ঘরে পুলিন তখন অঘোরে নিদ্রা যাইতেছে, বুঝি বা রসকলিকে স্বপ্ন দেখিতেছিল।

পাশের ঘরের দরজা খুলিয়া বৃদ্ধ মোহান্ত বাহির হইল, শ্বেতবস্ত্রা গোপিনীকে দেখিয়া চমকিয়া কহিল, কে? কে? এ কি মা? বাইরে কেন, মা আমার?

গোপিনী ফোঁপাইয়া কাঁদিয়া উঠিল, বৃদ্ধের স্নেহস্পর্শে তাহার হাতের পাকানো আঁচল এলাইয়া খুলিয়া গেল।

মোহান্ত গোপিনীকে বুকে লইয়া কাঁদিয়া কহিল, মা, বুড়ো ছেলের মুখের দিকে চেয়ে ধৈর্য ধর, মা আমার, আমি আশীর্বাদ করছি—ভাল হবে, ভাল হবে তোর।

পুলিনের ব্যবহারে শান্ত স্নেহ-দুর্বল বৃদ্ধ মরমে মরিয়া গেল। কঠোর হইতে চেষ্টা করিল, পয়সায় টান দিল, কথা বন্ধ করিল, কিন্তু তবুও যে পুলিন সেই পুলিনই রহিয়া গেল। অন্ধের কিবা রাত্রি কিবা দিন!

শুধু রসকলির বাড়িতে বসিয়া বলার সহিত খুড়ার আয়ুর দিন গণনা করিতে লাগিল।

রামদাস কিন্তু বাঁচিতে চাহিয়াছিল, মরমে মরিয়াও গোপিনীর জন্য বাঁচিতে চাহিত। সর্বদা তাহার ভাবনা হইত, সে মরিলে গোপিনীর দশা কি হইবে?

কিন্তু মানুষ অমর নয়, মরণের পরোয়ানা সঙ্গে লইয়াই জন্ম লওয়া। সহসা একদিন রামদাসের তলব আসিল। মোহান্তের বয়স হইয়াছিল, হাঁপানি ছিল, হঠাৎ একদিন হাঁপানি মৃত্যুর মূর্তিতে বুকে চাপিয়া বসিল।

গোপিনী চোখের জলে বুক ভাসাইয়া সেবা করিতে বসিল। পাড়াপড়শী আসিয়া জমিল। মোহান্ত যেন কার অনুসন্ধান করিতেছিল, কিন্তু সে তখন পাল-পুকুরের ঘাটে বসিয়া 'ব্যাং ছুড়ছুড়ি' খেলিতেছিল।

পাড়াপড়শী ভিড় জমাইয়া বসিয়া আছে, কেহ বলে, মোহান্ত, হরি বল, বল—জয় রাধারাণী!

রাধারাণীর জয়গানে চিরমুখরকণ্ঠ চারণ কিন্তু আজ এ সময়ে রাধারাণীর ধ্যান করিতে পারিল না। মৃগমায়াচ্ছন্ন রাজা ভরতের মত শুধু বলিল, মা গোপিনী, কিছু করতে পারলাম না মা।

গোপিনী শেষে আছাড় খাইয়া পড়িল। হায়, তাহার নীড় যে ভাঙিয়া যায়। ভ্রষ্টনীড় বিহঙ্গিনীর ক্রন্দন ছাড়া আর উপায় কি? পাড়ার মেয়েরা দূরে দাঁড়াইয়া ছিল, কিন্তু কেহ এই গোপিনীকে ধরিতে সাহস করিল না। বুড়া রোগী, কখন শেষ নিশ্বাস পড়িবে, খাবি খাইয়া মরিবার নোটিসও হয়তো দিবে না। মড়া ছুঁইয়া কে অশুচি হইবে!

ধরিল শেষে একজন। সে মঞ্জরী।

মঞ্জরী আসিয়াই শোকবিহ্বলা গোপিনীকে ধরিল। কহিল, ভয় কি?

মুমূর্ষু মোহান্ত একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া টানিয়া টানিয়া কহিল, গ্রামের পাঁচজন আছেন, আমার শেষ ইচ্ছা ব'লে যাই।—আমার স্থাবর সমস্ত সম্পত্তির মালিক হ'ল গোপিনী। আর সকলের কাছে এই ভিক্ষে, ছেলেটাকে যেন ওই বেশ্যের হাত হ'তে বাঁচিও।

কথাটায় সকলের চক্ষু গিয়া পড়িল মঞ্জরীর উপর। সকলেই ভাবিতেছিল, সে কি করিয়া বসে, সে কি করিয়া বসে! কিন্তু মঞ্জরী গোপিনীর এলানো দেহখানি পরম সান্ত্বনাভরে জড়াইয়া বসিয়া ছিল। বসিয়াই রহিল, চাঞ্চল্য দেখা গেল না।

মোহান্ত যখন কথাটা আরম্ভ করে, তখনই বলার সঙ্গে পুলিন আসিয়া পৌঁছিয়াছিল, সেও কথাটা শুনিল।

কথাটা আজ তাহাকে প্রথম আঘাত দিল, মান-অপমানের স্বাদ আজ সে বুঝি প্রথম বুঝিল।

লোকে তখন মোহান্তের শেষ ইচ্ছার সমালোচনায় ব্যস্ত। পুলিন দাওয়া হইতে নামিয়া পড়িল, কেহ লক্ষ্য করিল না; কিন্তু মঞ্জরী ডাকিল, যাচ্ছ কোথা?

পুলিন কহিল, আর এ বাড়িতে নয়।

মঞ্জরী কহিল, ছি, এই কি রাগের সময়? এস, খুড়োর মুখে জল দাও, কানে নাম শোনাও।

পাড়াসুদ্ধ লোক এই বেহায়া মেয়েটার সীমাহীন নির্লজ্জতায় অবাক হইয়া তাহার মুখপানে চাহিয়া রহিল। মেয়েরা গালে হাত দিল। পুলিনও মঞ্জরীর মুখপানে চাহিল,

তারপর ধীরে ধীরে খুড়ার শিয়রে বসিয়া মুখে গঙ্গাজল দিল, ডাকিয়া কহিল, বল কাকা, জয় রাধারাণী!

বৃদ্ধ কহিল, জয় রাধারাণী! দয়া কর মা, অনাথিনী দুঃখিনীকে দয়া কর মা!

বেলা আড়াই প্রহরের সময় রামদাস মরিল, অন্ত্যেষ্টিক্রিয়া শেষ হইতে রাত্রি এক প্রহর হইয়া গেল।

তখন মঞ্জরী গোপিনীকে কহিল, তবে আমি আসি।

গোপিনী বলিল, এস।

মঞ্জরী চারিদিক চাহিয়া সরলভাবেই কহিল, কত্তা কই? একাটি থাকতে ভয় করবে না তো?

গোপিনীর মনে হইল, মঞ্জরী বুঝি তাহাকে ঠাট্টা করিল। সে উত্তর করিল, আসা যাওয়াই যখন একা, তখন একা থাকতে ভয় করলে চলবে কেন? আর একাই তো থাকা এক রকম।

মঞ্জরী কথাটা গায়ে না লইয়া কহিল, আমি কিন্তু ভাই একা থাকতে পারতাম না।

গোপিনী কহিল, আমি হ'লে একা থাকতে যদি না পারতাম, গলায় দড়ি দিতাম, তবু—

মঞ্জরী এবার একটু ঝাঁঝিয়া উত্তর দিল, বালাই ষাট, মরব কেন? আসি ভাই, কিন্তু রসকলি গেল কোথা?

গোপিনী ক্ষিপ্তের মত কহিল, রসকলি নাকেই আছে, ঘরে গিয়ে আয়না নিয়ে দেখ, পোড়া মুখের ওপরেই ঝলমল করছে।

মঞ্জরী এই আকস্মিক আঘাতে যেন বিহ্বল হইয়া পড়িল। বহু কষ্টে আত্মসম্বরণ করিয়াও কিন্তু শেষটা উত্তরের বেলায় বলিয়া ফেলিল, রসকলি তো নিজের নাকেই থাকে বউ, এ যে কেড়ে নেওয়া যায় না! তা তুমি যদি চাও তো না হয় দেবার চেষ্টা করি।

গোপিনী ফোঁস করিয়া বলিয়া দিল, কি বললে তুমি? তোমার কাছ থেকে ভিক্ষে আমি চাই নে, চাই নে। যাও তুমি, যাও।

কথাগুলি ক্রুদ্ধ এক-নিশ্বাসে বলিয়াই সে ঘরে ঢুকিয়া মঞ্জরীর মুখের উপরেই দরজাটা দড়াম করিয়া বন্ধ করিয়া দিল।

মঞ্জরী ধীরে ধীরে বাড়ি ফিরিল, বুকের ভিতর তাহার যেন আগুন জলিতেছিল। সাপিনীর এত বিষ! আপনার বিষে হতভাগিনী আপনি জর্জর হইয়া মরুক!

আপন বাড়ি ঢুকিতেই মঞ্জরী দেখিল, পুলিন তাহার দাওয়ার উপর বসিয়া।

মঞ্জরীর দেহ ব্যাপিয়া একটা হিল্লোল বহিয়া গেল। হাসিতে তাহার মুখ ভরিয়া উঠিল।

পুলিন উঠিয়া কহিল, রসকলি!

মঞ্জরী হাসিয়া উত্তর দিল, ব'স বলি।

পুলিন বসিল।

ঘরের তালা খুলিতে খুলিতে মঞ্জরী বলিল, রসকলি, তুমি ভাই সোনাকপালে পুরুষ। স্ত্রী-ভাগ্যে ধন।

পুলিন খুব রাগিয়া কহিল, ও ধন আমার ভাদ্দর-বউ, ছুঁতে পাপ।

মঞ্জরী খিল খিল করিয়া হাসিয়া কহিল, আর বউটি? কি গো, চুপ ক'রে রইলে যে? উত্তর দিতে পারলে না? আচ্ছা, আমিই ব'লে দিই, সে তোমার গলার মালা, ঠোঁটের হাসি।

পুলিন কহিল, না রসকলি, হ'ল না, সে আমার গলার ফাঁসি। ঠাট্টা নয় রসকলি, একটা কথা তোমায় বলতে এসেছি, আমি কাল থেকে নিজের বাড়িতে যাব। ও বাড়িতে আর থাকব না।

নিজের বাড়ি অর্থে পুলিনের পৈতৃক বাড়ি। বাস্তব চক্ষে বাড়িটি একটি মূর্তিমন্ত বিভীষিকা, কিন্তু কল্পনায় বাড়িটি বেশ, অর্থাৎ উঠান-ভরা বনফুল, প্রাচীর ভাঙিয়া সীমা অসীমে মিশিয়াছে, ঘরের ভিতরেও চাঁদের আলো খেলে।

মঞ্জরী কহিল, বেশ, তা ভাল, তারপর খাবে কি ক'রে?

পুলিন চট করিয়াই কহিল, বোষ্টমের ছেলে, ভিক্ষে ক'রে খাব।

মঞ্জরী কহিল, আরও ভাল; কিন্তু ভিক্ষেতে মেলে তো চাল, তা রাঁধবে কে? বউকে নিয়ে যাও।

পুলিন প্রবল প্রতিবাদে মাথা নাড়িয়া কহিল, না।

মঞ্জরী কহিল, কেন? আর তুমি 'না' বললেও সে যদি না ছাড়ে?

পুলিন কহিল, ছাড়বে না? মায়ের চোটে ভূত ছাড়ে, তা জান? হুঁ হুঁ কথায় আছে, 'পড়লে পরে দুধু ভাতু, না পড়লে ঠেঙার গুঁতু'।

মঞ্জরী কহিল, বেশ। রসকলি আমার বলে ভাল, এ যেন সেই, 'ও পারেতে ধান পেকেছে লম্বা লম্বা শীষ, টুকুস ক'রে ম'রে গেল লঙ্কার রাবণ'। তা যেন হ'ল, আজ রাত্রের মত তো বাড়ি যাও।

পুলিন বলিল, না, আর নয়।

মঞ্জরী পরিহাস-ছলেই কহিল, তবে আজ রাতটা পাল-পুকুরের বটগাছেই কাটাবে নাকি?

পুলিন কহিল, না, তোমার দাওয়াতেই পড়ে থাকব।

মঞ্জরী হাসিল, দুই আর দুইয়ে চার হয়—এ কথাটা যে বুঝে না, সে চারের গুরুত্ব না বুঝিলে তাহার উপর রাগ করিয়া লাভ কি?

তবু সে বলিল, লোকে বলবে কি?

পুলিন বাহির-দরজার দিকে ফিরিল।

মঞ্জরী কহিল, যাও কোথা?

পুলিন কহিল, দেখি, কোথাও—

মঞ্জরী আসিয়া তাহার হাত ধরিয়া বলিল, যেতে হবে না, এস, শোবে এস—

পুলিন ব্যস্ত হইয়া বলিল, না না, লোকে বলবে কি ?

মঞ্জরী কহিল, যা বলবার তারা তো ব'লেই নিয়েছে, আবার বলবে কি ? শোন নি, আজই তোমার কাকা বললে, ওই—

পুলিন তাহার মুখ চাপিয়া ধরিয়া কহিল, তোমার পায়ে ধরি রসকলি, ছি, ও কথা তুমি ব'ল না।

মঞ্জরী হাসিয়া মৃদুস্বরে গান ধরিল—

'লোকে কয় আমি কৃষ্ণ-কলঙ্কিনী,
সখি, সেই গরবে আমি গরবিনী।'

পুলিন তাহার হাতখানা চাপিয়া ধরিল, স্পর্শে তাহার সে কি উত্তাপ! মঞ্জরী মৃদু আকর্ষণে হাতখানি ছাড়াইয়া শান্ত মধুর কণ্ঠে কহিল, ছাড়, বিছানা করি।

তকতকে ঘরখানি, লাল মাটি দিয়া নিকানো, আলপনার বিচিত্র ছাঁদে চিত্রিত; দেওয়ালে খান-কয়েক পট—সেই পুরানো গোরাচাঁদ, জগন্নাথ, যুগল-মিলন; সবগুলির পায়ে চন্দনের চিহ্ন। মেঝের উপর একখানি তক্তাপোশ, এক দিকে পরিষ্কার বেদীর উপর ঝকঝকে বাসনগুলি সাজানো।

তক্তাপোশের উপর গুটানো বিছানা বিছাইয়া দিয়া একটি ছোট চৌকির উপর রক্ষিত তোলা বিছানার গাদা হইতে দেখিয়া দেখিয়া একখানা 'সিজুনী' আনিয়া পুরাতন বিছানার উপর বিছাইয়া দিল। সিজুনীটি মঞ্জরীর নিজের হাতে অতি যত্নে প্রস্তুত, চারুশিল্পের অপরূপ ছাঁদ বিচিত্রিত। বিছানাটি বেশ করিয়া কয়বার ঘুরাইয়া ফিরাইয়া দেখিয়া ডাকিল, এস।

পুলিন ঘরে আসিয়া তক্তাপোশে বসিল। দেখিল, মঞ্জরী অভ্যাসমত ঈষৎ বাঁকিয়া দাঁড়াইয়া। —সেই হাসি, সেই সব; শুধু দৃষ্টিটুকু নূতন। সে তখন মুগ্ধ, আবিষ্ট, একাগ্র।

পুলিন কথা কহিল, ভাবটা গদগদ কিন্তু সঙ্কুচিত, রসকলি!

মঞ্জরী চমক ভাঙিয়া কহিল, কি গো ?

পুলিন কহিল, তুমি—তুমি—আমার—আমার—আমার—

কথাটা শেষ করিতে পারিল না, প্রতিবারই বাধিয়া যায়, আর পুলিন রাঙা হইয়া উঠে।

মঞ্জরী খিল খিল করিয়া হাসিয়া কহিল, তোমার—তোমার—তোমার—কি গো ?

কৌতুকে গ্রীবা বাঁকাইয়া খানিকক্ষণ পুলিনের নত লজ্জিত মুখের উপর উজ্জ্বল দৃষ্টি হানিয়া সহসা মঞ্জরী তাহার মুখ পুলিনের কানের কাছে লইয়া গিয়া বলিল, আমি তো তোমারই গো।

কথাটা বলিয়াই সে চট করিয়া ঘর হইতে বাহির হইয়া গেল, চঞ্চল লঘু গতিতে, ছোট ত্বরিতগতি ঝরনাটির মতই। বাহিরে গিয়াই দরজাটা টানিয়া শিকল আঁটিয়া দিল। একরাশ দমকা দখিনা বাতাস আসিয়া যেন পুলিনকে তৃপ্ত করিয়া অন্তরকে দীপ্ত করিয়া আচমকাই চলিয়া গেল।

শিকল টানিয়া দিয়া আঁচলে চোখ মুছিতে মুছিতে ঢেঁকিশালায় আসিয়া মঞ্জরী আঁচল পাতিয়া শুইয়া পড়িল।

রাত্রিতে পুলিন আসে নাই, বেলা এক প্রহর হইয়া গেল, তবুও দেখা নাই। গোপিনী অপেক্ষায় বসিয়া ছিল, সহসা সে সব ঝাড়িয়া ফেলিয়া উঠিল, স্নান সারিয়া রান্না চড়াইল।

খুট করিয়া শব্দ হইল, ওই বুঝি আসিল! প্রবল অভিমানে ব্যগ্র দৃষ্টিকে রান্নার কড়ায় সে নিবিষ্ট করিল, হাতের খুন্তি প্রয়োজনাতিরিক্ত অতি-বিক্রমে ঘুরিয়া উঠিল, খন—খন—খন।

এই বুঝি ডাকে, সাপিনী হে!

পোষা বিড়ালটা দাওয়ায় লাফাইয়া উঠিয়া ডাকিল, ম্যাও—ম্যাও—ম্যাও।

আর দৃষ্টি মানিল না, ফিরিল; কিন্তু কই? শূন্য অঙ্গন, ভেজানো বহির্দ্বার—মানুষের বার্তা তো দিল না!

হাতের খুন্তিটা সজোরে বিড়ালটার পিঠে হানিয়া গোপিনী গালি পাড়িল, বেরো, বেরো, বেরো, আপদ বেরো।

কতক্ষণ কাটিয়া গেল, গোপিনীর মনে হইল, বুঝি বা একটা যুগ।

সহসা বহির্দ্বার খুলিয়া বলাই আসিয়া দাওয়ায় বসিল। হাতের হুঁকা টানিতে টানিতে কহিল, শুনেছ মিতেনী, কাল রেতে মিতে যে মঞ্জরীর বাড়িতে—

বলাই পুলিনের মিতে, তাই গোপিনীকে ডাকিত—মিতেনী, গোপিনী ডাকিত—মিতে।

গোপিনী কহিল, শুনি নাই, তবে জানি।

বলাই বলিল, আবার নিজের ঘর সাফ হচ্ছে, সেইখানেই থাকবে, এ বাড়িতে থাকবে না।

একটা লজ্জা ঢাকিতে পাঁচটা লজ্জা মাথায় লইতে হয়। গোপিনী কহিল, আমিই যে থাকতে দেব না, সে আমি কাল ব'লে দিয়েছি, বাড়ি ঢুকলে ঝাঁটার বাড়ি দেব।

বলাই বিজ্ঞের মত মাথা নাড়িয়া বলিল, ও, তাই বুঝি এত! আবার মঞ্জরীকে পত্র করবে!

বুকে পাথর চাপা দিলেও মানুষ কাতরাইতে পারে, কিন্তু এই কথাটা এমন স্থানে গোপিনীকে আঘাত করিল যে, সে আর কথা কহিতে পারিল না।

বলাই কহিল, কাল রেতে জমিদার গাঁয়ে এসেছেন, তুমি নালিশ কর।

গোপিনী দীপ্ত প্রতিবাদে কহিল, না।

তারপর উভয়েই নীরব; গোপিনীর হাতের খুন্তি নড়ে না, চোখ কড়ার উপর, কিন্তু দৃষ্টি নয়, পলকও পড়ে না।

বলাই মনে মনে কি যেন মক্স করিতেছিল, শেষে দালালির ভঙ্গিতে রসান দিয়া কহিল, বেশ বলেছ, সেই ভাল, ও 'দুষ্টু গরুর চেয়ে শূন্য গোয়ালই ভাল'।

তারপর আবার হুঁকায় টান পড়িল—ফড়র ফড়র। একমুখ ধোঁয়া ছাড়িয়া কহিল, আমাদের তো ছিঁড়লে মালা গাঁথতে আছে, ভাবনাই বা কি! ভাত থাকলে কি কাকের অভাব হয়, কি বল মিতেনী? আমি রয়েছি, সব ঠিক ক'রে দেব তোমার।

পরিশেষে সম্মতির আশায় মিতেনীর মুখপানে চাহিল।

মিতেনী কোন কথার উত্তর না দিয়া ঘরে ঢুকিয়া দরজা বন্ধ করিয়া দিল। রান্না পুড়িতে লাগিল।

পুলিন কোদালি হাতে বাড়ি সাফ করিতেছিল। 'অনভ্যাসের ফোঁটায় কপাল চড়চড় করে', পুলিন ঘামিয়া যেন নাহিয়া উঠিয়াছে। হাত টাটাইয়া উঠিয়াছে, শিড়দাঁড়া টনটন করিতেছে, তবু কাজ সারা চাই। স্ত্রীলোকের অন্নদাস, ছিঃ—তার বড় লজ্জা আর কি!

মিতে বলাই আসিয়া কহিল, ভ্যালা রে মিতে, তা ভাল।

পুলিন কোদালি নামাইয়া বলিল, কল্কেতে কিছু আছে? হুঁকো লয়, অশুচ আমার।

বলা কলিকাটা খসাইয়া পুলিনকে দিল। ধুতরো-ফুলি ছাঁদে হাত ফাঁদিয়া পুলিন টান মারিল —হুশ হুশ হু—শ।

বলাই কহিল, তা এক কাজ করলি না কেন মিতে? জমিদার এসেছেন, তার কাছে পাড়লে একবার হ'ত না, তোর হ'ল সোদর খুড়ো, আর ওর সৎবাবা, ওয়ারিশ হ'লি তুই, ও মাগী সম্পত্তির কে? চল্ তু একবার, দেখবি, এখুনি তোর সম্পত্তি তোর হবে।

অদ্ভুত পুলিন, বিচিত্র তার সংসার-বোধ, সে কহিল, ওর কি হবে?

বলাই বলিল, তোর বউ—তুই খেতে দিবি।

পুলিন কহিল, না না, আমি যে রসকলিকে—

বলাই সোৎসাহে কহিল, রসকলিকে পত্র করবি, ও মরুক গে—যা মন করুক গে। তোর কি?

সে যে নেহাৎ অমানুষী হয়, হাজার হউক সে স্ত্রী। মনটা পুলিনের মোচড় দিয়া উঠিল। পূর্বে তাহার সান্ত্বনা ছিল, তাহার প্রাপ্য ধনমূল্যে গোপিনীর নিকট মুক্তি পাইবার হকদার সে।

পুলিন বলিল, না মিতে, তা হয় না।

যেমন দেবা, তেমনই দেবী!—বলাই বিরক্তভাবে উঠিল, রাস্তা ধরিল জমিদারের কাছারির পানে।

পুলিন ভাঙা দাওয়াটার উপর ভাবিতে বসিল।

জমিদারের পশ্চিমা চাপরাসী আসিয়া ভাঙা কাঁসরের মত খন খন করিয়া কহিল, আরে পুলিয়া, আসো আসো, বাবুর তলব আসে।

পুলিন চমকাইয়া বলিল, ক্যানে, ক্যানে, কাহেসে দারোয়ানজী?

পশ্চিমা কহিল, সো হামি জানে না।

জমিদারের কাছারিতে পুলিন আসিয়া প্রণাম করিল।

বাবু ফরসিতে তামাক টানিতেছিলেন, গোমস্তা কলম পিষিতেছে। কয়জন মাতব্বর

এধারে বসিয়া ছিল, আর ওধারে এক পাশে আবক্ষ ঘোমটা টানিয়া দাঁড়াইয়া ছিল সঙ্কুচিতা গোপিনী।

বাবু পুলিনের দিকে চাহিয়া কাছারিকে উদ্দেশ করিয়াই কহিলেন, সে হারামজাদী কই?

রাখাল পাইক বসিয়া ছিল, কহিল, আজ্ঞে, তিনি চানে গেল, আসছেন।

বাবু পুলিনকে বলিলেন, পুলিন, তোমার খুড়োর সম্পত্তি খারিজ করতে হবে।

পুলিন শশব্যস্তে কহিল, আজ্ঞে, সম্পত্তি আমার নয়, ওরই।

জোড়হস্তে অঙ্গুলি-নির্দেশে গোপীনীকে দেখাইয়া দিল।

বাবু কহিলেন, ওই হ'ল হে, ওই হ'ল, স্বামী আর স্ত্রী। মুখ থাকতে নাকে ভাত খায় কে হে? আর তুমি থাকতে সম্পত্তির ও কে? ও সম্পত্তি পেলে কি ক'রে? কথা কও গো, চুপ ক'রে থাকলে চলবে না।

অগত্যা গোপিনী মৃদু কণ্ঠে বলিল, আজ্ঞে, তিনি আমায় দিয়ে গিয়েছেন।

বাবু কহিলেন, তোমাকেই তবে খারিজ করতে হবে, পাঁচশো টাকা লাগবে।

পুলিন বলিল, আজ্ঞে, ও মেয়েমানুষ—

বাবু ধমক দিয়া কহিলেন, তুই থাম বেটা। বল গো, তুমি বল। আবার চুপ করলে যে, উত্তর দাও, পাঁচশো টাকা চাই আমার।

পথভ্রান্তকে যে পথ দেখাইয়া দেয়, সেই পথেই সে চলে। কিংকর্তব্যবিমূঢ়া গোপিনী পুলিনের কথা ধরিয়াই বলিল, আজ্ঞে, আমি যে মেয়েমানুষ—

বাবু কহিলেন, আরে, সম্পত্তি তো মেয়েমানুষ নয়। আচ্ছা, না পার, সম্পত্তি তুমি পুলিনকে ছেড়ে দাও।

পুলিন শশব্যস্তে বলিল, আজ্ঞে না।

গোপিনীও বলিল, আজ্ঞে না।

বাবু চটিয়া কহিলেন, আচ্ছা, তবে সম্পত্তি সদরে বাজেয়াপ্ত হবে। আর পুলিন তুই বেটা ওই মঞ্জরীকে নিয়ে গাঁয়ে ঢলাঢলি করছিস কেন? ও সব হবে না, পরিবার নিয়েই থাকতে হবে।

অভিমান অনবুঝ, স্থান কাল জ্ঞান নাই; পুলিন কিছু না বলিতেই গোপিনী মাথা নাড়িয়া বলিল, না।

প্রতিবাদে বাবু চটিয়া দীপ্তকণ্ঠে কহিলেন, চোপরাও হারামজাদী, ওই পুলিনকে নিয়েই তোকে থাকতে হবে।

গোপিনী আতঙ্কাইয়া কাঁদিয়া উঠিল।

ঠিক তখনই মঞ্জরী আসিয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়া কহিল, বাবু, আমায় তলব করেছেন?

বাবু মুখ ফিরাইয়া আর কথা কহিতে পারিলেন না। সম্মুখে রসোচ্ছলা মেয়েটি—চূড়ার মত

চুল বাঁধা, নাকে রসকলি আঁকা, মুখে মিষ্টি হাসি, গালে দুইটি ঈষৎ টোল। মঞ্জরীকে দেখিয়া ক্ষণেক তাঁহার কথা সরিল না।

মঞ্জরী পুনরায় বলিল, হুজুর!

চমক ভাঙিয়া বাবু কহিলেন, হ্যাঁ, এস। শুনছ গো, ওসব চলবে না, পুলিনের সঙ্গেই ঘর করতে হবে।

শেষটা কহিলেন গোপিনীকে। কথার নির্দেশে মঞ্জরীর দৃষ্টি পড়িল ভয়ত্রস্তা গোপিনীর উপর, সে ত্বরিত পদে নিকটে গিয়া গোপিনীকে কাছে টানিয়া লইল।

আশ্বাস লোকে কথাতেও পায়, দৃষ্টিতেও পায়; স্পর্শেও পায়; গোপিনী মঞ্জরীকে জড়াইয়া ধরিয়া কহিল, রসকলি!

উজ্জ্বল হাসিতে মঞ্জরীর মুখখানি দীপ্ত হইয়া উঠিল, বলিল, ভয় কি রসকলি?

বাবু পুনরায় কহিলেন, বুঝলে, এই আমার হুকুম। উত্তর দাও, রাজী কি না? শুনছিস পুলিন?

পুলিন, গোপিনী উভয়েই নীরব। উত্তর দিল মঞ্জরী, তেমনিই হাসিয়া, হুজুর, স্বামী-স্ত্রীর ঝগড়া কি ধমকে মেটে?

বাবু কহিলেন, আলবাৎ মিটবে, না মিটলে চলবে না।

মঞ্জরী বলিল, নাই যদি মেটে হুজুর, তাই বা কি? আমরা জাতে বোষ্টম, ছিঁড়লে মালা আমরা নতুন গাঁথি।

বাবু কহিলেন, বেশ, তবে ও বলাকে পত্র করুক।

ওপাশে বসিয়া বলা মুচকি হাসিল।

গোপিনী প্রবল প্রতিবাদে বলিল, না না।

বাবু কহিলেন, তবে কি মতলব শুনি? কিন্তু আমার রাজ্যে ওসব বদমায়েসি চলবে না।

পুলিন কি একটা প্রতিবাদ করিল, কিন্তু এত ক্ষীণ যে কাহারও খেয়ালে আসিল না। সে নড়িয়া চড়িয়া বসিল, যেন স্থৈর্য আর থাকে না। গর্তের সাপ ধরা পড়িবার পূর্বে যেমনতর বাহির হইতেও পারে না, অথচ ক্রোধে গর্তের ভিতরে কুণ্ডলী পাকাইয়া যেমন ঘোরে, তেমনই ভাবেই তাহার মনটা পাক খাইতেছিল।

মঞ্জরী কিন্তু বেশ সবিনয়ে সবল প্রতিবাদ করিল, জিভ কাটিয়া সে বলিল, ছি ছি, বাবু, আপনাকে ওসব কথা বলতে নাই।

বাবু অপ্রস্তুত হইয়া মঞ্জরীকে ধমক দিয়া কহিলেন, আচ্ছা আচ্ছা। তোমারও এখানে থাকা চলছে না, পাঁচজনে তোমার নামে পাঁচ কথা বলছে, তোমায় গ্রাম ছেড়ে যেতে হবে।

মঞ্জরী সবিনয়ে বলিল, আজ্ঞে, কোথায় যাব? মেয়েমানুষ আমি—

বাবু তাহার মুখপানে চাহিয়া কহিলেন, আচ্ছা, আমার সঙ্গে চল তুমি, আমার বাড়িতে থাকবে।

মঞ্জরী বলিল, আজ্ঞে, ঝি-গিরি আমি করতে পারব না।

বাবু কহিলেন, আচ্ছা, কাজ তোমায় করতে হবে না।

মঞ্জরী হাসিয়া বলিল, বাপ রে! রাণীমা তা হ'লে ভাত দেবেন কেন?

বাবু এবার বেশ রস দিয়া কহিলেন, সে ভাবনা তোমায় ভাবতে হবে না। আমাদের বাগানে তোমার কুঞ্জ ক'রে দেব, এখানে যেমন আছ তেমনই থাকবে।—বলিয়া বাবু হাসিলেন, হাসিটি গেঁজলা রসের মত, কেমন যেন বিশ্রী, কুৎসিত গন্ধের আভাস দেয়।

মঞ্জরী কহিল, আমার পোড়ার মুখকে কি আর বলব!—সত্যি সত্যিই এ মুখে আগুন দিতে হয়। আপনি রাজা, আপনিও শেষে—! না হুজুর, আমি এ গাঁ ছেড়ে কোথাও যাব না, সে যে যা বলবে বলুক।

বাবু মেয়েটার স্পর্ধা দেখিয়া স্তম্ভিত হইয়া গিয়াছিলেন, সহসা তিনি উন্মত্তের মত চীৎকার করিয়া কহিলেন, কেয়া হারামজাদী? ভূত সিং, লাগাও জুত্তি হারামজাদীকো।

বন্ধ লৌহদ্বার মত্তহস্তীও ঠেলিয়া খুলিতে পারে না, আবার অর্গল খুলিলে আঘাতের অপেক্ষাও সয় না, খুলিয়া যায়। মনের দরজার ঠিক অর্গলটিতে হাত পড়িতেই সে খুলিয়া গেল, ভিতরের মানুষটি বাহিরে আসিল, সে একটা ভীষণ দাপে হাঁকিয়া উঠিল, খবরদার!

রাখাল পাইকের শিথিল মুষ্টির লাঠিগাছটা কাড়িয়া লইয়া মাটিতে ঠুকিয়া পুলিন বুক ফুলাইয়া দাঁড়াইল।

ব্যাপারটা গড়াইত কতদূর কে জানে, কিন্তু লোকে ব্যাপারটা গোটা বুঝিতে না বুঝিতে মঞ্জরী ত্বরিত পদে পুলিন ও গোপিনীর হাত ধরিয়া টানিয়া লইয়া বাহির হইয়া গেল।

স্তম্ভিত ভাবটা কাটিতেই বাবু কহিলেন, ভূত সিং!

বলা মৃদুকণ্ঠে কহিল, হুজুর, ওই মঞ্জরীর সঙ্গে গোকুলবাটীর থানার দারোগার পরিবারের সঙ্গে খুব সুখ, একটু বুঝে—

বলার কথাটা ঢাকিয়া দিয়া লাঠি হস্তে ভূত সিং ঘ্যানঘ্যান করিয়া বলিল, হুজৌর, হুকুম!

বাবু কহিলেন, কুছ নেহি, যাও।

মঞ্জরী দুই জনের হাত ধরিয়া আসিয়া উঠিল একেবারে রামদাসের বাড়িতে। সারাটা পথ সে যেন কি ভাবনায় ভোর হইয়া ছিল,—ভাবনা বলিলে ঠিক হয় না, সে যেন একটা আবেশ, একটা নেশা।

বাড়িতে প্রবেশ করিয়াই মঞ্জরী দরজাটা বন্ধ করিয়া দিয়া, একগাছা মোটা লাঠি আনিয়া পুলিনের হাতে দিয়া খিলখিল করিয়া হাসিয়া বলিল, বাইরে ব'স পাহারাওলা।

পুলিন লাঠি হাতে বাহিরে বসিল, আর ঘরের মেঝেতে বসিয়া নীরবে চোখের জল ফেলিতেছিল দুইটি নারী। গোপিনী নত দৃষ্টিতে, আর মঞ্জরী তাহার মুখের পানে চাহিয়া যেন নেশায় ভোর হইয়া বসিয়া ছিল।

সহসা হাসিয়া সে কহিল, রসকলি!

গোপিনী মুখ তুলিয়া হাসিল, বড় বিপদের হাসি, যেন মলিন ফুলটি।

মঞ্জরী বলিল, এক কাছারি লোকের সামনে রসকলি পাতিয়েছ, 'না' বললে তো চলবে না।

গোপিনী কহিল, হ্যাঁ।

মঞ্জরী বলিল, তা ভাই, অনুষ্ঠানটা হয়ে যাক, তুমি আমার নাকে রসকলি এঁকে দাও, আমি তোমার দিই,—যা নিয়ম তা তো করতে হবে।—বলিয়াই খুঁজিয়া পাতিয়া সব সরঞ্জাম বাহির করিয়া তিলকমাটি ঘষিতে বসিল।

তারপর গোপিনীর কোল ঘেঁষিয়া বসিয়া কহিল, তুমি ভাই, আগে বলেছ, আগে তোমার পালা। দাও, আমার নাকে রসকলি এঁকে দাও।—বলিয়া নিজের আঁকা রসকলিটি মুছিয়া ফেলিল।

হতভম্ব গোপিনী কম্পিত কণ্ঠে মঞ্জরীর নাকে রসকলি আঁকিয়া দিল।

মঞ্জরী বলিল, দাঁড়াও, সাক্ষী ডাকি।—বলিয়া বাহিরে পুলিনকে ডাকিল, সেই মধুভরা কণ্ঠ, রসকলি, এস বলি।

পুলিনকে লইয়া গোপিনীর হাতে হাতে নিজের হস্তবন্ধনে বাঁধিয়া দিয়া কহিল, এই নাও রসকলি, আমার রসকলি তোমায় দিলাম।

পুলিনের কথা সরিল না।

তারপর পুলিনকে বলিল, আমি দিচ্ছি, 'না' ব'ল না।

গোপিনী ও পুলিন বিস্মিত নির্বাক।

সহসা গোপিনী মঞ্জরীর হাত ধরিয়া টানিয়া বলিল, না না, তুমি সুদ্ধ এস, আমরা দু বোনে—

রসোচ্ছলা রসোচ্ছলার মতই কহিল, দূর, আমি যে রসকলি!

বৈকালের মুখে মঞ্জরী কহিল, দাঁড়াও, আমি একবার গাঁয়ের হালচাল দেখে আসি।

পুলিন বাধা দিয়া কহিল, সে কি, একলা?

মঞ্জরী হাসিয়া ঢলিয়া পড়িল, বলিল, ভয় কি! আমার রসকলি যে সঙ্গে।—বলিয়া নাকের রসকলি দেখাইয়া দিল। তারপর আবার কহিল, ভয় নাই, আমি বাইরে বাইরে খবর নেব, তেমন তেমন বুঝলে আমি গোকুলবাটী থানায় যাব। আজ রাত্রে না ফিরতেও পারি, বুঝলে? খবরদার, তোমরা বেরিও না, দিব্যি রইল, মাথা খাও।

সে কণ্ঠস্বরে পরিহাসের বিন্দুও ছিল না, পুলিন সে কথা অবহেলা করিতে পারিল না।

মঞ্জরী চলিয়া গেল, রাত্রে ফিরিল না।

পরদিন প্রাতে বলাই আসিয়া ডাকিল, মিতে!

মঞ্জরীর সংবাদের আশায় নিজের বিপদের আশঙ্কা তুচ্ছ করিয়া দরজা খুলিয়া কহিল, এস।

বলাই বলিল, বেশ বেশ, তা মঞ্জরীকে দিয়ে টাকাটা পাঠালি কেন? নিজে গেলেই তো হ'ত। তা ও বেশ ভালই হ'ল। বাবুও বললেন, বলাই, পুলিন যখন পঞ্চাশ টাকা জরিমানাই

দিলে, তখন আর তার উপর রাগ নাই আমার। তা পুলিন বোধ হয় ভয়ে আসে নাই, তাই মঞ্জরীকে দিয়ে পাঠিয়েছে। মঞ্জরীকেও মাপ হয়ে গিয়েছে। তা একবার আজ যাস, বাবুকে পেন্নাম করে আসিস। ভয় নাই, আমিও সব ব'লে ক'য়ে দিয়েছি।

পুলিনের কথা সরিল না।

জমিদার না দেখিয়া বার কয়েক হুঁকা টানিয়া বলাই চলিয়া গেল। পুলিন স্তম্ভিতের মত দাঁড়াইয়া রহিল। কে জানে—কতক্ষণ! একটি পুঁটলি কাঁখে মঞ্জরী আসিয়া হাসিমুখে অভ্যাস-মত হেলিয়া সম্মুখে দাঁড়াইয়া ডাকিল, রসকলি!

পুলিন কথা কহিল না।

হাসিয়া মঞ্জরী কহিল, রসকলি, রাগ করেছ?

পুলিন অভিমানভরে বলিল, তুমি জমিদারকে—

মঞ্জরী কহিল, জলে বাস ক'রে কুমিরের সঙ্গে বাদ করা কি চলে গো? তাই মিটিয়ে ফেললাম।

পুলিন কহিল, টাকা—

মঞ্জরী কথা কাড়িয়া বলিল, সে তো তোমারই গো, আমি কি তোমার পর?

তারপর পুলিনের হাত দুইটি ধরিয়া কহিল, তবে আসি।

উদ্‌ভ্রান্তের মত পুলিন বলিল, কোথায়?

মঞ্জরী কহিল, বৃন্দাবন।

পুলিন অভিমান করিয়া বলিল, রসকলি!

মঞ্জরী কহিল, আমি তো তোমারই গো।

গোপিনী দ্বারের পিছনে ছিল, সম্মুখে আসিয়া যেন দাবি করিল, না, যেতে পাবে না।

মঞ্জরী বলিল, তীর্থের নাম ক'রে কুকুর হব?

গোপিনী কহিল, বল তবে, ফিরে আসবে?

মঞ্জরী বলিল, আসব।

গোপিনী কহিল, আসবে? দেখো।

উত্তর না দিয়া মঞ্জরী হাসিয়া পুঁটলিটি তুলিয়া লইয়া রাস্তায় নামিয়া পড়িল। বিচিত্র সে হাসি, রহস্যের মায়া-মাধুরীতে ভরা, কে জানে তার অর্থ!

চলিতে চলিতে গান ধরিল—

"লোকে কয় আমি কৃষ্ণ-কলঙ্কিনী;
সখি, সেই গরবে আমি গরবিনী গো,
আমি গরবিনী।"

নাকে তাহার রসকলি, মুখে তাহার হাসি, চলনে সে কি হিল্লোল, রসধারা যেন সর্বাঙ্গ ছাপাইয়া ঝরিতেছিল।

ত্রিপত্র

প্রথম পত্র : পাষাণের বাণী

পাষাণের প্রতি

তারা এসেছিল তারা চলে গেছে
কত ভেঙ্গে গড়ে, রেখে স্মৃতি তার।
তারা গেয়েছিল গান থেমে গেছে
শুধু জেগে আছে ক্ষীণ ঝঙ্কার।
পান্থ আসে যায় পান্থ নিবাসে
নিজ স্মৃতিটুকু রেখে যেতে চায়।
কেহ ছবি আঁকে কেহ নাম লিখে
থাকে কত দিন পরে মুছে যায়॥
কত হেসে কেঁদে দিন চলে গেছে
আজিকে কথা তা কাহিনী সবি যে।
স্মৃতি অবশেষ আর সব শেষ
যেন মুছে যাওয়া পুরানো ছবি এ॥
ওগো এ যে তাই এ যে অতীতের
আঁকা ছবিখানি মুছে যেতে চায়।
কটি ছেলে মেয়ে খেলে চলে গেছে
ভাঙ্গা খেলাঘর পড়ে কাঁদে হায়॥
ওগো বল বল তব বুকে আছে
কি কার কাহিনী মাখা হাসি ব্যথা॥
আমিও চলে যাব গিয়ে শুনাইব
যারা চলে গেছে তাদেরে এ গাথা॥
যাহারা আসিবে তারাও শুনিবে
মোর ক্ষীণ সুরে তোমার এই গান॥
ধন্য আসা যাওয়া যদি যেতে পারি
হোক যত ছোট দিয়ে কোন দান।

ভূগর্ভস্থ পাটলীপুত্র

অস্ত গেল ক্লান্ত সূর্য জাহ্নবীর নীরে।
শ্যামা সন্ধ্যাবধূ ওই আসে ধীরে ধীরে॥
শরম জড়িত পদে বনবীথি-ছায়ে।
আলোক দেখায়ে পথ চলেছে পিছায়ে॥
পরপার পানে ; ওই দূরে ঘরে ঘরে।
জ্বলে দীপ বাজে শঙ্খ, শান্ত বায়ুভরে॥
আসে স্নিগ্ধ ধূপগন্ধ ; ফেরে ধেনু গেহে।
গোধূলির রক্তরাগ মাখি সারা দেহে—
কটি নারী ফিরে যায় ভরে লয়ে জল।
ধীরে স্তব্ধ হয়ে আসে জনকোলাহল॥
আমি বসে আছি কোথা মুগ্ধ স্তব্ধ প্রাণে।
কত দীর্ঘ অতীতের স্মৃতির শ্মশানে॥
মৌর্যরাজ রাজধানী এই এই কিরে।
সে কাহিনী রাখিয়াছে যত্নে বক্ষনীড়ে॥
এরি পদে নত হ'ল গ্রীসের সে শির।
আজি তার একি দশা পরাণ অধীর॥
পাত্র গেছে কাল গেছে আছে শুধু নাম।
আর এই গৌরবের লীলাময়ী ধাম॥
কত শত অব্দ ধরি কত না সম্রাট।
সেরে গেছে এইখানে জীবনের হাট॥
চলে গেছে নন্দ, মৌর্য, গুপ্ত একে একে।
ভোগে, ত্যাগে, হেসে, কেঁদে, স্মৃতি এঁকে রেখে॥
তারা গেছে পড়ে আছে ভাঙা খেলাঘর।
সে ঐশ্বর্য-ভূমি আজি মরুর প্রান্তর॥
শত আয়োজনে যথা সাজাইয়া মেলা।
আলোকে উৎসবে করে কত লীলাখেলা॥
মেলা ভেঙে যায় জাগে প্রান্তর আবার।
বিচিত্র রেখায় জাগে স্মৃতিটুকু আর॥
আর সেথা যায় না তো কেউ তবু হায়।
অজ্ঞাতে ব্যথিত দৃষ্টি সে পানে তাকায়॥
আনন্দের লীলা-ছবি ছোট ছেলে মেয়ে!
উৎসব সন্ধানে ব্যগ্র আসে সেথা ধেয়ে॥

ফিরে যায় ব্যর্থ হয়ে, ওগো সেই মত।
এসেছিনু দেখিবারে, আনন্দ অতীত ॥
দেখিয়া আনন্দে নয় ব্যথার হুতাশে।
মেলা ভাঙাচোরা দেখে চোখে জল আসে
চারিপাশে গাঢ় হয়ে ঘিরেছে আঁধার—
আলোক উৎসবময় রাজার আগার ॥
দূরে জ্বলিতেছে দীপ দীনের ও কুটীরে।
রাজার প্রাসাদ রবে মগ্ন অন্ধকারে ॥
দীপ দীপ একটি প্রদীপ দে রে জেলে।
দেখাইতে সন্ধ্যা-আলো লীলাভূমি তলে ॥
ভাঙা হাটে ক্ষুব্ধ-বক্ষ ছেলেটির মত।
দীপশিখা উজলিয়া দিই অবিরত ॥
ক্ষীণালোক জ্বালাইয়া এই ভাঙা ঘরে।
অতীতেরে বর্তমানে আনি বুকে করে ॥

জীর্ণ মসজিদ

অতি ক্ষুদ্র জীর্ণ মসজিদ
কেঁপে উঠে বায়ুর তাড়নে।
অতীতের হে জীর্ণ কঙ্কাল
নমি আমি তোমার চরণে ॥
অতি জীর্ণ অবহেলা মাখা
ছেয়ে আছে শুধু ধূলিরাশি।
আঁকা শুধু কটি পদরেখা
(কোন) ভক্ত বুঝি নমেছিল আসি।
দেবতার ওগো পাদপীঠ
ভকতের আত্মনিবেদন।
হও জীর্ণ শোভাহীন তুমি
তবু মুগ্ধ আমার নয়ন ॥
দেবতায় করি নিবেদন
ভক্ত কবে দিয়েছিল ফুল।
শুষ্ক এবে সৌরভবিহীন
নাহি তার সৌন্দর্য অতুল ॥

তবু তারে কে পারে ফেলিতে
দেবতার পাদস্পর্শ মাথা।
থাকে তার প্রতি পাঁপড়িটিতে
ভকতের মর্মবাণী আঁকা॥
তুমি তাই ওগো তুমি তাই
ভকতের নিবেদিত ফুল।
শুষ্ক এবে শুধু ধূলিমাখা
নাই তব সৌন্দর্য অতুল॥
দাও ওগো এ নতমস্তকে
দেবতার পাদস্পর্শ লেখা।
ভক্ত-মর্মবাণী দাও এঁকে
ধরি বুকে পাষাণের রেখা॥

খস্রু সমাধি

কে গো, ঘুমায় এখানে কেগো
মায়ের পরম মরমে রে।
আহা, কত না বেদনা ফুটেছে গো
পাষাণে রক্ত ধরমে রে॥
এ যেন সাঁঝের মৌন বেদনা
ফুটি গোধূলির রক্তরূপে।
শ্বেতমর্মর তার অন্দরে
গোধূলির মাঝে শোভে সুন্দরে
দীপ্ত শুভ্র শুকতারকাটি
নীল জ্যোতি আহা মণিদীপে॥
এ সেই কাহিনী রাজার দুলাল
ঘুমায় জীবন অবসানে।
বাদশার রোষ মৃত্যুর আদেশ
পিতার ভ্রূকুটি, দৈন্যের শেষ
প্রতিহত করি বাঁচায়ে রাখিতে
আপন পরাণ প্রিয়জনে॥
জননীর স্নেহ, পত্নীর প্রেম
জেগে আছে হেথা নিরজনে॥

অন্ধ নয়ন নৃপনন্দন
সিংহাসনের রঙীন স্বপন
ত্যজি হতাশায় ঢালিল জীবন
এইখানে ওগো এইখানে।
সমাধির রূপে মায়ের মরম।
লুকায়েছে তারে সাবধানে।
তুচ্ছ করিয়া স্তুতিগুঞ্জন
আশা-নিরাশার মোহ অঞ্জন
জননীর স্নেহশয্যায় পড়ি
সঘন প্রিয়া প্রেমসনে।
ঘুমায় খস্রু অশ্রুধারার
শ্বেতমর্মর আবরণে॥

খস্রু পত্নীর সমাধি

বল গো শোনাব কোন গান
পাষাণের মুখে প্রেমের কাহিনী
শুনে জুড়াইব কার প্রাণ!
আছে শুধু তাই আর কিছু নাই
ক্ষুদ্র প্রেমের ইতিহাস।
দেখিয়াছি চোখে ঢাকিয়াছি বুকে
ওগো তাই শুন মোর পাশ॥
বিরহবিধুরা রাজতনয়ারে
নীল আকাশের পরপারে।
উদাস নয়নে খুঁজিতে দেখেছি
পরাণের প্রিয় দেবতারে॥
কত দিন ওগো কত দিন গেল
পাইনিক তারে খুঁজে আর।
শুধু দিনশেষে পড়িত হতাশে
ভাঙিয়া হৃদয়খানি তার॥
একদিন ওগো একদিন বুঝি
আহ্বান বাণী পেয়ে কার।
সন্ধ্যামণির মতন শুভ্র
হাসিটি ফুটিল মুখে তার।

আর পড়েছিল কে জানে সে খাল
নিরাশা নাকি সে সান্ত্বনা।
বলিতে কি পার তাই নিয়ে মোর
ভাবনার আজও অন্ত না॥
ভাসিয়া উঠিল অধরে হাসিটি
নয়নের কূলে কূলে জল।
উচ্ছ্বাসে ঘন কম্পিত হৃদি
আবেগেতে করে টলমল॥
দেখেছি যাইতে অভিসারিকায়
মণিদীপ হাতে মরণের।
অজানা পন্থে সে এক পন্থা
বাঞ্ছিত অনুসরণের॥
সেই সে যে গেছে হ'ল কতদিন
কই সে ত ফিরিল না আর।
একটি নিশান দু-ফোঁটা অশ্রু
বুকে ক'রে পড়ে আছি তার॥

এলাহাবাদ দুর্গ

স্তব্ধ দ্বিপ্রহর
যমুনার বুকে নিমীলিত চোখে
চলেছি তরণী পর
জনকোলাহল ক্ষীণ শোনা যায়
মাঝে মাঝে কভু কাক ডেকে যায়
শ্রান্ত শরীরে তন্দ্রার ঘোরে
তরীতে বেঁধেছি ঘর॥
কি এ মধুর গান
কেন দূরাগত মুরলীর তান
আকুল করিল প্রাণ।
এ কি যমুনার কুলু কুলু ধ্বনি
নাকি গীতিধ্বনি সত্যই শুনি
এ কি এ কে বলে "দেখ চোখ মেলে"
"আমি রে প্রতিষ্ঠান!"

দেখিনু নয়ন মেলি
বিরাট পাষাণ না না প্রাণময়
দাঁড়ায়ে আকাশ ঠেলি ॥
হুনের আঘাত পাঠানের অসি
মোগলের ছুরি আছে বুকে বসি
বর্গী প্লাবন আপন আপন
দাগ এঁকে গেছে চলি ॥

পাষাণ তুমি ত নও
ইতিহাসে তুমি এক অধ্যায়
কথা কও কথা কও ॥
স্মৃতির আখরে প্রতি পাষাণেতে
অতীত আকারে বর্তমানেতে
কহ গো তরুণে পুরাতন কথা
মরমে ডাকিয়া লও ॥

চাহি না শুনিতে বিজয়-বারতা
আছে ইতিহাস কহিতে সে কথা
কহ বিজিতের ব্যথিত কাহিনী
গোপনে যে ব্যথা বও ॥

ওই সে লৌহদ্বার
বীর ছাড়া নাই কাপুরুষের
প্রবেশেতে অধিকার ॥
কত বিজিতের কত বিজয়ীর
পদরেখা আঁকা ঢালু পথটির
কে ক'বে কাহিনী নীরে তটিনীর
আজও উঠে ধ্বনি যার ॥

আসা যাওয়া মোর হ'ল কতবার
একবারও কিগো কভু মাঝে তার
বিজিত কিম্বা বিজয়ীর সাথে
পশিনি দিয়ে ও দ্বার ?

মুগ্ধ নয়ন তাই বুঝি ফেরে
অতীত স্মৃতির রেখাটির তরে
কোথা মেরে ছুরি কোথা শুয়েছিনু
কোথা আঁকা রেখা তার ॥

ভাসিয়া চলেছে তরী ।
অতীতের মত দুধারের ছবি
থাকিছে পিছনে পড়ি ॥
দুর্গসীমার হয়ে গেল শেষ
পিছনে ফিরিল আঁখি অনিমেষ
অতীতের পানে বর্তমানের
আঁখি রহে যথা ফিরি ।

ছত্র মঞ্জিল

দর্শনে

(লক্ষ্ণৌ)

হল উৎসব শেষ

ছন্দ গতি মন্দ হ'ল শিথিল হ'ল বেশ ।
অলস নটী এলায়ে পড়ে জড়ায়ে এল স্বর ।
সুরবাহারে চলে না আর তড়িগৎতি কর ॥
মদিরালস আয়ত আঁখি পুরিল ঘুম-ঘোরে
বাদশা আমীর চলিয়া গেল রহিল নটী পড়ে ।
তুই কেন তাই পড়িয়া আছিস সবাই গেছে দেশ
হ'ল উৎসব শেষ ।

লো ছত্র মঞ্জিল ।

নটী নূপুর নিকণ কই আনে মলয়ানিল ॥
সন্ধ্যা-সাথে সারি দিয়ে কই সুবাস দীপ জ্বলে ।
চেকে ফেলে কই হর্ম্যতলে ফুলের পাপড়ি দলে ॥
বিলাস-ধ্বজা স্বর্ণছাতা কেন লো গরমিল ।
লো ছত্র মঞ্জিল ।

ছিঁড়ে গেছে বুঝি তার।
নীরব সখি তাই কি সাধের মধুর সুরবাহার ॥
শুকায়েছে বুঝি ফুল।
তাই কি সখি বয় না বাতাস নীরব অলিকুল ॥
ভেঙ্গে গেছে বুঝি হাট।
ফিরে গেছে তাই যে যাহার ঘরে বন্ধ দোকনপাট ॥
(তবে) তুই বা কেন লো আর ?
আমি ! সেই যে ছিল সখা আমি চরণ-রেখা তার ॥

কোন অজ্ঞাত সমাধি

বিজনে বিপিনে গোপনে
বিভোর আপন স্বপনে
বন-যূথিকাটি মরি ফুটিয়াছে সুখে
সরমে আপনা আবরি
অবগুণ্ঠনে কিশোরী
নয়নের আড়ালেতে গুমরে দুখে ॥

কে তুমি হেথায় নিরালায়
লুকাইলে কেবা বলে হায়
(তুমি) কাহিনীর ভুলে যাওয়া কোন কথাটি ?
রূপসী কিশোরী অতীতা
বিয়োগ-বিধুরা ব্যথিতা
সে মনের কোণে তুমি কোন ব্যথাটি ?

দেলখুসায়

অতীত দীর্ঘ ষষ্টি বরষ
সে কথা আজিকে কাহিনী শুধু।
এই দেলখুসা স্মৃতির শ্মশান
শ্মশানেরই মত করিছে ধূ ধূ ॥
বাংলার এক তরুণ পরাণ
দেখিতে আসিয়া স্মৃতির শ্মশান

মুগ্ধ বিমূঢ় বসিয়া ভূমিতে
মাথার উপরে হাসিছে বিধু ॥
হ'ল দিন গত কুয়াসার মত
তরল আঁধার রচিছে যাদু ॥
তরল আঁধারে জাগে যেন ধীরে
মিউটিনীর সে ভীষণ রোজ ॥
রক্তপাগল সিপাহীর দল
খেলাইছে খুন খুশ রোজ ॥
কালব'শেখের ঝড়ের মতন
ধরমনাশের বেদনা ভীষণ
মস্তকাহত ভুজঙ্গ মত
তুলিল রোষের ঝড় সে রোজ ॥
দেলখুসা এই বুঝি দেখি সেই
মিউটিনীর সে ভীষণ সে রোজ ॥
প্রতিহিংসায় রক্ততৃষায়
দাঁতে দাঁত রাখি বাঁধিয়া মুঠি ।
হৃদয়ের জ্বালা চোখে করে খেলা
ছেলে মেয়ে বুড়া চলেছে কাটি ॥
ন্যায় অন্যায় পাপ কি পুণ্য
পাগলের মনে সে বোধ শূন্য
রক্তে ছিন্নমস্তার তৃষা
সিপাহীর মাঝে পড়িল ফাটি ॥
(যেন) দেলখুসা ঘেরি সিপাহীর সারি ।
দাঁতে দাঁত রাখি বাঁধিয়া মুঠি ।

অতি বেদনায় উন্মাদনায়
মরণ খেলায় মাতিল যারা ।
কোথা হ'তে তারা আসিল ধরায় !
কোন দেশে তারা গেল পুনরায় ?
প্রলয় ঘূর্ণি উঠে যেথা হ'তে
উদ্ভূত বুঝি সেথায় তারা ।

কিম্বা রে কোন তামসী নিশীথে
অগ্নিগর্ভ ধূমকেতু হতে

উল্কা ধায়ায় পড়িল ধরায়
ধ্বংস-অগ্নি বক্ষে ভরা ॥

নয় সাগরের কোন তটদেশে
নীলকণ্ঠের বিষপান শেষে
পতিত বিষের ভাণ্ড হইতে
বিকট নেশায় জাগিল এরা ॥

গিয়াছে কোথায় কেবা জানে হায়
আবার নাশিতে কোন দুনিয়ায়
তবে মাঝে মাঝে অগ্নিগিরির
অগ্ন্যুৎপাতে পাই রে সাড়া ॥

ওগো বিদ্রোহী মরণোন্মাদ
তোমাদের কেবা করে সংবাদ
থাক যেথা লও ভীতমুগ্ধ
তরুণ আঁখির অশ্রুধারা ॥

হিমের বাতাস কাঁপে তরুশির
কে যেন ডাকিছে বাড়ায়ে কর।
শঙ্কিত এক উত্তেজনায়
শিহরণ আনি প্রাণের পর ॥

দীর্ণ প্রাকারে বহিছে বাতাস
কে যেন কোথায় করে হা-হুতাশ
কোথা হতে কেবা কি যেন কহিছে
শুনিতেছি যেন কাহার স্বর ॥

মরীয়া হইয়া এসেছিল তারা
আশ্রয় করি মরণগড়।
তাদের মরণ মরণ ত নয়
কাজ শেষে তারা গিয়াছে ঘর

কাজ হলে তারা পুনরায় ফেরে
অগ্রদূত যে তারা সংসারে
যে খেলে বিশ্বে ধ্বংসের লীলা
এরা যে তাহার সহচর ॥

দ্বিতীয় পত্র ঃ মর্মবাণী

নিশীথে

রজনীর ওই কালো কোলে
ওই কালো মেঘ আসে ছেয়ে।
আর্দ্র বায়ু করি হাহাকার
বয়ে যায় কাঁপিয়ে কাঁপিয়ে ॥
আমার মন্দিরে আমি একা
চেয়ে কালো আকাশের পানে।
নাহি জানি কি মধু-পরশ
পেতে চাই তাপ-তপ্ত প্রাণে ॥
ঝর ঝর জল এল ওই
আকাশ ধরার ব্যবধান।
মিলাইয়া দিল পূর্ণ করি
ধরণীর পিয়াসী পরাণ ॥
হে অজ্ঞাত দয়িত আমার
তুমি আমি দুজনা মাঝারে।
এ অজ্ঞাত ব্যবধানে কি গো
দূরে দূরে রব চিরতরে ॥
অতৃপ্ত মিলন তৃষা মোর
মিটাইয়া দাও ওগো দাও।
চলিতে শকতি নাহি মোর
তুলে নাও ওগো টেনে নাও ॥
এ তৃষা মিটাতে পার তুমি
তোমারেই মিটাতে তা হবে।
আকাশ দিয়েছে বারিধারা
ধরণীর তৃষা তৃপ্ত তবে ॥

মিনতি

মরমের মাঝে প্রেম মর্মরে
রচিত দেউলে আসিয়া।
মধু-কামনার আলিপন 'পরে
দাঁড়াও চরণ রাখিয়া॥
এস নীরবে এস গোপনে
এস নিরাশ রজনী-স্বপনে।
মানে-অভিমানে প্রেম-আলাপনে
অধরে অধর মিলনে
(দাও) অভিসারিকার নিরালা বাসর
শেষ নিমেষে ঢাকিয়া॥

প্রতীক্ষায়

আলোক-আঁধারে মাতামাতি
কত দিবা গেল কত রাতি
কই তবু তুমি আসিলে না!
উৎসবের ধারা যন্ত্রে নেয়ে
কত বর্ষা গেল বর্ষ বেয়ে
কই দ্বারে আঘাত দিলে না।
প্রিয়জনে উপহার দিয়ে
গেল কত শরৎ চলিয়ে
দেওয়া দূর—কিছু জানালে না।
হেমন্তের পূর্ণিমায় রাস
অভিসারে ত্যজিনু আবাস
কই তুমি বাঁশী বাজালে না।
বক্ষের উত্তাপ লয়ে শীতে
বসেছিনু তব পদে দিতে
কই তুমি ভুলেও ছুঁলে না!
বসন্ত চলিয়া গেল হাসি
এ চোখে ঝরিল বারিরাশি
সে জলে ত চরণও ধুলে না!

না আসিয়া সুখী যদি হও
থাক সখা—সেইখানে রও
তৃপ্ত আমি শুধু ভালবেসে !
পশিতেও হবে না কুটিরে
'ভালবাসি' এ কথা দুটিরে
শুনে যাও দুয়ারেতে এসে ॥

বাঞ্ছিত

তোমাতে দেখেছি আঁধারেতে আলো
বিপথেতে পথ পেয়েছি গো ।
তোমাতে পেয়েছি পিপাসার বারি
হতাশায় আশা পেয়েছি গো ॥
তোমাতে পেয়েছি মরম গান
তোমাতে পেয়েছি মরণে প্রাণ
যাতনায় কত বুকভরা স্নেহ—
সান্ত্বনা আমি পেয়েছি, গো ॥
তোমাতে পেয়েছি পূজার দেবতা
তোমাতে পেয়েছি মন্ত্রের কথা
ব্যথিত সাধনা সাধিয়া কত না
হে প্রিয় তোমারে পেয়েছি গো ॥

তৃপ্ত

ওগো অযাচিত বন্ধু আমার !
কোমল শীতল কর বুলাইয়ে দাও নয়নে আমার ॥
ঘুমায়ে আসুক চোখে শেষ নিমেষপাত
ভাঙা বুক মিশে যাক ধরণীর ধূলি-সাথ
দেবহীন দেউলের পূজাহীন হাহাকার
সান্ত্বনা ল'ক খুঁজে মাঝারে ধূলার ॥

অজানিত সখা ওগো তব প্রেমে মধুময়
মরম মথিত মম অতীত করিয়া লয়
টেনে লও ব্যথিতেরে ধরণীর ঘৃণিতেরে
ধরা হতে মুছে দিয়ে সব স্মৃতি তার ॥

অভিমানে

নীল গগনের পরপারে ওই প্রেমাকুল আঁখি দুটি কার।
নীরব ভাষায় কি বলে আমায় নারে প্রাণ বুঝিতে আমার ॥
তবু কেন মোর চিত্ত বিভোর কত না আদর পেয়েছে সে।
কিশোরী বধূর কত না মধুর ঘোমটার আড়ে চাহনি এ ॥
ওগো তুমি কে গো কে তুমি আমার লুকোচুরি খেল দূরে থাকি।
(বুঝি) চির সাধনার মধু কামনার প্রিয়জন—তাই ডাকাডাকি ॥
কেন অত দূরে এস কাছে এস না এস চাব না ফিরিয়ে আর।
যদি সেই হও এস কিনা দেখি সাধিতে দুয়ারে প্রিয় আমার ॥

পূজারিণী

দ্বারে তব দীনা পূজারিণী ওগো দেবতা
খোল মন্দির-দ্বার।
ধ্বনিয়া উঠিছে মরমের শত আহ্বান
নীরবে থেক না আর ॥
জীবনে কখনও দেবপূজা করা হয়নি তার
এসেছে যদি সে অকরুণ তুমি হয়ো না আর
শুনাতে এসেছে মরম-ব্যথার কথা সে যে
শুন ব্যথা-কথা তার ॥
খোল গো দুয়ার শঙ্কিত প্রভু হয়ো না তুমি
ফুল নাই মোর দিব না চরণে নিঃস্ব আমি
শুধু দাও গো নয়ন ভরিয়ে দেখিতে তোমা
পুরাও কামনা তার ॥

মুগ্ধ

প্রকৃতি রে তোর এত রূপ !
তাই তোরে এত ভালবাসি ।
আলোক-আঁধার সুখ-দুখ
মমতা-বেদনা-মাখা হাসি—
আঁখি দুটি মুদিয়াও হেরি ;
আমি তোরে নিশীথ শয়নে
হারাই হারাই পাছে তাই
আবাহন করি যে স্বপনে ॥
রূপসী রে ! একি লীলা তোর
পলকে পলকে নানা রূপ ।
আত্মহারা, বুঝিতে না পারি
শুধু হেরি লীলা অপরূপ ॥
রৌদ্রে ঝড়ে উন্মাদিনী বেশ
ভীত তবু মুগ্ধ আত্মহারা ।
যথা মার ক্রোধে কাঁদে শিশু
থামে নাক' মার কোল ছাড়া
বরষার কাল রূপে তোর
উদ্দাম যৌবন লীলা হেরি,
মিলনের তপ্ত তৃষা জাগে
ডাকি তোরে দুবাহু পশারি ॥
আয় আয় নিতি নব রূপে
প্রিয়া রূপে দে লো বুকে ধরা
নিবিড় নিবিড়তম ভাবে
চিরকাল সর্বদুঃখহরা ॥

প্রথম চুম্বন

কত দিন র'ব আর আশাপথ চাহিয়া ।
নয়নের মণি গেল হতাশায় কাঁদিয়া ॥
দূর হতে সমীরণ নিয়ে আসে ফুলবাস ।
বাসের সুবাস ভেবে জাগে মনে কত আশ ॥

মাঝে মাঝে ছুটে এসে দুয়ারেতে দেয় ঘা।
কত আশে খুলি দ্বার হাসে বায়ু হা হা হা॥
দোলা দিয়ে গাছ-পাতা তোলে ধ্বনি মর্মর
মনে হয় রথ তব এল ওই ঘর্ঘর॥
গৃহ-কাজে রত কভু হইনি ত জীবনে।
পাছে এসে ফিরে যাও র'লে আন্-মননে॥
একদিন একবার পথে আঁখি পাতিতে
আঁখিজলে ভরে গেল দেখে এক ব্যথিতে॥
দৃষ্টির বেদনায় পাতা এল ঢাকিয়া।
সেই ফাঁকে কপোলেতে গেছ চুমা আঁকিয়া॥

আকিঞ্চন

সারাটি দিনের কর্ম সাঙ্গ
হল প্রভু এই সাঁঝে।
তবু কেন আমি পূর্ণতা খুঁজি
পাই না মর্ম মাঝে॥
এইবার ভাবি মোহিনী রূপসী
মহানিদ্রার সাথে।
সব শোক দুখ দূর করি দিব
ভারাতুর প্রাণ হতে॥
সব সারা হ'ল তবু কেন মোর
নিদ্রা আসে না হায়।
মনে করে দাও কি কাজ ভুলেছি
মিনতি তোমার পায়॥
বেজেছিল যবে মোহন বাঁশরী
হৃদয় বৃন্দাবনে।
যায় নাই বুঝি পরাণ রাধিকা
শ্রীচরণ দরশনে॥
কুটিলা মোহের পীড়নের ভয়ে
পারেনিক সে যে যেতে।
তাই বুঝি আর নাহি অধিকার
কারা হতে ছুটি পেতে॥

আর একবার বাজায়ে বাঁশরী
জানাও আছ কি সেথা ?
সহিতে না পারি অপূর্ণতার
দারুণ মরম-ব্যথা ॥
চলেছি এখনি ভেসে যাক মোর
শরম ভরম মান।
বাহুবন্ধনে করহে বদ্ধ
কম্পিত তনুখান ॥
যদি নাহি থাক গিয়ে থাক চলে
(তব) চরণ-রেণুর পরে।
করিয়া শয়ন দাও ঘুমাইতে
শান্তিতে চিরতরে ॥

অনুশোচনা

বেদনা-ব্যাকুল খর-তৃষাতুর বক্ষে
সে যে—এসেছিল দুয়ারে আমার।
(শত) মৌন মিনতি মাখা বারি-ভরা চক্ষে
মুখপানে চাহিয়া আমার ॥
চির যে বুভুক্ষিত রিক্ত সে অঞ্জলি
ভাষাহীন যাতনায় ভিখারীর মত মেলি
স্নিগ্ধ স্নেহের ধারা চাহিল কাতরে তুলি
সজল নয়ন দুটি তার ॥
আজীবন সঞ্চিত অন্তর-স্নেহধারা
চেয়েছিল বরষিতে ভাঙিয়া পাষাণকারা
দিই নাই দিই নাই শুধু শত লাঞ্ছনা
পেয়েছিল বিনিময়ে তার।
যাতনায় বেদনায় দুটি ফোঁটা আঁখি-বারি
ফেলে গেল এল না ত আর ॥

অনুযোগ

কত দিন কত রাতি গেল
কত পক্ষ মাস ঋতু বর্ষ নিবর্তিল।
শৈশব কৈশোর একে একে,
চলে গেল—যৌবন আজিকে সাড়া দিল॥
শৈশবের আকাঙ্ক্ষা অস্ফুট
উষায় কমলকলি মরম মুদিতা!
কৈশোরে সরম রাঙা সাধ
উদিত অরুণ রাগে আধ-বিকশিতা॥
যৌবনের শত সাধে আজি
পূর্ণ বিকশিত সেই হৃদি শতদল।
এস এস চিরজনমের
মরমের প্রিয় মম জীবন-সম্বল॥
অশ্রুতে নিরুদ্ধ দৃষ্টিমাঝে
এস তুমি মধু-কামনার প্রিয় ছবি।
রক্তমর্ম পদ্ম-কলিকার
প্রাচীমূলে কনকদেউলে রাঙা রবি॥
এখনও না এলে তুমি প্রিয়,
এ কলির দলগুলি হইবে মলিন।
প্রেম আশা মধু গন্ধ সব
হতাশার তপ্তবায়ে হইবে বিলীন॥
রবি ত আসিবে নিতি প্রাতে
অফুরন্ত দীপ্ততেজে হে প্রিয় আমার।
তুমি ত কিশোর চিরদিন,
(কিন্তু) পদ্ম-মর্ম শুকাইলে খুলিবে না আর॥
তখন ও ফুল্ল ওষ্ঠপাশে
সৌন্দর্যদেউলবাসী হে প্রিয় দেবতা।
বিগত এ যৌবন শ্রী লয়ে
কেমনে কুঞ্চিত গণ্ড বাড়াব বল তা॥

আকাঙ্ক্ষা

হে অজ্ঞাত দয়িত আমার
নাহি জানি পুরুষ কি নারী।
দেখি নাই মূরতি তোমার
শ্যাম—গৌর বলিতে না পারি ॥
রক্তপদ্ম হেরিয়া ব্যাকুল
চাহে হৃদি যুগলচরণ।
বাহুর বাঁধন চাহে সে যে
মৃণালে করিয়া দরশন।
ভাদরের ভরা নদী হেরি
উদ্দাম যৌবন ভরা বুক।
উচ্ছল আকুল হয়ে উঠে
মাগে তব আলিঙ্গন-সুখ ॥
মরালের গ্রীবা হেরি সাধ
জড়াইতে সে বঙ্কিম গ্রীবা।
জোছনায় মত্ত হয় প্রাণ
হেরিতে গো তব হাস্য-বিভা ॥
হেরি রক্তগোলাপ সুন্দর
তব গণ্ড মনে পড়ে মোর।
এ অধর পরশিতে চায়
চুম্বনের আকাঙ্ক্ষায় ভোর ॥
শরতের পূর্ণ চন্দ্র হেরি
নিটোল কপোল মনে পড়ে।
আঁখি দুটি মনে পড়ে মোর
দীঘির সে কালো জল হেরে ॥
আঁখি দুটি ব্যাকুল আমার
মুগ্ধ দৃষ্টি রাখিতে সে চোখে।
ইঙ্গিতে গো প্রেম আলাপনে
আকাঙ্ক্ষা যে ব্যাকুল এ বুকে ॥
শ্রাবণের কালো মেঘ হেরি
মনে পড়ে এলো কেশরাশ।
কোমল কুসুম হেরি জাগে
সে ললাম অঙ্গ সঙ্গ আশ ॥

হে দয়িত নারী যদি হও
জাগায়ে লো দাও তবে দাও।
আদর সোহাগ মাখা ভাষা
বাঁশরীর সঙ্গীত শিখাও॥
যদি হও পুরুষ হে প্রিয়
দাও দাও জাগায়ে এ প্রাণে॥
নববধূ ব্যাকুলতা-মাখা
মরমে শরম অভিমানে॥

নিবেদন

এসেছি আজ তোমার দ্বারে
এই নিবেদন করিবারে
লাগাও মোরে তোমার কোন কাজে
যেন এ দীন প্রাণের পর
তোমার বাণীর একটি আখর
নিকষে হেমরেখার সম রাজে॥
আমার চোখে অশ্রু ঝরায়
বিন্দু ভূমি বিশাল ধরায়
সরস হ'লে ঝরুক চোখের জল।
তবে যেন সে সিঞ্চনে
না হ'ক তরু ক্ষুদ্র তৃণে
ধরে তোমার লীলার ফুল ও ফল।
এ দীন জীবন-বীণায় প্রভু
হ'ক না ক্ষীণ ক্ষুদ্র তবু
একটি সুর বাজাও তুমি নাথ।
মরম ফেটে যাক যদি যায়
সে সুরখানি ফুটাতে তায়
সইব শত কঠোর করাঘাত।

ভিক্ষা

দিক অন্তে দিবা অবসান
বিহগ গাহিছে কলস্বরে বিদায়ের গান ॥
গোধূলি অঞ্চলে আবরিয়া বরতনুখানি ।
লাজনম্র লঘু পদক্ষেপে আসে সন্ধ্যারাণী ।
বিদায়ের মৌন হাহাকার ছড়ানো আকাশে ।
যেন মৌন ক্রন্দন স্পন্দন উঠে দীর্ঘশ্বাসে ॥
উদাস বিদায় অবসরে পড়িতেছে মনে ।
দেবপূজা হয়নিক মোর এই সারাদিনে ॥
যবে অরুণিম-প্রাতে তব আশিসের রাশি ।
ছাপাইয়া এ অধর তীর দিল কত হাসি ॥
খুলি দুটি নিমেষ দুয়ার নয়নের আগে ।
কত নব সৌন্দর্যসম্ভার উঠেছিল জেগে ॥
সাথে সাথে জেগেছিল মনে
দিতে হবে নৈবেদ্য আমার তোমার চরণে ॥
মনে মনে জেগেছিল কত পূজিব কি দিয়া ।
কোন সুরে গাব নিবেদন গাব কি বলিয়া ॥
মাতৃস্নেহে উচ্ছল তরল শিশুটির মত ।
কুণ্ঠাহীন কণ্ঠে জানাইব নিবেদন শত ॥
কিম্বা নব প্রিয়জন পাশে বধূটির প্রায় ।
রুদ্ধ কণ্ঠে সরম আবেশে অস্ফুট ভাষায় ॥
দুরু দুরু কম্পিত হিয়ার শত নিবেদন ।
পরশিবে শত কামনার ও দুটি চরণ ॥
তুলিতেও গিয়াছিনু ফুল ।
কিন্তু সে যে বলেছিল ভুল, ভুল, ওগো ভুল ॥
দেবতা-চরণে নিবেদিতা দেবদাসী আমি ।
তুলো না তুলো না এ পূজা ত লবেন না স্বামী
ফুটিয়াই এ মরমখানি নিজে নিঙাড়িয়া ।
সৌরভের নৈবেদ্য সাজায়ে দিছি নিবেদিয়া ॥
বিশ্বদেব পদে বিলাইতে মোর হর্ষরাশি ।
ভিখারীর মুখে তাই হের ফুটিয়াছে হাসি ॥
ভুলে গেছে অভাবের শত বেদনা-বন্ধন ।

ভুলে গেছে হতাশার যত মরম-ক্রন্দন ॥
দেবতার নৈবেদ্য গ্রহণে আজি তাঁরি বরে।
ফলে বীজে পূর্ণতা লভিয়া পড়িতেছি ঝরে!

হে দয়াল রাজ অধিরাজ।
এ শূন্য জীবনপাত্র মোর পূর্ণ কর আজ ॥
ফিরাইয়া দিওনাক দীনে দ্বারপ্রান্ত হ'তে।
এ আহ্বান যায় না কি পদে মুক্ত দ্বারপথে ॥
সারাদিন কত পূজা তুমি পেলে হে ঠাকুর।
এক পাত্র সুধা আর পাত্র বিষে ভরপুর ॥
শূন্য এ জীবনপাত্রে মোর ওগো দয়াময়।
ভিক্ষা দাও ভিক্ষা দাও দেব যাহা কিছু হয় ॥
* * *
দাও নয় বিষ মোরে অমৃত তোমার র'ক।
তোমার ধরণীখানি সুধায় মধুর হ'ক ॥

তৃতীয় পত্র ঃ মুগ্ধবাণী

শারদোৎসব

শরতের সপ্তমী প্রভাতে অভিনব আনন্দ উৎসব।
দগ্ধোদর নগ্নপ্রায় কঙ্কালের জাতি করে কলরব ॥
শক্তি চাই শক্তি চাই ; এস শক্তি ধারায় ধারায়।
আনন্দের অপূর্ব প্লাবন, আছ কোথা সূর্যে কি তারায় ॥
স্রষ্টার কল্পনা নব অমৃতের অম্বুধি হইতে।
পাঞ্চজন্যে উচ্ছ্বসিত জীবনের কল্লোল-সংগীতে ॥
এস এস মহাশক্তি শিবময় শুভ্র নিরমল।
মহাকাল ললাট হইতে বিস্ফুরিত প্রলয় অনল ॥
এস আছ কোথায় কোথায় সুবিক্ষিপ্ত অণু রেণু সনে।
এস আজ পুঞ্জীভূত হয়ে মৃতপ্রায় জাতির জীবনে ॥
কোন্ সে স্মরণাতীত অতীতের শুভ সন্ধিক্ষণে!
হিমাচল উপত্যকা-ভূমে নিপীড়িত দেবতামিলনে—
কেন্দ্রীভূতা বিশ্বশক্তি অংশ দিল পূর্ণতায় ধরা।

দশ দিক রক্ষয়িত্রী, ভীমা ভীম-প্রহরণংকরা ॥
মহাশক্তি জাগরণে দেবত্বের প্রতিষ্ঠা আবার।
সেই শক্তি আবাহনে কঙ্কালের করুণ চিৎকার ॥
নহে দেবত্বের তরে মানবতা চাই শুধু জীবন্ত মানব।
ধ্বংস হবে দধীচির জাতি একি তব ধ্বংসের উৎসব ॥
উৎসব এ নয় ওরে আনন্দ এ নয় কভু নয়।
এ জাতীয় জীবনের উদ্বোধনে সাধন সময় ॥
দৃঢ়তার শবাসনে আয় ব'স ওরে আত্মহারা।
জ্ঞানের খর্পরে ঢাল মোহে বধি শোণিতের ধারা ॥
মহাশক্তি কর আবাহন ব্রতশেষ বিজয়ার দিনে।
সিদ্ধিলাভ হবে ওরে একতার প্রীতির মিলনে ॥
বিজয়ায় নহে বিসর্জন ব্রত শেষে যোগীর উত্থান।
এস শক্তি এস সিদ্ধি এস এস এস জাতির কল্যাণ ॥

(১৩৩০। শারদ-সপ্তমী।)

মরণোন্মাদ

কে রে মম অন্তরে।
ভীষণ মধুরে এ কোন্ সুরে
ঘা দেয় হৃদি-অন্তরে।
নহে হাহাকারে হা হা ক'রে
ঝড়ের মতন প্রাণ মাতে ওরে
ভাঙিয়া আগল পরণে পাগল
যাবে কোথা কোন্ প্রান্তরে
এ রঙীন বুকে কি বিকট নেশা
মায়া হ'ল ছায়া মুছে গেল আশা
অমৃতে গরল গরলে অমৃত
হ'ল কার কোন্ মন্তরে ॥
সুন্দর যাহা দেরে মুছে দেরে
নয়ন ব্যাকুল ভীষণের তরে
উল্কা প্রপাতে নিষ্ঠুরাঘাতে
সুন্দর হ'ক অন্ত রে ॥

কত রাঙা রাগ আছে বল ফাগে
শোণিতের চেয়ে রাঙা কিবা লাগে
ফেল পিচকারি নিয়ে আয় ছুরি
উল্লাসে প্রাণ সন্তরে ॥

নাহি প্রয়োজন ফুলের মালায়
কোথা অহি আয় জড়াই গলায়
নহে ফুলবাসে গরলের শ্বাসে
ভরে দে বক্ষকন্দরে ॥

কুৎসিত আলো নিভারে নিভারে
মত্ত নয়ন সহিতে না পারে
এ নেশা বিকট হবেরে প্রকট
উৎকটতম অন্দরে ॥

অন্ধকারের মাঝ হতে কেরে
ডাকছে আমায় দেরে ছেড়ে দেরে
যাই যাই যাই ওই সে যে যায়
ধরিতে হবে ও সুন্দরে ॥

মোহিনীর পাছু শিবের মতন
তাণ্ডবে মেতে চলেছে ভীষণ
ওই ওই সে যে ওই ওই হা হা
পেয়েছি বাহুর অন্দরে। *

* কোন আত্মঘাতী যুবকের মৃত্যুতে।

উৎসবের ব্যথা

চন্দন অনুলেপন যায় নয়ন জলে মুছিয়া।
গন্ধ ডালা ধরিতে তুলে উঠিছে কর কাঁপিয়া ॥
নয়ন দুটি আপনা হতে গগন পারে চাহিয়া।
প্রিয় স্মরণে করুণ ব্যথা আনে মরমে বহিয়া ॥
একটি জন বিহনে আজি সকল ঠেকে নীরবই।
হরষে বাঁশী গাহিয়া উঠে গাহে কিন্তু পূরবী ॥
সাধের গাছে মুকুল নব কোথায় আজি রোপিল যে।
পাখীটি আজি গাহিল যদি নাহিক যেবা পুষিল রে ॥
কেমনে গান হইবে সারা কণ্ঠ কাঁপে রোদনে রে।
অধরে হাসি কেমনে মাখি হৃদয় কাঁপে বেদনে রে ॥ *

* কোন বিবাহ-উৎসবে প্রিয়জনের স্মরণে।

হাঘ'রে

গ'ড়ে কুঁড়ে ভেঙে চুরে
আজকে হেথা কালকে সেথা।
রে প্রকৃতির মরম দুলাল
মুক্ত পাখীর ওরে কল-কথা॥
শিশু যেমন হেথায় বেঁধে ঘর
ভেঙে, হোথায় গড়ে নিরন্তর
তেমনিতর বেড়াস ঘুরে তোরা
আজকে হেথা কালকে সেথা।
শঙ্কাবিহীন মুক্ত স্বাধীন প্রাণ
মূর্তিমন্ত ওরে সরলতা॥
পাখীর পালক ভূষণগুলি নিয়ে
গাছের পাতার শয্যা বেঁধে নিয়ে।
পিঠে বেঁধে ছোট ছেলে মেয়ে
এখান ছেড়ে কাল চলেছিস হোথা।
লেখা, নদীর ঢেউয়ের আখরে
(ওরে) অবিশ্রান্ত গতির মধুর গাথা॥
সন্ন্যাসেরই মন্ত্র তোদের বুকে
বিধাতা কি পাঠিয়েছেন রে এঁকে
বিষয়েরই নাইক ব্যাকুলতা
পেলেও তাতে নাইক মমতা
ভাঙা ঘরের ভাঙা বুকে ওই
ব্যথায় লেখা রয়েছে সে কথা॥
পূর্ণানন্দের পূর্ণ সাধক ওরে
অভাব দিয়ে ভাব ভরেছিস ঘরে
ক্ষুদ্রস্থানে হয় না সাধন তার
তাই বিশ্ব জুড়ে ঘুরিস যেথা সেথা
পূরবীতে গাওয়া গানের মাঝে
করুণ সুরে ওরে কোমল ব্যথা॥
প্রকৃতিরই ওরে নীরব কবি—
পরমহংস ভোগীর অতুল ছবি—
বসলি যেথা তোরাই সেথা রাজা—

ধারিস না ক বিশ্বে কারও কথা ॥
পূর্ণানন্দ নীরব করি
মুক্ত পাখীর কণ্ঠে কল-কথা ॥

চোখের জল

ঝরিসনে ক আজকে ওরে আমার চোখের জল।
ঝরিস যদি দুখের দুখে মূল্য কি তার বল ॥
ভূমির পরে পড়লে ঝরে শুকিয়ে যাবি তাপে।
হাহুতাশ তোর মিলিয়ে যাবে স্বার্থ হাওয়ার দাপে ॥
সুখের দিনে ঝরিস যদি তাতেই কি তোর দাম ?
হাসির মাঝে কান্না যেরে চির ম্রিয়মাণ ॥
ঝরবি যদি ঝরিস সেদিন যেদিন বুকের মাঝে।
পরের দুঃখে দুখের কাঁটা উঠবে বুকে বেজে ॥
লক্ষ ধারায় ঝরিস সেদিন তপ্ত জনের পরে।
বিশ্বপ্রেমের ধারা সে যে শীতল করবে তারে ॥
দেখবি সেদিন তোর এ ধারার একটি ফোঁটার লাগি
সারা জগৎ চাতক পাখীর মতন আছে জাগি ॥
এক ফোঁটা তার পেলে জগৎ উঠবে সরস হয়ে।
পরশ করি বইবে বাতাস শীতলতা লয়ে ॥
বুঝবি সেদিন চোখের জল রে মূল্য যে তোর কত।
প্রাণের মাঝে তৃপ্তি অসীম স্বার্থ পদে নত ॥

সন্ধ্যাতারা

এ যে তুলসীর মূলে জ্বালা ছোট মৃৎদীপটি।
এ যে কিশোরীর কপালের সিন্দুরের টিপটি ॥
এ যে ফুল শয়নে বর বধূ নয়নে
তৃপ্তির দীপ্তির মধুময় দৃষ্টি ॥
এ যে প্রভাতে প্রথম খসা দাতা আঁখি জল।
চিরবিরহী বুকের এ যে তৃপ্তি দুখের
হৃদি-রাণী মুখখানি চির উজ্জ্বল ॥
এ যে বিশ্বের দুঃখে নিঃস্বের ব্যথাটি।
এ যে ভাঙা ভাঙা সুর কত—মধুর মধুর
শিশুর প্রথম ফোটা আধ মা কথাটি ॥

ব্রাহ্মণ

নমি পদে হে ব্রাহ্মণ কোটি বার পদে করি নতি
হে মহান দয়া ক্ষমা ত্যাগে ধর্মে জীবন্ত মূরতি ॥
তুমিই বুঝেছ বিশ্বে ভোগ হতে ত্যাগে মধু কত।
রাজ্যপাট নাওনিক ফেলে দেহ ধূলিমুষ্টি মত ॥
সৌম্য মূর্তি জ্ঞানবীর পরিধানে বৃক্ষের বাকল।
স্বর্ণ ফেলে পর্ণ নাও বুঝি সবে এক ফলাফল ॥
বিশ্বের মঙ্গল হেতু আত্মনাশি কর অস্থিদান।
ভোগ সুখ বিনিময়ে বিশ্বে বেদ করেছ প্রদান ॥
তোমারই শ্রীমুখ উক্ত এই মহাবাণী হে ব্রাহ্মণ।
তোমার ইচ্ছাই বিশ্বে পরিপূর্ণ হ'ক ভগবন্ ॥
ধর্ম তরে মর্ম ছিঁড়ে হে ব্রাহ্মণ করিয়াছ দূর।
শোকের কণ্টক দিয়ে তোল তুমি মায়ার অঙ্কুর ॥
সঞ্চয় করনি কিছু নাই বিশ্বে নাই কিছু নাই।
কাজ কর তুমি যে গো ফল সঁপি গোবিন্দের পায় ॥
তোমাদেরই দেওয়া মন্ত্র ক্ষমাসম ধর্ম নাই আর
তৃণ সম অভিমান ত্যজিয়াছ ক্ষমা করি সার ॥
জাতি নাই ধর্ম নাই ভেদাভেদ নাই কিছু নাই।
সবারে সমান করি প্রেম ধর্মে রেখেছ মাথায় ॥
সমাজে বিকৃত অর্থ সেই ধর্মে দিয়াছে গো বলি।
শূন্য মর্যাদার তরে ঘৃণা করি সবে দূরে ঠেলি ॥
তোমরা যে বলিয়াছ বিশ্বে সব এক জাতি প্রাণ।
সর্ব ধর্ম সব শাস্ত্র এক এক দর্পণ সমান ॥
এক বস্তু এক ধর্ম প্রতিবিম্ব করিবে প্রদান।
সেই মত সব ধর্ম লক্ষ্য—এক ঈশ্বরের স্থান ॥
অন্যায় দেখিতে নার ন্যায়ের বিধাতা যে গো তুমি।
স্বকৃত অন্যায় তরে নিজে নিজে শাস্তি নেছ তুমি ॥
দাও দাও সেই ধর্ম বংশধর মর্মে আজ গাঁথি।
শা[illegible]লঙ্ঘবার কোটিবার পদে করি নতি ॥

ঢেউ

মলয় দিতেছে দোল উজানেতে তটিনীর।
রবিকর উজ্জ্বল চঞ্চল নাচে নীর॥
মাথাগুলি ভাঙা ভাঙা সোহাগের টানেতে।
এ যে—শরমের কম্পন কিশোরীর গানেতে
পরীদের বাসরের মতিঝাড় লণ্ঠন।
বধূর চকিত আঁখি ভেদি অবগুণ্ঠন॥
বুঝি—জলতলে রাজবালা কৌটাটি খুলিয়া।
অপরূপ মণিটিরে দেখে ধ'রে তুলিয়া॥
প্রবালের জানলায় রূপ তার ঠিকরে।
এসে পড়ে দুনিয়ায় হাসে চারিদিক রে॥
এ যে—প্রিয়কর-পরশনে নববধূ-কম্পন।
সাগর-আলিঙ্গনে তটিনীর শিহরণ॥

কাঙাল

ওরে দেশের গোপন মরম
ওরে ব্যথার হাসি।
শাঁখের পাকের অন্তঃপুরে
অরুণরাঙা মর্ম ওরে
শঙ্খ যে রে তারই জোরে
উঠে চির নির্ঘোষি॥
দেশের দুখে কাঁদিস তোরাই
অপমানে রুখিস তোরাই
নিয়ে যত আপদ বালাই
মরণে যাস ভাসি॥

চষে মাটি বয়ে হাল
চরিয়ে এনে গরুর পাল
দুধের বাটি ভাতের থাল
দিস ধনীরে হাসি॥

দুর্ভিক্ষেরই বিকট হাঁয়ে
বুকটা আপন দিস আগায়ে
দেশের ভায়ে যাস বাঁচায়ে
ক্ষুধায় তাদের তুষি ॥
ইটে বানিয়ে পাথর কেটে
ধনীরে দিস প্রাসাদ বেঁটে
পুড়িস ভিজিস মাঠে মাঠে
গাছের তলে বসি ॥
তোরা যে ত্যাগ—তারা যে ভোগ
তারা যে বিলাস—তোরা যে যোগ
তোরা যে কর্ম—তারা যে ফল
তোরা ব্যথা—তারা হাসি ॥
সমাজের যে তোরাই চরণ
তোরাই যে রে করিস বহন
তারা পরে স্বর্ণভূষণ
বাজায় গরব বাঁশী ॥
কাঁটার আঘাত সহিস তোরা
বাধায় ঝরে রক্তধারা
তৈল তাদের—মাখিস ডোরা
পথের ধূলারাশি ॥
সমাজদেবের ভক্ত আমি
আয় রে চরণ আয় রে নামি
মুগ্ধ আঁখির অশ্রুজলে
যাক রে ধুলা ভাসি ॥
সমাজ-শান্তি রক্ষাতরে
নারায়ণ যে বেড়ায় ঘুরে
হে দরিদ্রনারায়ণ
লও এ পূজা হাসি ॥

খোকার ত্যাগ

মায়ের আঁচল ধরি খোকা বলে বল মা আমায় বল।
ও বাড়ির খোকা মা, মা, ব'লে কেন কাঁদিছে আমায় বল॥
খোকার কান্না দেখে যে আমারও কাঁদিতে ইচ্ছে করে।
মা বুঝি উহার গিয়েছে কোথাও? কেন না আসিছে ফিরে॥
তুই নয় ওর মাকে ডেকে আন এসে নেক ওরে কোলে।
যাদু বলে ওরে করুক আদর চুমো দিক দুটি গালে॥
ডাকিলাম কত 'আয় খেলি' বলে কিছুতে এল না সাথে।
বলে, 'ভাই, মোর মা কেন আসে না? কোথা গেছে কাল রাতে?'
লোকে বলে ওর মা গিয়েছে মরে নেহাৎ অভাগা ছেলে।
মা ওর তবে কি আসিবে না ফিরে আর কি নেবে না কোলে?
তবে কি হবে মা ওর মা কে হবে মা কে খাবে শতেক চুমো?
ক্ষুধার সময় খেতে কে দেবে মা রাত্রে বলিবে ঘুমো?
তুই যদি মা ওর মার মত চলে যাস মোরে ফেলে!
ভেবে বুক মোর করিছে কেমন চোখ ভরে গেছে জলে॥
দেখ মা আসিয়া খোকার কান্না খোকার শুকনো মুখ।
তোরও চোখ ঠিক জলে ভরে যাবে দুঃখে ভরিবে বুক॥
তার চেয়ে তুই নিয়ে আয় ওরে নে মা ওরে কোলে তুলে।
মুছিয়া নয়ন চুমিয়া বদন বল তুই মোর ছেলে॥
নে মা ওরে কোলে কাঁদিব না আমি সত্যি রাখি মা বলে।
দুজনেরই মা হবি তুই নয় ও নয় থাকিবে কোলে॥
দুজনে আমরা দুই কোলে শুয়ে ঘুমাব নিত্য সাঁঝে।
রাত্রিতে মোরা দুপাশে দুজনে তুই মা শুইবি মাঝে॥
ওর দিকে নয় মুখ ফিরে শুবি তাতে না করিব রাগ।
ডেকে আন ওরে আমি দিব ওরে আমার মায়ের ভাগ॥

আমার বধূ

শৈশব-সাধ তুই
কাহিনীর কন্যা।
মণিঝরা হাসি যার
মতিঝরা কান্না॥

কত—দুর্গম দূর
কোথা শূন্য সে পুর
সেথায় ঘুমিয়ে ছিলি
ঢালি রূপবন্যা ॥
কৈশোরে শরমের
তুলিকায় গোপনে
কত ছবি এঁকেছি
সুখ-নিশিস্বপনে ॥
শত দুরু দুরু বুক
কত উছলিত সুখ
লাজে রাঙা তোরে আঁকি
সন্ধ্যার তপনে ॥
উজ্জ্বল অঞ্জন
মাখি দুটি নয়ানে।
আবেশে বিভোল হয়ে
হেরেছি ও বয়ানে ॥
সেই—মিলনের ক্ষণ
সে যে—রঙীন স্বপন ॥
আবেশে মিলন সখি
কুসুমিত শয়ানে ॥
প্রথম কথাটি তোর
অস্ফুট লাজে গো।
দূর বেণু সুর সম
এখন যে বাজে গো ॥
সে যে কাব্য মধুর
চির মধু গীত সুর
এখনও সে ভরপুর
মরমের মাঝে গো ॥
মোর দুখ হেরি তোর
কতই না যাতনা।
দুই ঘুচে এক হতে
সুমধুর সাধনা ॥
আমি তোর শুধু তোর
সদা এ গরবে ভোর

কথায় কথায় তোর
মান তাই কত না ॥
প্রেম তোর কুসুমের
সুবাসের প্রায় রে।
রূপ ভাষা নাই শুধু
বুকে ধরা যায় রে ॥
মোর বুকে রাখি মুখ
মোরে জানাইতে দুখ
সাধে বুক ফাটে তবু
কথা না জুয়ায় রে ॥
মুখরা সারিকা নয়
নয় মোর প্রিয়া রে।
হৃদয় কাননে সে যে
গোপন পাপিয়া রে ॥
সে যে হৃদয়ের শান্তি
মম মরমের কান্তি
বিধাতায় দান সে যে
জীবনে অমিয়া রে ॥

আমার তীর্থ

বিশ্ব জগতে আমার তীর্থ মর্তে গোলকপুরী
চির অতুলিতা মহিমান্বিতা পুণ্যতীর্থ ময়ি ॥
দেবতা-চরণ- রেণুকার চেয়ে পূতঃ মহিমা মাখা।
আমার দেবতা পূর্বপুরুষ চরণ-রেণুকা ঢাকা ॥
স্বর্গেরও চেয়ে গরীয়সী মোর মাঝারে সারাটি মর্ত।
শ্যামল পল্লী জন্মভূমি গো নিখিলে অতুল তীর্থ ॥
যেথা নর-রূপী সাক্ষাৎ মোর ঈশ্বর-ঈশ্বরী।
বিরাজ করেন সেই সে তীর্থ মর্তে গোলকপুরী
চিরনন্দন বিশ্রামধাম সুখের জন্মভূমি।
আমার স্বর্গ আমার গোলক বার বার তোমা নমি ॥
বারো মাসে যেথা তের পার্বণ উৎসব-মুখরিত।
পুণ্যোৎসবে সবই পবিত্র নহে কিছু কলুষিত ॥

মধুর শরতে জগদ্ধাত্রী বিরাজেন ঘরে ঘরে।
পল্লীবাসীর বুকভরা সেই ভক্তি আস্থা তরে॥
বিজয়ার দিনে প্রেমের বন্যা প্রেমের জোয়ার তুলি।
সহাস আস্যে প্রেমালাপ কোথা শত্রু মিত্র ভুলি॥
কোজাগরে কোথা জাগে সারা নিশি ঘৃত দীপ জ্বালি ঘরে।
চঞ্চলা মার অচঞ্চলা রূপা বিতরিত ঘরে ঘরে॥
কানু ছাড়া যেথা গান নাই আর মাঠে ঘাটে কানুনাম।
চির কোমল শ্যামলতা সাথে বুঝি বিরাজিত শ্যাম॥
চিরনন্দন বিশ্রামধাম সুখের জন্মভূমি।
আমার তীর্থ আমার গোলক বার বার তোমা নমি॥
প্রকৃতি কোথায় ভাণ্ডার খুলি রাখে শোভা নিকেতন।
মঞ্জু কুঞ্জ নির্ঝর কত পুষ্পিত উপবন॥
শুভ্র কাশের হিল্লোল বয় নদী নীর ক্ষীর ঢালা।
শোভিত নবীন ধান্যশীর্ষে শিশির মুকুতা মালা॥
ফলভরা বন দিঠিভরা জলে পাটনী খেয়ায় দূরে।
স্নিগ্ধ প্রভাত শান্ত প্রদোষ নিতি নব রূপে ফিরে॥
যেথায় উষায় রমণীরা করে ধৌত তুলসীতলে।
সকাল সন্ধ্যা নতি করে তারা দেবতার দেউলে॥
অতিথিরে যেথা ভাবে নারায়ণ সম্ভ্রমে আনে ঘরে।
বুকভরা কত সেবা করে তাঁর তৃপ্তি তুষ্টি তরে॥
বুকভরা মধু কুলবধূ যেথা পূর্ণ লক্ষ্মীরূপা।
হাসিমাখা মুখে হলুদে সিঁদুরে শোভাতে যে অপরূপা॥
শিশুদের যেথা প্রথম শিক্ষা সপ্তপুরুষ নাম।
দেবতার স্তুতি আধ মধু স্বরে বিশ্বের প্রাণারাম॥
আমার তীর্থ ধর্ম অর্থ কামনা কাম্য তুমি।
তোমারি চরণে মোক্ষ মাখান বার বার তোমা নমি॥

বীরভূম সাহিত্যিক সম্মেলন

সকল কর্মে পশ্চাৎপদ পাচকের জেলা যাহার নাম।
দীনতার ক্লেশ হীনতার কালী ভূষণ যাদের বিধাতা বাম॥
তাহাদের কিছু ছিল যে কখনও কঙ্কাল তারা সহস্রের।
সৌরভহীন শুষ্ক কুসুম নিবেদিত পদে দেবেশের॥

বিশ্বাস করে বল কে করিবে তারা কি কখনও তুলিবে শির।
যেতে কি পারিবে মহামানবের মিলনে মহান সাগর তীর॥
মহা দুর্যোগে তূর্য নিনাদে বল কে তাদের বলিয়া দিবে।
গত গৌরব দীপ্তির পানে দেখ রে অলস চাহিয়া সবে॥
শুনায় অজয় জলদ কণ্ঠে রুদ্ধ মরমে আঘাত করে।
চির অনিন্দ্য গীতগোবিন্দ এদেশেরই দীন শোন না ওরে॥
ওই কূলে কূলে আহ্বান-বাণী ধ্বনিত রে শোন বেণুর তানে।
আয় তোরা ছুটে নহেক উচিত শয়ন অলসে গৃহের কোণে॥
নানূরের মাঠে ধ্বনিত এখনও ললিত মধুর শ্যামের নাম।
কানন ভিতরে পশে নাকি ওরে আকুল করে না মরম প্রাণ॥
সন্তান যার জয়ী জয়দেব প্রেম অবতার চণ্ডীদাস।
সে দেশের ছেলে রবি সব ভুলে একি তোদের দীনাভিলাষ॥
মঞ্জুল গীতি গুঞ্জরে যার সে জগদানন্দ মোদেরই ভাই।
তাহার বীণার ছেঁড়া তার কিরে জোড়া দিতে আজ কেহই নাই॥
নবীনের বাণী পাঞ্জাব বীর পুরুষ গভীর শঙ্খরবে॥
নারিবি কি ভাই মিলাইতে সুর সে গীতি তবে কি নীরব হবে॥
নারিবি কি ওরে মাথা উঁচু করে শুনাতে সে বাণী সবার পাশে॥
যদিও আমরা দীন হীন আজি নিয়তি গতির ভাগ্যবশে॥
তবুও আমরা ছিলাম মহান আবার মহান হইতে চাই।
পতন হয়েছে উত্থান হবে শক্তি গতির ধারা যে তাই॥
নীলরতনের শত যতনের কত সাধনের অমৃত দান।
না হ'ক অমর অজর ও কি হায় করিতে নারিল তোদের প্রাণ।
মহা গৌরব এক চক্রার নিয়তি-চক্রে যাবে কি ডুবে।
নিত্যানন্দ মন্দিরবাসী তোরা কি অন্ধ রহিবি তবে॥
যাহার রক্ত মুক্তি করিল পাপ হতে দেশ ফুটায়ে আঁখি।
দেশবাসী তার শুধুই তোদেরি মোহ অঞ্জন কাটিল না কি॥
তার ত্যাগ আজ কত জাগরণে ভিন্ন ধারায় জাগায় সাড়া।
তারই দেশবাসী রবি শুধু বসি দীন ভাবে চেয়ে পঙ্গুপারা॥
ওরে ও পতিত অতীতের সাথে জীবন সূত্র দে রে জোড়া।
নতুবা আত্ম- বিস্মৃত জাতি- বিস্মৃতি নীরে ডুবিবি তোরা।

করুণা

দিকরেখা পার ঘিরিছে আঁধার
আকাশে ফুটিছে তারা।
অবসাদ ভরা মূথরা এ ধরা
স্তব্ধ গতির ধারা ॥
আকাশে শুভ্র গঙ্গার রেখা
তলে দলে দলে চলেছে বলাকা।
যেন তটিনীর চঞ্চল নীর
খেলায়ে আপন হারা।
জলতরঙ্গে করে মাতামাতি
ভরে লয়ে জল ফিরিছে যুবতী।
মিলায় আলোক সারাটি ভূলোক
মৌন ব্যথায় সারা ॥
সারা দিনবেলা মরণের খেলা
খেলিয়া শিকারী ফিরে।
রুদ্র সে নেশা হয়েছে বিবশা
চরণ চলিছে ধীরে ॥
স্কন্ধে ধনুক পৃষ্ঠে তূণীরে
ধরিয়াছে দৃঢ় পাখী কয়টিরে।
ক্রৌঞ্চ কোথায় কাঁদিতেছে হায়
কোন তমসার তীরে ॥
তরুছায়া তলে গ্রাম হতে দূরে
পশিয়া আপন ক্ষুদ্র কুটীরে।
গৃহপ্রাঙ্গণে ধনু তূণ সনে
ফেলে পাখী কয়টিরে ॥
এখনও একটি আহত পক্ষী
ব্যথায় চঞ্চু মেলে।
মৌন ভাষায় কারে ডাকে হায়
কাহারে এসেছে ফেলে ॥
পাখী তুলে নিতে ব্যাধের রমণী
শিহরিয়া আঁখি মুদিল অমনি।
একি অকরুণ বেদনা দারুণ
উঠিছে মরম ঠেলে ॥

পরুষ কণ্ঠে কহিল শিকারী,
নিয়ে আয় ত্বরা রন্ধন সারি।
পাখী লয়ে নারী গেল তাড়াতাড়ি
রুধিতে নয়নজলে ॥
স্নান সারি ফিরে এল ব্যাধ ঘরে
ক্ষুধার পীড়নে সারা।
কহে নিয়ে আয় কাল বয়ে যায়
তথাপি নাহিক সাড়া ॥
ধীরে যায় কাল পলে অনুপলে
দণ্ড প্রহর ক্রমে গেল চলে।
দারুণ ক্ষুধায় গৃহপানে ধায়
ক্রোধে আগুনের পারা ॥
একি দেখে ব্যাধ হয় নাই পাক
ভূমিতলে নারী বসি নির্বাক।
আহত সে পাখী বুকে চাপি রাখি
নয়নে বহিছে ধারা ॥
আহতেরও মরি বুঝি করুণায়
ভরেছে হৃদয় কানায় কানায়।
বুকে রাখি মুখ ভুলায়েছে দুখ
শান্ত নয়নতারা ॥
একি হল আজ ব্যাধের হৃদয়
কাঁদে কেন হায় সে যে রে নিদয়।
রক্তবরণ কঠোর নয়ন
কেন আঁখি জলে ভরা ॥
শিলা ফাটি এ যে বহে নির্ঝর
নারী-নয়নের ধারা ঝর ঝর।
ব্যথিত আঁখির যাতনার নীর
রচিল ত্রিবেণী ধারা ॥

শীতের প্রভাতে

মেঘ ছাওয়া এই শীতের প্রভাতে
আঁখির আগে পুলকে জাগে
মধুর শোভাতে।
প্রভাত আলো স্নিগ্ধ ছায়ার ভারে
পড়ছে লুটে স্নেহ কোমল ধারে
যেন গলিত সোনা তরল ধারে
মাখা সবাতে॥
সাগর ছেঁচা কোন্ মাণিকের
মধুর পরশে।
পূর্ণতা আজ দিল ধারা
ধরার উরষে॥
সে বাণী ওই লেখা পাতার পটে
শীষের ভারে নোওয়া ধানে মাঠে
চাওয়ার কথা নীরব আজি
পাওয়ার হরষে॥
কোন্ বুদ্ধের কোন্ বিরাগীর
মধুর হাসি এ।
নির্বাণেরই বীণার বাণী
আসছে ভাসিয়ে।
এ কোন্ সুধা সকল ক্ষুধা-হরা
পূর্ণ করে দিল আমার ধরা
আপনি ঝরে পরের তরে
মধুর হাসিয়ে॥

সাল তামামী

এগার মাস ফুরিয়ে গেল শেষ মাসে যে সাল তামামী।
কাচের গেরো ফেল রে খুলে নকল মেকি যাবে দামী॥
ও সবে আর চলবে নাক ঝুটো নকল কেউ নেবে না।
ঝুটো মেকির ফেরিওয়ালা এযুগে আর ঠাঁই হবে না॥

আলোকে এক সত্য ভেবে অন্ধকারে দিসনে ঠেলে।
পারিস কিরে মুছতে তারে বিশ্ব জুড়ে আগুন জেলে॥
ধনীর পায়ে দিস্‌নে রে তেল দিন-দুনিয়ার মালিক ভেবে।
দীনের নাম মুছে দিলে ধনীর অর্থ কি হয় তবে॥
দীন যদি যায় লোপ পেয়ে হায় সবাই তবে রইল ধনী।
কে চরাবে গরুর পাল যোগাইতে ছানাননী॥
রক্তে কাদের বিলাসিতার ওষ্ঠ-যুগল রাঙিয়ে দেবে।
চলবে না আর দীনে ঘৃণা বক্ষে তাদের নিতে হবে॥
বামুন তুমি সিঁটকো না নাক ছোট জাতের গন্ধ পেলে।
(যদি) পবিত্রতা করবে জাহির করবে সিনান তাদের ছুঁলে॥
তাহলে হায় জলেই ডুবে মরতে তোমায় হবে এবার।
তোমার ঘরে আসছে তারা বেদ-অধিকার ছাড়বে না আর॥
ছিলে মহৎ চাও গো যদি থাকতে মহৎ বল এবার।
যোগ্য তখন হওনিক তাই পাওনিক ভাই এ অধিকার॥
এসেছ আজ যোগ্য হয়ে রাজীও মোরা ফিরিয়ে দিতে।
তা হলে ভাই থাকবে বড় গুরুর দাবি নারবে নিতে॥
যার যা দেনা মিটিয়ে দে না র'স্‌ না হয়ে দীন আসামী।
পাওনা নিজের ছাড়বে না কেউ সালতামামী সালতামামী॥
তামাদি যা ফেলে দে রে সালতামামী সালতামামী।
বদ্ধ ঘরে রুদ্ধ হাওয়ায় কলম পেশা হীন গোলামী॥
গোলামী যুগ তামাদি যে গোলামী আর চলবে না রে।
আপনা হতে বাংলাদেশের সোনার মাটি ফলবে না রে॥
সেলামী দিয়ে দীনগোলামী আনিস্‌ নে আর মরণ ডেকে।
খাড়া হয়ে দাঁড়া ওরে গোলামীতে সেলাম ঠুকে॥
দেখ রে ফিরে ফাট ধরেছে কাট হয়েছে সোনার মাটি।
হলে ওঠা সোনার সীতা সে ফাটে যায় পাতাল বাটী॥
আয় রে ফিরে লাঙল ধরে মুক্ত স্বাধীন জীবন নিয়ে।
মানুষ তোরা থাক রে বেঁচে মানুষেরই মতন হয়ে॥
করতে সেলাম করিস্‌ নে ভাই সর্ব ঘৃণ্য হীন গোলামী।
গোলামী যুগ তামাদি রে সালতামামী সালতামামী॥

শীতের প্রভাতে

মেঘ ছাওয়া এই শীতের প্রভাতে
আঁখির আগে পুলকে জাগে
মধুর শোভাতে।
প্রভাত আলো স্নিগ্ধ ছায়ার ভারে
পড়ছে লুটে স্নেহ কোমল ধারে
যেন গলিত সোনা তরল ধারে
মাখা সবাতে॥
সাগর ছেঁচা কোন্ মাণিকের
মধুর পরশে।
পূর্ণতা আজ দিল ধারা
ধরার উরষে॥
সে বাণী ওই লেখা পাতার পটে
শীষের ভারে নোওয়া ধানে মাঠে
চাওয়ার কথা নীরব আজি
পাওয়ার হরষে॥
কোন্ বুদ্ধের কোন্ বিরাগীর
মধুর হাসি এ।
নির্বাণেরই বীণার বাণী
আসছে ভাসিয়ে।
এ কোন্ সুধা সকল ক্ষুধা-হরা
পূর্ণ করে দিল আমার ধরা
আপনি ঝরে পরের তরে
মধুর হাসিয়ে॥

সাল তামামী

ফুরিয়ে গেল শেষ মাসে যে সাল তামামী।
ফেল রে খুলে নকল মেকি যাবে দামী॥
চলবে নাক ঝুটো নকল কেউ নেবে না।
ফেরিওয়ালা এযুগে আর ঠাঁই হবে না॥

ত্রিপত্র

আলোকে এক

পারিস ফিরে
ধনীর পায়ে
দীনের নাম
দীন যদি যায়
কে চরাবে
রক্তে কাদের
চলবে না আর
বামুন তুমি
(যদি) পবিত্রতা
তাহলে হায়
তোমার ঘরে
ছিলে মহৎ
যোগ্য তখন
এসেছ আজ
তা হলে ভাই
যার যা দেনা
পাওনা নিজের
তামাদি যা
বন্ধ ঘরে
গোলামী যুগ
আপনা হতে
সেলামী দিয়ে
খাড়া হয়ে
দেখ রে ফিরে
হলে ওঠা
আয় রে ফিরে
মানুষ তোরা
করতে সেলাম
গোলামী যুগ

সত্য ভেবে

মুছতে তারে
দিস্‌নে রে তেল
মুছে দিলে
লোপ পেয়ে হায়
গরুর পাল
বিলাসিতার
দীনে ঘৃণা
সিঁটকো না নাক
করবে জাহির
জলেই ডুবে
আসছে তারা
চাও গো যদি
হওনিক তাই
যোগ্য হয়ে
থাকবে বড়
মিটিয়ে দে না
ছাড়বে না কেউ
ফেলে দে রে
রুদ্ধ হাওয়ায়
তামাদি যে
বাংলাদেশের
দীনগোলামী
দাঁড়া ওরে
ফাট ধরেছে
সোনার সীতা
লাঙল ধরে
থাক রে বেঁচে
করিস্ নে ভাই
তামাদি রে

অন্ধকারে

বিশ্ব জুড়ে
দিন-দুনিয়ার
ধনীর অর্থ
সবাই তবে
যোগাইতে
ওষ্ঠ-যুগল
বক্ষে তাদের
ছোট জাতের
করবে সিনান
মরতে তোমায়
বেদ-অধিকার
থাকতে মহৎ
পাওনিক ভাই
রাজীও মোরা
গুরুর দাবি
র'স্ না হয়ে
সালতামামী
সালতামামী
কলম পেশা
গোলামী আর
সোনার মাটি
আনিস্ নে আর
গোলামীতে
কাট হয়েছে
সে ফাটে যায়
মুক্ত স্বাধীন
মানুষেরই
সর্ব ঘৃণ্য
সালতামামী

জাগো জেগে !

মালিক ভেবে !
কি হয় তবে ॥
রইল ধনী ।
ছানাননী ॥
রাঙিয়ে দেবে ।
নিতে হবে ॥
গন্ধ পেলে ।
তাদের ছুঁলে ॥
হবে এবার ।
ছাড়বে না আর ॥
বল এবার ।
এ অধিকার ॥
ফিরিয়ে দিতে ।
নারবে নিতে ॥
দীন আসামী ।
সালতামামী ॥
সালতামামী ।
হীন গোলামী ॥
চলবে না রে ।
ফলবে না রে ॥
মরণ ডেকে ।
সেলাম ঠুকে ॥
সোনার মাটি ।
পাতাল বাটী ॥
জীবন নিয়ে ।
মতন হয়ে ॥
হীন গোলামী ।
সালতামামী ॥